Registered under Act XX of 1847.

পুরোহিত-দর্পণ।

সাম, যজুঃ, ঋক্, এই ত্রিবিধ বেদোক্ত
সৎকর্ম্মানুষ্ঠানপদ্ধতি।

পণ্ডিত সুরেন্দ্রমোহন ভট্টাচার্য্য
সঙ্কলিত।

পঞ্চবিংশ সংস্করণ

পণ্ডিত শ্রীকালীকণ্ঠ কাব্যতীর্থ কর্ত্তৃক সংশোধিত।

স্বত্বাধিকারিণী—শ্রীমতী ইন্দুবালা দাসী।

কলিকাতা
৩৪ নং কালীপ্রসাদ দত্তের ষ্ট্রীট, অবসর কার্য্যালয় হইতে
শ্রীহরিদাস শেঠ কর্ত্তৃক প্রাকশিত।

১৩৪০

মূল্য বোর্ড বাঁধাই ২৸০ এগার সিকা, বিলাতী বাঁধাই ৩।০ তের সিকা।

বিখ্যাত পণ্ডিত সুরেন্দ্রমোহন ভট্টাচার্য্য ।

নিবেদন।

হিন্দু-সমাজে অভিজ্ঞ পুরোহিতের অভাব হইয়াছে। অভাব হইয়াছে কি জন্য, তাহা নিরূপণ করা দুঃসাধ্য নহে। এই ব্যবসায়ে যথোপযুক্ত আয়ের অভাবে পুরোহিত সন্তানগণের মধ্যে যাঁহারা কৃতবিদ্য, তাঁহারা ব্যবসায়ান্তরে মনঃসংযোগ করেন; আর যাঁহারা লেখাপড়া শিক্ষা করিতে পারেন নাই, তাঁহারা যাজকক্রিয়াব্যবসায়ী হয়েন। আরও এক উপসর্গ আছে। পূর্ব্বে হিন্দুসমাজের পুরোহিতগণের যথেষ্ট সম্ভ্রম ছিল,—হিন্দুসমাজ-যন্ত্রের পুরোহিতগণই যন্ত্রী ছিলেন। কিন্তু এখন তদ্বৈপরীত্যভাব দাঁড়াইয়াছে। "পুরুৎঠাকুর" রাঁধুনী ঠাকুরের বড় অধিক দূরে নহেন।

কেন এমন হইল, কাহার দোষে এমন হইল? দোষ পুরোহিত যজমান উভয়েরই। যজমানের দোষ এই—যে কার্য্য সম্পাদনে তাঁহার অর্থব্যয় আছে, যাহার ক্রিয়া-সাফল্যের উপরে তাঁহার ধর্ম্ম-অর্থ-কাম-মোক্ষ চতুর্ব্বর্গের ফল নির্ভর করিতেছে, যে কার্য্যের মন্ত্রের উচ্চারণ বা কার্য্য সঠিকভাবে না হইলে শুভফলের পরিবর্ত্তে অশুভ উৎপন্ন হইবে,—সে কার্য্য যিনি করিবেন, তিনি কেমন লোক, কার্য্যের উপযুক্ত কি না—কাজ জানেন কি না, এ সকল দেখিয়া লয়েন না। দেখিলেও একজন সূপকার ষষ্ঠীপূজা করিতে আসিলে, তাহাকেও যে দক্ষিণা দিবেন, আর একজন জ্ঞানী ব্যক্তিকেও সেই দক্ষিণা দিবেন। পৈতৃক খাতায় ষষ্ঠীপূজার যে দক্ষিণা লেখা আছে, সকলেরই জন্য সেই ব্যবস্থা। এই সকল কারণে ভাললোক ব্যবসায় পরিত্যাগ করিয়াছেন। যাহারা মূর্খ—অন্য উপায়ে উদরান্নের সংস্থান করিতে পারে না, তাহারাই যাজক বা পুরোহিত।

পুরোহিতগণের দোষ এই যে, তাঁহারা নিজেই নিজের পসার—নিজের সম্মান নষ্ট করিয়াছেন। বহু পরিশ্রমার্জ্জিত অর্থ কেহ মিছামিছি ব্যয় করিতে ইচ্ছা করে না,—যজমান রক্তোপার্জ্জিত অধিক অর্থ দিয়া ভাল পুরোহিত নিযুক্ত করিবে,—কেন করিবে? ক্রিয়ার ফল পাইতে সূপকারও শ্যামাপূজায় যাহা করিবে, তত্ত্বনিধি মহাশয়ও তাহাই করিবেন,—কৈ সুষুম্নাপথে হৃদয়স্থ তেজ ধ্যানের পুষ্পে লইয়া কাহাকেও ঘটোপরি সংস্থাপন করিতে দেখা যায় না। আরও নানাবিধ কারণ থাকিতে পারে।

যাহা হউক, সঠিকভাবে পৌরোহিত্য-ক্রিয়া সম্পন্ন করিতে হইলে, পুরোহিতের সংস্কৃতশাস্ত্রে পারদর্শিতা থাকা আবশ্যক,—বহু শাস্ত্র অধ্যয়নের আবশ্যক,—যোগী হওয়া আবশ্যক। বর্ত্তমান পুরোহিতগণের মধ্যে অনেকে প্রকৃত পুরোহিতপদবাচ্য থাকিতে পারেন, কিন্তু অধিকাংশই যে অজ্ঞ, তাহাতে সন্দেহ নাই।

অভিজ্ঞ বা অনভিজ্ঞ সকল শ্রেণীর পুরোহিতেরই পুস্তক ও পদ্ধতি-সংগ্রহও আবার বহুব্যয়সাধ্য।

এই সকল নানা কারণে আমি এমন একখানি পুস্তক সঙ্কলন করিব বলিয়া স্থির করি যে, যাহা দৃষ্টে সকল শ্রেণীর পুরোহিতগণ সুন্দরভাবে কার্য্য সম্পাদন করিতে পারেন। সেই সঙ্গে সঙ্গে ইহাও ভাবিয়াছি যে এইরূপ একখানি পুস্তক প্রস্তুত হইলে বিষয়িগণও এতদ্বিষয়ে অভিজ্ঞ হইতে পারিবেন এবং পুরোহিত কি করিতেছেন, না করিতেছেন—বুঝিয়া লইতে পারিবেন; এইরূপ হইলে ধর্ম্মোন্নতির সম্ভাবনা আছে।

১২৯৮ বঙ্গীয়াব্দে পুরোহিত-দর্পণের প্রথম প্রচার। ক্রমে ক্রমে সংখ্যায় সংখ্যায় তখন ইহা প্রকাশ হইয়াছিল। সে দ্বিতীয় খণ্ড দ্বাদশ সংখ্যা পর্য্যন্ত। এক্ষণে,—সাহিত্য প্রচার কার্য্যালয়েব স্বত্বাধিকারী শ্রদ্ধেয় শ্রীযুক্ত বাবু নবকুমার দত্ত মহাশয়ের যত্নে ও অজস্র অর্থব্যয়ে পুরোহিত-দর্পণের সম্পূর্ণাংশ নূতন সংস্করণরূপে প্রকাশিত হইল। ইহা দ্বারা হিন্দু-সমাজে সামান্য উপকার হইলেও কৃতকৃতার্থ হইব।

১০ই শ্রাবণ, ১৩১১ বঃ
অনন্তপুর। } শ্রীসুরেন্দ্রমোহন ভট্টাচার্য্য

তৃতীয় সংস্করণের বিজ্ঞাপন।

দ্বিতীয় সংস্করণের পুস্তক হইতে এবার গ্রন্থকলেবর সবিশেষ পরিবর্দ্ধিত হইল। নূতন নূতন বহু বিষয় সন্নিবেশিত করা হইল,—ভরসা করি ইহাতে সাধারণের সুবিধা হইবে।

১৫ই ভাদ্র
১৩১২ সাল। প্রকাশক

পঞ্চম সংস্করণের বিজ্ঞাপন।

এই সংস্করণে আবশ্যকীয় এত অধিক বিষয় সন্নিবেশিত হইয়াছে যে, অতঃপর বোধ হয়, ইহার সাহায্যে কি পণ্ডিত কি বিষয়ী—পুরোহিত যজমান সকলেই নিজ নিজ জ্ঞাতব্য বিষয় সমস্ত জানিতে পারিবেন;—পুরোহিত যথাবিধি কর্ম্ম করাইয়া—বিধিব্যবস্থা দিয়া যজমানের নিকট প্রতিপত্তি অক্ষুন্ন রাখিতে পারিবেন,—পুরোহিতের অভাব হইলে আবশ্যকমত যজমান নিজেই যথাযথ কর্ম্ম সম্পাদন করিয়া ধর্ম্ম রক্ষণে সমর্থ হইবেন। ইতি—

১লা চৈত্র
১৩১৩ সাল। প্রকাশক।

অষ্টম সংস্করণের বিজ্ঞাপন।

দেখিতে দেখিতে এই অল্পদিনের মধ্যে পুরোহিত-দর্পণের আটটী সংস্করণ হইয়া গেল। আট সংস্করণে প্রায় পঞ্চবিংশতি সহস্র পুস্তক প্রচার ও বিক্রীত হইয়াছে। ইহাতে বুঝিয়াছি, যেরূপ গ্রন্থের অভাব অনুভব করিয়া পুরোহিত-দর্পণের প্রচার করিয়াছিলাম, বাস্তবিকই হিন্দু-সমাজে সে অভাব ছিল এবং পুরোহিত-দর্পণের দ্বারা সে অভাব কথঞ্চিৎ পূরণ হইতেছে।

ইহার সত্বাধিকারী শ্রীযুক্ত নবকুমার বাবুকে এতদ্‌গ্রন্থের উন্নতি কল্পে যখন যে পরামর্শ প্রদান করি, হিন্দুধর্ম্ম রক্ষার জন্য তখনই তিনি অর্থের মায়া পরিত্যাগ করিয়া তাহাই করিতে স্বীকৃত হয়েন। সপ্তম সংস্করণ পর্য্যন্ত ইহার আকার ক্রমেই পরিবর্দ্ধিত হইয়া বহু বিষয় সন্নিবেশিত হইয়া আসিয়াছে ;—কিন্তু তথাপিও অনেক বিষয় সন্নিবেশিত হইতে বাকি ছিল। অষ্টম সংস্করণে বহুপদ্ধতি সন্নিবেশিত করা হইল। ইহাতে গ্রন্থকলেবর অত্যন্ত বৃদ্ধি প্রাপ্ত হইয়াছে কিন্তু প্রকাশক সে ক্ষতি স্বীকার করিয়াছেন—কেন না, পুরোহিত-দর্পণের প্রচার লাভের জন্য নহে, যাহাতে হিন্দুধর্ম্মের ক্রিয়াকলাপ-গুলি যথার্থরূপে সম্পাদিত হয়, যাহাতে হিন্দুর সমস্ত ক্রিয়াকলাপ-পদ্ধতিগুলি একত্রে—এক স্থানে সন্নিবেশিত থাকে তাহারই চেষ্টা মাত্র। আমরা সে চেষ্টা সাধ্যমত সম্পূরণ করিতেছি। ভরসা করি, এতদ্‌গ্রন্থে হিন্দু-সমাজের কথঞ্চিৎ সাহায্য হইবে।

পুরোহিত-দর্পণকে ভিত্তিস্বরূপ করিয়া লোভী ব্যক্তিগণ পুরোহিত-দর্পণের জঘন্য নকল করিয়া উদ্দেশ্য-সিদ্ধির পথে অন্তরায় হইতেছিল। কিন্তু প্রকাশক মহাশয় বহু অর্থব্যয়ে হাইকোর্টে অভিযোগ করিয়া সে অন্যায়পথে অর্গলবদ্ধ করিয়াছেন, স্থানান্তরে হাইকোর্টের রায় প্রদত্ত হইল। ইতি—

জন্মাষ্টমী,
২১ শে ভাদ্র, ১৩১৬। } শ্রীসুরেন্দ্রমোহন ভট্টাচার্য্য।

বাজারে নকল হইয়াছে।

পণ্ডিত শ্রীযুক্ত সুরেন্দ্রমোহন ভট্টাচার্য্য মহাশয়ের লিখিত "পুরোহিত-দর্পণ" বঙ্গের গৃহে গৃহে পঠিত হইতেছে। হিন্দুধর্ম্ম, হিন্দুর ক্রিয়াকলাপ রক্ষাকল্পে এই গ্রন্থ একমাত্র সহায় হইয়াছে। এত প্রতিপত্তি, এত বিক্রয়, এত আদর-গৌরব দেখিয়া নকলকারিগণের রসনা-রস ঝরিতে লাগিল। তাহারা নানা নামে নানা ঢঙ্গে ইহার জঘন্য নকল আরম্ভ করিল। আমরাও নিশ্চিন্ত না থাকিয়া ইহার প্রতিকারকল্পে মহামান্য হাইকোর্টের আদিম বিভাগে অভিযোগ উপস্থিত করিয়া নকলকারিগণের বিরুদ্ধে যে ডিক্রী পাইয়াছি, নিম্নে তাহার বঙ্গানুবাদ প্রদান করিলাম। শ্রীভগবান্ ধর্ম্মের রক্ষক—তাঁহারই কৃপায় জঘন্য নকলের হস্ত হইতে হিন্দুগণ পরিত্রাণ পাইলেন।

হাইকোর্ট হইতে পুরোহিত-দর্পণের চূড়ান্ত নিষ্পত্তি।

(হাইকোর্ট আদিম বিভাগ)

ডিক্রীর অনুবাদ।

অত্র আদালতের অন্যতম জজ মাননীয় ই, ই, ফ্লেচার সাহেবের এজলাসে বাদীর কৌঁসুলী এবং প্রতিবাদীদিগের কৌঁসুলীর সাক্ষাতে এবং প্রতিবাদীদ্বয় বাদীকে ৫৫০৲ টাকা দেওয়ায় উভয় পক্ষের সম্মতিক্রমে এই মোকদ্দমা উঠাইয়া লওয়া হইল এবং এই ব্যবস্থা হইল যে, বাদী "পুরোহিত-দর্পণ" নামক পুস্তকের এবং তাহার কাপীরাইটের সম্পূর্ণ স্বত্বাধিকারী এবং এই হুকুম ও ডিক্রী হইল যে, প্রতিবাদীদ্বয়ের বিরুদ্ধে এই চিরস্থায়ী নিষেধাজ্ঞা Perpetual Injunction দেওয়া হইল যে, তাহারা বাদীর উক্ত "পুরোহিত-দর্পণ" নামক পুস্তককে ভিত্তিস্বরূপ করিয়া আর্জ্জীতে উল্লিখিত যে পুস্তক প্রকাশ করিয়াছিল, তাহা অদ্যকার তারিখ হইতে কেহ আর প্রকাশ বা বিক্রয় করিতে পারিবে না কেবল উক্ত আর্জ্জীতে উল্লিখিত ৩০০০ কাপীর মধ্যে যতগুলি অবশিষ্ট আছে সেই গুলিই বিক্রয় করিতে পারিবে।

প্রকাশক।

চতুর্দ্দশ সংস্করণের বিজ্ঞাপন।

মহামহোপাধ্যায় পণ্ডিতগণের সাহায্যে আদ্যোপান্ত সংশোধন পূর্ব্বক এই সংস্করণে পুরোহিত-দর্পণের যথাসম্ভব বিশুদ্ধতা সম্পাদিত হইল। বিশুদ্ধভাবে মন্ত্রপাঠের উপরেই ক্রিয়া-কর্ম্মের ফলাফল নির্ভর করে। বর্ত্তমান যুগে বৈদিক মন্ত্রগুলি প্রায়ই "সাত নকলে আসল খাস্ত"র ন্যায় হইয়া পড়িয়াছে। আমরা বহু পরিশ্রমে অতি প্রাচীন হস্তলিখিত পুথি আদর্শে বৈদিক মন্ত্রগুলির ভাষ্যাদি পর্য্যালোচনা করিয়া বিশেষ সতর্কতার সহিত পুস্তকের বিশুদ্ধতা সম্পাদন করিয়াছি।

একাল পর্য্যন্ত ক্রিয়া-কর্ম্মের যে সকল পুস্তক বাহির হইয়াছে, আমাদের এই "পুরোহিত-দর্পণ" যে সে সমুদয়ের মধ্যে সকল প্রকারেই শীর্ষ স্থান অধিকার করিয়াছে; ইহা আমরা স্পর্দ্ধা করিয়া বলিতে পারি। এবারে পুস্তকের উন্নতি সাধনে বহু পরিশ্রম ও যথেষ্ট অর্থব্যয় হইলেও ইহার মূল্য বৃদ্ধি করা হইল না। কারণ ক্রিয়া-কর্ম্মগুলি যথাযথ অনুষ্ঠিত হওয়াই আমাদিগের প্রধান উদ্দেশ্য।

পুস্তকখানি এতদিনে যে সর্ব্বাঙ্গসুন্দর হইল, ইহা সকলেই মুক্তকণ্ঠে স্বীকার করিবেন। এক্ষণে অন্যান্য বিষয়ে শ্রেষ্ঠত্বলাভের ন্যায় সুধীজন সমীপে বিশুদ্ধতা জন্য ইহা সমাদৃত হইলে সফলকাম জ্ঞান করিব এবং শ্রম ও অর্থব্যয় সার্থক বিবেচিত হইবে।

রথযাত্রা,
২৫ শে আষাঢ়, ১৩২৫। } প্রকাশক।

ঊনবিংশ সংস্করণের বিজ্ঞাপন।

ভগবান করুণাময়ের ইচ্ছায় পুরোহিত-দর্পণের দর্পণ-আখ্যা আজ সম্পূর্ণ সার্থক হইল। যদিও বাজারের যাবতীয় ক্রিয়াকাণ্ড পদ্ধতির শীর্ষ স্থান পুরোহিত-দর্পণ লাভ করিয়াছে তথাপি ইহার পূর্ব্ব পূর্ব্ব সংস্করণে যে কিছু ভ্রম প্রমাদাদি ছিল এবারে বিজ্ঞ পণ্ডিতগণের বিচারে তৎসমুদায় সিদ্ধান্ত করিয়া বহুল অর্থ ব্যয়ে ও প্রভূত পরিশ্রমে গ্রন্থখানি প্রকাশিত হইল। ইহার দ্বারায় পাঠকবর্গ যদি কিছু উপকার বোধ করেন তবেই অর্থব্যয় ও পরিশ্রম সফল জ্ঞান করিব।

প্রকাশক।

সূচীপত্র।

প্রথম খণ্ড।

দ্বিতীয় খণ্ড।

পৌর্ণমাসী।

প্রতিপৎ।

দ্বিতীয়া।

তৃতীয়া।

চতুর্থী

পঞ্চমী।

ষষ্ঠী।

সপ্তমী।

অষ্টমী।

নবমী।

দশমী।

একাদশী।

দ্বাদশী।

ত্রয়োদশী।

চতুর্দ্দশী।

অমাবস্যা।

সংক্রান্তি।

তৃতীয় খণ্ড।

সামবেদীয় দশসংস্কার।

যজুর্ব্বেদীয় দশসংস্কার।

ঋগ্বেদীয় দশসংস্কার।

দীক্ষাপ্রকরণ।

পঞ্চম খণ্ড।

অশৌচ-ব্যবস্থা

পরিশিষ্ট।

ফর্দ্দমালা।

সামবেদীয় দশবিধ সংস্কারের দ্রব্য।

যজুর্ব্বেদীয় দশবিধ সংস্কারের দ্রব্য।

ঋগ্বেদীয় দশবিধ সংস্কারের দ্রব্য।

শ্রাদ্ধকাণ্ড দ্রব্য।

বিবিধ পূজাদ্রব্য।

পুরোহিত-দর্পণের সূচীপত্র সমাপ্ত।

পুরোহিত-দর্পণ।

প্রথম খণ্ড।

অচিন্ত্যায়াপ্রমেয়ায় ব্রহ্মণে সগুণায় চ। নির্গুণায় জগদ্বীজরূপায় ভাস্বতে নমঃ॥

আচমনবিধি।

প্রক্ষাল্য পাণী পাদৌ চ ত্রিঃ পিবেদম্বু বীক্ষিতম্। সম্বৃত্যাঙ্গুষ্ঠমূলেন দ্বিঃ প্রমৃজ্যাত্ততো মুখম্॥ সংহত্য তিসৃভিঃ পূর্ব্বমাস্যমেবমুপস্পৃশেৎ। অঙ্গুষ্ঠেন প্রদেশিন্যা ঘ্রাণং পশ্চাদনন্তরম্॥ অঙ্গুষ্ঠানামিকাভ্যাঞ্চ চক্ষুঃশ্রোত্রে পুনঃ পুনঃ। নাভিং কনিষ্ঠাঙ্গুষ্ঠেন হৃদয়ন্তু তলেন বৈ॥ সর্ব্বাভিস্তু শিরঃ পশ্চাদ্বাহূ চাগ্রেণ সংস্পৃশেৎ। এবং কৃত্বা পয়ঃ পীত্বা বিষ্ণুং স্মৃত্বা শুচির্ভবেৎ॥ ইতি স্মৃতিঃ।

দুই পা এবং দুই হাত ধুইয়া, হস্তে মাষপরিমাণ জল লইয়া তাহা দর্শন করতঃ তিনবার পান করিবে, পরে হাত ধুইয়া ফেলিয়া মস্তকে ও পদে জলের ছিটা দিবে, দক্ষিণ হস্তের বাঁকান অঙ্গুষ্ঠমূল দ্বারা দুইবার মুখ মার্জ্জন করিবে। অনন্তর অঙ্গুষ্ঠ, তর্জ্জনী ও মধ্যমা এই তিন অঙ্গুলি মিলিত করিয়া মুখ স্পর্শ করিবে, অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর দ্বারা নাসিকা স্পর্শ করিয়া, তৎপরে অঙ্গুষ্ঠ এবং অনামিকা অঙ্গুলি দ্বারা চক্ষুর্দ্বয় ও তৎপরে কর্ণদ্বয় পুনঃ পুনঃ স্পর্শ করিবে। তৎপরে অঙ্গুষ্ঠ ও কনিষ্ঠাঙ্গুলি মিলনে নাভিদেশ এবং হস্ততল দ্বারা হৃদয় স্পর্শ করিবে, পরে সমস্ত অঙ্গুলি দ্বারা মস্তক এবং অঙ্গুলির অগ্রভাগ দ্বারা বাহুদ্বয় স্পর্শ করতঃ বিষ্ণুস্মরণপূর্ব্বক শুচি হইবে।

গোকর্ণাকৃতিহস্তেন মাষমগ্নং জলং পিবেৎ।
তন্ন্যূনমধিকং বাপি পিবেচ্চেদ্রুধিরন্তু তৎ॥

গরুর কাণের ন্যায় হাতের তেলো করিয়া, একটী মাষকলাই ডুবিতে পারে, এতটুকু পরিমাণ জল লইয়া আচমনের সময় তাহাই পান করিবে। তিনবার তিন ততটুকু জল লইতে হয়। তাহার অধিক বা অল্প জল পান করিলে, শোণিতপানের ফল হয়।

অঙ্গুল্যগ্রে তীর্থং দৈবং স্বল্পাঙ্গুল্যোর্মূলে কায়ম্।
মধ্যেঽঙ্গুষ্ঠাঙ্গুল্যোঃ পৈত্রং মূলে ত্বঙ্গুষ্ঠস্য ব্রাহ্মম্॥ ইত্যমরঃ।

সমস্ত অঙ্গুলির অগ্রভাগকে দৈবতীর্থ বলে। কনিষ্ঠা ও অনামিকার মূলদেশকে কায়তীর্থ কহে। অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর মধ্যদেশকে পৈত্রতীর্থ এবং বৃদ্ধাঙ্গুলির মূলদেশকে ব্রাহ্মতীর্থ কহে। আচমন সময়ে এই ব্রাহ্মতীর্থে জল লইয়া আচমন করিতে হয়।

বৃদ্ধাঙ্গুলিকে অঙ্গুষ্ঠ, তৎপরের অঙ্গুলিকে ক্রমে তর্জ্জনী, মধ্যমা, অনামিকা ও কনিষ্ঠা কহে।

বিষ্ণুস্মরণ মন্ত্র।—**ওঁ তদ্‌বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ। দিবীব চক্ষুরাততম্‌॥ ওঁ বিষ্ণুঃ ওঁ বিষ্ণুঃ ওঁ বিষ্ণুঃ।**

শূদ্রাচমন।

অয়মেব বিধিঃ প্রোক্তঃ শূদ্রাণাং মন্ত্রবর্জ্জিতঃ।
অমন্ত্রস্য তু শূদ্রস্য বিপ্রমন্ত্রেণ গৃহ্যতে।

শূদ্রদিগের বেদমন্ত্রে অধিকার নাই। বিপ্র ভিন্ন কাহারও বেদমন্ত্রে অধিকার নাই। স্ত্রীলোকদিগের বেদমন্ত্রে অধিকার নাই, এই বিধি হইতেছে, অতএব স্ত্রী ও শূদ্র প্রণব (ওঁ) স্বাহা স্বধা প্রভৃতি বেদোক্ত মন্ত্র উচ্চারণ করিবে না; ব্রাহ্মণ পাঠ করিবে, কার্য্যবিশেষে শূদ্রাদি কেবল মন্ত্র শ্রবণ করিবে। কার্য্য-বিশেষে পৌরাণিক মন্ত্রপাঠে স্ত্রী ও শূদ্রগণের অধিকার আছে।

স্ত্রী ও শূদ্রের আচমনে দৈবতীর্থ দ্বারা—অর্থাৎ সমস্ত অঙ্গুলির অগ্রভাগ দ্বারা ওষ্ঠে জলের ছিটা দিয়া "নমো বিষ্ণুঃ নমো বিষ্ণুঃ নমো বিষ্ণুঃ" এইরূপ বিষ্ণুস্মরণপূর্ব্বক নিম্নলিখিত পৌরাণিক মন্ত্র পাঠ করিবে, যথা—

নমঃ অপবিত্রঃ পবিত্রো বা সর্ব্বাবস্থাং গতোঽপি বা। যঃ স্মরেৎ পুণ্ডরীকাক্ষং স বাহ্যাভ্যন্তরে শুচিঃ॥

তান্ত্রিক আচমন।

ওঁ আত্মতত্ত্বায় স্বাহা। ওঁ বিদ্যাতত্ত্বায় স্বাহা। ওঁ শিব-তত্ত্বায় স্বাহা।

ক্রমে এই তিন মন্ত্রে তিনবার জল পান করিয়া আচমন করিবে।

স্বস্তিবাচন।

পরে গন্ধপুষ্পাদি দ্বারা ব্রাহ্মণত্রয়ের পূজা করিয়া তাহাদিগের হস্তে তণ্ডুল প্রদানানন্তর করযোড়ে পাঠ করিবে।

"ওঁ কর্ত্তব্যেঽস্মিন্‌ অমুককর্ম্মণি—ওঁ পুণ্যাহং ভবন্তোঽধিব্রুবন্তু।" ইহা তিনবার পাঠ করিবে। ব্রাহ্মণগণও নিজ নিজ হস্তস্থিত আতপ চাউল

পরিত্যাগ করিতে করিতে তিনবার পাঠ করিবেন—ওঁ পুণ্যাহং ওঁ পুণ্যাহং ওঁ পুণ্যাহম্।

✓"ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ অমুককর্ম্মণি—ওঁ স্বস্তি ভবন্তোঽধিব্রুবন্তু।" ইহা তিনবার পাঠ করিলে পূর্ব্ববৎ আতপ চাউল বিকীর্ণ করতঃ ব্রাহ্মণগণ তিনবার পাঠ করিবেন—ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি।

✓"ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ অমুককর্ম্মণি—ওঁ ঋদ্ধিং ভবন্তোঽধিব্রুবন্তু।" ইহা পূর্ব্ববৎ তিনবার পাঠ করিলে ব্রাহ্মণগণ হস্তস্থিত চাউল বিকীর্ণ করিতে করিতে পাঠ করিবেন—ওঁ ঋধ্যতাং ওঁ ঋধ্যতাং ওঁ ঋধ্যতাম্। অনন্তর স্ববেদোক্ত স্বস্তি-বাচন পাঠপূর্ব্বক আতপ তণ্ডুল নিক্ষেপ করিয়া এই মন্ত্র পাঠ করিবে, যথা।—

✓ওঁ সূর্য্যঃ সোমো যমঃ কালঃ সন্ধ্যে ভূতান্যহঃ ক্ষপা। পবনো দিক্‌পতির্ভূমিরাকাশং খচরামরাঃ। ব্রাহ্ম্যং শাসনমাস্থায় কল্পধ্ব-মিহ সন্নিধিম্॥ ওঁ তৎসৎ অয়মারম্ভঃ শুভায় ভবতু॥

স্ত্রী শূদ্র হইলে "নমো নমঃ" মাত্র বলিবে, পুরোহিতই মন্ত্র পাঠ করিবেন। যে ক্রিয়ার জন্য স্বস্তিবাচন, "অমুক কর্ম্মণি" স্থলে তাহার নাম উল্লেখ করিবে। এই স্বস্তিবাচন ত্রিবেদীয়েরাই করিতে পারেন। বেদোক্ত বিশেষ স্বস্তিবাচন মন্ত্র পৃথক্ পৃথক্ লিখিত হইল।

সামবেদীয়-স্বস্তিবাচন।

✓ওঁ সোমং রাজানং বরুণমগ্নিমন্বারভামহে। আদিত্যং বিষ্ণুং সূর্য্যং ব্রহ্মাণঞ্চ বৃহস্পতিম্॥ ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ও স্বস্তি॥

যজুর্ব্বেদীয়-স্বস্তিবাচন।

ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ। স্বস্তি নস্তার্ক্ষ্যো অরিষ্টনেমিঃ স্বস্তি নো বৃহস্পতির্দধাতু॥ ওঁ গণানাং ত্বা গণপতিহুঁং হবামহে, ওঁ প্রিয়াণাং ত্বা প্রিয়পতিহুঁং হবামহে, ওঁ নিধীনাং ত্বা নিধিপতিহুঁং হবামহে, বসো মম। ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি॥

ঋগ্বেদীয়-স্বস্তিবাচন।

ওঁ স্বস্তি নো মিমীতামশ্বিনা ভগঃ স্বস্তি দেব্যদিতিরনর্ব্বণঃ।

স্বস্তি পূষা অসুরো দদাতু নঃ স্বস্তি দ্যাবাপৃথিবী সুচেতুনা॥ ওঁ স্বস্তয়ে বায়ুমুপ ব্রবামহৈ সোমং স্বস্তি ভুবনস্য যস্পাতিঃ। বৃহস্পাতিং সর্ব্বগণং স্বস্তয়ে স্বস্তয় আদিত্যাসো ভবন্তু নঃ॥ ওঁ বিশ্বে দেবা নো অদ্যা স্বস্তয়ে বৈশ্বানরো বসুরগ্নিঃ স্বস্তয়ে। দেবা অবন্ত্বৃভবঃ স্বস্তয়ে স্বস্তি নো রুদ্রঃ পাত্বংহসঃ॥ ওঁ স্বস্তি মিত্রাবরুণা স্বস্তি পথ্যে রেবতি। স্বস্তি ন ইন্দ্রশ্চাগ্নিশ্চ স্বস্তি নো অদিতে কৃধি॥ ওঁ স্বস্তি পন্থামনুচরেম সূর্য্যাচন্দ্রমসাবিব। পুনর্দ্দদতাঘ্নতা জানতা সংগমেমহি॥ ওঁ স্বস্ত্যয়নং তার্ক্ষ্যমরিষ্ট-নেমিং মহদ্ভুতং বায়সং দেবতানাং। অসুরঘ্নমিন্দ্রসখং সমৎসু বৃহদ্‌যশো নাবমিবা রুহেম॥ ওঁ অংহো মুচমাঙ্গিরসং গয়ঞ্চ স্বস্ত্যাত্রেয়ং মনসা চ তার্ক্ষ্যং। প্রয়তপাণিঃ শরণং প্র পদ্যে স্বস্তি সংবাধেষ্বভয়ং নো অস্তু॥ ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি॥

তান্ত্রিক-স্বস্তিবাচন।

হ্রীঁ হূঁ স্বস্তি নঃ কাত্যায়নী অপর্ণবা হ্রূঁ স্বস্তি নঃ কালী মেধামৃতময়ী হৌঁ স্বস্তি নঃ প্রত্যঙ্গিরা দেবতা দধাতু॥

সঙ্কল্প-বিধি।

সঙ্কল্পেন বিনা রাজন্ যৎকিঞ্চিৎ কুরুতে নরঃ।
ফলঞ্চাল্পাল্পকং তস্য ধর্ম্মস্যার্দ্ধক্ষয়ো ভবেৎ॥

সঙ্কল্প না করিয়া মানুষ যে কোন কার্য্য করে, তাহার পূর্ণ ফলভাগী হয় না এবং ধর্ম্মের অর্দ্ধেক ভাগ ক্ষয় হয়।

শুক্তিশঙ্খাশ্মহস্তৈশ্চ কাংস্যরৌপ্যাদিভিস্তথা।
সঙ্কল্পো নৈব কর্ত্তব্যো মৃণ্ময়েন কদাচন॥ ভবিষ্যে।

শঙ্খে, ঝিনুকে, শুধু হস্তে, কাংস্যপাত্রে, রৌপ্যপাত্রে, প্রস্তরপাত্রে এবং মাটির পাত্রে কদাচ সঙ্কল্প করিবে না।

গৃহীত্বৌডুম্বরং পাত্রং বারিপূর্ণং গুণান্বিতম্। দর্ভত্রয়ং সাগ্রমূলং ফলপুষ্প-তিলান্বিতম্। জলাশয়ারামকূপে সঙ্কল্পে পূর্ব্বদিঙ্মুখঃ। সাধারণে চোত্তরাস্য ঐশান্যাং নিক্ষিপেৎ পয়ঃ॥ ইতি ভবিষ্যে।

ঔড়ুম্বর অর্থাৎ তাম্রাদি পাত্রে জলপূর্ণ করিয়া মূল ও অগ্রভাগের সহিত তিনটি কুশ, ফল ও তিল লইয়া সঙ্কল্প করিতে হয়। জলাশয়, উপবন ও কূপ প্রতিষ্ঠাকালে পূর্ব্বাভিমুখ, অন্যান্য সাধারণ কার্য্যে উত্তরমুখ হইয়া সঙ্কল্প করিবে। সঙ্কল্পের মন্ত্র পাঠ করিয়া পাত্রস্থ জল ঈশানকোণে কিঞ্চিৎ নিক্ষেপ করিতে হয়।

হরীতকীফলং শ্রেষ্ঠং সঙ্কল্পে বিধিপূর্ব্বকম্।
তদভাবে চ রম্ভা বা ন গুবাকং কদাচন॥

সঙ্কল্প করিতে হরীতকীই শ্রেষ্ঠ, তাহার অভাবে রম্ভা দিবে, কিন্তু স্থপারি কদাচ দিতে নাই।

সঙ্কল্প করিয়া সূক্ত-মন্ত্র পাঠ করিতে হয়। সূক্ত-মন্ত্র বেদভেদে পৃথক্ পৃথক্।

সামবেদীয়-সঙ্কল্পসূক্ত।

ওঁ দেবো বো দ্রবিণোদাঃ পূর্ণাং বিবষ্ট্বাসিচম্। উদ্বা সিঞ্চধ্বমুপ বা পৃণধ্ব-মাদিদ্বো দেব ওহতে॥ ওঁ সঙ্কল্পিতার্থস্য সিদ্ধিরস্তু॥

যজুর্ব্বেদীয়-সঙ্কল্পসূক্ত।

ওঁ যজ্জাগ্রতো দূরমুদৈতি দৈবং তদু সুপ্তস্য তথৈবৈতি। দূরঙ্গমং জ্যোতিষাং জ্যোতিরেকং তন্মে মনঃ শিবসঙ্কল্পমস্তু॥

ঋগ্বেদীয়-সঙ্কল্পসূক্ত।

ওঁ যা গুঙ্গূর্য্যা সিনীবালী যা রাকা যা সরস্বতী। ইন্দ্রাণীমহ্ব ঊতয়ে বরুণানীং স্বস্তয়ে॥

সঙ্কল্প-মাস।

আব্দিকে পিতৃকৃত্যে তু মাসশ্চান্দ্রমসঃ স্মৃতঃ।
বিবাহাদৌ স্মৃতঃ সৌরো যজ্ঞাদৌ সাবনো মতঃ॥

পিতৃকার্য্যে অর্থাৎ শ্রাদ্ধাদিতে চান্দ্রমাস, বিবাহাদিতে সৌরমাস ও যজ্ঞাদিতে সাবন মাসের উল্লেখ করিবে।

সৌর, চান্দ্র ও সাবন;—মাসের এই ত্রিবিধ নাম।

চন্দ্রের ত্রিশ তিথিতে এক চান্দ্রমাস হয়। চান্দ্রমাস দুই প্রকার—মুখ্য-চান্দ্র ও গৌণ-চান্দ্র। শুক্লা প্রতিপদ হইতে অমাবস্যা পর্য্যন্ত ত্রিশ তিথিকে

মুখ্য-চান্দ্রমাস বলে, আর কৃষ্ণা প্রতিপদ হইতে পূর্ণিমা পর্য্যন্ত ত্রিশ তিথিকে গৌণ-চান্দ্রমাস কহে।

যে সময়ে সূর্য্য মেষাদি দ্বাদশ রাশির এক রাশি হইতে অন্য রাশিতে সংক্রমণ করেন, সেই সংক্রমণ কালকে সৌরমাস বলে। সৌরমাসের সঙ্কল্প করিতে হইলে রাশির উল্লেখ করিতে হয়। যথা—অমুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে ইত্যাদি। সূর্য্যোদয় হইতে পুনরায় সূর্য্যোদয় পর্য্যন্ত এক সাবন দিন, ইহার ত্রিশ দিনে এক সাবন মাস,—অর্থাৎ দিন হিসাবে যে মাস, তাহাই সাবন মাস।

আসন-শুদ্ধি।

যে আসনে বসিয়া পূজা করিবে, তাহার নিম্নে ত্রিকোণ মণ্ডল লিখিয়া আসনের উপর একটী পুষ্প দিয়া পাঠ করিবে, এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীঁ আধার-শক্তি-কমলাসনায় নমঃ।

তৎপরে আসন ধরিয়া পাঠ করিবে,—আসনমন্ত্রস্য মেরুপৃষ্ঠঋষিঃ সুতলং ছন্দঃ কূর্ম্মো দেবতা আসনোপবেশনে বিনিয়োগঃ।

অনন্তর হাত যোড় করিয়া পাঠ করিবে—ওঁ পৃথ্বি ত্বয়া ধৃতা লোকা দেবি ত্বং বিষ্ণুনা ধৃতা। ত্বঞ্চ ধারয় মাং নিত্যং পবিত্রং কুরু চাসনম্।

জলশুদ্ধি।

অঙ্কুশমুদ্রা দ্বারা কোশার জলে তীর্থ আবাহন করিয়া পাঠ করিবে,—

ওঁ গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি।
নর্ম্মদে সিন্ধু কাবেরি জলেঽস্মিন্ সন্নিধিং কুরু॥

পুষ্প-শুদ্ধি।

পুষ্পগুলি স্পর্শ করিয়া পাঠ করিবে—ওঁ পুষ্পে পুষ্পে মহাপুষ্পে সুপুষ্পে পুষ্পসম্ভবে। পুষ্পচয়াবকীর্ণে চ হুং ফট্ স্বাহা।

কর-শুদ্ধি।

"ঐং" মন্ত্র দ্বারা একটি রক্তবর্ণ পুষ্প গ্রহণ করিয়া "ওঁ" এই মন্ত্রে ঐ পুষ্প করদ্বয়ে পেষণ করতঃ "হ্সৌঃ" মন্ত্রে ঐ পুষ্প ঈশানকোণদেশে প্রক্ষেপ করিবে।

ঘটস্থাপন।

ষট্‌ত্রিংশদঙ্গুলায়ামং ষোড়শাঙ্গুলমুচ্চকৈঃ। চতুরঙ্গুলকং কণ্ঠং মুখং তস্য ষড়ঙ্গুলম্। পঞ্চাঙ্গুলমিতং মূলং বিধানং ঘটনির্ম্মিতেঃ॥ ইতি মহানির্ব্বাণতন্ত্রম্।

বিস্তার ষট্‌ত্রিংশৎ অঙ্গুলি, উচ্চে ষোড়শ অঙ্গুলি, কণ্ঠ চারি অঙ্গুলি, মুখের বিস্তার ছয় অঙ্গুলি এবং তলদেশ পঞ্চাঙ্গুলিপরিমিত—ঘটনির্ম্মাণের ইহাই বিধি।

সৌবর্ণং রাজতং তাম্রং কাংস্যজং মৃত্তিকোদ্ভবম্। পাষাণং কাচজং বাপি ঘটমক্ষতমব্রণম্। কারয়েদ্দেবতাপ্রীত্যৈ বিত্তশাঠ্যং বিবর্জ্জয়েৎ।

সুবর্ণ, রজত, তাম্র, কাংস্য অথবা মৃত্তিকা নির্ম্মিত, কিম্বা পাষাণ বা কাচজ ঘটই দেবতার প্রীতিপ্রদ হইয়া থাকে। কিন্তু প্রত্যেক লোকেরই যেন স্মরণ থাকে যে, কর্ম্মের ফললাভ করিতে হইলে, ঘটনির্ম্মাণে যেন বিত্তশঠতা না ঘটে অর্থাৎ অবস্থানুযায়ী ঘট দান করা হয়। ঘট সুদৃশ্য ও অক্ষত হওয়া চাই।

সৌবর্ণং ভোগদং প্রোক্তং রাজতং মোক্ষদায়কম্। তাম্রং প্রীতিকরং জ্ঞেয়ং কাংস্যজং পুষ্টিবর্দ্ধনম্॥ কাচং বশ্যকরং প্রোক্তং পাষাণং স্তম্ভকর্ম্মণি। মৃণ্ময়ং সর্ব্বকার্য্যেষু সুদৃশ্যং সুপরিষ্কৃতং॥

হেম-ঘট ভোগদ এবং রজত-ঘট মোক্ষদায়ক বলিয়া উক্ত হইয়াছে। প্রীতিকর কার্য্যে তাম্র ও পুষ্টিবর্দ্ধনে কাংস্যজ ঘট, বশীকরণে কাচ ও স্তম্ভন-কার্য্যে পাষাণ-ঘট প্রশস্ত। মৃত্তিকানির্ম্মিত ঘট পরিষ্কৃত ও সুদৃশ্য হইলে সর্ব্ব কার্য্যেই প্রশস্ত হয়।

নবরত্নং পঞ্চরত্নং ঘট-মধ্যে বিনিক্ষিপেৎ।
তদভাবে মহেশানি সুবর্ণঞ্চ প্রদাপয়েৎ॥

ঘটমধ্যে নবরত্ন ও পঞ্চরত্ন প্রদান করিবে। তাহার অভাব হইলে কেবল সুবর্ণ প্রদান করিবে।

ভূমির্ধান্যং ঘটশ্চৈব জলং পল্লবমেব চ। ফলং পুষ্পঞ্চ সিন্দূরং স্থিরীকরণমেব চ॥

ঘটস্থাপনে ভূমি, ধান্য, ঘট, জল, পল্লব, (পঞ্চপল্লব দেওয়ার ব্যবস্থা আছে, যথা,—অশ্বত্থ, বট, আম্র, পাকুর ও যজ্ঞডুমুর, কিন্তু অধিকাংশ স্থলে আম্রপল্লব দেওয়া হয়)। ফল (নারিকেল, তদভাবে রম্ভা), পুষ্প ও সিন্দূর দিয়া পুত্তলিকা আঁকিয়া দিতে হয়,—তৎপরে স্থিরীকরণ। (দধি, অক্ষত, আলতা, শরাব ও বস্ত্রাচ্ছাদিত করিবার ব্যবহার আছে)।

৮ সামবেদি-ঘটস্থাপন।

ভূমিতে হাত দিয়া পাঠ করিতে হইবে,—ওঁ ভূমিরন্তরীক্ষং দ্যৌর্ব্বা ভূতায়াঃ॥

ধান্যে হাত দিয়া পাঠ করিবে,—ওঁ ধানাবন্তং করম্ভিণমপূপবন্ত-মুক্‌থিনম্। ইন্দ্র প্রাতর্জুষস্ব নঃ॥

ঘট ধরিয়া পাঠ করিবে,—ওঁ আবিশন্ কলশং সুতো বিশ্বা অর্ষন্নভি শ্রিয়ঃ। ইন্দুরিন্দ্রায় ধীয়তে॥

জলে হাত দিয়া পাঠ করিবে,—ওঁ আ নো মিত্রাবরুণা ঘৃতৈর্গব্যূতি মুক্ষতং। মধ্বা রজাংসি শুক্রতূ॥

পল্লব ধরিয়া পাঠ করিবে,—ওঁ অয়মূর্জ্জাবতো বৃক্ষ ঊর্জ্জীবফলিনী ভব। পর্ণং বনস্পতে নুত্বা মুত্বা চ সূয়তাং রয়িঃ॥

ফল ধরিয়া পাঠ করিবে,—ওঁ ইন্দ্রং নরো নেমধিতা হবন্তে যৎ পার্য্যা যুনজতে ধিয়স্তাঃ। শূরো নৃষাতা শ্রবসশ্চ কাম আ গোমতি ব্রজে ভজা ত্বং নঃ॥

পুষ্প ধরিয়া পাঠ করিবে,—ওঁ পবমান ব্যশ্নুহি রশ্মিভির্ব্বাজসা-তমঃ। দধৎ স্তোত্রে সুবীর্য্যম্॥

সিন্দুর স্পর্শ করিয়া পাঠ করিবে,—ওঁ সিন্ধোরুচ্ছ্বাসে পতয়ন্তমুক্ষণং হিরণ্যপাবাঃ পশুমপসু গৃভ্নতে॥

স্থিরীকরণ (ঘটে হাত দিয়া পাঠ করিবে),—ওঁ স্থাবতঃ পুরূবসো বয়মিন্দ্র প্রণেতঃ। স্মসি স্থাতর্হরীণাং॥

হাত যোড় করিয়া পাঠ করিবে,—ওঁ সর্ব্বতীর্থোদ্ভবং বারি সর্ব্বদেব-সমন্বিতম্। ইমং ঘটং সমারুহ্য তিষ্ঠ দেব গণৈঃ সহ॥

দেবীপূজায়,—তিষ্ঠ দেবি গণৈঃ সহ॥

অতঃপর ঘটের উপর গায়ত্রী পাঠ করিবে।

ঋগ্বেদি-ঘটস্থাপন।

ভূমিতে হস্ত দিয়া পাঠ করিবে,—ওঁ উর্ব্বী সদ্মনী বৃহতী ঋতেন হুবে দেবানামবসা জনিত্রী। দধাতে যে অমৃতং সুপ্রতীকে দ্যাবা রক্ষতং পৃথিবী নো অহ্বাৎ ॥

ধান্যে হস্ত দিয়া পাঠ করিবে,—ওঁ ধানাবন্তং করম্ভিণমপূপবন্ত-মুক্‌থিনম্। ইন্দ্র প্রাতর্জুষস্ব নঃ।

ঘটে হস্ত দিয়া পাঠ করিবে,—ওঁ এতানি ভদ্রা কলশ ক্রিয়াম কুরু শ্রবণ দদতো মঘানি। দান ইদ্বো মঘবানঃ সো অস্ত্বয়ং চ সোমো হৃদি যং বিভর্ম্মি ॥

জল স্পর্শ করিয়া পড়িবে,—ওঁ বরুণস্যোত্তম্ভনমসি বরুণস্য স্কম্ভ-সর্জ্জনী স্থঃ। বরুণস্য ঋতসদন্যসি। বরুণস্য ঋতসদনমসি। বরুণস্য ঋতসদনমাসীদ ॥

ফলে হস্ত দিয়া পাঠ করিবে,—ওঁ যাঃ ফলিনীর্যা অফলা অপুষ্পা যাশ্চ পুষ্পিণীঃ। বৃহস্পতিপ্রসূতাস্তা নো মুঞ্চন্ত্বংহসঃ ॥

স্থিরীকরণ,—ওঁ স্থিরো ভব বীড্বঙ্গ, আশুর্ভব বাজ্যর্ব্বন্। পৃথুর্ভব সুষদস্ত্বমগ্নেঃ পুরীষবাহনঃ ॥

পরে কৃতাঞ্জলি হইয়া—ওঁ সর্ব্বতীর্থোদ্ভবং বারি ইত্যাদি পাঠ করিবে।

যজুর্ব্বেদি-ঘটস্থাপন।

সুলক্ষণ ঘটে ধান্য, দূর্ব্বা, পুষ্প, সিন্দুর ও চন্দনাদি দিয়া পাঠ করিবে।

ভূমি—ওঁ ভূরসি ভূমিরস্যদিতিরসি, বিশ্বধায়া বিশ্বস্য ভুবনস্য ধর্ত্রী। পৃথিবীং যচ্ছ, পৃথিবীং দৃংহ, পৃথিবীং মা হিংসীঃ ॥

ধান্য—ওঁ ধান্যমসি ধিনুহি দেবান্ ধিনুহি যজ্ঞং। ধিনুহি যজ্ঞপতিং ধিনুহি মাং যজ্ঞন্যম্ ॥

ঘটে—ওঁ আ জিঘ্র কলশং মহ্যা ত্বা বিশন্ত্বিন্দবঃ। পুনরূর্জ্জা নিবর্ত্তস্ব, সা নঃ সহস্রং ধুক্ষ্বোরুধারা পয়স্বতী, পুনর্মা বিশতাদ্রয়িঃ ॥

জলে—ওঁ বরুণস্যোত্তম্ভনমসি, বরুণস্য স্কম্ভসর্জ্জনী স্থঃ। বরুণস্য ঋতসদন্যসি। বরুণস্য ঋতসদনমাসীদ ॥

পল্লব—ওঁ ধন্বনা গা ধন্বনাজিং জয়েম, ধন্বনা তীব্রাঃ সমদো জয়েম। ধন্বুঃ শত্রোরপকামং কৃণোতি ধন্বনা সর্ব্বাঃ প্রদিশো জয়েম॥

ফল—ওঁ যাঃ ফলিনীর্যা অফলা অপুষ্পা যাশ্চ পুষ্পিণীঃ। বৃহস্পতিপ্রসূতাস্তা নো মুঞ্চন্ত্বংহসঃ॥

সিন্দুর—ওঁ সিন্ধোরিব প্রাধ্বনে শূঘনাসো বাতপ্রমিয়ঃ পতয়ন্তি যহ্বাঃ। ঘৃতস্য ধারা অরুষো ন বাজী, কাষ্ঠা ভিন্দন্নূর্ম্মিভিঃ পিন্বমানঃ॥

দূর্ব্বা—ওঁ কাণ্ডাৎ কাণ্ডাৎ প্ররোহন্তী পরুষঃ পরুষঃ পরি। এবা নো দূর্ব্বে প্রতনু সহস্রেণ শতেন চ॥

পুষ্প—ওঁ শ্রীশ্চ তে লক্ষ্মীশ্চ পত্ন্যা অহোরাত্রে পার্শ্বে নক্ষত্রাণি রূপমশ্বিনৌ ব্যাত্তম্। ইষ্ণন্নিষাণামুম্ম ইষাণ, সর্ব্ব লোকং ম ইষাণ॥

গন্ধ—ওঁ গন্ধদ্বারাং দুরাধর্ষাং নিত্যপুষ্টাং করীষিণীম্। ঈশ্বরীং সর্ব্বভূতানাং ত্বামিহোপহ্বয়ে শ্রিয়ম্॥

বস্ত্র—ওঁ যুবা সুবাসাঃ পরিবীত আগাৎ স উ শ্রেয়ান্ ভবতি জায়মানঃ। তং ধীরাসঃ কবয় উন্নয়ন্তি সাধ্যো মনসা দেবয়ন্তঃ॥

স্থিরীকরণ—ওঁ সর্ব্বতীর্থোদ্ভবং বারি সর্ব্বদেবসমন্বিতম্। ইমং ঘটং সমারুহ্য তিষ্ঠ দেব গণৈঃ সহ॥

স্থাং স্থীং স্থিরো ভব বিড্বঙ্গ আশুর্ভব বাজ্যর্ব্বন্। পৃথুর্ভব সুষদস্ত্বমগ্নেঃ পুরীষবাহনঃ॥

অনন্তর গায়ত্রী পাঠ করিবে।

কোন কোন কার্য্যে ঘটের চারিদিকে কাণ্ড চতুষ্টয় আরোপণের (তীর পৌতার) বিধি আছে এবং তাহাতে লালরঙ্গের সূতা বেষ্টন করা হয়।

কাণ্ড আরোপণের মন্ত্র—ওঁ কাণ্ডাৎ কাণ্ডাৎ প্ররোহন্তী পরুষঃ পরুষঃ পরি। এবা নো দূর্ব্বে প্রতনু সহস্রেণ শতেন চ।

তান্ত্রিক ঘটস্থাপন।

ঘট শুদ্ধির জন্য "ক্লীং" এই মন্ত্রে জলদ্বারা ঘট প্রোক্ষণ করিবে, "ঐং" মন্ত্রে ঘট শোধন করিবে। "হ্রীং" মন্ত্রে ঘট স্থাপন করিয়া "হ্রীং" মন্ত্রে ঘট জলপূর্ণ করিবে। অনন্তর নিম্নলিখিত মন্ত্র পাঠপূর্ব্বক তীর্থন্যাস করিবে। যথা,—

ওঁ গঙ্গাদ্যাঃ সরিতঃ সর্ব্বাঃ সরাংসি জলদা নদাঃ। হ্রদাঃ প্রস্রবণাঃ পুণ্যাঃ স্বর্গপাতালভূগতাঃ। সর্ব্বতীর্থানি পুণ্যানি ঘটে কুর্ব্বন্তু সন্নিধিম্॥

তৎপরে, "শ্রীং" মন্ত্রে পল্লব দিবে, "হূং" মন্ত্রে ফলদান করিবে, "স্ত্রীং" মন্ত্রে স্থিরীকরণ করিয়া "রং" মন্ত্রে সিন্দুর দিয়া "যং" মন্ত্রে পুষ্প দিবে। তদনন্তর দেবতার মূলমন্ত্রে দূর্ব্বা দিয়া "ওঁ" মন্ত্রে অভ্যুক্ষণ করতঃ "হূং ফট্ স্বাহা" এই মন্ত্রে কুশ দ্বারা তাড়ন করিবে।

সামান্যার্ঘ্য।

ভূমিতে ত্রিকোণ মণ্ডল করিয়া তাহার উপরে গন্ধপুষ্প দ্বারা পূজা করিবে।

ওঁ আধারশক্তয়ে নমঃ, ওঁ কূর্ম্মায় নমঃ, ওঁ অনন্তায় নমঃ, ওঁ পৃথিব্যৈ নমঃ॥

তৎপরে 'ফট্' এই মন্ত্রে অর্ঘ্যপাত্র প্রক্ষালন করিয়া, পরে ত্রিপদিকার উপরে স্থাপন করিবে। "ওঁ" এই মন্ত্রে সেই পাত্র জলে পূর্ণ করিয়া পূজা করিবে।—মন্ত্র যথা—**মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ, অং সূর্য্যমণ্ডলায় দ্বাদশকলাত্মনে নমঃ, উং সোমমণ্ডলায় ষোড়শ-কলাত্মনে নমঃ॥**

তৎপরে পাত্রস্থ জল বিভাগ করিয়া গন্ধ, পুষ্প ও দূর্ব্বা প্রভৃতি প্রদান করিয়া ধেনুমুদ্রাদ্বারা অমৃতীকরণ করিয়া মৎস্যমুদ্রাদ্বারা আচ্ছাদন করতঃ অঙ্কুশমুদ্রাদ্বারা সেই জলে তীর্থ সকলের আবাহন করিবে। যথা—

ওঁ গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি। নর্ম্মদে সিন্ধু-কাবেরি জলেঽস্মিন্ সন্নিধিং কুরু॥

তৎপরে "ওঁ" এই মন্ত্র অর্ঘ্যপাত্রের উপর দশবার জপ করিয়া সেই জলের ছিটা মস্তকে ও পূজার উপকরণে দিবে।

শ্বেত সরিষা বা আতপ তণ্ডুল লইয়া নিম্নোক্ত মন্ত্র পাঠ করিয়া তাহা চতুর্দ্দিকে ছিটাইয়া দিবে। এই মন্ত্র,—**ওঁ অপসর্পন্তু তে ভূতা যে ভূতা ভুবি সংস্থিতাঃ। যে ভূতা বিঘ্নকর্ত্তারস্তে নশ্যন্তু শিবাজ্ঞয়া॥**

ভূতাপসারণ কার্য্যেতে কিঞ্চিৎ পার্থক্য আছে, যেখানে সেইরূপ বিশেষত্ব আছে, সে স্থলে পৃথক্‌রূপে লিখিত হইবে। সাধারণতঃ অনুল্লিখিত এইরূপ।

মাষভক্তবলি।

নিজ বামে গোময়ের দ্বারা ত্রিকোণ মণ্ডল লিখিয়া তাহার উপরে পূজা করিবে,—"এতে গন্ধপুষ্পে ওঁ ক্ষেত্রপালাদিভূতগণেভ্যো নমঃ" এই মন্ত্রে পাদ্যাদি দ্বারা পূজা করিয়া নূতন খুরি বা বিল্বপত্রের উপরে মাষকলাই, দধি ও হরিদ্রাচূর্ণ একত্রে মিশ্রিত করিয়া তাহার অর্চ্চনা করতঃ নিবেদন করিয়া দিবে,—**ওঁ মাষভক্তবলয়ে নমঃ। এষ মাষভক্তবলিঃ ওঁ ক্ষেত্রপালাদিভূতগণেভ্যো নমঃ॥**

নিবেদনান্তে প্রার্থনা মন্ত্র যথা,—**ওঁ ভূতপ্রেতপিশাচাশ্চ দানবা রাক্ষসাশ্চ যে। শান্তিং কুর্ব্বন্তু তে সর্ব্বে ইমং গৃহ্নন্তু মদ্‌বলিম্॥**

তৎপরে শ্বেত সর্ষপ গ্রহণ করিয়া নিম্নোক্ত মন্ত্র পাঠপূর্ব্বক উহার দশদিকে ছিটাইয়া দিবে। মন্ত্র যথা,—**ওঁ বেতালাশ্চ পিশাচাশ্চ রাক্ষসাশ্চ সরীসৃপাঃ। অপসর্পন্তু তে সর্ব্বে নারসিংহেন তাড়িতাঃ॥**

প্রাণায়াম

পূরয়েৎ ষোড়শৈর্ব্বায়ুং ধারয়েত্তচ্চতুগুণৈঃ। রেচয়েৎ কুম্ভকার্দ্ধেন অশক্তস্তত্তুরীয়তঃ। তদশক্তৌ তচ্চতুর্থ্যা এবং প্রাণস্য সংযমঃ। প্রাণায়ামং বিনা মন্ত্রী পূজনে নৈতি যোগ্যতাম্। কনিষ্ঠানামিকাঙ্গুষ্ঠৈর্যন্নাসাপুটধারণম্। প্রাণায়ামঃ স বিজ্ঞেয়স্তর্জ্জনীমধ্যমে বিনা॥ জ্ঞানার্ণবে।

দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠ দ্বারা দক্ষিণনাসাপুট ধারণ করতঃ বায়ু রোধ করিয়া ওঁ অথবা মূলমন্ত্র ষোড়শবার জপ করিতে করিতে নাসাপুট দিয়া বায়ু পূরণ করিয়া কনিষ্ঠা ও অনামিকা অঙ্গুলি দ্বারা বামনাসাপুট ধারণ করিয়া বায়ু রোধ করিয়া ওঁ বা মূলমন্ত্র প্রথমবারের চতুর্গুণ—অর্থাৎ চৌষট্টিবার জপ করিতে করিতে কুম্ভক করিবে, তৎপরে অঙ্গুষ্ঠ দক্ষিণনাসা হইতে তুলিয়া ওঁ বা

মূল মন্ত্র বত্রিশবার জপ করিতে করিতে দক্ষিণনাসাপুট দ্বারা ক্রমে ক্রমে রেচন করিবে। বামহস্তে কর-রেখায় জপের সংখ্যা রাখিবে।

এইভাবে পুনশ্চ বিপরীতক্রমে—অর্থাৎ শ্বাস ত্যাগের পর ঐ দক্ষিণনাসা দ্বারাই পূর্ব্ববৎ ওঁ অথবা মূলমন্ত্র জপ করিতে করিতে পূরক এবং উভয় নাসা ধরিয়া কুম্ভক ও শেষ রেচক করিতে হইবে। অতঃপর পুনরায় অবিকল প্রথমবারের ন্যায় নাসা ধারণক্রমানুসারে পূরক, কুম্ভক এবং রেচক করিবে।

প্রাগুক্ত সংখ্যা জপ করিতে অশক্ত হইলে যথাক্রমে ৮।৩২।১৬ অথবা ৪।১৬।৮ বার জপ করিলেও হয়।

ভূতশুদ্ধি।

রমিতি জলধারয়া বহ্নিপ্রাকারং বিচিন্ত্য স্বাঙ্কে উত্তানৌ করৌ কৃত্বা সোঽহ-মিতি মন্ত্রেণ জীবাত্মানং হৃদয়স্থং দীপকলিকাকারং মূলাধারস্থকুলকুণ্ডলিন্যা সহ সুষুম্নাবর্ত্মনা মূলাধার-স্বাধিষ্ঠান-মণিপুরানাহত-বিশুদ্ধাজ্ঞাখ্য-ষট্ চক্রাণি ভিত্ত্বা, শিরোঽবস্থিতাধোমুখ সহস্রদলকমল-কর্ণিকান্তর্গত পরমাত্মনি সংযোজ্য তত্রৈব পৃথিব্যপ্-তেজোবায়্বাকাশ-গন্ধ-রূপ-রস-স্পর্শ-শব্দ-নাসিকা-জিহ্বা-চক্ষু-ত্বক্--শ্রোত্র--বাক্--পাণি--পাদ--পায়ূপস্থ--প্রকৃতিমনোবুদ্ধ্যহঙ্কারচতুর্ব্বিংশতি--তত্ত্বানি লীনানি বিভাব্য যমিতি বায়ুবীজং ধূম্রবর্ণং বামনাসাপুটে বিচিন্ত্য তস্য ষোড়শ-বারজপেন বায়ুনা দেহমাপূর্য্য নাসাপুটৌ ধৃত্বা তস্য চতুঃষষ্টিবারজপেন কুম্ভকং কৃত্বা বামকুক্ষিস্থ-কৃষ্ণবর্ণপাপপুরুষেণ সহ দেহং সংশোষ্য তস্য দ্বাত্রিংশদ্বার-জপেন দক্ষিণনাসয়া বায়ুং রেচয়েৎ। পুনর্দক্ষিণনাসাপুটে রমিতি বহ্নিবীজং রক্তবর্ণং ধ্যাত্বা তস্য ষোড়শবারজপেন বায়ুনা দেহমাপূর্য্য নাসাপুটৌ ধৃত্বা তস্য চতুঃষষ্টিবারজপেন কুম্ভকং কৃত্বা কৃষ্ণবর্ণপাপপুরুষেণ সহ মূলাধারোত্থিতেন বহ্নিনা দগ্ধ্বা তস্য দ্বাত্রিংশদ্বারজপেন বামনাসয়া ভস্মনা সহ বায়ুং রেচয়েৎ। ততঃ ঠমিতি চন্দ্রবীজং শুক্লবর্ণং বামনাসায়াং ধ্যাত্বা তস্য ষোড়শবার জপেন ললাটে চন্দ্রং নীত্বা নাসাপুটৌ ধৃত্বা বমিতি বরুণবীজস্য চতুঃষষ্টিবারজপেন ললাটস্থ-চন্দ্রাদগলিতসুধয়া মাতৃকাবর্ণাত্মিকয়া সমস্তদেহং বিরচ্য লমিতি পৃথ্বীবীজস্য দ্বাত্রিংশদ্বারজপেন দেহং সুদৃঢ়ং বিচিন্ত্য দক্ষিণেন বায়ুং রেচয়েৎ। ততো হংস ইতি মন্ত্রেণ জীবাদিকং স্বস্বস্থানে সংস্থাপ্য দেবরূপমাত্মানং বিচিন্তয়েৎ।

এইগুলি মনোযোগ সহকারে বিশেষরূপ চিন্তা করিবে। "রং মন্ত্রে জলের ধারা দিয়া বহ্নিপ্রাকার (যেন চতুর্দ্দিকে বহ্নি দ্বারা বেষ্টিত স্থানে বসিয়া আছি) এইরূপ চিন্তা করতঃ চিৎভাবে হস্তদ্বয় উপর্য্যুপরি (ক্রোড়ে) রাখিয়া "সোঽহং"

এই মন্ত্রে হৃৎপ্রদেশস্থ দীপকলিকাকার জীবাত্মাকে মূলাধারস্থিত কুলকুণ্ডলিনীর সহিত সুষুম্নাপথে মূলাধার, স্বাধিষ্ঠান, মণিপুর, অনাহত, বিশুদ্ধ এবং আজ্ঞা নামক ষট্‌চক্র (চতুর্দ্দল, ষড়্‌দল, দশদল, দ্বাদশদল, ষোড়শদল ও দ্বিদলপদ্ম) ভেদ করিয়া শিরোহবস্থিত অধোমুখ সহস্রদল কমলের কর্ণিকামধ্যস্থ পরমাত্মাতে সংযোগ করিয়া তথায় দৈহিক পৃথিবী, জল, তেজ, বায়ু, আকাশ, গন্ধ, রূপ, রস, স্পর্শ, শব্দ, নাসিকা, জিহ্বা, চক্ষু, ত্বক্, কর্ণ, বাক্, হস্ত, পদ, পায়ু, উপস্থ, প্রকৃতি, মন, বুদ্ধি, অহঙ্কার এই চতুর্ব্বিংশতি তত্ত্বকে বিলীন ভাবনা করিয়া তৎপরে অঙ্গুষ্ঠদ্বারা বামনাসাপুট রোধ করিয়া যং এই ধূম্রবর্ণ বায়ু বীজ চিন্তা করিয়া প্রাণায়ামানুসারে ১৬ বার জপ করতঃ বামনাসা দ্বারা সমস্ত দেহ বায়ুতে আপূরণ করিবে। পরে উভয় নাসা টিপিয়া ধরিয়া ঐ যং বীজটী ৬৪ বার জপ করিতে করিতে কৃষ্ণবর্ণ পাপপুরুষের সহিত নিজদেহ শোষণ চিন্তা করিবে। তৎপরে ঐ "যং" বীজ ৩২ বার জপে দক্ষিণনাসা দ্বারা বায়ু ত্যাগ করিবে। পরে দক্ষিণনাসাপুটে "রং" রক্তবর্ণ এই বহ্নিবীজ চিন্তা করিয়া ১৬ বার জপপূর্ব্বক বায়ুদ্বারা দেহ পূরণ করিবে এবং ৬৪ বার জপে কুম্ভক করিয়া মূলাধারোত্থিত বহ্নিদ্বারা কৃষ্ণবর্ণ পাপপুরুষ সহিত দগ্ধ চিন্তা করিয়া পুনরায় বত্রিশবার জপে বামনাসা দ্বারা দগ্ধীভূত পাপপুরুষের ভস্মের সহিত বায়ু পরিত্যাগ করিবে। পরে "ঠং" এই চন্দ্রবীজ শুক্লবর্ণ চিন্তা করিয়া ১৬ বার জপে পূর্ব্বরূপ দেহ পূরণ পূর্ব্বক "বং" এই বরুণবীজ ৬৪ বার জপে কুম্ভক করিয়া ললাটে চন্দ্র আনয়ন করিয়া চন্দ্র-বিগলিত মাতৃকাবর্ণাত্মিকা সুধা দ্বারা সমস্ত দেহ পুনরায় রচনা করিবে। পরে "লং" পৃথ্বীবীজটীকে চিন্তা করিয়া ৩২ বার জপে দেহকে সুদৃঢ় চিন্তা করিয়া দক্ষিণনাসা দ্বারা বায়ু ত্যাগ করিবে। অনন্তর "হংসঃ" এই মন্ত্রে জীবাত্মাকে বিলীন কুলকুণ্ডলিনী সহ চতুর্ব্বিংশতি তত্ত্বকে স্ব স্ব স্থানে স্থাপন করিয়া নিজ শরীরকে অভীষ্টদেবের সদৃশ চিন্তা করিবে।

ভূতশুদ্ধিং ততঃ কুর্য্যাৎ প্রাণায়ামক্রমেণ চ॥ ইতি জ্ঞানার্ণবে।

প্রাণায়ামের অনুক্রমানুসারে ভূতশুদ্ধি করিতে হয়।

সংক্ষেপ-ভূতশুদ্ধি। *

রং মন্ত্রে আপনার চতুর্দ্দিকে জলধারা দিয়া আপনাকে বহ্নি প্রাচীরের মধ্যবর্ত্তী ভাবনা করিবে। পরে নাসিকাদ্বয় টিপিয়া ধরিয়া

* ক্ষিতি অপ্ তেজ মরুৎ ও ব্যোম—এই পঞ্চভূতের দ্বারা দেহ নির্ম্মিত হইয়াছে এই পঞ্চভূতের শুদ্ধি বিধানকেই ভূতশুদ্ধি বলা হইয়া থাকে।

নিম্নলিখিত মন্ত্র চতুষ্টয় পাঠ করিয়া দেবতাকে ভাবনা করিলেই সংক্ষেপে ভূতশুদ্ধি হয়। মন্ত্র চতুষ্টয় যথা—**ওঁ মূলশৃঙ্গাটাচ্ছিরঃসুষুম্না-পথেন জীবশিবং পরমশিবপদে যোজয়ামি স্বাহা ॥ ১**

ওঁ যং লিঙ্গশরীরং শোষয় স্বাহা ॥ ২

ওঁ রং সঙ্কোচশরীরং দহ দহ স্বাহা ॥ ৩

ওঁ পরমশিব সুষুম্নাপথেন মূলশৃঙ্গাটমুল্লসোল্লস জ্বল জ্বল প্রজ্বল প্রজ্বল হংসঃ সোহহং স্বাহা।

কৃষ্ণবিষয়ক সংক্ষেপ ভূতশুদ্ধি।

স্বকীয় হৃদয়ে ধ্যায়েৎ শ্রীকৃষ্ণচরণাম্বুজম্।
ভূতশুদ্ধিমিমাং প্রাহুঃ সর্ব্বাগমবিশারদাঃ।

নিজ হৃদয়ে শ্রীকৃষ্ণদেবের চরণাম্বুজ ধ্যান করিলেই ভূতশুদ্ধি হয়।

ন্যাস করিবার ক্রম।

মনসা বা ন্যসেন্ন্যাসান্ পুষ্পৈর্বাথ বা ন্যসেৎ।
অঙ্গুষ্ঠানামিকাযোগান্ন্যসেদ্বা সর্ব্বপর্ব্বসু ॥

মনের দ্বারা, পুষ্পের দ্বারা, অঙ্গুষ্ঠ ও অনামিকা অঙ্গুলিযোগে কিম্বা সমস্ত গ্রন্থি দ্বারা ন্যাস করা যায়।

মাতৃকান্যাস।

অস্য মাতৃকামন্ত্রস্য ব্রহ্মঋষির্গায়ত্রীচ্ছন্দো মাতৃকাসরস্বতী দেবতা হলো বীজানি স্বরাঃ শক্তয়ো মাতৃকান্যাসে বিনিয়োগঃ।

উক্ত মন্ত্রদ্বারা মাতৃকান্যাসের ঋষ্যাদিস্মরণপূর্ব্বক লিখিত স্থলে পুষ্প বা অঙ্গুষ্ঠ ও অনামিকার যোগে ন্যাস (স্পর্শ) করিবে।

শিরসি ওঁ ব্রহ্মণে ঋষয়ে নমঃ, মুখে ওঁ গায়ত্রীচ্ছন্দসে নমঃ, হৃদি ওঁ মাতৃকা-সরস্বত্যৈ দেবতায়ৈ নমঃ, গুহ্যে ওঁ হলেভ্যো বীজেভ্যো নমঃ, পাদয়োঃ ওঁ স্বরেভ্যঃ শক্তিভ্যো নমঃ, সর্ব্বাঙ্গে ওঁ ক্লীং কীলকায় নমঃ।

করন্যাস।—ওঁ অং কং খং গং ঘং ঙং আং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ। ওঁ ইং চং ছং জং ঝং ঞং ঈং তর্জ্জনীভ্যাং স্বাহা। ওঁ উং টং ঠং ডং ঢং ণং ঊং মধ্যমাভ্যাং বষট্। ওঁ এং তং থং দং ধং নং ঐং অনামিকাভ্যাং হুং। ওঁ ওং পং ফং বং ভং মং ঔং কনিষ্ঠাভ্যাং বৌষট্। ওঁ অং যং রং লং বং শং ষং সং হং ক্ষং অঃ করতলপৃষ্ঠাভ্যামস্ত্রায় ফট্।

অঙ্গন্যাস।—ওঁ অং কং খং গং ঘং ঙং আং হৃদয়ায় নমঃ। ওঁ ইং চং ছং জং ঝং ঞং ঈং শিরসে স্বাহা। ওঁ উং টং ঠং ডং ঢং ণং ঊং শিখায়ৈ বষট্। ওঁ এং তং থং দং ধং নং ঐং কবচায় হুং। ওঁ ওং পং ফং বং ভং মং ঔং নেত্রত্রয়ায় বৌষট্। ওঁ অং যং রং লং বং শং ষং সং হং লং ক্ষং অঃ করতলপৃষ্ঠাভ্যামস্ত্রায় ফট্।

অন্তর্মাতৃকান্যাস।

জ্ঞানার্ণবাদি তন্ত্রে লিখিত আছে যে, মাতৃকার ঋষ্যাদিন্যাস, করন্যাস ও অঙ্গন্যাস করিবার আগে অন্তর্মাতৃকান্যাস করিবে। দেহমধ্যে আধারাদি ভ্রূমধ্য পর্য্যন্ত ছয়টী পদ্ম আছে, এ সকল পদ্মে অন্তর্মাতৃকান্যাস করিতে হয়। কণ্ঠস্থলে যে ষোড়শদল পদ্ম আছে, তাহার ষোড়শ পত্রে ন্যাস করিবে। যথা—ওঁ অং নমঃ, আং নমঃ, ইং নমঃ, ঈং নমঃ, উং নমঃ, ঊং নমঃ, ঋং নমঃ, ৠং নমঃ, ঌং নমঃ, ৡং নমঃ, এং নমঃ, ঐং নমঃ, ওং নমঃ, ঔং নমঃ, অং নমঃ, অঃ নমঃ।

হৃদয়স্থিত দ্বাদশদলপদ্মে—ওঁ কং নমঃ, খং নমঃ, গং নমঃ, ঘং নমঃ, ঙং নমঃ, চং নমঃ, ছং নমঃ, জং নমঃ, ঝং নমঃ, ঞং নমঃ টং নমঃ, ঠং নমঃ।

নাভিমূলস্থিত দশদলপদ্মে—ওঁ ডং নমঃ, ঢং নমঃ, ণং নমঃ, তং নমঃ, থং নমঃ, দং নমঃ, ধং নমঃ, নং নমঃ, পং নমঃ, ফং নমঃ।

লিঙ্গমূলস্থিত ষড়দলপদ্মে—ওঁ বং নমঃ, ভং নমঃ মং নমঃ, যং নমঃ রং নমঃ, লং নমঃ।

মূলাধারস্থিত চতুর্দ্দলপদ্মে—ওঁ বং নমঃ, শং নমঃ, ষং নমঃ সং নমঃ।

ভ্রূমধ্যস্থিত দ্বিদলপদ্মে—ওঁ হং নমঃ, ক্ষং নমঃ।

বিষ্ণুবিষয়ে আধারাদি মস্তক পর্যন্ত ষট্ পদ্মে নিম্নলিখিত বর্ণন্যাস করিবে।

যথা।—মূলাধারস্থিত সুবর্ণাভ চতুর্দ্দলপদ্মে—ওঁ বং নমঃ, শং নমঃ, ষং নমঃ, সং নমঃ।

লিঙ্গমূলস্থিত বিদ্যুদাভ ষড়দলে স্বাধিষ্ঠানপদ্মে—ওঁ বং নমঃ, ভং নমঃ মং নমঃ, যং নমঃ, রং নমঃ, লং নমঃ।

নাভিমূলস্থিত নীলমেঘপ্রভ দশদল মণিপুরপদ্মে—ওঁ ডং নমঃ, ঢং নমঃ, ণং নমঃ, তং নমঃ, থং নমঃ, দং নমঃ, ধং নমঃ, নং নমঃ, পং নমঃ, ফং নমঃ।

হৃদয়স্থিত প্রবালরুচিসন্নিভ দ্বাদশদল অনাহতপদ্মে—ওঁ কং নমঃ, খং নমঃ, গং নমঃ, ঘং নমঃ, ঙং নমঃ, চং নমঃ, ছং নমঃ, জং নমঃ ঝং নমঃ, ঞং নমঃ, টং নমঃ, ঠং নমঃ।

কণ্ঠস্থিত ধূম্রবর্ণ ষোড়শদল বিশুদ্ধাখ্যপদ্মে—ওঁ অং নমঃ, আং নমঃ, ইং

নমঃ, ঈং নমঃ, উং নমঃ, ঊং নমঃ, ঋং নমঃ, ৠং নমঃ, ঌং মঃ, ৡং নমঃ, এং নমঃ, ঐং নমঃ, ওং নমঃ, ঔং নমঃ, অং নমঃ, অঃ নমঃ ॥

ভ্রূমধ্যস্থিত চন্দ্রবর্ণ দ্বিদলপদ্মে—হং নমঃ, ক্ষং নমঃ।

হিমবর্ণবিভূষিত সহস্রারপদ্মে সৃষ্টিস্থিতিলয়াত্মক পরমশিবের চিন্তা করিবে। ইহাকেই অন্তর্ম্মাতৃকান্যাস বলে।

এই প্রকারে অন্তর্ম্মাতৃকান্যাস করিয়া বাহ্যমাতৃকান্যাস করিবে। প্রথমে বাহ্যমাতৃকার ধ্যান করিবে।

ধ্যান।—**পঞ্চাশল্লিপিভির্ব্বিভক্তমুখদোঃপন্মধ্যবক্ষঃস্থলাং ভাস্বন্মৌলিনিবদ্ধচন্দ্রশকলামাপীনতুঙ্গস্তনীম্। মুদ্রামক্ষগুণং সুধাঢ্যকলসং বিদ্যাঞ্চ হস্তাম্বুজৈ-র্বিভ্রাণাং বিশদপ্রভাং ত্রিনয়নাং বাগ্‌দেবতামাশ্রয়ে ॥**

এই মন্ত্রে ধ্যান করিয়া ন্যাস করিবে। ন্যাসে অঙ্গুলিনিয়ম যথা,—

ললাটেঽনামিকামধ্যে বিন্যসেন্মুখপঙ্কজে। তর্জ্জনীমধ্যমানামা বৃদ্ধানামে চ নেত্রয়োঃ। অঙ্গুষ্ঠং কর্ণয়োর্ন্যস্য কনিষ্ঠাঙ্গুষ্ঠকৌ নসোঃ। মধ্যাস্তিস্রো গণ্ডয়োস্তু মধ্যমাঞ্চৌষ্ঠয়োর্ন্যসেৎ ॥ অনামাং দন্তয়োর্ন্যস্য মধ্যমামুত্তমাঙ্গকে। মুখেঽনামাং মধ্যমাঞ্চ হস্তে পাদে চ পার্শ্বয়োঃ ॥ কনিষ্ঠানামিকামধ্যাস্তাস্তু পৃষ্ঠে চ বিন্যসেৎ। তাঃ সাঙ্গুষ্ঠা নাভিদেশে সর্ব্বাঃ কুক্ষৌ চ বিন্যসেৎ। হৃদয়ে চ তলং সর্ব্বমংসয়োশ্চ ককুৎস্থলে। হৃৎপূর্ব্বং হস্তপৎকুক্ষিমুখেষু তলমেব চ। এতাশ্চ মাতৃকামুদ্রাঃ ক্রমেণ পরিকীর্ত্তিতাঃ। অজ্ঞাত্বা বিন্যসেদ্ যস্তু ন্যাসঃ স্যাত্তস্য নিষ্ফলঃ।

ললাটদেশে অনামিকা ও মধ্যমাঙ্গুলির দ্বারা ন্যাস করিবে। মুখে তর্জ্জনী, মধ্যমা ও অনামিকার যোগে ন্যাস করিবে। এইরূপ নেত্রদ্বয়ে বৃদ্ধা ও অনামিকা; কর্ণদ্বয়ে অঙ্গুষ্ঠা; নাসিকাদ্বয়ে কনিষ্ঠা ও অঙ্গুষ্ঠা; গণ্ডদ্বয়ে তর্জ্জনী, মধ্যমা ও অনামিকা; ওষ্ঠদ্বয়ে মধ্যমা; দন্তপংক্তিদ্বয়ে অনামিকা; মস্তকে মধ্যমা; মুখে অনামিকা ও মধ্যমা; হস্ত পদ পার্শ্ব ও পৃষ্ঠে কনিষ্ঠা, অনামিকা ও মধ্যমা; নাভিদেশে কনিষ্ঠা, অনামিকা, মধ্যমা ও অঙ্গুষ্ঠা; উদরে সর্ব্বাঙ্গুলি; বক্ষঃস্থল, অংশদ্বয়, ককুৎস্থল, হৃদয় হইতে হস্ত পর্য্যন্ত, হৃদয় হইতে পাদ পর্য্যন্ত, হৃদয় হইতে উদর পর্য্যন্ত ও হৃদয় হইতে মুখ পর্য্যন্ত স্থানে হস্ততলদ্বারা ন্যাস করিবে। এই মাতৃকামুদ্রা বলা হইল,—এই মুদ্রা না জানিয়া যে ব্যক্তি অন্যরূপে ন্যাস করিবে, তাহার ন্যাস বিফল হইবে।

ন্যাসের মন্ত্রাদি—ওঁ অং নমঃ ললাটে, ওঁ আং নমঃ মুখবৃত্তে, (এইক্রমে) ইং ঈং চক্ষুষোঃ, উং ঊং কর্ণয়োঃ, ঋং ৠং নসোঃ, ঌং ৡং গণ্ডয়োঃ, এং ওষ্ঠে, ঐং অধরে, ওং ঊর্দ্ধদন্তে, ঔং অধোদন্তে, অং ব্রহ্মরন্ধ্রে, অঃ মুখে। কং দক্ষিণ বাহুমূলে, খং কূর্পরে, গং মণিবন্ধে, ঘং অঙ্গুলিমূলে, ঙং অঙ্গুল্যগ্রে। চং ছং জং ঝং ঞং বামবাহুমূল প্রভৃতি স্থানে। টং ঠং ডং ঢং ণং দক্ষিণ পাদমূল হইতে অঙ্গুল্যগ্র পর্য্যন্ত। তং থং দং ধং নং বামপাদমূল হইতে অঙ্গুল্যগ্র পর্য্যন্ত। পং দক্ষিণপার্শ্বে, ফং বামপার্শ্বে, বং পৃষ্ঠে, ভং নাভৌ, মং উদরে, যং হৃদি, রং দক্ষিণ স্কন্ধে, লং ককুদি, বং বাম স্কন্ধে, শং হৃদয়াদি দক্ষিণকরে, ষং হৃদয়াদি বাম করে, সং হৃদয়াদি দক্ষিণপদে, হং হৃদয়াদি বামপদে, লং হৃদয়াদ্যুদরে, ক্ষং হৃদয়াদিমুখে। সর্ব্বত্রই "ওঁ" পদ আদিতে এবং "নমঃ" অন্তে যোগ করিয়া ন্যাস করিবে।

সংহারমাতৃকা-ন্যাস।

সংহারমাতৃকা ধ্যান।—**অক্ষস্রজং হরিণপোতমুদগ্রটঙ্কং বিদ্যাং করৈরবিরতং দধতীং ত্রিনেত্রাম্। অর্দ্ধেন্দুমৌলিমরুণামরবিন্দ-বাসাং, বর্ণেশ্বরীং প্রণমত স্তনভারনম্রাম্।**

এই ধ্যান পাঠ করিয়া ক্ষ-কারাদি অকারান্ত ন্যাস করিবে,—ক্ষং নমঃ হৃদয়াদি মুখে, লং নমঃ হৃদয়াদ্যুদরে, হং নমঃ হৃদয়াদি বামপদে—এইরূপে অং নমঃ ললাটে পর্য্যন্ত ন্যাস করিবে।

পীঠন্যাস।

আদিতে "ওঁ" এবং অন্তে "নমঃ" শব্দ যোগ করিয়া নিম্নলিখিত মন্ত্রে নিম্নলিখিত স্থান সমুদয় স্পর্শ করিবে। যথা হৃদি—ওঁ আধারশক্তয়ে নমঃ, (এই ক্রমে) প্রকৃত্যৈ, কূর্ম্মায়, অনন্তায়, পৃথিব্যৈ, ক্ষীরসমুদ্রায়, শ্বেতদ্বীপায়, মণিমণ্ডপায়, কল্পবৃক্ষায়, মণিবেদিকায়ৈ, রত্নসিংহাসনায়; দক্ষিণস্কন্ধে ধর্ম্মায়; বাম স্কন্ধে জ্ঞানায়; উরুদ্বয়ে বৈরাগ্যায়, ঐশ্বর্য্যায়; মুখে অধর্ম্মায়; বামপার্শ্বে অজ্ঞানায়; নাভৌ অবৈরাগ্যায়; দক্ষিণপার্শ্বে অনৈশ্বর্য্যায়; পুনঃ হৃদি অনন্তায়, পদ্মায়, ওঁ অং অর্কমণ্ডলায় দ্বাদশকলাত্মনে নমঃ, উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে নমঃ, মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ, সং সত্ত্বায়, রং রজসে, তং তমসে, আং আত্মনে, অং অন্তরাত্মনে, পং পরমাত্মনে, হ্রীং জ্ঞানাত্মনে নমঃ।

ঋষ্যাদিন্যাস।

ঋষিং ন্যসেন্মূর্দ্ধ্নি দেশে ছন্দস্তু মুখ-পঙ্কজে। দেবতাং হৃদয়ে চৈব বীজন্তু গুহ্যদেশকে। শক্তিঞ্চ পাদয়োশ্চৈব সর্ব্বাঙ্গে কীলকং ন্যসেৎ। ততস্তু তত্তন্মন্ত্রোক্তন্যাসান্ কুর্য্যাদিতি॥ তন্ত্রসারঃ।

মস্তকে ঋষি, মুখে ছন্দ, হৃদয়ে দেবতা, গুহ্যদেশে বীজ, পদদ্বয়ে শক্তি ও সর্ব্বাঙ্গে কীলক ন্যাস করিবে। যে দেবতার পূজায় যে ঋষি, যে ছন্দ, সেই সেই পদ্ধতিতে তাহা উক্ত আছে। সেই সকল নামাদি উচ্চারণ করিয়া উক্ত স্থান সকল স্পর্শ করিতে হয়। এস্থলে সাধারণ ক্রমমাত্র লিখিত হইল। যথা—

অমুকমন্ত্রস্য অমুকঋষিঃ অমুকচ্ছন্দঃ অমুকদেবতা অমুকবীজং অমুকশক্তিঃ অমুককীলকং মম ইষ্টসিদ্ধ্যর্থে বিনিয়োগঃ। শিরসি ওঁ অমুকঋষয়ে নমঃ, মুখে ওঁ অমুকচ্ছন্দসে নমঃ, হৃদি ওঁ অমুকদেবতায়ৈ নমঃ, গুহ্যে ওঁ অমুকবীজায় নমঃ, পাদয়োঃ ওঁ অমুকশক্তয়ে নমঃ, সর্ব্বাঙ্গে ওঁ অমুককীলকায় নমঃ॥

ব্যাপকন্যাস।

ওঁ বা মূলমন্ত্র উচ্চারণ পূর্ব্বক হৃদয় হইতে আরম্ভ করিয়া পাদপর্য্যন্ত এবং পা হইতে হৃদয় পর্য্যন্ত দুই হস্ত প্রসারণপূর্ব্বক গাত্রের অতি সন্নিকট স্থান দিয়া সঞ্চালন করাকে ব্যাপকন্যাস বলে।

ব্যাপকন্যাস নবধা বা সপ্তধা করিবে, শিরঃ হইতে পা পর্য্যন্ত এবং পা হইতে শিরঃ পর্য্যন্ত ঐরূপে ন্যাস করিবে।

অঙ্গন্যাস।

হৃদয়ং মধ্যমানামাতর্জ্জনীভিঃ স্মৃতং শিরঃ। মধ্যমা-তর্জ্জনীভ্যাং স্যাদঙ্গুষ্ঠেন শিখা স্মৃতা॥ দশভিঃ কবচং প্রোক্তং তিসৃভির্নেত্রমীরিতম্। প্রোক্তাঙ্গুলিভ্যা-মস্ত্রং স্যাদঙ্গক্লৃপ্তিরিয়ং মতা॥ তর্জ্জনীমধ্যমানামাঃ প্রোক্তা নেত্রত্রয়ে ক্রমাৎ। যদি নেত্রদ্বয়ং প্রোক্তং তদা তর্জ্জনীমধ্যমে॥ তন্ত্রসারঃ।

মধ্যমা, অনামিকা ও তর্জ্জনী অঙ্গুলিদ্বারা হৃদয়ে; মধ্যমা ও তর্জ্জনীদ্বারা মস্তকে; অঙ্গুষ্ঠদ্বারা শিখাস্থানে; সর্ব্বাঙ্গুলিদ্বারা কবচে; তর্জ্জনী, মধ্যমা ও অনামিকা এই তিন অঙ্গুলিদ্বারা নেত্রে এবং তর্জ্জনী ও মধ্যমাদ্বারা করতলে ন্যাস করিবে। যদি আরাধ্য দেবতার দুই নেত্র হয়, সেই স্থলে তর্জ্জনী ও মধ্যমাঙ্গুলিদ্বারা নেত্রে ন্যাস করিবে। ইহা ষড়ঙ্গন্যাস।

যে স্থলে পঞ্চাঙ্গন্যাসের ব্যবস্থা, সেখানে নেত্র পরিত্যাগ করিয়া অপর

পঞ্চ অঙ্গে ন্যাস করিবে। বিষ্ণুবিষয়ে উপরিউক্ত অঙ্গুলিনিয়মে ন্যাস করিলে প্রশস্ত হয় না। নিম্নোক্ত বিধানক্রমে তাহা করিতে হয়। যথা—

অনঙ্গুষ্ঠা ঋজবো হস্তশাখা ভবেন্মুদ্রা হৃদয়ে শীর্ষকেঽপি।
অধোঽঙ্গুষ্ঠা খলু মুষ্টিঃ শিখায়াং করদ্বন্দ্বাঙ্গুলয়ো বর্ম্মণি স্যুঃ।
নারাচমুষ্ট্যুদ্ধৃতবাহুযুগ্মকাঙ্গুষ্ঠতর্জ্জন্যুদিতো ধ্বনিস্তু।
বিশ্বগ্বিশক্তা কথিতাস্ত্রমুদ্রা যত্রাক্ষিণী তর্জ্জনীমধ্যমে চ॥

বিষ্ণুবিষয়ে অঙ্গুষ্ঠহীন সরল হস্তশাখা দ্বারা হৃদয়ে ও মস্তকে ন্যাস করিবে, এবং অঙ্গুষ্ঠমধ্যগতমুষ্টিদ্বারা শিখা, উভয় হস্তের সর্ব্বাঙ্গুলিদ্বারা কবচ ও তর্জ্জনী এবং মধ্যমাদ্বারা নেত্রে ন্যাস করিয়া অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীদ্বারা করতলধ্বনি করিবে।

অঙ্গন্যাসক্রম।

আং হৃদয়ায় নমঃ। ঈং শিরসে স্বাহা। ঊং শিখায়ৈ বষট্। ঐং কবচায় হুং। ঔং নেত্রাভ্যাং বৌষট্। (দেবতা ত্রিনেত্র হইলে—"ঔং নেত্রত্রয়ায় বৌষট্" বলিতে হয়)। অঃ করতলপৃষ্ঠাভ্যামস্ত্রায় ফট্। (তর্জ্জনী ও মধ্যমা দ্বারা বামহস্তের তলদেশ বেষ্টন করিয়া করতলধ্বনি করিবে)।

করন্যাস।

আং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ (উভয়হস্তের তর্জ্জনী অঙ্গুলিদ্বারা উভয়হস্তের অঙ্গুষ্ঠ স্পর্শ করিবে)। ঈং তর্জ্জনীভ্যাং স্বাহা, (অঙ্গুষ্ঠদ্বারা উভয় হস্তের তর্জ্জনী স্পর্শ করিবে)। এইরূপ অঙ্গুষ্ঠদ্বারা পর পর সমস্ত অঙ্গুলি স্পর্শ করিবে। যথা— ঊং মধ্যমাভ্যাং বষট্, ঐং অনামিকাভ্যাং হুং, ঔং কনিষ্ঠাভ্যাং বৌষট্, অঃ করতলপৃষ্ঠাভ্যামস্ত্রায় ফট্। (তর্জ্জনী ও মধ্যমাঙ্গুলি দ্বারা বামহস্ততলদেশ বেষ্টন করিয়া করতলধ্বনি করিবে)।

চক্ষুর্দ্দান।

ঘৃত দ্বারা বিল্বপত্রে কাজল প্রস্তুত করিয়া বিল্বপত্রের বোঁটাদ্বারা সেই কাজল দিয়া সেই দেবতার গায়ত্রী পাঠপূর্ব্বক চক্ষুর্দ্দান করিবে। ত্রিনেত্র-দেবতা হইলে, অগ্রে ঊর্দ্ধনেত্রে, তৎপরে দক্ষিণ ও তৎপরে বামনেত্রে দিবে। দ্বিনেত্রদেবতা হইলে, অগ্রে দক্ষিণ; পরে বামনেত্রে দিবে। স্ত্রী দেবতার অগ্রে বাম চক্ষুঃ পরে দক্ষিণ চক্ষুঃ দান করিতে হয়।

প্রাণপ্রতিষ্ঠা।

দূর্ব্বা ও আতপ চাউল দেবতার হৃদয়ে ধরিয়া নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবে এবং বামহস্তে ঘণ্টাধ্বনি করিতে হয়। মন্ত্র যথা,—

ওঁ আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হৌঃ হং সঃ অমুকদেবতায়াঃ প্রাণা ইহ প্রাণাঃ। ওঁ আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হৌং হং সঃ অমুকদেবতায়াঃ জীব ইহ স্থিতঃ। ওঁ আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হৌং হং সঃ অমুকদেবতায়াঃ সর্ব্বেন্দ্রিয়াণি। ওঁ আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হৌং হং সঃ অমুকদেবতায়াঃ বাঙ্মনশ্চক্ষুস্ত্বক্‌শ্রোত্রঘ্রাণপ্রাণা ইহাগত্য সুখং চিরং তিষ্ঠন্তু স্বাহা। ওঁ মনোজূতির্জুষতামাজ্যস্য বৃহস্পতির্যজ্ঞমিমং তনোতু। অরিষ্টং যজ্ঞং সমিমং দধাতু বিশ্বদেবাস ইহ মাদয়ন্তামোম্ প্রতিষ্ঠ। অস্যৈ প্রাণাঃ প্রতিষ্ঠন্তু অস্যৈ প্রাণাঃ ক্ষরন্তু চ। অস্যৈ দেবত্বসংখ্যায়ৈ স্বাহা।

পুরুষদেবতার স্থলে "অস্যৈ" স্থলে "অস্মৈ" বলিতে হয়। লেলিহা মুদ্রাদ্বারা প্রাণ-প্রতিষ্ঠা করা বিধেয়।

আবাহন।

মূলমন্ত্রং সমুচ্চার্য্য সুষুম্নাবর্ত্মনা সুধীঃ। আনীয় তেজঃ স্বস্থানান্নাসিকারন্ধ্র-নির্গতম্। করস্থে মাতৃকাম্ভোজে চৈতন্যং পুষ্পসঞ্চয়ে। সংযোজ্য পুষ্পমধ্যে তৎ সংস্থাপ্যাবাহয়েত্ততঃ॥ ইতি আগম কল্পদ্রুমঃ।

আবাহনের বিশেষ নিয়ম এই যে, মূলমন্ত্র উচ্চারণপূর্ব্বক সুষুম্নাপথে স্বস্থান হইতে তেজ আনয়ন করতঃ নাসারন্ধ্রপথে নির্গত করিয়া করস্থিত পুষ্পসঞ্চয়ে সংস্থাপনপূর্ব্বক আবাহন করিবে।

বিনায়কং তথা দুর্গাং বায়ুমাকাশমেব চ।
আবাহয়েদ্ ব্যাহৃতিভিস্তথৈবাশ্বি-কুমারকৌ॥

বিনায়ক—অর্থাৎ গণেশ, দুর্গা, বায়ু, আকাশ এবং অশ্বিনীকুমারদ্বয়কে ব্যাহৃতি দ্বারা আবাহন করিবে। ব্যাহৃতি—ভূর্ভুবঃ স্বঃ।

ইহাগচ্ছ দ্বিধা পৃচ্ছেদিহ তিষ্ঠ দ্বিধা পুনঃ। ইহ শব্দাৎ সন্নিধেহি ইহ সন্নি-পদাত্ততঃ। রুধ্যস্ব-পদমাভাষ্য কুরুদ্বয়মতঃ পরম্॥ ইতি সরস্বতীতন্ত্রম্।

দুইবার ইহাগচ্ছ (আবাহনী মুদ্রাদ্বারা) দুইবার ইহ তিষ্ঠ (স্থাপনীমুদ্রাদ্বারা) বলিবে। তৎপরে, ইহ সন্নিধেহি (সন্নিধাপনী মুদ্রাদ্বারা), ইহ সন্নিরুধ্যস্ব (সংবোধনী মুদ্রাদ্বারা), অত্রাধিষ্ঠানং কুরু (সম্মুখীকরণীমুদ্রাদ্বারা), মম পূজাং গৃহাণ (করযোড় করিয়া) বলিবে।

মানস-পূজা।

বাহ্যপূজাক্রমেণৈব ধ্যানযোগেন পূজয়েৎ। সংপূজ্য চিন্তয়েদ্দেবং বচসা

মনসা হৃদা। তথৈব সাধকো লোকে চান্তর্যাগপরায়ণঃ॥ ইতি মুণ্ড-মালাতন্ত্রে।

হৃদয়ে প্রার্থনামুদ্রা স্থাপনপূর্ব্বক বাহ্যপূজার উপচার উপকরণাদি এবং উল্লিখিত ক্রমদ্বারা মানসপূজা করিতে হয়। বাক্য, মন ও হৃদয় দ্বারা মানস পূজা করিবে।

বিশেষার্ঘ্য স্থাপন।

পূজক নিজের বাম দিকে চতুষ্কোণ মণ্ডল করিয়া সেই চতুষ্কোণ মণ্ডলের মধ্যে একটী বৃত্ত এবং তাহার মধ্যে একটী ত্রিকোণ মণ্ডল করিবে এবং সেই ত্রিকোণ মণ্ডলের মধ্যে "হূং" এই বীজমন্ত্র লিখিয়া অর্চ্চনা করিবে। যথা—এতে গন্ধপুষ্পে ওঁ আধারশক্তয়ে নমঃ, ওঁ কূর্ম্মায় নমঃ, ওঁ অনন্তায় নমঃ, ওঁ পৃথিব্যৈ নমঃ।

তৎপরে উহার উপরে ত্রিপদিকা আরোপণ করিয়া "হূং ফট্" এই মন্ত্রে শঙ্খ ধুইয়া মণ্ডলের উপর রাখিবে। মূলমন্ত্রে শুদ্ধজল উহাতে দিয়া—"মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ, এই মন্ত্রে ত্রিপদিকায়—"অং অর্কমণ্ডলায় দ্বাদশ কলাত্মনে নমঃ" এই মন্ত্রে শঙ্খে—"উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে নমঃ"—এই মন্ত্রে জলে পূজা করিবে। তদনন্তর শঙ্খস্থ জল তিনভাগ করিয়া মূলমন্ত্রে গন্ধপুষ্প দিয়া পুষ্প, দূর্ব্বা, গন্ধ ও তণ্ডুলাদিতে অর্ঘ্য সাজাইয়া তদুপরি রাখিয়া ধেনুমুদ্রাদ্বারা অমৃতীকরণ, মৎস্যমুদ্রায় আচ্ছাদন, তৎপরে অঙ্কুশমুদ্রা দ্বারা জল শোধন করিবে। মন্ত্র যথা—"ওঁ গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি। নর্ম্মদে সিন্ধু কাবেরি জলেঽস্মিন্ সন্নিধিং কুরু॥"

অনন্তর আটবার মূলমন্ত্র জপ করিয়া স্বীয় হৃদয় হইতে দেবতাকে সেই জলে আবাহন করতঃ "হুঁং" এই অবগুণ্ঠনমন্ত্রে যথাবিধি মুদ্রা দেখাইবে। দেবতা-বিশেষে যাহা বিশেষ আছে, তাহা তত্তৎপদ্ধতিতে লিখিত হইবে। তদনন্তর অঙ্গন্যাস ও করন্যাস করিয়া সেই অর্ঘ্যপাত্রের জল প্রোক্ষণীপাত্রে লইয়া সেই জল নিজ মস্তকে ও পূজার উপকরণাদিতে অভ্যুক্ষণ করিবে। (ছিটাইয়া দিবে)।

জপনিয়ম।

স্ত্রীদেবতার জপ শক্তিমালাক্রমে ও পুরুষদেবতার জপ শৈবমালাক্রমে করিবে।

শক্তিমালা।

অনামিকাদ্বয়ং পর্ব্ব কনিষ্ঠাদিক্রমেণ তু।
তর্জ্জনীমূলপর্য্যন্তং প্রজপেৎ সুসমাহিতঃ॥

মানুষের আঙ্গুলের প্রতি সন্ধিস্থলে যে রেখা বা দাগ আছে, উহার তুই রেখার মধ্যস্থলকে এক এক পর্ব্ব বলে। প্রত্যেক অঙ্গুলিতে তিনটী করিয়া এইরূপ পর্ব্ব আছে।

অনামিকার মধ্য পর্ব্ব হইতে জপ আরম্ভ করিয়া কনিষ্ঠার তিন পর্ব্ব, তার-পরে অনামিকার অগ্রপর্ব্ব ও মধ্যমার তিন পর্ব্ব এবং তর্জ্জনীর মূল পর্ব্ব পর্য্যন্ত জপ করিবে।

শৈবমালা।

তিস্রোঽঙ্গুল্যস্ত্রিপর্ব্বাণো মধ্যমা চৈক পর্ব্বিকা।
মধ্যমায়া দ্বয়ং পর্ব্ব মেরুত্বেনোপকল্পিতম্॥

অনামিকার তুই পর্ব্ব, কনিষ্ঠার তিন পর্ব্ব, অনামা ও মধ্যমার অগ্রপর্ব্বদ্বয়, তৎপরে তর্জ্জনীর অগ্র পর্ব্ব হইতে মূল পর্ব্ব পর্য্যন্ত জপ করিবে।

এইরূপ জপে দশসংখ্যক জপ হয়। এই দশগুণিতরূপে যত ইচ্ছা, তত সংখ্যক জপ করা যাইতে পারে। অর্থাৎ একবার এই প্রকারে জপ সমাপ্ত করিলে দশবার হইল, তাহার এক সংখ্যা রাখিয়া পুনরায় ঐরূপে দশবার জপ করিলে আর একটী সংখ্যা রাখিয়া, ক্রমে যত ইচ্ছা জপ করিতে পারে। এইরূপ জপ সংখ্যা ঠিক রাখিবার জন্য যে দ্রব্য অব্যবহার্য্য বা ব্যবহার্য্য, তাহা এই—

নাক্ষতৈর্হস্তপর্ব্বৈর্বা ন ধান্যৈর্ন চ পুষ্পকৈঃ।
ন চন্দনৈর্মৃত্তিকয়া জপসংখ্যান্তু কারয়েৎ॥ তন্ত্রসারঃ।

চাউল, হস্তপর্ব্ব, ধান্য, পুষ্প, চন্দন বা মৃত্তিকাদ্বারা জপসংখ্যা করিবে না।

লাক্ষাকুশীদসিন্দুরং গোময়ঞ্চ করীষকম্।
বিলোড্য গুটিকাং কৃত্বা জপসংখ্যাঞ্চ কারয়েৎ॥

লাক্ষা, কুশীদ, সিন্দুর, গোময় বা করীষক (শুষ্ক গোময়) দ্বারা গুটিকাদি প্রস্তুত করিয়া তদ্দারা জপসংখ্যা রাখিবে।

অঙ্গুল্যগ্রে চ যজ্জপ্তং যজ্জপ্তং মেরুলঙ্ঘনে।
পর্ব্বসন্ধিষু যজ্জপ্তং তৎসর্ব্বং নিষ্ফলং ভবেৎ॥

অঙ্গুলির অগ্রভাগদ্বারা জপ করিবে না,—অর্থাৎ নখস্পর্শ না হয়। মেরু (জপের মালার গোড়ার বৃন্তমালা এবং হস্ত জপের অঙ্গুলির গোড়ার রেখা লঙ্ঘন করিয়া জপ করিবে না এবং পর্ব্ব সন্ধিতে—অর্থাৎ রেখাগুলিতে কদাচ জপ করিবে না, করিলে জপ নিষ্ফল হয়।

যথাশক্তি জপ লেখা থাকিলে দশ, অষ্টাদশ, অষ্টাবিংশতি বা অষ্টোত্তর-শত কিম্বা সহস্র জপ করিতে হয়। জপের সংখ্যা নির্দ্দিষ্ট থাকিলে তাহার চারিগুণ জপ করা বিধেয়। কারণ কলিতে চারিগুণের ব্যবস্থা আছে।

আটবার জপ করিতে হইলে নিম্নলিখিত ক্রম অনুসারে জপ করিতে হয়। দশসংখ্যক জপ করিয়া তৎপরে অষ্টসংখ্যক জপেও এই নিয়ম। যথা—

অনামামূলমারভ্য কনিষ্ঠাদিক্রমেণ তু।
তর্জ্জনীমধ্যপর্য্যন্তমষ্টপর্ব্বসু সঞ্জপেৎ॥

অনামিকার মূলপর্ব্ব হইতে আরম্ভ করিয়া কনিষ্ঠাদিক্রমে তর্জ্জনীর মধ্যপর্ব্ব পর্য্যন্ত জপ করিবে।

হৃদয়ে হস্তমাধায় তির্য্যক্ কৃত্বা করাঙ্গুলীঃ।
আচ্ছাদ্য বাসসা হস্তৌ দক্ষিণেন সদা জপেৎ॥

দক্ষিণ হাতের অঙ্গুষ্ঠ ব্যতীত অঙ্গুলিসকল পরস্পর সংলগ্ন করিয়া চিৎ ভাবে হৃৎপদ্মে ঐ হাত রাখিবে এবং বামহাত দক্ষিণহাতের তলদেশে ঐরূপ ভাবে দিয়া অঙ্গুলিগুলি বক্রভাব করিয়া অঙ্গুষ্ঠের অগ্রপর্ব্ব দ্বারা জপ করিবে। জপের সময় বস্ত্র দ্বারা উভয় হস্ত আচ্ছাদন করিয়া রাখিবে।

জপকালীন দেবতাকে চিন্তা করিতে করিতে মন্ত্র অতি স্পষ্টভাবে যথা-বিধি বিশুদ্ধ উচ্চারণ করিয়া অন্যের অশ্রুতরূপে জপ করিবে। ইহার নাম উপাংশু জপ। মানস জপ সর্ব্বাপেক্ষা প্রশস্ত। জপকালে কোন প্রকার অঙ্গভঙ্গী, দাঁত বাহির করা, অন্যদিকে মন দেওয়া, হাঁচি কি কাসি প্রভৃতি নিষেধ।

"জপস্যাদৌ তথাচান্তে প্রাণায়ামং সমাচরেৎ॥"

জপ করিবার আগে এবং জপের শেষে প্রাণায়াম করিতে হয়।

জপসমর্পণ।

এবং জপং পুরা কৃত্বা গন্ধাক্ষতকুশোদকৈঃ। জপং সমর্পয়েদ্দেব্যা বামহস্তে বিচক্ষণঃ॥ দেবস্য দক্ষিণে হস্তে কুশপুষ্পার্ঘ্যবারিভিঃ॥

প্রাগুক্ত প্রকারে জপ করিয়া গন্ধাক্ষত ও কুশোদক দ্বারা নিম্নলিখিত মন্ত্র

পাঠ করতঃ স্ত্রীদেবতার বাম হস্তে জপ সমর্পণ করিবে। আর পুরুষদেবতার দক্ষিণহস্তে কুশ, পুষ্প ও অর্ঘ্যজল দ্বারা জপ সমর্পণ করিবে। মন্ত্র যথা—

ওঁ গুহ্যাতিগুহ্যগোপ্ত্রী ত্বং গৃহাণাস্মৎকৃতং জপং। সিদ্ধির্ভবতু মে দেবি ত্বৎপ্রসাদাৎ সুরেশ্বরি ॥

"সুরেশ্বরি" স্থলে "মহেশ্বরি" আদিও বলা যায়। আর পুরুষদেবতা হইলে "গোপ্ত্রী ত্বং" স্থলে "গোপ্তা ত্বং" "মে দেবি" স্থলে "মে দেব" "সুরেশ্বরি" স্থলে "সুরেশ্বর" "মহেশ্বর" আর বিষ্ণুবিষয়ে "জনার্দ্দন" বলিবে।

প্রণাম-বিধি।

অষ্টাঙ্গ ও পঞ্চাঙ্গ প্রণামই দেবপূজায় প্রশস্ত। পূজান্তে এইরূপ প্রণাম করিতে হয়। পূজাকালে আসনোপবিষ্ট পূজক করযোড়ে প্রণাম করিবে।

অষ্টাঙ্গ-প্রণাম।

পদ্ভ্যাং করাভ্যাং জানুভ্যামুরসা শিরসা দৃশা।
বচসা মনসা চৈব প্রণামোঽষ্টাঙ্গ ঈরিতঃ ॥ তন্ত্রসারঃ।

পদদ্বয়, হস্তদ্বয়, জানুদ্বয়, বক্ষ, মস্তক, চক্ষুঃ, বাক্য ও মন এই অষ্ট অঙ্গ দ্বারা প্রণামকে অষ্টাঙ্গ-প্রণাম বলে।

পঞ্চাঙ্গ-প্রণাম।

বাহুভ্যাঞ্চৈব জানুভ্যাং শিরসা বচসা দৃশা।
পঞ্চাঙ্গোঽয়ং প্রণামঃ স্যাৎ পূজাসু প্রবরাবিমৌ ॥ তন্ত্রসারঃ।

বাহুদ্বয়, জানুদ্বয়, মস্তক, বাক্য ও চক্ষুঃ এই পঞ্চাঙ্গ দ্বারা প্রণামকে পঞ্চাঙ্গ-প্রণাম বলে।

স্ববামে প্রণমেদ্বিষ্ণুং দক্ষিণে শক্তিশঙ্করৌ।
প্রণমেচ্চ গুরোরগ্রে চান্যথা নিষ্ফলং ভবেৎ ॥

বিষ্ণুকে বামে, শক্তি এবং শঙ্করকে দক্ষিণে ও গুরুকে অগ্রে রাখিয়া প্রণাম করিবে। ইহার অন্যথা করিলে নিষ্ফল হয়।

একহস্তপ্রণামশ্চ একং বাপি প্রদক্ষিণম্।
অকালে দর্শনং বিষ্ণোর্হন্তি পুণ্যং পুরাকৃতম্ ॥

একহস্ত প্রণাম, একবার প্রদক্ষিণ ও অকালে বিষ্ণুদর্শন, ইহাতে পূর্ব্বকৃত পুণ্য বিনষ্ট হয়। এই সমুদয় বিষ্ণু বিষয়ে করিবে না।

প্রদক্ষিণ।

শঙ্খহস্তেন সর্ব্বত্র দক্ষিণং পরিকীর্ত্তিতম্ ॥—বিশ্বসারঃ।

হস্তে শঙ্খ লইয়া দেবতার প্রদক্ষিণ করিবে।

দক্ষিণাদ্বায়বীং গত্বা দিশস্তস্মাশ্চ শাম্ভবীম্॥ ততশ্চ দক্ষিণং গত্বা নমস্কার স্ত্রিকোণবৎ॥ অর্দ্ধচন্দ্রং মহেশস্য পৃষ্ঠতশ্চ সমীরিতা। শিবপ্রদক্ষিণে মন্ত্রী অর্দ্ধচন্দ্রক্রমেণ তু॥ সব্যাসব্যক্রমেণৈব সোমসূত্রং ন লঙ্ঘয়েৎ। সোমসূত্রং জলনিঃসরণস্থানম্ ॥—ইতি তন্ত্রসারঃ।

শক্তি দেবতার প্রণাম ত্রিকোণাকারে করিবে, যথা—দেবতার দক্ষিণদিক হইতে বায়ুকোণ পর্য্যন্ত গমন করিয়া পরে ঈশানকোণে গমন করিতে হয়, তদনন্তর পুনরায় বায়ুকোণ দিয়া দক্ষিণে আসিতে হয়। ইহাকেই ত্রিকোণাকার প্রদক্ষিণ বলে। শিবপ্রদক্ষিণস্থলে অর্দ্ধচন্দ্রাকারে প্রদক্ষিণপূর্ব্বক প্রণাম করিবে,—অর্থাৎ অগ্নিকোণ হইয়া বায়ুকোণে যাইবে এবং বায়ুকোণ হইতে অগ্নিকোণে আসিবে। সোমসূত্র লঙ্ঘন করিতে নাই। যোনিপীঠের অগ্রবর্ত্তী স্থানকে সোমসূত্র বলে।

একং দেব্যাং রবৌ সপ্ত ত্রীণি কুর্য্যাদ্বিনায়কে।
চত্বারি কেশবে কুর্য্যাৎ শিবে চার্দ্ধপ্রদক্ষিণম্ ॥—কর্ম্মলোচনম্।

স্ত্রীদেবতাকে একবার, সূর্য্যকে সাতবার, গণেশকে তিনবার, বিষ্ণুকে চারি বার এবং শিবকে অর্দ্ধপ্রদক্ষিণ করিবে। বিষ্ণুকে তিনবার প্রদক্ষিণ করার বিধিও দেখা যায়। যথা,—

সকৃল্লির্বা বেষ্টয়িত্বা দেব্যাঃ প্রীতিঃ প্রজায়তে। স চ প্রদক্ষিণো জ্ঞেয়ঃ সর্ব্বদেবস্য তুষ্টিদঃ ॥—কালিকাপুরাণম্।

এক বা তিন বার বেষ্টনে দেবীগণকে প্রদক্ষিণ করিলে তাঁহাদের প্রীতি হয় এবং তাহাতে সর্ব্বদেবতাই তুষ্ট হইয়া থাকেন।

আত্ম-সমর্পণ।

গণ্ডূষপরিমিত জল হস্তে গ্রহণ করিয়া, নিম্নলিখিত মন্ত্র পাঠপূর্ব্বক সেই জল দেবতাচরণে অর্পণ করিবে। মন্ত্র যথা—**ওঁ ইতঃ পূর্ব্বং প্রাণবুদ্ধি-দেহধর্ম্মাধিকারতো জাগ্রৎস্বপ্নসুষুপ্ত্যবস্থাসু মনসা বাচা হস্তাভ্যাং পদ্ভ্যামুদরেণ শিশ্না যৎ স্মৃতং যদুক্তং যৎ কৃতং তৎসর্ব্বং ব্রহ্মার্পণং ভবতু স্বাহা, মাং মদীয়ং সকলং সম্যগমুকদেবতায়ৈ সমর্পয়ামি ওঁ তৎ সৎ ॥**

বিসর্জ্জন।

"দেবতার শরীরে আবরণ-দেবতাগণ বিলীন হইয়াছেন," এইরূপ চিন্তা করিয়া "ক্ষমস্ব" এই মন্ত্রে বিসর্জ্জন করিবে।

সংহারমুদ্রয়া তত্তেজঃ পুষ্পৈঃ সার্দ্ধং স্বহৃদয়মানয়েৎ।
তথাচ—নিধায় দেবতাং পশ্চাৎ স্বীয়হৃৎসরসীরুহে।
সুষুম্নাবর্ত্মনা পুষ্পমাঘ্রায়োদ্বাসয়েত্ততঃ॥ ইতি তন্ত্রসারঃ।

সংহারমুদ্রাদ্বারা নির্ম্মাল্য গ্রহণের সহিত সুষুম্নাপথে সেই পুষ্পের গন্ধের সহিত দেবতার তেজ নিজ হৃদয়পদ্মে আনয়ন করিবে। তৎপরে ঈশানকোণে ত্রিকোণমণ্ডল করতঃ তদুপরি নির্ম্মাল্যশেষ প্রদান করিবে। পরে বিষ্ণুবিষয়ে—ওঁ বিশ্বক্সেনায় নমঃ; শক্তিবিষয়ে—ওঁ শেষিকায়ৈ নমঃ; শিববিষয়ে—ওঁ চণ্ডেশ্বরায় নমঃ; সূর্য্য বিষয়ে—ওঁ তেজশ্চণ্ডায় নমঃ; গণেশবিষয়ে—ওঁ উচ্ছিষ্ট-গণেশায় নমঃ; কালিকাদিবিষয়ে—ওঁ উচ্ছিষ্টচাণ্ডালিন্যৈ নমঃ—বলিয়া পূজা করিবে।

যে ঘটে দেবপূজা হয়, সেই ঘটে হাত দিয়া একটু চালিত করিতে হইবে। সাধারণ ঘটচালনার মন্ত্র যথা,—**ওঁ গচ্ছ গচ্ছ পরং স্থানং স্বস্থানং পরমেশ্বরি। পূজাধারণকালে চ পুনরাগমনায় চ॥**

চন্দনাদিলেপনবিধি।

নির্ম্মাল্যং শিরসা ধার্য্যং সর্ব্বাঙ্গে চানুলেপনম্। নৈবেদ্যং চোপভুঞ্জীত দত্ত্বা তদ্ভক্তিশালিনে। দেবতার্চ্চাবশিষ্টং যৎ সলিলং শঙ্খমধ্যগম্। অঙ্গলগ্নং মনুষ্যাণাং ব্রহ্মহত্যাং ব্যপোহতি॥ তন্ত্রসারঃ।

নির্ম্মাল্য পুষ্পাদি মস্তকে ধারণপূর্ব্বক সর্ব্বাঙ্গে চন্দন লেপন করিবে। দেবতার বিশিষ্ট ভক্ত ব্যক্তিকে নৈবেদ্য দান করিয়া নিজে ভক্ষণ করিবে। দেবতার্চ্চনের অবশিষ্ট শঙ্খমধ্যস্থ জল অঙ্গে লেপন করিলে ব্রহ্মহত্যাদি পাপ বিনষ্ট হয়।

আরাত্রিক।

আদৌ চতুষ্পাদতলৈকদেশে দ্বৌ নাভিদেশে মুখমণ্ডলে, ত্রীন্।
সর্ব্বেষু গাত্রেষু চ সপ্তবারানারাত্রিকং তন্মুনয়ো বদন্তি॥

অগ্রে দেবতার পদতলে চারিবার, নাভিদেশে দুইবার, মুখমণ্ডলে তিনবার, তৎপরে সর্ব্বগাত্রে সাতবার আরাত্রিক করিতে হয়। চরণ, নাভি, মুখ প্রভৃতির দিকে দৃষ্টিনিক্ষেপ করতঃ আরাত্রিক করিতে হয়। আরাত্রিককে নীরাজন

বলে। ধূপ দীপ প্রভৃতি নিবেদন করিয়া আরাত্রিক করিতে হয়। পঞ্চ-নীরাজন-বিধিক্রমেও আরাত্রিক করা হইয়া থাকে। পঞ্চনীরাজন যথা,—

পঞ্চনীরাজনং কুর্য্যাৎ প্রথমং দীপমালয়া। দ্বিতীয়ং সোদকাব্জেন তৃতীয়ং ধৌতবাসসা। চূতাশ্বথবিল্বপত্রৈশ্চতুর্থং পরিকীর্ত্তিতম্। সাষ্টাঙ্গপ্রণিপাতেন পঞ্চমেন যথাবিধি॥

প্রথমে দীপমালা—অর্থাৎ পঞ্চপ্রদীপ, দ্বিতীয়ে সোদকাব্জ অর্থাৎ অর্ঘ্যপাত্র, তৃতীয়ে ধৌতবস্ত্র, চতুর্থে আম্র, অশ্বথ বা বিল্বপত্র, তৎপরে প্রণিপাত। সমস্তই যথাবিধি ঘুরাইয়া আরাত্রিক করিবে। কর্পূর, যজ্ঞধূপ, চামর ব্যজন প্রভৃতি দ্বারাও আরাত্রিক করিতে হয়।

সামবেদীয় শান্তি।

মহাবামদেব্যঋষির্ব্বিরাড়্‌গায়ত্রীচ্ছন্দ ইন্দ্রো দেবতা শান্তি-কর্ম্মণি জপে বিনিয়োগঃ। ওঁ কয়া নশ্চিত্র আ ভুবদূতী সদা বৃধঃ সখা। কয়া শচিষ্ঠয়া বৃতা॥ ওঁ কস্ত্বা সত্যো মদানাং মংহিষ্ঠো মৎসদন্ধসঃ। দৃঢ়া চিদারুজে বসু। ওঁ অভীষুণঃ সখীনামবিতা জরিতৄণাম্। শতং ভবাস্যূতয়ে॥ ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ। স্বস্তি নস্তার্ক্ষ্যো অরিষ্টনেমিঃ স্বস্তি নো বৃহস্পতির্দ্দধাতু॥ ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি। ওঁ শান্তিরস্তু শিবঞ্চাস্তু বিনশ্যত্বশুভঞ্চ যৎ। যত এবাগতং পাপং তত্রৈব প্রতিগচ্ছতু স্বাহা।

ঋগ্বেদীয় শান্তি।

**ওঁ শংবতীঃ পাবয়ন্ত্যেতে তং পৃচ্ছন্তি বচো যুজা।
অভ্যারং তং যমাকেতুং য এবেদমিতি ব্রবৎ। ১।
ওঁ ভাসাকেতুং পুরুস্পৃহং ভারতীর্ব্রহ্মবর্দ্ধনীঃ।
সংজানানা মহী মাতা য এবেদমিতি ব্রবৎ। ২।
ওঁ ইন্দ্রস্তং কিং বিভুং প্রভুং ভানুনেয়ং সরস্বতী।
যেন সূর্য্যমরোচয়দ্ যেনেমে রোদসী উভে। ৩।**

ওঁ জুষস্বাগ্নে অঙ্গিরঃ কাণ্বং মেধ্যাতিথিং।
মা ত্বা সোমস্য বর্হৎসুতস্য মধুমত্তমঃ। ৪।
ওঁ ত্বমগ্নে অঙ্গিরঃ শোচস্ব দেববীতমঃ।
আ শন্তমাশন্তমাভিরভিষ্টিভিঃ শান্তিং স্বস্তিমকুর্ব্বত। ৫।
ওঁ শং নঃ কনিক্রদদ্দেবঃ পর্জন্যো অভিবর্ষতু।
শং নো দ্যাবাপৃথিবী শং প্রজাভ্যঃ শং ন এধি দ্বিপদে
শং চতুষ্পদে। ৬।
ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ।
স্বস্তি নস্তার্ক্ষ্যো অরিষ্টনেমিঃ স্বস্তি নো বৃহস্পাতির্দ্দধাতু। ৭।
ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি।

যজুর্ব্বেদীয়-শান্তি।

ওঁ ঋচং বাচং প্রপদ্যে মনো যজুঃ প্রপদ্যে সাম প্রাণং প্রপদ্যে চক্ষুঃশ্রোত্রং প্রপদ্যে বাগোজঃ সহোজো ময়ি প্রাণাপানৌ। ওঁ যন্মে ছিদ্রং চক্ষুষোর্হৃদয়স্য মনসো বাতিতৃণং বৃহস্পতির্মে তদ্দধাতু। শন্নো ভবতু ভুবনস্য যস্পতিঃ। ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ। স্বস্তি নস্তার্ক্ষ্যো অরিষ্টনেমিঃ স্বস্তি নো বৃহস্পতির্দ্দধাতু॥ ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি।

তান্ত্রিক-শান্তি।

ওঁ সুরাস্ত্বামভিষিঞ্চন্তু ব্রহ্মবিষ্ণুমহেশ্বরাঃ। বাসুদেবোজগন্নাথস্তথা সঙ্কর্ষণো বিভুঃ॥ প্রদ্যুম্নশ্চানিরুদ্ধশ্চ ভবন্তু বিজয়ায় তে। ওঁ আখণ্ডলোহগ্নির্ভগবান্ যমো বৈ নৈঋর্তস্তথা॥ বরুণঃ পবনশ্চৈব ধনাধ্যক্ষস্তথা শিবঃ। ব্রহ্মণা সহিতঃ শেষো দিক্‌পালাঃ পান্তু তে সদা॥ ওঁ কীর্ত্তির্লক্ষ্মীর্ধৃতির্মেধা পুষ্টিঃ শ্রদ্ধা ক্ষমা মতিঃ। বুদ্ধির্লজ্জা বপুঃ শান্তিস্তুষ্টিঃ কান্তিশ্চ মাতরঃ॥ এতাস্ত্বামভিষিঞ্চন্তু ধর্ম্মপত্ন্যঃ সমাগতাঃ। ওঁ আদিত্যশ্চন্দ্রমা ভৌমো বুধজীবসিতার্কজাঃ। গ্রহাস্ত্বামভিষিঞ্চন্তু

রাহুঃ কেতুশ্চ তর্পিতাঃ॥ ওঁ ঋষয়ো মুনয়ো গাবো দেবমাতর এব চ। দেবপত্ন্যো ধ্রুবা নাগা দৈত্যাশ্চাপ্সরসাং গণাঃ॥ অস্ত্রাণি সর্ব্বশস্ত্রাণি রাজানো বাহনানি চ। ঔষধানি চ রত্নানি কালস্যাবয়বাশ্চ যে॥ সরিতঃ সাগরাঃ শৈলাস্তীর্থানি জলদা নদাঃ। দেবদানবগন্ধর্ব্বা যক্ষরাক্ষসপন্নগাঃ। এতে ত্বামভি-ষিঞ্চন্তু ধর্ম্মকামার্থসিদ্ধয়ে॥

পঞ্চোপচার-পূজা।

গন্ধপুষ্পে তথা ধূপদীপৌ নৈবেদ্যমেব চ।

অখণ্ডং ফলমাসাদ্য কৈবল্যং লভতে ধ্রুবম্॥—তন্ত্রসারঃ।

গন্ধ, পুষ্প, ধূপ, দীপ ও নৈবেদ্য এই পঞ্চোপচারে পূজা হয়। পঞ্চোপচার পূজায় ধ্যানাদি পাঠ করিতে দেখা যায় না।

দশোপচার-পূজা।

পাদ্যমর্ঘ্যং তথাচামং গন্ধপুষ্পে তথা পরে।

ধূপদীপনৈবেদ্যান্তা উপচারা দশ ক্রমাৎ॥—তন্ত্রসারঃ।

পাদ্য, অর্ঘ্য, আচমনীয়, স্নানীয়, পুনরাচমনীয়, গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য এই দশোপচার-পূজা। তন্ত্রসারোদ্ধৃত বচনে যদিও আচমনীয় পুনরাচ-মনীয়ের উল্লেখ নাই, কিন্তু টীকাকার প্রতিষ্ঠাতত্ত্বে উহার উল্লেখ করিয়াছেন।

ষোড়শোপচার-পূজা।

আসনং স্বাগতং পাদ্যমর্ঘ্যমাচমনীয়কম্। মধুপর্ক স্তথা স্নানং বসনাভরণানি চ॥ গন্ধপুষ্পে ধূপদীপৌ নৈবদ্যাচমনন্ততঃ। তাম্বুলমর্চ্চনা স্তোত্রং তর্পণঞ্চ নমস্ক্রিয়া। প্রযোজয়েদর্চ্চনায়ামুপচারাংস্তু ষোড়শ॥—তন্ত্রসারঃ।

আসন, স্বাগত, পাদ্য, অর্ঘ্য, আচমনীয়, মধুপর্ক, স্নানীয়, বসন, আভরণ, গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য, আচমনীয়, তাম্বুল, অর্চ্চনা, স্তোত্রপাঠ, তর্পণ ও নমস্কার।

অষ্টাদশোপচার-পূজা।

আসনং স্বাগতং পাদ্যমর্ঘ্যমাচমনীয়কম্। মধুপর্কস্তথা স্নানং যজ্ঞোপবীত-ভূষণম্। গন্ধপুষ্পে তথা ধূপদীপাবন্নঞ্চ দর্পণম্। মাল্যানুলেপনঞ্চৈব নমস্কার-বিসর্জ্জনে। অষ্টাদশোপচারৈস্তু মন্ত্রী পূজাং সমাচরেৎ॥—তন্ত্রসারঃ।

উপচার দানবিধি।

যে দ্রব্য নিবেদন করিতে হইবে, তাহা পুংলিঙ্গবাচক শব্দ হইলে তৎপূর্ব্বে

এষ শব্দ ব্যবহার করিতে হয়। যেমন এব ধূপঃ ইত্যাদি আর স্ত্রীলিঙ্গ-বাচক হইলে এষা শব্দ তৎপূর্ব্বে বলিবে, যথা,—এষা শর্করা, ক্লীবলিঙ্গ হইলে এতৎ বা ইদং শব্দ পূর্ব্বে ব্যবহার করিবে। যেমন এতৎ পাদ্যম্, ইদম্ আসনম্ ইত্যাদি। সকল উপচারই প্রথমান্ত হইবে।

অর্ঘ্য।

গন্ধপুষ্পাক্ষতযবকুশাগ্রতিলসর্ষপৈঃ। সদূর্ব্বৈঃ সর্ব্বদেবানামেতদর্ঘ্যমুদাহৃতম্।

গন্ধ, পুষ্প, আতপ চাউল, যব, কুশের অগ্র, তিল, সর্ষপ এবং দূর্ব্বা, সকল দেবতাবিষয়ক অর্ঘ্যেই প্রদান করা যায়। অন্যান্য দ্রব্যের অভাব হইলে কেবল আতপতণ্ডুল ও দূর্ব্বাদ্বারা অর্ঘ্য দেওয়া হয়।

মধুপর্ক।

দধিসর্পির্জলং ক্ষৌদ্রং সিতৈতাভিস্তু পঞ্চভিঃ। প্রোচ্যতে মধুপর্কস্তু সর্ব্ব-দেবৌঘতুষ্টয়ে॥ জলন্তু সর্ব্বতঃ স্বল্পং সিতা দধি ঘৃতং সমম্। সর্ব্বেষামধিকং ক্ষৌদ্রং মধুপর্কে প্রযোজয়েৎ॥ তদ্দদ্যাৎ কাংস্যপাত্রেণ রৌপ্যশ্বেতভবেন বা॥—

কালিকাপুরাণম্।

দধি, ঘৃত, জল, মধু ও শর্করা কাংস্য কি সৌবর্ণ অথবা রৌপ্যপাত্রে করিয়া মধুপর্ক দিবে। মধুপর্কে অন্যান্য জিনিষ অপেক্ষা জল কম দিবে। শর্করা, দধি ও ঘৃত সমভাগে, কেবল মধুই অধিক পরিমাণে দিতে হইবে।

পুষ্প ও বিল্বপত্র।

যথোৎপন্নং তথা দেয়ং বিল্বপত্রং ত্বধোমুখম্। অঙ্গুষ্ঠতর্জ্জনীভ্যাঞ্চ বৃন্তং ধৃত্বা সমর্পয়েৎ॥ বহুপুষ্পসমাযুক্তপ্রদানে নিয়মো ন হি। সংস্থাপ্য বামহস্তে তু ততঃ পুষ্পং ন দীয়তে।

পুষ্পাদি যে ভাবে উৎপন্ন হয়, সেই ভাবে দেবতাকে দান করিবে; কেবল বিল্বপত্র অধোমুখ করিয়া দিবে। সমস্তই অঙ্গুষ্ঠ ও তর্জ্জনী অঙ্গুলি দ্বারা বোঁটা ধরিয়া দিবে। বহুপুষ্পদানে কোন নিয়ম নাই। বাম হস্তে পুষ্প রাখিয়া দক্ষিণ হস্ত দ্বারা একটী করিয়া দেবতাকে প্রদান করিতে নাই।

ধূপ ও দীপ।

দীপং দক্ষিণতো দদ্যাৎ পুরতো বা ন বামতঃ। বামতস্তু তথা ধূপং পুরতো ন তু দক্ষিণে॥ ন ভূমৌ বিতরেদ্ধূপং নাসনে ন ঘটে তথা। যথা তথাধারগতং কৃত্বা তু বিনিবেদয়েৎ॥

দেবতার দক্ষিণে দীপ দান করিবে, সম্মুখে বা বামে দিবে না। ধূপ বামদিকে দিবে, সম্মুখে বা দক্ষিণে দিবে না; ধূপ আসনে বা ঘটে রাখিয়া নিবেদন করিবে না। আধারে রাখিয়া নিবেদন করিবে।

ধূপ দীপ নিবেদন করিয়া,—"ওঁ জয়ধ্বনি মন্ত্রমাতঃ স্বাহা" এই মন্ত্রে পুষ্প ও অক্ষতদ্বারা ঘণ্টার অর্চ্চনা করিয়া বামহস্তে ঘণ্টাবাদন করতঃ তত্তন্মন্ত্রে ধূপ দীপ প্রদান করিবে। আরাত্রিক করিয়া দিবার ব্যবস্থা আছে।

নৈবেদ্য।

নৈবেদ্যং দক্ষিণে বামে পুরতো বা ন পৃষ্ঠতঃ।

দেবতার দক্ষিণে, বামে ও সম্মুখে নৈবেদ্য দান করিবে। পৃষ্ঠে দিবে না।

শক্তিবিষয়ে নৈবেদ্য নিবেদন করিবার সময় "ফট্" এইমন্ত্রে জলদ্বারা নৈবেদ্যের উপর মূলমন্ত্র আটবার জপ করিয়া ধেনুমুদ্রায় অমৃতীকরণ করতঃ মূলমন্ত্রে নৈবেদ্য নিবেদন করিবে।—যথা—"এতৎ সঘৃতোপকরণং নৈবেদ্যং হ্রীং দুর্গায়ৈ নমঃ"। তৎপরে বামহস্তে গ্রাসমুদ্রা করিয়া দক্ষিণহস্তে প্রাণ, অপান, সমান, উদান, ব্যান প্রভৃতি পঞ্চ মুদ্রা "ওঁ প্রাণায় স্বাহা, ওঁ অপানায় স্বাহা, ওঁ সমানায় স্বাহা, ওঁ উদানায় স্বাহা, ওঁ ব্যানায় স্বাহা। এই মন্ত্র পাঠ করিবে।

ধূপ ও দীপদানের বিশেষ মন্ত্র।

ওঁ বনস্পতিরসো দিব্যো গন্ধাঢ্যঃ সুমনোহরঃ। আঘ্রেয়ঃ সর্ব্বদেবানাং ধূপোঽয়ং প্রতিগৃহ্যতাম্॥ ইতি ধূপঃ।

ওঁ সুপ্রকাশো মহাদীপঃ সর্ব্বতস্তিমিরাপহঃ। সবাহ্যাভ্যন্তরং জ্যোতির্দীপোঽয়ং প্রতিগৃহ্যতাম্॥ ইতি দীপঃ।

তান্ত্রিক নিবেদন।

তান্ত্রিক পূজার দ্রব্যাদি নিবেদন সময়ে সমস্ত দ্রব্যে "নমঃ" শব্দ প্রয়োগ করিয়া নিবেদন করা হয় না। যে দ্রব্য যাহা বলিয়া নিবেদন করিতে হয়, তাহা লিখিত হইল, যথা—

আসনং নমঃ, পাদ্যং নমঃ, অর্ঘ্যং স্বাহা, আচমনীয়ং স্বধা, মধুপর্কঃ স্বধা, স্নানীয়ং নিবেদয়ামি, বস্ত্রং নমঃ, আভরণং নমঃ, গন্ধো নমঃ, পুষ্পং বৌষট্, ধূপো নমঃ, দীপো নমঃ, নৈবেদ্যং নিবেদয়ামি, পুনরাচমনীয়ং স্বধা, তাম্বুলং নিবেদয়ামি।

বহুদেবতার ধ্যান ও প্রণাম।

নারায়ণের ধ্যান—

ওঁ ধ্যেয়ঃ সদা সবিতৃমণ্ডলমধ্যবর্ত্তী, নারায়ণঃ সরসিজাসনসন্নিবিষ্টঃ।
কেয়ূরবান্ কনককুণ্ডলবান্ কিরীটী, হারী হিরণ্ময়বপুর্ধৃতশঙ্খচক্রঃ॥

গণেশের ধ্যান—ওঁ খর্ব্বং স্থূলতনুং গজেন্দ্রবদনং লম্বোদরং সুন্দরং, প্রস্যন্দন্মদগন্ধলুব্ধমধুপব্যালোলগণ্ডস্থলম্। দন্তাঘাতবিদারিতারিরুধিরৈঃ সিন্দুর-শোভাকরং, বন্দে শৈলসুতাসুতং গণপতিং সিদ্ধিপ্রদং কর্ম্মসু॥

শিবের ধ্যান—ওঁ ধ্যায়েন্নিত্যং মহেশং রজতগিরিনিভং চারুচন্দ্রাবতংসং, রত্নাকল্পোজ্জ্বলাঙ্গং পরশুমৃগবরাভীতিহস্তং প্রসন্নম্। পদ্মাসীনং সমন্তাৎ স্তুতমমরগণৈর্ব্যাঘ্রকৃত্তিং বসানং, বিশ্বাদ্যং বিশ্ববীজং নিখিলভয়হরং পঞ্চবক্ত্রং ত্রিনেত্রম্॥

সূর্য্যের ধ্যান—

ওঁ রক্তাম্বুজাসনমশেষগুণৈকসিন্ধুং, ভানুং সমস্তজগতামধিপং ভজামি।
পদ্মদ্বয়াভয়বরান্ দধতং করাব্জৈর্ম্মাণিক্যমৌলিমরুণাঙ্গরুচিং ত্রিনেত্রম্॥

গঙ্গার ধ্যান—ওঁ ধ্যায়েদ্ গঙ্গাং শুক্লবর্ণাং নানালঙ্কারভূষিতাম্।
চতুর্ভুজাং প্রসন্নাস্যাং ভুক্তিমুক্তিপ্রদায়িনীম্॥

প্রণাম—ওঁ সদ্যঃপাতকসংহন্ত্রী সদ্যোদুঃখবিনাশিনী।
সুখদা মোক্ষদা গঙ্গা গঙ্গৈব পরমা গতিঃ॥

শীতলার ধ্যান—ওঁ শূর্পালঙ্কৃতমস্তকাং সুরগণৈঃ সংস্তূয়মানাং মুদা, বামে কুম্ভধরাং পয়োদবদনাং বন্দে খরস্থাং সদা। দিগ্বাসামুরুহাসসুন্দরমুখীং সম্মার্জ্জনীং দক্ষিণে, পাণৌ তাং দধতীং ভবার্ত্তিশমনীং সংসারবিদ্রাবিণীম্॥

প্রণাম—নমামি শীতলাং দেবীং রাসভস্থাং দিগম্বরীম্।
মার্জ্জনীকলসোপেতাং শূর্পালঙ্কৃতমস্তকাম্॥

সরস্বতীর ধ্যান—ওঁ মুক্তাহারাবদাতাং শিরসি শশিকলালঙ্কৃতাং বাহুভিঃ স্বৈর্ব্ব্যাখ্যাং বর্ণাখ্যমালাং মণিময়কলসং পুস্তকং চোদ্বহন্তীম্। আপীনোত্তুঙ্গবক্ষোরুহভরবিলসন্মধ্যদেশামধীশাং, বাচামীড়ে চিরায় ত্রিভুবননমিতাং পুণ্ডরীকে নিষণ্ণাম্॥

প্রণাম—সরস্বতি মহাভাগে বিদ্যে কমললোচনে।
বিশ্বরূপে বিশালাক্ষি বিদ্যাং দেহি নমোঽস্তু তে॥

ষষ্ঠীর ধ্যান—ওঁ গৌরাভাং দ্বিভুজাং ষষ্ঠীং নানালঙ্কার-ভূষিতাম্। সর্ব্বলক্ষণ-সম্পন্নাং পীনোন্নতপয়োধরাম্॥ দিব্যবস্ত্রপরিধানাং বামক্রোড়ে সপুত্রিকাম্। প্রসন্নবদনাং ধ্যায়েজ্জগদ্ধাত্রীং সুখপ্রদাম্॥

প্রণাম—জয় দেবি জগন্মাতর্জ্জগদানন্দকারিণি।
প্রসীদ মম কল্যাণি নমস্তে ষষ্ঠি দেবি তে॥

সুবচনীর ধ্যান—ওঁ ধ্যায়েৎ সুবচনীং দেবীং শুভকর্ম্মপ্রদায়িনীম্।
শুভদাং মোক্ষদাং শুদ্ধাং সর্ব্বাশুভনিবারিণীম্॥

প্রণাম—শুভবাঞ্ছাপ্রদে নিত্যং সর্ব্বদা সুখবর্দ্ধিনি।
শুভকার্য্যেষু সর্ব্বত্র শুভং দেহি নমোঽস্তু তে॥

মঙ্গলচণ্ডীর ধ্যান—ওঁ যৈষা ললিতকান্তাখ্যা দেবী মঙ্গলচণ্ডিকা। বরদাভয়-হস্তা চ দ্বিভুজা গৌরদেহিকা॥ রক্তপদ্মাসনস্থা চ মুকুটোজ্জ্বলমণ্ডিতা। রক্ত-কৌষেয়বসনা স্মিতবক্ত্রা শুভাননা। নবযৌবনসম্পন্না চার্ব্বঙ্গী ললিতপ্রভা॥

শ্রীকৃষ্ণের ধ্যান—ওঁ ফুল্লেন্দীবরকান্তিমিন্দুবদনং বর্হাবতংসপ্রিয়ং, শ্রীবৎসাঙ্ক-মুদারকৌস্তভধরং পীতাম্বরং সুন্দরম্। গোপীনাং নয়নোৎপলার্চ্চিততনুং গোগোপসঙ্ঘাবৃতং, গোবিন্দং কলবেণুবাদনপরং দিব্যাঙ্গভূষং ভজে॥

প্রণাম—কৃষ্ণায় বাসুদেবায় হরয়ে পরমাত্মনে।
প্রণতক্লেশনাশায় গোবিন্দায় নমো নমঃ॥

শ্রীরাধিকার ধ্যান—ওঁ তপ্তস্বর্ণপ্রভাং রাধাং সর্ব্বালঙ্কারভূষিতাম্।
নীলবস্ত্রপরিধানাং ভজে বৃন্দাবনেশ্বরীম্॥

প্রণাম—নবীনাং হেমগৌরাঙ্গীং পূর্ণানন্দবতীং সতীম্।
বৃকভানুসুতাং দেবীং বন্দে রাধাং জগৎপ্রসূম্॥

হরিদ্রাগণেশের ধ্যান—ওঁ হরিদ্রাভং চতুর্ব্বাহুং হরিদ্রাবসনং স্মরেৎ।
পাশাঙ্কুশধরং দেবং মোদকং দণ্ডমেব চ॥

মহালক্ষ্মীর ধ্যান—ওঁ কান্ত্যা কাঞ্চনসন্নিভাং হিমগিরিপ্রখ্যৈশ্চতুর্ভির্গজৈ-র্হস্তোৎক্ষিপ্তহিরণ্ময়ামৃতঘটৈরাসিচ্যমানাং শ্রিয়ম্। বিভ্রাণাং বরমব্জযুগ্মমভয়ং হস্তৈঃ কিরীটোজ্জ্বলাং ক্ষৌমাবদ্ধনিতম্ববিম্বললিতাং বন্দেঽরবিন্দস্থিতাম্॥

রামের ধ্যান—ওঁ কালাম্ভোধরকান্তিকান্তমনিশং বীরাসনাধ্যাসিনং মুদ্রাং জ্ঞানময়ীং দধানমপরং হস্তাম্বুজং জানুনি। সীতাং পার্শ্বগতাং সরোরুহকরাং বিদ্যুন্নিভাং রাঘবং, পশ্যন্তং মুকুটাঙ্গদাদিবিবিধাকল্পোজ্জ্বলাঙ্গং ভজে॥

বাসুদেবের ধ্যান—ওঁ বিষ্ণুং শারদচন্দ্রকোটিসদৃশং শঙ্খং রথাঙ্গং গদা-মম্ভোজং

দধতং সিতাব্জনিলয়ং কান্ত্যা জগন্মোহনম্। আবদ্ধাঙ্গদহারকুণ্ডলমহামৌলিং স্ফুরৎকঙ্কণং, শ্রীবৎসাঙ্কমুদারকৌস্তুভধরং বন্দে মুনীন্দ্রৈঃ স্তুতম্॥

দধিবামনের ধ্যান—ওঁ মুক্তাগৌরং নবমণিলসদ্ভূষণং চন্দ্রসংস্থং, ভৃঙ্গাকারৈরলকনিবহৈঃ শোভিবক্ত্রারবিন্দম্। হস্তাব্জাভ্যাং কনককলসং শুদ্ধতোয়াভিপূর্ণং, দধ্যন্নাঢ্যং কনকচষকং ধারয়ন্তং ভজামঃ॥

নৃসিংহের ধ্যান—ওঁ মাণিক্যাদ্রিসমপ্রভং নিজরুচা সন্ত্রস্তরক্ষোগণং, জানুন্যস্তকরাম্বুজং ত্রিনয়নং রত্নোল্লসদ্ভূষণম্। বাহুভ্যাং ধৃতশঙ্খচক্রমনিশং দংষ্ট্রোগ্রবক্ত্রোল্লসজ্জ্বালাজিহ্বমুদারকেশরচয়ং বন্দে নৃসিংহং বিভুম্॥

নীলকণ্ঠের ধ্যান—ওঁ বালার্কায়ুততেজসং ধৃতজটাজূটেন্দুখণ্ডোজ্জ্বলং নাগেন্দ্রৈঃ কৃতশেখরং জপবটীং শূলং কপালং করৈঃ। খট্টাঙ্গং দধতং ত্রিনেত্রবিলসৎপঞ্চাননং সুন্দরং ব্যাঘ্রত্বক্‌পরিধানমব্জনিলয়ং শ্রীনীলকণ্ঠং ভজে॥

তারার ধ্যান—ওঁ প্রত্যালীঢ়পদাং ঘোরাং মুণ্ডমালাবিভূষিতাম্। খর্ব্বাং লম্বোদরীং ভীমাং ব্যাঘ্রচর্ম্মবৃতাং কটৌ॥ নবযৌবনসম্পন্নাং পঞ্চমুদ্রাবিভূষিতাম্। চতুর্ভুজাং লোলজিহ্বাং মহাভীমাং বরপ্রদাম্॥ খড়্গাকর্ত্তৃসমাযুক্তসব্যেতরভুজদ্বয়াম্। কপালোৎপল-সংযুক্তসব্যপাণিযুগান্বিতাম্॥ পিঙ্গোগ্রৈকজটাং ধ্যায়েন্মৌলাবক্ষোভ্যভূষিতাম্। বালার্কমণ্ডলাকারলোচনত্রয়ভূষিতাম্॥ জ্বলচ্চিতামধ্যগতাং ঘোরদংষ্ট্রাং করালিনীম্। স্বাবেশস্মেরবদনাং স্ত্র্যলঙ্কারবিভূষিতাম্॥ বিশ্বব্যাপকতোয়ান্তঃশ্বেতপদ্মোপরিস্থিতাম্। অক্ষোভ্যো দেবীমূর্দ্ধন্যস্ত্রীমূর্ত্তিনাগরূপধৃক্॥

শ্মশানকালীর ধ্যান—ওঁ অঞ্জনাদ্রিনিভাং দেবীং শ্মশানালয়বাসিনীম্। রক্তনেত্রাং মুক্তকেশীং শুষ্কমাংসাতিভৈরবাম্॥ পিঙ্গাক্ষীং বামহস্তেন মদ্যপূর্ণং সমাংসকম্। সদ্যঃকৃত্তশিরো দক্ষহস্তেন দধতীং শিবাম্॥ স্মিতবক্ত্রাং সদা চামমাংসচর্ব্বণতৎপরাম্। নানালঙ্কারভূষাঙ্গীং নগ্নাং মত্তাং সদাসবৈঃ॥

ইন্দ্রের ধ্যান—ওঁ পীতবর্ণং সহস্রাক্ষং বজ্রপদ্মকরং বিভুম্।
সর্ব্বালঙ্কারসংযুক্তং নৌমীন্দ্রং দিক্‌পতীশ্বরম্॥

হনুমানের ধ্যান—ওঁ মহাশৈলং সমুৎপাট্য ধাবন্তং রাবণং প্রতি। তিষ্ঠ তিষ্ঠ রণে দুষ্ট ঘোররাবং সমুৎসৃজন্॥ লাক্ষারসারুণং রৌদ্রং কালান্তকযমোপমম্। জ্বলদগ্নিলসন্নেত্রং সূর্য্যকোটীসমপ্রভম্॥ অঙ্গদাদ্যৈর্ম্মহাবীরৈর্ব্বেষ্টিতং রুদ্ররূপিণম্॥

কালীর ধ্যান—ওঁ শবারূঢ়াং মহাভীমাং ঘোরদংষ্ট্রাং বরপ্রদাম্। হাস্যযুক্তাং ত্রিনেত্রাঞ্চ কপালকর্ত্তৃকাকরাম্॥ মুক্তকেশীং ললজ্জিহ্বাং পিবন্তীং রুধিরং মুহুঃ। চতুর্ব্বাহুযুতাং দেবীং বরাভয়করাং স্মরেৎ॥

শবরূপমহাদেবের ধ্যান—ওঁ শুদ্ধস্ফটিকসঙ্কাশং মহাকালং ত্রিলোচনম্। দিগম্বরঞ্চ দ্বিভুজং কালীপাদব্যবস্থিতম্॥ ঊর্দ্ধলিঙ্গং মহাদেবং চন্দ্রচূড়ং সদাশিবম্। ধ্যায়েচ্চ পরমানন্দং দেব্যা বাহনমুত্তমম্॥

ভদ্রকালীর ধ্যান—ওঁ ক্ষুৎক্ষামা কোটরাক্ষী মসিমলিনমুখী মুক্তকেশী রুদন্তী, নাহং তৃপ্তা বদন্তী জগদখিলমিদং গ্রাসমেকং করোমি। হস্তাভ্যাং ধারয়ন্তী জ্বলদনলশিখাসন্নিভং পাশযুগ্মং, দন্তৈর্জম্বুফলাভৈঃ পরিহরতু ভয়ং পাতু মাং ভদ্রকালী॥

রক্ষাকালীর ধ্যান—ওঁ কৃষ্ণাং লম্বোদরীং ভীমাং নাগকুণ্ডলশোভিতাম্। রক্তমূখীং ললজ্জিহ্বাং রক্তাম্বরধরাং কটৌ॥ পীনোন্নতস্তনীমুগ্রাং মহানাগেন বেষ্টিতাম্। শবস্যোপরি দেবেশীং তস্যোপরি কপালিকাম্॥ নাসাগ্রধ্যাননিরতাং মহাঘোরাং বরপ্রদাম্। চতুর্ভুজাং দীর্ঘকেশীং দক্ষিণস্যোর্দ্ধবাহুনা॥ বিভ্রতীং নলিনীমেকাং বামোর্দ্ধে পানপাত্রকম্। বরাভয়ধরাং দেবীমধস্তাদ্দক্ষবাময়োঃ। পিবন্তীং রৌধিরীং ধারাং পানপাত্রং সদাসবৈঃ। সর্ব্বসিদ্ধিপ্রদাং দেবীং নিত্যং গিরিনিবাসিনীম্॥ লোচনত্রয়সংযুক্তাং নাগযজ্ঞোপবীতিনীম্। দীর্ঘনাসাং দীর্ঘজঙ্ঘাং দীর্ঘাঙ্গীং দীর্ঘজিহ্বিকাম্॥ চন্দ্রসূর্য্যাগ্নিভেদেন লোচনত্রয়সংযুতাম্। মারীনাশকরীং দেবীং মহাভীমাং বরপ্রদাম্॥ ব্যাঘ্রচর্ম্মশিরোবদ্ধাং জগত্রয়বিভাবিনীম্॥ সাধকানাং সুখং কর্ত্রীং সর্ব্বলোকভয়াপহাম্। এবম্ভূতাং সদা কালীং রক্ষাদিং প্রণমাম্যহম্।

মহাকালের ধ্যান—ওঁ মহাকালং যজেদ্দেব্যা দক্ষিণে ধূম্রবর্ণকম্। বিভ্রতং দণ্ডখট্টাঙ্গৌ দংষ্ট্রাভীমমুখং শিশুম্॥ ব্যাঘ্রচর্ম্মাবৃতকটিং তুন্দিলং রক্তবাসসম্। ত্রিনেত্রমূর্দ্ধকেশঞ্চ মুণ্ডমালাবিভূষিতম্। জটাভারলসচ্চন্দ্রখণ্ডমুগ্রং জ্বলন্নিভম্॥

অগ্নির ধ্যান—ওঁ পিঙ্গভ্রূ-শ্মশ্রুকেশাক্ষঃ পীনাঙ্গজঠরোঽরুণঃ। ছাগস্থঃ সাক্ষসূত্রোঽগ্নিঃ সপ্তার্চ্চিঃ শক্তিধারকঃ॥

প্রণাম—নমো নমস্তে ত্রিপুরারিচক্ষুষে, মখেশ্বরাণাং মখতামুপেয়ুষে॥ চরাচরাণাং জঠরেষু সংস্থিতে, ত্রিধা বিভক্তায় নমোঽস্তু বহ্নয়ে॥

চণ্ডীর ধ্যান—ওঁ বন্ধূককুসুমাভাসাং পঞ্চমুণ্ডাধিবাসিনীম্। স্ফুরচ্চন্দ্রকলা-রত্নমুকুটাং মুণ্ডমালিনীম্॥ ত্রিনেত্রাং রক্তবসনাং পীনোন্নতঘটস্তনীম্। পুস্তকঞ্চাক্ষমালাঞ্চ বরদঞ্চাভয়ং ক্রমাৎ। দধতীং সংস্মরেন্নিত্যমুত্তরাম্নায়মানিতাম্॥

প্রণাম—জয় দেবি জগন্মাতর্জ্জগদানন্দকারিণি। ধর্ম্মার্থমোক্ষদে দেবি নিত্যং মে বরদা ভব॥

গোপালের ধ্যান—ওঁ নবীননীরদশ্যামং নীলেন্দীবরলোচনম্।
বল্লবীনন্দনং বন্দে কৃষ্ণং গোপালরূপিণম্॥
প্রণাম—নীলোৎপলদলশ্যামং যশোদানন্দনন্দনম্।
গোপিকানয়নানন্দং গোপালং প্রণমাম্যহম্॥

বলদেবের ধ্যান—ওঁ বলদেবং দ্বিবাহুঞ্চ শঙ্খকুন্দেন্দুসন্নিভম্। বামে হলায়ুধ-বরং দক্ষিণে মুষলং করে। হালালোলং নীলবস্ত্রং হেলাবন্তং স্মরেৎ পরম্॥

প্রণাম—নমস্তেহস্তু হলগ্রাহ নমস্তে মুষলায়ুধ। নমস্তে রেবতীকান্ত নমস্তে ভক্তবৎসল॥ নমস্তে বলিনাং শ্রেষ্ঠ নমস্তে ধরণীধর। প্রলম্বারে নমস্তেহস্তু ত্রাহি মাং কৃষ্ণপূর্ব্বজ॥

কাত্যায়নীর ধ্যান—ওঁ গরুড়োৎপলসন্নিভাং মণিময়কুণ্ডলমণ্ডিতাম্। নৌমি ভালবিলোচনাং মহিষোত্তমাঙ্গনিষেদুষীম্। শঙ্খচক্রকৃপাণখেটকবাণকার্ম্মুকশূল-কাম্। তর্জ্জনীমপি বিভ্রতীং নিজবাহুভিঃ শশিশেখরাম্॥

মহিষমর্দ্দিনীর ধ্যান—ওঁ সব্যপাদসরোজেনালঙ্কৃতোকমৃগাধিপাম্। বামপাদাগ্র-দলিতমহিষাসুরনির্ভরাম্॥ সুপ্রসন্নাং সুবদনাং চারুনেত্রত্রয়ান্বিতাম্। হার-নূপুরকেয়ূরজটামুকুটমণ্ডিতাম্॥ বিচিত্রপট্টবসনামর্দ্ধচন্দ্রবিভূষিতাম্। খড়্গ-খেটকবজ্রাণি ত্রিশূলং বিশিখং তথা। ধারয়ন্তীং ধনুঃ পাশং শঙ্খং ঘণ্টাং সরোরুহম্॥ বাহুভির্ললিতৈর্দ্দেবীং কোটি-চন্দ্রসম-প্রভাম্। সমাবৃতৈর্দ্দিবি-ষদ্দৈর্দ্দেবৈরাকাশসংস্থিতৈঃ॥ স্তূয়মানাং মোদমানৈর্লোকপালাদিভিঃ সদা। এবং সঞ্চিন্তয়েদ্দেবীং জায়তে নর-পুঙ্গবঃ॥

বহুদেবতার গায়ত্রী।

বিষ্ণু-গায়ত্রী—ত্রৈলোক্যমোহনায় বিদ্মহে কামদেবায় ধীমহি।
তন্নো বিষ্ণুঃ প্রচোদয়াৎ॥
নারায়ণ-গায়ত্রী—নারায়ণায় বিদ্মহে বাসুদেবায় ধীমহি।
তন্নো বিষ্ণুঃ প্রচোদয়াৎ॥
নৃসিংহ-গায়ত্রী—বজ্রনখায় বিদ্মহে তীক্ষ্ণদংষ্ট্রায় ধীমহি।
তন্নো নরসিংহঃ প্রচোদয়াৎ॥
হয়গ্রীব-গায়ত্রী—বাগীশ্বরায় বিদ্মহে হয়গ্রীবায় ধীমহি।
তন্নো হংসঃ প্রচোদয়াৎ॥
গোপাল-গায়ত্রী—কৃষ্ণায় বিদ্মহে দামোদরায় ধীমহি।
তন্নো বিষ্ণুঃ প্রচোদয়াৎ॥
রাম-গায়ত্রী—দাশরথায় বিদ্মহে সীতাবল্লভায় ধীমহি।
তন্নো রামঃ প্রচোদয়াৎ॥

শিব-গায়ত্রী—তৎপুরুষায় বিদ্মহে মহাদেবায় ধীমহি। তন্নো রুদ্রঃ প্রচোদয়াৎ॥
গণেশ-গায়ত্রী—তৎপুরুষায় বিদ্মহে বক্রতুণ্ডায় ধীমহি। তন্নো দন্তী প্রচোদয়াৎ॥
দক্ষিণামূর্ত্তিগায়ত্রী—দক্ষিণামূর্ত্তয়ে বিদ্মহে ধ্যানস্থায় ধীমহি।
তন্নো ধীশঃ প্রচোদয়াৎ।
সূর্য্য-গায়ত্রী—আদিত্যায় বিদ্মহে মার্ত্তণ্ডায় ধীমহি। তন্নঃ সূর্য্যঃ প্রচোদয়াৎ॥
কাম-গায়ত্রী—কামদেবায় বিদ্মহে পুষ্পবাণায় ধীমহি। তন্নোঽনঙ্গঃ প্রচোদয়াৎ॥
শক্তি-গায়ত্রী—সর্ব্বসম্মোহিন্যৈ বিদ্মহে বিশ্বজনন্যৈ ধীমহি।
তন্নঃ শক্তিঃ প্রচোদয়াৎ॥
ত্বরিতা-গায়ত্রী—ত্বরিতায়ৈ বিদ্মহে মহানিত্যায়ৈ ধীমহি।
তন্নো দেবী প্রচোদয়াৎ॥
বালা-ভৈরবী-গায়ত্রী—ঐঁ বাগীশ্বর্য্যৈ বিদ্মহে ক্লীঁ কামেশ্বর্য্যৈ ধীমহি।
সৌ স্তন্নঃ শক্তিঃ প্রচোদয়াৎ॥
ত্রিপুরাসুন্দরী-গায়ত্রী—ঐঁ ত্রিপুরাদেব্যৈ বিদ্মহে ক্লীঁ কামেশ্বর্য্যৈ ধীমহি।
সৌ স্তন্নঃ ক্লিন্নে প্রচোদয়াৎ॥
ভৈরবী-গায়ত্রী—ত্রিপুরায়ৈ বিদ্মহে ভৈরব্যৈ ধীমহি। তন্নো দেবী প্রচোদয়াৎ॥
দুর্গা-গায়ত্রী—মহাদেব্যৈ বিদ্মহে দুর্গায়ৈ ধীমহি। তন্নো দেবী প্রচোদয়াৎ॥
জয়দুর্গাগায়ত্রী—নারায়ণ্যৈ বিদ্মহে দুর্গায়ৈ ধীমহি। তন্নো গৌরী প্রচোদয়াৎ॥
লক্ষ্মী-গায়ত্রী—মহালক্ষ্ম্যৈ বিদ্মহে মহাশ্রিয়ৈ ধীমহি। তন্নঃ শ্রীঃ প্রচোদয়াৎ॥
সরস্বতী-গায়ত্রী—বাগ্‌দেব্যৈ বিদ্মহে কামরাজায় ধীমহি।
তন্নো দেবী প্রচোদয়াৎ॥
ভুবনেশ্বরী-গায়ত্রী—নারায়ণ্যৈ বিদ্মহে ভুবনেশ্বর্য্যৈ ধীমহি।
তন্নো দেবী প্রচোদয়াৎ॥
অন্নপূর্ণা-গায়ত্রী—ভগবত্যৈ বিদ্মহে মাহেশ্বর্য্যৈ ধীমহি।
তন্নোঽন্নপূর্ণে প্রচোদয়াৎ॥
মহিষমর্দ্দিনী-গায়ত্রী—মহিষমর্দ্দিন্যৈ বিদ্মহে দুর্গায়ৈ ধীমহি।
তন্নো দেবী প্রচোদয়াৎ॥
ছিন্নমস্তা-গায়ত্রী—বিরোচিন্যৈ বিদ্মহে ছিন্নমস্তায়ৈ ধীমহি।
তন্নো দেবী প্রচোদয়াৎ॥
কালী-গায়ত্রী—কালিকায়ৈ বিদ্মহে শ্মশানবাসিন্যৈ ধীমহি।
তন্নো ঘোরে প্রচোদয়াৎ॥

তারা-গায়ত্রী—তারায়ৈ বিদ্মহে মহোগ্রায়ৈ ধীমহি। তন্নো দেবী প্রচোদয়াৎ॥
গরুড়-গায়ত্রী—গরুড়ায় বিদ্মহে সুপর্ণায় ধীমহি। তন্নো গরুড়ঃ প্রচোদয়াৎ॥

দিগ্বিধি।

প্রাগাননো ধনদদিগ্বদনোঽথ বাপি।—সারসমুচ্চয়ে।
রাত্রাবুদঙ্মুখঃ কুর্য্যাদ্ দেবকার্য্যং সদৈব হি॥
শিবার্চ্চনং তথাপ্যেবং শুচিঃ কুর্য্যাদুদঙ্মুখঃ॥—ইতি স্মৃতিঃ।

পূর্ব্বমুখ বা উত্তরমুখ হইয়া দেবপূজা করিবে। কিন্তু রাত্রিকালে ও শিব অর্চ্চনা কেবল উত্তরমুখ হইয়াই করিতে হয়।

রাত্রিতে দেবকার্য্য করিতে হইলে উত্তরমুখ হইয়া করিবে। শিব পূজা দিবা ও রাত্রি উভয় সময়েই উত্তরমুখ হইয়া করিবে।

একত্রে বিগ্রহদ্বয় পূজা নিষেধ।

লিঙ্গদ্বয়ং তথা নার্চ্চ্যং গণেশদ্বয়মেব চ। শক্তিদ্বয়ং তথা সূর্য্যদ্বয়মেকত্র নার্চ্চয়েৎ॥ দ্বে চক্রে দ্বারকায়াস্তু শালগ্রাম-শিলাদ্বয়ম্। এতেষামর্চ্চনান্নিত্য-মুদ্বেগং প্রাপ্নুয়াদ্গৃহী॥ মন্ত্রতন্ত্রপ্রকাশঃ।

এক সঙ্গে দুই শিব, দুই গণেশ, দুই শক্তি, সূর্য্য ও শালগ্রাম পূজা করিবে না। এক সময়ে ঐরূপ যুগ্মপূজা করিলে উদ্বেগ প্রাপ্ত হয়।

নিষিদ্ধ পুষ্প।

নাক্ষতৈরর্চ্চয়েদ্বিষ্ণুং ন তুলস্যা বিনায়কম্। ন দূর্ব্বয়া যজেদ্দুর্গাং বিল্বপত্রৈ-র্দ্দিবাকরম্॥ উন্মত্তমর্কপুষ্পঞ্চ বিষ্ণোর্ব্বর্জ্জ্যং সদা বুধৈঃ॥ ইতি যামলঃ।

কেবল অক্ষতদ্বারা বিষ্ণুর, তুলসীদ্বারা গণেশের, দূর্ব্বাদ্বারা দুর্গার এবং বিল্বপত্রদ্বারা সূর্য্যের পূজা করিবে না। বিষ্ণুপূজাতে আকন্দপুষ্প ও ধুস্তুর পুষ্প দিবে না। কিন্তু প্রমাণান্তরে দুর্গাপূজায় দূর্ব্বার বিশেষ বিধি থাকায়, শ্বেত দূর্ব্বা ও দূর্ব্বাকে পুষ্পস্থলবর্ত্তী করিয়া দুর্গা পূজা করিবে না; নতুবা দূর্ব্বাদ্বারা দুর্গাপূজা করিবে। যথা,—

বিনা হি দূর্ব্বয়া দেবী-পূজা নাস্তীহ কর্হিচিৎ।
তস্মাদ্দূর্ব্বা গ্রহীতব্যা সর্ব্বপুষ্পময়ী শিবে॥ ইতি মৎস্যসূক্তম্।

দূর্ব্বা বিনা কখনও দুর্গাপূজা করিবে না। যে হেতু দূর্ব্বা সর্ব্বপুষ্পময়ী, সেই জন্য যত্নপূর্ব্বক দেবীপূজায় দূর্ব্বাগ্রহণ করিবে।

ন রক্তচন্দনং জাতু গৃহ্ণীয়াদ্রক্তপুষ্পকম্।
বিল্বপত্রৈস্তৎপ্রসূনৈর্নার্চ্চয়েদ্দেবকীসুতম॥

কদাচ রক্তচন্দন, রক্তপুষ্প, বিল্বপত্র ও বিল্বপুষ্পদ্বারা দেবকীনন্দন বিষ্ণুর অর্চ্চনা করিবে না।

শিবে কুন্দং মদন্তীঞ্চ যূথীং বন্ধূককেতকে। রক্তাং জবাং ত্রিসন্ধ্যো দ্বে মালতীং কেতকীন্তথা। শেফালিং কুমুদং রক্তং হয়ারিঞ্চ বিবর্জ্জয়েৎ॥ তন্ত্রান্তরম্।

কুন্দ, নবমল্লিকা, যূথী, বন্ধূক, কেতকী, রক্তজবা, সন্ধ্যা, মালতী, কুঙ্কুম, শেফালি, কুমুদ ও রক্তকরবীর দ্বারা শিবপূজা করিবে না।

তিষ্ঠেদ্দিনদ্বয়ং শুদ্ধং পদ্মমামলকং তথা। তুলসী সর্ব্বদা শুদ্ধা তথা বিল্বদলানি চ॥

পদ্ম ও আমলকীপত্র দুই দিন পর্য্যন্ত বিশুদ্ধ থাকে, কিন্তু তুলসী ও বিল্বপত্র বাসি হয় না, সর্ব্বকালেই বিশুদ্ধ থাকে।

ঝিন্টিপুষ্পেণ পীতেন শ্বেতেন তগরেণ চ। শ্বেতোড্রেণ চ পুষ্পেণ বর্জ্জয়েৎ পূজনং সদা॥ তুলস্যৌ দ্বে চ মন্দারকহ্লারজ-তমালজৈঃ। নার্চ্চয়েত্তু মহাদেবীং কুশকাশোদ্ভবেন চ॥

পীতঝিন্টি, শ্বেতঝিন্টি, তগর, শ্বেতজবা, দ্বিবিধ তুলসী, মন্দারকুসুম, কহ্লারপুষ্প, তমালপুষ্প, কুশপুষ্প ও কাশপুষ্পদ্বারা দেবীর অর্চ্চনা করিবে না।

পঞ্চাঙ্গশুদ্ধি।

আত্ম-স্থান-মন্ত্র-দ্রব্য-দেব-শুদ্ধিস্তু পঞ্চমী।
যাবন্ন কুরুতে দেবি তস্য দেবার্চ্চনং কুতঃ॥

পঞ্চাঙ্গশুদ্ধি ব্যতিরেকে পূজায় অধিকার জন্মে না। সুতরাং পঞ্চাঙ্গশুদ্ধি না করিয়া পূজা করিলে সে পূজা নিষ্ফল হয়। আত্মশুদ্ধি, স্থানশুদ্ধি, মন্ত্রশুদ্ধি, দ্রব্যশুদ্ধি ও দেবশুদ্ধি এই পঞ্চাঙ্গশুদ্ধি।

সুস্নাতৈর্ভূতশুদ্ধ্যা চ প্রাণায়ামাদিভিস্তথা।
ষড়ঙ্গাদ্যখিলন্যাসৈরাত্মশুদ্ধিরুদীরিতা॥

তীর্থাদি বিশুদ্ধজলে স্নান করিয়া ভূতশুদ্ধি, প্রাণায়াম ও ষড়ঙ্গন্যাসাদি করিলে আত্মশুদ্ধি হয়।

সম্মার্জ্জনানুলেপাদ্যৈর্দ্দর্পণোদরবৎ শুভম্। বিতানধূপ-দীপাদি-পুষ্পমাল্যাদি শোভিতম্॥ পঞ্চবর্ণরজোভিশ্চ স্থানশুদ্ধিরিতীরিতা॥

যে স্থানে পূজাদি কার্য্য হইবে, সেই স্থান মার্জ্জন ও লেপনাদি দ্বারা দর্পণোদরের ন্যায় পরিষ্কার করিয়া, চন্দ্রাতপ, ধূপ, দীপ ও পুষ্পমাল্যাদি দ্বারা সুশোভিত করিবে এবং পঞ্চবর্ণ চূর্ণ দ্বারা স্থান বিচিত্র করিয়া স্থানশুদ্ধি করিবে।

গ্রথিত্বা মাতৃকাবর্ণৈর্ম্মূলমন্ত্রাক্ষরাণি চ।
ক্রমোৎক্রমাদ্দ্বিরাবৃত্ত্যা মন্ত্রশুদ্ধিরিতীরিতা॥

মাতৃকাবর্ণদ্বারা অনুলোম বিলোমানুক্রমে মন্ত্রবর্ণ পুটিত করিয়া দুইবার পাঠ করিবে। এইরূপ করিলে মন্ত্রশুদ্ধি হয়।

পূজাদ্রব্যাণি সম্প্রোক্ষ্য মূলাস্ত্রেশ্চ বিধানতঃ।
দর্শয়েদ্ধেনুমুদ্রাদীন্ দ্রব্যশুদ্ধিঃ প্রকীর্ত্তিতা॥

পূজার দ্রব্যসমুদয় কুশার অগ্রভাগদ্বারা মূলমন্ত্র ও "ফট্" এই মন্ত্রদ্বারা প্রোক্ষণ করতঃ ধেনুমুদ্রাদি প্রদর্শন করিলে দ্রব্যশুদ্ধি হইয়া থাকে।

পীঠে দেবীং প্রতিষ্ঠাপ্য সকলীকৃত্য মন্ত্রবিৎ। মূলমন্ত্রেণ মাল্যাদীন্ ধূপাদীন্নুদকেন চ॥ ত্রিবারং প্রোক্ষয়েদ্ বিদ্বান্ দেবশুদ্ধিরিতীরিতা।

মন্ত্রজ্ঞ সাধক আসনে দেবীকে প্রতিষ্ঠা করিয়া সকলীকরণমুদ্রায় সকলীকরণ করিবে এবং মূলমন্ত্রে মাল্য ও ধূপ দীপাদি তিনবার প্রোক্ষণ করিলে দেবশুদ্ধি হয়।

নিষিদ্ধ বাদ্য

শিবাগারে ঝল্লকঞ্চ সূর্য্যাগারে চ শঙ্খকম্। দুর্গাগারে বংশীবাদ্যং মধুরীঞ্চ ন বাদয়েৎ॥ বিরিঞ্চেস্তু গৃহে ঢক্কাং ঘণ্টাং লক্ষ্মীগৃহে ত্যজেৎ। সর্ব্ববাদ্যময়ীং ঘণ্টাং বাদ্যাভাবে প্রবাদয়েৎ॥

শিবমন্দিরে করতাল, সূর্য্যগৃহে শঙ্খ, দুর্গামণ্ডপে বংশী ও মধুরী, ব্রহ্মাগারে ঢাক এবং লক্ষ্মীগৃহে ঘণ্টা বাজাইবে না। ঘণ্টা সর্ব্ববাদ্যময়ী, অন্য বাদ্যের অভাবে কেবল ঘণ্টা বাজাইয়াই পূজাদি হইতে পারে।

আসন।

পদ্মাসনং স্বস্তিকাখ্যং ভদ্রং বজ্রাসনন্তথা।
বীরাসনমিতি প্রোক্তং ক্রমাদাসনপঞ্চকম্॥

পদ্মাসন, স্বস্তিকাসন, ভদ্রাসন, বজ্রাসন ও বীরাসন—সাধারণতঃ এই পঞ্চ আসন পূজাদি কার্য্যে ব্যবহৃত হয়।

উর্ব্বোরুপরি বিন্যস্য সম্যক্ পাদতলে উভে।
অঙ্গুষ্ঠৌ চ নিবধ্নীয়াদ্ধস্তাভ্যাং ব্যুৎক্রমাত্তথা।
পদ্মাসনমিদং প্রোক্তং যোগিনাং হৃদয়ঙ্গমম্।

দক্ষিণ উরুর উপরি বাম পায়ের তল এবং বাম উরুতে দক্ষিণ পায়ের তল বিন্যস্ত করিয়া দক্ষিণ হাতের দ্বারা বামপায়ের অঙ্গুষ্ঠ ও বাম হাতের দ্বারা দক্ষিণ পায়ের অঙ্গুষ্ঠ ধরিয়া উপবেশন করিলে পদ্মাসন হয়।

জানূর্ব্বোরন্তরে সম্যক্ কৃত্বা পাদতলে উভে।

ঋজুকায়ো বিশেদ্‌যোগী স্বস্তিকং তৎ প্রচক্ষ্যতে॥

দক্ষিণ জানু ও উরুর মধ্যে বামপদের তল এবং বাম উরু ও জানুর মধ্যে দক্ষিণ পায়ের তল প্রবিষ্ট করিয়া সরলভাবে বসিলে স্বস্তিকাসন হয়।

সীবন্যাঃ পার্শ্বয়োর্ন্যস্যেদ্ গুল্‌ফযুগ্মং সুনিশ্চলম্। বৃষণাধঃ পাদপার্ষ্ণিং পাণিভ্যাং পরিবন্ধয়েৎ। ভদ্রাসনং সমুদ্দিষ্টং যোগিভিঃ পরিকল্পিতম্॥

সীবনীর (লিঙ্গাগ্র হইতে গুহ্যদেশের অগ্রভাগ পর্য্যন্ত) উভয়পার্শ্বে গুল্‌ফদ্বয় বিন্যস্ত করিয়া কোষের অধোভাগে গুল্‌ফের অধোদেশ উভয় হস্তদ্বারা বন্ধন করিবে। ইহাকে ভদ্রাসন বলে।

উর্ব্বোঃ পাদৌ ক্রমান্ন্যস্যেৎ কৃত্বা প্রত্যঙ্মুখাঙ্গুলী।

করৌ নিদধ্যাদাখ্যাতং বজ্রাসনমনুত্তমম্॥

উরুদ্বয়ের উপরি পাদদ্বয় বিন্যস্ত করতঃ তদুপরি অধোভাবে দুইখানি হাত রাখিবে, এইরূপ করাকেই বজ্রাসন বলে।

একং পাদমধঃ কৃত্বা বিন্যস্যোরৌ তথেতরম্।

ঋজুকায়ো বিশেন্মন্ত্রী বীরাসনমিতীরিতম্।

এক পা মাটিতে অধোমুখে রাখিয়া অপর পা অন্য উরুর উপরি রাখিবে। পরে সরলভাবে উপবেশন করিবে। ইহাকেই বীরাসন বলে।

বহুবিধ মুদ্রা।

মোদনাৎ সর্ব্বদেবানাং দ্রাবণাৎ পাপসন্ততেঃ॥

তস্মান্মুদ্রেতি বিখ্যাতা মুনিভিস্তন্ত্রবেদিভিঃ॥

মুদ্রা সকল দেবগণের আমোদ বর্দ্ধন করে এবং সমস্ত পাপ বিনাশ করে, এই জন্য মুনিগণ ইহাকে মুদ্রা নামে আখ্যাত করিয়াছেন।

হস্তাভ্যামঞ্জলিং বদ্ধানামিকামূলপর্ব্বণোঃ। অঙ্গুষ্ঠৌ নিঃক্ষিপেৎ সেয়ং মুদ্রা ত্বাবাহনী স্মৃতা॥ ১॥ অধোমুখী ত্বিয়ঞ্চেৎ স্যাৎ স্থাপনী মুদ্রিকা স্মৃতা॥২॥ উচ্ছ্রিতাঙ্গুষ্ঠমুষ্ট্যোশ্চ সংযোগাৎ সন্নিধাপনী॥ ৩॥ অন্তঃপ্রবেশিতাঙ্গুষ্ঠা সৈব সংবোধনী মতা॥ ৪॥ উত্তানমুষ্টিযুগলা সংমুখীকরণী মতা॥ ৫॥ দেবতাঙ্গে ষড়ঙ্গানাং ন্যাসঃ স্যাৎ সকলীকৃতিঃ॥ ৬॥ সব্যহস্তকৃতা মুষ্টির্দীর্ঘাধোমুখতর্জ্জনী। অবগুণ্ঠন-মুদ্রেয়মভিতো ভ্রামিতা মতা॥ ৭॥ অন্যোন্যাভিমুখাশ্লিষ্টা কনিষ্ঠানামিকা পুনঃ। তথৈব তর্জ্জনীমধ্যা ধেনুমুদ্রা প্রকীর্ত্তিতা। অমৃতীকরণং কুর্য্যাৎ তয়া সাধকসত্তমঃ॥ ৮॥ অন্যোন্যগ্রথিতাঙ্গুষ্ঠাপ্রসারিতপরাঙ্গুলী।

মহামুদ্রেয়মুদিতা পরমীকরণে বুধৈঃ॥ ৯॥ বামাঙ্গুষ্ঠন্তু সংগৃহ্য দক্ষিণেন তু মুষ্টিনা। কৃত্বোত্তানং ততো মুষ্টিমঙ্গুষ্ঠন্তু প্রসারয়েৎ। বামাঙ্গুল্যস্তথা শ্লিষ্টাঃ সংযুক্তাঃ স্যুঃ প্রসারিতাঃ। দক্ষিণাঙ্গুষ্ঠসংস্পৃষ্টা জ্ঞেয়ৈষা শঙ্খমুদ্রিকা॥ ১০॥ হস্তৌ তু সম্মুখৌ কৃত্বা সন্নতপ্রোথিতাঙ্গুলি। তলান্তর্মিলিতাঙ্গুষ্ঠৌ সুভুগ্নৌ সুপ্রসারিতৌ। কনিষ্ঠাঙ্গুষ্ঠকৌ লগ্নৌ মুদ্রৈষা চক্রসংজ্ঞিকা॥ ১১॥ অন্যোঽন্যাভিমুখৌ হস্তৌ কৃত্বা তু গ্রথিতাঙ্গুলি। অঙ্গুল্যৌ মধ্যমে ভূয়ঃ সুলগ্নে সুপ্রসারিতে। গদামুদ্রেয়মুদিতা বিষ্ণোঃ সন্তোষবর্দ্ধিনী॥ ১২॥ হস্তৌ তু সম্মুখৌ কৃত্বা সন্নতপ্রোথিতাঙ্গুলী। তলান্তর্ম্মিলিতাঙ্গুষ্ঠৌ কৃত্বৈষা পদ্মমুদ্রিকা॥ ১৩॥ ওষ্ঠে বামকরাঙ্গুষ্ঠো লগ্নস্তস্য কনিষ্ঠিকা। দক্ষিণাঙ্গুষ্ঠসংযুক্তা তৎকনিষ্ঠা প্রসারিতা॥ তর্জ্জনীমধ্যমানামাঃ কিঞ্চিৎ সঙ্কুচ্য চালিতাঃ। বেণুমুদ্রা ভবত্যেষা সুগুপ্তা প্রেয়সী হরেঃ॥ ১৪॥ অন্যোন্যপৃষ্ঠকরয়োর্ম্মধ্যমানামিকাঙ্গুলি। অঙ্গুষ্ঠেন তু বধ্নীয়াৎ কনিষ্ঠামূলসংস্থিতে। তর্জ্জন্যৌ কারয়েদেষা মুদ্রা শ্রীবৎসসংজ্ঞিকা॥ ১৫॥ অনামাপৃষ্ঠসংলগ্না দক্ষিণস্য কনিষ্ঠিকা। কনিষ্ঠয়ান্যয়া বদ্ধা তর্জ্জন্যা দক্ষয়া তথা॥ বামানামাঞ্চ বধ্নীয়াদ্ দক্ষিণাঙ্গুষ্ঠমূলকে। অঙ্গুষ্ঠমধ্যমে বামে সংযোজ্য সরলাঃ পরাঃ। চতস্রোঽপ্যগ্রসংলগ্না মুদ্রা কৌস্তুভসংজ্ঞিকা॥ ১৬॥ স্পৃশেৎ কণ্ঠাদিপাদান্তং তর্জ্জন্যঙ্গুষ্ঠয়া তথা। করদ্বয়েন মালাবন্মুদ্রেয়ং বনমালিকা॥ ১৭॥ তর্জ্জন্যঙ্গুষ্ঠকৌ সক্তাবগ্রতো বিন্যসেৎ সুধীঃ। বামহস্তাম্বুজং বামজানু মূর্দ্ধনি বিন্যসেৎ। জ্ঞানমুদ্রা ভবেদেষা রামচন্দ্রস্য প্রেয়সী॥ ১৮॥ অঙ্গুষ্ঠং বামমুদ্দণ্ডিতমিতরকরাঙ্গুষ্ঠকেনাপি বদ্ধা, তস্যাগ্রং পীড়য়িত্বাঙ্গুলিভিরপি চ তা বামহস্তাঙ্গুলীভিঃ। বদ্ধা গাঢ়ং হৃদি স্থাপয়তু বিমলধীর্ব্যাহরন্ মারবীজং, বিল্বাখ্যা মুদ্রিকৈষা স্ফুটমিহ গদিতা গোপনীয়া বিধিজ্ঞৈঃ॥ ১৯॥ হস্তৌ তু বিমুখৌ কৃত্বা গ্রথয়িত্বা কনিষ্ঠিকে। মিথস্তর্জ্জনিকে শ্লিষ্টে শ্লিষ্টাবঙ্গুষ্ঠকৌ তথা॥ মধ্যমানামিকে দ্বে তু দ্বৌ পক্ষাবিব চালয়েৎ। এষা গরুড়মুদ্রা স্যাদ্ বিষ্ণোঃ সন্তোষবর্দ্ধিনী॥ ২০॥ জানুমধ্যে করৌ কৃত্বা চিবুকোষ্ঠৌ সমাবুভৌ। হস্তৌ তু ভূমিসংলগ্নৌ কম্পমানঃ পুনঃপুনঃ। মুখং বিবৃতকং কুর্য্যাৎ লেলিহানাঞ্চ জিহ্বিকাম্॥ নারসিংহী ভবেদেষা মুদ্রা তৎপ্রীতিবর্দ্ধিনী॥ ২১॥ দক্ষহস্তঞ্চোর্দ্ধমুখং বামহস্তমধোমুখম্। অঙ্গুল্যগ্রন্তু সংযুক্তং মুদ্রা বরাহসংজ্ঞিকা॥ ২২॥ বামস্য মধ্যমাগ্রন্তু তর্জ্জন্যগ্রেণ যোজয়েৎ। অনামিকাং কনিষ্ঠাঞ্চ তস্যাঙ্গুষ্ঠেন পীড়য়েৎ। দর্শয়েদ্বামকে স্কন্ধে ধনুর্ম্মুদ্রেয়মীরিতা॥ ২৩॥ দক্ষমুষ্টেস্তু তর্জ্জন্যা দীর্ঘয়া বাণমুদ্রিকা॥ ২৪॥ তলে তলন্তু করয়োস্তির্য্যক্ সংযোজ্য চাঙ্গুলীঃ।

সংহতাঃ প্রসৃতাঃ কুর্য্যান্মুদ্রা পরশুসংজ্ঞিকা॥ ২৫॥ উচ্ছ্রিতাঙ্গুষ্ঠমুষ্টী দ্বে মুদ্রা ত্রৈলোক্যমোহিনী॥ ২৬॥ হস্তৌ তু সম্পুটৌ কৃত্বা প্রসৃতাঙ্গুলিকৌ তথা। তর্জ্জন্যৌ মধ্যমাপৃষ্ঠে অঙ্গুষ্ঠৌ মধ্যমাশ্রিতৌ। কামমুদ্রেয়মুদিতা সর্ব্বদেবপ্রিয়ঙ্করী॥ ২৭॥ উচ্ছ্রিতং দক্ষিণাঙ্গুষ্ঠং বামাঙ্গুষ্ঠেন বেষ্টয়েৎ। বামাঙ্গুলীর্দ্দক্ষিণাভিরঙ্গুলীভিশ্চ বন্ধয়েৎ। লিঙ্গমুদ্রেয়মাখ্যাতা শিবসান্নিধ্যকারিণী॥ ২৮॥ মিথঃ কনিষ্ঠিকে বদ্ধা তর্জ্জনীভ্যামনামিকে। অনামিকোর্দ্ধ-সংশ্লিষ্টদীর্ঘমধ্যময়োরধঃ। অঙ্গুষ্ঠাগ্রদ্বয়ং ন্যস্যেদ্‌যোনিমুদ্রেয়মীরিতা॥ ২৯॥ অঙ্গুষ্ঠতর্জ্জন্যগ্রে তু গ্রথয়িত্বাঙ্গুলিত্রয়ম্। প্রসারয়েদক্ষমালামুদ্রেয়ং পরিকীর্ত্তিতা॥ ৩০॥ অধঃস্থিতো দক্ষহস্তঃ প্রসৃতো বরমুদ্রিকা॥ ৩১॥ ঊর্দ্ধীকৃতো বামহস্তঃ প্রসৃতোঽভয়মুদ্রিকা॥ ৩২॥ মিলিতানামিকাঙ্গুষ্ঠং মধ্যমাগ্রে নিযোজয়েৎ। শ্লিষ্টাঙ্গুল্যুচ্ছ্রিতে কুর্য্যান্মৃগমুদ্রেয়মীরিতা॥ ৩৩॥ পঞ্চাঙ্গুল্যো দক্ষিণাস্তু মিলিতা হ্যূর্দ্ধমুন্নতাঃ। খট্টাঙ্গমুদ্রা বিখ্যাতা শিবস্যাতিপ্রিয়া মতা॥ ৩৪॥ পাত্রবদ্বামহস্তন্তু কৃত্বাঙ্গে বামকে তথা। নিধায়োচ্ছ্রিতবৎ কুর্য্যান্মুদ্রা কাপালিকী মতা॥ ৩৫॥ মুষ্টিঞ্চ শিথিলাং বদ্ধা ঈষদুচ্ছ্রিতমধ্যমাম্। দক্ষিণা-মূৰ্দ্ধমুন্নম্য কর্ণদেশে প্রচালয়েৎ। এষা মুদ্রা ডমরুকা সর্ব্ববিঘ্নবিনাশিনী॥ ৩৬॥ ঋজ্বীঞ্চ মধ্যমাং কৃত্বা তর্জ্জনীমধ্যপর্ব্বণি। সংযোজ্যাকুঞ্চয়েৎ কিঞ্চিন্মুদ্রৈষাঙ্কুশসংজ্ঞিকা॥ ৩৭॥ তর্জ্জনী মধ্যমানামাকনিষ্ঠাঙ্গুষ্ঠমুষ্টিকা। অধোমুখী দীর্ঘরূপা মধ্যমা বিঘ্নমুদ্রিকা॥ ৩৮॥ কনিষ্ঠানামিকে বদ্ধা স্বাঙ্গুষ্ঠেনৈব দক্ষতঃ। শ্লিষ্টাঙ্গুলী তু প্রসৃতে সংশ্লিষ্টে খড়্গমুদ্রিকা॥ ৩৯॥ বামহস্তং তথা তির্য্যক্‌কৃত্বা চৈব প্রসার্য্য চ। আকুঞ্চিতাঙ্গুলীঃ কুর্য্যাচ্চর্ম্মমুদ্রেয়মীরিতা॥ ৪০॥ কনিষ্ঠাঙ্গুষ্ঠকৌ সক্তৌ করয়োরিতরেতরম্। তর্জ্জনী-মধ্যমানামাঃ সংহতা ভুগ্নবর্জ্জিতাঃ। মুদ্রৈষা গালিনী প্রোক্তা শঙ্খস্যোপরিচালিতা॥ ৪১॥ প্রসৃতাঙ্গুলিকৌ হস্তৌ মিথঃ শ্লিষ্টৌ চ সম্মুখৌ। কুর্য্যাৎ স্বে হৃদয়ে সেয়ং মুদ্রা প্রার্থনসংজ্ঞিকা॥ ৪২॥ অধোমুখে বামহস্তে ঊর্দ্ধাস্যং দক্ষহস্তকম্। ক্ষিপ্তাঙ্গুলীরঙ্গুলীভিঃ সংগ্রথ্য পরিবর্ত্তয়েৎ। এষা সংহারমুদ্রা স্যাদ্বিসর্জ্জনবিধৌ স্মৃতা॥ ৪৩॥ দক্ষপাণিপৃষ্ঠদেশে বামপাণিতলং ন্যসেৎ। অঙ্গুষ্ঠৌ চালয়েৎ সম্যক্ মুদ্রেয়ং মৎস্যরূপিণী॥ ৪৪॥ বামহস্তস্য তর্জ্জন্যাং দক্ষিণস্য কনিষ্ঠয়া। তথা দক্ষিণতর্জ্জন্যাং বামাঙ্গুষ্ঠেন যোজয়েৎ॥ উন্নতং দক্ষিণাঙ্গুষ্ঠং বামস্য মধ্যমাদিকাঃ। অঙ্গুলীর্যোজয়েৎ পৃষ্ঠে দক্ষিণস্য করস্য চ॥ বামস্য পিতৃতীর্থেন মধ্যমানামিকে তথা। অধোমুখে চ তে কুর্য্যাদ্দক্ষিণস্য করস্য চ॥ কূর্ম্মপৃষ্ঠসমং কুর্য্যাদ্দক্ষপাণিঞ্চ সর্ব্বতঃ। কূর্ম্মমুদ্রেয়মাখ্যাতা দেবতাধ্যানকর্ম্মণি॥ ৪৫॥ তর্জ্জনীমধ্যমানামাঃ সমং কুর্য্যাদধোমুখম্। অনামায়াং ক্ষিপেদ্বৃদ্ধা-

মৃদ্বীং কৃত্বা কনিষ্ঠিকাম্। লেলিহা নাম মুদ্রেয়ং জীবন্যাসে প্রকীর্ত্তিতা॥ ৪৬॥ মধ্যমাতর্জ্জনীভ্যাঞ্চ কনিষ্ঠানামিকে সমে। অঙ্কুশাকাররূপাভ্যাং মধ্যমে পরমে-শ্বরি॥ অঙ্গুষ্ঠৌ তু নিযুঞ্জীত কনিষ্ঠানামিকোপরি। ইয়মাকর্ষণী মুদ্রা ত্রৈলোক্যা-কর্ষণী পরা॥ ৪৭॥ সব্যং দক্ষিণদেশে তু সব্যদেশে তু দক্ষিণম্। বাহুং কৃত্বা মহাদেবি হস্তৌ সম্পরিবর্ত্ত্য চ॥ কনিষ্ঠেঽনামিকে দেবি যুক্তে তেন ক্রমেণ চ। তর্জ্জনীভ্যাং সমাক্রান্তে সর্ব্বোর্দ্ধমপি মধ্যমে॥ অঙ্গুষ্ঠৌ তু মহেশানি সরলাবপি কারয়েৎ। ইয়ং সা খেচরী নাম্না পার্থিবস্থানযোজিতা॥ ৪৮॥ মধ্যমে কুটিলে কৃত্বা তর্জ্জন্যুপরিসংস্থিতে। অনামিকে মধ্যগতে তথৈব হি কনিষ্ঠিকে॥ সর্ব্বা-একত্র সংযোজ্যা অঙ্গুষ্ঠপরিপীড়িতাঃ। এষা তু পরমা মুদ্রা যোনিমুদ্রেয়মীরিতা॥ ৪৯॥ বদ্ধা তু যোনিমুদ্রাং বৈ মধ্যমে কুটিলে কুরু। অঙ্গুষ্ঠেন তদগ্রে তু মুদ্রেয়ং ভূতিনী মতা॥ ৫০॥

আবাহনীমুদ্রা—উভয়হস্তের অঙ্গুলি যোজনা করিয়া উভয় হাতের অনা-মিকার মূলপর্ব্বে অঙ্গুষ্ঠদ্বয় আবদ্ধ করিলে আবাহনীমুদ্রা হয়॥ ১॥

স্থাপনীমুদ্রা—উক্ত আবাহনীমুদ্রাকৃত উভয় হস্তাঞ্জলি অধোমুখ করিলেই স্থাপনীমুদ্রা হয়॥ ২॥

সন্নিধাপনীমুদ্রা—উভয়হস্ত মুষ্টিবদ্ধ করিয়া অঙ্গুষ্ঠদ্বয় উন্নত করিয়া সংযুক্ত করিলে সন্নিধাপনীমুদ্রা হয়॥ ৩॥

সংবোধনীমুদ্রা—উভয়হস্তের অঙ্গুষ্ঠদ্বয় অন্তঃপ্রবিষ্ট করিয়া উভয় হস্ত মুষ্টিবদ্ধ করিলেই সংবোধনীমুদ্রা হয়॥ ৪॥

সম্মুখীকরণীমুদ্রা—সংবোধনীমুদ্রাকৃত মুষ্টিদ্বয় চিৎ করিলে তাহাকে সম্মুখী-করণীমুদ্রা কহে॥ ৫॥

সকলীকরণমুদ্রা—দেবতার অঙ্গে ষড়ঙ্গন্যাসকে সকলীকরণমুদ্রা বলে॥ ৬॥

অবগুণ্ঠনমুদ্রা—বামহস্তে মুষ্টিবন্ধনপূর্ব্বক তর্জ্জনীকে দীর্ঘভাবে প্রসারিত করিয়া অধোমুখে ভ্রামিত করিলে অবগুণ্ঠনমুদ্রা হয়॥ ৭॥

ধেনুমুদ্রা—উভয়হস্তের অঙ্গুলি সকলকে পরস্পরের সন্ধিমধ্যগত করিয়া কনিষ্ঠার সহিত অনামিকার যোগ করিবে, ঐরূপ তর্জ্জনীর অগ্রভাগের সহিত মধ্যমার অগ্রভাগ সংযুক্ত করিবে, ইহারই নাম ধেনুমুদ্রা, সাধক ইহা দ্বারা অমৃতীকরণ করিবে॥ ৮॥

পরমীকরণমুদ্রা—উভয় হস্তের অঙ্গুলিদ্বয়কে পরস্পর গ্রথিত করিয়া অপর অঙ্গুলিসকল প্রসারিত করিলে মহামুদ্রা হয়, ইহা দ্বারা পরমীকরণ করিবে॥ ৯॥

শঙ্খমুদ্রা—দক্ষিণহস্তের মুষ্টিদ্বারা বামহস্তের অঙ্গুষ্ঠ গ্রহণ করিয়া ঐ মুষ্টি চিৎ করিয়া রাখিবে ও দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠ প্রসারিত করিবে। পরে বাম-হস্তের সমস্ত অঙ্গুলি পরস্পরে সংযুক্ত করিয়া, প্রসারণপূর্ব্বক দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠাঙ্গুলিতে মিলিত করিবে। এই মুদ্রার নাম শঙ্খমুদ্রা॥ ১০॥

চক্রমুদ্রা—অঙ্গুলিসকল সন্নত ও প্রোথিতভাবে বিন্যস্ত করিয়া হস্তদ্বয় পরস্পর সম্মুখীন করিবে। পরে অঙ্গুষ্ঠদ্বয় করতলে মিলিত করিয়া ও কনিষ্ঠাঙ্গুলিদ্বয় প্রসারিত ও বক্রভাবে সংলগ্ন করিলে চক্রমুদ্রা হয়॥ ১১॥

গদামুদ্রা—উভয় হস্ত পরস্পর সম্মুখে রাখিয়া অন্যান্য সমস্ত অঙ্গুলি গ্রথিত করিবে এবং মধ্যমাদ্বয় সংলগ্ন করিয়া প্রসারিত করিলে গদামুদ্রা হয়॥ ১২॥

পদ্মমুদ্রা—উভয় হস্ত সম্মুখীন করিয়া অঙ্গুলিসকল সন্নতভাবে প্রোথিত করতঃ অঙ্গুষ্ঠদ্বয় হস্ততলে মিলিত করিয়া রাখিলে পদ্মমুদ্রা হয়॥ ১৩॥

বেণুমুদ্রা—বামহস্তের অঙ্গুষ্ঠ ওষ্ঠে সংযুক্ত করিয়া বামকনিষ্ঠা দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠাতে সংলগ্ন করিবে, পরে দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠসংযুক্ত কনিষ্ঠাকে প্রসারিত করিয়া তর্জ্জনী, মধ্যমা ও অনামিকা এই অঙ্গুলিত্রয়কে কিঞ্চিৎ সঙ্কুচিত করতঃ পরিচালিত করিবে, ইহাকে বেণুমুদ্রা বলে॥ ১৪॥

শ্রীবৎসমুদ্রা—উন্নতহস্তের পৃষ্ঠদেশ বিপর্য্যস্তভাবে সংলগ্ন করিয়া দক্ষিণহস্তের মধ্যমা ও অনামিকা বামহস্তের অঙ্গুষ্ঠদ্বারা বামহস্তের মধ্যমা ও অনামিকাকে দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠদ্বারা আবদ্ধ করিয়া, তর্জ্জনীদ্বয়কে কনিষ্ঠামূলে সংস্থাপিত করিলে শ্রীবৎসমুদ্রা হয়॥ ১৫॥

কৌস্তভমুদ্রা—দক্ষিণহস্তের কনিষ্ঠা অঙ্গুলিকে দক্ষিণ-অনামিকার পৃষ্ঠদেশে সংলগ্ন করিয়া রাখিবে, পরে বামহস্তের কনিষ্ঠাদ্বারা দক্ষিণহস্তের তর্জ্জনী আবদ্ধ করিয়া, বামহস্তের অনামিকা দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠমূলে সংলগ্ন করিবে এবং বাম-হস্তের অঙ্গুষ্ঠ ও মধ্যমা সরলভাবে সঙ্কোচিত করিয়া অপর চারি অঙ্গুলি পরস্পর অগ্রভাগে সংযুক্ত করিলে তাহাকে কৌস্তভমুদ্রা বলে॥ ১৬॥

বনমালামুদ্রা—উভয়হস্তের অঙ্গুষ্ঠ ও তর্জ্জনী পৃথক পৃথক্ সংযুক্ত করিয়া কণ্ঠ হইতে পাদ পর্য্যন্ত স্পর্শ করিয়া করদ্বয় মালাবৎ করিলেই বনমালামুদ্রা হয়॥ ১৭॥

জ্ঞানমুদ্রা—দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর অগ্রভাগ সংযুক্ত করিয়া হৃদয় প্রদেশে বিন্যস্ত করিবে এবং বামহস্ত বামজানুর উপর স্থাপন করিলে জ্ঞানমুদ্রা হয়॥ ১৮॥

বিল্বমুদ্রা—বামহস্তের অঙ্গুষ্ঠকে দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠদ্বারা আবদ্ধ করিয়া তাহার অগ্রভাগ দক্ষিণহস্তের অন্যান্য অঙ্গুলিদ্বারা পীড়িত করিবে এবং দক্ষিণহস্তের অঙ্গুলিসকল বামহস্তের অঙ্গুলিদ্বারা আবদ্ধ করিয়া কামবীজ উচ্চারণপূর্ব্বক হস্ত-দ্বয় হৃদয়ে স্থাপন করিলে, উহাকে বিল্বমুদ্রা বলে॥ ১৯॥

গরুড়মুদ্রা—একহস্তের পৃষ্ঠদেশে অন্য হস্ত বিপরীতভাবে স্থাপন করিয়া কনিষ্ঠার সহিত কনিষ্ঠা, তর্জ্জনীর সহিত তর্জ্জনী, অঙ্গুষ্ঠার সহিত অঙ্গুষ্ঠা গ্রথিত করিবে। এবং মধ্যমা ও অনামিকাদ্বয় পক্ষদ্বয়ের ন্যায় পরিচালিত করিলে গরুড়মুদ্রা হয়॥ ২০॥

নারসিংহীমুদ্রা—জানুমধ্যে করদ্বয় সংস্থাপন করিয়া চিবুক ও ওষ্ঠ সমভাবে রাখিবে এবং হস্তদ্বয় ভূমিসংলগ্ন করতঃ কম্পান্বিত কলেবরে মুখ বিবৃত করিয়া ও জিহ্বা বহির্গত করিয়া বারম্বার পরিচালিত করিলে নারসিংহীমুদ্রা হয়॥ ২১॥

বারাহীমুদ্রা—দক্ষিণহস্ত ঊর্দ্ধমুখে এবং বামহস্ত অধোমুখে স্থাপন করিয়া উভয় হস্তের অঙ্গুলির অগ্রভাগ পরস্পর সংযুক্ত করিলে বারাহীমুদ্রা হয়॥ ২২॥

ধনুর্মুদ্রা—বামহস্তের মধ্যমার অগ্রভাগ দক্ষিণহস্তের তর্জ্জনীর অগ্রভাগের দ্বারা সংযোজিত করিয়া সেই হস্তের অঙ্গুষ্ঠদ্বারা অনামিকা ও কনিষ্ঠাকে নিপীড়িত করতঃ বামস্কন্ধ স্পর্শ করিলে ধনুর্মুদ্রা হয়॥ ২৩॥

বাণমুদ্রা—দক্ষিণহস্ত মুষ্টিবদ্ধ করিয়া তর্জ্জনীকে দীর্ঘভাবে প্রসারিত করিলে বাণমুদ্রা হয়॥ ২৪॥

পরশুমুদ্রা—করতলে করতল সন্নিবেশিত করিয়া স্ব স্ব অঙ্গুলিসকল যতদূর ব্যবধান করিতে পারা যায়, ততদূর ব্যবধান করিয়া মিলিত ও প্রসারিত করিলে পরশুমুদ্রা হয়॥ ২৫॥

ত্রৈলোক্যমোহিনী মুদ্রা—উভয় হস্ত মুষ্টিবদ্ধ করিয়া অঙ্গুষ্ঠদ্বয় ঊর্দ্ধে প্রসারিত করিলে ত্রৈলোক্যমোহিনী মুদ্রা হয়॥ ২৬॥

কামমুদ্রা—হস্তদ্বয় পরস্পর সম্মুখীন করিয়া অঙ্গুষ্ঠদ্বয় প্রসারিত করিবে, তৎপরে তর্জ্জনীদ্বয় মধ্যমার পৃষ্ঠদেশে সংলগ্ন করতঃ অঙ্গুষ্ঠদ্বয় মধ্যমাতে সংযোজিত করিলে কামমুদ্রা হয়॥ ২৭॥

লিঙ্গমুদ্রা—দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠকে উন্নত করিয়া বাম অঙ্গুষ্ঠ দ্বারা বেষ্টন করিবে; পরে বামহস্তের অঙ্গুলিসকলকে দক্ষিণহস্তের সমুদয় অঙ্গুলিদ্বারা আবদ্ধ করিলে লিঙ্গমুদ্রা হয়॥ ২৮॥

যোনিমুদ্রা—উভয়হস্তের কনিষ্ঠাদ্বয় পরস্পর বন্ধন করিয়া দক্ষিণহস্তের

তর্জ্জনীদ্বারা বাম অনামিকা এবং বাম তর্জ্জনীদ্বারা দক্ষিণ অনামিকা বদ্ধ করিবে, পরে অনামিকাদ্বয়ের অগ্রভাগ সংশ্লিষ্ট করিয়া মধ্যমাদ্বয় প্রসারিত করিয়া সেই মধ্যমাদ্বয়ের মূলে অঙ্গুষ্ঠদ্বয় সংলগ্ন করিলে যোনিমুদ্রা হয়॥ ২৯॥

অক্ষমালামুদ্রা—দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠদ্বারা তর্জ্জনীকে গ্রথিত করিয়া অবশিষ্ট অঙ্গুলিত্রয় প্রসারিত করিলে অক্ষমালামুদ্রা হয়॥ ৩০॥

বরমুদ্রা—দক্ষিণহস্তের সমস্ত অঙ্গুলি প্রসারিত করিয়া অধোমুখ করিলে বরমুদ্রা হয়॥ ৩১॥

অভয়মুদ্রা—বামহস্তের অঙ্গুলি সকল প্রসারিত করিয়া উর্দ্ধীকৃত করিলে অভয়মুদ্রা হয়॥ ৩২॥

মৃগমুদ্রা—অনামিকা এবং অঙ্গুষ্ঠ মিলিত করিয়া মধ্যমার অগ্রে সংযুক্ত করিবে, অবশিষ্ট সমস্ত অঙ্গুলি সংযুক্ত করিয়া উন্নত করিলে মৃগমুদ্রা হয়॥ ৩৩॥

খট্টাঙ্গমুদ্রা—দক্ষিণহস্তের পঞ্চাঙ্গুলি উর্দ্ধমুখে প্রসারিত করিয়া মিলিত করিলে খট্টাঙ্গমুদ্রা হয়॥ ৩৪॥

কাপালিকীমুদ্রা—বামহস্ত পাত্রবৎ করিয়া বামাঙ্গে বিন্যাস করতঃ উত্তান-ভাবে রাখিলে কাপালিকীমুদ্রা হয়॥ ৩৫॥

ডমরুমুদ্রা—দক্ষিণহস্ত শিথিলভাবে মুষ্টিবদ্ধ করতঃ মধ্যমাঙ্গুলি কিঞ্চিৎ উন্নত করিয়া, কর্ণদেশে পরিচালিত করিলে ডমরুমুদ্রা হয়॥ ৩৬॥

অঙ্কুশমুদ্রা—মধ্যমাঙ্গুলি সরলভাবে প্রসারিত করিয়া কিঞ্চিৎ সঙ্কোচিত করতঃ তর্জ্জনীর মধ্যপর্ব্বে সংযোজিত করিলে অঙ্কুশমুদ্রা হয়॥ ৩৭॥

বিঘ্নমুদ্রা—তর্জ্জনী, মধ্যমা, অনামিকা, কনিষ্ঠা ও অঙ্গুষ্ঠ এই সমস্ত অঙ্গুলি মুষ্টিবদ্ধ করিয়া মধ্যমাঙ্গুলি অধোমুখে দীর্ঘাকারে প্রসারিত করিলে বিঘ্নমুদ্রা হয়॥ ৩৮॥

খড়্গমুদ্রা—দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠদ্বারা ঐ হস্তের কনিষ্ঠা ও অনামিকা আবদ্ধ করিয়া অবশিষ্ট তর্জ্জনী ও মধ্যমা সংশ্লিষ্ট করতঃ প্রসারিত করিলে খড়্গমুদ্রা হয়॥ ৩৯॥

চর্ম্মমুদ্রা—বামহস্ত বক্রীভূত করিয়া প্রসারিত করতঃ অঙ্গুলিসকল কিঞ্চিৎ আকুঞ্চিত করিবে, ইহার নাম চর্ম্মমুদ্রা॥ ৪০॥

গালিনীমুদ্রা—দক্ষিণহস্তের কনিষ্ঠা বামহস্তের অঙ্গুষ্ঠাতে এবং বামহস্তের কনিষ্ঠা দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠাতে সংযোজিত করিয়া তর্জ্জনী, মধ্যমা ও অনামিকা অঙ্গুলি সরলভাবে মিলিত করিলে গালিনীমুদ্রা হয়॥ ৪১॥

প্রার্থনামুদ্রা—উভয় হস্ত সম্মুখে রাখিয়া অঙ্গুলিসকল পরস্পর মিলিত করতঃ আপন হৃদয়ে সংলগ্ন করিলে প্রার্থনামুদ্রা হয়॥ ৪২॥

সংহারমুদ্রা—বামহস্ত অধোমুখে এবং দক্ষিণহস্ত ঊর্দ্ধমুখে রাখিয়া উভয় হস্তের অঙ্গুলিসকল পরস্পর গ্রথিত করতঃ হস্ত পরিবর্ত্তিত করিলে সংহার-মুদ্রা হয়॥ ৪৩॥

মৎস্যমুদ্রা—দক্ষিণহস্ত অধোমুখে রাখিয়া তাহার পৃষ্ঠদেশে বামপাণিতল সংস্থাপনপূর্ব্বক উভয় অঙ্গুষ্ঠ পরিচালিত করিলে তাহাকে মৎস্যমুদ্রা বলে॥ ৪৪॥

কূর্ম্মমুদ্রা—বামহস্তের তর্জ্জনীতে দক্ষিণহস্তের কনিষ্ঠা এবং দক্ষিণহস্তের তর্জ্জনীতে বামহস্তের অঙ্গুষ্ঠ সংযুক্ত করিয়া দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠ উন্নত ভাবে রাখিবে এবং বামহস্তের মধ্যমা অনামিকা ও কনিষ্ঠা দক্ষিণহস্তের পৃষ্ঠদেশে সংযুক্ত করিবে; পরে বামহস্তের পিতৃতীর্থে—অর্থাৎ তর্জ্জনী ও অঙ্গুষ্ঠের মধ্যভাগে দক্ষিণহস্তের মধ্যমা ও অনামিকা অধোমুখে সংলগ্ন করিবে এবং দক্ষিণহস্তের পৃষ্ঠদেশ কূর্ম্মপৃষ্ঠের ন্যায় উন্নত করিবে, ইহারই নাম কূর্ম্মমুদ্রা॥ ৪৫॥

লেলিহামুদ্রা—তর্জ্জনী, মধ্যমা ও অনামিকা সমভাবে অধোমুখ করিয়া অনামিকাতে বৃদ্ধাঙ্গুলি সংযোগ করতঃ কনিষ্ঠাকে সরলভাবে রাখিবে, এই মুদ্রার নাম লেলিহামুদ্রা॥ ৪৬॥

আকর্ষণীমুদ্রা—মধ্যমা ও তর্জ্জনীকে অঙ্কুশাকার করিয়া কনিষ্ঠা ও অনা-মিকাকে সমভাবে রাখিবে, পরে অঙ্গুষ্ঠদ্বয় অনামিকা ও কনিষ্ঠার উপরিভাগে যোজিত করিয়া তর্জ্জনীদ্বয় অঙ্কুশাকৃতি করিলে আকর্ষণীমুদ্রা হয়॥ ৪৭॥

খেচরীমুদ্রা—বামহস্ত দক্ষিণে এবং দক্ষিণহস্ত বামদিকে স্থাপন করিয়া হস্তদ্বয় পরিবর্ত্তন করতঃ বামহস্তের কনিষ্ঠা ও অনামিকা দক্ষিণহস্তের কনিষ্ঠা ও অনামিকাতে সংযুক্ত করিয়া তর্জ্জনীদ্বয়ে উভয় মধ্যমার ঊর্দ্ধভাগ আক্রমণ-পূর্ব্বক অঙ্গুষ্ঠদ্বয় সরলভাবে স্থাপিত করিলে খেচরীমুদ্রা হয়॥ ৪৮॥

যোনিমুদ্রা—মধ্যমাদ্বয় কুটিলাকৃতি করিয়া তর্জ্জনীর উপরিভাগে স্থাপন করিবে এবং কনিষ্ঠাদ্বয়কে অনামিকার মধ্যগত করতঃ সমস্ত অঙ্গুলি একত্র সংযুক্ত করিয়া অঙ্গুষ্ঠদ্বারা অঙ্গুলিসমুদয়কে পীড়িত করিবে, ইহার নাম যোনি-মুদ্রা॥ ৪৯॥

ভূতিনীমুদ্রা—যোনিমুদ্রা বন্ধন করিয়া মধ্যমাঙ্গুলিদ্বয় বক্র করিবে, ঐ মধ্যমাদ্বয়ের উপরিভাগে অঙ্গুষ্ঠদ্বয় সন্নিবেশিত করিলে ভূতিনীমুদ্রা হয়॥ ৫০॥

ইতি তন্ত্রসার।

হোমবিধি।

পৌরাণিক পূজাদিতে পৌরাণিক বিধানে, তান্ত্রিক ক্রিয়া বা দেবপূজাদিতে তান্ত্রিক বিধানে এবং বিবাহাদি সংস্কার ও ব্রতপ্রতিষ্ঠাকার্য্যে বৈদিক বিধানে হোম করিতে হয়।

হোমের কাষ্ঠ।

আম্রকাষ্ঠ, ক্ষীরিবৃক্ষের কাষ্ঠ, বকুল, চম্পক, নাগকেশর প্রভৃতি পুষ্পবৃক্ষের কাষ্ঠে হোম করিবে। ব্রাহ্মণগণ বিল্ববৃক্ষের কাষ্ঠেই হোম করিবেন, ইহাই ব্রাহ্মণগণের পক্ষে প্রশস্ত। কোন কোন তান্ত্রিক ক্রিয়ায় কুলকাষ্ঠ দ্বারা হোম বিহিত হইয়াছে। ভিজা, অসার, অম্লরসবিশিষ্ট বা কণ্টকপূর্ণ কাষ্ঠাদিতে হোম করিবে না।

পরিমাণজ্ঞান।

পরিমাণের কথা উল্লেখ থাকিলে, সে স্থলে যজমানের হস্তাদির মাপ লইয়া হোমকার্য্য করিতে হইবে। পুরোহিতের হাতের মাপ লইলেও চলিতে পারে। দ্বাদশ অঙ্গুলি মাপকে প্রাদেশ প্রমাণ বলে। দক্ষিণহস্ত কনিষ্ঠাঙ্গুলি ভিন্ন মুষ্টিবদ্ধ করিয়া কনুই হইতে কনিষ্ঠাঙ্গুলির অগ্রভাগকে "অরত্নি" বলে। অঙ্গুলির মাপ উক্ত হইলে অঙ্গুষ্ঠার অধোভাগ দ্বারা মাপিতে হয়। হোমাদি-কার্য্যে মাপের আবশ্যক হইলে অগ্রে কুশা মাপিয়া লইয়া সেই কুশার দ্বারা স্থণ্ডিলাদি মাপিতে হয়।

বেদী, স্থণ্ডিল ও কুণ্ড।

বেদী,—একহস্ত পরিমিত উচ্চ, সমচতুষ্কোণ, দীর্ঘে প্রস্থে চারিহস্ত, পূর্ব্ব ও উত্তরভাগ কিঞ্চিৎ নিম্ন এবং ঊর্দ্ধদেশে চন্দ্রাতপাদি আচ্ছাদিত গোময়াদিতে পরিলিপ্ত পরিষ্কৃত ও পবিত্র স্থানকে বেদী বলে।

স্থণ্ডিল,—কেষ-তুষাঙ্গারাদিরহিত সম-চতুর্হস্তপরিমিত বালুকা-ব্যাপ্ত স্থানকে স্থণ্ডিল বলে।

কুণ্ড,—ভূমিতে মেখলাযোনি-আদি বিশিষ্ট মনোহর গর্ত্তের নাম কুণ্ড।

তন্ত্রে আট প্রকার কুণ্ডের উল্লেখ আছে, যথা—চতুরস্রকুণ্ড, যোনিকুণ্ড, অর্দ্ধচন্দ্রকুণ্ড, ত্র্যস্রকুণ্ড, বর্ত্তুলকুণ্ড, ষড়স্রকুণ্ড, পদ্মকুণ্ড ও অষ্টাস্রকুণ্ড। চতুরস্র কুণ্ডেই প্রায় সমস্ত কার্য্য সম্পন্ন হয়,—দেবপূজার হোমাদিতে এই কুণ্ডই প্রশস্ত। চতুর্দ্দিকে একহস্ত পরিমিত ভূমিতে কুশাপাত করিয়া সমচতুরস্ররূপে খনিত কুণ্ডের নামই চতুরস্রকুণ্ড।

হোমের অগ্নি।

পাষাণভবমগ্নিঞ্চ যদিবারণিসম্ভবম্। শ্রোত্রিয়াণাং গেহজঞ্চ বনস্থং বাথবা হরেৎ॥ নিরগ্নিব্রাহ্মণাল্লব্ধো হ্যর্দ্ধলাভকরো ভবেৎ। ক্ষত্রবন্ধোশ্চতুর্থাংশং ফলং দদ্যাদ্ধুতাশনঃ॥ বৈশ্যাচ্ছূদ্রাচ্চ বিফলং জায়তে হোমকর্ম্মণি। তস্মাৎ সর্ব্ব-প্রযত্নেন বহ্নিমুক্তং সমাহরেৎ॥ ইতি গৌতমীয়ে।

পাষাণসম্ভূত, অরণিজাত, অরণ্যস্থিত অথবা ব্রাহ্মণগৃহস্থিত অগ্নি আনয়ন করিয়া তাহাতে হোম করিবে। হোমকার্য্যে সাগ্নিক ব্রাহ্মণের নিকট হইতে অগ্নি গ্রহণ করিবে। নিরগ্নি-ব্রাহ্মণের নিকট অগ্নি গ্রহণ করিলে হোমের অর্দ্ধ ফল হয়। ক্ষত্রিয়ের নিকট অগ্নি গ্রহণ করিয়া তাহাতে হোম করিলে চতুর্থাংশ এবং বৈশ্যের নিকট কিম্বা শূদ্রের নিকট অগ্নি গ্রহণ করিয়া হোম করিলে, সেই হোম নিষ্ফল হয়। অতএব সর্ব্বপ্রযত্নে বিধিবিহিত অগ্নি গ্রহণ-পূর্ব্বক হোম করিবে।

পতিতাগ্নি, শবসম্বন্ধীয় অগ্নি ও দীপ হইতে গৃহীত অগ্নি গ্রহণ করিবে না। কাংস্যপাত্রে অথবা নূতন শরাবে পবিত্র অগ্নি গ্রহণ করতঃ হোম করিবে।

অগ্নির নাম।

লৌকিকে পাবকো হ্যগ্নিঃ প্রথমঃ পরিকীর্ত্তিতঃ। অগ্নেস্তু মারুতো নাম গর্ভাধানে বিধীয়তে॥ পুংসবনে চন্দ্রনামা শুঙ্গাকর্ম্মণি শোভনঃ। সীমন্তে মঙ্গলো নাম প্রগল্ভো জাতকর্ম্মণি॥ নাম্নি স্যাৎ পার্থিবো হ্যগ্নিঃ প্রাশনে চ শুচিস্তথা। সত্যনামাথ চূড়ায়াং ব্রতাদেশে সমুদ্ভবঃ॥ গোদানে সূর্য্যনামা চ কেশান্তে হ্যগ্নিরুচ্যতে। বৈশ্বানরো বিসর্গে তু বিবাহে যোজকঃ স্মৃতঃ॥ চতুর্থ্যান্তু শিখী নাম ধৃতাবগ্নিস্তথাপরে। প্রায়শ্চিত্তে বিধুশ্চৈব পাকযজ্ঞে তু সাহসঃ॥ * লক্ষহোমে চ বহ্নিঃ স্যাৎ কোটিহোমে হুতাশনঃ। পূর্ণাহুত্যাং মৃড়োনাম শান্তিকে বরদস্তথা॥ পৌষ্টিকে বলদশ্চৈব ক্রোধোঽগ্নিশ্চাভিচারিকে। বশ্যার্থে শমনো নাম বরদানেঽভিদূষকঃ॥ কোষ্ঠে তু জঠরো নাম ক্রব্যাদো মৃতভক্ষণে। আহূয় চৈব হোতব্যং যত্র যো বিহিতোঽনলঃ॥ ইতি গৃহ্যপরিশিষ্টং।

কার্য্যবিশেষে অগ্নির পৃথক্ পৃথক্ নামকরণ করিয়া পূজা ও হোম করিতে হয়। যে কার্য্যে অগ্নির যে নামকরণ করিতে হয়, তাহা গৃহ্যপরিশিষ্টে উক্ত হইয়াছে। যথা—

* প্রায়শ্চিত্তে—প্রায়শ্চিত্তাত্মক ব্যাহৃতি-হোমাদিতে, পাকযজ্ঞে—পাকাঙ্গ-হোম বৃষোৎসর্গাদিতে।

লৌকিককর্ম্মে অগ্নির নাম পাবক, গর্ভাধানে মারুত, পুংসবনে চন্দ্র, শুঙ্গা-কর্ম্মে শোভন, সীমন্তোন্নয়নে মঙ্গল, জাতকর্ম্মে প্রগলভ, নামকরণে পার্থিব, অন্নপ্রাশনে শুচি, চূড়াকরণে সত্য, ব্রতাদেশে সমুদ্ভব, গোদানে সূর্য্য, কেশান্তে অগ্নি, সাগ্নিকর্ত্তব্যকর্ম্মে বৈশ্বানর, বিবাহে যোজক, চতুর্থীহোমে শিখী, ধৃতিহোমে অগ্নি, প্রায়শ্চিত্তহোমে বিধু, পাকযজ্ঞে (যাহাতে চরু পাক করিতে হয়, বৃষোৎ-সর্গ গৃহপ্রতিষ্ঠাদিতে) সাহস, লক্ষহোমে বহ্নি, কোটিহোমে হুতাশন, পূর্ণাহুতিতে মৃড়, শান্তিকর্ম্মে বরদ, পৌষ্টিককর্ম্মে বলদ, অভিচারে ক্রোধ, বশ্যকর্ম্মে শমন, বরদানে অভিদূষক, কোষ্ঠে জঠর, মৃতভক্ষণে—অর্থাৎ চিতায় ক্রব্যাদ। যেখানে যে নাম বিহিত হইয়াছে, সে স্থানে অগ্নির সেই নামে আবাহন করিয়া পূজা ও হোম করিবে। ভবদেবভট্ট বিরচিত পদ্ধতিতে সমাবর্ত্তনক্রিয়াতে "তেজ" নামক অগ্নির উল্লেখ আছে।

অগ্নির অঙ্গ।

যত্র কাষ্ঠং তত্র শ্রোত্রং যতো ধূমোঽত্র নাসিকা। যত্রাল্পজ্বলনং নেত্রং যতোঽঙ্গারস্ততঃ শিরঃ। যত্র প্রজ্বলিতা জ্বালা সা জিহ্বা জাতবেদসঃ॥

অগ্নির যেখানে কাষ্ঠ, সেই স্থানে কর্ণ; যেখানে ধূম, সেই স্থানে নাসিকা; যেখানে অল্প অল্প জ্বলিতে থাকে, সেই স্থানে নেত্র; যেখানে অঙ্গার, সেই স্থানে শির এবং যেখানে প্রজ্বলিত অগ্নির শিখা, সেই স্থানে জিহ্বা।

কর্ণহোমে ভবেদ্ব্যাধির্নেত্রেঽন্ধত্বং সমীরিতম্। নাসিকায়াং মনঃপীড়া মস্তকে ধনসংক্ষয়ঃ। জিহ্বায়াঞ্চ কৃতে হোমে সর্ব্বসিদ্ধির্ভবেদ্ ধ্রুবম্॥

অগ্নির কর্ণদেশে হোম করিলে হোমকর্ত্তার ব্যাধি হয়, নেত্রহোমে অন্ধত্ব, নাসিকায় মনঃপীড়া, মস্তকে ধনক্ষয় হয়। জিহ্বায় হোম করিলে সর্ব্বসিদ্ধি লাভ হইয়া থাকে।

তান্ত্রিক হোমের স্থণ্ডিল।

হস্তমাত্রং স্থণ্ডিলং বা সংক্ষিপ্তে হোমকর্ম্মণি। অঙ্গুলোৎসেধসংযুক্তং চতুরস্রং সমন্ততঃ। বালুকাং পাতয়েত্তত্র স্থণ্ডিলস্থানমুত্তমম্। ত্রিকোণমণ্ডলং কৃত্বা মধ্যে বিন্দুসমাহিতম্। ততো হি ত্রিকোণঞ্চৈব ষট্‌কোণং পরিকীর্ত্তয়েৎ। তদ্বহির্বৃত্তমাকুর্য্যাদষ্টদলসমন্বিতম্। চতুর্দ্বারং লিখিত্বা চ বজ্রভূপুরসংযুতম্। স্থণ্ডিলস্য বহির্ভাগে পূর্ব্বাগ্রমুত্তরাগ্রকম্। তিস্রস্তিস্রো রেখাঃ কুর্য্যাদ্ হোম-কার্য্যে যথাবিধি॥

দীর্ঘ ও প্রস্থে হস্তপরিমিত স্থানে বালুকা বিক্ষিপ্ত করিয়া, কুশদ্বারা উহার

মধ্যস্থানে একটী ত্রিকোণমণ্ডল করিয়া, তাহার মধ্যে একটী বিন্দু অঙ্কিত করিবে। পরে ঐ ত্রিকোণমণ্ডলের উপরে আর একটী ত্রিকোণমণ্ডল করিয়া ষট্‌কোণাকার মণ্ডল করিবে। তৎপরে উহার বাহিরে একটী গোলাকার বৃত্ত মণ্ডল করিয়া বেড় দিবে। তদনন্তর ঐ বৃত্তের গাত্রে অষ্টদল পদ্ম অঙ্কিত করিবে। তৎপরে তাহার বাহিরে দুই দুইটী রেখা অঙ্কিত করতঃ প্রান্তস্থানের চারিদিকে দ্বারচতুষ্টয় করিয়া বজ্রভূপুর অঙ্কিত করিবে এবং স্থণ্ডিলের বহির্ভাগে উত্তরাগ্র ও পূর্ব্বাগ্র করিয়া তিন তিনটী রেখা অঙ্কিত করিবে।

তান্ত্রিক সংক্ষেপ হোম।

কুণ্ড অথবা স্থণ্ডিল নির্ম্মাণ করিয়া বীক্ষণাদি সংস্কার করিবে। যথা—মূলমন্ত্রে অবলোকন, "ফট্" এই মন্ত্রে তাড়ন এবং মূলমন্ত্রে প্রোক্ষণ করিয়া "হুং" এই মন্ত্রে পুনরায় অভ্যুক্ষণ করিবে।

তৎপরে মূলমন্ত্র উচ্চারণ পূর্ব্বক "ওঁ কুণ্ডায় নমঃ" এই মন্ত্রে পূজা করিয়া পূর্ব্বাগ্র ও উত্তরাগ্র তিন তিনটী রেখা দিবে। পূর্ব্বাগ্ররেখাত্রয়ে দক্ষিণাদি ক্রমে পূজা করিবে,—ওঁ মুকুন্দায় নমঃ, ওঁ ঈশানায় নমঃ, ওঁ পুরন্দরায় নমঃ। তদনন্তর উত্তরাগ্র-রেখাত্রয়ে,—ওঁ ব্রহ্মণে নমঃ, ওঁ বৈবস্বতায় নমঃ, ওঁ ইন্দবে নমঃ, এই ক্রমে পূজা করিবে। সুন্দরীবিষয়ক হোমে সর্ব্বত্র ষট্‌তারী মন্ত্রে পূজা করিবে। ষট্‌তারী মন্ত্র যথা—ঐঁ হ্রীঁ শ্রীঁ ঐঁ ক্লীং সৌঃ ব্রহ্মণে নমঃ।

তৎপরে কুণ্ডমধ্যে ষট্‌কোণ, তদ্বাহ্যে বৃত্ত প্রভৃতি যাহা অঙ্কিত করা হইয়াছিল, তাহার উপরে মূলমন্ত্রে পাঁচবার পুষ্পাঞ্জলি প্রদান করিবে। সুন্দরী-পক্ষে বালাবীজে পঞ্চ পুষ্পাঞ্জলি দিতে হয়।

অতঃপর "ওঁ" এই মন্ত্রে হোমের দ্রব্য সমুদয় প্রোক্ষণ করিয়া বহ্নির যোগপীঠ পূজা করিবে। যথা—কর্ণিকোপরি—**এতে গন্ধপুষ্পে ওঁ আধার-শক্ত্যাদিপীঠদেবতাভ্যো নমঃ। (এই ক্রমে) অগ্ন্যাদি কোণ চতুষ্টয়ে ধর্ম্মায়, জ্ঞানায়, বৈরাগ্যায়, ঐশ্বর্য্যায়। পূর্ব্বাদিদিক্ চতুষ্টয়ে অধর্ম্মায়, অজ্ঞানায়, অবৈরাগ্যায়, অনৈশ্বর্য্যায়। মধ্যে অনন্তায়, পদ্মায়, অং অর্কমণ্ডলায় দ্বাদশকলাত্মনে, উং সোম-মণ্ডলায় ষোড়শকলাত্মনে, মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে, কেশর ও পূর্ব্বাদিমধ্যে পীতায়ৈ, শ্বেতায়ৈ, অরুণায়ৈ, কৃষ্ণায়ৈ, ধূম্রায়ৈ,**

তীব্রায়ৈ, স্ফুলিঙ্গিন্যৈ, রুচিরায়ৈ, জ্বালিন্যৈ, বং বহ্ন্যাসনায়। আদিতে 'ওঁ' এবং অন্তে 'নমঃ' শব্দ ব্যবহার করিবে।

ওঁ বাগীশ্বরীমৃতুস্নাতাং নীলেন্দীবরলোচনাম্। বাগীশ্বরেণ সংযুক্তাং (ক্রীড়াভাবসমন্বিতাম্)।

এই মন্ত্র পাঠ করিয়া "ওঁ হ্রীং বাগীশ্বরসহিত-বাগীশ্বর্য্যৈ নমঃ" এই মন্ত্রে পঞ্চোপচারে পূজা করিবে।

বিধিবিহিত অগ্নি সংগ্রহ করিয়া মূলমন্ত্র উচ্চারণপূর্ব্বক "বৌষট্" মন্ত্রে অগ্নিকে অভিমন্ত্রিত ও অবলোকন করিবে।

অনন্তর "অস্ত্রায় ফট্" মন্ত্রে আবাহন করিয়া মূলমন্ত্র উচ্চারণপূর্ব্বক "হুঁ ফট্ ক্রব্যাদেভ্যঃ স্বাহা" এই মন্ত্রে ক্রব্যাদাংশ (প্রজ্বলিত অগ্নির কিয়দংশ) পরিত্যাগ করিবে। তৎপরে "ফট্" এই মন্ত্রে বহ্নিরক্ষণ, "হুং" এই মন্ত্রে অবগুণ্ঠন ও "রং" মন্ত্রে ধেনুমুদ্রাদ্বারা অমৃতীকরণ করিয়া দুই-হস্তদ্বারা বহ্নি ধারণ করতঃ কুণ্ডোপরি তিনবার পরিভ্রামণপূর্ব্বক জানুদ্বারা ভূমি স্পর্শ করিয়া বহ্নিকে শিববীজ চিন্তা করিতে করিতে কুণ্ডের মধ্যস্থলে আত্মাভিমুখে স্থাপন করিবে।

তদনন্তর "হ্রীঁ বহ্নিমূর্ত্তয়ে নমঃ" এই মন্ত্রে পূজা করিয়া "বং বহ্নিচৈতন্যায় নমঃ" এই মন্ত্রে বহ্নির চৈতন্য সংযোজন করিয়া,—**ওঁ চিৎপিঙ্গল হন হন দহ দহ পচ পচ সর্ব্বজ্ঞাজ্ঞাপয় স্বাহা ॥** মন্ত্রে গন্ধপুষ্প দিয়া বহ্নি প্রজ্বলিত করিবে। পরে হাত যোড় করিয়া পাঠ করিবে,—

ওঁ অগ্নিং প্রজ্বলিতং বন্দে জাতবেদং হুতাশনম্। সুবর্ণবর্ণমমলং সমিদ্ধং বিশ্বতোমুখম্ ॥ অগ্নে ত্বং অমুকদেবতানামাসি বলিয়া * অগ্নির নামকরণপূর্ব্বক ওঁ বৈশ্বানর জাতবেদ ইহাবহ লোহিতাক্ষ সর্ব্বকর্ম্মাণি সাধয় স্বাহা—এই মন্ত্রে অর্ঘ্যাদি উপচার দ্বারা পূজা করিয়া, "এতে গন্ধপুষ্পে ওঁ অগ্নেৰ্হিরণ্যাদিসপ্ত-জিহ্বাভ্যো নমঃ।" এই ক্রমে "ওঁ সহস্রার্চ্চিষে হৃদয়ায় নমঃ ইত্যাদি অগ্নি ষড়ঙ্গেভ্যো নমঃ, ওঁ অগ্নয়ে জাতবেদসে ইত্যাদ্যষ্টমূর্ত্তিভ্যো নমঃ, তদ্বাহ্যে ওঁ ব্রাহ্ম্যাদ্যষ্টশক্তিভ্যো নমঃ, তদ্বহিঃ ওঁ পদ্মাদ্যষ্টনিধিভ্যো নমঃ, তদ্বাহ্যে ওঁ ইন্দ্রাদি-লোকপালেভ্যো নমঃ, তদ্বাহ্যে ওঁ বজ্রাদ্যস্ত্রেভ্যো নমঃ।"

অতঃপর প্রাদেশ প্রমাণ কুশপত্রদ্বয় (পবিত্র) ঘৃতমধ্যে নিক্ষেপপূর্ব্বক বাম,

---

* অমুকদেবতানামাসি স্থলে যে দেবতার হোম, সেই দেবতার নামই করিতে হইবে। যথা—দক্ষিণকালিকা পূজায় "অগ্নে ত্বং দক্ষিণকালিকানামাসি" বলিতে হইবে।

দক্ষিণ ও মধ্যভাগে ইড়া পিঙ্গলা ও সুষুম্না নাড়ী চিন্তা করতঃ ঘৃতপাত্রের বাম দক্ষিণভাগ হইতে ঘৃত গ্রহণ করিয়া হোম করিবে। প্রথমতঃ স্রুব দ্বারা (কাষ্ঠের হাতা বা কুশিতে করিয়া) আজ্যস্থালীর (ঘৃতপাত্রের) দক্ষিণভাগ হইতে ঘৃত গ্রহণ করিয়া "ওঁ অগ্নয়ে স্বাহা" এই মন্ত্রে অগ্নির দক্ষিণনেত্রে হোম করিবে। ঐরূপ বামভাগ হইতে ঘৃত গ্রহণ করিয়া বামনেত্রে হোম করিবে "ওঁ সোমায় স্বাহা"। মধ্যভাগ হইতে ঘৃত লইয়া অগ্নির ললাটনেত্রে হোম করিবে, "ওঁ অগ্নিসোমাভ্যাং স্বাহা"। পুনরায় 'ওঁ নমঃ' বলিয়া দক্ষিণভাগ হইতে ঘৃত লইয়া—"ওঁ অগ্নয়ে স্বিষ্টিকৃতে স্বাহা" এই মন্ত্রে অগ্নির মুখে হোম করিবে। অনন্তর মহাব্যাহৃতিহোম করিবে—ওঁ ভূঃ স্বাহা, ওঁ ভুবঃ স্বাহা, ওঁ স্বঃ স্বাহা, ওঁ ভূর্ভুবঃ স্বঃ স্বাহা।

অনন্তর "ওঁ বৈশ্বানর জাতবেদ ইহাবহ লোহিতাক্ষ সর্ব্বকর্ম্মাণি সাধয় স্বাহা" এই মন্ত্রে তিনবার হোম করিয়া অগ্নিতে পীঠদেবতাসহ মূলদেবতার পূজা করিয়া ঘৃতদ্বারা মূলমন্ত্রে পঞ্চবিংশতিবার আহুতি দিবে। অনন্তর আত্মার সহিত বহ্নি ও দেবতার একত্ব চিন্তা করিয়া মূলমন্ত্রে একাদশবার আহুতি দিবে। তৎপরে "ওঁ মূলমন্ত্রস্যাঙ্গদেবতাভ্যঃ স্বাহা" এবং "আবরণদেবতাভ্যঃ স্বাহা"—এই মন্ত্রে হোম করিবে। সমর্থ হইলে অঙ্গদেবতার প্রত্যেককে এক এক আহুতিদিবে। তদনন্তর সংকল্প করিয়া বিল্বপত্র দ্বারা হোম করিবে। সংকল্প যথা,—

অদ্যেত্যাদি—অমুকদেবতাপ্রীতিকামঃ অমুকদেবতাপূজাকর্ম্মণি (মূলমন্ত্রোচ্চারণপূর্ব্বক) স্বাহেতি মন্ত্রকরণকাষ্টোত্তরশত (কিম্বা যতটী হইবে) সংখ্যকসাজ্যবিল্বপত্রসমিদ্ভির্হোমমহং করিষ্যে।

তৎপরে একটী একটী করিয়া বিল্বপত্রে ঘৃত মাখাইয়া মূলমন্ত্র উচ্চারণপূর্ব্বক স্বাহান্ত মন্ত্রে একটী একটী আহুতি দিবে। বিল্বপত্র না হইয়া যদি অন্য কোন দ্রব্য দ্বারা হোম করা হয়, তবে তাহারই নামোল্লেখাদি করিবে। অনন্তর মূলমন্ত্রে পূর্ণাহুতি দিয়া পূর্ণপাত্র উৎসর্গ এবং দক্ষিণা করিয়া অগ্নির বিসর্জ্জন ও অচ্ছিদ্রাবধারণ করিবে।

সামবেদীয় সর্ব্বকর্ম্ম-সাধারণীয় বা সামান্য কুশণ্ডিকা।

সমচতুষ্কোণ চতুর্হস্তপ্রমাণ কেশতুষাঙ্গারাদিরহিত গোময়াদি পরিলিপ্ত স্থানে বালুকা ব্যাপ্ত করিয়া কুশাসনে পূর্ব্বাভিমুখী হইয়া উপবেশন করিবে। হোমকার্য্যে মস্তকে উষ্ণীষ বাঁধিতে হয় এবং তিলকাদির দ্বারা কপাল সুশোভিত করিতে হয়। অনন্তর দক্ষিণজানু ভূমিতে পাতিত ও বামজানু উত্থাপিত করিয়া উত্তরদিকে অভ্যুক্ষণার্থ কুশকুসুমসহিত জলপাত্র রক্ষা করিবে। ঐ জলপাত্রের

পশ্চিমে উত্তরাগ্র করিয়া কতিপয় কুশা পাতিয়া বহ্নিস্থাপন পর্য্যন্ত ঐ কুশার প্রাদেশ প্রমাণ একটী কুশা বামহস্তে গ্রহণ করতঃ ঐ হস্ত চিৎভাবে রাখিবে।

অনন্তর দক্ষিণহস্তের অনামিকা ও অঙ্গুষ্ঠ অঙ্গুলিদ্বারা গৃহীত কুশমূলে রেখাকরণ করিবে * যথা,—দ্বাদশাঙ্গুলি প্রমাণ পূর্ব্বমুখী রেখা,—ওঁ রেখেয়ং পৃথ্বীদেবতাকা পীতবর্ণা ॥ ১ ॥ তাহার মূল হইতে একবিংশতি অঙ্গুল প্রমাণ উত্তরমুখী রেখা,—ওঁ রেখেয়ং অগ্নিদেবতাকা লোহিতবর্ণা ॥ ২ ॥ প্রথম রেখা হইতে সপ্তাঙ্গুল অন্তরিত প্রাদেশপ্রমাণ পূর্ব্বাভিমুখী রেখা,—ওঁ রেখেয়ং প্রজাপতি দেবতাকা কৃষ্ণবর্ণা ॥ ৩ ॥ পুনরায় অন্য সপ্তাঙ্গুল অন্তরিত প্রাদেশপ্রমাণ পূর্ব্বাভি-মুখী রেখা,—ওঁ রেখেয়মিন্দ্রদেবতাকা নীলবর্ণা ॥৪॥ তাহা হইতে সপ্তাঙ্গুল অন্তরিত প্রাদেশপ্রমাণ পূর্ব্বাভিমুখী রেখা,—ওঁ রেখেয়ং সোমদেবতাকা শুক্লবর্ণা ॥ ৫ ॥

তদনন্তর ঐ পাঁচটী রেখার মূলদেশ হইতে অঙ্গুষ্ঠ ও অনামিকাদ্বারা কিঞ্চিৎ কিঞ্চিৎ উৎকরস্বরূপ বালুকা লইয়া—"প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্ ছন্দোঽগ্নির্দ্দেবতা উৎকরনিরসনে বিনিয়োগঃ। ওঁ নিরস্তঃ পরাবসুঃ" মন্ত্রে অরত্নিপ্রমাণ দূরস্থানে ঈশানকোণে প্রক্ষেপ করিয়া পূর্ব্বস্থাপিত জলে রেখা অভ্যুক্ষণ করিবে। তৎপরে সন্নিধাপিত অগ্নি হইতে জ্বলদিন্ধন (প্রজ্বলিত কাষ্ঠ) লইয়া পাঠ করিবে।

প্রজাপতির্ঋষিস্ত্রিষ্টুপ্ ছন্দোঽগ্নির্দ্দেবতা অগ্নিসংস্কারে বিনি-যোগঃ। ওঁ ক্রব্যাদমগ্নিং প্র হিণোমি দূরং যমরাজ্যং গচ্ছতু রিপ্রবাহঃ।

* রেখাকরণের পূর্ব্বেই পাতিত বালুকার উপরি দ্বাদশাঙ্গুলি পরিমিত কুশা নৈঋর্তকোণ হইতে পূর্ব্বমুখ করিয়া পাতিত করিবে। তৎপরে একবিংশতি অঙ্গুলি পরিমিত অপর একটী কুশা উত্তরমুখ করিয়া স্থাপন করিবে; তারপরে সপ্ত অঙ্গুলি পরিমিত আর একটী কুশা দ্বিতীয় রেখার চারি অঙ্গুলি উর্দ্ধে প্রথম কুশার গাত্র সংলগ্ন করিয়া উত্তরমুখ করিয়া রাখিবে ও উহার উত্তরসীমা হইতে পূর্ব্বমুখ করিয়া একটী প্রাদেশপ্রমাণ কুশা স্থাপন করিবে। তৎপরে পূর্ব্ব-ক্রমে সাত অঙ্গুলি আর একটী কুশা প্রথম সপ্তাঙ্গুল কুশার উত্তরদিকে উত্তরমুখ করিয়া রাখিবে ও ঐ কুশার উত্তর হইতে পূর্ব্বমুখ করিয়া প্রাদেশপ্রমাণ আর একটী কুশা রাখিবে। তদনন্তর আর একটী সাত অঙ্গুলি কুশা দ্বিতীয় সপ্তাঙ্গুল কুশার উত্তরদিকে উত্তরমুখ করিয়া ও ঐ কুশার উত্তর হইতে পূর্ব্বমুখ করিয়া একটী প্রাদেশপ্রমাণ কুশা রাখিয়া দিবে। এইরূপ করিয়া সাজাইলে রেখাকরণের সময় সেই সেই কুশায়, মাত্র মন্ত্রপাঠপূর্ব্বক রেখা টানিয়া গেলেই সহজ হইবে। কেহ কেহ স্থণ্ডিল প্রস্তুত করিয়া কুশাদ্বারা একেবারে রেখা টানিয়া রাখেন, তৎপরে মন্ত্র পাঠ করিয়া ঐ সকল রেখা স্পষ্টীকৃত করেন।

গৃহীত অগ্নি হইতে ক্রব্যাদাংশ নৈর্ঋতকোণে প্রক্ষেপ করিয়া অবশিষ্ট প্রজ্ব-লিত অগ্নি গ্রহণ করতঃ নিম্নোক্ত মন্ত্র পাঠ করিয়া স্থণ্ডিলের উপরি দক্ষিণাবর্ত্তে ভ্রামণপূর্ব্বক তৃতীয় রেখার উপরি আত্মাভিমুখ করিয়া স্থাপন করিবে। মন্ত্র,—

প্রজাপতির্ঋষির্ব্বৃহতীচ্ছন্দঃ প্রজাপতির্দ্দেবতা অগ্নিস্থাপনে বিনিয়োগঃ॥ ওঁ ভূর্ভুবঃস্বরোম্।

পরে পূর্ব্বস্থাপিত বামহস্ত তুলিয়া করযোড় করিয়া পাঠ করিবে—

প্রজাপতির্ঋষিস্ত্রিষ্টুপ্‌ছন্দোঽগ্নির্দ্দেবতা অগ্নিস্থাপনে বিনি-য়োগঃ। ওঁ ইহৈবায়মিতরো জাতবেদা দেবেভ্যো হব্যং বহতু প্রজানন্। ওঁ সর্ব্বতঃ পাণিপাদান্তঃ সর্ব্বতোঽক্ষিশিরোমুখঃ। বিশ্বরূপো মহানগ্নিঃ প্রণীতঃ সর্ব্বকর্ম্মসু॥ ততঃ ওঁ পিঙ্গভ্রূশ্মশ্রু-কেশাক্ষঃ পীনাঙ্গ-জঠরোঽরুণঃ। ছাগস্থঃ সাক্ষসূত্রোঽগ্নিঃ সপ্তার্চ্চিঃ শক্তিধারকঃ।

এই ধ্যান করিয়া "ওঁ অগ্নে ত্বং অমুকনামাসি" এই বলিয়া অগ্নির যথাবিধি নামকরণ করিয়া পূজা করিবে। অনন্তর প্রাদেশ প্রমাণ ঘৃতাক্ত সমিধ্‌ দ্বারা একটী আহুতি দিয়া ব্রহ্মস্থাপন করিবে। যথা—

পূর্ব্বস্থাপিত জলপাত্র হইতে জলধারা দিয়া অগ্নির উত্তর হইতে দক্ষিণে অর্থাৎ অগ্নিকোণে স্থণ্ডিল হইতে অরত্নিপ্রমাণ দূরদেশে পূর্ব্বমুখে জলধারা দিয়া কতিপয় কুশ তাহার উপরে পূর্ব্বাগ্রভাবে বিস্তৃত করিয়া ব্রহ্মার আসন করিবে। যজমান কর্ত্তৃক বৃত ব্রাহ্মণ ব্রহ্মা হইলে, আসনের পূর্ব্বপার্শ্বে পশ্চিমাভিমুখী হইয়া দাঁড়াইয়া, বামহস্তের অনামিকা ও অঙ্গুষ্ঠ অঙ্গুলিদ্বারা আস্তৃত কুশাসন হইতে একটী কুশা গ্রহণ করিয়া মন্ত্র পাঠ করিবে,—

প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্‌ছন্দোঽগ্নির্দ্দেবতা তৃণনিরসনে বিনি-য়োগঃ। ওঁ নিরস্তঃ পরাবসুঃ।

এই মন্ত্রে কুশা গাছটী দক্ষিণ-পশ্চিমকোণে প্রক্ষেপ করিয়া দক্ষিণহস্তদ্বারা জলস্পর্শপূর্ব্বক বামপাদের উপরি দক্ষিণ পাদ রাখিয়া, উত্তরমুখ হইয়া পূর্ব্ব-স্থাপিত আসন জলদ্বারা অভ্যুক্ষণ করিয়া ব্রাহ্মণ গ্রহণ পূর্ব্বক পাঠ করিবে,—

প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্‌ছন্দোঽগ্নির্দ্দেবতা ব্রহ্মোপবেশনে বিনিয়োগঃ। ওঁ আবসোঃ সদনে সীদ।

এই মন্ত্রে উত্তরাভিমুখে ব্রহ্মস্থাপন করিয়া হোতা কতিপয় কুশা অমন্ত্রক ব্রহ্মাকে দিয়া জলদ্বারা অভ্যুক্ষণ করতঃ "এতৎ কুশপত্রং ওঁ ব্রহ্মণে নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ ব্রহ্মণে নমঃ।" এই ক্রমে অর্চ্চনা করিবে,—ব্রহ্মা "ওঁ সীদামি" বলিবেন। কুশময় ব্রাহ্মণপক্ষে হোতা নিজেই "সীদামি" বলিবেন।

অতঃপর হোতা পূর্ব্বমুখে আপন আসনে উপবিষ্ট হইয়া অযজ্ঞীয় ভাষাদি বলার প্রায়শ্চিত্তস্বরূপ ব্রহ্মা ও হোতা উভয়েই পাঠ করিবেন,—

প্রজাপতির্ঋষির্গায়ত্রীচ্ছন্দো বিষ্ণুর্দ্দেবতা অযজ্ঞীয়বাগ্-বচননিমিত্তজপে বিনিয়োগঃ। ওঁ ইদং বিষ্ণুর্ব্বি চক্রমে ত্রেধা নি দধে পদং। সমূঢ়মস্য পাংসুলে।

কুশময় ব্রাহ্মণ হইলে, কৃতাকৃতাবেক্ষণাদি ব্রহ্মকার্য্যের কর্ত্তৃত্ব কর্ম্মকর্ত্তার আছে বলিয়া হোতাই সমস্ত মন্ত্র পাঠ করিবেন এবং অর্চ্চনার দ্রব্যাদি কুশময় ব্রাহ্মণকে প্রদান করিবেন। ঐ ব্রাহ্মণকে বিস্তৃত দর্ভময় আসনে পূর্ব্বাগ্র করিয়া স্থাপন করিতে হয়।

যদি প্রকৃত কর্ম্মে চরুহোম থাকে, তবে এই সময়ে চরু পাক করিতে হইবে। তজ্জন্য শূর্পে (কুলায়) করিয়া আতপ তণ্ডুল লইয়া দক্ষিণপার্শ্বে একটী কুশার উপরি রাখিয়া, হোমীয় দেবতাগণের উদ্দেশে তৎ তৎ নামে এক এক মুষ্টি চাউল গ্রহণ করিয়া বামহস্তধৃত উদূখলে মুষলদ্বারা আঘাত করিয়া সুপ্রক্ষালন ও প্রস্ফোটন করিবে। তদনন্তর চরুস্থালী লইয়া অগ্নির উপরি মাটির ঝিক্ বা খোঁটা পুতিয়া তাহাতে দুগ্ধের সহিত ঐ চাউল চড়াইয়া দিবে এবং কিঞ্চিৎ ঘৃত প্রক্ষেপ করিয়া জ্বাল দিবে। চরুর মধ্যে একটী উত্তরাগ্র কুশা রাখিয়া দিবে। অনন্তর মেক্ষণদ্বারা ঘুঁটিয়া পাক শেষ হইলে জলদ্বারা অভ্যুক্ষণ করিয়া, কিঞ্চিৎ ঘৃত প্রক্ষেপানন্তর অগ্নির উত্তরদিকে কয়েক গাছি কুশা পাতিয়া তাহার উপরি রাখিয়া দিবে। নামাইবার পূর্ব্বে ও পরে জ্বলন্ত অগ্নিদ্বারা স্থালীমধ্য অবলোকন করিবে।

অনন্তর দক্ষিণ জানু ভূমিতে পাতিত করিয়া, অধোমুখ দক্ষিণহস্তের উপরি অধোমুখ বামহস্ত করিয়া হস্তদ্বয় ভূমিতে রাখিয়া ভূমিজপ মন্ত্র পাঠ করিবে—

পরমেষ্ঠী ঋষিরনুষ্টুপ্ছন্দোঽগ্নির্দ্দেবতা ভূমিজপে বিনি-য়োগঃ। ওঁ ইদং ভূমের্ভজামহ ইদং ভদ্রং সুমঙ্গলং। পরা সপত্নান্ বাধস্বান্যেষাং বিন্দতে ধনম্।

এই মন্ত্র একবার পাঠ করিবে। রাত্রিতে কার্য্য হইলে "ধন" শব্দের স্থলে "বসু" শব্দ পাঠ করিবে।

অনন্তর দক্ষিণহস্তে কতিপয় কুশা গ্রহণ করিয়া অগ্নির উত্তরদিক্ হইতে আরম্ভ করিয়া দক্ষিণাবর্ত্তে নিম্নোক্ত মন্ত্রে তিনবার তৃণাদি মার্জ্জন ও শোধন করিবে।

কৌৎসঋষির্জগতীচ্ছন্দোঽগ্নির্দ্দেবতা পৃষ্ঠস্য ষড়হস্য ষষ্ঠেঽহন্যগ্নিমারুতে শস্তে পরিসমূহনে বিনিয়োগঃ। ওঁ ইমং স্তোমমর্হতে জাতবেদসে রথমিব সং মহেমা মনীষয়া। ভদ্রা হি নঃ প্রমতিরস্য সংসদ্যগ্নে সখ্যে মা রিষামা বয়ং তব॥ ওঁ ভরামেধ্মং কৃণবামা হবীংষি তে চিতয়ন্তঃ পর্ব্বণাপর্ব্বণা বয়ম্। জীবাতবে প্রতরাং সাধয়া ধিয়োঽগ্নে সখ্যে মা রিষামা বয়ং তব॥ ওঁ শকেম ত্বা সমিধং সাধয়া ধিয়স্ত্বে দেবা হবিরদন্ত্যাহুতম্। ত্বমাদিত্যাং আ বহ তান্ হ্য্ শ্মস্যগ্নে সখ্যে মা রিষামা বয়ং তব।

অতঃপর সম্মার্জ্জনী কুশাগুলি ঈশানকোণে নিক্ষেপ করিয়া ছিন্নমূল সমানাগ্র কুশা লইয়া অগ্নির পূর্ব্বোত্তরভাগে তিন গাছা কুশা রাখিয়া তাহার নীচে আবার ঐরূপ তিন গাছা কুশা রাখিয়া উপরিস্থ কুশার মূলদেশ আচ্ছাদন করিবে, এবং পুনরায় আর তিন গাছা কুশা ঐরূপে উপরিস্থ কুশার মূল আচ্ছাদন করিয়া দিবে। তারপরে অগ্নিকোণের উর্দ্ধস্থান হইতে নৈর্ঋতকোণের নিম্নস্থান পর্য্যন্ত পূর্ব্বে যেরূপ দেওয়া হইয়াছে, সেই প্রকারে পূর্ব্বমুখীন করিয়া কুশা প্রদান করিবে। তদনন্তর নৈর্ঋতকোণের ঈষৎ উত্তরে উর্দ্ধ হইতে নিম্নক্রমে তিন তিনগাছা কুশা স্থাপন করিবে। অতঃপর অগ্নির উত্তরাংশে ঈশানকোণস্থিত কুশার মূল আচ্ছাদন করিয়া অধঃক্রমে বায়ুকোণ-পর্য্যন্ত পূর্ব্বোক্ত প্রকারে কুশা সাজাইয়া দিবে। তদনন্তর বিনামন্ত্রে দশদিকে ঘৃতাক্ত স্বস্তিকদান (আতপ তণ্ডুল ক্ষেপণ) করিয়া "প্রজাপতি" দেবতাকে মনে মনে চিন্তা করিয়া কিঞ্চিৎ উত্থিত হইয়া ঘৃতাক্ত বিংশতি কাষ্ঠিকা (হস্তপ্রমাণ সমিধ্) অমন্ত্রক অগ্নিতে আহুতি দিবে।

অনন্তর আস্তৃত কুশা হইতে সাগ্র কুশাদ্বয় গ্রহণ করিয়া অপর একটী কুশাদ্বারা পবিত্র বাঁধিয়া নিম্নলিখিত মন্ত্র পাঠপূর্ব্বক প্রাদেশপ্রমাণ রাখিয়া নখ ব্যতিরেকে ছেদন করিবে। মন্ত্র—**প্রজাপতির্ঋষিঃ পবিত্রে দেবতে পবিত্রচ্ছেদনে বিনিয়োগঃ। ওঁ পবিত্রে স্থো বৈষ্ণব্যৌ।**

পরে ঐ পবিত্র বামহস্তের অঙ্গুষ্ঠ ও অনামিকা অঙ্গুলীদ্বারা ধারণ করিয়া নিম্নলিখিত মন্ত্র পাঠপূর্ব্বক জলদ্বারা অভ্যুক্ষণ করিয়া ঘৃতের পাত্রে উত্তরাগ্র করিয়া স্থাপন করিবে। মন্ত্র—**প্রজাপতির্ঋষিঃ পবিত্রে দেবতে পবিত্রমার্জ্জনে বিনিয়োগঃ। ওঁ বিষ্ণোর্ম্মনসা পূতে স্থঃ।**

অনন্তর সেই ঘৃতপাত্রের উপরি হোমার্থ ঘৃত রাখিয়া, পবিত্রের অগ্রভাগ দক্ষিণহস্তের অনামিকা ও অঙ্গুষ্ঠ দিয়া ধরিবে ও পশ্চাদ্ভাগ বামহস্তের অঙ্গুষ্ঠ ও অনামিকা দ্বারা ধরিয়া পাত্রের উপরি দক্ষিণহস্ত অধোমুখ করিয়া বামহস্ত দক্ষিণহস্তের উপরে দিয়া অধোমুখ করিয়া পাঠ করিবে,—

প্রজাপতির্ঋষির্গায়ত্রীচ্ছন্দ আজ্যং দেবতা আজ্যোৎপবনে বিনিয়োগঃ। ওঁ দেবস্ত্বা সবিতোৎপুনাত্বচ্ছিদ্রেণ পবিত্রেণ বসোঃ সূর্য্যস্য রশ্মিভিঃ স্বাহা।

পবিত্রের মধ্যভাগ দ্বারা ঘৃত আলোড়ন করিয়া ঐরূপ ভাবেই পবিত্র দ্বারা ঘৃত অগ্নিতে আহুতি দিবে এবং আরও দুইবার অমন্ত্রক ঐরূপ ঘৃত অগ্নিতে আহুতি দিবে। তদনন্তর পবিত্র গাছটী বামহস্তে লইয়া দক্ষিণহস্তদ্বারা তাহাতে জলের ছিটা দিবে এবং তৎপরে ঐ পবিত্র দক্ষিণহস্তে লইয়া অগ্নিতে নিক্ষেপ করিবে। তৎপরে ঘৃতপাত্রের তলদেশ জলদ্বারা মার্জ্জনা করিয়া অগ্নি স্পর্শপূর্ব্বক অগ্নির উত্তরদিকে রাখিবে—এইরূপে তিনবার করিয়া আজ্যসংস্কার করিবে। স্রুক্ স্রুব প্রভৃতিও ঐরূপে সংস্কার করিবে। চরুহোম পক্ষে অগ্নির পশ্চিমভাগে চরু আনয়ন পূর্ব্বক কতিপয় আস্তৃত কুশোপরি পূর্ব্বদিকে আজ্য ও পশ্চাদ্ভাগে চরু স্থাপন করিবে।

অনন্তর দক্ষিণজানু ভূমিতে পাতিত করিয়া বামজানু উন্নত রাখিয়া অগ্নির চারিদিক্ ক্রমে উদকাঞ্জলি সেক করিবে। প্রথমে অগ্নির দক্ষিণভাগে নৈঋতকোণ হইতে অগ্নিকোণ পর্য্যন্ত গৃহীত জলাঞ্জলির ধারা দিবে এবং উদকাঞ্জলি গ্রহণ করিয়া পাঠ করিবে,—**প্রজাপতির্ঋষিরদিতির্দ্দেবতা উদকাঞ্জলিসেকে বিনিয়োগঃ। ওঁ অদিতে অনুমন্যস্ব।**

পুনরায় ঐরূপ জলাঞ্জলি লইয়া নিম্নোক্ত মন্ত্র পাঠপূর্ব্বক অগ্নির পশ্চিমে নৈঋতকোণ হইতে বায়ুকোণ পর্য্যন্ত জলধারা দিবে। মন্ত্র,—

প্রজাপতির্ঋষিরনুমতির্দ্দেবতা উদকাঞ্জলিসেকে বিনিয়োগঃ। ওঁ অনুমতে অনুমন্যস্ব।

পুনরপি জলাঞ্জলি লইয়া নিম্নোক্ত মন্ত্র পাঠ পূর্ব্বক অগ্নির উত্তরভাগে বায়ু-কোণ হইতে ঈশানকোণ পর্য্যন্ত জলধারা দিবে। মন্ত্র,—

প্রজাপতির্ঋষিঃ সরস্বতী দেবতা উদকাঞ্জলিসেকে বিনিয়োগঃ। ওঁ সরস্বত্যনুমন্যস্ব।

পুনরপি জলাঞ্জলি গ্রহণ করতঃ নিম্নোক্ত মন্ত্র পাঠপূর্ব্বক দক্ষিণাবর্ত্তে জল ধারায় অগ্নিকে বেষ্টন করিবে। মন্ত্র,—

প্রজাপতির্ঋষিঃ সবিতা দেবতা অগ্নিপর্য্যুক্ষণে বিনিয়োগঃ। ওঁ দেব সবিতঃ প্রসুব যজ্ঞং প্রসুব যজ্ঞপতিং ভগায়। দিব্যো গন্ধর্ব্বঃ কেতপূঃ কেতন্নঃ পুনাতু বাচস্পতির্বাচন্নঃ স্বদতু।

নিম্নলিখিত মন্ত্রাদি (কাম্যকর্ম্মাদির * জন্য কুশণ্ডিকা হইলে) হাতযোড় করিয়া পাঠ করিবে। নচেৎ পাঠ করিতে হইবে না। মন্ত্র,—

ওঁ তপশ্চ তেজশ্চ শ্রদ্ধা চ হ্রীশ্চ সত্যঞ্চাক্রোধশ্চ ত্যাগশ্চ ধৃতিশ্চ ধর্ম্মশ্চ সত্বঞ্চ বাক্ চ মনশ্চ আত্মা চ ব্রহ্ম চ তানি প্রপদ্যে তানি মামবন্তু।

অনন্তর দক্ষিণজানু তুলিয়া উপরি দক্ষিণহস্ত এবং নিম্নে বামহস্ত রাখিয়া ফল, পুষ্প ও কুশা মুট করিয়া ধরিয়া বিরূপাক্ষ জপ করিবে। মন্ত্র,—

পরমেষ্ঠী ঋষিঃ রুদ্ররূপোঽগ্নির্দ্দেবতা বিরূপাক্ষজপে বিনিয়োগঃ। ওঁ ভূর্ভুবঃ স্বরোম্ মহান্তমাত্মানং প্রপদ্যে বিরূপাক্ষোঽসি দন্তাঞ্জিস্তস্য তে শয্যা পর্ণে গৃহা অন্তরিক্ষে বিমিতং হিরণ্ময়ং তদ্দেবানাং হৃদয়ান্যয়স্ময়ে কুম্ভেঽন্তঃ সন্নিহিতানি তানি বলভৃচ্চ বলসাচ্চ রক্ষতোঽপ্রমনী অনিমিষতঃ সত্যং যত্তে দ্বাদশ পুত্রাস্তে ত্বা সংবৎসরে সংবৎসরে কামপ্রেণ যজ্ঞেন যাজয়িত্বা পুনর্ব্রহ্মচর্য্যমুপযন্তি ত্বং দেবেষু ব্রাহ্মণোঽস্যহং মনুষ্যেষু ব্রাহ্মণো বৈ ব্রাহ্মণমুপধাবত্যুপত্বা ধাবামি জপন্তং মা মা প্রতিজাপীর্জ্জুহ্বন্তং মা মা প্রতিহৌষীঃ কুর্ব্বন্তং মা মা প্রতিকার্ষীস্ত্বাং প্রপদ্যে ত্বয়া প্রসূত ইদং কর্ম্ম করিষ্যামি তন্মে রাধ্যতাং তন্মে

* প্রতিষ্ঠাদি কার্য্য কাম্যকর্ম্ম, সংস্কারাদি কার্য্য কাম্য নহে।

নমৃধ্যতাং তস্ম উপপদ্যতাং সমুদ্রো মা বিশ্বব্যচা ব্রহ্মানুজানাতু তুথো মা বিশ্ববেদা ব্রহ্মণঃ পুত্ত্রোঽনুজানাতু শ্বাত্রো মা প্রচেতা মৈত্রাবরুণোঽনুজানাতু তস্মৈ বিরূপাক্ষায় দন্তাঞ্জয়ে সমুদ্রায় বিশ্বব্যচসে তুথায় বিশ্ববেদসে শ্বাত্রায় প্রচেতসে সহস্রাক্ষায় ব্রহ্মণঃ পুত্ত্রায় নমঃ।

জপানন্তর গৃহীত কুশা পূর্ব্বোত্তরদিকে নিক্ষেপ করতঃ ফল পুষ্প ব্রহ্মাকে দিবে। ইতি সামান্য কুশণ্ডিকা।

প্রকৃত কর্ম্ম।

প্রাগুক্ত কুশণ্ডিকা করিয়া প্রকৃত কর্ম্ম আরম্ভ করিবে,—অর্থাৎ যে কার্য্য করিবার উদ্দেশ্যে হোম আরম্ভ করা হইয়াছে, সেই কর্ম্ম, যথা—উপনয়ন, বিবাহ, ব্রত-প্রতিষ্ঠা প্রভৃতি কার্য্যারম্ভ করিবে এবং কুশণ্ডিকায় একজনের একাধিক কার্য্য হইলে তদর্থে প্রথমে একটী প্রাদেশপ্রমাণ ঘৃতাক্ত সমিধ্ অগ্নিতে প্রদান করিয়া মহাব্যাহৃতি হোম করিবে। ঘৃতদ্বারা মহাব্যাহৃতি হোম করিতে হয়।

মহাব্যাহৃতি হোম।——প্রজাপতিঋ্ষির্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দ্দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ ভূঃ স্বাহা। প্রজাপতিঋ্ষিরুষ্ণিকৃছন্দো বায়ুর্দ্দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ ভুবঃ স্বাহা। প্রজাপতিঋ্ষিরনুষ্টুপছন্দঃ সূর্য্যো দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ স্বঃ স্বাহা। * প্রজাপতিঋ্ষির্বৃহতীচ্ছন্দঃ প্রজাপতির্দ্দেবতা ব্যস্ত-সমস্ত-মহাব্যাহৃতি-হোমে বিনিয়োগঃ। ওঁ ভূর্ভুবঃ স্বঃ স্বাহা। *

প্রকৃত কর্ম্মে যদি চরুহোম থাকে, তবে আগে প্রকৃত কর্ম্মোক্ত চরুহোম সমাপন করিয়া উক্ত মহাব্যাহৃতিহোম করিবে।

তারপর প্রকৃত কর্ম্ম (যে কর্ম্ম করিবার উদ্দেশ্যে সর্ব্বকর্ম্মারম্ভ কুশণ্ডিকা করা হইয়াছে সেই কর্ম্ম) করিবে। পরে পুনরায় পূর্ব্বলিখিত মন্ত্রে মহাব্যাহৃতি হোম করিয়া প্রাদেশপ্রমাণ একটী ঘৃতাক্ত সমিধ্ অগ্নিতে আহুতি দিয়া কর্ম্ম সমাপনপূর্ব্বক শাট্যায়নহোমাদি বামদেব্যগানান্ত উদীচ্য কর্ম্ম করিবে।

---

* ব্যস্তসমস্ত মহাব্যাহৃতিহোম চূড়াকরণ, উপনয়ন এবং পাণিগ্রহণ সংস্কারে করিবে। অন্যত্র কেবল মহাব্যাহৃতিহোম করিবে। । * চিহ্ন পর্য্যন্ত মহাব্যাহৃতিহোম।

উদীচ্য কর্ম্ম।

কোশার জলে দক্ষিণহস্ত রাখিয়া সঙ্কল্পবাক্য পাঠ করিবে। যথা,—

ওঁ অদ্যেত্যাদি—অমুককর্ম্মণি যৎ কিঞ্চিদ্বৈগুণ্যং জাতং তদ্দোষপ্রশমনায় শাট্যায়নহোমমহং কুর্ব্বীয়। *

করযোড় করিয়া বলিবে, "অগ্নে ত্বং বিধুনামাসি" এইরূপে অগ্নির 'বিধু' এই নামকরণ করতঃ অগ্নির ধ্যান করিবে। যথা,—

ওঁ পিঙ্গভ্রূশ্মশ্রুকেশাক্ষঃ পীনাঙ্গজঠরোঽরুণঃ।
ছাগস্থঃ সাক্ষসূত্রোঽগ্নিঃ সপ্তার্চ্চিঃ শক্তিধারকঃ॥

বিধুনামাগ্নে ইহাগচ্ছাগচ্ছ—আবাহনপূর্ব্বক পূজা করিবে এবং তদনন্তর একটী ঘৃতাক্ত প্রাদেশপ্রমাণ সমিধ্ অগ্নিতে আহুতি দিয়া পূর্ব্ববৎ মহাব্যাহৃতি হোম করিয়া ঘৃতদ্বারা শাট্যায়ন-হোমরূপ প্রায়শ্চিত্ত হোম করিবে। যথা,—

প্রজাপতির্ঋষিরগ্নির্দ্দেবতা প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ। ওঁ পাহি নোঽগ্ন এনসে স্বাহা। ১। প্রজাপতির্ঋষির্ব্বিশ্বেদেবা দেবতাঃ প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ। ওঁ পাহি নো বিশ্ববেদসে স্বাহা। ২। প্রজাপতির্ঋষির্ব্বিভাবসুর্দ্দেবতা প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ। ওঁ যজ্ঞং পাহি বিভাবসো স্বাহা। ৩। প্রজাপতির্ঋষিঃ শতক্রতুর্দ্দেবতা প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ। ওঁ সর্ব্বং পাহি শতক্রতো স্বাহা। ৪। প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্-ছন্দোঽগ্নির্দ্দেবতা প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ। ওঁ পাহি নো অগ্ন একয়া পাহ্যুত দ্বিতীয়য়া। পাহি গীর্ভিস্তিসৃভিরূর্জ্জা-ম্পতে পাহি চতসৃভির্ব্বসো স্বাহা। ৫। প্রজাপতির্ঋষির্গায়ত্রী-চ্ছন্দোঽগ্নির্দ্দেবতা প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ। ওঁ পুনরূর্জ্জা-

* কোন কোন ব্যক্তি লিখিয়াছেন, ভবদেবে যে শাট্যায়ন হোমের ব্যবস্থা আছে, তাহা ভুল। কিন্তু আদার ব্যাপারীর জাহাজের খবর লওয়াটা ভাল নহে। ভবদেবের পদ্ধতি সর্ব্বত্র প্রামাণ্য—সুতরাং তাহা পরিত্যাগ করা যুক্তিযুক্ত নহে। অধিকন্তু এতকাল যখন ভবদেবের পদ্ধতি দেখিয়া ক্রিয়াকাণ্ড চলিয়া আসিতেছে, তখন তাহাই গ্রহণীয়।

নি বর্ত্তস্ব পুনরগ্ন ইষায়ুষা। পুনর্নঃ পাহ্যংহসঃ স্বাহা। ৬। প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্ছন্দোঽগ্নির্দ্দেবতা প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ। ওঁ সহ রয্যা নি বর্ত্তস্বাগ্নে পিন্বস্ব ধারয়া। বিশ্বপ্স্ন্যা বিশ্বতস্পরি স্বাহা। ৭। প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্ছন্দোঽগ্নির্দ্দেবতা প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ। ওঁ অজ্ঞাতং যদনাজ্ঞাতং যজ্ঞস্য ক্রিয়তে মিথঃ। অগ্নে তদস্য কল্পয় ত্বং হি বেত্থ যথাযথং স্বাহা। ৮। প্রজাপতির্ঋষিঃ পঙ্‌ক্তিশ্ছন্দঃ প্রজাপতির্দ্দেবতা প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ। ওঁ প্রজাপতে ন ত্বদেতান্যন্যো বিশ্বা জাতানি পরি তা বভূব। যৎকামাস্তে জুহুমস্তন্নো অস্তু বয়ং স্যাম পতয়ো রয়ীণাং স্বাহা। ৯।

অনন্তর প্রাদেশপ্রমাণ ঘৃতাক্ত সমিধ্ একটী অগ্নিতে আহুতি দিয়া পূর্ব্ববৎ মহাব্যাহৃতি হোম করিবে।

তদনন্তর নবগ্রহ-হোম করিবে। নবগ্রহ-হোম যথা,—

ওঁ আকৃষ্ণেন রজসা বর্ত্তমানো নিবেশয়ন্নমৃতং মর্ত্ত্যঞ্চ। হিরণ্যয়েন সবিতা রথেনা দেবো যাতি ভুবনানি পশ্যন্ স্বাহা। ১। ওঁ আপ্যায়স্ব সমেতু তে বিশ্বতঃ সোমবৃষ্ণ্যং। ভবা বাজস্য সঙ্গথে স্বাহা। ২। ওঁ অগ্নির্মূর্দ্ধা দিবঃ ককুৎপতিঃ পৃথিব্যা অয়ম্। অপাং রেতাংসি জিন্বতি স্বাহা। ৩। ওঁ অগ্নে বিবস্বদুষসশ্চিত্রং রাধো অমর্ত্ত্য। আ দাশুষে জাতবেদো বহা ত্বমদ্যা দেবাঁ উষর্বুধঃ স্বাহা। ৪। ওঁ বৃহস্পতে পরিদীয়া রথেন রক্ষোহামিত্রাঁ অপবাধমানঃ। প্রভঞ্জন্ৎ সেনাঃ প্রমৃণো যুধা জয়ন্নস্মাকমেধ্যবিতা রথানাং স্বাহা। ৫। ওঁ শুক্রন্তে অন্যদ্ যজতন্তে অন্যদ্বিষুরূপে অহনী দ্যৌরিবাসি। বিশ্বা হি মায়া অবসি স্বধাবন্ ভদ্রা তে পূষন্নিহ রাতিরস্তু স্বাহা। ৬। ওঁ শন্নো দেবীরভিষ্টয়ে শন্নো ভবন্তু পীতয়ে। শং যো-রভিস্রবন্তু নঃ স্বাহা। ৭। ওঁ কয়া নশ্চিত্র-

আ ভুবদূতী সদা বৃধঃ সখা। কয়া শচিষ্ঠয়া বৃতা স্বাহা ৮। ওঁ কেতুং কৃণ্বন্নকেতবে পেশো মর্য্যা অপেশসে। সমুষদ্ভিরজায়থাঃ স্বাহা। ৯।

অনন্তর ইন্দ্রাদিদশদিক্‌পালের হোম করিবে।

ওঁ ইন্দ্রায় স্বাহা। ওঁ অগ্নয়ে স্বাহা। ওঁ যমায় স্বাহা। ওঁ নৈর্ঋতায় স্বাহা। ওঁ বরুণায় স্বাহা। ওঁ বায়বে স্বাহা। ওঁ কুবেরায় স্বাহা। ওঁ ঈশানায় স্বাহা। ওঁ ব্রহ্মণে স্বাহা। ওঁ অনন্তায় স্বাহা।

অতঃপর প্রত্যক্ষ দেবতার হোম করিবে। যথা—

ওঁ নারায়ণায় স্বাহা। ওঁ লক্ষ্ম্যৈ স্বাহা। ওঁ সরস্বত্যৈ স্বাহা। ওঁ ষষ্ঠ্যৈ স্বাহা। ওঁ শীতলায়ৈ স্বাহা। ওঁ মনসায়ৈ স্বাহা। ওঁ গঙ্গায়ৈ স্বাহা।

অনন্তর ঘৃতাক্ত সমিধ্ অগ্নিতে আহুতি দিয়া জানুদ্বয় উত্তোলনপূর্ব্বক উপবেশন করিয়া জলাঞ্জলি গ্রহণ করতঃ অগ্নি পর্য্যুক্ষণ করিবে।

প্রজাপতির্ঋষির্গায়ত্রীচ্ছন্দঃ সবিতা দেবতা অগ্নিপর্য্যুক্ষণে বিনিয়োগঃ। ওঁ দেব সবিতঃ প্রসুব যজ্ঞং প্রসুব যজ্ঞপতিং ভগায়। দিব্যো গন্ধর্ব্বঃ কেতপূঃ কেতন্নঃ পুনাতু বাচস্পতি-র্ব্বাচন্নঃ স্বদতু।

উক্ত মন্ত্র পাঠ করিয়া হস্তস্থিত জলাঞ্জলি দ্বারা দক্ষিণাবর্ত্তে অগ্নি বেষ্টন করিবে। পুনরপি জলাঞ্জলি গ্রহণ করিয়া পাঠ করিবে—

প্রজাপতির্ঋষিরদিতির্দ্দেবতা উদকাঞ্জলিসেকে বিনিয়োগঃ। ওঁ অদিতে অন্বমংস্থাঃ।

উক্ত মন্ত্রে স্থণ্ডিলের দক্ষিণে নৈর্ঋতকোণ হইতে অগ্নিকোণ পর্য্যন্ত গৃহীত জলাঞ্জলির ধারা দিবে। পুনরায় জলাঞ্জলি গ্রহণ করিয়া পাঠ করিবে।

প্রজাপতির্ঋষিরনুমতির্দ্দেবতা উদকাঞ্জলিসেকে বিনিয়োগঃ। ওঁ অনুমতে অন্বমংস্থাঃ।

উক্ত মন্ত্রে স্থণ্ডিলের পশ্চিমে নৈঋর্তকোণ হইতে বায়ুকোণ পর্য্যন্ত গৃহীত জলাঞ্জলির ধারা দিবে। পুনরায় জলাঞ্জলি গ্রহণ পূর্ব্বক পাঠ করিবে,—

প্রজাপতির্ঋষিঃ সরস্বতী দেবতা উদকাঞ্জলিসেকে বিনিয়োগঃ। ওঁ সরস্বত্যন্বমংস্থাঃ।

উক্ত মন্ত্রে গৃহীত জলাঞ্জলি দ্বারা স্থণ্ডিলের উত্তরে বায়ুকোণ হইতে ঈশান-কোণ পর্য্যন্ত জলধারা দিবে।

অনন্তর দর্ভজুটিকা হোম করিবে। তদর্থে কতিপয় প্রাদেশ প্রমাণ আস্তরণ কুশা লইয়া উভয় হস্তে চিৎভাবে মুষ্টিদ্বারা উহা গ্রহণ করিয়া নিম্নমন্ত্র তিন বার পাঠ করিবে এবং ঐ কুশাগুলির অগ্র, মধ্য ও মূল তিন স্থানে ঘৃত লাগাইবে।

প্রজাপতির্ঋষির্ব্বয়োদেবতা দর্ভতৃণাভ্যঞ্জনে বিনিয়োগঃ। ওঁ অক্তুং রিহাণা ব্যন্তু বয়ঃ।

অতঃপর ঐ সমুদয় কুশা বামহস্তে ধরিয়া জলের দ্বারা অভ্যুক্ষণ করতঃ দক্ষিণহস্তে করিয়া নিম্ন মন্ত্র পাঠপূর্ব্বক অগ্নিতে নিক্ষেপ করিবে। মন্ত্র যথা—

প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্ ছন্দো রুদ্রো দেবতা দর্ভজুটিকা-হোমে বিনিয়োগঃ। ওঁ যঃ পশূনামধিপতী রুদ্রস্তন্তিচরো বৃষা। পশূনস্মাকং মা হিংসীরেতদস্তু হুতং তব স্বাহা।

অনন্তর পূর্ণাহুতি দিবে। তদর্থে—

"অগ্নে ত্বং মৃড়নামাসি"—এই মন্ত্রে অগ্নির নামকরণ করিয়া আবাহন ও গন্ধ, মাল্য, বস্ত্র, তাম্বুলাদি দ্বারা অগ্নির অর্চ্চনা করিয়া ফলপুষ্পযুক্ত প্রচুর ঘৃত কুশিতে লইয়া উঠিয়া দাঁড়াইয়া নিম্ন মন্ত্র পাঠপূর্ব্বক আহুতি দিবে। মন্ত্র যথা—

প্রজাপতির্ঋষির্ব্বিরাড়্ গায়ত্রীচ্ছন্দ ইন্দ্রো দেবতা যশ-স্কামস্য যজনীয়প্রয়োগে বিনিয়োগঃ। ওঁ পূর্ণহোমং যশসে জুহোমি যোঽস্মৈ জুহোতি বরমস্মৈ দদাতি বরং বৃণে যশসা ভামি লোকে স্বাহা।

অনন্তর ব্রহ্মদক্ষিণার্থ পূর্ণপাত্র উৎসর্গ করিয়া দিবে। তদর্থে—

এতে গন্ধপুষ্পে পূর্ণপাত্রানুকল্পভোজ্যায় নমঃ * —এইরূপে অর্চ্চনা

* ঠিক পরিমাণ মতে মাপিয়া পূর্ণপাত্র দেওয়া হয় না বলিয়া পূর্ণপাত্রানুকল্প ভোজ্য বলাই যুক্ত।

করিয়া—অদ্যেত্যাদি কৃতৈতৎ অমুককর্ম্মাঙ্গহোমকর্ম্মণি ব্রহ্মকর্ম্ম-প্রতিষ্ঠার্থং দক্ষিণামেতৎ পূর্ণপাত্রানুকল্পভোজ্যং ব্রহ্মণে তুভ্যমহং সম্প্রদদানি।

অনন্তর দক্ষিণান্ত করিয়া "ব্রহ্মন্ ক্ষমস্ব" মন্ত্রে ব্রাহ্মণকে (কুশার ব্রহ্মার গ্রন্থি খুলিয়া) বিসর্জ্জন করিবে। অনন্তর "অগ্নে ত্বং সমুদ্রং গচ্ছ" মন্ত্রে অগ্নিতে জলের ছিটা দিয়া অগ্নি বিসর্জ্জন করিবে এবং অগ্নির ঈশানকোণে দুগ্ধাদি প্রদান করিয়া "ওঁ পৃথ্বি ত্বং শীতলা ভব" পাঠ করিবে।

তদনন্তর স্রুক্ বা স্রুব দ্বারা স্থণ্ডিলের ঈশানকোণ হইতে হুতশেষ মিশ্রিত ভস্ম গ্রহণ করতঃ তিলক প্রস্তুত করিবে এবং অগ্রভাগ নারায়ণশিলায় দান করিয়া নিজে তিলক করিবে ও যজমানকে তিলক দান করিবে। নিম্নলিখিত মন্ত্রে নিম্নলিখিত স্থানসমূহে তিলক দান করিবে। যথা—

ওঁ কশ্যপস্য ত্র্যায়ুষং—(ললাটে)। ওঁ জমদগ্নেস্ত্র্যায়ুষং—(কণ্ঠে)। ওঁ যদ্দেবানাং ত্র্যায়ুষং—(বাহুমূলে)। ওঁ তন্মেঽস্তু ত্র্যায়ুষং—(হৃদয়ে)।

অতঃপর পূর্ব্বাভিমুখে উপবেশন করিয়া মহাবামদেব্যঋষির্ব্বিরাড়্ গায়ত্রী চ্ছন্দঃ"—ইত্যাদি শান্তিমন্ত্রে শান্তি কর্ম্ম করিবে। তৎপরে প্রকৃত কর্ম্মের দক্ষিণান্ত করিয়া অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্য প্রশমন করিবে।

বরণ।

স্বস্তিবাচনাদি করিয়া বরণ করিবে। যজমান পূর্ব্বমুখী এবং ব্রাহ্মণ উত্তর-মুখী হইয়া উপবেশন করিবেন।

হাতযোড় করিয়া যজমান বলিবেন,—"ওঁ সাধু ভবানাস্তাম্"।

ব্রাহ্মণ বলিবেন,—"ওঁ সাধ্বহমাসে"।

যজমান,—"ওঁ অর্চ্চয়িষ্যামো ভবন্তম্"।

ব্রাহ্মণ,—"ওঁ অর্চ্চয়"।

অনন্তর যজমান গন্ধ, পুষ্প, মাল্য, বস্ত্র, আসন, অঙ্গুরীয়ক, তাম্বুলাদি ব্রাহ্মণের হস্তে প্রদান করতঃ ব্রাহ্মণের দক্ষিণ জানুর উপরে দূর্ব্বা, পুষ্প ও আতপতণ্ডুল নিজের দক্ষিণ হস্তদ্বারা ধারণ করিয়া পাঠ করিবেন,—অদ্যেত্যাদি —মৎসংকল্পিত অমুককর্ম্মণি অমুককর্ম্মকরণায় অমুকগোত্রং শ্রীঅমুকদেবশর্ম্মাণং গন্ধাদিভিরভ্যর্চ্চ্য ভবন্তমহং বৃণে।

ব্রাহ্মণ বলিবেন,—"ওঁ বৃতোঽস্মি"।

যজমান বলিবেন,—"ওঁ যথাবিহিতং অমুককর্ম্ম কুরু"।

ব্রাহ্মণ বলিবেন,—"ওঁ যথাজ্ঞানং করবাণি"।

ব্রহ্মা, হোতা, আচার্য্য ও সদস্য এইরূপ ক্রমে বরণ করার পদ্ধতি আছে। "অমুককর্ম্মকরণায়" স্থলে—"ব্রহ্মকর্ম্মকরণায়, হোত্রাদি-কর্ম্মকরণায়, আচার্য্য-কর্ম্মকরণায়, সদস্যকর্ম্মকরণায়" এইরূপ বলিতে হয়।

অধিবাসবিধি।

আচমনাদি করিয়া পূর্ব্ব বা উত্তরমুখ হইয়া স্বস্তিবাচনপূর্ব্বক সঙ্কল্প করিবে,—অদ্যামুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুক-গোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণোঽমুককর্ম্মাঙ্গীভূতগণপত্যাদিনানা-দেবতাপূজাপূর্ব্বকং ষষ্ঠীমার্কণ্ডেয়পূজাপূর্ব্বকশুভগন্ধাধিবাসকর্ম্মাহং করিষ্যামি।

দুর্গোৎসবাদি কার্য্যে দেবতার অধিবাস হইলে ষষ্ঠীমার্কণ্ডেয়ের পূজা নাই এবং সংকল্পের বাক্য ও কার্য্যাদির কিছু পার্থক্য আছে। তাহা তত্তৎ পদ্ধতিতে দেখিবে, তবে প্রশস্তিপাত্রের দ্রব্যাদির মন্ত্র সমস্তই এক।

সংকল্প করিয়া সংকল্পের সূক্তাদি পাঠ করতঃ ঘটস্থাপন করিয়া সামান্যার্ঘ্য স্থাপন পূর্ব্বক গণেশ, শিবাদিপঞ্চদেবতা, আদিত্যাদিনবগ্রহ, ইন্দ্রাদি দশদিক্‌-পাল প্রভৃতি দেবতাগণের পূজা করিয়া ষষ্ঠী ও মার্কণ্ডেয়ের ধ্যান পাঠানন্তর যথাবিধি ষোড়শোপচারে পূজা ও প্রণাম করিবে। তৈল-হরিদ্রা, গুবাক্‌, তাম্বুল লবঙ্গাদি নিবেদন করিয়া দিয়া অধিবাস করিবে। অধিবাসের দ্রব্য ঘটে বা নারায়ণ-শিলায় অগ্রে স্পর্শ করাইবে এবং মাটিতে একবার স্পর্শ করাইয়া তৎপরে যাঁহার অধিবাস, তাঁহার কপালে স্পর্শ করাইয়া প্রশস্তি-পাত্রে রাখিবে। সর্ব্বশেষে প্রশস্তিপাত্র ঐরূপে একবার স্পর্শ করাইবে। প্রশস্তিপাত্রে যে যে দ্রব্য থাকিবে এবং যাহা দিয়া অধিবাস করিতে হইবে, তৎসমুদয় নিম্নে লিখিত হইল। প্রত্যেক দ্রব্যের পৃথক পৃথক্‌ যে মন্ত্র আছে, তাহাও লিখিত হইল।

প্রশস্তিপাত্রবন্দন।

মহী গন্ধঃ শিলা ধান্যং দূর্ব্বা পুষ্পং ফলং দধি। ঘৃতং স্বস্তিকসিন্দুরং শঙ্খ-

কজ্জলরোচনাঃ॥ সিদ্ধার্থং কাঞ্চনং রৌপ্যং তাম্রশ্চামরদর্পণৌ। দীপঃ প্রশস্তি-পাত্রঞ্চ বন্দনীয়ং শুভে দিনে॥

মহী, গন্ধ, শিলা, (নুড়ি), ধান্য, দূর্ব্বা, পুষ্প, ফল, দধি, ঘৃত, স্বস্তিক, সিন্দুর, শঙ্খ, কজ্জল, রোচনা (গোরোচনা অভাবে হরিদ্রা,) সিদ্ধার্থ (শ্বেতসরিষা) কাঞ্চন, রৌপ্য, তাম্র, চামর, দর্পণ, দীপ। (স্থান বিশেষে নিম্নোদ্ধৃত বচনানু-সারে খড়্গাদি দেওয়া হয়,—যজুর্ব্বেদীয়দিগের মধ্যে অনেক স্থলে এই প্রথা দেখা যায়। *

সামবেদীয়-অধিবাসমন্ত্র।

প্রথমে একবার নিম্নোক্ত মন্ত্রে গন্ধদ্বারা অধিবাস করিবার নিয়ম আছে। যথা—

গন্ধ—ওঁ গন্ধদ্বারাং দুরাধর্ষাং নিত্যপুষ্টাং করীষিণীম্। ঈশ্বরীং সর্ব্বভূতানাং ত্বামিহোপ হ্বয়ে শ্রিয়ম্॥ অনেন গন্ধেন অস্য শুভাধিবাসনমস্তু॥ (এইক্রমে)

মহী—ওঁ মহি ত্রীণামবরস্তু দ্যুক্ষং মিত্রস্যার্য্যম্নঃ। দুরাধর্ষং বরুণস্য। অনয়া মহ্যা—পূর্ব্ববৎ।

গন্ধ—ওঁ ভদ্রা ইন্দ্রস্য রাতয়ঃ। যো অস্য কামং বিধতো ন রোষতি মনো দানায় চোদয়ন্॥ ইতি গন্ধেন।

শিলা—ওঁ বি ত্বদাপো ন পর্ব্বতস্য পৃষ্ঠাদুকৃথেভিরগ্নে জনয়ন্ত দেবাঃ। তং ত্বা গিরঃ সুষ্টুতয়ো বাজয়ন্ত্যাজিং ন গির্ব্ববাহো জিগ্যুরশ্বাঃ॥ ইতি শিলয়া।

ধান্য—ওঁ ধানাবন্তং করম্ভিণমপূপবন্তমুক্‌থিনম্। ইন্দ্র প্রাতর্জুষস্ব নঃ॥ ইতি ধান্যেন।

দূর্ব্বা—ওঁ যজ্জায়থা অপূর্ব্ব্য মঘবন্ বৃত্রহত্যায়। তৎ-পৃথিবীমপ্রথয় স্তদস্তভ্না উতো দিবম্॥ ইতি দূর্ব্বয়া।

পুষ্প—ওঁ পবমান ব্যশ্নুহি রশ্মিভির্ব্বাজসাতমঃ। দধৎ স্তোত্রে সুবীর্য্যম্॥ ইতি পুষ্পেণ।

---

* সিদ্ধার্থং কাঞ্চনং রৌপ্যং তাম্রো দীপশ্চ দর্পণম্। খড়্গো বরাহদশনং সুপ্রতিষ্ঠঞ্চ বন্দনম্। এরূপ পাঠও আছে।

ফল—ওঁ ইন্দ্রং নরো নেমধিতা হবন্তে যৎপার্য্যা যুনজতে ধিয়স্তাঃ। শূরো নৃষাতা শ্রবসশ্চ কাম আ গোমতি ব্রজে ভজা ত্বং নঃ॥ ইতি ফলেন।

দধি—ওঁ দধিক্রাব্ণো অকারিষং জিষ্ণোরশ্বস্য বাজিনঃ। সুরভি নো মুখা করৎ প্র ণ আয়ূংষি তারিষৎ॥ ইতি দধ্না।

ঘৃত—ওঁ ঘৃতবতী ভুবনানামভিশ্রিয়োর্ব্বী পৃথ্বী মধুদুঘে সুপেশসা। দ্যাবাপৃথিবী বরুণস্য ধর্ম্মণা বিষ্কভিতে অজরে ভূরিরেতসা॥ ইতি ঘৃতেন।

স্বস্তিক—ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি নঃ পূষা বিশ্ব-বেদাঃ। স্বস্তি নস্তার্ক্ষ্যো অরিষ্টনেমিঃ স্বস্তি নো বৃহস্পতি-র্দ্দধাতু॥ ইতি স্বস্তিকেন।

সিন্দুর—ওঁ সিন্ধোরুচ্ছ্বাসে পতয়ন্তমুক্ষণং হিরণ্যপাবাঃ পশুমপ্সু গৃভ্ণতে॥ ইতি সিন্দুরেণ।

শঙ্খ—ওঁ স সুন্বে যো বসূনাং যো রায়ামানেতা য ইড়া-নাম্। সোমো যঃ সুক্ষিতীনাম্॥ ইতি শঙ্খেন।

কজ্জল—ওঁ অঞ্জতে ব্যঞ্জতে সমঞ্জতে ক্রতুং রিহন্তি মধ্বাভ্যঞ্জতে॥ ইতি কজ্জলেন।

রোচনা—ওঁ অধ জ্মো অধ বা দিবো বৃহতো রোচনাদধি। অয়া বর্দ্ধস্ব তন্বা গিরা মমা জাতা সুক্রতো পৃণ॥ ইতি রোচনয়া।

সিদ্ধার্থ—ওঁ এষো উষা অপূর্ব্ব্যা ব্যুচ্ছতি প্রিয়া দিবঃ। স্তুষে বামশ্বিনা বৃহৎ॥ ইতি সিদ্ধার্থেন।

কাঞ্চন—ওঁ তং গূর্ধয়া স্বর্ণরং দেবাসো দেবমরতিং দধন্বিরে। দেবত্রা হব্যমূহিষে॥ ইতি কাঞ্চনেন।

রৌপ্য—ওঁ যদ্বর্চ্চো হিরণ্যস্য যদ্বা বর্চ্চো গবামুত। সত্যস্য ব্রহ্মণো বর্চ্চস্তেন মা সং সৃজামসি॥ ইতি রৌপ্যেণ।

তাম্র—ওঁ বণ্ মহাং অসি সূর্য্য বড়াদিত্য মহাং আসি। মহস্তে সতো মহিমা পনিষ্টম মহ্না দেব মহাং অসি॥ ইতি তাম্রেণ।

চামর—ওঁ বাত আ বাতু ভেষজং শম্ভু ময়োভু নো হৃদে। প্র ন আয়ূংষি তারিষৎ॥ ইতি চামরেণ।

দর্পণ—ওঁ আদিৎপ্রত্নস্য রেতসো জ্যোতিঃ পশ্যন্তি বাসরম্। পরো যদিধ্যতে দিবি॥ ইতি দর্পণেন।

দীপ—ওঁ আয়ুর্জ্যোতিঃ রবিজ্যোতিঃ। উহো বা এবার্ক-জ্যোতিঃ॥ ইতি দীপেন।

প্রশস্তিপাত্র—ওঁ উগ্বল্লোঁকানরোচয়ঃ। ইমাল্লোঁকানরোচয়ঃ। প্রজাভূতমরোচয়ঃ। বিশ্বভূতমরোচয়ঃ॥ ইতি প্রশস্তিপাত্রেণ।

যজুর্ব্বেদীয়-অধিবাসমন্ত্র।

ক্রিয়াদি সমস্তই পূর্ব্ববৎ কেবল মন্ত্র প্রভেদমাত্র। তবে কয়েকটী দ্রব্যের প্রভেদ দেখা যায়, তাহারও মন্ত্রাদি লিখিত হইল, প্রমাণ পূর্ব্বে উল্লিখিত হইয়াছে।

মহী—ওঁ ভূরসি ভূমিরসীতি (২৯ পৃঃ ২০ পঃ)

গন্ধ—ওঁ গন্ধদ্বারামিত্যাদি (৩০ পৃঃ ১৪ পঃ)

শিলা—ওঁ প্রস্তরেণ পরিধিনা স্রুচা বেদ্যা চ বর্হিষা। ঋচেমং যজ্ঞং নো নয়স্বর্দেবেষু গন্তবে॥

ধান্য—ওঁ ধান্যমসি ধিনুহি দেবানিতি (২৯ পৃঃ ২২ পঃ)

দূর্ব্বা—ওঁ কাণ্ডাৎ কাণ্ডাদিতি (৩০ পৃঃ ৯ পঃ)

পুষ্প—ওঁ শ্রীশ্চ তে লক্ষ্মীশ্চেতি (৩০ পৃঃ ১১ পঃ)

ফল—ওঁ যাঃ ফলিনীরিতি (৩০ পৃঃ ৪ পঃ)

দধি—ওঁ দধিক্রাব্নোঅকারিষমিতি (৯০ পৃঃ ৪ পঃ)

ঘৃত—ওঁ তেজোঽসি শুক্রমস্যমৃতমসি ধামনামাসি। প্রিয়ং দেবানামনাধৃষ্টং দেবযজনমসি।

স্বস্তিক—ওঁ স্বস্তি ন ইতি (৯০ পৃঃ ৯ পঃ `

সিন্দুর—ওঁ সিন্ধোরিবেতি (৩০ পৃঃ ৬ পঃ)

শঙ্খ—ওঁ পুণ্যস্ত্বং শঙ্খ পুণ্যানাং মঙ্গলানাঞ্চ মঙ্গলম্। বিষ্ণুনা বিধৃতো নিত্যমতঃ শান্তিং প্রযচ্ছ মে ॥

কজ্জল—ওঁ সমিদ্ধো অঞ্জন্ কৃদরং মতীনাং ঘৃতমগ্নে মধুমৎ পিন্বমানঃ। বাজী বহন্ বাজিনঞ্জাতবেদো দেবানাং বক্ষি প্রিয়মাসধস্থম্ ॥

রোচনা—ওঁ যুঞ্জন্তি ব্রধ্নমরুষঞ্চরন্তং পরি তস্থুষঃ। রোচন্তে রোচনা দিবি ॥

সিদ্ধার্থ—ওঁ রক্ষোহণো বো বল্‌গহনঃ প্রোক্ষামি বৈষ্ণবান্। রক্ষোহণো বো বল্‌গহনোঽবনয়ামি বৈষ্ণবান্। রক্ষোহণো বো বল্‌গহনোঽবস্তৃণামি বৈষ্ণবান্। রক্ষোহণৌ বাং বল্‌গহনা উপদধামি বৈষ্ণবী। রক্ষোহণৌ বাং বল্‌গহনৌ পর্য্যূহামি বৈষ্ণবী। বৈষ্ণবমসি। বৈষ্ণবাঃ স্থ ॥

কাঞ্চন—ওঁ স্বর্ণঘর্ম্মঃ স্বাহা স্বর্ণার্কঃ স্বাহা স্বর্ণশুক্রঃ স্বাহা স্বর্ণজ্যোতিঃ স্বাহা স্বর্ণসূর্য্যঃ স্বাহা ॥

রৌপ্য—ওঁ অক্ষরপঙ্‌ক্তিচ্ছন্দঃ পদপঙ্‌ক্তিচ্ছন্দঃ ক্ষুরোবব্রজচ্ছন্দঃ আচ্ছন্দঃ প্রচ্ছন্দঃ সংচ্ছন্দো বিয়চ্ছন্দঃ ॥

তাম্র—ওঁ অসৌ যস্তাম্রো অরুণ উত বভ্রুঃ সুমঙ্গলঃ। যে চৈনং রুদ্রা অভিতো দিক্ষু শ্রিতাঃ সহস্রশোঽবৈষাং হেড় ঈমহে ॥

দীপ—ওঁ মনোজূতি র্জুষতামাজ্যস্য বৃহস্পতির্যজ্ঞমিমং তনোতু। অরিষ্টং যজ্ঞং সমিমং দধাতু বিশ্বেদেবাস ইহ মাদয়ন্তামোম্প্রতিষ্ঠ ॥

দর্পণ—ওঁ আ কৃষ্ণেন রজসা বর্ত্তমানো নিবেশয়ন্নমৃতং মর্ত্ত্যঞ্চ। হিরণ্যয়েন সবিতা রথেনা দেবো যাতি ভুবনানি পশ্যন্ ॥

খড়্গ—ওঁ অসির্ব্বিশসনঃ খড়্গস্তীক্ষ্ণধারো দুরাসদঃ। শ্রীগর্ভো বিজয়শ্চৈব ধর্ম্মপাল নমোঽস্তু তে॥

বরাহদশন—ওঁ খড়্গো বৈশ্বদেবঃ শ্বাকৃষ্ণঃ কর্ণো গর্দ্দভ-স্তরক্ষুস্তে রক্ষসামিন্দ্রায় সূকরঃ সিংহো মারুতঃ কৃকলাসঃ পিপ্পকা শকুনিস্তে শরব্যায়ৈ বিশ্বেষাং দেবানাং পৃষতঃ।

বিষ্ণুপূজাদির অধিবাসের খড়্গাস্থলে দুগ্ধদ্বারা অধিবাস করিতে হয়। তাহার মন্ত্র;—

ওঁ আ প্যায়স্ব সমেতু তে বিশ্বতঃ সোমবৃষ্ণ্যং। ভবা বাজস্য সঙ্গথে।

ঋগ্বেদীয়-অধিবাসমন্ত্র।

মহী—ওঁ মহি ত্রীণামবোঽস্তু দ্যুক্ষং মিত্রস্যার্য্যম্নঃ। দুরাধর্ষং বরুণস্য।

গন্ধ—ওঁ অনর্শরাতিং বসুদামুপ স্তুহি ভদ্রা ইন্দ্রস্য রাতয়ঃ। সো অস্য কামং বিধতো ন রোষতি মনো দানায় চোদয়ন্।

শিলা—ওঁ ইন্দ্রাপর্ব্বতা বৃহতা রথেন বামীরিষ আ বহতং সুবীরাঃ।

ধান্য—ওঁ ধানাবন্তমিত্যাদি। (৮৯ পৃঃ ২০ পঃ)।

দূর্ব্বা—ওঁ যজ্জায়থা অপূর্ব্ব্য মঘবন্ বৃত্রহত্যায়। তৎপৃথিবীমপ্রথয়স্তদস্তভ্না উত দ্যাং।

পুষ্প—ওঁ পবমান ব্যশ্নুহি রশ্মিভির্ব্বাজসাতমঃ। দধৎ স্তোত্রে সুবীর্য্যম্।

ফল—ওঁ ইন্দ্রং নরো নেমধিতা হবন্তে যৎপার্য্যা যুনজতে ধিয়স্তাঃ। শূরো নৃষাতা শবসশ্চকান আ গোমতি ব্রজে ভজা ত্বং নঃ।

দধি—ওঁ দধিক্রাব্ণোঅকারিষমিত্যাদি। (৯০ পৃঃ ৪ পঃ)

ঘৃত—ওঁ ঘৃতবতী ভুবনানামিত্যাদি। (৯০ পৃঃ ৬ পঃ)

স্বস্তিক—ওঁ অস্তি সোমো অয়ং সুতঃ পিবন্ত্যস্য মরুতঃ। উত স্বরাজো অশ্বিনা।

সিন্দূর—ওঁ সিন্ধোরুচ্ছ্বাসে পতয়ন্তমিত্যাদি। (৯০ পৃঃ ১২ পঃ)

শঙ্খ—ওঁ স সুন্বে যো বসূনাং যো রায়ামানেতা য ইড়ানাং। সোমো যঃ সুক্ষিতীনাম্।

কজ্জল—ওঁ অঞ্জতে ব্যঞ্জতে ক্রতুমিত্যাদি (৯০ পৃঃ ১৬ পঃ)

রোচনা—ওঁ অধ জ্মো অধ বা দিবো বৃহতো রোচনাদধি। অয়া বর্দ্ধস্ব তন্বা গিরা মমা জাতা সুক্রতো পৃণ।

সিদ্ধার্থক—ওঁ এষো উষা অপূর্ব্ব্যা ব্যুচ্ছতি প্রিয়া দিবঃ। স্তুষে বামশ্বিনা বৃহৎ।

কাঞ্চন—ওঁ তং গৃর্ধয়া স্বর্ণরং দেবাসো দেবমরতিং দধন্বিরে। দেবত্রা হব্যমোহিরে।

রৌপ্য—ওঁ যদ্বর্চ্চো হিরণ্যস্যেত্যাদি। (৯০ পৃঃ ২৪ পঃ)

তাম্র—ওঁ বণ্‌মহাং অসি সূর্য্য বড়াদিত্য মহাং অসি। মহস্তে সতো মহিমা পনিষ্টম মহ্না দেব মহাং অসি।

চামর—ওঁ বাত আ বাতু ভেষজং শম্ভু ময়োভু নো হৃদে। প্রণ আয়ুংষি তারিষৎ।

দর্পণ—ওঁ আদিৎপ্রত্নস্য রেতসো জ্যোতিঃ পশ্যন্তি বাসরং। পরো যদিধ্যতে দিবি।

দীপ—ওঁ মনোজূতির্জুষতামজ্যেস্যেত্যাদি। (৯২ পৃঃ ২১ পঃ)

প্রশস্তিপাত্র—ওঁ প্রতিপদসি প্রতিপদে ত্বা অনুপদসি অনুপদে ত্বা সম্পদসি সম্পদে ত্বা তেজোঽসি তেজসে ত্বা।

পঞ্চগব্য।

গোমূত্রং গোময়ং ক্ষীরং দধি সর্পিঃ কুশোদকম্।
পঞ্চগব্যমিদং প্রোক্তং বিধেয়ং সর্ব্বকর্ম্মসু॥

গোমূত্র, গোময়, দুগ্ধ, দধি ও ঘৃত এই পঞ্চগব্য এবং ইহার সহিত কুশোদক দেওয়ার ব্যবস্থা আছে।

সামবেদীয়-পঞ্চগব্য-শোধনমন্ত্র।

গোমূত্র—গায়ত্রী পাঠ করিয়া দিবে।

গোময়—ওঁ গাবশ্চিদ্‌ঘা সমন্যবঃ সজাত্যেন মরুতঃ সবন্ধবঃ। রিহতে ককুভো মিথঃ।

দুগ্ধ—ওঁ গব্যো ষু ণো যথা পুরাশ্বয়োত রথয়া। বরিবস্যা মহোনাম্।

দধি—ওঁ দধিক্রাব্‌ণোঅকারিষমিতি (৯০ পৃঃ ৪ পঃ)

ঘৃত—ওঁ ঘৃতবতী ভুবনানামিতি (৯০ পৃঃ ৬ পঃ)

কুশোদক—ওঁ দ্যোরাপঃ কণিক্রদৎ সিন্ধোরাপো মরুতো মাদয়ন্তাং ঘর্ম্মজ্যোতিঃ।

সমস্ত একত্রে মিশাইয়া গায়ত্রী পাঠ করিবে।

যজুর্ব্বেদীয়-পঞ্চগব্য-শোধনমন্ত্র।

গোমূত্র—গায়ত্রী পাঠপূর্ব্বক শোধন করিবে।

গোময়—ওঁ গন্ধদ্বারামিতি (৮৯ পৃঃ ১০ পঃ)

দুগ্ধ—ওঁ আ প্যায়স্বেতি (৯৩ পৃঃ ৮ পঃ)

ঘৃত—ওঁ তেজোঽসি শুক্রমসীতি (৯১ পৃঃ ২৬ পঃ)

দধি—ওঁ দধিক্রাব্ণোঅকারিষমিতি (৯০ পৃঃ ৪ পঃ)

কুশোদক—ওঁ দেবস্য ত্বা সবিতুঃ প্রসবেঽশ্বিনোর্ব্বাহুভ্যাং পূষ্ণো হস্তাভ্যামাদদে।

সমস্ত একীকরণ করিয়া গায়ত্রী পাঠ করিবে।

ঋগ্বেদীয়-পঞ্চগব্য-শোধনমন্ত্র।

গোমূত্র—গায়ত্রী পাঠপূর্ব্বক শোধন করিবে।

গোময়—ওঁ গাবশ্চিদ্ঘা সমন্যবঃ (৯৪ পৃঃ ২১ পঃ)

দুগ্ধ—ওঁ আপোঅদ্যান্বচারিষং রসেন সমগস্মহি। পয়স্বানগ্ন আ গহি তং মা সংসৃজ বর্চ্চসা।

দধি—ওঁ উদ্বুধ্যধ্বং সমনসঃ সখায়ঃ সমগ্নিমিন্ধ্বং বহবঃ সনীড়াঃ। দধিক্রামগ্নিমুষসঞ্চ দেবীমিন্দ্রাবতোঽবসে নি হ্বয়ে বঃ।

ঘৃত—ওঁ অগ্নিরস্মি জন্মনা জাতবেদা ঘৃতং মে চক্ষুরমৃতং ম আসন্। অর্কস্ত্রিধাতূ রজসো বিমানোঽজস্রো ঘর্ম্মো হবিরস্মি নাম।

কুশোদক—ওঁ যোগে যোগে তবস্তরং বাজেবাজে হবামহে। সখায় ইন্দ্রমূতয়ে (আয়ুষে প্রজায়ৈ)।

সমস্ত একীকরণ করিয়া পাঠ করিবে,—

ওঁ গায়ত্রেণ ত্বা ছন্দসা মন্থামি ত্রৈষ্টুভেন ত্বা ছন্দসা মন্থামি আনুষ্টুভেন ত্বা ছন্দসা মন্থামি জাগতেন ত্বা ছন্দসা মন্থামি ভূর্ভুবঃ স্বস্তয়ীষতে।

পঞ্চামৃত।

দধি দুগ্ধং ঘৃতঞ্চৈব শর্করাসংযুতং মধু।
পঞ্চামৃতমিদং প্রোক্তং বিধেয়ং সর্ব্বকর্ম্মসু॥

দধি, দুগ্ধ, ঘৃত, শর্করা ও মধু এই পঞ্চামৃত। সর্ব্বকর্ম্মে ইহা প্রশস্ত।

ত্রিবেদীয়-পঞ্চামৃত-শোধনমন্ত্র।

যে যে বেদোক্ত পঞ্চগব্যশোধনে দধি, দুগ্ধ প্রভৃতির শোধনমন্ত্র উল্লিখিত হইয়াছে, পঞ্চামৃত শোধনেও তত্তন্মন্ত্র প্রয়োগ করিবে। কুশোদক শোধনের মন্ত্রে শর্করা শোধন করিবে।

মধুশোধনের মন্ত্র—ওঁ মধু বাতা ঋতায়তে মধু ক্ষরন্তি সিন্ধবঃ। মাধ্বীর্নঃ সন্ত্বোষধীঃ। ওঁ মধু নক্তমুতোষসো মধুমৎ পার্থিবং রজঃ। মধু দ্যৌরস্তু নঃ পিতা। ওঁ মধুমান্নো বনস্পতির্ম্মধুমাঁ অস্তু সূর্য্যঃ। মাধ্বীর্গাবো ভবন্তু নঃ। ওঁ মধু ওঁ মধু ওঁ মধু॥

বেদী-শোধন মন্ত্র।

কুশোদক দ্বারা বেদীতে জলের ছিটা দিয়া পাঠ করিবে,—

ওঁ দেবস্য ত্বা সবিতুঃ প্রসবেঽশ্বিনোর্ব্বাহুভ্যাং পূষ্ণো হস্তাভ্যামাদদে॥ ওঁ বেদ্যা বেদিঃ সমাপ্যতে বর্হিষা বর্হিরিন্দ্রিয়ম্। যূপেন যূপ আপ্যায়তাং প্রণীতো অগ্নিরগ্নিনা।

পঞ্চশস্য।

ধান্যমাষাস্তিলা মুদ্গাঃ সযবাঃ পঞ্চশস্যকাঃ।

ধান্য, মাষকলাই, তিল, মুগ ও যব ইহাই পঞ্চশস্য।

পঞ্চরত্ন।

মণিমুক্তাপ্রবালঞ্চ রজতং কাঞ্চনন্তথা।
পঞ্চরত্নমিদং প্রোক্তং ঋষিভিঃ পূর্ব্বদর্শিভিঃ॥

মণি, মুক্তা, প্রবাল, রৌপ্য ও স্বর্ণ ঋষিগণ ইহাদিগকে পঞ্চরত্ন বলেন।

নবরত্ন।

মুক্তামাণিক্যবৈদূর্য্যগোমেদান্ রক্তবিদ্রুমৌ।
পদ্মরাগং মরকতং নীলঞ্চেতি যথাক্রমাৎ॥

মুক্তা, মাণিক্য, বৈদূর্য্যমণি, গোমেদমণি, রক্তমণি, বিদ্রুমমণি, পদ্মরাগমণি, মরকত ও নীলকান্তমণি এই নবরত্ন।

পঞ্চপল্লব।

চূতাশোকবটপ্লক্ষোডুম্বরাঃ পঞ্চপল্লবাঃ ॥

আম্র, অশোক, বট, অশ্বত্থ ও যজ্ঞডুমুর, ইহাদিগের মিলিত পল্লবকে পঞ্চপল্লব বলে।

তন্ত্রোক্ত পঞ্চপল্লব।

আম্রজম্বুকপিত্থাশ্চ বিল্বশ্চ বীজপূরকঃ ॥

আম্র, জাম, কদ্‌বেল, দাড়িম্ব ও বিল্ব, ইহাদিগের মিলিত পল্লবকে পঞ্চপল্লব বলে।

তন্ত্রান্তরে,—কণ্টকাম্রবটাশ্বত্থবকুলাঃ।

শিমূল, আম্র, বট, অশ্বত্থ ও বকুল, ইহাদিগের মিলিত পল্লবকে পঞ্চপল্লব বলে।

পঞ্চকষায়।

জম্বুশাল্মলিব্যাট্যালং বদরং বকুলস্তথা।

কষায়াঃ পঞ্চ বিজ্ঞেয়া দেব্যাঃ প্রীতিকরাঃ শুভাঃ ॥

জাম, শিমূল, বেড়েলা, কুল ও বকুল, ইহাদিগের বল্কল লইয়া একত্রে ভিজাইয়া রাখিলে সেই জলকে পঞ্চকষায় বলে।

নবপত্রিকা।

রম্ভা কচ্বী হরিদ্রা চ জয়ন্তী বিল্বদাড়িমৌ।

অশোকো মানকশ্চৈব ধান্যঞ্চ নবপত্রিকা ॥

রম্ভা, কালকচু, হরিদ্রা, জয়ন্তী, বিল্ব, দাড়িম, অশোক, মানকচু এবং ধান ইহারাই নবপত্রিকা।

সর্ব্বৌষধি।

মুরামাংসী বচা কুষ্ঠং শৈলেয়ং রজনীদ্বয়ম্।

শটীচম্পকমুস্তঞ্চ সর্ব্বৌষধিগণঃ স্মৃতঃ ॥

মুরামাংসী, বচ, কুড়, শৈলেয়, হরিদ্রা, দারুহরিদ্রা, শটী, চম্পক ও মুথা এই সকল দ্রব্য সূক্ষ্মচূর্ণ করিয়া জলদ্বারা মাড়িয়া বটিকা করিলে সর্ব্বৌষধি হয়।

পঞ্চবর্ণগুড়িকা।

পীতং হরিদ্রাচূর্ণং স্যাৎ সিতং তণ্ডুলসম্ভবম্। কুসুম্ভচূর্ণমরুণং কৃষ্ণং দগ্ধপুলাকজম্। বিল্বাদিপত্রজং শ্যামমিত্যুক্তং বর্ণপঞ্চকম্ ॥

হরিদ্রাচূর্ণদ্বারা পীত, তণ্ডুলচূর্ণদ্বারা শ্বেত, কুসুম্ভচূর্ণদ্বারা লোহিত, শস্যহীন ধান্য দগ্ধ করিয়া তদ্দ্বারা কৃষ্ণ এবং বিল্বাদি পত্র হইতে সবুজ রঙ্গ প্রস্তুত করিতে হয়। ইহাকে পঞ্চবর্ণগুড়িকা বলে।

ষোড়শদান।

ভূম্যাসনং জলং বস্ত্রং প্রদীপান্নমতঃপরম্। তাম্বুলচ্ছত্রগন্ধাশ্চ মাল্যং ফলমতঃপরম্। শয্যা চ পাদুকা গাবঃ কাঞ্চনং রজতং তথা॥

ভূমি, আসন, জল, (জলপূর্ণ ঘড়া বা ঘটী), বস্ত্র, দীপ (পিলসুজ), অন্ন, (থালে করিয়া আতপতণ্ডুল ও মিষ্টান্নাদি উপকরণ), তাম্বুল (বাটা বা অন্য কোন তৈজসাধারে তাম্বুল দিবে), ছত্র, গন্ধ (পিত্তল পাত্রে করিয়া দিতে হয়), মাল্য (মাল্যদানের জন্য বাটি দিতে হয়), ফল (নারিকেল একখানা থালে দিতে হয়), শয্যা, পাদুকা, ধেনু বা তন্মূল্য ৬ কাহন বা ৪ কাহন কড়ি, স্বর্ণ ও রৌপ্য—এই ষোড়শদানের দ্রব্য।

দ্বাদশদান।

ভূম্যাসনং জলং চান্নং বস্ত্রং তাম্বুলকং ফলম্।
গন্ধশ্ছত্রং পাদুকা চ শয্যা শৃঙ্গী চ দ্বাদশ॥

ভূমি, আসন, জল, অন্ন, বস্ত্র, তাম্বুল, ফল, গন্ধ, ছত্র, পাদুকা, শয্যা ও শৃঙ্গী (কড়ি এক কাহন), ইহা ব্রত প্রতিষ্ঠাতে উৎসর্গ করিতে হয়।

যজ্ঞসূত্র বা পৈতা।

কার্পাসসম্ভবং সূত্রং ধর্ম্মকামার্থমোক্ষদম্।
তচ্চ বিপ্রেন্দ্রকন্যায়া নির্ম্মিতঞ্চ সুশোভনম্॥

ব্রাহ্মণ-কন্যার কৃত কার্পাস সূত্রে প্রস্তুত যজ্ঞোপবীত ধারণে ধর্ম্মার্থকামমোক্ষ চতুর্ব্বর্গ ফল লাভ হইয়া থাকে।

কার্পাসমুপবীতং স্যাদ্ বিপ্রস্যোর্দ্ধবৃতং ত্রিবৃৎ।
শণসূত্রময়ং রাজ্ঞাং বৈশ্যস্যাবিকসৌত্রিকম্॥

ব্রাহ্মণ কার্পাস সূত্রনির্ম্মিত যজ্ঞোপবীত ধারণ করিবেন। ক্ষত্রিয় শণসূত্রনির্ম্মিত এবং বৈশ্য মেষলোমনির্ম্মিত যজ্ঞোপবীত ধারণ করিবেন।

ঋক্সামযজুষাঞ্চৈব বেদভেদেন লক্ষণম্। স্কন্ধে সূত্রং সমাদায় নাভেরূর্দ্ধং স্তনাদধঃ। ঋচামেতদ্ধি যজুষাং নাভিমাত্রং তথৈব চ। সাম্নাং মূলাদ্বামবাহোর্দ্দক্ষিণারত্নিমানিতম্॥

ঋক্, সাম ও যজুর্ব্বেদভেদে ব্রাহ্মণগণের যজ্ঞোপবীতের পরিমাণের পার্থক্য আছে। ঋগ্বেদীয় ব্রাহ্মণগণ বামস্কন্ধ হইতে নাভির ঊর্দ্ধ এবং স্তনের অধোভাগ পর্য্যন্ত পরিমাণ উপবীত ধারণ করিবে। যজুর্ব্বেদীয়গণের উপবীতের পরিমাণ নাভি পর্য্যন্ত এবং সামবেদীয়গণ বামবাহু-মূলদেশ হইতে দক্ষিণহস্তের অরত্নিদেশ পর্য্যন্ত পরিমাণ উপবীত ধারণ করিবে।

সামবেদীয়-যজ্ঞোপবীতগ্রন্থিমন্ত্র।

ওঁ যজ্ঞোপবীতমসি যজ্ঞস্য ত্বোপবীতেনোপনেহ্যামি।

যজুর্ব্বেদীয় ও ঋগ্বেদীয় মন্ত্র।

ওঁ যজ্ঞোপবীতং পরমং পবিত্রং বৃহস্পতের্যৎ সহজং পুরস্তাৎ।
আয়ুষ্যমগ্র্যং প্রতিমুঞ্চ শুভ্রং যজ্ঞোপবীতং বলমস্তু তেজঃ।

ঋগ্বেদীয় ও যজুর্ব্বেদীয়গণের মন্ত্র এক, সুতরাং তাহা আর পৃথক্ লিখিত হইল না।

ব্রহ্মগ্রন্থি জানা না থাকিলে, গায়ত্রী পাঠ করিয়া প্রবর সংখ্যায় গ্রন্থি দেওয়া হয়। ইহা রাঢ়ীয় ব্রাহ্মণগণের মধ্যে প্রচলিত দেখা যায়।

প্রবর।

শাণ্ডিল্যগোত্র—শাণ্ডিল্য, আসিত, দেবল।
বাৎস্য গোত্র,—ঔর্ব্ব, চ্যবন, ভার্গব, জামদগ্ন্য, আপ্নুবৎ।
(সাবর্ণগোত্রেরও এই প্রবর)।
ভরদ্বাজগোত্র,—ভরদ্বাজ, আঙ্গিরস, বার্হস্পত্য।
কাশ্যপগোত্র,—কাশ্যপ, অপ্সার, নৈধ্রুব।

যজ্ঞোপবীত ধারণ-বিধি।

যজ্ঞোপবীতে দ্বে ধার্য্যে দৈবে পৈত্রে চ কর্ম্মণি।
তৃতীয়ঞ্চোত্তরীয়ার্থে বস্ত্রাভাবে চতুষ্টয়ম্॥

যজ্ঞোপবীত চারিটী ত্রিদণ্ডী ধারণ করিবে। চারি ত্রিদণ্ডী ধারণ করিবার কারণ এই যে, দৈব ও পৈত্রকর্ম্মের জন্য দুইটী, উত্তরীয়ার্থে একটী ও বস্ত্রাভাব জন্য একটী।

উপবীতং যজ্ঞসূত্রং প্রোদ্ধৃতে দক্ষিণে করে।
প্রাচীনাবীতমন্যস্মিন্নিবীতং কণ্ঠলম্বিতং।

বামস্কন্ধে স্থাপিত যজ্ঞোপবীতের নাম উপবীত, দক্ষিণস্কন্ধস্থিত যজ্ঞোপবীতের নাম প্রাচীনাবীত এবং কণ্ঠলম্বিত যজ্ঞোপবীতের নাম নিবীত।

গায়ত্রী শাপোদ্ধার।

গায়ত্র্যা ব্রহ্মশাপবিমোচনমন্ত্রস্য ব্রহ্মঋষির্গায়ত্রীচ্ছন্দো ব্রহ্ম দেবতা ব্রহ্মশাপবিমোচনে বিনিয়োগঃ। ওঁ গায়ত্রি ত্বং যদ্ব্রহ্মেতি ব্রহ্মবিদো বিদুস্ত্বাং। পশ্যন্তি ধীরাঃ সুমনসো বা। গায়ত্রী ত্বং ব্রহ্মশাপাদ্ বিমুক্তা ভব। গায়ত্র্যা বশিষ্ঠশাপবিমোচনমন্ত্রস্য বশিষ্ঠঋষিরনুষ্টুপ্‌ছন্দো ব্রহ্মবিষ্ণুরুদ্রা দেবতা বশিষ্ঠশাপবিমোচনে বিনিয়োগঃ। ওঁ অর্কজ্যোতিরহং ব্রহ্ম ব্রহ্মজ্যোতিরহং শিবঃ। শিবজ্যোতিরহং বিষ্ণুর্বিষ্ণুজ্যোতিঃ শিবঃ পরঃ। গায়ত্রি ত্বং বশিষ্ঠশাপাদ্ বিমুক্তা ভব। গায়ত্র্যা বিশ্বামিত্রশাপবিমোচনমন্ত্রস্য বিশ্বামিত্রঋষিরনুষ্টুপ্‌ছন্দো গায়ত্রী দেবতা বিশ্বামিত্রশাপবিমোচনে বিনিয়োগঃ। ওঁ অহো দেবি মহাদেবি বিদ্যে সন্ধ্যে সরস্বতি। অজরে অমরে চৈব ব্রহ্মযোনি নমোঽস্তু তে। গায়ত্রি ত্বং বিশ্বামিত্রশাপাদ্ বিমুক্তা ভব॥

বৈদিক-সন্ধ্যাবিধি।

সন্ধ্যাহীনোঽশুচির্ভূত্বা কৃষ্ণে বা বিমুখো যদি।
স এব ব্রাহ্মণাভাষো বিষহীনো যথোরগঃ॥ ইতি বিষ্ণুপুরাণম্।

সন্ধ্যাহীন অশুচিদেহী এবং কৃষ্ণে বিমুখ ব্রাহ্মণ বিষহীন সর্পের ন্যায় অকর্ম্মণ্য॥

সন্ধ্যাকালব্যতীতে তু যদি সন্ধ্যা কৃতা ভবেৎ।
গায়ত্রীং দশধা জপ্ত্বা পুনঃ সন্ধ্যাং সমাচরেৎ॥

বিশিষ্ট কারণ জন্য যদি সন্ধ্যাকাল অতীত করিয়া সন্ধ্যা করিতে হয়, তবে দশবার গায়ত্রী জপ করিয়া সন্ধ্যা করিবে।

সংক্রান্ত্যাং পক্ষয়োরন্তে দ্বাদশ্যাং শ্রাদ্ধবাসরে।
সায়ং সন্ধ্যাং ন কুর্ব্বীত কৃতে চ পিতৃহা ভবেৎ॥ ইতি স্মৃতিঃ।

সংক্রান্তি, অমাবস্যা, পূর্ণিমা, দ্বাদশী ও শ্রাদ্ধদিনে সায়ংসন্ধ্যা করিবে না, করিলে পিতৃহত্যার পাতক হয়। ইহা বৈদিক সন্ধ্যাবিষয়ে জানিবে। জন্মমরণাশৌচেও বৈদিক সন্ধ্যা করিতে নাই।

যা সন্ধ্যা সা তু গায়ত্রী দ্বিধা ভূত্বা প্রতিষ্ঠিতা। সন্ধ্যা চোপাসিতা যেন তেন বিষ্ণুরুপাসিতঃ॥ স চ সূর্য্যসমো বিপ্রস্তেজসা তপসা তদা। তৎপাদপদ্মরজসা সদ্যঃপূতা বসুন্ধরা॥ জীবন্মুক্তঃ স তেজস্বী সন্ধ্যাপূতো হি যো দ্বিজঃ॥

যিনি সন্ধ্যা, তিনিই গায়ত্রী, দ্বিধা-মূর্ত্তিতে একই। যিনি সন্ধ্যা উপাসনা করেন, তাঁহার বিষ্ণু উপাসনা করা হয়। আজীবন যে বিপ্র সন্ধ্যা উপাসনা করেন, তিনি তেজ ও তপস্যায় সূর্য্যের ন্যায় দীপ্তিমান্ এবং তৎপাদরজঃ দ্বারা বসুন্ধরা পবিত্রা হয়েন। সন্ধ্যাপূত তেজস্বী দ্বিজ জীবন্মুক্ত।

সামবেদীয় সন্ধ্যাবিধি।

প্রথমে যথাবিধি আচমন করিয়া মার্জ্জন করিবে।

মার্জ্জন—ওঁ শন্ন আপো ধন্বন্যাঃ শমনঃ সন্তু নূপ্যাঃ। শন্নঃ সমুদ্রিয়া আপঃ শমনঃ সন্তু কূপ্যাঃ॥ ওঁ দ্রুপদাদিব মুমুচানঃ স্বিন্নঃ স্নাতো মলাদিব। পূতং পবিত্রেণেবাজ্যমাপঃ শুদ্ধন্তু মৈনসঃ॥ ওঁ আপো হি ষ্ঠা ময়োভুবস্তা ন উর্জ্জে দধাতন। মহে রণায় চক্ষসে॥ ওঁ যো বঃ শিবতমোরসস্তস্য ভাজয়তেহ নঃ। উশতীরিব মাতরঃ॥ ওঁ তস্মা অরঙ্গমাম বো যস্য ক্ষয়ায় জিন্বথ। আপো জনয়থা চ নঃ॥ ওঁ ঋতঞ্চ সত্যঞ্চাভীদ্ধাত্তপসোঽধ্যজায়ত। ততো রাত্র্যজায়ত ততঃ সমুদ্রো অর্ণবঃ॥ ওঁ সমুদ্রাদর্ণবাদধি সংবৎসরো অজায়ত। অহোরাত্রাণি বিদধদ্-বিশ্বস্য মিষতো বশী॥ ওঁ সূর্য্যাচন্দ্রমসৌ ধাতা যথাপূর্ব্বমকল্পয়ৎ। দিবঞ্চ পৃথিবীং চান্তরিক্ষমথো স্বঃ॥

এই মন্ত্রগুলি পাঠ করিয়া মার্জ্জন করিবে, অর্থাৎ মন্ত্র পাঠ করিতে করিতে কুশার অগ্রভাগ দ্বারা বিন্দু বিন্দু জল ধীরে ধীরে ক্রমে ক্রমে স্বীয় মস্তকে, ভূমিতে, তৎপরে শূন্যদেশে সেক করিবে। এইরূপ পুনঃ পুনঃ করিতে হয়। কুশের অভাবে অঙ্গুলি দ্বারা মার্জ্জন করা যাইতে পারে। অনন্তর প্রাণায়াম করিতে হয়। প্রাণায়ামের পূর্ব্বে তত্তন্মন্ত্রের ঋষ্যাদি স্মরণ করিবে। বদ্ধাঞ্জলি হইয়া পাঠ করিবে,—

ঋষ্যাদি স্মরণ,—ওঁ-কারস্য ব্রহ্মঋষির্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দ্দেবতা সর্ব্বকর্ম্মারম্ভে বিনিয়োগঃ। সপ্তব্যাহৃতীনাং প্রজাপতিঋর্ষির্গায়ত্র্যুষ্ণিগনুষ্টুব্ বৃহতীপংক্তি-ত্রিষ্টুব্ জগত্যশ্ছন্দাংসি অগ্নিবায়ুসূর্য্যবরুণবৃহস্পতীন্দ্রবিশ্বেদেবা দেবতাঃ প্রাণায়ামে বিনিয়োগঃ। গায়ত্র্যা বিশ্বামিত্রঋষির্গায়ত্রীচ্ছন্দঃ সবিতা দেবতা প্রাণায়ামে বিনিয়োগঃ। গায়ত্রীশিরসঃ প্রজাপতিঋর্ষির্ব্রহ্মবায়্বগ্নিসূর্য্যাশ্চতস্রো দেবতাঃ প্রাণায়ামে বিনিয়োগঃ॥

অনন্তর প্রাণায়াম করিবে। নিম্নোক্ত মন্ত্র পাঠ করতঃ নাভিদেশে ব্রহ্মার ধ্যান করিয়া পূরক প্রাণায়াম করিবে। মন্ত্র যথা,—

নাভৌ—রক্তবর্ণং চতুর্মুখং দ্বিভুজং অক্ষসূত্রকমণ্ডলুকরং হংসবাহনস্থং

ব্রহ্মাণং ধ্যায়ন্। ওঁ ভূঃ ওঁ ভুবঃ ওঁ স্বঃ ওঁ মহঃ ওঁ জনঃ ওঁ তপঃ ওঁ সত্যং। ওঁ তৎ সবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি। ধিয়ো যো নঃ প্রচোদয়াৎ। ওঁ আপো জ্যোতী-রসোঽমৃতং ব্রহ্ম ভূর্ভুবঃ স্বরোঁ। ॥

নিম্নোক্ত মন্ত্র পাঠ করিয়া হৃদয়দেশে বিষ্ণু-চিন্তা করতঃ কুম্ভক প্রাণায়াম করিবে। যথা,—

হৃদি—নীলোৎপলদলপ্রভং চতুর্ভুজং শঙ্খচক্রগদাপদ্মহস্তং গরুড়ারূঢ়ং কেশবং ধ্যায়ন্। ওঁ ভূঃ ওঁ ভুবঃ ওঁ স্বঃ ওঁ মহঃ ওঁ জনঃ ওঁ তপঃ ওঁ সত্যং। ওঁ তৎ সবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি। ধিয়ো যো নঃ প্রচোদয়াৎ। ওঁ আপো জ্যোতী-রসোঽমৃতং ব্রহ্ম ভূর্ভুবঃ স্বরোঁ। ॥

নিম্নোক্ত মন্ত্র পাঠ করতঃ ললাটে শম্ভুর ধ্যান করিয়া রেচক প্রাণায়াম করিবে।

ললাটে—শ্বেতং দ্বিভুজং ত্রিশূলডমরুকরং অর্দ্ধচন্দ্রবিভূষিতং ত্রিনেত্রং বৃষতারূঢ়ং শম্ভুং ধ্যায়ন্। ওঁ ভূঃ ওঁ ভুবঃ ওঁ স্বঃ ওঁ মহঃ ওঁ জনঃ ওঁ তপঃ ওঁ সত্যং। ওঁ তৎ সবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি। ধিয়ো যো নঃ প্রচোদয়াৎ। ওঁ আপো জ্যোতী-রসোঽমৃতং ব্রহ্ম ভূর্ভুবঃ স্বরোঁ। ॥

অনন্তর আচমন করিবে। প্রাতঃ, মধ্যাহ্ন ও সায়াহ্নকালীন আচমনের মন্ত্র পৃথক্ পৃথক্। যে সময়ে সন্ধ্যা করিতে হয়, সেই সময়ের আচমনমন্ত্র পাঠ করিতে হইবে।

প্রাতঃকালের আচমন মন্ত্র,—সূর্য্যশ্চ মেতি মন্ত্রস্য ব্রহ্ম ঋষিঃ প্রকৃতিশ্ছন্দ-আপো দেবতা আচমনে বিনিয়োগঃ। ওঁ সূর্য্যশ্চ মা মন্যুশ্চ মন্যুপতয়শ্চ মন্যুকৃতেভ্যঃ পাপেভ্যো রক্ষন্তাং। যদ্রাত্র্যা পাপমকার্ষং মনসা বাচা হস্তাভ্যাং পদ্‌ভ্যামুদরেণ শিশ্না অহস্তদবলুম্পতু যৎ কিঞ্চিদ্দুরিতং ময়ি। ইদমহমাপোঽমৃতযোনৌ সূর্য্যে জ্যোতিষি পরমাত্মনি জুহোমি স্বাহা।

মধ্যাহ্নকালের আচমন মন্ত্র,—আপঃ পুনন্ত্বিতিমন্ত্রস্য বিষ্ণুঋষিরনুষ্টুপ্ ছন্দ-আপো দেবতা আচমনে বিনিয়োগঃ। ওঁ আপঃ পুনন্তু পৃথিবীং পৃথিবী পূতা পুনাতু মাং। পুনন্তু ব্রহ্মণস্পতির্ব্রহ্ম পূতা পুনাতু মাম্। যদুচ্ছিষ্টমভোজ্যঞ্চ যদ্বা দুশ্চরিতং মম। সর্ব্বং পুনন্তু মামাপোঽসতাঞ্চ প্রতিগ্রহং স্বাহা।

সায়ংকালের আচমন মন্ত্র,—অগ্নিশ্চ মেতি মন্ত্রস্য রুদ্রঋষিঃ প্রকৃতিশ্ছন্দ-আপো দেবতা আচমনে বিনিয়োগঃ। ওঁ অগ্নিশ্চ মা মন্যুশ্চ মন্যুপতয়শ্চ মন্যুকৃতেভ্যঃ পাপেভ্যো রক্ষন্তাং। যদহ্না পাপমকার্ষং মনসা বাচা হস্তাভ্যাং পদ্ভ্যা-

মুদরেণ শিশ্না রাত্রিস্তদবলুম্পতু যৎ কিঞ্চিদ্দুরিতং ময়ি। ইদমহমাপোঽমৃতযোনৌ সত্যে জ্যোতিষি পরমাত্মনি জুহোমি স্বাহা॥

প্রাগুক্তমন্ত্রে জলগণ্ডুষত্রয় পান করিয়া যথাবিধি আচমন করিয়া, পূর্ব্ববৎ জলের ছিটা দিয়া গায়ত্রী পাঠপূর্ব্বক পুনর্ম্মার্জ্জন করিবে। পুনর্ম্মার্জ্জন মন্ত্র—

আপো হিষ্ঠেতি ঋকৃত্রয়স্য সিন্ধুদ্বীপঋষির্গায়ত্রীচ্ছন্দ আপো দেবতা মার্জ্জনে বিনিয়োগঃ। ওঁ আপো হি ষ্ঠা ময়োভুবস্তা ন উর্জ্জে দধাতন। মহে রণায় চক্ষসে। ওঁ যো বঃ শিবতমোরসস্তস্য ভাজয়তেহ নঃ। উশতীরিব মাতরঃ। ওঁ তস্মা অরঙ্গমাম বো যস্য ক্ষয়ায় জিন্বথ। আপো জনয়থা চ নঃ।

অনন্তর জলগণ্ডুষ নাসিকায় আরোপণ করিয়া অঘমর্ষণ করিবে।

অঘমর্ষণ মন্ত্র যথা—

ঋতমিত্যস্যাঘমর্ষণঋষিরনুষ্টুপ্‌ছন্দো ভাববৃত্তো দেবতা অশ্বমেধাবভৃথে বিনিয়োগঃ। ওঁ ঋতঞ্চ সত্যঞ্চাভীদ্ধাত্তপসোঽধ্যজায়ত। ততোরাত্র্যজায়ত ততঃ সমুদ্রো অর্ণবঃ। ওঁ সমুদ্রাদর্ণবাদধি সংবৎসরো অজায়ত। অহোরাত্রাণি বিদধদ্ বিশ্বস্য মিষতো বশী। ওঁ সূর্য্যাচন্দ্রমসৌ ধাতা যথাপূর্ব্বমকল্পয়ৎ। দিবঞ্চ পৃথিবীং চান্তরিক্ষমথো স্বঃ।

এই মন্ত্র পাঠ করিয়া বাম নাসিকার দ্বারা বায়ু আকর্ষণ করতঃ দক্ষিণ নাসিকার দ্বারা পাপপুরুষের সহিত সেই বায়ু নিঃসারণ করিয়া কল্পিত-শিলাপৃষ্ঠে বামহস্ততলে নিক্ষেপ করিবে। এই প্রকারে বারত্রয় করিবে। তৎপরে হস্ত প্রক্ষালনপূর্ব্বক আচমন করিয়া গায়ত্রী পাঠপূর্ব্বক সূর্য্যোদ্দেশে তিন অঞ্জলি জল দান করিয়া সূর্য্যোপস্থান করিবে।

সূর্য্যোপস্থান মন্ত্র,—উদুত্যমিত্যস্য প্রস্কণ্ব ঋষির্গায়ত্রীচ্ছন্দঃ সূর্য্যো দেবতা সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ। ওঁ উদুত্যং জাতবেদসং দেবং বহন্তি কেতবঃ। দৃশে বিশ্বায় সূর্য্যম্। চিত্রমিত্যস্য কুৎস ঋষিস্ত্রিষ্টুপ্‌ছন্দঃ সূর্য্যোদেবতা সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ। ওঁ চিত্রং দেবানামুদগাদনীকং চক্ষুর্ম্মিত্রস্য বরুণস্যাগ্নেঃ। আপ্রা দ্যাবাপৃথিবী অন্তরিক্ষং সূর্য্য আত্মা জগতস্তস্থুষশ্চ।

অতঃপর নিম্নলিখিত মন্ত্রে সামবেদী গুরু-পরম্পরার স্মরণ করিবে। যথা,—

ওঁ নমো ব্রহ্মণে, নমো ব্রাহ্মণেভ্যো, নম আচার্য্যেভ্যো, নম ঋষিভ্যো, নমো দেবেভ্যো, নমো বেদেভ্যো, নমো মৃত্যবে, নমো বায়বে চ, মৃত্যবে চ, বিষ্ণবে চ, নমো বৈশ্রবণায় চোপজায় চ।

অনন্তর পিত্রাদির তর্পণ করিয়া গায়ত্রীর আবাহন, অঙ্গন্যাস ও ধ্যান পাঠ

করিয়া গায়ত্রী জপ করিবে। প্রাতঃ মধ্যাহ্ন ও সায়ংকালের ধ্যান পৃথক্ পৃথক্। যে সময় সন্ধ্যা করিবে, সেই সময়ের ধ্যান পাঠ করিতে হয়।

গায়ত্রীর আবাহন,—কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবে,—ওঁ আয়াহি বরদে দেবি ত্র্যক্ষরে ব্রহ্মবাদিনি। গায়ত্রি ছন্দসাং মাতর্ব্রহ্মযোনি নমোঽস্তু তে।

অঙ্গন্যাস,—ওঁ হৃদয়ায় নমঃ, ভূঃ শিরসে স্বাহা, ভুবঃ শিখায়ৈ বষট্, স্বঃ কবচায় হুং, ভূর্ভুবঃ স্বঃ করতলপৃষ্ঠাভ্যামস্ত্রায় ফট্। এইরূপ তিনবার করিবে।

পরে,—গায়ত্র্যা বিশ্বামিত্রঋষির্গায়ত্রীচ্ছন্দঃ সবিতা দেবতা জপোপনয়নে বিনিয়োগঃ।

প্রাতঃকালের ধ্যান,—ওঁ কুমারীমৃগ্বেদযুতাং ব্রহ্মরূপাং বিচিন্তয়েৎ।
হংসস্থিতাং কুশহস্তাং সূর্য্যমণ্ডলসংস্থিতাম্॥

মধ্যাহ্নকালের ধ্যান,—ওঁ সাবিত্রীং বিষ্ণুরূপাঞ্চ তার্ক্ষ্যস্থাং পীতবাসসীম্।
যুবতীঞ্চ যজুর্ব্বেদাং সূর্য্যমণ্ডলসংস্থিতাম্॥

সায়াহ্নকালের ধ্যান—ওঁ সরস্বতীং শিবরূপাঞ্চ বৃদ্ধাং বৃষভবাহিনীম্।
সূর্য্যমণ্ডলমধ্যস্থাং সামবেদসমাযুতাম্॥

প্রভাতে দুই হস্ত ঊর্দ্ধ ও চিৎভাবে রাখিয়া, মধ্যাহ্নে তদবস্থায় বক্রভাবে রাখিয়া এবং সন্ধ্যাকালে উপবিষ্ট হইয়া হস্তদ্বয় অধোমুখে রাখিয়া অনামিকা অঙ্গুলির মধ্যপর্ব্ব ও মূলপর্ব্ব, কনিষ্ঠাঙ্গুলির মূল, মধ্য ও অগ্রপর্ব্ব, অনামিকা ও মধ্যমা অঙ্গুলির অগ্রপর্ব্ব এবং তর্জ্জনীর তিন পর্ব্ব এই দশপর্ব্বে মন্ত্রাদি ও ধ্যেয়বিষয় চিন্তা করিতে করিতে গায়ত্রী জপ করিবে। দশবার আটবার বা সহস্রবার জপ করিবে। কিন্তু কলিতে চারিগুণ জপ করিতে হয়।

অনন্তর নিম্নলিখিত মন্ত্র পাঠ করিয়া এক অঞ্জলি জলত্যাগ পূর্ব্বক জপ বিসর্জ্জন করিবে। মন্ত্র যথা,—ওঁ মহেশবদনোৎপন্না বিষ্ণোর্হৃদয়সম্ভবা।
ব্রহ্মণা সমনুজ্ঞাতা গচ্ছ দেবি যথেচ্ছয়া॥

নিম্নোক্ত মন্ত্র পাঠ করিয়া একবার জলাঞ্জলি ত্যাগ করিবে,—

ওঁ অনেন জপেন ভগবন্তাবাদিত্যশুক্রৌ প্রীয়েতাম্। ওঁ আদিত্যশুক্রাভ্যাং নমঃ।

আত্মরক্ষা—যজ্ঞোপবীতের সহিত দক্ষিণহস্তের বৃদ্ধাঙ্গুষ্ঠদ্বারা দক্ষিণকর্ণের পৃষ্ঠদেশ স্পর্শ করিয়া মন্ত্র পড়িবে,—

জাতবেদস ইত্যস্য কাশ্যপঋষিস্ত্রিষ্টুপ্ছন্দোঽগ্নির্দ্দেবতা আত্মরক্ষায়াং জপে বিনিয়োগঃ। ওঁ জাতবেদসে সুনবাম সোমমরাতীয়তো নি দহাতি বেদঃ। স নঃ পর্ষদতি দুর্গাণি বিশ্বা নাবেব সিন্ধুং দুরিতাত্যগ্নিঃ।

অতঃপর কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবে,—

ঋতমিত্যস্য কালাগ্নিরুদ্রঋষিরনুষ্টুপ্ ছন্দো রুদ্রো দেবতা রুদ্রোপস্থানে বিনিয়োগঃ। ওঁ ঋতং সত্যং পরং ব্রহ্ম পুরুষং কৃষ্ণপিঙ্গলম্। ঊর্দ্ধলিঙ্গং বিরূপাক্ষং বিশ্বরূপং নমো নমঃ॥

পরে নিম্নোক্ত মন্ত্রে প্রত্যেককে জলাঞ্জলি দান করিবে, যথা,—

ওঁ ব্রহ্মণে নমঃ, ওঁ অদ্ভ্যো নমঃ, ওঁ বরুণায় নমঃ, ওঁ শিবায় নমঃ, ওঁ ঋষিভ্যো নমঃ, ওঁ দেবেভ্যো নমঃ, ওঁ বায়বে নমঃ, ওঁ বিষ্ণবে নমঃ, ওঁ প্রজাপতয়ে নমঃ, ওঁ রুদ্রায় নমঃ, ওঁ সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ, ওঁ সর্ব্বাভ্যো দেবীভ্যো নমঃ॥

অতঃপর সূর্য্যার্ঘ্যদান করিয়া সূর্য্যের প্রণাম করিবে।

সূর্য্যার্ঘ্যদান মন্ত্র—ওঁ নমো বিবস্বতে ব্রহ্মন্ ভাস্বতে বিষ্ণুতেজসে। জগৎসবিত্রে শুচয়ে সবিত্রে কর্ম্মদায়িনে॥ ইদমর্ঘ্যং ওঁ শ্রীসূর্য্যায় নমঃ।

সূর্য্যের প্রণামমন্ত্র—ওঁ জবাকুসুমসঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিম্। ধ্বান্তারিং সর্ব্বপাপঘ্নং প্রণতোঽস্মি দিবাকরম্॥

অনন্তর পূর্ব্বাস্য হইয়া পদ্মাসনে উপবেশন পূর্ব্বক বামহস্তে কুশ ধারণ করিয়া তদুপরি দক্ষিণহস্ত অধোমুখে রাখিয়া এবং বামপদের উপর দক্ষিণপদ স্থাপন করিয়া তিনবার গায়ত্রী পাঠ করিয়া বেদাদি মন্ত্রচতুষ্টয় পাঠ করিবে, ইহাকে ব্রহ্মযজ্ঞ বলে। যথা,—

অগ্নিমীড় ইত্যস্য মধুচ্ছন্দাঋষির্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দ্দেবতা ব্রহ্মযজ্ঞজপে বিনিয়োগঃ। ওঁ অগ্নিমীড়ে পুরোহিতং যজ্ঞস্য দেবমৃত্বিজং। হোতারং রত্নধাতমম্॥ ইষে ত্বেত্যস্য যাজ্ঞবল্ক্যঋষি রুষ্ণিকৃছন্দো বায়ুর্দ্দেবতা ব্রহ্মযজ্ঞজপে বিনিয়োগঃ॥ ওঁ ইষে ত্বোর্জ্জে ত্বা বায়বঃ স্থ দেবো বঃ সবিতা। প্রার্পয়তু শ্রেষ্ঠতমায় কর্ম্মণে॥ অগ্ন আয়াহীত্যস্য গৌতমঋষির্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দ্দেবতা ব্রহ্মযজ্ঞজপে বিনিয়োগঃ॥ ওঁ অগ্ন আ য়াহি বীতয়ে গৃণানো হব্যদাতয়ে। নি হোতা সৎসি বর্হিষি॥ শন্নো দেবীরিত্যস্য পিপ্পলাদঋষির্গায়ত্রীচ্ছন্দ আপো দেবতা ব্রহ্মযজ্ঞজপে বিনিয়োগঃ॥ ওঁ শন্নো দেবীরভিষ্টয় আপো ভবন্তু পীতয়ে। শং যোরভিস্রবন্তু নঃ॥

যজুর্ব্বেদীয় সন্ধ্যাপদ্ধতি।

সামবেদীয় সন্ধ্যাপদ্ধতি অনুসারে আপোমার্জ্জন, প্রাণায়াম, আচমন, পুনর্ম্মার্জ্জন, অঘমর্ষণ প্রভৃতি সমস্ত করিয়া সূর্য্যোপস্থান করিবে,—

ওঁ উদুত্যং জাতবেদসং দেবং বহন্তি কেতবঃ। দৃশে বিশ্বায় সূর্য্যম্। ওঁ চিত্রং দেবানামুদগাদনীকং চক্ষুর্ম্মিত্রস্য বরুণস্যাগ্নেঃ। আপ্রা দ্যাবাপৃথিবী অন্তরিক্ষং

সূর্য্য আত্মা জগতস্তস্থুষশ্চ॥ ওঁ তচ্চক্ষুর্দ্দেবহিতং পুরস্তাচ্ছুক্রমুচ্চরৎ। পশ্যেম শরদঃ শতং জীবেম শরদঃ শতং শৃণুয়াম শরদঃ শতং প্রব্রবাম শরদঃ শতমদীনাঃ স্যাম শরদঃ শতং ভূয়শ্চ শরদঃ শতাৎ॥

পরে কৃতাঞ্জলি হইয়া এই মন্ত্র পাঠ করিয়া আবাহন করিবে।—

ওঁ তেজোঽসি শুক্রমস্যমৃতমসি ধামনামাসি। প্রিয়ং দেবানামনাধৃষ্টং দেবযজনমসি॥ আয়াহি বরদে দেবি ত্র্যক্ষরে ব্রহ্মবাদিনি। গায়ত্রি ছন্দসাং মাতর্ব্রহ্মযোনি নমোঽস্তু তে॥

অনন্তর সামবেদীয় পদ্ধতি অনুসারে অঙ্গন্যাস করিয়া প্রাতর্মধ্যাহ্ন ও সায়াহ্ন এই তিন বেলায় তিন প্রকার গায়ত্রীর ধ্যান করিবে।

প্রাতধ্যান—ওঁ গায়ত্রী রবিমণ্ডলমধ্যস্থা রক্তবর্ণা দ্বিভুজা অক্ষসূত্রকমণ্ডলুধরা হংসাসনসমারূঢ়া ব্রহ্মাণী ব্রহ্মদৈবত্যা কুমারী ঋগ্বেদোদাহৃতা ধ্যেয়া॥

মধ্যাহ্ন-ধ্যান—ওঁ মধ্যাহ্নে সাবিত্রী রবিমণ্ডলমধ্যস্থা কৃষ্ণবর্ণা চতুর্ভুজা ত্রিনেত্রা শঙ্খচক্রগদাপদ্মহস্তা যুবতী গরুড়ারূঢ়া বৈষ্ণবী বিষ্ণুদৈবত্যা যজুর্ব্বেদোদাহৃতা ধ্যেয়া॥

সায়াহ্ন-ধ্যান—ওঁ সায়াহ্নে সরস্বতী রবিমণ্ডলমধ্যস্থা শুক্লবর্ণা চতুর্ভুজা ত্রিশূলডমরুকরা বৃষভাসনারূঢ়া বৃদ্ধা রুদ্রাণী রুদ্রদৈবত্যা সামবেদোদাহৃতা ধ্যেয়া॥

ধ্যানপাঠান্তে সামবেদীয় সন্ধ্যাপদ্ধতিক্রমে ঋষ্যাদি স্মরণ করিয়া গায়ত্রী জপ করিবে। জপান্তে নিম্নোক্ত মন্ত্র পাঠ করিয়া গায়ত্রী বিসর্জ্জন করিবে। মন্ত্র—

ওঁ উত্তরে শিখরে জাতে ভূম্যাং পর্ব্বতবাসিনি।
ব্রহ্মণা সমনুজ্ঞাতা গচ্ছ দেবি যথেচ্ছয়া॥

অনন্তর নিম্নলিখিত মন্ত্র পাঠপূর্ব্বক ব্রহ্মযজ্ঞ সমাধা করিয়া তর্পণাধিকারী ব্যক্তিগণ তর্পণ করিবে।

সামবেদীয় পদ্ধতি অনুসারে উপবেশনাদিপূর্ব্বক গায়ত্রী পাঠ করিয়া নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবে—

ঋগ্বেদাদিমন্ত্রস্য মধুচ্ছন্দা ঋষির্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দ্দেবতা স্বাধ্যায়ে বিনিয়োগঃ। ওঁ অগ্নিমীড়ে পুরোহিতং যজ্ঞস্য দেবমৃত্বিজং। হোতারং রত্নধাতমম্॥

যজুর্ব্বেদাদিমন্ত্রস্য পরমেষ্ঠী ঋষিঃ শাখাবৎসগাবো দেবতাঃ শাখাচ্ছেদনসন্নয়নবৎসোপস্পর্শনে বিনিয়োগঃ। ওঁ ইষে ত্বোর্জ্জে ত্বা বায়বঃ স্থ দেবো বঃ সবিতা। প্রার্পয়তু শ্রেষ্ঠতমায় কর্ম্মণে॥

সামবেদাদিমন্ত্রস্য গৌতমঋষির্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দ্দেবতা ব্রহ্মযজ্ঞজপে বিনিয়োগঃ। ওঁ অগ্ন আ য়াহি বীতয়ে গৃণানো হব্যদাতয়ে। নি হোতা সৎসি বর্হিষি॥

অথর্ব্ববেদাদিমন্ত্রস্য দধ্যঙ্ঙাথর্ব্বণ ঋষির্গায়ত্রীচ্ছন্দ আপো দেবতা শান্তি করণে বিনিয়োগঃ। ওঁ শন্নো দেবীরভিষ্টয় আপো ভবন্তু পীতয়ে। শং যোরভিস্রবন্তু নঃ॥

অতঃপর সূর্য্যার্ঘ্যদান করিয়া সূর্য্যদেবকে প্রণাম করিবে।

সূর্য্যার্ঘ্য ও প্রণাম মন্ত্র সমস্তই সামবেদীয়ের মত কেবল "ইদমর্ঘ্যং" স্থলে "এষোঽর্ঘঃ" বলিবে।

ঋগ্বেদীয় সন্ধ্যা পদ্ধতি।

সামবেদীয় সন্ধ্যা পদ্ধতি-অনুসারে "ওঁ শন্ন আপো" মন্ত্রটী আদ্যোপান্ত পাঠ করিয়া যথাবিধি মার্জ্জন করিবে। তৎপরে জলদ্বারা শিরোবেষ্টন পূর্ব্বক নিম্ন লিখিত মন্ত্রগুলি পাঠ করতঃ ঋষ্যাদি স্মরণ করিয়া প্রাণায়াম করিবে। যথা,—

ওঁ-কারস্য ব্রহ্মঋষিরগ্নির্দেবতা গায়ত্রীচ্ছন্দঃ সর্ব্বকর্ম্মারম্ভে বিনিয়োগঃ। সপ্তব্যাহৃতীনাং বিশ্বামিত্রভৃগুভরদ্বাজবশিষ্ঠগৌতমকাশ্যপাঙ্গিরস ঋষয়ঃ অগ্নি-বায়্বাদিত্যবৃহস্পতিবরুণেন্দ্রবিশ্বেদেবা দেবতা গায়ত্র্যুষ্ণিগনুষ্টুব্‌বৃহতীপঙ্‌ক্তি-ত্রিষ্টুব্‌জগত্যশ্ছন্দাংসি প্রাণায়ামে বিনিয়োগঃ। গায়ত্র্যা বিশ্বামিত্রঋষিঃ সবিতা দেবতা গায়ত্রীচ্ছন্দঃ প্রাণায়ামে বিনিয়োগঃ। গায়ত্রীশিরসঃ প্রজাপতির্ঋষির্ব্রহ্ম-বায়্বগ্নিসূর্য্যাশ্চতস্রো দেবতাঃ প্রাণায়ামে বিনিয়োগঃ॥

অঙ্গুষ্ঠদ্বারা দক্ষিণনাসাপুট ধরিয়া নাভিদেশে ব্রহ্মাকে চিন্তা করিয়া পূরক প্রাণায়াম করিবে।

প্রাণায়াম—ওঁ হংসস্থং দ্বিভুজং রক্তং সাক্ষসূত্রকমণ্ডলুম্। চতুর্ম্মুখমহং বন্দে ব্রহ্মাণং নাভিমণ্ডলে॥ ওঁ ভূঃ ওঁ ভুবঃ ওঁ স্বঃ ওঁ মহঃ ওঁ জনঃ ওঁ তপঃ ওঁ সত্যং। ওঁ তৎ সবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি। ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ। ওঁ আপো জ্যোতী-রসোঽমৃতং ব্রহ্ম ভূর্ভুবঃ স্বরোঁ॥

তৎপরে কনিষ্ঠা ও অনামিকাদ্বারা বামনাসাপুট ধরিয়া কুম্ভক প্রাণায়াম করিবে ও হৃদয়দেশে কেশবের ধ্যান করিবে।

ওঁ শঙ্খচক্রগদাপদ্মকরং গরুড়বাহনম্। হৃদি নীলোৎপলশ্যামং বিষ্ণুং বন্দে চতুর্ভুজম্॥ ওঁ ভূঃ ওঁ ভুবঃ ওঁ স্বঃ ওঁ মহঃ ওঁ জনঃ ওঁ তপঃ ওঁ সত্যং। ওঁ তৎ সবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি। ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ। ওঁ আপো জ্যোতিরিত্যাদি॥

অতঃপর দক্ষিণনাসিকা হইতে বৃদ্ধাঙ্গুলি উত্তোলন করিয়া ললাটদেশে শম্ভুকে ধ্যান করিয়া রেচক প্রাণায়াম করিবে।

ওঁ শ্বেতং ত্রিশূলডমরুকরমর্দ্ধেন্দুভূষিতম্। ত্রিলোচনং ব্যাঘ্রচর্ম্মপরিধানং বৃষাসনম্। ললাটে চিন্তয়েদ্ দেবদেবং ভুজগভূষণম্॥ ওঁ ভূঃ ওঁ ভুবঃ ওঁ স্বঃ ওঁ মহঃ ওঁ জনঃ ওঁ তপঃ ওঁ সত্যং। ওঁ তৎসবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি। ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ। ওঁ আপো জ্যোতিরিত্যাদি॥

পরে ঋষ্যাদিস্মরণপূর্ব্বক প্রাতঃকাল, মধ্যাহ্নকাল ও সন্ধ্যাকাল, এই তিন বেলায় তিন প্রকার মন্ত্রে আচমন করিবে।

প্রাতঃকালের আচমন—সূর্য্যশ্চেত্যনুবাকস্য যাজ্ঞিক উপনিষদৃষিঃ সূর্য্যমন্যু-মন্যুপতিরাত্রয়ো দেবতাঃ, সূর্য্যশ্চেত্যারভ্য রক্ষন্তামিত্যন্তস্য চতুর্ব্বিংশত্যক্ষরা গায়ত্রী, যদ্রাত্র্যেত্যারভ্য ময়ীত্যন্তস্য পঞ্চপদা পঙ্‌ক্তিঃ, ইদমহমিত্যারভ্য স্বাহেত্য-ন্তস্য দশাক্ষরপাদাভ্যামুপেতা বিরাট্ ছন্দো মন্ত্রাচমনে বিনিয়োগঃ। ওঁ সূর্য্যশ্চ মা মন্যুশ্চ মন্যুপতয়শ্চ মন্যুকৃতেভ্যঃ পাপেভ্যো রক্ষন্তাং। যদ্রাত্র্যা পাপমকারিষং মনসা বাচা হস্তাভ্যাং পদ্ভ্যামুদরেণ শিশ্না, রাত্রিস্তদবলুম্পতু যৎ কিঞ্চ দুরিতং ময়ি। ইদমহং মামমৃতযোনৌ সূর্য্যে জ্যোতিষি জুহোমি স্বাহা॥

মধ্যাহ্ন-আচমন—আপঃ পুনন্ত্বিত্যনুবাকস্য নারায়ণঋষিরাপো দেবতা অষ্টী-চ্ছন্দো মন্ত্রাচমনে বিনিয়োগঃ। ওঁ আপঃ পুনন্তু পৃথিবীং পৃথিবী পূতা পুনাতু মাম্। পুনন্তু ব্রহ্মণস্পতির্ব্রহ্ম পূতা পুনাতু মাম্। যদুচ্ছিষ্টমভোজ্যঞ্চ যদ্বা দুশ্চরিতং মম। সর্ব্বং পুনন্তু মামাপোঽসতাঞ্চ প্রতিগ্রহং স্বাহা॥

সায়াহ্ন-আচমন—অগ্নিশ্চেত্যনুবাকস্য যাজ্ঞিক উপনিষদৃষিঃ অগ্নিমন্যুমন্যু-পত্যহানি দেবতাঃ অগ্নিশ্চেত্যারভ্য রক্ষন্তামিত্যন্তস্য চতুর্ব্বিংশত্যক্ষরা গায়ত্রী, যদহ্নেত্যারভ্য ময়ীত্যন্তস্য পঞ্চপদা পঙ্‌ক্তিঃ ইদমহমিত্যারভ্য স্বাহেত্যন্তস্য দশাক্ষরপাদাভ্যামুপেতা বিরাট্ ছন্দো মন্ত্রাচমনে বিনিয়োগঃ॥ ওঁ অগ্নিশ্চ মা মন্যুশ্চ মন্যুপতয়শ্চ মন্যুকৃতেভ্যঃ পাপেভ্যো রক্ষন্তাং। যদহ্না পাপমকারিষং মনসা বাচা হস্তাভ্যাং পদ্ভ্যামুদরেণ শিশ্না অহস্তদবলুম্পতু যৎ কিঞ্চ দুরিতং ময়ি। ইদমহং মামমৃতযোনৌ সত্যে জ্যোতিষি জুহোমি স্বাহা॥

অনন্তর নিম্নলিখিত মন্ত্র পাঠপূর্ব্বক মার্জ্জনক্রমবিধিতে পুনর্ম্মার্জ্জন করিবে। যথা—

ওঁ ভূর্ভুবঃ স্বঃ তৎ সবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি। ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ ওঁ। আপো হিষ্ঠেতি নবর্চ্চস্য সূক্তস্যাম্বরীষঃ সিন্ধুদ্বীপ ঋষি-রাপো দেবতাঃ আগ্নানাং চতসৃণাং গায়ত্রী পঞ্চম্যা বর্দ্ধমানা সপ্তম্যাঃ প্রতিষ্ঠা অন্তয়োরনুষ্টুপ্‌ছন্দো মার্জ্জনে বিনিয়োগঃ। ওঁ আপো হি ষ্ঠা ময়োভুবস্তা ন

উর্জ্জে দধাতন। মহে রণায় চক্ষসে। ওঁ যো বঃ শিবতমো রসস্তস্য ভাজয়তেহ নঃ। উশতীরিব মাতরঃ। ওঁ তস্মা অরঙ্গমাম বো যস্য ক্ষয়ায় জিন্বথ। আপো জনয়থা চ নঃ। ওঁ শন্নো দেবীরভিষ্টয় আপো ভবন্তু পীতয়ে। শং যোরভিস্রবন্তু নঃ। ওঁ ঈশানা বার্য্যাণাং ক্ষয়ন্তীশ্চর্ষণীনাং। অপো যাচামি ভেষজম্। ওঁ অপ্সু মে সোমো অব্রবীদন্তর্ব্বিশ্বানি ভেষজা। অগ্নিং চ বিশ্বশং ভুবমাপশ্চ বিশ্বভেষজীঃ। ওঁ আপঃ পৃণীত ভেষজং বরূথং তন্বে মম। জ্যোক্ চ সূর্য্যং দৃশে। ওঁ ইদমাপঃ প্র বহত যৎ কিঞ্চ দুরিতং ময়ি। যদ্বাহমভিদুদ্রোহ যদ্বা শেপ উতানৃতম্। ওঁ আপো অদ্যান্বচারিষং রসেন সমগস্মহি। পয়স্বানগ্ন আ গহি তং মা সং সৃজ বর্চ্চসা॥

দক্ষিণহস্তে জল গ্রহণ করিয়া অঘমর্ষণ মন্ত্র পাঠ করিবে, যথা—

ঋতঞ্চেতি ঋক্‌ত্রয়স্য মাধুছন্দসাঘমর্ষণঋষির্ভাববৃত্তো দেবতা অনুষ্টুপ্‌ছন্দোঽশ্বমেধাবভৃথে বিনিয়োগঃ। ওঁ ঋতঞ্চ সত্যঞ্চাভীদ্ধাত্তপসোঽধ্যজায়ত। ততো রাত্র্যজায়ত ততঃ সমুদ্রো অর্ণবঃ। ওঁ সমুদ্রাদর্ণবাদধি সংবৎসরো অজায়ত। অহোরাত্রাণি বিদধদ্বিশ্বস্য মিষতো বশী। ওঁ সূর্য্যাচন্দ্রমসৌ ধাতা যথাপূর্ব্বমকল্পয়ৎ। দিবঞ্চ পৃথিবীং চান্তরিক্ষমথো স্বঃ।

এই মন্ত্র পাঠ করিয়া বামনাসিকাদ্বারা বায়ু আকর্ষণ করতঃ দক্ষিণনাসিকাদ্বারা কৃষ্ণবর্ণ পাপপুরুষের সহিত পূর্ব্বগৃহীত জলে সেই বায়ু নিঃসারণ করিয়া কল্পিত শিলারূপ বাম হস্ততলে নিক্ষেপ করিবে। অতঃপর গায়ত্রী পাঠপূর্ব্বক তিন অঞ্জলি জল প্রদান করিয়া সূর্য্যোপস্থান করিবে।

প্রাতঃসূর্য্যোপস্থান-মন্ত্র—চিত্রং দেবানামিতি ষড়ৃচস্য সূক্তস্য কুৎসঋষিঃ সূর্য্যো দেবতা ত্রিষ্টুপ্‌ছন্দঃ সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ। ওঁ চিত্রং দেবানামুদগাদনীকং চক্ষুর্ম্মিত্রস্য বরুণস্যাগ্নেঃ। আপ্রা দ্যাবাপৃথিবী অন্তরিক্ষং সূর্য্য আত্মা জগতস্তস্থুষশ্চ। ওঁ সূর্য্যো দেবীমুষসং রোচমানাং মর্য্যো ন যোষামভ্যেতি পশ্চাৎ। যত্রা নরো দেবয়ন্তো যুগানি বিতন্বতে প্রতি ভদ্রায় ভদ্রম্। ওঁ ভদ্রা অশ্বা হরিতঃ সূর্য্যস্য চিত্রা এতগ্বা অনুমাদ্যাসঃ। নমস্যন্তো দিব আ পৃষ্ঠমস্থুঃ পরি দ্যাবাপৃথিবী যন্তি সদ্যঃ। ওঁ তৎ সূর্য্যস্য দেবত্বং তন্মহিত্বং মধ্যা কর্ত্তোর্ব্বিততং সংজভার। যদেদযুক্ত হরিতঃ সধস্থাদাদ্রাত্রী বাসস্তনুতে সিমস্মৈ। ওঁ তন্মিত্রস্য বরুণস্যাভিচক্ষে সূর্য্যো রূপং কৃণুতে দ্যোরুপস্থে। অনন্ত-মন্যদ্রুশদস্য পাজঃ কৃষ্ণমন্যদ্ধরিতঃ সং ভরন্তি। ওঁ অদ্যা দেবা উদিতা সূর্য্যস্য নিরংহসঃ পিপৃতা নিরবদ্যাৎ। তন্নো মিত্রো বরুণো মামহন্তামদিতিঃ সিন্ধুঃ পৃথিবী উত দ্যৌঃ।

মধ্যাহ্নসূর্য্যোপস্থান মন্ত্র—উদুত্যমিতি ত্রয়োদশর্চ্চস্য সূক্তস্য কাণ্বপ্রস্কণ্বঋষিঃ

সূর্য্যো দেবতা আদ্যানাং নবানাং গায়ত্রী অন্ত্যানাং চতসৃণাং অনুষ্টুপ্‌ছন্দঃ সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ। ওঁ উদুত্যং জাতবেদসং দেবং বহন্তি কেতবঃ। দৃশে বিশ্বায় সূর্য্যম্। ওঁ অপ ত্যে তায়বো যথা নক্ষত্রা যন্ত্যক্তুভিঃ। সূরায় বিশ্বচক্ষসে। ওঁ অদৃশ্রমস্য কেতবো বিরশ্ময়ো জনাঁ অনু। ভ্রাজন্তো অগ্নয়ো যথা। ওঁ তরণির্ব্বিশ্বদর্শতো জ্যোতিষ্কৃদসি সূর্য্য। বিশ্বমা ভাসি রোচনম্। ওঁ প্রত্যঙ্ দেবানাং বিশঃ প্রত্যঙ্ঙুদেষি মানুষান্। প্রত্যঙ্ বিশ্বং স্বর্দৃশে। ওঁ যেনা পাবক চক্ষসা ভুরণ্যন্তং জনাঁ অনু। ত্বং বরুণ পশ্যসি। ওঁ বি দ্যামেষি রজস্পৃথ্বহা মিমানো অক্তুভিঃ। পশ্যন্ জন্মানি সূর্য্য। ওঁ সপ্ত ত্বা হরিতো রথে বহন্তি দেব সূর্য্য। শোচিষ্কেশং বিচক্ষণ। ওঁ অযুক্ত সপ্ত শুন্ধ্যুবঃ সূরো রথস্য নপ্ত্যঃ। তাভির্যাতি স্বযুক্তিভিঃ। ওঁ উদ্বয়ং তমসস্পরি জ্যোতিঃ পশ্যন্ত উত্তরং। দেবং দেবত্রা সূর্য্যমগন্ম জ্যোতিরুত্তমম্। ওঁ উদ্যন্নদ্য মিত্রমহ আরোহন্নুত্তরাং দিবং। হৃদ্রোগং মম সূর্য্য হরিমাণঞ্চ নাশয়। ওঁ শুকেষু মে হরিমাণং রোপণাকাসু দধ্মসি। অথো হারিদ্রবেষু মে হরিমাণং নি দধ্মসি। ওঁ উদগাদয়মাদিত্যো বিশ্বেন সহসা সহ। দ্বিষন্তং মহ্যং রন্ধয়ন্মো অহং দ্বিষতে রধম্॥

সায়ংকালের সূর্য্যোপস্থান-মন্ত্র—মোষু বরুণেতি পঞ্চর্চস্য সূক্তস্য বশিষ্ঠঋষির্ব্বরুণো দেবতা গায়ত্রীছন্দঃ সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ। ওঁ মো ষু বরুণ মৃণ্ময়ং গৃহং রাজন্নহং গমং। মৃড়া সুক্ষত্র মৃড়য়। ওঁ যদেমি প্রস্ফুরন্নিব দৃতির্ন ধ্মাতো অদ্রিবঃ। মৃড়া সুক্ষত্র মৃড়য়। ওঁ ক্রত্বঃ সমহ দীনতা প্রতীপং জগমা শুচে॥ মৃড়া সুক্ষত্র মৃড়য়। ওঁ অপাং মধ্যে তস্থিবাংসং তৃষ্ণাবিদজ্জরিতারং। মৃড়া সুক্ষত্র মৃড়য়। ওঁ যৎ কিঞ্চেদং বরুণ দৈব্যে জনেঽভিদ্রোহং মনুষ্যাশ্চরামসি। অচিত্তী যত্তব ধর্ম্মা যুযোপিম মা নস্তস্মাদেনসো দেব রীরিষঃ॥

অতঃপর অঙ্গন্যাস করিবে, যথা—ওঁ হৃদয়ায় নমঃ, ওঁ ভূঃ শিরসে স্বাহা, ওঁ ভুবঃ শিখায়ৈ বষট্, ওঁ স্বঃ কবচায় হুং, ওঁ ভূর্ভুবঃ স্বঃ নেত্রত্রয়ায় বৌষট্, ওঁ ভূর্ভুবঃ স্বঃ অস্ত্রায় ফট্, (পুনরায়) ওঁ তৎসবিতুর্হৃদয়ায় নমঃ, বরেণ্যং শিরসে স্বাহা, ভর্গো দেবস্য শিখায়ৈ বষট্, ধীমহি কবচায় হুং, ধিয়ো যো নঃ নেত্রত্রয়ায় বৌষট্, প্রচোদয়াৎ ওঁ অস্ত্রায় ফট্॥

তিন সময় তিন প্রকার গায়ত্রীধ্যান করিবে।

প্রাতঃকালের ধ্যান—ওঁ বালাং বালাদিত্যমণ্ডলস্থাং রক্তবর্ণাং রক্তাম্বরানুলেপনস্রগাভরণাং চতুর্ম্মুখীং দণ্ডকমণ্ডল্বক্ষসূত্রাভয়াঙ্কচতুর্ভুজাং হংসারূঢ়াং ব্রহ্মদৈবত্যাং ঋগ্বেদমুদাহরন্তীং ভূর্লোকাধিষ্ঠাত্রীং গায়ত্রীং নাম তাং ধ্যায়েৎ॥

মধ্যাহ্নকালের ধ্যান—ওঁ যুবতীং যুবাদিত্যমণ্ডলস্থাং শ্বেতবর্ণাং শ্বেতাম্বরানুলেপনস্রগাভরণাং সত্রিনেত্রপঞ্চবক্ত্রাং চন্দ্রশেখরাং ত্রিশূলখড়্গখট্টাঙ্গডমরুকরাং চতুর্ভুজাং বৃষারূঢ়াং রুদ্রদৈবত্যাং যজুর্ব্বেদমুদাহরন্তীং ভুবর্লোকাধিষ্ঠাত্রীং সাবিত্রীং নাম তাং ধ্যায়েৎ॥

সায়াহ্নকালের ধ্যান—ওঁ বৃদ্ধাং বৃদ্ধাদিত্যমণ্ডলস্থাং শ্যামবর্ণাং শ্যামাম্বরানুলেপনস্রগাভরণাং একবক্ত্রাং শঙ্খচক্রগদাপদ্মাঙ্কচতুর্ভুজাং গরুড়ারূঢ়াং বিষ্ণুদৈবত্যাং সামবেদমুদাহরন্তীং স্বর্লোকাধিষ্ঠাত্রীং সরস্বতীং নাম তাং ধ্যায়েৎ॥

পরে কৃতাঞ্জলি হইয়া নিম্নলিখিত মন্ত্রপাঠপূর্ব্বক গায়ত্রীর আবাহন করিবে। ওঁ আয়াতু বরদা দেবী অক্ষরং ব্রহ্মসম্মিতম্। গায়ত্রী চ্ছন্দসাং মাতা ইদং ব্রহ্ম জুষস্ব নঃ। ওঁ ওজোঽসি সহোঽসি বলমসি ভ্রাজোঽসি দেবানাং ধাম নামাসি বিশ্বমসি বিশ্বায়ুঃ সর্ব্বমসি সর্ব্বায়ুঃ অভিভূরোঁ। গায়ত্রী মাবাহয়ামি। ওঁ আগচ্ছ বরদে দেবি জপ্যে মে সন্নিধা ভব। গায়ন্তং ত্রায়সে যস্মাদ্ গায়ত্রী ত্বমতঃ স্মৃতা।

অতঃপর ঋষ্যাদি স্মরণ করিবে। যথা—

ওঁ-কারস্য ব্রহ্মঋষিরগ্নির্দ্দেবতা গায়ত্রীচ্ছন্দোঃ মহাব্যাহৃতীনাং পরমেষ্ঠী প্রজাপতির্ঋষিঃ প্রজাপতির্দ্দেবতা বৃহতীচ্ছন্দো; গায়ত্র্যা বিশ্বামিত্রঋষিঃ সবিতা দেবতা গায়ত্রীচ্ছন্দঃ, শ্বেতো বর্ণঃ, অগ্নির্ম্মুখং, ব্রহ্মা শিরো, বিষ্ণুর্হৃদয়ং, রুদ্রো ললাটং, পৃথিবী কুক্ষিস্ত্রৈলোক্যং চরণাঃ সাংখ্যায়নো গোত্রম্, অশেষপাপক্ষয়ায় জপে বিনিয়োগঃ।

তৎপরে দশ বা একশত আটবার গায়ত্রী জপ করিয়া কৃতাঞ্জলি হইয়া নিম্নোক্ত মন্ত্র পাঠপূর্ব্বক গায়ত্রীর উপস্থান করিবে।

জাতবেদস ইত্যস্য কাশ্যপঋষির্জাতবেদোঽগ্নির্দ্দেবতা ত্রিষ্টুপ্‌ছন্দঃ শান্ত্যর্থজপে বিনিয়োগঃ। ওঁ জাতবেদসে সুনবাম সোম মরাতীয়তো নি দহাতি বেদঃ। স নঃ পর্ষদতি দুর্গাণি বিশ্বা নাবেব সিন্ধুং দুরিতাত্যগ্নিঃ। তচ্ছংযোরিত্যস্য শংযুর্ঋষি বিশ্বেদেবা দেবতাঃ শক্করীচ্ছন্দঃ, নমো ব্রহ্মণে ইত্যস্য প্রজাপতির্ঋষির্ব্বিশ্বেদেবা দেবতা জগতীচ্ছন্দঃ শান্ত্যর্থ-জপে বিনিয়োগঃ। ওঁ তচ্ছংযোরাবৃণীমহে। ওঁ নমো ব্রহ্মণে, নমো অস্ত্বগ্নয়ে॥

ওঁ পূর্ব্বাদিদিগ্‌ভ্যো নমঃ, ওঁ দিগীশেভ্যো নমঃ, ওঁ সন্ধ্যায়ৈ নমঃ, ওঁ গায়ত্র্যৈ নমঃ, ওঁ সাবিত্র্যৈ নমঃ, ওঁ সরস্বত্যৈ নমঃ, ওঁ সর্ব্বাভ্যো দেবতাভ্যো নমঃ।

প্রত্যেককে প্রণাম করিয়া এক এক অঞ্জলি জল ত্যাগপূর্ব্বক গায়ত্রী বিসর্জ্জন করিবে।

ওঁ উত্তরে শিখরে দেবি ভূম্যাং পর্ব্বতমূর্দ্ধনি। ব্রাহ্মণৈরভ্যনুজ্ঞাতা গচ্ছ দেবি যথাসুখম্।

অতঃপর তর্পণাধিকারী ব্যক্তিগণ তর্পণ করিয়া সূর্য্যার্ঘ্য দান ও সূর্য্য প্রণাম করিবে। তর্পণে অধিকার না থাকিলে তর্পণ না করিয়া সূর্য্যার্ঘ্য দিবে।

সূর্য্যার্ঘ্য মন্ত্র—ওঁ নমো বিবস্বতে ব্রহ্মন্ ভাস্বতে বিষ্ণুতেজসে। জগৎসবিত্রে শুচয়ে সবিত্রে কর্ম্মদায়িনে॥ ওঁ এহি সূর্য্য সহস্রাংশো তেজোরাশে জগৎপতে। অনুকম্পয় মাং ভক্তং গৃহাণার্ঘ্যং দিবাকর॥ পরে প্রণাম করিবে। অনন্তর ব্রহ্মযজ্ঞ করিবে। ঋগ্বেদী ব্রহ্মযজ্ঞ সমস্তই সামবেদীর ন্যায় করিতে হয়।

তান্ত্রিক-সন্ধ্যাপদ্ধতি।

স্ত্রী, শূদ্রাদি সকলেরই তান্ত্রিক সন্ধ্যায় অধিকার আছে। দীক্ষিত মাত্রেরই ইহা অবশ্য কর্ত্তব্য। ব্রাহ্মণগণ বৈদিক সন্ধ্যোপাসনাদি সমাপন করিয়া পরে তান্ত্রিক সন্ধ্যা করিবে। সন্ধ্যাকাল উত্তীর্ণ হইলে দশবার দেবতার গায়ত্রী জপ করিয়া সন্ধ্যা করিবে। পর্ব্বাহাদিতেও তান্ত্রিক সন্ধ্যা নিষিদ্ধ নহে।

আচমন—ওঁ আত্মতত্ত্বায় স্বাহা, ওঁ বিদ্যাতত্ত্বায় স্বাহা, ওঁ শিবতত্ত্বায় স্বাহা, এই মন্ত্রে তিনবার জল পান করতঃ মুখ প্রভৃতি স্পর্শ করিয়া আচমন পূর্ব্বক "গঙ্গে চ" মন্ত্রে অঙ্কুশমুদ্রাদ্বারা জলশুদ্ধি করিয়া ধেনুমুদ্রা প্রদর্শন পূর্ব্বক মূলমন্ত্র অন্যের অশ্রুতভাবে উচ্চারণ করিয়া তত্ত্বমুদ্রা * যোগে তিনবার ভূমিতে, সাতবার মস্তকে জলের ছিটা দিবে।

অনন্তর মূলমন্ত্রে প্রাণায়াম ও অঙ্গন্যাস করিয়া বামহস্তে একটু জল লইয়া দক্ষিণহস্তদ্বারা আচ্ছাদনপূর্ব্বক "হং যং রং লং বং" মন্ত্র তদুপরি তিন বার জপ করিবে। তৎপরে মূলমন্ত্র উচ্চারণ করিয়া বামহস্তের অঙ্গুলিচ্ছিদ্র-পথে গলিত ঐ জল তত্ত্বমুদ্রাদ্বারা সাতবার বিন্দু বিন্দু নিজ মস্তকে দিবে এবং বামহস্তের অবশিষ্ট জল দক্ষিণহস্তে লইয়া উহাকে তেজোময় চিন্তা করতঃ বামনাসিকাদ্বারা আকর্ষণ করিয়া দেহের পাপ জলে মিলিত ও তৎসম্মিলনে ঐ জল কৃষ্ণবর্ণ হইয়াছে, এইরূপ ভাবনা করিয়া দক্ষিণনাসিকাপথে ঐ জল

* তত্ত্বমুদ্রা—দক্ষিণহস্ত অধোমুখ করতঃ মধ্যমা ও অনামিকা অঙ্গুলির অগ্রভাগে অঙ্গুষ্ঠাঙ্গুলির অগ্রভাগ যোগ করিলে তত্ত্বমুদ্রা হয়।

বাহির করিয়া বামহস্ততলে নিক্ষেপ করিবে এবং তথা হইতে "ফট্" এই মন্ত্রে ভূমিতে পরিত্যাগ করিবে। ইহাকে অঘমর্ষণ বলে।

তৎপরে হাত ধুইয়া বৈদিক আচমন করতঃ "হ্রীং হংসঃ ইদমর্ঘ্যং সূর্য্যায় স্বাহা" এই মন্ত্রে সূর্য্যার্ঘ্য স্বরূপ এক অঞ্জলি জল দান করিবে। তদনন্তর "ওঁ সূর্য্যমণ্ডলস্থায়ৈ অমুক দেবতায়ৈ নমঃ" (অমুকদেবতাস্থলে, স্বীয় ইষ্টদেবতার নাম মনে মনে করিবে) বলিয়া তিন অঞ্জলি জল অর্ঘ্যস্বরূপ ইষ্টদেবতাকে দিবে। প্রাতঃ, মধ্যাহ্ন ও সায়াহ্ন—যখন যে সন্ধ্যা তখনকার নিম্নলিখিত ধ্যান পূর্ব্বক যিনি যে দেবতার উপাসক, তিনি সেই দেবতার গায়ত্রী দশ বা একশত আট বার জপ করিবেন। গায়ত্রী "বহুদেবতার গায়ত্রী" প্রকরণে লিখিত হইয়াছে।

প্রাতঃকালে কুণ্ডলিনী শক্তিকে মূলাধারকমলে দ্রবকাঞ্চনের ন্যায় তরুণ-তপনপ্রভা চিন্তা করতঃ ধ্যান করিবে।

ওঁ উদ্যদাদিত্যসঙ্কাশাং পুস্তকাক্ষকরাং স্মরেৎ।
কৃষ্ণাজিনধরাং ব্রাহ্মীং ধ্যায়েত্তারকিতেঽম্বরে॥

মধ্যাহ্নকালে কুণ্ডলিনী শক্তিকে অনাহতকমলে কোটিভাস্করসন্নিভা চিন্তা করতঃ ধ্যান করিবে।

ওঁ শ্যামবর্ণাং চতুর্ব্বাহুং শঙ্খচক্রলসৎকরাম্।
গদাপদ্মধরাং দেবীং সূর্য্যাসনকৃতাশ্রয়াম্॥

সায়াহ্নকালে কুণ্ডলিনী শক্তিকে আজ্ঞাপদ্মে কোটিশশাঙ্কসমপ্রভাবিশিষ্টা চিন্তা করতঃ ধ্যান করিবে,—

ওঁ সায়াহ্নে বরদাং দেবীং গায়ত্রীং সংস্মরেদ্‌যতিঃ। শুক্লাং শুক্লাম্বরধরাং বৃষাসনকৃতাশ্রয়াম্। ত্রিনেত্রাং বরদাং পাশং শূলঞ্চ নৃকরোটিকাম্। সূর্য্যমণ্ডল-মধ্যস্থাং ধ্যায়ন্ দেবীং সমভ্যসেৎ॥

জপান্তে "গুহ্যাতি" মন্ত্রে জপ সমর্পণ করিয়া তান্ত্রিক তর্পণ করিবে।

তান্ত্রিক তর্পণ।

ওঁ দেবাংস্তর্পয়ামি, ওঁ ঋষীংস্তর্পয়ামি, ওঁ পিতৄংস্তর্পয়ামি, ওঁ মনুষ্যাংস্তর্পয়ামি, ওঁ গুরূংস্তর্পয়ামি, ওঁ পরমগুরূংস্তর্পয়ামি, ওঁ পরাপরগুরূংস্তর্পয়ামি, ওঁ পরমেষ্ঠিগুরূং-স্তর্পয়ামি—এই সকল মন্ত্রে প্রত্যেককে জলাঞ্জলি দান করিবে। তৎপরে নিজ ইষ্টদেবতার মূলমন্ত্র মনে মনে উচ্চারণ করিয়া "অমুকদেবীং তর্পয়ামি স্বাহা।" এই মন্ত্রে তিনবার জলাঞ্জলি দিবে।

বৈষ্ণবগণ "পিতৄংস্তর্পয়ামি" এই মন্ত্রের পর "নারদং তর্পয়ামি, পর্ব্বতং তর্পয়ামি, বিষ্ণুং তর্পয়ামি, নিশঠং তর্পয়ামি, উদ্ধবং তর্পয়ামি, দারুকং তর্পয়ামি, বিষ্বক্সেনং তর্পয়ামি, শৈলেয়ং তর্পয়ামি,"—এই মন্ত্রে তর্পণ করিয়া তৎপরে "গুরূংস্তর্পয়ামি" প্রভৃতি তর্পণ করিবে। ইষ্টদেবতার তর্পণ স্থলে, মূলমন্ত্র উচ্চারণ করিয়া "অমুকদেবং তর্পয়ামি নমঃ" বলিবে। শৈবগণ ঐরূপে "অমুক দেবং তর্পয়ামি" বলিবে। তর্পণের পর যথাশক্তি জপ করিয়া "গুহ্যাতি"—মন্ত্রে জপ সমর্পণ করিয়া ইষ্টদেবতার প্রণামমন্ত্র পাঠপূর্ব্বক প্রণাম করিবে।

বৈদিক তর্পণ-বিধি।

নাস্তিক্য-ভাবাৎ যশ্চাপি ন তর্পয়তি বৈ সুতঃ।
পিবন্তি দেহরুধিরং পিতরো বৈ জলার্থিনঃ॥

নাস্তিক্য-প্রণোদিত হইয়া যে ব্যক্তি পিত্রাদির তর্পণ না করে, পিতৃগণ জলপ্রার্থী হইয়া তাহার দেহরুধির পান করিয়া থাকেন। অতএব আয়ু বল ধর্ম্ম ও স্বাস্থ্যকামী ব্যক্তিগণ তর্পণ করিতে বিস্মৃত হইবেন না।

স্নাতার্দ্রবাসা দেবপিতৃতর্পণমম্ভস্থ এব কুর্য্যাৎ। পরিবর্ত্তিতবাসাশ্চ তীরে সমুত্তীর্য্যেতি॥—বিষ্ণু।

স্নান করিয়া জলে দাঁড়াইয়া আর্দ্রবস্ত্রে তর্পণ করিবে। আর্দ্রবস্ত্র পরিত্যাগ করিয়া তর্পণ করিতে হইলে তীরে উঠিয়া তর্পণ করিবে।

পাত্রাদ্বা জলমাদায় শুচৌ পাত্রান্তরে ক্ষিপেৎ।
জলপূর্ণেঽথবা গর্ত্তে ন স্থানে তু বিবর্হিষি॥ ইতি হারীত।

উদ্ধৃতজলে তর্পণ করিতে হইলে, কোন পাত্রে জল রাখিয়া সেই পাত্র হইতে জল লইয়া অন্য পবিত্র পাত্রে কিম্বা জলপূর্ণ গর্ত্তে তর্পণের জল নিক্ষেপ করিবে। কখনও কুশশূন্য স্থানে তর্পণের জল নিক্ষেপ করিবে না।

যদ্যুদ্ধৃতৈঃ প্রসিঞ্চেত্তু তিলান্ সম্মিশ্রয়েজ্জলে।
ততোঽন্যথা তু সব্যেন তিলা গ্রাহ্যা বিচক্ষণৈঃ॥ ইতি যাজ্ঞবল্ক্য।

উদ্ধৃতজলে তিল মিশ্রিত করিয়া লইবে, তাহা না করিলে বামহস্তে তিল গ্রহণ করিবে।

উপবীতী—অর্থাৎ বামস্কন্ধে যজ্ঞোপবীত রাখিয়া পূর্ব্বাভিমুখে দেবতীর্থে অর্থাৎ অঙ্গুলির অগ্রভাগ দ্বারা দেবতর্পণ, যজ্ঞোপবীত মালাবৎ কণ্ঠলম্বিত করিয়া মনুষ্যতীর্থে সামবেদীয়গণ উত্তরাভিমুখে মনুষ্যতর্পণ, বামস্কন্ধে যজ্ঞোপবীত-

রাখিয়া দৈবতীর্থে ঋষিতর্পণ এবং দক্ষিণস্কন্ধে যজ্ঞোপবীত রাখিয়া দক্ষিণাভিমুখে পিতৃতীর্থে পিতৃতর্পণ করিবে।

বিধিপূর্ব্বক তিলকধারণ করতঃ পিতৃগণ, দেবগণ ও মনুষ্যদিগের তর্পণ করিবে। নাভি পর্য্যন্ত জলে দাঁড়াইয়া উর্দ্ধদৃষ্টি হইয়া চিন্তা করিবে যে, পিতৃগণ আগমন করুন এবং মৎপ্রদত্ত জলাঞ্জলি গ্রহণ করুন। এক এক ব্যক্তির নামে তিন তিন অঞ্জলি জল দান করিতে হয়। তর্পণজল ফেলিতে হইলে কুশাস্তরণে নিক্ষেপ করিবে, কদাচ কোন পাত্রে বা মাটিতে তর্পণের জল ফেলিবে না। শুক্লবস্ত্র পরিয়া তর্পণ করা বিধি।

দর্শস্নানং গয়াশ্রাদ্ধং তিলতর্পণমেব চ
ন জীবৎপিতৃকো ভূপ কুর্য্যাৎ কৃত্বাঘমাপ্নুয়াৎ ॥

যাহার পিতা জীবিত আছে, তাহার অমাবস্যাস্নান, গয়াশ্রাদ্ধ ও তিলতর্পণে অধিকার নাই। কিন্তু প্রেতশ্রাদ্ধে তিলতর্পণ করিতে পারে।

সংক্রান্ত্যাং নিশি সপ্তম্যাং রবিশুক্রদিনে তথা।
শ্রাদ্ধজন্মদিনে চৈব ন কুর্য্যাত্তিলতর্পণম্ ॥

সংক্রান্তি, রাত্রিকাল, সপ্তমী তিথি, রবি ও শুক্রবার, শ্রাদ্ধদিনে এবং জন্মদিনে তিলতর্পণ করিবে না। ইহা সামান্য বিধি। কিন্তু নিম্নোক্ত বিশেষ বিধি অনুসারে নিষিদ্ধ দিনেও তিলতর্পণ করা যায়, যথা—

অয়নে বিষুবে চৈব সংক্রান্ত্যাং গ্রহণেষু চ। উপাকর্ম্মণি চোৎসর্গে যুগাদৌ মৃতবাসরে॥ সূর্য্যশুক্রাদিবারেঽপি ন দোষস্তিলতর্পণে। তীর্থে তিথিবিশেষে চ কার্য্যং প্রেতে চ সর্ব্বদা ॥

দক্ষিণ ও উত্তরায়ণ সংক্রান্তি, গ্রহণ, সংস্কারপূর্ব্বক বেদারম্ভাদি কার্য্যে, উৎসর্গে, যুগাদ্যা ও মৃততিথিতে যদি শুক্রাদি নিষিদ্ধ বার হয়, তাহা হইলেও তিলতর্পণে দোষ হয় না। গঙ্গাদি তীর্থে, তিথিবিশেষে, আর প্রেতশ্রাদ্ধে তিল-তর্পণে বারাদি কোন দোষ নাই। মহালয়া অমাবস্যার পূর্ব্বপ্রতিপৎ হইতে মহালয়া অমাবস্যা পর্য্যন্ত এক পক্ষের নাম প্রেতপক্ষ। ইহাতে তিলতর্পণে কোন বারাদি দোষ নাই॥

সামবেদীয় তর্পণপদ্ধতি।

দুইবার আচমন করিয়া প্রাচীনাবীতী এবং দক্ষিণমুখ হইয়া করযোড়ে পাঠ করিবে।

ওঁ কুরুক্ষেত্রং গয়া গঙ্গা প্রভাসপুষ্করাণি চ।
তীর্থান্যেতানি পুণ্যানি তর্পণকালে ভবন্ত্বিহ॥

উপবীতী হইয়া—অর্থাৎ স্বভাবতঃ যে ভাবে উপবীত থাকে, সেই ভাবে রাখিয়া, পূর্ব্বমুখ হইয়া নিম্নলিখিত মন্ত্রপাঠ পূর্ব্বক দৈবতীর্থ (২২ পৃঃ ১পঃ দেখ) দ্বারা তর্পণ করিবে।—

ওঁ ব্রহ্মা তৃপ্যতাং, ওঁ বিষ্ণুস্তৃপ্যতাং, ওঁ রুদ্রস্তৃপ্যতাং, ওঁ প্রজাপতিস্তৃপ্যতাং। ওঁ দেবা যক্ষাস্তথা নাগা গন্ধর্ব্বাপ্সরসোঽসুরাঃ। ক্রূরাঃ সর্পাঃ সুপর্ণাশ্চ তরবো জিহ্মগাঃ খগাঃ। বিদ্যাধরা জলাধারাস্তথৈবাকাশগামিনঃ। নিরাহারাশ্চ যে জীবাঃ পাপে ধর্ম্মে রতাশ্চ যে। তেষামাপ্যায়নায়ৈতদ্দীয়তে সলিলং ময়া॥

অতঃপর পশ্চিমমুখ হইয়া নিবীতী অর্থাৎ মালার মত করিয়া পৈতা গলায় দিয়া নিম্নোক্ত মন্ত্র দুইবার পড়িয়া আত্মাভিমুখে দুই অঞ্জলি জলদ্বারা তর্পণ করিবে।

ওঁ সনকশ্চ সনন্দশ্চ তৃতীয়শ্চ সনাতনঃ। কপিলশ্চাসুরিশ্চৈব বোঢ়ুঃ পঞ্চশিখস্তথা। সর্ব্বে তে তৃপ্তিমায়ান্তু মদ্দত্তেনাম্বুনা সদা॥

উপবীতী ও পূর্ব্বাভিমুখ হইয়া নিম্নলিখিত মন্ত্রে দৈবতীর্থদ্বারা মরীচি-আদিকে এক এক অঞ্জলি জল প্রদানে তর্পণ করিবে।

ওঁ মরীচিস্তৃপ্যতাং, ওঁ অত্রিস্তৃপ্যতাং, ওঁ অঙ্গিরাস্তৃপ্যতাং, ওঁ পুলস্ত্যস্তৃপ্যতাং, ওঁ পুলহস্তৃপ্যতাং, ওঁ ক্রতুস্তৃপ্যতাং, ওঁ প্রচেতাস্তৃপ্যতাং, ওঁ বশিষ্ঠস্তৃপ্যতাং, ওঁ ভৃগুস্তৃপ্যতাং, ওঁ নারদস্তৃপ্যতাং, ওঁ দেবাস্তৃপ্যন্তাম্॥

অনন্তর প্রাচীনাবীতী ও দক্ষিণমুখ হইয়া নিম্নলিখিত বাক্যে প্রত্যেককে পিতৃতীর্থদ্বারা এক এক জলাঞ্জলি দানে তর্পণ করিবে।

ওঁ অগ্নিষ্বাত্তাঃ পিতরস্তৃপ্যন্তামেতৎ সতিলোদকং তেভ্যঃ স্বধা। ওঁ সোম্যাঃ পিতরস্তৃপ্যন্তামেতৎ সতিলোদকং তেভ্যঃ স্বধা। ওঁ হবিষ্মন্তঃ পিতরস্তৃপ্যন্তামেতৎ সতিলোদকং তেভ্যঃ স্বধা। ওঁ উষ্মপাঃ পিতরস্তৃপ্যন্তামেতৎ সতিলোদকং তেভ্যঃ স্বধা। ওঁ সুকালীনাঃ পিতরস্তৃপ্যন্তামেতৎ সতিলোদকং তেভ্যঃ স্বধা। ওঁ বর্হিষদঃ পিতরস্তৃপ্যন্তামেতৎ সতিলোদকং তেভ্যঃ স্বধা। ওঁ আজ্যপাঃ পিতরস্তৃপ্যন্তামেতৎ সতিলোদকং তেভ্যঃ স্বধা।

অতঃপর নিম্নলিখিত মন্ত্র তিনবার পাঠপূর্ব্বক পিতৃতীর্থে তিন অঞ্জলি জল দানে যমতর্পণ করিবে। যথা,—

ওঁ যমায় ধর্ম্মরাজায় মৃত্যবে চান্তকায় চ। বৈবস্বতায় কালায় সর্ব্বভূত-

ক্ষয়ায় চ। ঔডুম্বরায় দধ্নায় নীলায় পরমেষ্ঠিনে। বৃকোদরায় চিত্রায় চিত্রগুপ্তায় বৈ নমঃ।

যেখানে তিল না দিয়া তর্পণ করিতে হয়, সেখানে "এতৎ সতিলোদকং" স্থলে "এতদুদকং" বলিবে এবং গঙ্গাজলে তর্পণ করা হইলে "এতৎসতিল-গঙ্গোদকং" বা "এতদ্‌গঙ্গোদকং" বলিতে হইবে।

অনন্তর পিতৃতর্পণ করিতে হয়। তর্পণ সমাপ্ত না হওয়া পর্য্যন্ত প্রাচীনা-বীতী ও দক্ষিণমুখ হইয়া, পিতৃতীর্থের দ্বারা পিত্রাদির তর্পণ করিবে। প্রথমে কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবে,—

ওঁ আগচ্ছন্তু মে পিতর ইমং গৃহ্নন্ত্বপোঽঞ্জলিম্।

এই মন্ত্রে পিতৃগণের আবাহন করিয়া সতিলজল গ্রহণপূর্ব্বক নিম্নোক্ত মন্ত্র পাঠ করিয়া সতিলজলদানে পিতৃগণের তর্পণ করিবে। যথা—

ওঁ বিষ্ণুরোম্ অমুকগোত্রঃ পিতা অমুকদেবশর্ম্মা তৃপ্যতামেতৎসতিলোদকং তস্মৈ স্বধা।

এইরূপ পিতামহ, প্রপিতামহ, মাতামহ, প্রমাতামহ, বৃদ্ধপ্রমাতামহ, ষট্‌পুরুষের তর্পণ করিবে। তদনন্তর মাতা, পিতামহী, প্রপিতামহীকে তিন অঞ্জলি করিয়া জলদানে তর্পণ করিয়া মাতামহী, প্রমাতামহী, বৃদ্ধপ্রমাতামহী, পিতৃব্য, মাতুল, পিতৃষ্বসা, মাতৃষ্বসা, ভ্রাতা, ভগিনী, শ্বশুর, শ্বাশুড়ী এবং সপিণ্ডগণকে মন্ত্রপাঠপূর্ব্বক এক এক অঞ্জলি জলদান করিবে। মন্ত্রে গোত্র, নাম, সম্পর্ক ও স্ত্রীলোক হইলে "গোত্র" স্থলে "গোত্রা" এবং "দেবশর্ম্মা" স্থলে "দেবী" উল্লেখ করিবে।

ভীষ্মতর্পণ—ওঁ বৈয়াঘ্রপদ্যগোত্রায় সাঙ্কৃতিপ্রবরায় চ।
অপুত্রায় দদাম্যেতৎ সলিলং ভীষ্মবর্ম্মণে॥

ভীষ্মোদ্দেশে এই মন্ত্রে তিনবার তিন অঞ্জলি জল দিয়া প্রণাম করিবে। যথা—

ওঁ ভীষ্মঃ শান্তনবো বীরঃ সত্যবাদী জিতেন্দ্রিয়ঃ।
আভিরদ্ভিরবাপ্নোতু পুত্রপৌত্রোচিতাং ক্রিয়াম্॥

অনন্তর নিম্নলিখিত মন্ত্র পাঠ করিয়া এক এক অঞ্জলি জল দিবে—

ওঁ অগ্নিদগ্ধাশ্চ যে জীবা যেঽপ্যদগ্ধাঃ কুলে মম।
ভূমৌ দত্তেন তৃপ্যন্তু তৃপ্তা যান্তু পরাং গতিম্॥

(এক অঞ্জলি জল দিবে)।

ওঁ যেঽবান্ধবা বান্ধবা বা যেঽন্যজন্মনি বান্ধবাঃ।
তে তৃপ্তিমখিলাং যান্তু যে চাস্মত্তোয়কাঙ্ক্ষিণঃ॥
(এক অঞ্জলি জল দিবে)।

ওঁ আব্রহ্মভুবনাল্লোকা দেবর্ষিপিতৃমানবাঃ। তৃপ্যন্তু পিতরঃ সর্ব্বে মাতৃমাতামহাদয়ঃ॥ অতীতকুলকোটীনাং সপ্তদ্বীপনিবাসিনাম্। ময়া দত্তেন তোয়েন তৃপ্যন্তু ভুবনত্রয়ম্॥

এই মন্ত্রে জলাঞ্জলিত্রয় দান করিয়া নিম্নলিখিত মন্ত্রে তিন অঞ্জলি জল দিবে,—

ওঁ আব্রহ্মস্তম্বপর্য্যন্তং জগতৃপ্যতু।

বিশেষ কারণে সমস্ত তর্পণে অশক্ত হইলে, কেবল "আব্রহ্ম" মন্ত্র পাঠ করিয়া তর্পণ করিলেও চলিতে পারে।

তৎপরে স্নানবস্ত্র নিষ্পীড়ন করিয়া নিম্নলিখিত মন্ত্র পাঠপূর্ব্বক তজ্জল ভূমিতে নিক্ষেপ করিবে। মন্ত্র যথা—

ওঁ যে চাস্মাকং কুলে জাতা অপুত্রা গোত্রিণো মৃতাঃ।
তে তৃপ্যন্তু ময়া দত্তং বস্ত্রনিষ্পীড়নোদকম্॥

কিন্তু সংক্রান্তি, পূর্ণিমা, অমাবস্যা, দ্বাদশী ও শ্রাদ্ধদিনে বস্ত্রনিষ্পীড়নোদক তর্পণ করিবে না।

তৎপরে পিতৃগণকে প্রণাম করিবে।

প্রণামমন্ত্র যথা—ওঁ পিতা স্বর্গঃ পিতা ধর্ম্মঃ পিতা হি পরমং তপঃ।
পিতরি প্রীতিমাপন্নে প্রীয়ন্তে সর্ব্বদেবতাঃ॥

অতঃপর কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবে,—

ওমদ্য কৃতৈতৎ তর্পণকর্ম্মাচ্ছিদ্রমস্তু। ওমস্ত্বেত্যাদি—কৃতেঽস্মিন্ তর্পণকর্ম্মণি যদ্ যদ্বৈগুণ্যং জাতং তদ্দোষপ্রশমনায় ওঁ বিষ্ণুস্মরণং করিষ্যে।

ওঁ বিষ্ণুঃ—এই মন্ত্র দশবার পাঠ করিবে।

ওঁ অজ্ঞানাদ্ যদি বা মোহাৎ প্রচ্যবেতাধ্বরেষু যৎ। স্মরণাদেব তদ্বিষ্ণোঃ সম্পূর্ণং স্যাদিতি শ্রুতিঃ॥—ওঁ প্রীয়তাং পুণ্ডরীকাক্ষঃ সর্ব্বযজ্ঞেশ্বরো হরিঃ। তস্মিংস্তুষ্টে জগত্তুষ্টং প্রীণিতে প্রীণিতং জগৎ॥ ময়া যদিদং তর্পণকর্ম্ম কৃতং তৎসর্ব্বং ভগবদ্বিষ্ণুচরণে সমর্পিতম্॥ ইতি সামবেদীয় তর্পণপদ্ধতিঃ।

যজুর্ব্বেদীয় ও শূদ্রতর্পণ-পদ্ধতি।

যে সকল মন্ত্রাদিতে এবং যে প্রকারে যজুর্ব্বেদীয়গণের তর্পণ করিতে হয়, শূদ্রেরও তাহাই, কেবল ব্রাহ্মণগণ পিত্রাদির নামে "অমুকদেবশর্ম্মন্" এবং শূদ্রগণ "অমুক দাস" বলিবে ও যে মন্ত্রে স্বধা আছে, শূদ্রের তাহাতে অধিকার না থাকায় "স্বধা" স্থলে "নমঃ" বলিবে, যজুর্ব্বেদীয় ব্রাহ্মণগণ স্বধাই পাঠ করিবেন। আর শূদ্রগণ পিতৃতর্পণের অগ্রে এবং ব্রাহ্মণগণ পিতৃতর্পণের পরে ভীষ্মতর্পণ করিবেন। শূদ্র "ওঁ" না বলিয়া "নমঃ" বলিবে।

তর্পণের বিধি ও অন্যান্য মন্ত্রাদি সমস্তই সামবেদীয় তর্পণের ন্যায়, কেবল পিতৃগণের যাহা পৃথক্, তাহাই লিখিত হইল।

ওঁ উশন্তস্ত্বা নি ধীমহ্যুশন্তঃ সমিধীমহি। উশন্নুশত আ বহ পিতৄন্ হবিষে অত্তবে। ওঁ আয়ান্তু নঃ পিতরঃ সোম্যাসো অগ্নিষ্বাত্তাঃ পথিভির্দেবযানৈঃ। অস্মিন্ যজ্ঞে স্বধয়া মদন্তোঽধিব্রুবন্তু তেঽবন্ত্বস্মান্॥

এই মন্ত্র পাঠপূর্ব্বক পিতৃগণের আবাহন করতঃ নিম্নলিখিত মন্ত্র তিনবার পাঠ করিয়া তিনবার জলাঞ্জলি দানে পিতৃতর্পণ করিবে। যথা—

বিষ্ণুরোম্ অমুকগোত্র পিতরমুকদেবশর্ম্মন্ এতৎ সতিলোদকং তুভ্যং স্বধা।

মাতা আদিকে নিম্নলিখিত মন্ত্র পাঠে তিনবার জল দিবে—

অমুকগোত্রে মাতরমুকী দেবি এতৎ সতিলোদকং তুভ্যং স্বধা।

যাহাকে যাহাকে যেরূপভাবে যতবার জল দিতে হইবে, তৎসমস্তই সামবেদীয় তর্পণপদ্ধতির অনুরূপ।

ঋগ্বেদীয় তর্পণ-পদ্ধতি।

ঋগ্বেদীয় তর্পণ সমস্তই সামবেদীয়গণের মত। কেবল পিত্রাদির তর্পণ করিবার মন্ত্রাদি পৃথক্। যথা—

বিষ্ণুরোম্ অমুকগোত্রং পিতরং অমুকদেবশর্ম্মাণং স্বধা নমস্তর্পয়ামি।

মাতা আদি স্ত্রীপক্ষে মন্ত্র এইরূপ যথা—অমুকগোত্রাং মাতরং অমুকীদেবীং স্বধা নমস্তর্পয়ামি।

সংক্ষেপ মালা-সংস্কার।

রুদ্রাক্ষ যথা—রুদ্রাক্ষমালা একমুখ হইতে চতুর্দ্দশমুখ পর্য্যন্ত আছে। ইহাদিগের সংস্কারমন্ত্র একই প্রকারের; মুখভেদে ধারণের মন্ত্র পৃথক্।

পঞ্চগব্য ও পঞ্চামৃত দ্বারা ধৌত করিয়া নিম্নলিখিত মন্ত্র পাঠপূর্ব্বক মালা সংস্কার করিবে। যথা—

ওঁ নমঃ শিবায়। ওঁ ত্র্যম্বকং যজামহে সুগন্ধিং পুষ্টিবর্দ্ধনম্। উর্ব্বারুকমিব বন্ধনান্মৃত্যোর্মুক্ষীয় মা মৃতাৎ॥

নিম্নলিখিত সংখ্যানুসারে যতমুখ রুদ্রাক্ষ হউক, এই মন্ত্র পড়িয়া রুদ্রাক্ষ ধারণ করিবে। যথা—

(১) মুখ হইলে ওঁ ঐং। এইরূপ (২) ওঁ শ্রীং, (৩) ওঁ ঞ্রং ঞ্রং, (৪) ওঁ হ্রীং হ্রঃ (৫) ওঁ হ্রীং, (৬) ওঁ ঐং হ্রীং, (৭) ওঁ হ্রীং, (৮) ওঁ রুং রং, (৯) ওঁ হ্রীং, (১০) ওঁ হ্রীং, (১১) ওঁ শ্রীং, (১২) ওঁ হ্রাং হ্রীং, (১৩) ওঁ ক্ষৌং নমঃ, (১৪) ওঁ তমাং।

তুলসীমালা—পঞ্চগব্যদ্বারা মালা ধৌত করিয়া তদুপরি গায়ত্রী ও মূলমন্ত্র প্রত্যেকে আটবার করিয়া জপ করতঃ ঐ মালা বিষ্ণুকে নিবেদন করিয়া দিয়া মালায় বিষ্ণুতেজ আসিয়াছে, এইরূপ চিন্তাপূর্ব্বক মালা ধারণ করিবে।

তৈল-ম্রক্ষণ বিধি।

"ওঁ অশ্বত্থাম্নে নমঃ"—এই মন্ত্রে দক্ষিণহস্তের মধ্যমা ও অনামিকা অঙ্গুলি দ্বারা তিনবার তিন বিন্দু তৈল ভূমিতে নিক্ষেপ করিয়া তৈল মাখিবে।

"শিরোভ্যঙ্গাবশিষ্টেন তৈলেনাঙ্গং ন লেপয়েৎ।"

মস্তকে তৈল মাখিয়া তদবশিষ্ট তৈল দিয়া দেহের অন্যান্য অঙ্গাদি লেপন করিবে না। অঙ্গে নিম্নদিক হইতে উপরের দিকে তৈল মাখিতে হয়।

যেখানে তৈল মাখিবার নিষেধ আছে, সেখানে তিলতৈল মাখিবে না। কারণ—

তৈলাভ্যঙ্গনিষেধে তু তিলতৈলং নিষিধ্যতে। ঘৃতঞ্চ সার্ষপং তৈলং যত্তৈলং পুষ্পবাসিতম্। অদুষ্টং পক্কতৈলঞ্চ স্নানাভ্যঙ্গে তু নিত্যশঃ॥

তৈল মাখিতে নিষেধ থাকিলে, কেবল তিলতৈলই বুঝিতে হইবে। ঘৃত, সর্ষপতৈল, পুষ্পবাসিত এবং পক্কতৈল ব্যবহারে কোন দোষ নাই।

প্রাতঃস্নানে ব্রতে শ্রাদ্ধে দ্বাদশ্যাং গ্রহণে তথা।
মদ্যলেপসমং তৈলং তস্মাত্তৈলং বিবর্জ্জয়েৎ॥

প্রাতঃস্নানে, ব্রতদিনে, শ্রাদ্ধদিনে, দ্বাদশীতে, চন্দ্র ও সূর্য্যগ্রহণে তৈল মাখিতে নাই। ঐ সকল দিনে তৈল মদ্য তুল্য হয়।

স্নানবিধি।

অস্নাত্বা নাচরেৎ কর্ম্ম জপহোমাদি কিঞ্চন। লালাস্বেদসমাকীর্ণঃ শয়নাদুত্থিতঃ পুমান্॥ অত্যন্তমলিনঃ কায়ো নবচ্ছিদ্রসমন্বিতঃ। স্রবত্যেব দিবারাত্রং প্রাতঃস্নানং বিশোধনম্॥

অস্নাত অবস্থায় জপ, পূজা, হোমাদি কোন কর্ম্মই করিবে না। নবচ্ছিদ্র সমন্বিত মালিন্যসমাকীর্ণ দেহে কোন না কোন প্রকারে মল রক্ষিত হয়, অতএব শয্যা হইতে উঠিয়া স্নান করিয়া পূজা করিবে।

মান্ত্রং ভৌমং তথাগ্নেয়ং বায়ব্যং দিব্যমেব চ।
বারুণং মানসঞ্চৈব সপ্তস্নানং প্রকীর্ত্তিতম্॥

মান্ত্র, ভৌম, আগ্নেয়, বায়ব্য, দিব্য, বারুণ ও মানস এই সপ্তবিধ স্নান। ইহার যে কোন প্রকার স্নান করিলেই মানব শুদ্ধিলাভ করিতে পারে, কিন্তু বারুণ ও মান্ত্র স্নানই প্রশস্ত। আপো হি ষ্ঠা ইত্যাদি মন্ত্রপাঠপূর্ব্বক মার্জ্জনকে মান্ত্র স্নান, সর্ব্বাঙ্গে মৃত্তিকালেপন করিলে ভৌম স্নান, হোমাগ্নির বা গোময়ভস্ম অঙ্গে লেপন করিলে আগ্নেয় স্নান, গোপদরজঃপ্রবহমান বায়ুতে শরীর শীতল হওয়া পর্য্যন্ত রক্ষা করিলে বায়ব্য স্নান, স্বল্পবৃষ্টিতে দেহ আর্দ্র করিলে দিব্য স্নান, জলে অবগাহন করার নাম বারুণ স্নান এবং বিষ্ণুচিন্তনদ্বারা মানস স্নান হইয়া থাকে।

অবগাহন-স্নানপদ্ধতি।

নাভিসম জলে স্রোতের দিকে মুখ করিয়া, আর স্রোতহীনজলে সূর্য্যের দিকে মুখ করিয়া, হস্তদ্বারা চক্ষুকর্ণাদি আচ্ছাদন করতঃ ডুব দিয়া নিম্নলিখিত মন্ত্রাদি পাঠপূর্ব্বক পুনরায় ডুব দিবে।

অন্যের উৎসর্গ করা জলাশয়ে স্নান করিতে হইলে নিম্নোক্তমন্ত্র পাঠ করিয়া তিন বা পাঁচ তাল মাটি তুলিয়া তীরে নিক্ষেপ করিবে। মন্ত্র যথা—

ওঁ উত্তিষ্ঠোত্তিষ্ঠ পঙ্ক ত্বং ত্যজ পুণ্যং পরস্য চ।
পাপানি বিলয়ং যান্তু শান্তিং দেহি সদা মম॥

স্নান-মন্ত্র—আচমন করিয়া হাতযোড় করিয়া পাঠ করিবে,—

ওঁ কুরুক্ষেত্রং গয়া গঙ্গা প্রভাসপুষ্করাণি চ।
তীর্থান্যেতানি পুণ্যানি স্নানকালে ভবন্ত্বিহ॥

অনন্তর নিম্নলিখিত মন্ত্রে সংকল্প করিবে,—

বিষ্ণুরোম্ তৎসদদ্য (স্ত্রীলোক বা শূদ্র হইলে, "বিষ্ণুর্নমোঽদ্য" বলিবে)

অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা (স্ত্রীলোক হইলে গোত্রা ও দেবী, শূদ্র হইলে দাসঃ ও দাসী) শ্রীবিষ্ণুপ্রীতি-কামঃ অস্মিন্ জলে স্নানমহং করিষ্যে॥

"ওঁ গঙ্গে চ যমুনে"—ইত্যাদি মন্ত্রে সেই জলে অঙ্কুশমুদ্রাদ্বারা তীর্থ আবাহন করিয়া কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবে,—

ওঁ বিষ্ণুপাদপ্রসূতাসি বৈষ্ণবী বিষ্ণুপূজিতা। পাহি নস্তেনসস্তস্মাদাজন্মমরণা-ন্তিকাৎ॥ তিস্রঃ কোট্যোঽর্দ্ধকোটী চ তীর্থানাং বায়ুরব্রবীৎ। দিবি ভুব্যন্তরীক্ষে চ তানি তে সন্ত জাহ্নবি॥ নন্দিনীত্যেব তে নাম দেবেষু নলিনীতি চ। বৃন্দা পৃথ্বী চ সুভগা বিশ্বকায়া শিবামৃতা॥ বিদ্যাধরী সুপ্রসন্না তথা লোকপ্রসাধিনী। ক্ষেমা চ জাহ্নবী চৈব শান্তা শান্তিপ্রদায়িনী॥ এতানি পুণ্যনামানি স্নানকালে চ যঃ পঠেৎ। ভবেৎ সন্নিহিতা তত্র গঙ্গা ত্রিপথগামিনী॥ ওঁ ভাগীরথি ভোগ-বতি জাহ্নবি ত্রিদশেশ্বরি। ত্বয়ি স্নানং করোম্যদ্য পাপং মে হর জাহ্নবি॥

অনন্তর "ওঁ নারায়ণায় নমঃ" এই মন্ত্রে তিন অঞ্জলি জল মস্তকে দিয়া নিম্নোক্ত মন্ত্রে মৃত্তিকা উদ্ধৃত করিয়া সর্ব্বাঙ্গে বিলেপন করিয়া স্নান করিবে; মন্ত্র যথা—

ওঁ অশ্বক্রান্তে রথক্রান্তে বিষ্ণুক্রান্তে বসুন্ধরে। মৃত্তিকে হর মে পাপং যন্ময়া দুষ্কৃতং কৃতম্। উদ্ধৃতাসি বরাহেণ কৃষ্ণেন শতবাহুনা। আরুহ্য মম গাত্রাণি সর্ব্বং পাপং প্রমোচয়॥

গঙ্গাস্নান।

সমস্তই সাধারণ স্নানের নিয়ম, কেবল গঙ্গাতীরে উপস্থিত হইয়া একটী মন্ত্র ও স্নানের সময় একটী মন্ত্র, এই দুইটী অতিরিক্ত মন্ত্র পাঠ করিতে হয়—

মন্ত্র দুইটী যথা—

কৃতাঞ্জলি মন্ত্র—ওঁ গঙ্গে দেবি জগন্মাতঃ পাদাভ্যাং সলিলং তব। স্পৃশামী-ত্যপরাধং মে প্রসন্না ক্ষন্তুমর্হসি॥ স্বর্গারোহণসোপানং ত্বদীয়মুদকং শুভে। অতঃ স্পৃশামি পাদাভ্যাং গঙ্গে দেবি নমোঽস্তু তে॥

স্নান-মন্ত্র—ওঁ বিষ্ণুপাদার্ঘ্যসম্ভূতে গঙ্গে ত্রিপথগামিনি। ধর্ম্মদ্রবীতি বিখ্যাতে পাপং মে হর জাহ্নবি॥ শ্রদ্ধয়া ভক্তিসম্পন্নে শ্রীমাতর্দেবি জাহ্নবি। অমৃতেনাম্বুনা দেবি ভাগীরথি পুনীহি মাম্॥

প্রাতঃস্নান।

তুলা-মকর-মেষেষু প্রাতঃস্নানং বিধীয়তে।
নিরামিষং হবিষ্যং বা মহাপাতকনাশনম্॥

কার্ত্তিক, মাঘ ও বৈশাখমাসে প্রাতঃস্নানের বিধি আছে। এই সকল মাসে প্রাতঃস্নান ও নিরামিষ বা হবিষ্যাশী হইলে মহাপাতক বিনষ্ট হয়। স্নানের মন্ত্রাদি সমস্তই সাধারণ স্নানের মত, বিশেষ মন্ত্র এই,—

কার্ত্তিকমাসীয় প্রাতঃস্নান-মন্ত্র—ওঁ কার্ত্তিকেঽহং করিষ্যামি প্রাতঃস্নানং জনার্দ্দন। প্রীত্যর্থং তব দেবেশ দামোদর ময়া সহ॥

মাঘমাসের প্রাতঃস্নান-মন্ত্র—ওঁ মাঘমাসমিমং পুণ্যং স্নাম্যহং দেব মাধব। তীর্থস্যাস্য জলে নিত্যং প্রসীদ ভগবন্ হরে॥ ওঁ দুঃখদারিদ্র্যনাশায় শ্রীবিষ্ণোঃ স্তোষণায় চ। প্রাতঃস্নানং করোম্যদ্য মাঘে পাপবিনাশনম্॥ মকরস্থে রবৌ মাঘে গোবিন্দাচ্যুত মাধব। স্নানেনানেন হে দেব যথোক্তফলদো ভব॥ ওঁ দিবাকর জগন্নাথ প্রভাকর নমোঽস্তু তে। পরিপূর্ণং কুরুষ্বেদং মাঘস্নানং মহাব্রতম্॥

তুলসীচয়নাদি বিধি।

পূর্ণিমায়ামমায়াঞ্চ দ্বাদশ্যাং রবিসংক্রমে। তৈলাভ্যঙ্গে তথাস্নাতে মধ্যাহ্নে নিশিসন্ধ্যয়োঃ। অশুচ্যশৌচকালে চ রাত্রিবাসোঽন্বিতে তথা। তুলসীং যে চ ছিন্দন্তি তে ছিন্দন্তি হরেঃ শিরঃ॥

পূর্ণিমা, অমাবস্যা, দ্বাদশী ও রবিসংক্রমণে, তৈল মাখিয়া, অস্নাত অবস্থায়, রাত্রিতে, উভয় সন্ধ্যাকালে, অশুচি অবস্থায়, অশৌচকালে এবং রাত্রিবাস বস্ত্রে তুলসীচয়ন করিতে নাই।

পত্রাণাং চয়নে বিপ্র ভগ্না শাখা যদা ভবেৎ।
তদা হৃদি ব্যথা বিষ্ণোর্দ্দীয়তে তুলসীপতেঃ॥

তুলসীপত্র চয়নকালে যদি শাখা ভাঙ্গিয়া যায়, তবে বিষ্ণুর হৃদয়ে ব্যথা প্রদান করা হয়।

করতালত্রয়ং দত্বা চিনুয়াত্তুলসীদলম্।
যথা ন কম্পতে শাখা তুলস্যা দ্বিজসত্তম॥

বারত্রয় করতালি দিয়া তুলসীর শাখা কম্পন না হয়, এমনভাবে বামহস্ত দ্বারা শাখা ধরিয়া দক্ষিণহস্ত দ্বারা মঞ্জরীবৃন্ত সহ তুলসীপত্র চয়ন করিবে।

অস্নাত্বা তুলসীং ছিত্বা যঃ পূজাং কুরুতে নরঃ।
সোঽপরাধী ভবেন্নিত্যং তৎ সর্ব্বং নিষ্ফলং ভবেৎ॥

অস্নাত অবস্থায় তুলসী চয়ন করিয়া যে ব্যক্তি পূজা করে, সে অপরাধী হয় এবং তাহার সমস্ত পূজা নিষ্ফল হইয়া থাকে। অতএব স্নান করিয়াই তুলসী চয়ন করিবে।

তুলসী চয়নমন্ত্র—ওঁ তুলস্যমৃতনামাসি সদা ত্বং কেশবপ্রিয়ে। কেশবার্থে চিনোমি ত্বাং বরদা ভব শোভনে॥ ত্বদঙ্গসম্ভবৈঃ পত্রৈঃ পূজয়ামি যথা হরিম্। তথা কুরু পবিত্রাঙ্গি কলৌ মলবিনাশিনি।

তুলসী-স্নানমন্ত্র—ওঁ গোবিন্দবল্লভাং দেবীং জগচ্চৈতন্যকারিণীম্।
স্নাপয়ামি জগদ্ধাত্রীং বিষ্ণুভক্তিপ্রদায়িনীম্॥

তুলসী-প্রণাম—ওঁ বৃন্দায়ৈ তুলসীদেব্যৈ প্রিয়ায়ৈ কেশবস্য চ।
বিষ্ণুভক্তিপ্রদে দেবি সত্যবত্যৈ নমোনমঃ॥

বিল্বপত্র-চয়নাদি-বিধি।

চয়নমন্ত্র—ওঁ পুণ্যবৃক্ষ মহাভাগ মালূর শ্রীফল প্রভো।
মহেশপূজনার্থায় ত্বৎপত্রাণি চিনোম্যহম্।

জলদানমন্ত্র—ওঁ শ্রীফল শ্রীনিকেতোঽসি সদা বিজয়বর্দ্ধন।
ধর্ম্মার্থকামমোক্ষায় স্নাপয়ামি শিবপ্রিয়॥

প্রণামমন্ত্র—ওঁ মহাদেবপ্রিয়করো বাসুদেবপ্রিয়ঃ সদা।
উমাপ্রীতিকরো বৃক্ষো বিল্বরূপ নমোঽস্তু তে॥

অশ্বত্থবৃক্ষে জলদান-মন্ত্র।

ওঁ চক্ষুঃস্পন্দং ভুজস্পন্দং তথা দুঃস্বপ্নদর্শনম্। শত্রূণাঞ্চ সমুত্থানমশ্বত্থ শময়াশু মে। অশ্বত্থরূপিন্ ভগবন্ প্রীয়তাং মে জনার্দ্দন॥

প্রণাম—ওঁ অগ্রে ব্রহ্মা মূলে বিষ্ণুঃ শাখায়াঞ্চ মহেশ্বরঃ।
পত্রে দেবগণাঃ সর্ব্বে বৃক্ষরাজ নমোঽস্তু তে॥

শ্রীবিষ্ণুচরণামৃত-পান-মন্ত্র।

ওঁ কৃষ্ণ কৃষ্ণ মহাবাহো ভক্তানামার্তিনাশন। সর্ব্বপাপপ্রশমনং পাদোদকং প্রযচ্ছ মে॥ অকালমৃত্যুহরণং সর্ব্বব্যাধিবিনাশনম্। বিষ্ণুপাদোদকং পীত্বা শিরসা ধারয়াম্যহম॥

ব্রাহ্মণ-পাদোদক-পান-মন্ত্র।

ওঁ ব্রহ্মাণ্ডোদরমধ্যে তু যানি তীর্থানি সন্তি বৈ। তানি সর্ব্বাণি তীর্থানি সন্তি বিপ্রপদোদকে॥ বিপ্রপাদোদকং পীত্বা যাবত্তিষ্ঠতি মেদিনী। তাবৎ পুষ্করপাত্রেণ পিবন্তি পিতরোদকম্॥

শান্তিস্বস্ত্যয়ন।

অদৃষ্ট ও পুরুষকার লইয়া মানব। অদৃষ্ট বা কর্ম্মফলজনিত গ্রহাদি বিরুদ্ধ হইয়া অমঙ্গল সংঘটনে প্রবৃত্ত হইলে, তাহার মঙ্গলজন্য শান্তিস্বস্ত্যয়ন করা আবশ্যক।—এই উদ্যোগ ও কর্ম্মকেই পুরুষকার বলা যাইতে পারে। যে ধর্ম্ম-কার্য্যের অনুষ্ঠানে বিরুদ্ধগ্রহদোষ নিবারণ ও ভূতাদির উপদ্রব প্রশমন এবং রোগাদি ত্রিবিধ অনিষ্ট নিবারিত হয়, তাহার নাম শান্তি এবং ভাবিমঙ্গলকামনায় যে ধর্ম্ম-কার্য্য করা যায়, তাহার নাম স্বস্ত্যয়ন।

এই সকল কার্য্যে ফললাভ করিতে হইলে অভিজ্ঞ পুরোহিত দ্বারাই যথাবিধি অনুষ্ঠান করা কর্ত্তব্য। অনভিজ্ঞ পুরোহিত দ্বারা কার্য্য করাইলে সুফল না হইয়া কার্য্যদোষে বরং সময়ে সময়ে বিপরীত ফলই ঘটিয়া থাকে। অভিজ্ঞ পুরোহিত দ্বারা ক্রিয়া করাইলে শান্তিস্বস্ত্যয়নের ফল হাতে হাতে পাওয়া যায়।

শুভগ্রহার্কবারেষু মৃদুক্ষিপ্রধ্রুবেষু চ।
শুভরাশিবিলগ্নেষু শুভশান্তিকপৌষ্টিকম্॥

শুক্র, সোম, বুধ, বৃহস্পতি এবং রবিবারে শুক্লপক্ষে কর্ম্মকর্ত্তার শুভলগ্নে শুভরাশিতে, শুভতিথি, যোগ এবং করণে, চিত্রা, অনুরাধা, মৃগশিরা, রেবতী, পুষ্যা, অশ্বিনী, হস্তা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ ও রোহিণীনক্ষত্রে শান্তিস্বস্ত্যয়নাদি কার্য্য প্রশস্ত।

ক্ষুদ্র ক্ষুদ্র আপদ্ নাশের জন্য নিম্নলিখিত ব্যবস্থামতে শান্তি করা যাইতে পারে।

পঠেচ্চণ্ডীং জপেদ্দুর্গাং পূজয়েৎ পার্থিবং শিবম্।
কারয়েদ্ধরিনামানি কলৌ কার্য্যং চতুষ্টয়ম্॥

চণ্ডীপাঠ, দুর্গানামজপ, পার্থিব শিবপূজা এবং হরিনামকীর্ত্তন (খোল করতাল সহযোগে হরিনামসংকীর্ত্তন) ও বিষ্ণুর সহস্র নামাদি স্তব পাঠ করিবে। এই চারিটী কার্য্যের অনুষ্ঠানে মানবের সকল আপদের শান্তি হয়।

পঞ্চাঙ্গ-স্বস্ত্যয়ন।

চণ্ডীপাঠ, দুর্গামন্ত্রজপ, পার্থিব শিবপূজা, নারায়ণে তুলসীদান ও মধুসূদনমন্ত্র জপ, ইহাকে পঞ্চাঙ্গ-স্বস্ত্যয়ন বলে।

চণ্ডীপাঠের সংকল্প,—বিষ্ণুরোম্ তৎসদস্থ অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা (এইখানে পুরোহিতের নাম গোত্র হইবে), অমুকগোত্রস্থ অমুকদেবশর্ম্মণঃ সর্ব্বাপচ্ছান্তিপূর্ব্বক-ঝটিতি-মনোঽভীষ্টসিদ্ধিকামঃ (রোগাদি শান্তির জন্য হইলে—গোচরবিলগ্নাদি স্থানাবস্থিতরব্যাদিনবগ্রহসংসূচিত-সংসূচ্যমান-সংসূচয়িষ্যমাণসর্ব্বারিষ্টপ্রশমন-পূর্ব্বক জীববদেতৎস্থূলশরীরাবিরোধেনোৎপন্নামুকরোগাণাং ঝটিতিপ্রশমনকামঃ) শ্রীকৃষ্ণদ্বৈপায়নাভিধানমহর্ষিবেদব্যাস-প্রোক্ত-জয়াখ্যমার্কণ্ডেয়পুরাণান্তর্গত ওঁ মার্কণ্ডেয় উবাচ। সাবর্ণিঃ সূর্য্যতনয়ো যো মনুঃ কথ্যতেঽষ্টম ইত্যাদি এবং দেব্যা বরং লব্ধ্বা সুরথঃ ক্ষত্রিয়র্ষভঃ। সূর্য্যাজ্জন্ম সমাসাদ্য সাবর্ণির্ভবিতা মনুঃ ইতি মার্কণ্ডেয়পুরাণে সাবর্ণিকে মন্বন্তরে দেবীমাহাত্ম্যে দেবীমাহাত্ম্যং সমাপ্তমিত্যন্তস্য দেবীমাহাত্ম্যস্য একাবৃত্তি (ত্রিরাবৃত্তি বা)—পাঠকর্ম্মাহং করিষ্যামি।

দুর্গামন্ত্র জপের সঙ্কল্প,—বিষ্ণুরোম্ অদ্যেত্যাদি শ্রীদুর্গাপ্রীতিকামঃ অষ্টোত্তরশতসংখ্যকং (বা অষ্টোত্তরসহস্রসংখ্যকং) ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহেতি মন্ত্রজপমহং করিষ্যামি।

জপমন্ত্র,—ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা।

যত সংখ্যক সংকল্প করা হয়, তাহার চতুর্গুণ জপ করিতে হইবে।

পার্থিব শিবপূজার সংকল্প,—অদ্যেত্যাদি—শিবলিঙ্গাধিকরণক-শিবপ্রীতিকামঃ ইয়ৎসংখ্যক-পার্থিবশিবলিঙ্গপূজনমহং করিষ্যামি।

তুলসীদানের সংকল্প,—অদ্যেত্যাদি—শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ ওঁ নমস্তে বহুরূপায় বিষ্ণবে পরমাত্মনে স্বাহেতি মন্ত্রেণ বিষ্ণবে অষ্টোত্তরশতসংখ্যকং (বা যদৃচ্ছা দানের সংখ্যা) সচন্দনতুলসীপত্রদানমহং করিষ্যামি।

তুলসীদান-মন্ত্র,—ওঁ নমস্তে বহুরূপায় বিষ্ণবে পরমাত্মনে স্বাহা।

মধুসূদনমন্ত্র জপের সংকল্প,—বিষ্ণুরোমিত্যাদি শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ অষ্টোত্তরশতং (যদৃচ্ছাসংখ্যক) ওঁ নমো ভগবতে বাসুদেবায়েতি মন্ত্রজপমহং করিষ্যামি।

জপমন্ত্র,—ওঁ নমো ভগবতে বাসুদেবায়।

নবগ্রহ-শান্তি।

নবগ্রহের মধ্যে যে গ্রহ প্রতিকূল হইয়াছে, নিম্নোক্তপ্রকারে পূজা-জপ-হোমাদি করিলে তাহার শান্তি হইয়া থাকে। সঙ্কল্পাদি পূর্ব্বোক্ত বিধানে করা কর্ত্তব্য এবং গণেশাদি দেবতার পূজাদি অন্যান্য দেবতার পূজাপদ্ধতির ন্যায়ই করিতে হয়।

রবির ধ্যান,—ওঁ ক্ষত্রিয়ং কাশ্যপং রক্তং কালিঙ্গং দ্বাদশাঙ্গুলম্। পদ্মহস্তদ্বয়ং পূর্ব্বাননং সপ্তাশ্ববাহনম্। শিবাধিদৈবতং সূর্য্যং বহ্নিপ্রত্যধিদৈবতম্॥

প্রণাম—ওঁ জবাকুসুমসঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিম্।
ধ্বান্তারিং সর্ব্বপাপঘ্নং প্রণতোঽস্মি দিবাকরম্॥

মন্ত্র—ওঁ হ্রীং হ্রীং সূর্য্যায়।

ঊর্দ্ধপাণি করিয়া শৈবমালাতে জপ করিবে। জপের সংখ্যা ছয় হাজার, হোম ছয় শত, তর্পণ ষাইট, অভিষেক ছয়, ব্রাহ্মণভোজন এক, গুড়মিশ্রিত তণ্ডুল বলি। পূজাদ্রব্য—রক্তচন্দন, গুগ্‌গুল, ধূপ, রক্তপুষ্প, মাল্য বস্ত্র প্রভৃতি।

হোমে—কপিল নামক অগ্নি, আকন্দকাষ্ঠের সমিধ্।

যথাশক্তি অধিদেবতার পূজা করিবে।

অধিদেবতা—দক্ষিণে শিব, বামে বহ্নি। রক্তবর্ণ মণ্ডলমধ্যস্থ বর্ত্তুল।

দক্ষিণা ও দান—ধেনু, রক্তবর্ণ-পট্টবস্ত্র, প্রবাল, তাম্র ও উপপবীত।

সোমের ধ্যান—ওঁ সামুদ্রং বৈশ্যমাত্রেয়ং হস্তমাত্রং সিতাম্বরম্। শ্বেতং দ্বিবাহুং বরদং দক্ষিণং সগদেতরম্॥ দশাশ্বং শ্বেতপদ্মস্থং বিচিন্ত্যোমাধিদৈবতম্। জলপ্রত্যধিদৈবঞ্চ সূর্য্যাস্যমাহ্বয়েত্তথা।

প্রণাম—ওঁ দিব্যশঙ্খতুষারাভং ক্ষীরোদার্ণবসম্ভবম্।
নমামি শশিনং ভক্ত্যা শম্ভোর্মুকুটভূষণম্॥

মন্ত্র—ওঁ ঐং ক্লীং সোমায়।

অধঃপাণি ও শক্তিমালাতে জপ করিবে। জপের সংখ্যা পনর হাজার, হোম একহাজার পাঁচশত। তর্পণ একশত পঞ্চাশ। অভিষেক পনর। ব্রাহ্মণভোজন দুই ও দুইজন কাপালিক ভোজন করাইবে। পলাশকাষ্ঠের সমিধ্। পূজাদ্রব্য—শুক্লপুষ্প, বস্ত্র, মাল্য, আভরণ, শ্বেতচন্দন ও সরলধূপ।

বলিদ্রব্য—ঘৃত পায়স। পিঙ্গল নামক অগ্নি। অধিদেবতা উমা, প্রত্যধিদেবতা জল। দক্ষিণা—শঙ্খ। দান—পট্টবস্ত্র, শুক্লধেনু, ক্ষীরপূরিত শঙ্খ ও রজতনির্ম্মিত চন্দ্র।

মঙ্গলের ধ্যান—ওঁ আবন্ত্যং ক্ষত্রিয়ং রক্তং মেষস্থং চতুরঙ্গুলম্। আরক্ত-

মাল্যবসনং ভারদ্বাজং চতুর্ভুজম্। দক্ষিণোর্দ্ধক্রমাচ্ছক্তি-বরাভয়গদাকরম্। আদিত্যাভিমুখং দেবং তদ্বদেব সমাহ্বয়েৎ। স্কন্দাধিদৈবতং ভৌমং ক্ষিতি-প্রত্যধিদৈবতম্।

প্রণাম—ওঁ ধরণীগর্ভসম্ভূতং বিদ্যুৎপুঞ্জসমপ্রভম্।
কুমারং শক্তিহস্তঞ্চ লোহিতাঙ্গং নমাম্যহম্॥

মন্ত্র—ওঁ হুং শ্রীং মঙ্গলায়।

ঊর্দ্ধপাণি ও শৈবমালাতে জপ। জপের সংখ্যা আটহাজার। হোম আট শত। তর্পণ আশী। অভিষেক আট। ব্রাহ্মণভোজন এক। ভিক্ষুকভোজন এক।

হোম—ধূম্র নামক অগ্নি, খদিরকাষ্ঠের সমিধ্। অধিদেবতা স্কন্দ, প্রত্যধি-দেবতা ক্ষিতি।

পূজাদ্রব্য—কুঙ্কুম, চন্দন, রক্তপুষ্পাদি, দেবদারু ধূপ। দক্ষিণা—রক্তবর্ণ বৃষ।

দান—রক্তবর্ণ বস্ত্র, প্রবাল, রক্তবর্ণ বৃষ, মসূর ও তাম্র।

বুধের ধ্যান—ওঁ মাগধং দ্ব্যঙ্গুলাত্রেয়ং বৈশ্যং পীতং চতুর্ভুজম্। বামোর্দ্ধ-ক্রমতশ্চর্ম্ম-গদাবরদখড়্গিনম্॥ সূর্য্যাস্যং সিংহগং সৌম্যং পীতবস্ত্রং তথাহ্বয়েৎ। নারায়ণাধিদৈবঞ্চ বিষ্ণুপ্রত্যধিদৈবতম্॥

প্রণাম—ওঁ প্রিয়ঙ্গুকলিকাশ্যামং রূপেণাপ্রতিমং বুধম্।
সৌম্যং সর্ব্বগুণোপেতং নমামি শশিনঃ সুতম্।

মন্ত্র—ওঁ ঐং স্ত্রীং শ্রীং বুধায়।

স্তব্ধপাণি ও শৈবমালাতে জপ করিতে হয়। জপের সংখ্যা সতর হাজার। হোম সতর শত। তর্পণ একশত সতর। অভিষেক সতর। ব্রাহ্মণভোজন দুই ও শিশুভোজন এক। হোমে—জঠর নামক অগ্নি, অপামার্গের সমিধ্।

পূজাদ্রব্য—পীতপুষ্পাদি, ধূপ, বস্ত্রাদি॥ সরল গন্ধ, ঘৃতযুক্ত দেবদারু ধূপ। নারায়ণ অধিদেবতা এবং বিষ্ণু প্রত্যধিদেবতা। দক্ষিণা—সুবর্ণ।

দান—কুঙ্কুমবাসিত বস্ত্র, যজ্ঞসূত্র, কাঞ্চন ও চন্দন।

বৃহস্পতির ধ্যান—ওঁ দ্বিজমাঙ্গিরসং পীতং সৈন্ধবঞ্চ ষড়ঙ্গুলম্। ধ্যায়েৎ পীতাম্বরং জীবং সরোজস্থং চতুর্ভুজম্॥ দক্ষোর্দ্ধদক্ষবরদকরকাদণ্ডমাহ্বয়েৎ। ব্রহ্মাধিদৈবং সূর্য্যাস্যমিন্দ্রপ্রত্যধিদৈবতম্॥

প্রণাম—ওঁ দেবতানামৃষীণাঞ্চ গুরুং কনকসন্নিভম্।
বন্দ্যভূতং ত্রিলোকেশং তং নমামি বৃহস্পতিম্॥

মন্ত্র—ওঁ হ্রীং ক্লীং হুং বৃহস্পতয়ে।

স্তব্ধপাণি ও শৈবমালাতে জপ করিতে হয়। জপের সংখ্যা উনিশ হাজার। হোম উনিশ শত। তর্পণ একশত নব্বই। অভিষেক উনিশ। ব্রাহ্মণভোজন দুই ও জ্যোতির্ব্বিদ ভোজন এক। হোমে শিখী নামক অগ্নি। অশ্বত্থকাষ্ঠের সমিধ্। পূজাদ্রব্য—পীতবর্ণের পুষ্প ও বস্ত্রাদি। চন্দন, অগুরু, কস্তূরি ও কুঙ্কুম এই চতুর্গন্ধ এবং দশাঙ্গ ধূপ। অধিদেবতা ব্রহ্মা, প্রত্যধিদেবতা ইন্দ্র। দক্ষিণা—পীতবর্ণের বস্ত্রযুগ্ম। দান—মুক্তা, কাঞ্চন, পীতবর্ণের অশ্ব, যজ্ঞোপবীত ও ফল।

শুক্রের ধ্যান—ওঁ শুক্রং ভোজকটং বিপ্রং ভার্গবঞ্চ নবাঙ্গুলম্। পদ্মস্থমাহ্বয়েৎ সূর্য্যমুখং শ্বেতং চতুর্ভুজম্॥ গদাক্ষবরকরকাদণ্ডহস্তং সিতাম্বরম্। শক্রাধিদৈবতং ধ্যায়েচ্ছচী-প্রত্যধিদৈবতম্॥

প্রণাম—ওঁ হিমকুন্দমৃণালাভং দৈত্যানাং পরমং গুরুম্।
সর্ব্বশাস্ত্রপ্রবক্তারং ভার্গবং প্রণমাম্যহম্॥

মন্ত্র—ওঁ হ্রীং শ্রীং শুক্রায়।

স্তব্ধপাণি ও শৈবমালাতে জপ করিবে। জপের সংখ্যা একুশ হাজার। হোম একুশ শত। তর্পণ দুইশত দশ। অভিষেক একুশ। ব্রাহ্মণভোজন ও শৈবভোজন তিন। হোম—হাটক নামক অগ্নি, ডুমুরের সমিধ্। পূজাদ্রব্য—শুক্ল পুষ্পাদি, শ্বেতচন্দন, অগুরু ধূপ। অধিদেবতা ইন্দ্র, প্রত্যধিদেবতা শচী। দক্ষিণা—ঘোটক। দান—শুক্লবর্ণের অশ্ব, শুক্লবস্ত্র, স্বর্ণ ও মুক্তা॥

শনৈশ্চরের ধ্যান—ওঁ সৌরাষ্ট্রং কাশ্যপং শূদ্রং সূর্য্যাস্যং চতুরঙ্গুলম্। কৃষ্ণং কৃষ্ণাম্বরং গৃধ্রগতং সৌরিং চতুর্ভুজম্॥ তদ্বদ্বাণধরং শূলধনুর্হস্তং সমাহ্বয়েৎ। যমাধিদৈবতং প্রজাপতিপ্রত্যধিদৈবতম্॥

প্রণাম—ওঁ নীলাঞ্জনচয়প্রখ্যং রবিসূনুং মহাগ্রহম্॥
ছায়ায়া গর্ভসম্ভূতং বন্দে ভক্ত্যা শনৈশ্চরম্॥

মন্ত্র—ওঁ ঐং হ্রীং শ্রীং শনৈশ্চরায়।

উর্দ্ধপাণি ও শৈবমালাতে জপ। জপের সংখ্যা দশ হাজার। হোম এক হাজার। তর্পণ একশত। অভিষেক দশ। ব্রাহ্মণভোজন এক। হোমে মহাতেজ নামক অগ্নি। শমী (শাঁইকাষ্ঠের) সমিধ্। পূজায় মৃগনাভি গন্ধ, কালাগুরু ধূপ, কৃষ্ণপুষ্প ও বস্ত্রাদি। অধিদেবতা যম, প্রত্যধিদেবতা প্রজাপতি। দক্ষিণা—কৃষ্ণগবী। দান—কৃষ্ণবর্ণা গাভী, কৃষ্ণবর্ণ বস্ত্রযুগ্ম, কৃষ্ণবর্ণের কম্বল, মহিষ, শুদ্ধ লৌহ ও সীসক।

রাহুর ধ্যান—ওঁ রাহুং মলয়জং শূদ্রং পৈঠিনং দ্বাদশাঙ্গুলম্। কৃষ্ণং কৃষ্ণাম্বরং সিংহাননং ধ্যাত্বা তথাহ্বয়েৎ॥ চতুর্ব্বাহুং খড়্গাবরশূলচর্ম্মকরং তথা। কালাধিদৈবং সূর্য্যাস্থং সর্পপ্রত্যধিদৈবতম্॥

প্রণাম—ওঁ অর্দ্ধকায়ং মহাঘোরং চন্দ্রাদিত্যবিমর্দ্দকম্।
সিংহিকায়াঃ সুতং রৌদ্রং তং রাহুং প্রণমাম্যহম্॥

মন্ত্র—ওঁ ঐং হ্রীং রাহবে।

ঊর্দ্ধপাণি ও শৈবমালায় জপ। জপের সংখ্যা বারহাজার। হোম বারশত। তর্পণ একশত কুড়ি। অভিষেক বার। ব্রাহ্মণভোজন দুই ও ব্রহ্মভোজন এক।

হোমে—মহাতেজা নামক অগ্নি, দূর্ব্বা সমিধ্। পদ্মকাষ্ঠ, গুড়ত্বক্ ধূপ।

পূজাদ্রব্য—কৃষ্ণবস্ত্র ও পুষ্পাদি। অধিদেবতা কাল, প্রত্যধিদেবতা সর্প।

দক্ষিণা—লৌহখড়্গ। দান—তীক্ষ্ণ খড়্গ, পট্ট বস্ত্র, চারি সের তিন ছটাক ওজনের লৌহ এবং চন্দন।

কেতুর ধ্যান—ওঁ কৌশদ্বীপং কেতুগণং জৈমিনীয়ং যড়ঙ্গুলম্। ধূম্রং গৃধ্রগতং শূদ্রমাহ্বয়েৎ বিকৃতাননম্॥ সূর্য্যাস্থং ধূম্রবসনং বরদং গদিনং তথা। চিত্রগুপ্তাধিদৈবঞ্চ ব্রহ্মপ্রত্যধিদৈবতম্।

প্রণাম—ওঁ পলালধূমসংকাশং তারাগ্রহবিমর্দ্দকম্।
রৌদ্রং রুদ্রাত্মজং ক্রূরং তং কেতুং প্রণমাম্যহম্॥

মন্ত্র—ওঁ হ্রীং ঐং কেতবে।

অধঃপাণি ও শৈবমালাতে জপ। জপের সংখ্যা বারহাজার। হোম বার শত। তর্পণ একশত কুড়ি। অভিষেক বার। ব্রাহ্মণভোজন দুই, চণ্ডাল ভোজন এক। হোমে হুতাশন নামক অগ্নি, কুশ সমিধ্। রক্তচন্দন, শ্বেতচন্দন, কুঙ্কুম, সরলকাষ্ঠ, অগুরু, মৃগনাভি, পদ্মকাষ্ঠ, এই সমুদয় মিশ্রিত গুড়ত্বক্ ধূপ।

পূজাদ্রব্য—ধূম্রবর্ণের পুষ্প ও বস্ত্রাদি। চিত্রগুপ্ত অধিদেবতা, প্রত্যধিদেবতা ব্রহ্মা। দক্ষিণা—ছাগ। দান—কৃষ্ণবর্ণ বস্ত্র, ছাগ, চন্দন ও লৌহ।

অশক্তপক্ষে সমস্ত কার্য্যেই দক্ষিণা ও দানদ্রব্যাদির মূল্য দেওয়া যাইতে পারে। গ্রহের দানদ্রব্য ও দক্ষিণা গ্রহবিপ্রকে দিবে, অন্যথা নিষ্ফল হয় এবং যে ব্রাহ্মণ লোভবশতঃ উহা গ্রহণ করে, সে পতিত হয়।

ত্রিপুষ্কর-শান্তি।

পুনর্ব্বসূত্তরাষাঢ়া কৃত্তিকোত্তরফল্গুনী। পূর্ব্বভাদ্রবিশাখা চ রবিভৌমশনৈশ্চরাঃ। দ্বিতীয়া সপ্তমী চৈব দ্বাদশী তিথিরেব চ॥ এতেষামেব যোগে তু

ভবতীতি ত্রিপুষ্করঃ॥ বারে শস্য-সুতং হন্তি তিথৌ গোধনমেব চ। নক্ষত্রে গোত্র-হানিঃ স্যাৎ সর্ব্বং হন্তি ত্রিপুষ্করে। পুষ্করত্রয়দোষেণ বাস্তুবৃক্ষো ন জীবতি॥

পুনর্ব্বসু, উত্তরাষাঢ়া, কৃত্তিকা, উত্তরফল্গুনী, পূর্ব্বভাদ্রপদ ও বিশাখা এই সকল নক্ষত্রে রবি, মঙ্গল ও শনিবার এবং দ্বিতীয়া, সপ্তমী ও দ্বাদশী তিথির যোগ হইলে ত্রিপুষ্করযোগ হয়। বারদোষে শস্যহানি ও পুত্রহানি, তিথিদোষে গো এবং নক্ষত্রদোষে গোত্রনাশ হয়, আর তিন দোষ একত্র হইলে সমস্ত নষ্ট করে, এমন কি বাস্তুবৃক্ষও জীবিত থাকে না।

এবং ত্রিপুষ্করে যোগে দোষো জীবনসংশয়ঃ। পুত্রঃ কন্যা চ ভগিনী পিতৃ-মাতৃসহোদরাঃ॥ পিতুর্ভ্রাতা মাতুলশ্চ জ্ঞাতয়শ্চ সপিণ্ডকাঃ। সর্ব্বাভাবে রিষ্টদোষে বাস্তুবৃক্ষো ন জীবতি॥ মাসে মাসে ত্রিপক্ষে বা ষণ্মাসে বৎসরেঽপি বা। অবশ্যং মরণং তত্র নাস্তি যোগো নিরামিষঃ॥

ত্রিপুষ্করযোগে কাহারও মৃত্যু হইলে, সেই প্রেতের পুত্র, ভগিনী, কন্যা, পিতা, মাতা, সহোদর, খুল্লতাত, মাতুল, জ্ঞাতি, সপিণ্ড, ইহাদিগের জীবন নষ্ট হয়। এ সকল যদি না থাকে, তবে মৃতব্যক্তির বাস্তুবৃক্ষও জীবিত থাকে না। একমাসে, দেড়মাসে, ছয়মাসে বা বৎসরের মধ্যে কথিত অনিষ্ট সকল ঘটিবে। এই যোগ কখনই নিস্ফল হয় না। অতএব ইহার শান্তির জন্য নিম্নলিখিত পদ্ধতি অনুসারে "ত্রিপুষ্করশান্তি" করিবে।

পুষ্করশান্তিপ্রয়োগ—নিত্যক্রিয়াদি সম্পন্ন করিয়া আচমন করিবে। তদনন্তর নারায়ণশিলায় গন্ধপুষ্পাদি প্রদান করতঃ পুণ্যাহবাচনাদি করিবে। তৎপরে সঙ্কল্প করিবে। যথা—

বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুক-তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা অমুকগোত্রস্য প্রেতস্য অমুকদেবশর্ম্মণঃ ত্রিপুষ্করযোগকালীনমরণ-জনিতানিষ্ট-প্রশমন-কামোঽহং শান্তিং করিষ্যামি।

অনন্তর সংকল্পসূক্তাদি পাঠ করিয়া ব্রহ্মা, আচার্য্য, হোতা ও সদস্য বরণ করিবে। তৎপরে পঞ্চগব্য তত্তন্মন্ত্রে শোধন করিয়া সেই মিলিত পঞ্চগব্য দ্বারা বেদী শোধন করতঃ ঘটস্থাপন করিবে। তদনন্তর ঘটে গণেশ, শিবাদি পঞ্চদেবতা প্রভৃতি দেবতাগণের পূজা করিয়া গ্রহমণ্ডলে নবগ্রহের পূজা করিয়া ঘটে দশদিক্‌পালের পূজা করিবে।

অনন্তর মণ্ডলের উপরে পৃথক্ পৃথক্ রূপে চারিটী কলসী স্থাপন করিবে। প্রথম কলসীর উপর একখানি লৌহপাত্র রাখিয়া ব্রীহিযবদ্বারা ঐ পাত্র পূর্ণ করিয়া দিয়া, তাহাতে লৌহময়ী যম প্রতিমা কৃষ্ণবস্ত্রে আচ্ছাদন পূর্ব্বক স্থাপন করিবে। দ্বিতীয় কলসীর উপরে তাম্রপাত্র রাখিয়া তাহা তিলদ্বারা পূর্ণ করিয়া শুক্লবস্ত্রে আচ্ছাদনপূর্ব্বক তাম্রময়ী ধর্ম্ম-প্রতিমা রাখিবে। তৃতীয় কলসীর উপরে যবপূরিত কাংস্যপাত্র রাখিয়া পীতবস্ত্র দ্বারা আচ্ছাদনপূর্ব্বক কাংস্যময়ী চিত্রগুপ্তপ্রতিমা স্থাপন করিবে। চতুর্থ কলসোপরি গোধূমপূরিত প্রস্তর পাত্রে রৌপ্যময়ী পুষ্করপ্রতিমা স্থাপন করিবে।

অনন্তর পঞ্চামৃতদ্বারা স্ব স্ব মন্ত্রে স্নান করাইয়া প্রত্যেকের প্রাণপ্রতিষ্ঠা করিয়া আবাহন পূর্ব্বক (ষোড়শোপচারে অশক্ত হইলে দশোপচারে) পূজা করিয়া প্রণাম করিবে। যথা—

প্রথমে যমের আবাহন করিয়া প্রাণপ্রতিষ্ঠাপূর্ব্বক পূজা করতঃ প্রণাম করিবে—

ওঁ ধর্ম্মরাজ নমস্তুভ্যং কালদণ্ডধরঃ প্রভো।
বৈবস্বত নমস্তেঽস্তু প্রেতারিষ্টং বিনশ্যতু॥

"ওঁ বৈবস্বতায় নমঃ" এই মন্ত্রে তিনবার পূজা করিবে।

অনন্তর ধর্ম্মের আবাহন করিয়া প্রাণপ্রতিষ্ঠাপূর্ব্বক পূজা করতঃ প্রণাম করিবে।

ওঁ ধর্ম্ম ত্বং ধর্ম্মরূপোঽসি নির্লোমোঽসি নিরঞ্জনঃ।
প্রেতারিষ্টমিদং দেব নাশয় ত্বং মম প্রভো॥

"ওঁ ধর্ম্মায় নমঃ" এই মন্ত্রে তিনবার পূজা করিবে।

অনন্তর চিত্রগুপ্তের আবাহন পূর্ব্বক প্রাণপ্রতিষ্ঠা করতঃ পূজা করিয়া প্রণাম করিবে।

ওঁ যম-মন্ত্রী চিত্রগুপ্তো বিধাতা ধাতৃসংজ্ঞকঃ।
প্রেতারিষ্টপ্রশমনং কুরু দেব নমোঽস্তু তে॥

"ওঁ চিত্রগুপ্তায় নমঃ" এই মন্ত্রে তিনবার পূজা করিবে।

অতঃপর পুষ্করের আবাহনপূর্ব্বক প্রাণপ্রতিষ্ঠা করতঃ পূজা করিয়া, যে দিনে মৃত্যু হইয়াছে, সেই তিথি, বার ও নক্ষত্রের পূজা করিবে। পরে স্বগৃহোক্ত বিধিতে অগ্নিস্থাপন করিয়া সাধারণ কুশণ্ডিকায় চরুপাক করিবে। পরে "ওঁ যমায় স্বাহা" এই মন্ত্রে বৈকঙ্কত (বঁইচ গাছ) সমিধ দ্বারা হোম করিবে। অনন্তর "ওঁ ধর্ম্মায় স্বাহা" "ওঁ চিত্রগুপ্তায় স্বাহা" এই মন্ত্রে পৃথক্ পৃথক্ ভাবে

ধৰ্ম্ম এবং চিত্রগুপ্তের চরু ও অশ্বত্থকাষ্ঠ দ্বারা হোম করিবে। তৎপরে যব তিল ও গাভী (অশক্তপক্ষে গোমূল্য চারি আনা) ব্রাহ্মণকে দান করিয়া দক্ষিণা দিবে ও অচ্ছিদ্রাবধারণ করিবে।

সুবর্ণং ব্রাহ্মণে দদ্যাৎ বিষ্ণুং সম্পূজয়েত্ততঃ।

মধ্বাজ্যমিশ্রিতৈস্তিলৈর্হোমং কুর্য্যাৎ সহস্রকম্॥—ইতি গোভিলঃ।

গোভিল বলেন, ত্রিপুষ্করশান্তিকরণার্থে ব্রাহ্মণকে সুবর্ণ দান করিয়া—বিষ্ণুপূজা করিবে এবং তিল মিশ্রিত মধু ও আজ্যদ্বারা "ওঁ বিষ্ণবে স্বাহা"—মন্ত্রে সহস্রবার (কলিতে চারি সহস্রবার) হোম করিবে। ইহার সঙ্কল্পবাক্য ও পূর্ব্ববৎ অগ্নিস্থাপন আদিও করিতে হয়। গোভিলের মতেও অনেকে পুষ্কর শান্তি করিয়া থাকেন।

বাস্তুযাগ।

দেবগৃহারম্ভে, পুষ্করিণী তড়াগাদি প্রতিষ্ঠাকার্য্যে এবং বাস্তু সম্বন্ধীয় সমস্ত কার্য্যেই বাস্তুযাগ করিতে হয়। মনুষ্যবাসের জন্য গৃহপ্রতিষ্ঠায় একাশীতিপদ বাস্তুযাগ এবং তদ্ভিন্ন বাস্তুসম্বন্ধীয় অন্যান্য সমস্ত কার্য্যে চতুঃষষ্টিপদ বাস্তুযাগ-প্রয়োগ-পদ্ধতি অনুসারে কার্য্য করিবে।

চতুঃষষ্টিপদ-বাস্তুযাগ।

শুদ্ধকালে, শুভদিনে কৃতস্নান যজমান নিত্যক্রিয়াদি সম্পন্ন করিয়া স্বস্তি বাচনাদি করিবে,—ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ বাস্তুদোষপ্রশমনকৰ্ম্মণি পুণ্যাহং ইত্যাদি ক্রমে। তৎপরে মুখ্যচান্দ্রমাস উল্লেখ করিয়া সঙ্কল্প করিবে। যথা—

বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশৰ্ম্মা শ্রীবিষ্ণুগৃহারম্ভে এতদ্বাস্তুসর্ব্ব-দোষোপশমনকামো বাস্তুযাগকৰ্ম্মাহং করিষ্যে।

সঙ্কল্পসূক্ত "দেবো বো" ইত্যাদি মন্ত্র পাঠ করিবে। অন্য দেবতার গৃহারম্ভ কিম্বা জলাশয়াদি প্রতিষ্ঠা কৰ্ম্ম হইলে "শ্রীবিষ্ণুগৃহারম্ভের" স্থলে সেই দেবতার নাম উল্লেখ করিবে। তৎপরে পঞ্চদেবতা নবগ্রহ প্রভৃতির পূজা করিয়া পুনরায় সঙ্কল্প করিবে। যথা—

অদ্যেত্যাদি বাস্তুযাগকৰ্ম্মাভ্যুদয়ার্থং সগণাধিপগৌর্য্যাদিষোড়শ-মাতৃকাপূজাবসোর্ধারাসম্পাতনায়ুষ্য-সূক্ত-জপাভ্যুদয়িক-শ্রাদ্ধান্যহং করিষ্যে।

অতঃপর হোতা, তন্ত্রধারক, ব্রহ্মা ও সদস্য ব্রাহ্মণগণকে যথাবিধি বরণ করিবে। (১ম খণ্ড ৮৭ পৃঃ ১৭ পঃ)

অতঃপর হোতা যজমানের বেদোক্ত মন্ত্রে পৃথক্ পৃথক্ ভাবে পঞ্চগব্য শোধন করিয়া সমস্ত একীকৃত করিয়া গায়ত্রী পাঠ পূর্ব্বক বেদীভূমিতে সেচন করিবে। তৎপরে শরৎপক্ব ধান্য (অভাবে হৈমন্তিক ধান্য,) মুদ্গ, গোধূম, শ্বেতসর্ষপ, তিল ও যবাদিমিশ্রিত জলদ্বারা পুনরায় বেদী সেচন করিবে।

দ্বাদশাঙ্গুলি পরিমিত চারিটী খদির কাষ্ঠের শঙ্কু (খোঁটা) বেদীর পূর্ব্বাংশে মণ্ডলের চারিপাশে ঈশানকোণ হইতে আরম্ভ করিয়া নিম্নলিখিত মন্ত্রে এক একটী করিয়া পুতিয়া দিবে। যথা—

ওঁ বিশন্তু তে তলে নাগা লোকপালাশ্চ কামগাঃ।
অস্মিন্ প্রাসাদে তিষ্ঠন্তু আয়ুর্ব্বলকরাঃ সদা॥

অতঃপর মাষভক্তবলি প্রদান করিবে। মন্ত্র যথা—

ওঁ অগ্নিভ্যোঽপ্যথ সর্পেভ্যো যে চান্যে তৎসমাশ্রিতাঃ।
তেভ্যো বলিং প্রযচ্ছামি পুণ্যমোদনমুত্তমম্॥

শঙ্কুচতুষ্টয় মধ্যে মণ্ডল প্রস্তুত করিবে। (মণ্ডল প্রস্তুত প্রকরণ দেখ) অতঃপর মণ্ডলের চারিকোণে বস্ত্রমাল্যাদি সমন্বিত চারিটী কলস স্থাপন করিয়া তন্মধ্যে ঐরূপ একটী ব্রহ্মঘট স্থাপন করিবে। তৎপরে পুনরায় মাষভক্তবলি দিবে। মন্ত্র যথা—

ওঁ ভূতানি রাক্ষসা বাপি যেঽপি তিষ্ঠন্তি কেচন।
তে গৃহ্নন্তু বলিং সর্ব্বে বাস্তুং গৃহ্নাম্যহং পুনঃ॥

তদনন্তর সামান্যার্ঘ্য এবং ন্যাস আদি সমাপ্ত করিয়া মণ্ডলমধ্যে নিম্নলিখিত ঈশাদি পঞ্চচত্বারিংশৎ দেবতার এবং মণ্ডলপার্শ্বে স্কন্দাদি অষ্টদেবতার সংস্থাপন চিন্তা করতঃ আবাহনাদি করিয়া পূজা করিবে।

কিন্তু যদি মণ্ডলকরণে অসমর্থ হয়, তবে শালগ্রামে বা জলে বিনা আবাহন বিসর্জ্জনে পূজা করিবে, মণ্ডলকরণে সমর্থ পক্ষে আবাহন করিয়া পূজা করিবে। যথা—

ঈশ ইহাগচ্ছাগচ্ছ ইহ তিষ্ঠ তিষ্ঠ অত্রাধিষ্ঠানং কুরু মম পূজাং গৃহাণ। এতৎ পাদ্যং ওঁ ঈশায় নমঃ।

এই ক্রমে পাদ্যাদিদ্বারা পূজা করিবে। তৎপরে উপরি-উক্ত ক্রমে নিম্নলিখিত দেবতাগণের পূজা করিবে।

পর্জ্জন্যায়। জয়ন্তায়। শক্রায়। ভাস্করায়। সত্যায়। ভৃশায়। ব্যোম্নে। অগ্নয়ে। পূষ্ণে। বিতথায়। গৃহক্ষতায়। যমায়। গন্ধর্ব্বায়। ভৃঙ্গায়। মৃগায়। পিতৃভ্যঃ। দৌবারিকায়। সুগ্রীবায়। পুষ্পদন্তায়। বরুণায়। অসুরায়। শেষায়। পাপায়। রোগায়। নাগায়। বিশ্বকর্ম্মণে। ভল্লাটায়। যজ্ঞেশ্বরায়। নাগরাজায়। মিত্রায়। রুদ্রায়। রাজযক্ষ্মণে। ধরাধরায়। ব্রহ্মণে। স্কন্দায়। বিদার্য্যৈ। অর্য্যম্নে। পূতনায়ৈ। জম্ভকায়। পাপরাক্ষস্যৈ। পিলিপিঞ্জায়। চরক্যৈ।

অনন্তর মণ্ডলমধ্যস্থ ব্রহ্মঘটে নিম্নলিখিত দেবগণের আবাহনপূর্ব্বক ষোড়শোপচারে পূজা করিবে।

ওঁ বাসুদেবায় নমঃ।—এই ক্রমে বাসুদেবের এবং "ওঁ লক্ষ্ম্যৈ নমঃ" এই ক্রমে লক্ষ্মীর এবং "ওঁ বাসুদেবগণেভ্যো নমঃ" এই ক্রমে বাসুদেবগণের পূজা করিয়া পৃথিবীর পূজা করিবে।

পৃথিবীর ধ্যান—ওঁ স্বরূপাং প্রমদারূপাং দিব্যাভরণভূষিতাং।
পৃথিবীমর্চ্চয়ে দেবীং সর্ব্বলোকধরাং ধরাম্॥

"ওঁ পৃথিব্যৈ নমঃ" এই ক্রমে ষোড়শোপচারে পূজা করিয়া, "ওঁ হরয়ে নমঃ" এই ক্রমে সর্ব্বদেবময় হরির পূজা করতঃ, "ওঁ বাস্তুপুরুষায় নমঃ" এই ক্রমে বাস্তুপুরুষের ষোড়শোপচারে পূজা করিবে।

অনন্তর ব্রহ্মঘটে আতপ তণ্ডুল দিয়া কুম্ভমধ্যে শুদ্ধজল, স্বর্ণ, রৌপ্য ও শরৎপক্ক ধান্যাদির বীজ প্রদান করতঃ কুম্ভের মুখদেশে প্রলম্বিত রক্তসূত্র সহিত বৰ্দ্ধনী (বদনার ন্যায় জলপাত্রবিশেষ) স্থাপন করিয়া চতুর্ম্মুখ দেবতাকে আবাহনপূর্ব্বক ষোড়শোপচারে পূজা করিবে।

তৎপরে কুম্ভের ঈশানকোণে দধি-অক্ষত-বিভূষিত শান্তিকলস স্থাপন করিয়া তাহার মুখে পঞ্চপল্লব এবং তন্মধ্যে পঞ্চরত্ন নিক্ষেপ করতঃ নূতন শরায় আতপ চাউল ও ফলপুষ্প রাখিয়া তদুপরি স্থাপনপূর্ব্বক বস্ত্রাচ্ছাদিত করিয়া নিম্নলিখিত মন্ত্রগুলি পাঠপূর্ব্বক স্থাপন, বরুণন্যাস ও তীর্থবিন্যাস করিবে। মন্ত্র যথা—

ওঁ আজিঘ্র কলসমিত্যাদি (২৯ পৃঃ ২৪ পঃ)

ওঁ বরুণস্যোত্তম্ভনমসীতি (২৯ পৃঃ ২৭ পঃ)

ওঁ গঙ্গাদ্যাঃ সরিতঃ সর্ব্বাঃ সরাংসি চ নদা হ্রদাঃ।

আয়ান্তু যজমানস্য দুরিতক্ষয়কারকাঃ॥

এই মন্ত্রে তীর্থাদি বিন্যাস করিবে।

অনন্তর ঐ কলসমধ্যে সমাহৃত সপ্তমৃত্তিকা ও সর্ব্বৌষধি প্রক্ষেপ করিবে।

সপ্তমৃত্তিকা।

অশ্বস্থানং গজস্থানং বল্মীকং নদীসঙ্গমম্।

হ্রদগোকুলরথ্যাশ্চ ইত্যেতাঃ সপ্তমৃত্তিকাঃ॥

অশ্বস্থান, গজস্থান, বল্মীক (উই মাটি), নদীসঙ্গম, হ্রদ, গোকুল (গোষ্ঠ-মৃত্তিকা), রথ্যা (উঠান)। এই সপ্তমৃত্তিকা।

হোম।

মণ্ডলের পশ্চিমদিকে কুণ্ডে বা স্থণ্ডিলে হোম করিবে। সাধারণীয় কুশণ্ডিকার বিরূপাক্ষজপান্ত কর্ম্ম সমাধা করিয়া প্রকৃত কর্ম্মারম্ভে প্রথমে—

ওঁ পিঙ্গভ্রূশ্মশ্রুকেশাক্ষঃ পীনাঙ্গজঠরোঽরুণঃ।

ছাগস্থঃ সাক্ষসূত্রোঽগ্নিঃ সপ্তার্চ্চিঃ শক্তিধারকঃ॥

ইত্যাদি অগ্নির পৌরাণিক ধ্যান করতঃ "অগ্নে ত্বং প্রজাপতিনামাসি" নামকরণ করিয়া আবাহন করতঃ পূজা করিবে। তৎপরে প্রাদেশ প্রমাণ সমিধ্ অগ্নিতে আহুতি দিয়া মহাব্যাহৃতি হোম করিবে। যথা—

প্রজাপতির্ঋষির্গায়ত্রীছন্দোঽগ্নির্দ্দেবতা মহাব্যাহৃতি হোমে বিনিয়োগঃ। ওঁ ভূঃ স্বাহা॥

প্রজাপতির্ঋষিরুষ্ণিকৃছন্দো বায়ুর্দ্দেবতা মহাব্যাহৃতি হোমে বিনিয়োগঃ। ওঁ ভুবঃ স্বাহা॥

প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্ছন্দঃ সূর্য্যো দেবতা মহাব্যাহৃতি-হোমে বিনিয়োগঃ। ওঁ স্বঃ স্বাহা।

অতঃপর প্রকৃত কর্ম্ম—পূর্ব্বপূজিত ঈশাদি ত্রিপঞ্চাশৎ দেবতার প্রত্যেককে দশ দশটী * যজ্ঞডুমুরের সমিধ্ দ্বারা অথবা তিল ও যবমিশ্রিত ঘৃত আহুতি

* চতুঃষষ্টি পদবাস্তুযাগে লক্ষ্মী ব্যতীত ঈশাদি ত্রিপঞ্চাশৎ দেবতার প্রতিদেবতার দশ গাছি হিসাবে সমিধ্ ও ব্রহ্মার একশত গাছি সমিধ্ ও অন্যান্য দেবতার কিয়ৎসংখ্যক সর্ব্বসমষ্টিতে সাত শত সমিধ্ লাগে।

প্রদান করিবে। যথা—ওঁ ঈশায় স্বাহা এই ক্রমে "পর্জ্জন্যায় স্বাহা" "জয় স্বাহা" ইত্যাদি "চরক্যৈ স্বাহা" পর্য্যন্ত দশদশটী সমিধ্ দ্বারা হোম করিবে।

অনন্তর "ওঁ ব্রহ্মণে স্বাহা"—এই মন্ত্রে সমিধ্ দ্বারা একশত আহুতি দিবে। তৎপরে "বাসুদেবায় স্বাহা, লক্ষ্ম্যৈ স্বাহা, বাসুদেবগণেভ্যঃ স্বাহা, হরয়ে স্বাহা, চতুর্ম্মুখায় স্বাহা"—এই ক্রমে প্রত্যেককে এক একটী সমিধ্ আহুতি দিবে।

অনন্তর নিম্নলিখিত মন্ত্রে ঋষ্যাদি স্মরণ করিয়া নিম্নলিখিত পাঁচটী মন্ত্রে মধু ও ঘৃতাক্ত পাঁচটী বিল্বফল এক একটী করিয়া হোম করিবে। বিল্বফলের অভাব হইলে তদ্বীজপঞ্চক দ্বারাও আহুতি দেওয়া যাইতে পারে। মন্ত্র যথা,—

বাস্তোষ্পতে ইতি ঋক্‌পঞ্চকস্য বিশ্বামিত্রঋষিরতিজগতী-চ্ছন্দো বাস্তুর্দ্দেবতা বাস্তুপ্রীতয়ে বিনিয়োগঃ॥

এই ঋষ্যাদি স্মরণ করিয়া হোম করিবে। যথা—

ওঁ বাস্তোষ্পতে প্রতি জানীহ্যস্মান্ স্বাবেশো অনমীবো ভবা নঃ। যত্ত্বেমহে প্রতি তন্নো জুষস্ব শং নো ভব দ্বিপদে শং চতুষ্পদে স্বাহা। ১।

ওঁ বাস্তোষ্পতে প্রতরণো ন এধি গয়স্ফানো গোভিরশ্বেভি-রিন্দো। অজরাসস্তে সখ্যে স্যাম পিতেব পুত্রান্ প্রতি নো জুষস্ব স্বাহা। ২।

ওঁ বাস্তোষ্পতে শগ্ময়া সংসদা তে সক্ষীমহি রণ্বয়া গাতুমত্যা। পাহি ক্ষেম উতযোগে বরং নো যূয়ং পাত স্বস্তিভিঃ সদা নঃ স্বাহা। ৩।

ওঁ অমীবহা বাস্তোষ্পতে বিশ্বা রূপাণ্যাবিশন্। সখা সুশেব এধি নঃ স্বাহা। ৪।

ওঁ বাস্তোষ্পতে ধ্রুবা স্থূণাং সত্রং সোম্যানাং। দ্রপ্সো ভেত্তা পুরাং শাশ্বতীনামিন্দ্রো মুনীনাং সখা স্বাহা। ৫।

তৎপরে "ওঁ অগ্নয়ে স্বিষ্টিকৃতে স্বাহা"—এই মন্ত্রে ঘৃতদ্বারা হোম করিয়া প্রাদেশ প্রমাণ ঘৃতাক্তসমিধ্ অগ্নিতে আহুতি দিয়া পূর্ব্ববৎ মহাব্যাহৃতি হোম

পর্য্যন্ত প্রকৃত কর্ম্ম সমাপনপূর্ব্বক উদীচ্য কর্ম্মাদি করিয়া (সাধারণীয় কুশণ্ডিকা দেখ) মৃড়নামা অগ্নিস্থাপনপূর্ব্বক পূর্ণাহুতি দিবে।

অনন্তর কদলীপত্রে তিপ্পান্ন (৫৩) ভাগে পায়স বিভক্ত করিয়া ঈশানাদি দেবগণকে নিবেদন করিয়া দিয়া বাস্তুদেবতা প্রভৃতিকে প্রধান পাত্রস্থ পায়স নিবেদন করিয়া দিবে।

তৎপরে, পুনরায় পুণ্যাহাদি বাচন করিয়া পুত্র-কলত্রাদি সমন্বিত পূর্ব্বাভিমুখীন অগ্নির উত্তরদেশোপবিষ্ট যজমানকে শান্তিকলসস্থিত জলে পল্লব দ্বারা স্ববেদোক্ত বৈদিক শান্তি মন্ত্রে অভিষিক্ত করিয়া নিম্নলিখিত তান্ত্রিক শান্তিমন্ত্রে অভিষিঞ্চন করতঃ শান্তিদান করিবে।

শান্তিমন্ত্র,—ওঁ সুরাস্ত্বামভিষিঞ্চন্ত্বিত্যাদি (৪৯ পৃঃ ১৯ পঃ দেখ)

অনন্তর সূত্রযুক্ত বর্দ্ধনীর (বদনার ন্যায় পাত্রবিশেষের) নলদ্বারা মণ্ডলের অগ্নিকোণে * জলের ধারা দিয়া একহস্ত পরিমিত স্থানে চারি অঙ্গুলি পরিমিত মৃত্তিকা খনন করিয়া সেই খাত গোময় দ্বারা লেপন ও চন্দনাদি দ্বারা বিভূষিত করিবে এবং সেই গর্ত্তমধ্যে শুক্লপুষ্প অক্ষতাদি নিক্ষেপ করিবে। তৎপরে আচার্য্য পূর্ব্বমুখে উপবেশনপূর্ব্বক চতুর্ম্মুখ ব্রহ্মাকে বিশেষরূপে চিন্তা করিয়া বাস্তুমণ্ডল হইতে ব্রহ্মঘট তুলিয়া সেই খাতের নিকট আনিবে। এই সময় সমারোহপূর্ব্বক বাদ্যধ্বনি, ব্যবহার থাকিলে হুলুধ্বনি এবং শঙ্খনাদাদি করিবে। ব্রহ্মঘট তুলিয়া আনিবার সময় মন্ত্র পাঠ করিবে। যথা—

ওঁ উত্তিষ্ঠ ব্রহ্মণস্পতে দেবয়ন্তস্ত্বেমহে। উপ প্র যন্তু মরুতঃ সুদানব ইন্দ্র প্রাশূর্ভবা সচা।

কুম্ভের নিকটে জানুদ্বয় পাতিয়া ভূমিস্পর্শ করতঃ উপবেশন করিয়া ঘটমধ্যে জল এবং বরুণের উদ্দেশে নিম্নলিখিত মন্ত্রে অর্ঘ্য প্রদান করিবে। মন্ত্র যথা--

ওঁ আয়াহি ভগবন্ দেব তোয়মূর্ত্তে জলেশ্বর।
গৃহাণার্ঘ্যং ময়া দত্তং পরিতোষায় তে নমঃ॥ ওঁ নমো বরুণায়॥

অতঃপর ব্রহ্মঘটের জল এবং বর্দ্ধনীর জলদ্বারা ঐ খাত পূর্ণ করিয়া "ওঁ" এই মন্ত্রে তজ্জলে একটী শুক্লপুষ্প নিক্ষেপ করিবে। (পুষ্প দক্ষিণাবর্ত্ত শুভ এবং বামাবর্ত্ত অশুভ)। অনন্তর নূতন ও পরিষ্কৃত একখানি ইষ্টক লইয়া নিম্নলিখিত মন্ত্র পাঠপূর্ব্বক ঐ খাতমধ্যে স্থাপন করিবে। মন্ত্র যথা,—

* দেশভেদে আচার ভেদে ঈশান কোণে অনুষ্ঠিত হইয়া থাকে। "ব্যবহারোঽপি শাস্ত্রং" এই নিমিত্ত যেরূপ ব্যবহার, তদনুরূপই করা কর্ত্তব্য।

ওঁ ইষ্টকে ত্বং প্রযচ্ছেষ্টং প্রতিষ্ঠাং কারয়াম্যহম্। দেশ-স্বামি-পুরস্বামি গৃহস্বামি-পরিগ্রহে॥ মনুষ্যধনহস্ত্যশ্ব-পশুবৃদ্ধি-করী ভব। ওঁ যথাচলো গিরির্মেরুর্হিমবাংশ্চ যথাচলঃ। তথা ত্বমচলো ভূত্বা তিষ্ঠ চাত্র শুভালয়ে।

অনন্তর সেই খাতে পঞ্চরত্ন, দধি মিশ্রিত আতপ চাউল, শালিধান্য, ষষ্টিক-ধান্য (যাহা শরৎকালে ষাইট দিনে পাকে) মুগ, গোধূম, শ্বেতসর্ষপ, তিল ও যব নিক্ষেপ করিয়া শুদ্ধ এবং শুক্লবর্ণ মৃত্তিকা-দ্বারা ঐ খাত পূরণ করিবে।

তৎপরে আচার্য্য বাস্তুমণ্ডলে পূজিত দেবতাগণকে নিম্নলিখিত মন্ত্র পাঠ করিয়া বিসর্জ্জন করিবে। যথা—

ওঁ যান্তু দেবগণাঃ সর্ব্বে পূজামাদায় যাজ্ঞিকাঃ।
ইষ্টকামপ্রসিদ্ধ্যর্থং পুনরাগমনায় চ। ওঁ ক্ষমধ্বম্॥

মুখ্যচান্দ্রমাস উল্লেখ করিয়া দক্ষিণান্ত করিবে। যথা,—

ওমিত্যাদি—কৃতৈতদ্বাস্তুযাগকর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং দক্ষিণামিদং কাঞ্চনং শ্রীবিষ্ণু-দৈবতং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং দদে।

তৎপরে আচার্য্য ও ব্রহ্মাদিগকেও দক্ষিণা দানকরতঃ অচ্ছিদ্রাবধারণ করিবে।

অনন্তর সর্ব্বৌষধিজলে যজমানকে স্নান করাইবে ও দৈবজ্ঞপতিকে পরিতোষ ও ব্রাহ্মণভোজন করাইয়া নৃত্যগীতাদি সহকারে দেবপ্রাসাদ বা জলাশয়াদি নির্ম্মাণ করিবে।

একাশীতিপদ-বাস্তুযাগ।

মণ্ডল ও দেবতার প্রভেদ ব্যতীত অন্য সমস্তই চতুঃষষ্টিপদ বাস্তুযাগ-পদ্ধতির ন্যায়। একাশীতিপদ বাস্তুমণ্ডল শঙ্কুচতুষ্টয়ের মধ্যে অঙ্কিত করিবে এবং চতুঃষষ্টিপদ বাস্তুযাগোল্লিখিত ঈশানাদি দেবতার স্থলে নিম্নলিখিত দেবতাগণের পূজা, হোম ও পায়সবলি দিবে। ব্রহ্মকলসস্থানে বাসুদেবাদি দেবতার পূজাও পূর্ব্ববৎ করিবে।

দূর্ব্বাক্ষতদ্বারা "শিখ্যাদয় ইহাগচ্ছতাগচ্ছত" ইত্যাদি ক্রমে আবাহন করিয়া প্রত্যেকের পৃথক্‌রূপে পূজা করিবে।—ওঁ শিখিনে নমঃ। (এই ক্রমে) পর্জ্জন্যায়, জয়ন্তায়, কুলিশায়ুধায়, সূর্য্যায়, সত্যায়, ভৃশায়, আকাশায়, বায়বে, পূষ্ণে, বিতথায়, গৃহক্ষতায়, যমায়, গন্ধর্ব্বায়, ভৃঙ্গরাজায়, মৃগায়, পিতৃভ্যঃ, দৌবারিকায়, সুগ্রীবায়, পুষ্পদন্তায়, বরুণায়, অসুরায়, শেষায়, পাপায়, রোগায়, অগ্নয়ে, মুখ্যায়, ভল্লাটায়, সোমায়, সর্পায়, অদিত্যৈ, দিত্যৈ,

অজায়, সাবিত্র্যৈ, জরায়, রুদ্রায়, অর্য্যম্নে, সবিত্রে, বিবস্বতে, বিবুধাধিপতয়ে, মিত্রায়, রাজযক্ষ্মণে, পৃথ্বীধরায়, আপবৎসায়, ব্রহ্মণে, চরক্যৈ, বিদার্য্যৈ, পূতনায়ৈ, পাপরাক্ষস্যৈ।

জলাশয়-উৎসর্গ।

কৃতনিত্যক্রিয় যজমান আচমনাদি করিয়া পূর্ব্বমুখ হইয়া তিল, তুলসী, ত্রিপত্র, ফল, পুষ্প ও জল তাম্রপাত্রে লইয়া পূর্ব্বাস্য * হইয়া সঙ্কল্প করিবে।

বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা চতুর্ব্বর্গমহীদানজন্যফল-সমফল-প্রাপ্তিকামো (শ্রীবিষ্ণুপ্রীতিকামো বা) জলপূর্ণপুষ্করিণী-জলাশয়োৎসর্গমহং করিষ্যে।

সঙ্কল্প সূক্তাদি পাঠ করতঃ স্বস্তিবাচন করিবে, যথা—

ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ জলপূর্ণপুষ্করিণীজলাশয়োৎসর্গকর্ম্মণি ওঁ পুণ্যাহং ভবন্তোঽধিব্রুবন্তু। ওঁ পুণ্যাহং ওঁ পুণ্যাহং ওঁ পুণ্যাহমিত্যাদি।

অনন্তর নিম্নলিখিত মন্ত্র পাঠ করিয়া শ্বেতসর্ষপ বিকীর্ণ করতঃ বিঘ্নাপসারণ করিবে। যথা—

ওঁ বেতালাশ্চ পিশাচাশ্চ রাক্ষসাশ্চ সরীসৃপাঃ।
অপসর্পন্তু তে সর্ব্বে যে চান্যে বিঘ্নকারকাঃ।
বিনায়কা বিঘ্নকরা মহোগ্রা যজ্ঞদ্বিষো যে পিশিতাশনাশ্চ।
সিদ্ধার্থকৈর্ব্বজ্রসমানকল্পৈর্ম্ময়া নিরস্তা বিদিশঃ প্রয়ান্তু॥

তদনন্তর, অদ্যেত্যাদি—সগণাধিপ-গৌর্য্যাদিষোড়শমাতৃকাপূজা—বসোর্ধারা-সম্পাতনায়ুষ্যসূক্তজপাভ্যুদয়িকশ্রাদ্ধান্যহং করিষ্যে। এই প্রকারে গৌর্য্যাদি ষোড়শমাতৃকার পূজা বসুধারা ও বৃদ্ধিশ্রাদ্ধ করিয়া (কেবল ষষ্ঠী-মার্কণ্ডেয়ের পূজা করিবে না) বাস্তুমণ্ডল, পুষ্করিণীমণ্ডল ও গ্রহমণ্ডল আঁকিয়া লইবে। তৎপরে বাস্তুদেবের ছয়টী কুম্ভ এবং পুষ্করিণীমণ্ডলের চতুষ্কোণে চারিটী ও বেদীর চতুষ্কোণের নিম্নে চারিটী এবং ঈশানকোণে একটী শান্তিকুম্ভ স্থাপন করিবে। তৎপরে গুরুবরণ করিয়া ব্রহ্মা, আচার্য্য, হোতা, সদস্য এই চারিটী বরণ যথাবিধানে করিবে। বাক্য এইরূপ হইবে, যথা—

* পুষ্করিণী, আরাম ও কূপ প্রতিষ্ঠাকার্য্যে সঙ্কল্প করিলে পূর্ব্বাস্য হইতে হয় এবং পুষ্করিণী উৎসর্গ ও বৃষোৎসর্গের গৌণযাগত্ব থাকায় সঙ্কল্পের পর স্বস্তিবাচন করিতে হয়।

অদ্যেত্যাদি—অস্মিন্ জলপূর্ণপুষ্করিণীজলাশয়োৎসর্গকর্ম্মণি ব্রহ্মকর্ম্মকরণায় অমুকগোত্রং শ্রীঅমুকদেবশর্ম্মাণমেভির্গন্ধাদিভিরভ্যর্চ্চ্য ভবন্তমহং বৃণে।

অনন্তর হোতা তত্তন্মন্ত্র পাঠপূর্ব্বক পঞ্চগব্যদ্বারা বেদী শোধন করিয়া ষোড়-ষার-চক্রাব্জমণ্ডলের পশ্চিমে স্বগৃহোক্ত বিধিতে অগ্নিস্থাপন করিবেন। সাধা-রণীয় কুশণ্ডিকার ব্রহ্মস্থাপন ও "ইদং বিষ্ণুর্ব্বি চক্রমে"—মন্ত্রপাঠ পর্য্যন্ত ক্রিয়া সমাপ্ত করিয়া, বরুণমণ্ডলের উত্তরাংশে গ্রহবেদীতে লিখিতাষ্টদলপদ্মমধ্যে—বর্ত্তুলাকারে রক্তবর্ণ গুড়িকাদ্বারা সূর্য্য অঙ্কিত করিবে।* এইরূপে অগ্নিকোণে শ্বেতবর্ণে অর্দ্ধচন্দ্রাকৃতি চন্দ্র, দক্ষিণে ত্রিকোণাকারে রক্তবর্ণে মঙ্গল, ঈশান-কোণে ধনুরাকারে পীতবর্ণে বুধ, উত্তরে পদ্মাকারে পীতবর্ণে বৃহস্পতি, পূর্ব্ব-দিকে চতুষ্কোণাকারে শ্বেতবর্ণে শুক্র, পশ্চিমে সর্পাকারে কৃষ্ণবর্ণে শনি, নৈর্ঋতে মকরাকারে ধূম্রবর্ণে রাহু, বায়ুকোণে খড়্গাকারে ধূম্রবর্ণে কেতু অঙ্কিত করতঃ ধ্যান পাঠ করিয়া আবাহনপূর্ব্বক সংস্থাপন করিবে। যথা—

(মধ্যে)—ওঁ ক্ষত্রিয়ং কাশ্যপমিত্যাদি (১২৭ পৃঃ ৬ পঃ) এই ধ্যান পাঠ করিয়া শুক্লতণ্ডুল হস্তে লইয়া আবাহন করিবে। যথা—ওঁ ভূর্ভুবঃ স্বরোম্ সূর্য্য ইহাগচ্ছ ইহাগচ্ছ ইহ তিষ্ঠ ইহ তিষ্ঠ।—এইরূপে নবগ্রহ, অধিদেবতা ও প্রত্যধিদেবতাগণের আবাহন করিবে, কেবল "সূর্য্য" ইহাগচ্ছ স্থলে যে দেবতা "সূর্য্য" স্থলে সেই দেবতার নামোল্লেখ করিতে হইবে।

(আগ্নেয্যাং)—সামুদ্রং বৈশ্যমাত্রেয়মিত্যাদি। (পূর্ব্ববৎ আবাহন করিবে)।

(দক্ষিণস্যাং)—আবন্ত্যং ক্ষত্রিয়ং রক্তমিত্যাদি। (আবাহন করিবে)।

(ঐশান্যাং)—মাগধং দ্ব্যঙ্গুলাত্রেয়মিত্যাদি।

(উত্তরস্যাং)—দ্বিজমাঙ্গিরসং পীতমিত্যাদি।

(প্রাচ্যাং)—শুক্রং ভোজকটং বিপ্রমিত্যাদি।

(পশ্চিমস্যাং)—সৌরাষ্ট্রং কাশ্যপং শূদ্রমিত্যাদি।

(নৈর্ঋত্যাং)—রাহুং মলয়জং শূদ্রমিত্যাদি।

(বায়ব্যাং)—কৌশদ্বীপং কেতুগণং জৈমিনীয়মিত্যাদি।

অনন্তর অধিদেবতা ও প্রত্যধিদেবতাগণের আবাহন করিয়া মণ্ডলে সংস্থাপন করিবে।

অধিদেবতা—সূর্য্যদক্ষিণে—ত্র্যম্বক। সোমদক্ষিণে—উমা। কুজদক্ষিণে—স্কন্দ। বুধদক্ষিণে—নারায়ণ। বৃহস্পতিদক্ষিণে—ব্রহ্মা। শুক্রদক্ষিণে—ইন্দ্র।

* পূর্ব্বেই ইহা অঙ্কিত করিয়া রাখিতে হয়।

শনিদক্ষিণে—যম। রাহুদক্ষিণে—কাল। কেতুদক্ষিণে—চিত্রগুপ্ত। প্রত্যধি-দেবতা,—সূর্য্যবামে অগ্নি। সোমবামে—জল। কুজবামে—পৃথিবী। বুধ-বামে—বিষ্ণু। বৃহস্পতিবামে—ইন্দ্র। শুক্রবামে—শচী। শনিবামে—প্রজা-পতি। রাহুবামে—সর্প। কেতুবামে—ব্রহ্মা।

মণ্ডলদক্ষিণে—বিনায়ক, পশ্চিমে দুর্গা, বায়ুকোণে বায়ু, উত্তরে আকাশ, পূর্ব্বে অশ্বিনীকুমার।

এই প্রকারে আবাহনাদি করিয়া সূর্য্যাদিক্রমে তত্তদ্বর্ণের পুষ্পবস্ত্রাদিদ্বারা নবগ্রহ, অধিদেবতা ও প্রত্যধিদেবতার পূজা করিয়া, বিনায়কাদির শ্বেতপুষ্প ও অক্ষতাদি দ্বারা প্রত্যেককে পূজা করিবে। পরে সূর্য্যাদিকে বলিপ্রদান করিবে।

"এষ গুড়োদনবলিঃ ওঁ সূর্য্যায় নমঃ" এই ক্রমে নিম্নলিখিত নয় প্রকার দ্রব্যের বলি নবগ্রহকে দিবে। যথা—

সূর্য্য—গুড়োদন, সোম—ঘৃত-পায়স, কুজ—যব-তণ্ডুলের অন্ন, বুধ—ক্ষীরোদন, বৃহস্পতি—দধ্যোদন, শুক্র—ঘৃতোদন, শনি—কৃষ্ণ তিল, তণ্ডুল ও মাষকলাই, রাহু—ছাগমাংস, কেতু—চিত্রোদন (হরিদ্রামাখান তণ্ডুল)।

অধিদেবতা, প্রত্যধিদেবতা ও বিনায়কাদি দেবতাগণকে ঘৃত পায়স দিবে। প্রত্যেকের পৃথক্ বলির অভাব হইলে সকলকেই ঘৃত-পায়স দেওয়ার বিধি আছে।

পরে অন্যান্য উপচার ও তিল এবং নারিকেল—লড্ডুকাদি—"এতানি ভূরি-ভক্ষ্যাণি অধিদৈবত-প্রত্যধিদৈবত-বিনায়ক-পঞ্চসহিতেভ্য আদিত্যাদিনবগ্রহেভ্যো নমঃ" বলিয়া উৎসর্গ করিয়া দিবে।

লোকপালাদিপূজা—অনন্তর চক্রাব্জমণ্ডলে লোকপালদিগের স্ব স্ব দিকে পূজা করিবে। যথা—

ওঁ ইন্দ্রস্তু মহসা দীপ্তঃ সর্ব্বদেবাধিপো মহান্। বজ্রহস্তো মহাসত্ত্বস্তস্মৈ নিত্যং নমো নমঃ। ওঁ ভূর্ভুবঃ স্বঃ ইন্দ্র ইহাগচ্ছাগচ্ছ ইহ তিষ্ঠ তিষ্ঠ অত্রাধিষ্ঠানং কুরু মম পূজাং গৃহাণ।—এতৎ পাদ্যং ওঁ ইন্দ্রায় নমঃ।—এই ক্রমে পূজা করিয়া উক্তমন্ত্রে পুষ্পাঞ্জলি প্রদান এবং মাষভক্তবলি প্রদান করিয়া জপ ও প্রণাম করিবে। এইরূপে দিক্পালগণের পূজা করিবে। নিম্নে দিক্পালগণের বিশেষ মন্ত্র লেখা হইল।

অগ্নি—ওঁ আগ্নেয়ঃ পুরুষো রক্তঃ সর্ব্বদেবময়োঽব্যয়ঃ।
ধূম্রকেতুরনাধৃষ্যস্তস্মৈ নিত্যং নমো নমঃ॥

যম—ওঁ যমশ্চোৎপলবর্ণাভঃ কিরীটী দণ্ডধৃক্ সদা।
ধর্ম্মসাক্ষী বিশুদ্ধাত্মা তস্মৈ নিত্যং নমো নমঃ॥
নিঋ´তি—ওঁ নিঋ´তিস্তু পুমান্ কৃষ্ণঃ সর্ব্বরক্ষোঽধিপো মহান্।
খড়্গহস্তো মহাসত্ত্বস্তস্মৈ নিত্যং নমো নমঃ॥
বরুণ—ওঁ বরুণো ধবলো বিষ্ণুঃ পুরুষো নিম্নগাধিপঃ।
পাশহস্তো মহাবাহুস্তস্মৈ নিত্যং নমো নমঃ॥
বায়ু—ওঁ বায়ুশ্চ সর্ব্ববর্ণোঽয়ং সর্ব্বগন্ধবহঃ শুভঃ।
পুরুষোধ্বজহস্তশ্চ তস্মৈ নিত্যং নমো নমঃ॥
সোম—ওঁ গৌরো যস্তু পুমান্ সৌম্যঃ সর্ব্বৌষধি-সমন্বিতঃ।
নক্ষত্রাধিপতিঃ সোমস্তস্মৈ নিত্যং নমো নমঃ॥
ঈশান—ওঁ ঈশানঃ পুরুষঃ শুক্রঃ সর্ব্ববিদ্যাধিপো মহান্।
শূলহস্তো বিরূপাক্ষস্তস্মৈ নিত্যং নমো নমঃ॥
ব্রহ্মা—ওঁ পদ্মযোনিশ্চতুর্ম্মূর্ত্তির্হৈমবাসাঃ পিতামহঃ।
যজ্ঞাধ্যক্ষশ্চতুর্ব্বক্ত্রস্তস্মৈ নিত্যং নমো নমঃ॥
অনন্ত—ওঁ যোঽসাবনন্তরূপেণ ব্রহ্মাণ্ডং সচরাচরম্।
পুষ্পবদ্ধারয়েন্মূর্দ্ধ্নি তস্মৈ নিত্যং নমো নমঃ॥

অনন্তর চতুরঙ্গুলি পরিমিত রাজতী বরুণপ্রতিমা তাম্রাধারে সংস্থাপন পূর্ব্বক ভূতশুদ্ধি, মাতৃকান্যাস, পীঠন্যাস, "বং" এই বরুণবীজ দ্বারা অঙ্গন্যাস করন্যাস করিয়া ধ্যান করিবে।

বরুণের ধ্যান—ওঁ প্রশান্তবদনং সৌম্যং হিমকুন্দেন্দুসন্নিভম্। সর্ব্বাভরণসংযুক্তং সর্ব্বলক্ষণলক্ষিতম্॥ কিরণৈঃ শীতলৈঃ সৌম্যৈঃ প্রীণয়ন্তমিবস্থিতম্। লাবণ্যামৃতধারাভিস্তর্পয়ন্তমিব প্রজাঃ॥ রাজহংসসমারূঢ়ং পাশব্যগ্রকরং শুভম্। পুষ্করাদ্যৈর্ঘনৈঃ সর্ব্বৈঃ সমন্তাৎ পরিবারিতম্। গৌর্য্যা কান্ত্যা চানুগতং নদীভিঃ পরিবারিতম্। নাগৈর্যাদোগণৈর্যুক্তং ব্রহ্মাণমিব চাপরম্। সৃষ্টিসংহারকর্ত্তারং নারায়ণমিবাপরম্॥

ধ্যানপাঠানন্তর "আং হ্রীং ক্রোং"—ইত্যাদি ক্রমে প্রাণপ্রতিষ্ঠা করিয়া "ওঁ বরুণস্যোত্তম্ভনমসি বরুণস্য স্কম্ভসর্জ্জনী স্থঃ। বরুণস্য ঋতসদন্যসি বরুণস্য ঋতসদনমসি। বরুণস্য ঋতসদনমাসীদ—ওঁ ভূর্ভুবঃ স্বরোম্ বরুণ ইহাগচ্ছ ইহাগচ্ছ ইহ তিষ্ঠ ইহ তিষ্ঠ অত্রাধিষ্ঠানং কুরু মম পূজাং গৃহাণ॥"

এইরূপে আবাহন করিয়া আবাহনী মুদ্রা প্রদর্শন করতঃ—"এতৎ পাদ্যং

ওঁ বং বরুণায় নমঃ” এই মন্ত্রে পূজা করিবে ও শয্যা, ছত্র, পাদুকা ও ব্যজনী উৎসর্গ করিয়া দিবে।

তৎপরে স্বর্ণ-নির্ম্মিত কূর্ম্ম ও মকর; রৌপ্যনির্ম্মিত মৎস্য ও ডুণ্ডুভ (জল-চর সর্পবিশেষ, জল-ঢোড়া); তাম্র-নির্ম্মিত কর্কট ও ভেক; লৌহ-নির্ম্মিত শুশুক ও স্বর্ণ-নির্ম্মিত অনন্ত, পদ্ম প্রভৃতি অষ্টনাগ স্থাপন করিবে। তদনন্তর নিম্নলিখিত দেবতাগণের, অষ্টনাগের ও কূর্ম্মাদির আবাহনপূর্ব্বক পঞ্চোপচারে পূজা করিবে।

দেবতা যথা—ব্রহ্মা, বিষ্ণু, শিব, বিনায়ক, কমলা ও অম্বিকা।

অষ্টনাগ যথা—অনন্ত, বাসুকি, পদ্ম, মহাপদ্ম, তক্ষক, কুলীর, কর্কট, শঙ্খ।

কূর্ম্মাদি যথা—কূর্ম্ম, মকর, মৎস্য, ডুণ্ডুভ, কর্কট, মণ্ডুক, শিশুমার।

তদনন্তর পূর্ব্বস্থাপিত দধ্যক্ষত বস্ত্রাদিভূষিত মণ্ডলের চতুষ্কোণ-রক্ষিত কলস চতুষ্টয়ে নিম্নলিখিত মন্ত্রে সমুদ্রের আবাহন করিবে। মন্ত্র যথা—

ওঁ সমুদ্রজ্যেষ্ঠাঃ সলিলস্য মধ্যাৎ পুনানা যন্ত্যনিবিশমানাঃ। ইন্দ্রো যা বজ্রী বৃষভো ররাদ তা আপো দেবীরিহ মামবন্তু।—“ওঁ সমুদ্রেভ্যো নমঃ” এই ক্রমে প্রতি কলসে পঞ্চোপচারে পূজা করিবে। তদনন্তর বেদীর ঈশানকোণ-স্থিত দধ্যক্ষতভূষিত পঞ্চপল্লব-সংচ্ছন্নমুখ বস্ত্রাচ্ছাদিত পঞ্চরত্ন মধ্যে প্রদত্ত কুম্ভ ধারণ করিয়া পাঠ করিবে।

ওঁ আ জিঘ্র কলশং মহ্যা ত্বা বিশন্ত্বিন্দবঃ। পুনরূর্জ্জা নিবর্ত্তস্ব সা নঃ সহস্রং ধুক্ষ্বোরুধারাঃ পয়স্বতী পুনর্ম্মা বিশতাদ্রয়িঃ।

তৎপরে নদীজল পূর্ণকুম্ভমধ্যে প্রদান করিয়া পাঠ করিবে,—ওঁ বরুণস্যো-ত্তম্ভনমসি বরুণস্য স্কম্ভসর্জ্জনী স্থঃ। বরুণস্য ঋতসদন্যসি বরুণস্য ঋতসদনমসি বরুণস্য ঋতসদনমাসীদ।

পরে সপ্তমৃত্তিকা ও সর্ব্বৌষধি ঐ কুম্ভমধ্যে প্রক্ষেপ করণানন্তর তীর্থাবাহন করিবে। যথা—

ওঁ গঙ্গাদ্যাঃ সরিতঃ সর্ব্বাঃ সমুদ্রাশ্চ সরাংসি চ। সর্ব্বে সমুদ্রাঃ সরিতঃ সরাংসি চ নদা হ্রদাঃ। আয়ান্তু যজমানস্য দুরিতক্ষয়কারকাঃ॥

হোম—পূর্ব্বস্থাপিত অগ্নিতে, “ওঁ পিঙ্গভ্রূশ্মশ্রুকেশাক্ষঃ পীনাঙ্গজঠরো-হরুণঃ। ছাগস্থঃ সাক্ষসূত্রোঽগ্নিঃ সপ্তার্চ্চিঃ শক্তিধারকঃ।” এই ধ্যান পাঠা-নন্তর বরুণ নামক অগ্নির পূজা করিয়া চরু পাক করিবে, যথা—চমসস্থ জলদ্বারা প্রোক্ষিত তণ্ডুল উদূখলে লইয়া “ওঁ বরুণায় ত্বা জুষ্টং নির্ব্বপামি”

মুষলদ্বারা আঘাত করিয়া আর দুই মুষ্টি তণ্ডুল উদূখলে প্রদান ও আঘাত করিবে। (যজুর্ব্বেদীয়গণ "ওঁ বরুণায় ত্বা জুষ্টং গৃহ্ণামি—ওঁ বরুণায় ত্বা জুষ্টং নির্ব্বপামি—ওঁ বরুণায় ত্বা জুষ্টং প্রোক্ষয়ামি।" এই তিন মন্ত্রে যথাক্রমে তণ্ডুলমুষ্টি গ্রহণ, উদূখলে স্থাপন ও প্রক্ষালন করিবে। ঋগ্বেদীয়-গণ—"ওঁ বরুণায় ত্বা জুষ্টং নির্ব্বপামি, ওঁ বরুণায় ত্বা জুষ্টং প্রোক্ষয়ামি॥" এই দুইটী মন্ত্রে উদূখলে তণ্ডুলদান ও প্রক্ষালন করিবে)। অনন্তর তিনবার প্রক্ষালন করিয়া, যথাবিধি স্থালীমধ্যে পবিত্র ঘৃত প্রক্ষেপ করিয়া দুগ্ধ দ্বারা চরুপাক করিবে (সাধারণীয় কুশণ্ডিকা দেখ) এবং স্বগৃহোক্ত বিধিতে বিরূপাক্ষজপান্ত কুশণ্ডিকা সমাপ্ত করিয়া কর্ম্মারম্ভ করিবে।

তদর্থে প্রাদেশ-প্রমাণ ঘৃতাক্ত সমিধ্ অগ্নিতে প্রদান করতঃ মহাব্যাহৃতি হোম করিয়া ঘৃতাহুতি দ্বারা বরুণ হোম করিবে। যথা—

ওঁ সমুদ্রজ্যেষ্ঠাঃ সলিলস্য মধ্যাৎ পুনানা যন্ত্যনিবিশমানাঃ। ইন্দ্রো যা বজ্রী বৃষভো ররাদ তা আপো দেবীরিহ মামবন্তু স্বাহা॥ ১॥ ওঁ যা আপো দিব্যা উত বা স্রবন্তি খনিত্রিমা উত বা যাঃ স্বয়ংজাঃ। সমুদ্রার্থা যাঃ শুচয়ঃ পাবকাস্তা আপো দেবীরিহ মামবন্তু স্বাহা॥ ২॥ ওঁ যাসাং রাজা বরুণো যাতি মধ্যে সত্যানৃতে অবপশ্যঞ্জনানাম্। মধুশ্চুতঃ শুচয়ো যাঃ পাবকাস্তা আপো দেবীরিহ মামবন্তু স্বাহা॥ ৩॥ ওঁ যাসু রাজা বরুণো যাসু সোমো বিশ্বে দেবা যাসূর্জ্জং মদন্তি। বৈশ্বানরো যাস্বগ্নিঃ প্রবিষ্টস্তা আপো দেবীরিহ মামবন্তু স্বাহা॥ ৪॥

সামবেদীয়গণের দেবতোল্লেখ নাই,—তদ্ভিন্ন অন্য বেদীরা "ইদং বরুণায়" মন্ত্রান্তে সর্ব্বত্রই এইরূপ বলিবে।

অনন্তর চরুহোম করিবে,—যথা—চরুমধ্যে ও মেক্ষণে ঘৃত দিয়া মেক্ষণ দ্বারা চরু গ্রহণ করতঃ পুনরায় মেক্ষণে ও চরু মধ্যে (স্থালীতে) ঘৃত দিতে হইবে। যতবার চরু লইবে, ততবার এইরূপ করিবে।

ওঁ তত্ত্বা যামি ব্রহ্মণা বন্দমানস্তদা শাস্তে যজমানো হবির্ভিঃ। অহেড়মানো বরুণেহ বোধ্যুরুশংস মা ন আয়ুঃ প্র মোষীঃ স্বাহা॥ ৫॥ সামবেদীয় ভিন্ন অন্য বেদীরা মন্ত্রান্তে বলিবে,—"ইদং বরুণায়" এইরূপ সর্ব্বত্র।

ওঁ তদিন্নক্তং তদ্দিবা মহ্যমাহুস্তদয়ং কেতো হৃদ আ বি চষ্টে। শুনঃশেপো যমহ্বদগৃভীতঃ সো অস্মান্ রাজা বরুণো মুমোক্তু স্বাহা॥ ৬॥ ওঁ শুনঃশেপো হ্যহ্বদগৃভীতস্ত্রিষাদিত্যং দ্রুপদেষু বদ্ধঃ। অবৈনং রাজা বরুণঃ সসৃজ্যাদ্বিদ্বাঁ অদব্ধো বি মুমোক্তু পাশান্ স্বাহা॥ ৭॥ ওঁ অব তে হেড়ো বরুণ নমোভিরব

যজ্ঞেভিরীমহে হবির্ভিঃ। ক্ষয়ন্নস্মভ্যমসুর প্রচেতো রাজন্নেনাংসি শিশ্রথঃ কৃতানি স্বাহা॥ ৮॥ ওঁ উদুত্তমং বরুণ পাশমস্মদবাধমং বি মধ্যমং শ্রথায়। অথা বয়মাদিত্য ব্রতে তবানাগসো অদিতয়ে স্যাম স্বাহা॥ ৯॥ ওঁ ত্বং নো অগ্নে বরুণস্য বিদ্বান্ দেবস্য হেড়োঽব যাসিসীষ্ঠাঃ। যজিষ্ঠো বহ্নিতমঃ শোশুচানো বিশ্বা দ্বেষাংসি প্রমুমুগ্ধ্যস্মৎ স্বাহা॥১০॥ ওঁ স ত্বং নো অগ্নেঽবমো ভবোতী নেদিষ্ঠো অস্যা উষসো ব্যুষ্টৌ। অব যক্ষ্ব নো বরুণররাণো বীহি মৃড়ীকঁ সুহবো ন এধি স্বাহা॥ ১১॥ ওঁ ইমং মে বরুণ শ্রুধী হবমদ্যা চ মৃড়য়। ত্বামবস্যুরা চকে স্বাহা॥ ১২॥

এইরূপে চরু হোম করিয়া, স্থালীর ঈশানকোণ হইতে প্রচুরতর চরু মেক্ষণে গ্রহণপূর্ব্বক নিম্নোক্ত মন্ত্রপাঠ করতঃ অগ্নিতে ঈশানকোণে আহুতি দিবে। যথা—

ওঁ যদস্য কর্ম্মণোঽত্যরীরিচং যদ্বা ন্যূনমিহাকরম্। অগ্নিষ্টৎ স্বিষ্টকৃদ্বিদ্যাৎ সর্ব্বং স্বিষ্টং সুহুতং করোতু মে॥ অগ্নয়ে স্বিষ্টকৃতে সুহুতহুতে সর্ব্বপ্রায়শ্চিত্তা-হুতীনাং কামানাং সমর্দ্ধয়িত্রে সর্ব্বান্নঃ কামান্ৎ সমর্দ্ধয় স্বাহা।

অনন্তর মেক্ষণ অগ্নিতে নিক্ষেপ করিয়া "আকৃষ্ণেন রজসা" ইত্যাদি নয়টী মন্ত্রে নবগ্রহের অর্ক-পলাশাদি যে গ্রহের যে সমিধ্, সেই সমিধ্ দ্বারা প্রত্যেককে আটটী করিয়া হোম করিবে।

তৎপরে উদীচ্যকর্ম্ম করিবে। সামবেদীয়গণ—অদ্যেত্যাদি পুষ্করিণীজলা-শয়োৎসর্গাঙ্গীভূত-হোমকর্ম্মণি যদ্বৈগুণ্যং জাতং তদ্দোষপ্রশমনায় ব্যস্তসমস্ত-মহাব্যাহৃতিভিঃ প্রায়শ্চিত্তহোমমহং করিষ্যামি।

এইরূপ সঙ্কল্পপূর্ব্বক "বিধু" নামক অগ্নিস্থাপন করিয়া মহাব্যাহৃতি হোম ঘৃতাক্ত প্রাদেশ-প্রমাণ সমিধ্ প্রক্ষেপণ এবং পুনর্ম্মহাব্যাহৃতিহোম, নবগ্রহহোম, ইন্দ্রাদিদশদিক্‌পাল প্রত্যেক দেবগণকে আজ্যাহুতি প্রদান করিবে। তদনন্তর উদকাঞ্জলিসেক ও দর্ভজুটিকা হোম করিয়া, "মৃড়" নামক অগ্নিস্থাপন ও পূজা করিয়া পূর্ণাহুতি দিবে। (সাধারণী কুশণ্ডিকা দেখ) অতঃপর পূর্ণপাত্রদান, অগ্নিবিসর্জ্জন, তিলক প্রভৃতি যথাবিধানে নিষ্পন্ন করিবে।

তদনন্তর শান্তি করিবে। (বাস্তুযাগ দেখ)।

পরে অশ্বত্থ, যজ্ঞডুমুর, বট, ক্ষীরিবৃক্ষ বা বিল্ববৃক্ষ বিনির্ম্মিত যজমানপ্রমাণ যূপকাষ্ঠ পুষ্করিণীর ঈশানকোণে লইয়া গিয়া নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবে। যথা—ওঁ দেবস্য ত্বা সবিতুঃ প্রসবেঽশ্বিনোর্বাহুভ্যাং পূষ্ণো হস্তাভ্যামাদদে।

অনন্তর জলাশয় খাতের পাঁচহাত দূরে যূপ পুতিবার জন্য যূপ যে মাপের তাহার তৃতীয় ভাগের একভাগ গর্ত্ত করিবে। তৎপরে সেই গর্ত্তমধ্যে

অঙ্গুলিদ্বারা একটু গর্ত্ত করিয়া নিম্নলিখিত দুইটী মন্ত্রপাঠপূর্ব্বক ঐ গর্ত্তে দুইবার ঘৃত প্রদান করিবে। মন্ত্রদ্বয় যথা—

ওঁ অচ্যুতায় ভৌমায় স্বাহা ॥ ১ ॥ ওঁ অন্তরীক্ষায় ভৌমায় স্বাহা ॥২ ॥

অনন্তর ঐ গর্ত্তমধ্যে পঞ্চরত্ন, লাজ, দুগ্ধ, দধি, শক্তু, গুড়, মধু ও পিষ্টকাদি নিক্ষেপ করিবে। পরে নিম্নোক্ত মন্ত্রে যূপের অভিমন্ত্রণ করিবে। যথা—

ওঁ বনস্পতে বীড়্বঙ্গো হি ভূয়া অস্মৎসখা প্রতরণঃ সুবীরঃ। গোভিঃ সংনদ্ধো অসি বীড়য়স্বাস্থাতা তে জয়তু জেত্বানি।

নিম্নোক্ত মন্ত্র পাঠে যূপ সঞ্চালন করিবে। যথা—

ওঁ অয়মূর্জ্জাবতো বৃক্ষ উর্জ্জীব ফলিনী ভব।
পর্ণং বনস্পতে নুত্বা নুত্বা চ সূয়তাং রয়িঃ।

নিম্নলিখিত প্রথমমন্ত্রে যূপ জলাশয় অভিমুখীন করিয়া দ্বিতীয়মন্ত্রে গর্ত্তমধ্যে আরোপণ করিবে।

ওঁ যূপবৃক্ষা উত যে যূপবাহাশ্চষালং যে অশ্ব যূপায় তক্ষতি।
যে চার্ব্বতে পচনং সম্ভরন্ত্যতো তেষামভিগূর্ত্তির্ন ইন্বতু ॥ ১ ॥

ওঁ স্থিরো ভব বীড়্বঙ্গ আশুর্ভব বাজ্যর্ব্বন্ পৃথুর্ভব সুষদস্ত্বমগ্নেঃ পুরীষবাহণঃ ॥২॥

নিম্নলিখিত মন্ত্র পাঠপূর্ব্বক যূপ অবলোকন করিবে। মন্ত্র যথা—

ওঁ গায়ত্ত্রেণ ত্বা ছন্দসা মন্থামি। ত্রৈষ্টুভেন ত্বা ছন্দসা মন্থামি। জাগতেন ত্বা ছন্দসা মন্থামি।

যজমান "এতৎ পাদ্যং ওঁ যূপায় নমঃ।" ইত্যাদি ক্রমে পূজা করিয়া যূপ প্রদক্ষিণ ও নমস্কার করিবে। অনন্তর যজমান পুত্রকলত্রাদি বান্ধবগণে পরিবৃত হইয়া সালঙ্কারা * সর্ব্বাবয়বসম্পন্না সবলা ও সবৎসাধেনুর পুচ্ছদেশ ধারণ করিয়া জলাশয়ের পশ্চিমকূলে অবতরণ করিবে। তীরে ঈশানকোণে ঐ গাভীর বৎস বাঁধিয়া রাখিয়া যাইবে। তাহা হইলে গাভী ঐ ঈশানকোণেই আসিবে।

গাভীর পুচ্ছ ধরিয়া নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবে,—

ওঁ ইদং সলিলং পবিত্রং কুরুষ্ব শুদ্ধঃ পূতোঽমৃতঃ সন্তু নিত্যম্।
তারয়ন্তী সর্ব্বতীর্থাভিষিক্তং লোকালোকং তরতে তীর্য্যতে চ ॥

তৎপরে পূর্ব্বকূলে সমাগতা গাভীর পুচ্ছগলিত সতিলজলদ্বারা তর্পণাধিকারী ব্যক্তি স্ব স্ব বেদোক্ত বিধানে তর্পণ করিবে। যথা—অমুকগোত্রঃ পিতা

* লৌহঘণ্টা ও চামর, তাম্রপৃষ্ঠ, স্বর্ণশৃঙ্গ এবং রৌপ্যক্ষুর বস্ত্রে বান্ধিয়া গাভীর গলদেশে দিবে এবং মাল্যদ্বারা অলঙ্কৃত করিবে।

অমুকদেবশর্ম্মা তৃপ্যতামেতৎ সতিল-ধেনুপুচ্ছগলিতোদকং তস্মৈ স্বধা॥ ইত্যাদি। তৎপরে—"ওঁ গতাশ্চাত্রাগমিষ্যন্তি যে কুলে মম বান্ধবাঃ। তে সর্ব্বে তৃপ্তিমায়ান্তু ময়া দত্তজলেন বৈ॥" এই মন্ত্রে একবার তর্পণ করিবে। তৎপরে গোমোচনের নিমিত্ত নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবে।

ওঁ মুঞ্চামি ত্বা হবিষা জীবনায় কমজ্ঞাতযক্ষ্মাদুত রাজযক্ষ্মাৎ। গ্রাহি-র্জগ্রাহ যদি বৈতদেনং তস্যা ইন্দ্রাগ্নী প্র মুমুক্তমেনম্॥

গাভী কূলে উঠিলে আচার্য্য অন্বারব্ধ হস্তদ্বারা যজমানের স্কন্ধদেশ ধারণ করিবেন। যজমান গোপুচ্ছ ধারণ করিয়া নিম্নোক্ত মন্ত্র পাঠ করিতে করিতে বৎস সমীপে ঈশানকোণে—তীরে উঠিবেন। মন্ত্র যথা—

ওঁ আপো অস্মান্মাতরঃ শুন্ধয়ন্তু ঘৃতেন নো ঘৃতপ্বঃ পুনন্তু। বিশ্বং হি রিপ্রং প্রবহন্তি দেবীরুদিদাভ্যঃ শুচিরা পূত এমি॥ ওঁ সূয়বসাদ্ ভগবতী হি ভূয়া অথো বয়ং ভগবন্তঃ স্যাম। অদ্ধি তৃণমঘ্ন্যে বিশ্বদানীং পিব শুদ্ধমুদকমাচরন্তী॥

এই সময় বৎসের জন্য যদি ধেনু "হিং" শব্দে ডাকিয়া উঠে, তবে যজমান কৃতাঞ্জলি হইয়া গাভী-সমীপে পাঠ করিবে। যথা—

ওঁ হিংকৃণ্বতী বসুপত্নী বসূনাং বৎসমিচ্ছন্তী মনসাভ্যাগাৎ। দুহামশ্বিভ্যাং পয়ো অঘ্ন্যেয়ং সা বর্দ্ধতাং মহতে সৌভগায়।

তদনন্তর যূপসমীপে উপবিষ্ট হইয়া যজমান এই ধেনু উৎসর্গ করতঃ আচার্য্যকে প্রদান করিবে। উৎসর্গ মন্ত্র যথা,—"সবস্ত্রালঙ্কৃতায়ৈ ধেনবে নমঃ"—(এই ক্রমে অর্চ্চনা করিবে)—

অদ্যেত্যাদি—জলপূর্ণ-পুষ্করিণীজলাশয়োৎসর্গকর্ম্মাঙ্গভূত-কৃতৈতৎ-সকলগুরু * কর্ম্মপ্রতিষ্ঠার্থং দক্ষিণামিমাং সবস্ত্রালঙ্কৃত-ধেনুমর্চ্চিতাং রুদ্রদেবতাকাং অমুক-গোত্রায় অমুকদেবশর্ম্মণে ব্রাহ্মণায় গুরবে তুভ্যমহং সম্প্রদদে।

আচার্য্য "ওঁ স্বস্তি" বলিয়া গাভিটী গ্রহণ করিবেন। পরে যজমান ও আচার্য্য পুষ্করিণীর পশ্চিমতীরে গমন পূর্ব্বক আচার্য্য জলাশয়ে কূর্ম্মমকরাদি নিক্ষেপ করিবেন।

এই সময়ে মঙ্গলবাদ্যধ্বনি আদি করিতে হয়। পরে পূর্ব্বাভিমুখে যজমান নাগযষ্টির † অগ্রে আবদ্ধ বস্ত্র বামহস্তে ধারণ করিয়া জলাশয় উৎসর্গ করিবে—

---

* এস্থলে গুরুশব্দে পুরোহিত বা তন্ত্রধারককে বুঝাইবে। মন্ত্রদাতা গুরু নহে—এই যজ্ঞে দীক্ষিত করিবার গুরু।

‡ নাগযষ্টিকে বৈকাঠও বলে। ইহা দ্বাদশ, বিংশতি বা একবিংশতি হস্ত পরিমিত বৈণব যজ্ঞডুমুর, পুন্নাগ, নাগকেশর, বকুল, চম্পক, অথবা বিল্বকাষ্ঠে প্রস্তুত হইবে।

"জলপূর্ণ-পুষ্করিণীজলাশয়ায় নমঃ"—এইরূপে তিন বার জলের ছিটা দিয়া অর্চ্চনা করিয়া লইবে,—

এতে গন্ধ-পুষ্পে জলপূর্ণপুষ্করিণীজলাশয়ায় নমঃ; এতে গন্ধপুষ্পে এতদধি-পতয়ে দেবায় ওঁ বিষ্ণবে নমঃ; এতে গন্ধপুষ্পে এতৎসম্প্রদানেভ্যঃ সর্ব্ব-ভূতেভ্যো নমঃ। (কুশতিল-জলাদি লইয়া)—বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা চতুর্ব্বর্গমহী-দানজন্যফল-সমফল-প্রাপ্তিকামঃ (শ্রীবিষ্ণুপ্রীতিকামো বা) ইমং জলপূর্ণপুষ্করিণী-জলাশয়ং বরুণদৈবতং সর্ব্বভূতেভ্যোঽহমুৎসৃজে ॥

পরে জলাশয়ে দৃষ্টিপাত করিয়া পাঠ করিবে,—

ওঁ দেব-পিতৃ-মনুষ্যাঃ প্রীয়ন্তাম্। ওঁ সর্ব্বভূতেভ্য উৎসৃষ্টং ময়ৈতজ্জল-মুর্জ্জিতম্। রমন্তু সর্ব্বভূতানি স্নানপানাবগাহনৈঃ ॥ সামান্যং সর্ব্বভূতেভ্যো ময়া দত্তমিদং জলম্। রমন্তু সর্ব্বভূতানি স্নানপানাবগাহনৈঃ ॥ যাবদ্ বসুন্ধরা ধাত্রী যাবচ্চ শশিভাস্করৌ। তাবৎ স্থিরতরা কীর্ত্তির্মদীয়েয়ং ভবিষ্যতি ॥ মৎপূর্ব্বে সপ্তবংশ্যাশ্চ পরে সপ্ত তথৈব চ। মাতুঃ পিতুশ্চ ভার্য্যাণাং সপ্ত সপ্ত চ সপ্ত চ ॥ ভৃত্যবর্গাশ্চ যে কেচিদ্ যে চান্যে স্বর্গতা জনাঃ। সর্ব্বে তে সুখিনঃ সন্তু ময়া দত্তজলেন বৈ ॥ যেঽত্র কেচিদ্ বিপদ্যন্তে স্বকর্ম্মফলভাজনাঃ। তেষাং দোষৈর্ন লিপ্যেঽহং স্বয়ং স্বর্গমবাপ্নুয়াম্।

অতঃপর দক্ষিণান্ত করিবে। যথা,—দক্ষিণা অর্চ্চনাদি করিয়া "অদ্যেত্যাদি—জলপূর্ণপুষ্করিণীজলাশয়োৎসর্গকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং সুবর্ণং শ্রীবিষ্ণু-দৈবতং অমুকগোত্রায় শ্রীঅমুকদেবশর্ম্মণে ব্রাহ্মণায় গুরবে তুভ্যমহং সম্প্রদদে ॥"

"ওঁ আপো হি ষ্ঠা" হইতে "যথা চ নঃ" পর্য্যন্ত তিনটী মন্ত্র পাঠ করিয়া পঞ্চগব্য ও তীর্থোদক জলাশয়ে প্রক্ষেপ করিবে ও ঐ জলাশয়ের জল গো-ব্রাহ্মণকে পান করাইবে।

অনন্তর গুরু (আচার্য্য পুরোহিত) আটটী আম্রপত্রে অনন্ত বাসুকি প্রভৃতি অষ্টনাগের নাম পৃথক্ পৃথক্ রূপে লিখিবেন। পরে ঐ আটটী আম্র-পত্র জলপূর্ণ কলসমধ্যে প্রদানপূর্ব্বক নিম্নোক্ত মন্ত্র পাঠ করতঃ আলোড়ন করিবে। মন্ত্র যথা—ওঁ গায়ত্রেণ ত্বা ছন্দসা মন্থামি, ওঁ জাগতেন ত্বা ছন্দসা মন্থামি, ওঁ ত্রৈষ্টুভেন ত্বা ছন্দসা মন্থামি।

পরে উহা দৃষ্টি না করিয়া উহা হইতে একটী আম্রপত্র উত্তোলন পূর্ব্বক দেখিবেন, ঐ পত্রে যে নাগের নাম লেখা আছে, সেই নাগের নাম করিয়া—

অমুকনাগ ইহাগচ্ছাগচ্ছ ইত্যাদিক্রমে আবাহন করিয়া পঞ্চোপচারে পূজা করিবে ও "অমুকনাগ এই জলের রক্ষক হইলেন" এই কথা যজমান সাধারণকে জানাইবেন। অনন্তর নাগদণ্ডকে নিম্নলিখিত দ্রব্য মিশ্রিত জলদ্বারা নিম্নলিখিত মন্ত্রে স্নান করাইবে, যথা—

"ওঁ গন্ধদ্বারাং দুরাধর্ষাং নিত্যপুষ্টাং করীষিণীম্। ঈশ্বরীং সর্ব্বভূতানাং ত্বামিহোপ হ্বয়ে শ্রিয়ম্॥ (গন্ধদ্রব্যের ছিটা দিবে)।

ওঁ ভদ্রং কর্ণেভিঃ শৃণুয়াম দেবা ভদ্রং পশ্যেমাক্ষভির্যজত্রাঃ। স্থিরৈরঙ্গৈস্তুষ্টু-বাংসস্তনূভির্ব্যশেম দেবহিতং যদায়ুঃ। (তৈল হরিদ্রাদ্বারা দণ্ড অভ্যুক্ষণ করিবে।)

ওঁ কাণ্ডাৎ কাণ্ডাৎ প্ররোহন্তী পরুষঃ পরুষস্পরি। এবা নো দূর্ব্বে প্র তনু সহস্রেণ শতেন চ স্বাহা।—(দূর্ব্বাজলে দণ্ড স্নান করাইবে।)

ওঁ দ্রুপদাদিব—(এই মন্ত্রে সপ্তমৃত্তিকাদ্বারা স্নান করাইবে।)

ওঁ মধুবাতা—(এই মন্ত্রে পঞ্চামৃতদ্বারা স্নান করাইবে।)

ওঁ যাঃ ফলিনী—(এই মন্ত্রে ফলযুক্ত জলদ্বারা স্নান করাইবে।)

পরে ঘণ্টা, চামর, দর্পণ, কিঙ্কিণী-সমন্বিত পতাকা ঐ নাগযষ্টির অগ্রভাগে আবদ্ধ করিয়া লৌহ বা তাম্র কিম্বা পিত্তলের চক্র নাগযষ্টির মধ্যে বন্ধন করিবে। চক্রের পরিমাণ—বাপীতে বার অঙ্গুল, পুষ্করিণীতে ষোড়শ এবং সাগরে একহাত পরিমাণ চক্র হইবে।

পতাকাবন্ধনের মন্ত্র—ওঁ যুবা সুবাসাঃ পরিবীত আগাৎ স উ শ্রেয়ান্ ভবতি জায়মানঃ। তং ধীরাসঃ কবয় উন্নয়ন্তি স্বাধ্যো মনসা দেবয়ন্তঃ।

অনন্তর "ওঁ যষ্ট্যৈ নমঃ" মন্ত্রে সালঙ্কৃত নাগযষ্টির যথাশক্তি পূজা করিয়া পুরোহিত শঙ্খ ও বাদ্যধ্বনি করতঃ রাজতী বরুণপ্রতিমা উত্তোলন করিবে। মন্ত্র যথা—ওঁ উত্তিষ্ঠ ব্রহ্মণস্পতে দেবয়ন্তস্ত্বেমহে। উপ প্র যন্তু মরুতঃ সুদানবঃ ইন্দ্র প্রাশূর্ভবা সচা॥

ঐ প্রতিমাকে তিনবার প্রদক্ষিণপূর্ব্বক "আপো হি ষ্ঠা" ইত্যাদি মন্ত্রত্রয় ও "বরুণস্যোত্তম্ভনমসি" ইত্যাদি মন্ত্র পাঠ পূর্ব্বক বরুণপ্রতিমা খাতজলে বিসর্জ্জন করিবে। অনন্তর দূর্ব্বা, গোময়, দধি, মধু, কুশ, মহানদীর জল ও পঞ্চরত্ন ঐ খাতজলে নিক্ষেপ করিবে। মন্ত্র যথা—

ওঁ যেঽদো রোচনে দিবো যে বা সূর্য্যস্য রশ্মিষু। তেষামপসু সদস্কৃতং তেভ্যঃ সর্পেভ্যো নমঃ॥ ওঁ ধ্রুবং ধ্রুবেণ হবিষাভি সোমং ভৃশামসি।

অধো ত ইন্দ্রঃ কেবলীর্বিশো বলিহৃতস্করৎ॥ যূপবৃক্ষা উত যে যূপবাহাশ্চ ষালং যে অশ্বযূপায় তক্ষতি। যে চার্ব্বতে পচনং সংভরন্ত্যতো তেষামভিগূর্ত্তির্ন ইন্বতু॥

পরে নাগযষ্টিকে জলাশয়জল-মধ্যস্থলে পুতিবে; ঐ নাগযষ্টির দশদিকে জলদেবীগণের পূজা করিবে। যথা—পূর্ব্বাংশে—হ্রি ইহাগচ্ছাগচ্ছ আবাহনপূর্ব্বক "ওঁ হ্রিয়ৈ নমঃ" মন্ত্রে পূজা করিবে। এইরূপে অগ্নিকোণে—শ্রিয়ৈ। দক্ষিণে—শচ্যৈ। নৈর্ঋতে—মেধায়ৈ। পশ্চিমে—শ্রদ্ধায়ৈ। বায়ুকোণে—বিদ্যায়ৈ। উত্তরে—লক্ষ্ম্যৈ। ঈশানে—সরস্বত্যৈ। অধঃ—বিদ্যায়ৈ। উর্দ্ধে—লক্ষ্ম্যৈ।

অনন্তর বারত্রয় অগ্নি প্রদক্ষিণ করতঃ সূর্য্যাদি অশ্বিনীকুমার পর্য্যন্ত দেবতাগণের যথাশক্তি পূজা করিয়া, "ওঁ বরুণ ক্ষমস্ব" বলিয়া জলদ্বারা বরুণের বিসর্জ্জন করতঃ নিম্নোক্ত মন্ত্র পাঠ করিবে। যথা—

"ওঁ যান্তু দেবগণাঃ সর্ব্বে পূজামাদায় যাজ্ঞিকাঃ। ইষ্টকামপ্রসিদ্ধ্যর্থং পুনরাগমনায় চ॥ বরুণ ত্বং হিরণ্য ত্বং প্রণতার্ত্তিবিনাশন। ব্রজস্ব পূজামাদায় পুনরাগমনায় চ॥

পরে বাস্তুযাগের বরণ ও মূলদক্ষিণা এবং জলাশয়োৎসর্গের বরণদক্ষিণা সমাপ্ত করিয়া মূল দক্ষিণান্ত করিবে। যথা—

ওঁ অদ্যেত্যাদি—মৎসঙ্কল্পিতজলপূর্ণপুষ্করিণীজলাশয়প্রতিষ্ঠাকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং শ্রীবিষ্ণুদৈবতং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং দদে।

অতঃপর উভয় কর্ম্মের অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্যসমাধান করিয়া কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবে,—

কৃতৈতৎ মৎসঙ্কল্পিত-জলপূর্ণ-পুষ্করিণীপ্রতিষ্ঠা-বাস্তুপশমন--কর্ম্মণোরচ্ছিদ্রমস্তু। কৃতৈতৎ মৎসঙ্কল্পিতজলপূর্ণপুষ্করিণী-জলাশয়প্রতিষ্ঠা--বাস্তুপশমনকর্ম্মণোর্যদ্বৈগুণ্যং জাতং তদ্দোষপ্রশমনায় শ্রীবিষ্ণুস্মরণমহং করিষ্যে। প্রীয়তাং পুণ্ডরীকাক্ষ ইত্যাদি স্তুতি পাঠ করিবে।

পরে অবিচ্ছিন্ন দুগ্ধের ধারা দিয়া বাদ্যোদ্যম সহকারে যজমান ও আচার্য্য বারত্রয় জলাশয় প্রদক্ষিণ করিবে।

কূপোৎসর্গ-প্রয়োগ।

শুভলগ্নে যজমান সর্ব্বৌষধিজলে স্নান করিয়া, নিত্যক্রিয়া সমাপনপূর্ব্বক জলাশয়ের পশ্চিমে পূর্ব্বাভিমুখীন হইয়া উপবেশন করিয়া আচমন করতঃ সংকল্প করিবে। সঙ্কল্পাদিতে মুখ্যচান্দ্রমাসের উল্লেখ করিতে হইবে। সঙ্কল্প

মন্ত্র যথা—অদ্যেত্যাদি প্রত্যেকজলবিন্দুসংখ্যকশতবর্ষাবচ্ছিন্ন-স্বর্গপ্রাপ্তিকামঃ (শ্রীবিষ্ণুপ্রীতিকামো বা) কূপজলাশয়োৎসর্গমহং করিষ্যে।

স্বশাখোক্ত সূক্ত পাঠ করিয়া স্বস্তিবাচনপূর্ব্বক নিমোক্তমন্ত্র পাঠ করতঃ শ্বেতসর্ষপ বিকীর্ণ করিয়া বিঘ্নাপসারণ করিবে। মন্ত্র যথা—ওঁ বেতালাশ্চ পিশাচাশ্চ ইত্যাদি। অনন্তর আভ্যুদয়িকের সংকল্প করিবে। যথা—

অদ্যেত্যাদি—অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা এতৎ কূপজলাশয়-প্রতিষ্ঠা-কর্ম্মাভ্যুদয়ার্থং সগণাধিপগৌর্য্যাদিষোড়শমাতৃকাপূজা-বসোর্দ্ধারাসম্পাতনায়ুষ্যসূক্ত-জপাভ্যুদয়িকশ্রাদ্ধান্যহং করিষ্যে।

সঙ্কল্পসূক্তাদি পাঠপূর্ব্বক যথাবিধি গৌর্য্যাদি ষোড়শমাতৃকার পূজা, বসুধারা ও বৃদ্ধিশ্রাদ্ধ প্রভৃতি সম্পন্ন করিবে। পরে ব্রহ্মা ও হোত্রাদির বরণ করিবে।

পরে, হোতা পঞ্চগব্যশোধনমন্ত্র পাঠপূর্ব্বক পঞ্চগব্য দ্বারা অভ্যুক্ষণ করিয়া, বাস্তুমণ্ডল করিতে অসমর্থ হইলে শালগ্রামে বা ঘটে "বাস্তুদেবায় নমঃ" ইত্যাদি ক্রমে বাস্তুদেবের পূজা করিয়া "এষ গন্ধঃ ওঁ ঈশানায় নমঃ।" এবং পর্জ্জন্যাদিভ্যঃ॥

অনন্তর স্বগৃহোক্ত বিধিতে অগ্নিস্থাপনপূর্ব্বক ব্রহ্মস্থাপন পর্য্যন্ত কর্ম্ম করিয়া যথাবিধি চরুপাক করিবে। (সাধারণ কুশণ্ডিকা দেখ)।

পরে "অগ্নে ত্বং বরুণনামাসি"। এই ক্রমে বরুণ নামক অগ্নির পূজা করিয়া বরুণ হোম করিবে। (পুষ্করিণী উৎসর্গ ক্রমে)।

তদনন্তর প্রায়শ্চিত্তহোমানন্তর উদীচ্য কর্ম্ম সমাপ্ত করিয়া, বাদ্যধ্বনি সহকারে জলাশয়োৎসর্গ করিবে। তদ্‌যথা—"জলপূর্ণকূপজলাশয়ায় নমঃ"। এইরূপে তিনবার অর্চ্চনা করিয়া কুশ-তিলজলাদি লইয়া—

অদ্যেত্যাদি—অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা প্রত্যেকজলবিন্দুসংখ্যক-শতবর্ষাবচ্ছিন্নস্বর্গপ্রাপ্তিকামঃ (শ্রীবিষ্ণুপ্রীতিকামো বা) ইমং কূপজলাশয়ং বরুণদৈবতং সর্ব্বভূতেভ্যোঽহমুৎসৃজে। পরে কূপের দিকে চাহিয়া পাঠ করিবে—

ওঁ দেবপিতৃমনুষ্যাঃ প্রীয়ন্তাম্। ওঁ সর্ব্বভূতেভ্য উৎসৃষ্টং ময়ৈতজ্জলমূর্জ্জিতম্। রমন্তু সর্ব্বভূতানি স্নানপানাবগাহনৈঃ। ইত্যাদি মন্ত্র পাঠ করিবে।

দক্ষিণা – অদ্যেত্যাদি—কৃতৈতৎকূপজলাশয়োৎসর্গকর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং দক্ষিণামেতৎ কাঞ্চনমূল্যং বহ্নিদৈবতং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং দদে।

"ওঁ আপো হি ষ্ঠা" ইত্যাদি মন্ত্রত্রয়ে জলাশয়ে পঞ্চগব্য প্রদান করিয়া অনবচ্ছিন্ন দুগ্ধধারা দিয়া আচার্য্য এবং যজমান "আপো হি ষ্ঠা" ইত্যাদি মন্ত্রত্রয়ে তিনবার প্রদক্ষিণ করিবে। তদনন্তর অচ্ছিদ্রাবধারণ, শান্তি আদি ও ব্রাহ্মণ-ভোজন এবং দক্ষিণাদি করিবে।

অশ্বত্থাদিবৃক্ষ-প্রতিষ্ঠা।

তত্র যাবন্তি পত্রাণি পুষ্পাণি চ ফলানি চ। তাবদ্বর্ষাবধিস্থায়ী স্বর্গলোকে নরো ভবেৎ॥ জন্মপ্রভৃতিপাপানাং প্রায়শ্চিত্তমভীপ্সতা। বিষ্ণুপ্রীতিকরো যস্মাৎ স্থাপনীয়ো মহীরুহঃ॥

বৃক্ষ প্রতিষ্ঠা করিলে, তাহার ফল অনন্ত। সেই প্রতিষ্ঠিতবৃক্ষে যত সংখ্যক পত্র, পুষ্প ও ফল থাকে, তত সংখ্যক বর্ষ পর্য্যন্ত প্রতিষ্ঠাকারী স্বর্গে বসতি করিয়া থাকে। জন্ম হইতে কৃতপাতকের প্রায়শ্চিত্তকামনায় মহীরুহস্থাপন ও প্রতিষ্ঠা করিবে।

কৃতনিত্যক্রিয় যজমান শুচি হইয়া আসনে উপবেশনপূর্ব্বক আচমন করিবে। পূর্ব্বদিনে অধিবাস করিয়া * তৎপরদিবসে বৃক্ষসমীপে গমনপূর্ব্বক ছায়ামণ্ডপে উপবেশন করতঃ স্বস্তিবাচনপুরঃসর সঙ্কল্প করিবে। যথা—

অদ্যেত্যাদি—অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা বাল্য-প্রভৃতি-সম্ভূত-দুরিত-ধ্বংস পূর্ব্বকম্ এতদ্বৃক্ষপ্রভবপত্রপুষ্পফলসংখ্যকবর্ষাবচ্ছিন্নস্বর্গবাসকামঃ (শ্রীবিষ্ণু-প্রীতিকামো বা) অশ্বত্থবৃক্ষপ্রতিষ্ঠামহং করিষ্যে।

অন্য বৃক্ষ হইলে, অশ্বত্থবৃক্ষ স্থলে তাহারই নাম করিবে। অনন্তর স্বশাখোক্ত সূক্ত পাঠ করিয়া ঘটে বা শালগ্রামে গণেশ, শিবাদিপঞ্চদেবতা, আদিত্যাদিনবগ্রহ, ইন্দ্রাদি দশদিক্পাল প্রভৃতির পূজা করিবে। যদি পুরুষ কর্ত্তৃক বৃক্ষ প্রতিষ্ঠিত করা হয়, তবে ষোড়শমাতৃকাপূজা, বসুধারাসম্পাতন, আয়ুষ্যসূক্তজপ ও আভ্যুদয়িকশ্রাদ্ধাদি সম্পন্ন করিয়া ব্রাহ্মণগণকে বরণ করিবে। তাহার বাক্য—

অদ্যেত্যাদি—মৎসঙ্কল্পিতাশ্বত্থবৃক্ষপ্রতিষ্ঠাকর্ম্মাঙ্গভূত-হোমকর্ম্মণি ব্রহ্মকর্ম্ম-করণায়—ইত্যাদি। হোতা আচার্য্য প্রভৃতিকে বরণ করিবে, সম্ভব হইলে সদস্যবরণও করিবে।

* পদ্ধতি সকলে পূর্ব্বদিনে অধিবাস করিবার কথাই উল্লেখ আছে। কিন্তু বর্ত্তমানে অনেক স্থলে সেইদিন অধিবাস করিতে দেখা যায়। অধিবাসোক্ত বিধিতে ও মন্ত্রাদিতে অধিবাস করিবে।

অতঃপর হোতা শোধিত পঞ্চগব্য দ্বারা বেদী শোধন করিয়া যজমানের বেদোক্ত ঘটস্থাপন করিয়া গণেশাদি দেবতাগণকে গন্ধপুষ্পাদি দিয়া ওঁ দ্বাদশাদিত্যেভ্যো নমঃ। (এই ক্রমে)—অষ্টবসুভ্যঃ একাদশরুদ্রেভ্যঃ, বিশ্বেভ্যঃ, দেবগণেভ্যঃ, অশ্বিনীকুমারাভ্যাং, ঋষিগণেভ্যঃ ইহাদিগকে পাদ্যাদিদ্বারা পূজা করিয়া বিষ্ণুপূজা করিবে।

বিষ্ণুধ্যান—শঙ্খচক্রগদাপদ্মধারিণং বনমালিনম্। কিরীটকুণ্ডলধরং কনকাঙ্গদভূষণম্॥ প্রসন্নং কৌস্তুভধরং হারিণং পীতবাসসম্। লক্ষ্মীসরস্বতীযুক্তং ভক্তিগম্যং পরাৎপরম্॥ নারায়ণং জগদ্ধেতুং ব্রহ্মাদিভিরপারগম্। ধ্যানাতীতং গুণাতীতমীশ্বরং পরমং ভজে॥

এই ধ্যান করিয়া নিজ মস্তকে পুষ্প দিয়া মানসোপচারে পূজা করিয়া এবং অর্ঘ্যস্থাপন করিয়া পীঠপূজা করিবে। যথা—এতে গন্ধপুষ্পে ওঁ আধারশক্তয়ে নমঃ (এই ক্রমে) কূর্ম্মায়। পৃথিব্যৈ। শ্বেতদ্বীপায়। রত্নমণ্ডপায়। কল্পবৃক্ষায়। রত্নসিংহাসনায় (অগ্নি আদিকোণে)—ধর্ম্মায়। জ্ঞানায়। বৈরাগ্যায়। ঐশ্বর্য্যায়। (পূর্ব্বাদিদিকে)—ঐং অধর্ম্মায়। অজ্ঞানায়। অবৈরাগ্যায়। অনৈশ্বর্য্যায়। (মধ্যে)—শেষায়। পদ্মায়। অং অর্কমণ্ডলায়। উং সোমমণ্ডলায়। মং বহ্নিমণ্ডলায়। সং সত্ত্বায়। রং রজসে। তং তমসে। আং আত্মনে। অং অন্তরাত্মনে। পং পরমাত্মনে। হ্রীং জ্ঞানাত্মনে (আট দিকে)—ওঁ বিমলায়ৈ। উৎকর্ষিণ্যৈ। ক্রিয়ায়ৈ। যোগায়ৈ। বুদ্ধ্যৈ। সত্যায়ৈ। ঈশানায়ৈ। অনুগ্রহায়ৈ।

তদনন্তর পুনর্ধ্যান ও আবাহন করিয়া "ওঁ ভগবতে বাসুদেবায় নমঃ" এই ক্রমে ষোড়শোপচারে পূজা করিবে। তৎপরে পুষ্পাঞ্জলি দান করিয়া যথাশক্তি জপান্তে জপ সমর্পণ করিয়া—"ওঁ নমো ভগবতে বিষ্ণবে সর্ব্বভূতাত্মনে বাসুদেবায় সর্ব্বাত্মনঃ সংযোগপীঠাত্মনে নমঃ"—এই মন্ত্রে পূজা করিয়া লক্ষ্মী ও সরস্বতীর আবাহন করিয়া পূজা করিবে।

অতঃপর প্রতিষ্ঠাতত্ত্বোক্ত স্বশাখোক্ত বিধিতে অগ্নিস্থাপন, ব্রহ্মস্থাপন, চরুশ্রপণ, সর্ব্বকর্ম্ম সাধারণী কুশণ্ডিকা করিয়া চরুহোম-মন্ত্রে দিক্‌পাল নবগ্রহহোম করিয়া, ঘৃতদ্বারা প্রতিষ্ঠাতত্ত্বোক্ত বিধিতে হোম করতঃ প্রায়শ্চিত্তহোম করণানন্তর পূর্ণহোম করিবে। পরে ব্রহ্মদক্ষিণা করিয়া তিলকান্ত কর্ম্ম সমাপন করিবে।

অনন্তর, পঞ্চগব্য ও পঞ্চামৃতদ্বারা তত্তন্মন্ত্রে অশ্বত্থবৃক্ষ স্নান করাইয়া শুদ্ধজলে "সহস্রশীর্ষাঃ"—ইত্যাদি মন্ত্রে স্নান করাইয়া ধৌত বস্ত্রদ্বারা বৃক্ষ আচ্ছাদন করতঃ চারিদিকে কদলীবৃক্ষচতুষ্টয় আরোপণপূর্ব্বক "অশ্বত্থবৃক্ষায় নমঃ"

এই ক্রমে পূজা করিয়া ঘণ্টা বিতান-মাল্যাদিতে বৃক্ষ শোভিত করিয়া প্রণাম করিবে।

ওঁ বৃক্ষরূপিন্ জগন্নাথ সর্ব্বকামফলপ্রদ। নমস্তে কমলাকান্ত ঈপ্সিতার্থঞ্চ দেহি মে॥ ত্রাহি মাং ভগবন্নাথ বৃক্ষরূপী হরিঃ স্মৃতঃ। যমলোকভয়ং জ্ঞাত্বা ক্রিয়তে তব রোপণম্॥ আধারঃ সর্ব্বভূতানাং সর্ব্বকর্ম্মপ্রবর্ত্তকঃ। ত্বমীশঃ সর্ব্বধর্ম্মাণাং ধর্ম্মরূপ নমোঽস্তু তে॥ দর্শনান্নশ্যতে পাপং লক্ষ্মীর্ভবতি স্পর্শনাৎ। বর্দ্ধতে কীর্ত্তনাদায়ুঃ সদাশ্বত্থ নমোঽস্তু তে॥

এতে গন্ধপুষ্পে ওঁ অশ্বত্থবৃক্ষায় নমঃ—এই বলিয়া তিনবার সংপ্রোক্ষণ করিয়া—এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ শ্রীবিষ্ণবে নমঃ। এতে গন্ধপুষ্পে এতৎসম্প্রদানেভ্য ওঁ সর্ব্বভূতেভ্যো নমঃ। কুশ তিল জল লইয়া অদ্যেত্যাদি—বাল্য-প্রভৃতি-সম্ভূত-দুরিতধ্বংসপূর্ব্বকং এতদ্বৃক্ষপ্রভবপত্রপুষ্পফলসমসংখ্যকবর্ষাবচ্ছিন্নস্বর্গলোকস্থিতিকামঃ (শ্রীবিষ্ণুপ্রীতিকামো বা) ইমমশ্বত্থবৃক্ষং গন্ধাদ্যর্চ্চিতং বিষ্ণুদৈবতং সর্ব্বভূতেভ্যোঽহমুৎসৃজে।

বৃক্ষমূলে জল দিয়া—"ওঁ অশ্বত্থবৃক্ষোঽয়ং বিষ্ণুদৈবতঃ" ইহা উচ্চারণ করিয়া বৃক্ষস্পর্শ করিয়া পাঠ করিবে,—

ওঁ অশ্বত্থবৃক্ষরূপোঽসি মহাদেবেতি বিশ্রুতঃ। বিষ্ণুরূপধরোঽসি ত্বং পুণ্যবৃক্ষ নমোঽস্তু তে॥ ওঁ অদ্য মে সফলং জন্ম বৃক্ষরূপ জনার্দ্দন। সংসারসাগরেভ্যশ্চ পুত্রবত্তারয়িষ্যসি॥ ওঁ প্রতিষ্ঠিতোঽসি বৃক্ষেশ গন্ধমাল্যানুলেপনৈঃ। পতাকাপুষ্পধূপাদ্যৈ রক্ষ মাং সর্ব্বতোঽনঘ॥ অনন্তর দক্ষিণান্ত করিবে; যথা—অদ্যেত্যাদি—কৃতৈতৎ সর্ব্বভূতোদ্দেশ্যকাশ্বত্থবৃক্ষপ্রতিষ্ঠাকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং দদে।

পরে বৃক্ষের ঈশান বা বায়ুকোণে ধ্বজারোপণ করিয়া অর্চ্চনা করতঃ অদ্যেত্যাদি—মহাপাতকাদিবহুপাপক্ষয়কামোঽস্মিন্ অশ্বত্থবৃক্ষে ইমং ধ্বজং বিষ্ণুদৈবতং বস্ত্রাচ্ছাদিতমর্চ্চিতং বিষ্ণবে তুভ্যমহং সম্প্রদদে। এইরূপে উৎসর্গ করিয়া দিয়া, কৃতাঞ্জলি হইয়া বৃক্ষকে তিনবার প্রদক্ষিণ করিয়া পাঠ করিবে—

ওঁ এষ বিষ্ণুরবিস্ত্বং বৈ ব্রহ্মা চৈব পিতামহঃ। রুদ্রো মহেন্দ্রো বরুণ আকাশং পৃথিবী জলম্॥ বায়ুঃ শশাঙ্কঃ পর্জ্জন্যো ধনাধ্যক্ষো বিভাবসুঃ। ধ্বজস্য রোপণে নিত্যং প্রীয়ন্তাং সর্ব্বদেবতাঃ।

অনন্তর আচারাৎ পিষ্ট প্রদীপাদি দিয়া প্রণাম করিবে। পরে অচ্ছিদ্রাবধারণ করতঃ বিষ্ণুস্মরণ করিয়া পাঠ করিবে,—ওঁ যাস্ত দেবগণাঃ সর্ব্বে

পূজামাদায় যাজ্ঞিকাঃ। ইষ্টকামপ্রসিদ্ধ্যর্থং পুনরাগমনায় চ॥ অতঃপর ঘটাদি বিসর্জ্জন করিয়া "সুরাস্ত্বামভিষিঞ্চন্তু" এই মন্ত্রে শান্তিদান করিবে।

মঠ-প্রতিষ্ঠা।

দেবগৃহকে মঠ বলে। কৃতনিত্যক্রিয় যজমান স্বস্তিবাচনাদি করিয়া সঙ্কল্প করিবে।

"অদ্যেত্যাদি—অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা ইষ্টকাদিময়-বিষ্ণুবেশ্মপরমাণু-সমসংখ্যক-দশসহস্রবর্ষাবচ্ছিন্ন-স্বর্গলোকমহিতত্বকাম এতদিষ্টকাদিময়-অমুক-দেবতা বেশ্মপ্রতিষ্ঠামহং করিষ্যে। সঙ্কল্পসূক্তাদি পাঠ করিয়া পুনঃ সঙ্কল্প করিবে—

অদ্যেত্যাদি—অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা এতদিষ্টকাদিময় অমুকদেবতা-বেশ্মপ্রতিষ্ঠাকর্ম্মাভ্যুদয়ার্থং সগণাধিপগৌর্য্যাদিষোড়শমাতৃকাপূজাবসোর্ধারাসম্পা-তনায়ুষ্যসূক্তজপাভ্যুদয়িকশ্রাদ্ধান্যহং করিষ্যে।

অনন্তর মাতৃকাদির পূজা বসুধারাদি দিয়া বৃদ্ধিশ্রাদ্ধ সম্পন্ন করিয়া ব্রাহ্মণগণকে বরণ করিয়া দিয়া বাক্য করিবে, বাক্য যথা—

মৎসংকল্পিত-এতদিষ্টকাদিময়-অমুকদেববেশ্মপ্রতিষ্ঠাকর্ম্মণি ব্রহ্মকর্ম্মকরণায় ইত্যাদি।

তৎপরে পঞ্চগব্যদ্বারা ভূমিশোধনপূর্ব্বক ঘটস্থাপন করিয়া গণেশাদি দেবতার পূজা করতঃ যজমানের স্বগৃহোক্ত অগ্নিস্থাপন, ব্রহ্মস্থাপন, চরুশ্রপণ, চরু-হোমমন্ত্রে দিক্‌পাল ও নবগ্রহহোম করিয়া ঘৃতদ্বারা প্রতিষ্ঠাতত্ত্বোক্ত বিধিতে হোম করতঃ প্রায়শ্চিত্তহোম করণানন্তর পূর্ণহোম করিবে। পরে ব্রহ্মদক্ষিণা ও তিলকান্ত কর্ম্ম সমাপন করিবে।

অনন্তর যজমান প্রাসাদসমীপে গমন করিয়া পাঠ করিবে,—"ওঁ উত্তিষ্ঠ ব্রহ্মণস্পতে দেবয়ন্তস্ত্বেমহে। উপ প্র যন্তু মরুতঃ সুদানবঃ ইন্দ্র প্রাশূর্ভবা সচা"। এই মন্ত্রে দেবতাকে উত্তোলন করতঃ বস্ত্রাদিদ্বারা শিল্পীকে সন্তোষ করিয়া "ওঁ ইদং বিষ্ণুর্ব্বি চক্রমে ত্রেধা নি দধে পদং। সমূঢ়মস্য পাংসুলে"—এই মন্ত্রে "ওঁ চক্রায় নমঃ" চক্রে তিন অঞ্জলি পুষ্পদান করিয়া গৃহের উপরে যথাযোগ্য স্থানে চক্রাদি বিন্যস্ত করিয়া বস্ত্রদ্বারা গৃহ আচ্ছাদন করতঃ দ্বারের অনুরূপ তোরণ নির্ম্মাণ এবং ঘণ্টা, চামর, কিঙ্কিণীজালমালা, ধ্বজা প্রভৃতি যথাশক্তি আরোপণ করিবে। দ্বার-সম্মুখে বিষ্ণুগৃহে গরুড়, শিবগৃহে বৃষ, দুর্গাগৃহে সিংহ, এইরূপে যে দেবতার যে বাহন, তাঁহার সম্মুখে সেই বাহন স্থাপন করিবে।

অতঃপর পঞ্চবিংশতি ঘটজলে, নারিকেলোদকে এবং পঞ্চগব্য ও পঞ্চামৃতে দেবতার স্নান করাইয়া ষোড়শোপচারে দেবতার পূজা, জপ ও জপসমর্পণ করিয়া ঘণ্টাদিযুক্ত বস্ত্রাচ্ছাদিত মঠ অর্চ্চনা করিয়া উৎসর্গ করিবে। যথা—

অদ্যেত্যাদি—অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা এতদিষ্টকাদিময়বেশ্মপরমাণু-সমসংখ্যক-বর্ষসহস্রদশগুণকালাবচ্ছিন্নস্বর্গলোকমহিতত্বকামঃ (শ্রীবিষ্ণুপ্রীতি-কামো বা) ইদং সাচ্ছাদনং ইষ্টকাদিময়বেশ্ম অমুকদৈবতমর্চ্চিতং অমুকদেবায় তুভ্যমহং সম্প্রদদে।

দক্ষিণা—দক্ষিণা অর্চ্চনা করিয়া অদ্যেত্যাদি—কৃতৈতৎ ইষ্টকাদিময়বেশ্ম-দানকর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং দক্ষিণামিদং স্বুবর্ণং অমুকদেবায় তুভ্যমহং সম্প্রদদে॥

অনন্তর অচ্ছিদ্রাবধারণ ও বিষ্ণুস্মরণ করিয়া দেবতাকে লইয়া তিনবার মঠ প্রদক্ষিণ করিতে করিতে পাঠ করিবে,—

ওঁ ভদ্রং কর্ণেভিঃ শৃণুয়াম দেবা ভদ্রং পশ্যেমাক্ষভির্যজত্রাঃ। স্থিরৈরঙ্গৈ-স্তুষ্টুবাংসস্তনূভির্ব্যশেম দেবহিতং যদায়ুঃ॥

দেবতাকে লইয়া গৃহে প্রবেশ করতঃ এই মন্ত্রে বেদীর উপরি দেবতাকে স্থাপন করিবে—"ওঁ দেবস্য ত্বা ইত্যাদি।"

স্থিরীকরণ—ওঁ স্থিরোভব বীড্বঙ্গ আশুর্ভব বাজ্যর্ব্বন্। পৃথুর্ভব সুষদস্ত্বমগ্নেঃ পুরীষবাহণঃ।

অতঃপর দেবতাকে পুনরায় যথাশক্তি পূজা করিয়া পাঠ করিবে,—

ওঁ যাবদ্ধরাধরো দেবো যাবত্তিষ্ঠতি মেদিনী।
তাবদত্র জগন্নাথ সন্নিধীভব কেশব॥

শিববিষয়ে কেশবস্থলে শঙ্কর বলিবে এবং অন্যান্য দেবতা হইলে তন্নাম করিবে।

পরে ধ্বজাসমীপে গিয়া সংপ্রোক্ষণ করতঃ নিম্নলিখিত মন্ত্র পাঠ করিয়া ধ্বজারোপণ করিবে। মন্ত্র যথা,—

ওঁ এহ্যেহি ভগবন্নীশ্বর বিনির্ম্মিত-বায়ুমার্গানুসারিন্ শ্রীকর শ্রীনিবাস রিপু-ধ্বংসকর সুজনাধিলয় সর্ব্বদেবতাসম্মতং কুরু স্বস্ত্যয়নঞ্চ মে ভবতু সর্ব্ববিঘ্নান্ হর হর স্বাহা॥

তদনন্তর, "ওঁ ধ্বজায় নমঃ" "ওঁ বিষ্ণবে নমঃ" এইরূপ তিনবার গন্ধপুষ্প দিয়া তিনবার ধ্বজা অর্চ্চনা করিয়া—অদ্যেত্যাদি—মহাপাতকাদিবহুপাপ-

ক্ষয়কাম ইমং ধ্বজং অমুকদেবায় তুভ্যমহং সম্প্রদদে। পরে ধ্বজাদানের দক্ষিণান্ত করিবে।

অতঃপর বিষ্ণুবিষয়ে বিশেষ মন্ত্র পাঠ করিয়া গরুড়কে পুষ্পাঞ্জলিত্রয় দান করিয়া প্রণাম করিবে। বিশেষ মন্ত্র যথা—

ওঁ সুপর্ণোঽসি গরুত্মাং-স্ত্রিবৃত্তে শিরো গায়ত্র্যং চক্ষুর্ব্বৃহদ্রথন্তরে পক্ষৌ। স্তোম আত্মা ছন্দাংস্যঙ্গানি যজূংষি নাম। সাম তে তনুর্ব্বামদেব্যং যজ্ঞাযজ্ঞিয়ং পুচ্ছং ধিষ্ণ্যাঃ শফাঃ ওঁ সুপর্ণোঽসি গরুত্মান্ দিবং গচ্ছ স্বঃপত ॥

"ওঁ গরুড়ায় নমঃ" এই ক্রমে পূজা করিয়া প্রণাম করিবে—ওঁ নমস্তে পতগশ্রেষ্ঠ পন্নগান্তকর প্রভো। ত্বৎপ্রসাদান্মহাবাহো মোদয়ে দিবি দেববৎ। যথা ত্বং সংপুটকরঃ সততং নতকন্ধরঃ। তথৈব পুরতো বিষ্ণোস্ত্বৎপ্রসাদা-দ্ভবাম্যহম্ ॥

দুর্গাগৃহপ্রতিষ্ঠায় "ওঁ সিংহায় নমঃ"—এই ক্রমে সিংহের পূজা করিয়া বিশেষ মন্ত্র পাঠ করিবে। যথা,—ওঁ বিজয়ো জয়দো জেতা রিপুঘাতী প্রিয়ঙ্করঃ। দুঃখদারিদ্র্যহা শান্তঃ সর্ব্ববিঘ্নবিনাশনঃ। ইত্যষ্টৌ তব নামানি যস্মাৎ সিংহপরাক্রমঃ। তস্মাৎ সিংহাসনেতি ত্বং নাম্না দেবেষু গীয়তে। ত্বয়ি স্থিতঃ শিবঃ সাক্ষাৎ ত্বয়ি শক্রঃ সুরেশ্বরঃ। ত্বয়ি স্থিতো হরির্দ্দেবস্তদর্থং তপ্যতে তপঃ॥ নমস্তে সর্ব্বতো ভদ্র দুর্গায়া বাহনঃ পরঃ। ত্রৈলোক্যজয় শত্রুঘ্ন সিংহাসন নমোঽস্তু তে॥

অন্য দেবতার বাহনেও এই প্রকার করিবে।

সংক্ষেপে দেবপ্রতিষ্ঠা ও পুনঃসংস্কার।

দেববিগ্রহ কোন প্রকারে ভগ্ন হইলে, ফাটিয়া গেলে, ভাস্করাদি দ্বারা অঙ্গ-রাগাদি করা হইলে বা অস্পৃশ্য-স্পর্শ, পূজারাহিত্য দোষ ঘটিলে, সেই বিগ্রহে দেবত্ব থাকে না—এইরূপ স্থলে পুনঃসংস্কারের প্রয়োজন।

এইরূপ স্থলে তাম্রাদি ধাতু অথবা প্রস্তর কিম্বা দারুমূর্ত্তি হইলে, তত্তৎদ্রব্য শুদ্ধি বিধানে শুদ্ধ করিয়া লইয়া পঞ্চগব্য মন্ত্রদ্বারা পঞ্চগব্য শোধন করিয়া মিলিত পঞ্চগব্যে বিগ্রহকে স্নান করাইবে। তৎপরে কুশোদকে প্রতিমা সংশোধন ও অর্ঘ্যোদকে একশত আটবার সংপ্রোক্ষণ করিবে। তৎপরে একটী কুম্ভে চারিসের দুইপোয়া জল লইয়া (সমর্থ পক্ষে একশত আট, চুয়ান্ন অথবা বিংশতি কলসী) এই মন্ত্রে বিগ্রহকে স্নান করাইবে। মন্ত্র যথা—ওঁ দেবস্য ত্বা সবিতুঃ ইত্যাদি।

অতঃপর দূর্ব্বাক্ষত ও কুশা লইয়া দেবতার মস্তকে সমস্ত অঙ্গুলি দ্বারা ধরিয়া প্রথমে পাঁচবার মূলমন্ত্র জপ করিবে,—তৎপরে একশত আটবার জপ করিবে। তদনন্তর মূলমন্ত্র পাঠ করতঃ দেবতার শিরোদেশ হইতে পীঠাসন পর্য্যন্ত সমস্ত অঙ্গ স্পর্শ করিবে। অনন্তর তত্ত্বন্যাস, লিপিন্যাস ও মন্ত্রন্যাস করিয়া পঞ্চোপচারে পূজা করতঃ "ওঁ আং হ্রীং ক্রোং" মন্ত্রে প্রাণপ্রতিষ্ঠা করিয়া ষোড়শোপচারে পূজা ও স্বশাখোক্তবিধিতে বহ্নিস্থাপনপূর্ব্বক হোম করিবে।

প্রতিষ্ঠিত দেবতার কোন দিন যদি পূজা না হয়, তবে একদিন পূজা না হইলে দুইবার পূজা করিবে। তিনদিন পূজা না হইলে, পঞ্চগব্যাদি দ্বারা স্নান করাইয়া ষোড়শোপচারে পূজা করিবে। তিনদিনের অধিক পূজা না হইলে প্রাগুক্ত বিধানে পুনঃ প্রতিষ্ঠা করিবে।

বাণলিঙ্গ-প্রকরণ।

বাণলিঙ্গের প্রতিষ্ঠা, সংস্কার এবং আবাহন নাই। পঞ্চগব্যে স্নান করাইয়া নিত্য পূজার বিধানে পূজা করিলেই হইবে।

ব্রতপ্রতিষ্ঠা-প্রয়োগ।

নিত্যব্রত সমাপন, কথা শ্রবণ ও ভোজ্যোৎসর্গ করিয়া ব্রতী গণেশাদি দেবতাদিগকে গন্ধপুষ্প প্রদানপূর্ব্বক কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবে।—

নমঃ সর্ব্বমঙ্গলমঙ্গল্যং বরেণ্যং বরদং শুভম্।
নারায়ণং নমস্কৃত্য সর্ব্বকর্ম্মাণি কারয়েৎ॥

অনন্তর স্বস্তিবাচন করিবে, যথা—কর্ত্তব্যেঽস্মিন্ ইয়দ্বর্ষনিষ্পাদিত অমুক-পুরাণোক্তামুকব্রতপ্রতিষ্ঠাকর্ম্মণি ওঁ পুণ্যাহং ভবন্তোঽধিব্রুবন্তু। ওঁ পুণ্যাহং ওঁ পুণ্যাহং ওঁ পুণ্যাহম্ ইত্যাদিরূপে স্বস্তিবাচন করিবে।

সঙ্কল্প—বিষ্ণুর্নমোঽদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রা শ্রীঅমুকীদেবী শ্রীবিষ্ণুপ্রীতিকামা (অমুকব্রতপূর্ণফলপ্রাপ্তিকামা বা) মৎসঙ্কল্পিতইয়দ্বর্ষনিষ্পাদিত-অমুকপুরাণোক্তামুকব্রতপ্রতিষ্ঠামহং করিষ্যে।

অনন্তর যথোক্ত বিধিতে ব্রহ্মা, হোতা, আচার্য্যদিগকে বরণ করিবে।

তৎপরে হোতা পৃথক্ পৃথক্ মন্ত্রে পঞ্চগব্য পৃথক্ পৃথক্রূপে শোধন করিয়া বেদী শোধন করিবে। সেই বেদীতে সর্ব্বতোভদ্রমণ্ডল অথবা অষ্টদলপদ্ম

অঙ্কিত করিয়া, তদুপরি স্বর্ণ ও রজত-প্রতিমা স্থাপন করিবে। তৎপরে ঘটস্থাপন করিয়া গণেশ, বিষ্ণু, লক্ষ্মী, সরস্বতী, শিব, দুর্গা, বাস্তুপুরুষ, সূর্য্য এবং অগ্নির পূজা করিবে।

অতঃপর সামান্যার্ঘ্য, আসনশুদ্ধি, ভূতশুদ্ধি, মাতৃকান্যাস, প্রাণায়াম, অঙ্গ-ন্যাস, করন্যাস প্রভৃতি করিয়া বিষ্ণু ও লক্ষ্মীর যোড়শোপচারে পূজা করিবে। এবং স্বশাখোক্ত বহ্নিস্থাপন (সামান্য কুশণ্ডিকা) চরু শ্রপণাদি করিয়া প্রকৃত কর্ম্ম করিবে।

প্রকৃতকর্ম্ম।—"অগ্নে ত্বং সাহসনামাসি" এই বলিয়া অগ্নির 'সাহস' এই নামকরণ করিয়া—"সাহসনামাগ্নে ইহাগচ্ছ"—ইত্যাদিক্রমে আবাহন করিয়া পূজা করিবে এবং ঘৃতাক্ত প্রাদেশ-প্রমাণ সমিধ্ একটী অগ্নিতে আহুতি দিয়া চরুহোম করিবে।

স্রুবদ্বারা মেক্ষণ মধ্যে ও চরু মধ্যে ঘৃত প্রদান করতঃ মেক্ষণ দ্বারা চরু লইয়া ঐ চরুর উপরে পুনরায় ঘৃত দিয়া, পুনরায় চরুপাত্রের চরুমধ্যে ঘৃত দিবে। এইরূপ সর্ব্বত্র করিবে।

চরুহোমের মন্ত্র—ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ। দিবীব চক্ষুরাততম্ স্বাহা।

পূর্ব্বপ্রকার ঘৃতধারা সহিত চরু লইয়া—ওঁ ভূঃ স্বাহা। ওঁ ভুবঃ স্বাহা। ওঁ স্বঃ স্বাহা। ওঁ তৎ সবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি। ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ স্বাহা।

ওঁ তদ্বিপ্রাসো বিপন্যবো জাগৃবাংসঃ সমিন্ধতে। বিষ্ণোর্যৎ পরমং পদং স্বাহা। ১। ওঁ বিশ্বতশ্চক্ষুরুত বিশ্বতোমুখো বিশ্বতো বাহুরুত বিশ্বতস্পাৎ। সং বাহুভ্যাং ধমতি সং পতত্রৈর্দ্যাবাভূমী জনয়ন্ দেব একঃ স্বাহা। ২। ওঁ অগ্নিমীলে পুরোহিতং যজ্ঞস্য দেবমৃত্বিজং। হোতারং রত্নধাতমং স্বাহা। ৩। ওঁ ইষে ত্বোর্জ্জে ত্বা বায়বঃ স্থ দেবো বঃ সবিতা। প্রার্পয়তু শ্রেষ্ঠতমায় কর্ম্মণে স্বাহা। ৪। ওঁ অগ্ন আ য়াহি বীতয়ে গৃণানো হব্যদাতয়ে। নি হোতা সৎসি বর্হিষি স্বাহা। ৫। ওঁ শন্নো দেবীরভিষ্টয়ে শন্নো ভবন্তু পীতয়ে। শং যোরভি স্রবন্তু নঃ স্বাহা। ৬। ওঁ ভূরগ্নয়ে স্বাহা। ওঁ প্রজাপতয়ে স্বাহা। ওঁ অন্তরীক্ষায় স্বাহা। ওঁ দ্যৌঃ স্বাহা। ওঁ ব্রহ্মণে স্বাহা। ওঁ পৃথিব্যৈ স্বাহা। ওঁ মহারাজায় স্বাহা। ওঁ সোমং রাজানং বরুণমগ্নিমন্বারভামহে। আদিত্যং বিষ্ণুং সূর্য্যং ব্রহ্মাণঞ্চ বৃহস্পতিং স্বাহা।

দিক্‌পাল-হোম—ওঁ ত্রাতারমিন্দ্রমবিতারমিন্দ্রং হবেহবে সুহবং শূরমিন্দ্রং। হুবে নু শক্রং পুরুহূতমিন্দ্রমিদং হবির্ম্মঘবা বেত্বিন্দ্রঃ স্বাহা। ১। ওঁ অগ্নিং দূতং বৃণীমহে হোতারং বিশ্ববেদসং। অস্য যজ্ঞস্য সুক্রতুং স্বাহা। ২। ওঁ নাকে সুপর্ণমুপ যৎপতন্তং হৃদা বেনন্তো অভ্যচক্ষত ত্বা। হিরণ্যপক্ষং বরুণস্য দূতং যমস্য যোনৌ শকুনং ভুরণ্যুং স্বাহা। ৩। ওঁ বেথা হি নির্ঋতীনাং বজ্রহস্ত পরিবৃজম্। অহরহঃ শুন্ধ্যুঃ পরিপদামিব স্বাহা। ৪। ওঁ ঘৃতবতী ভুবনানামভি-শ্রিয়োর্ব্বী পৃথ্বী মধুদুঘে সুপেশসা। দ্যাবাপৃথিবী বরুণস্য ধর্ম্মণা বিষ্কভিতে অজরে ভূরিরেতসা স্বাহা। ৫। ওঁ বাত আ বাতু ভেষজং শম্ভু ময়োভু নো হৃদে। প্র ণ আয়ূংষি তারিষৎ স্বাহা। ৬। ওঁ সোমং রাজানং বরুণমগ্নিমন্বারভামহে। আদিত্যং বিষ্ণুং সূর্য্যং ব্রহ্মাণঞ্চ বৃহস্পতিং স্বাহা। ৭। ওঁ অভি ত্বা শূর নোনুমোঽদুগ্ধা ইব ধেনবঃ। ঈশানমস্য জগতঃ স্বর্দৃশমীশানমিন্দ্র তস্থুষঃ স্বাহা। ৮। ওঁ ব্রহ্ম জজ্ঞানং প্রথমং পুরস্তাদ্বি সীমতঃ সুরুচো বেন আবঃ। স বুধ্ন্যা উপমা অস্য বিষ্ঠাঃ সতশ্চ যোনিমসতশ্চ বিবঃ স্বাহা। ৯। ওঁ চর্ষণীধৃতং মঘবানমুক্‌থ্য-মিন্দ্রং গিরো বৃহতীরভ্যনূষত। বাবৃধানং পুরুহূতং সুবৃক্তিভিরমর্ত্ত্যং জরমাণং দিবে দিবে স্বাহা। ১০।

নবগ্রহ-হোম—ওঁ আ কৃষ্ণেন রজসা বর্ত্তমানো নিবেশয়ন্নমৃতং মর্ত্তঞ্চ। হিরণ্যয়েন সবিতা রথেনা দেবো যাতি ভুবনানি পশ্যন্ স্বাহা। ১। ওঁ আ প্যায়স্ব সমেতু তে বিশ্বতঃ সোমবৃষ্ণ্যং। ভবা বাজস্য সঙ্গথে স্বাহা। ২। ওঁ অগ্নির্ম্মূর্দ্ধা দিবঃ ককুৎপতিঃ পৃথিব্যা অয়ম্। অপাং রেতাংসি জিন্বতি স্বাহা। ৩। ওঁ অগ্নে বিবস্বদুষসশ্চিত্রং রাধো অমর্ত্ত্য। আ দাশুষে জাতবেদো বহা ত্বমদ্যা দেবাঁ উষর্বুধঃ স্বাহা। ৪। ওঁ বৃহস্পতে পরি দীয়া রথেন রক্ষোহামিত্রাঁ অপবাধ-মানঃ। প্রভঞ্জন্‌ৎসেনাঃ প্রমৃণো যুধা জয়ন্নস্মাকমেধ্যবিতা রথানাং স্বাহা। ৫। ওঁ শুক্রং তে অন্যদ্ যজতং তে অন্যদ্ বিষুরূপে অহনী দ্যৌরিবাসি। বিশ্বা হি মায়া অবসি স্বধাবন্ ভদ্রা তে পূষন্নিহ রাতিরস্তু স্বাহা। ৬। ওঁ শং নো দেবীরভিষ্টয়ে শং নো ভবন্তু পীতয়ে। শং যো রভিস্রবন্তু নঃ স্বাহা। ৭। ওঁ কয়া নশ্চিত্র আ ভুবদূতী সদাবৃধঃ সখা। কয়া শচিষ্ঠয়া বৃতা স্বাহা। ৮। ওঁ কেতুং কৃণ্বন্নকেতবে পেশো মর্য্যা অপেশসে। সমুষদ্ভিরজায়থাঃ স্বাহা। ৯।

অনন্তর একখানি কদলীপত্রে দশভাগ চরু প্রদান করতঃ প্রাচ্যাদি দশ দিক্‌কে নিবেদন করিয়া দিবে।

এষ পায়সবলিঃ ওঁ প্রাচ্যৈ দিশে নমঃ। এষ পায়সবলিঃ ওঁ আগ্নেয্যৈ

দিশে নমঃ। এষ পায়সবলিঃ ওঁ অবাচ্যৈ দিশে নমঃ। এষ পায়সবলিঃ ওঁ নৈঋৈত্যৈ দিশে নমঃ। এষ পায়সবলিঃ ওঁ প্রতীচ্যৈ দিশে নমঃ। এষ পায়সবলিঃ ওঁ বায়ব্যৈ দিশে নমঃ। এষ পায়সবলিঃ ওঁ উদীচ্যৈ দিশে নমঃ। এষ পায়সবলিঃ ওঁ ঐশান্যৈ দিশে নমঃ। এষ পায়সবলিঃ ওঁ ঊর্দ্ধদিশে নমঃ। এষ পায়সবলিঃ ওঁ অধোদিশে নমঃ।

অতঃপর নিম্নলিখিত বাক্যে সঙ্কল্প করিয়া অষ্টোত্তরশত বা অষ্টাবিংশতি সংখ্যক পলাশ কিম্বা যজ্ঞডুমুরের ঘৃতাক্ত সমিধ্ দ্বারা এক একটী করিয়া নিম্নলিখিত মন্ত্রে হোম করিবে। সঙ্কল্প যথা—

বিষ্ণুরোম্ তৎসদস্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা * অমুক-গোত্রায়াঃ শ্রীঅমুকীদেব্যাঃ শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ ইয়দ্বর্ষনিষ্পাদিতামুকব্রতপ্রতিষ্ঠাকর্ম্মণি "ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ। দিবীব চক্ষুরাততম্ স্বাহা"—ইতিমন্ত্রকরণকাষ্টোত্তরশতসংখ্যক (অষ্টাবিংশতি বা) সাজ্যোডুম্বরসমিদ্ভির্হোমমহং করিষ্যামি।

সংকল্পান্তে "ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং" ইত্যাদি মন্ত্রে ঘৃতাক্ত সমিধ্ দ্বারা হোম করিয়া চরু হোমোক্ত ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং ইত্যাদি মন্ত্র হইতে নবগ্রহ হোম পর্য্যন্ত যে সমুদয় মন্ত্রে চরুহোম করা হইয়াছে, সেই সমুদয় মন্ত্রে ঘৃত দ্বারা হোম করিবে। তৎপরে নিম্নলিখিত তিনটী মন্ত্রে ঘৃত দ্বারা হোম করিয়া পরে পুরুষসূক্ত মন্ত্রে হোম করিবে।

মন্ত্র যথা,—ওঁ ইদং বিষ্ণুর্বি চক্রমে ত্রেধা নি দধে পদম্। সমূঢ়মস্য পাংসুলে স্বাহা। ১। ওঁ প্রক্ষস্য বৃষ্ণো অরুষস্য নূ মহঃ প্র নোবচো বিদথা জাতবেদসে। বৈশ্বানরায় মতির্ন্নব্যসে শুচিঃ সোম ইব পবতে চারুরগ্নয়ে স্বাহা। ২। ওঁ প্র কাব্যমুশনেব ব্রুবাণো দেবো দেবানাং জনিমা বিবক্তি। মহিব্রতঃ শুচিবন্ধুঃ পাবকঃ পদা বরাহো অভ্যেতি রেভন্ স্বাহা। ৩।

পরে তিলমিশ্রিত ঘৃতের দ্বারা নিম্নলিখিত মন্ত্রে হোম করিবে। যথা—

ওঁ ইরাবতী ধেনুমতী হি ভূতং সূয়বসিনী মনুষে দশস্যা। ব্যস্তভ্না রোদসী বিষ্ণবেতে দাধর্থ পৃথিবীমভিতো ময়ূখৈঃ স্বাহা। ওঁ ব্রহ্মানুযায়িভ্যঃ স্বাহা। ওঁ বিষ্ণ্বনুযায়িভ্যঃ স্বাহা। ওঁ ঈশানানুযায়িভ্যঃ স্বাহা।

অনন্তর নবগ্রহ হোমোক্ত মন্ত্রে তিলমিশ্রিত ঘৃত দ্বারা হোম করিবে এবং তৎপরে—ওঁ পর্ব্বতেভ্যঃ স্বাহা। ওঁ নদীভ্যঃ স্বাহা। ওঁ সমুদ্রেভ্যঃ স্বাহা। এই

* হোতার গোত্র ও নাম উল্লেখ করিবে।

মন্ত্রে তিল মিশ্রিত ঘৃত দ্বারা হোম করিয়া প্রাদেশ প্রমাণ একটী ঘৃতাক্ত সমিধ্ অগ্নিতে আহুতি দিয়া ঘৃত দ্বারা মহাব্যাহৃতি হোম করিবে।

মহাব্যাহৃতি-হোম—প্রজাপতির্ঋষি র্গায়ত্রীছন্দোঽগ্নির্দ্দেবতা মহা-ব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ ভূঃ স্বাহা। প্রজাপতির্ঋষিরুষ্ণিক্‌ছন্দো বায়ু-র্দ্দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ ভুবঃ স্বাহা। প্রজাপতির্ঋষিরনু-ষ্টুপ্‌ছন্দঃ সূর্য্যোদেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ স্বঃ স্বাহা।

অতঃপর সামান্য কুশণ্ডিকার পরে যে উদীচ্য কর্ম্মাদি আছে, তাহা সমাপ্ত করিবে এবং পূর্ণ হোম করিয়া ব্রহ্মদক্ষিণান্ত ও তিলকান্ত কার্য্য সমাপন করিয়া—দ্বাদশদানদ্রব্য উৎসর্গ করিয়া দিবে। আলোক-অমাবস্যা-ব্রতোক্ত নিয়মে লৌহযষ্টি, তাম্রাধার, রজতবর্ত্তী দ্বাদশ দীপ উৎসর্গ করিয়া দিবে।

পরে বিষ্ণু, লক্ষ্মী এবং গুরু ও স্বামীর উদ্দেশে ডালা উৎসর্গ করিয়া দিবে।

যথা,—অদ্যেত্যাদি অমুকগোত্রা শ্রীঅমুকীদেবী মৎসঙ্কল্পিত ইয়দ্বর্ষনিষ্পাদিত-অমুকপুরাণোক্ত-অমুকব্রত-প্রতিষ্ঠাকর্ম্মণি শ্রীবিষ্ণুপ্রীতিকামা ইদং সোপকরণ-ডল্লকমর্চ্চিতং বিষ্ণবে তুভ্যমহং সম্প্রদদে॥

এইরূপে লক্ষ্মীসম্প্রদানক বাক্যে ডালা উৎসর্গ করিবে। সধবা স্ত্রী স্বামীর হস্তে ডালা প্রদান করিয়া প্রণাম করিবে।

মন্ত্র যথা—নমো নাধিকারোঽস্তি মে নাথ উপবাসব্রতাদিষু। ভবদাজ্ঞা-বিহীনায়াস্তস্মাদাজ্ঞাপয় প্রভো॥ অকালে যদ্‌ব্রতং চীর্ণং যত্তু মন্ত্রবিবর্জ্জিতম্। ধূপগন্ধাদিভির্হীনং তৎসর্ব্বং পূর্ণতাং নয়॥

বিধবা স্ত্রী স্বর্গস্থ পতির তেজঃপূর্ণ প্রেমময় দিব্যদেহ চিন্তা করতঃ তাঁহার স্বর্গার্থ ব্রাহ্মণসম্প্রদানক বাক্যে ডালা উৎসর্গ করিয়া দিবে।

অঞ্জনাধার ও সিন্দুরাদিসংযুক্ত পেটী (পেতে) লক্ষ্মীকে দান করিয়া বিষ্ণু ও লক্ষ্মীর প্রণাম করিবে।

বিষ্ণুর প্রণাম যথা—নমস্তে জলদাভায় নমস্তে জলশায়িনে। নমস্তে কেশবানন্ত বাসুদেব নমোঽস্তু তে॥ নমো নমস্তে সুররাজরাজ নমোঽস্তু তে দেব জগন্নিবাস। কুরুষ্ব সম্পূর্ণফলং মমাদ্য নমোঽস্তু তুভ্যং পুরুষোত্তমায়॥ নমো ব্রহ্মণ্যদেবায়—ইত্যাদি।

লক্ষ্মীর প্রণাম—ওঁ লক্ষ্মীস্ত্বং সর্ব্বভূতানাং যথা বসসি নিত্যশঃ। স্থিরা ভব মহাদেবি মম জন্মনি জন্মনি॥

অনন্তর দেবডালার উপরি প্রতিমাদ্বয় সংস্থাপনপূর্ব্বক মস্তকে করিয়া

প্রদক্ষিণ করতঃ পাঠ করিবে, ওঁ নারায়ণং চতুর্ব্বাহুং শঙ্খচক্রগদাধরম্। পীতাম্বরধরং নিত্যং বনমালাবিভূষিতম্। শ্রীবৎসাঙ্কং জগন্নাথং শ্রীপতিং শ্রীধরং হরিম্। নামান্যেতানি সংকীর্ত্ত্য গত্যর্থং প্রার্থয়েদ্ধরেঃ॥ ত্রাহি মাং সর্ব্বলোকেশ হরে সংসারবন্ধনাৎ। ত্রাহি মাং সর্ব্বদুঃখঘ্ন দুঃখশোকার্ণবাৎ প্রভো॥ সর্ব্বযজ্ঞেশ্বর ত্রাহি পতিতং মাং ভবার্ণবে। দুর্গতেস্ত্রাহি মাং বিষ্ণো ত্বাং স্মরামি পুনঃ পুনঃ। সোঽহং দেবাতি-দুর্ব্বৃত্তস্ত্রাহি মাং পুরুষোত্তম॥

এই মন্ত্রে প্রদক্ষিণ করিয়া গরুড়পুরাণীয় নিম্নোক্ত মন্ত্রদ্বারা পুনরায় প্রণাম করিবে, যথা—ওঁ যস্য স্মৃত্যা চ নামোক্ত্যা তপোযজ্ঞক্রিয়াদিষু। ন্যূনং সম্পূর্ণতাং যাতি সদ্যো বন্দে তমচ্যুতম্॥

অতঃপর দক্ষিণান্ত করিবে,—যথা অদ্যেত্যাদি—কৃতৈতৎ ইয়দ্বর্ষনিষ্পাদিত-অমুকপুরাণোক্ত-অমুকব্রতপ্রতিষ্ঠাকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং যৎকিঞ্চিৎ কাঞ্চনমূল্যং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং দদে।

অনন্তর অচ্ছিদ্রাবধারণ করিয়া বিষ্ণুস্মরণ করিবে। "ক্ষমস্ব" মন্ত্রে প্রতিমা বিসর্জ্জন করিয়া আচার্য্যকে প্রদান করিবে। তৎপরে ভগবান শ্রীকৃষ্ণকে কর্ম্ম সমর্পণ করিয়া পাঠ করিবে,—ওঁ প্রীয়তাং পুণ্ডরীকাক্ষঃ সর্ব্বযজ্ঞেশ্বরো হরিঃ। তস্মিংস্তুষ্টে জগত্তুষ্টং প্রীণিতে প্রীণিতং জগৎ॥

পরে ব্রাহ্মণাদি ভোজন করাইয়া ব্রতাঙ্গ উপবাস, হবিষ্য বা যথাসম্ভব ভোজনাদি করিবে।

সামবেদীয়-ব্রতপ্রতিষ্ঠা-বিধি।

স্বর্ণনির্ম্মিত লক্ষ্মীপ্রতিমা ও রৌপ্যনির্ম্মিত বিষ্ণুপ্রতিমা নির্ম্মাণ করাইয়া পূর্ব্বদিন যথাবিধি উক্ত প্রতিমাকে অধিবাস করিবে। পরদিন নিত্যক্রিয়া সমাধা করিয়া আচমনপূর্ব্বক যথাবিধি ব্রত সমাপন করিয়া ব্রাহ্মণগণকে ভোজ্য দিবে। পরে আচমন করিয়া তিনটী ব্রাহ্মণকে গন্ধাদিদ্বারা অর্চ্চনা করতঃ "সূর্য্যঃ সোমঃ" ইত্যাদি মন্ত্র পাঠ করিবে। পরে বিষ্ণুস্মরণ করিয়া সঙ্কল্প করিবে। যথা—

অদ্যেত্যাদি—অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা (স্ত্রীলোক হইলে, অমুকগোত্রা শ্রীঅমুকীদেবী, শূদ্র হইলে অমুকগোত্রঃ শ্রীঅমুকদাসঃ, শূদ্র স্ত্রীলোক হইলে অমুকীদাসী) ইয়দ্বর্ষনিষ্পাদিত-অমুকব্রতসাফল্যকামঃ (স্ত্রীলোক হইলে কামা) অমুকব্রত-প্রতিষ্ঠামহং করিষ্যে।

এইরূপ সংকল্প করিয়া সংকল্পের জলটুকু ঈশানকোণে ফেলিয়া দিবে। পরে সংকল্পসূক্ত পাঠ করিবে। তৎপরে ব্রতাঙ্গ দান (ষোড়শদান, অসমর্থ পক্ষে দ্বাদশটী ভোজ্য ও জলপূর্ণ ঘট) করা কর্ত্তব্য। পুরুষের ব্রতপ্রতিষ্ঠা হইলে মাতৃকাপূজা ও বৃদ্ধিশ্রাদ্ধ করিবে।

পরে বেদীতে সর্ব্বতোভদ্রমণ্ডল অঙ্কিত করিয়া তাহাতে পাঁচটী ঘট সাজাইয়া বস্ত্রদ্বারা আচ্ছাদন করিয়া, তদুপরি তাম্রপাত্রে পূর্ব্বোক্ত বিষ্ণু ও লক্ষ্মী প্রতিমা স্থাপন করিবে। যজমান ব্রহ্মবরণাদি করিয়া গুরুকে (আচার্য্যকে) নমস্কার করিবে। যথা—

ওঁ বাসুদেবস্বরূপস্ত্বং সংসারাৎ ত্রাহি মাং প্রভো। ত্বৎপ্রসাদাদ্ গুরো যজ্ঞং প্রাপ্নোমি যন্ময়োদ্যতম্॥ ত্রাহি নাথ প্রপন্নং মাং ভীতং সংসারসাগরাৎ। দেবতাস্থাপনেনাদ্য মম শান্তিং কুরু প্রভো॥ ত্বৎপ্রসাদাদ্ দ্বিজশ্রেষ্ঠ লোকানুগ্রহকারক। চিরং মে শাশ্বতী কীর্ত্তিস্ত্রৈলোক্যেঽপি ভবিষ্যতি॥ তস্মাৎ কুরু প্রতিষ্ঠাং মে গুরো শাস্ত্রপ্রচোদিতাম্। যথাহং মুক্তিমাপদ্যে ত্বৎপ্রসাদাৎ সুপুষ্কলাং।

তারপর গুরু (আচার্য্য) বলিবেন—

ওঁ উত্তিষ্ঠ বৎস ভদ্রং তে মৎপ্রসাদাৎ ত্বয়ানঘ।
প্রাপ্তব্যং ধর্ম্মসর্ব্বস্বং দুষ্প্রাপং যৎ সুরাসুরৈঃ॥

অনন্তর আচার্য্য পঞ্চগব্য শোধন করিয়া তদ্দ্বারা গায়ত্রী পাঠপূর্ব্বক মণ্ডপ ও যজ্ঞভূমি প্রোক্ষণ করিয়া, মণ্ডলে পূর্ব্বোক্ত পাঁচটী ঘট স্থাপন করিবে। পরে ভূতশুদ্ধি, মাতৃকান্যাস, প্রাণায়াম ও অঙ্গন্যাসাদি করিয়া ঘটে বা শালগ্রামশিলায় গণেশাদি পঞ্চদেবতা, আদিত্যাদি নবগ্রহ, ইন্দ্রাদি দশদিক্‌পালগণের পূজা করিয়া বিষ্ণু, রুদ্র ও দুর্গার পূজা করিবে।

পরে পূর্ব্বোক্ত প্রতিমা দুইখানি শিল্পিদোষ-নিবারণ-জন্য গোময়-ভস্ম দ্বারা ঘর্ষণ করিয়া "ওঁ তেজোঽসি" ইত্যাদি মন্ত্রে ঘৃত ম্রক্ষণ করিয়া চন্দনাদি দ্বারা "ওঁ উদ্বর্ত্তয়ামি দেব ত্বাং যথেষ্টং চন্দনাদিভিঃ। উদ্বর্ত্তনপ্রসাদেন প্রাপ্নুয়ামৃদ্ধিমুত্তমাম্॥" এই মন্ত্র পাঠ করিয়া উদ্বর্ত্তন করিবে।

তৎপরে স্নান করাইবে। যথা—বল্মীক মৃত্তিকা দ্বারা—"ওঁ ভূর্ভুবঃ স্বঃ" বলিয়া স্নান করাইবে। এইরূপ,—গোমূত্র দ্বারা—গায়ত্রী পাঠ করিয়া, গোময়দ্বারা—"ওঁ গন্ধদ্বারাং" ইত্যাদি মন্ত্রে, দধিদ্বারা—"ওঁ দধিক্রাব্ণো" ইত্যাদি মন্ত্রে, ঘৃতদ্বারা—"ওঁ ঘৃতবতী ভুবনানা" ইত্যাদি মন্ত্রে, দুগ্ধদ্বারা—

"ওঁ আ প্যায়স্ব" ইত্যাদি মন্ত্রে, কুশোদক দ্বারা—"ওঁ দেবস্য ত্বা" ইত্যাদি মন্ত্রে, গঙ্গাজল দ্বারা—"ওঁ ইদং বিষ্ণুর্ব্বি চক্রমে" ইত্যাদি মন্ত্রে, ফলোদক দ্বারা—"ওঁ যাঃ ফলিনীর্য্যা" ইত্যাদি মন্ত্রে, পঞ্চামৃত ও সর্ব্বৌষধিজল দ্বারা—"ওঁ মধু বাতা" ইত্যাদি মন্ত্রে স্নান করাইয়া, জলদ্বারা—"ওঁ সহস্রশীর্ষা" মন্ত্রে স্নান করাইবে। পরে বস্ত্রদ্বারা প্রতিমার জল মুছাইয়া আধারে স্থাপন পূর্ব্বক বাসুদেব ও লক্ষ্মীর প্রাণপ্রতিষ্ঠা (৪০ পৃঃ দেখ) করিবে। অনন্তর ঘটস্থাপন করিয়া বিষ্ণুর ধ্যান করিবে। যথা—

ওঁ বিশুদ্ধস্ফটিকাভাসং হিমকুন্দেন্দুসন্নিভম্। কিরণৈঃ শীতলৈঃ সৌম্যৈঃ প্রীণয়ন্তং চরাচরম্॥ লাবণ্যামৃততোয়েন সিঞ্চন্তমিব সর্ব্বতঃ। সুনাভং বারিজং পদ্মং ধারয়ন্তং গদাং শুভাম্॥ ভূষিতং মালয়া তদ্বদ্ দীপিতং মণিলাঞ্ছনৈঃ। শ্রীপুষ্টিগরুড়াদ্যৈশ্চ সমন্তাত্তু পরিপ্লুতম্॥

এইরূপ ধ্যান করিয়া ষোড়শোপচারে পূজা করিবে এবং পাঁচবার পুষ্পাঞ্জলি দিবে। পরে বাসুদেবাদির পূজা করিবে।

লক্ষ্মীর ধ্যান—ওঁ তপ্তকাঞ্চন-বর্ণাভাং পদ্মবীণাধরাং শুভাম্।
পদ্মস্থিতাং স্মেরমুখীং সর্ব্বাভরণ-ভূষিতাম্॥

এইরূপ ধ্যান করিয়া ষোড়শ উপচারে লক্ষ্মীর পূজা করিয়া সরস্বতীর পূজা করিবে।

শিবের ধ্যান—ওঁ ঈশং সুধাকরনিভং বৃষভাসনস্থং সৌম্যং ত্রিনেত্র-যুতমিন্দুকলার্দ্ধমৌলিম্। ব্যাঘ্রাজিনাম্বরকটিং দ্বিভুজং যুবানং স্মেরাননাভয়করং বরদং ভজামঃ॥

দুর্গার ধ্যান—ওঁ উদ্যদ্দিনকরদ্যুতিমিন্দুকিরীটাং তুঙ্গকুচাং নয়নত্রয়যুক্তাম্।
স্মেরমুখীং বরদাঙ্কুশপাশাভীতিকরাং প্রভজে ভুবনেশীম্॥

এইরূপ ধ্যানে শিব ও দুর্গার পূজা করিয়া মণ্ডলমধ্যে অগ্নি-আদি কোণে ষড়ঙ্গ পূজা করিবে। পরে তদ্বহির্ভাগে "ওঁ বাসুদেবায় নমঃ।" এই ক্রমে "শান্ত্যৈ, পুষ্ট্যৈ, সঙ্কর্ষণায়, প্রদ্যুম্নায়, বসুমত্যৈ, অনিরুদ্ধায়, রত্যৈ," ইহাদিগের আদিতে প্রণব (ওঁ) ও অন্তে নমঃ যোগ করিয়া পূজা করিবে।

অনন্তর দ্বাদশ কেশবের পূজা করিবে। যথা—

সোদক দ্বারা "ওঁ কেশবায় নমঃ।" এইরূপে আমলকীফল দ্বারা "ওঁ নারায়ণায় নমঃ।" ঘৃত দ্বারা "ওঁ মাধবায় নমঃ।" দধি ও শর্করা দ্বারা "ওঁ গোবিন্দায় নমঃ।" তাম্বুল দ্বারা "ওঁ বিষ্ণবে নমঃ।" মধু দ্বারা "ওঁ মধুসূদনায়

নমঃ।” চম্পকপুষ্পদ্বারা “ওঁ ত্রিবিক্রমায় নমঃ।” বিল্বফলদ্বারা “ওঁ বামনায় নমঃ।” পীতবর্ণবস্ত্রদ্বারা “ওঁ শ্রীধরায় নমঃ।” গন্ধপুষ্পদ্বারা “ওঁ হৃষীকেশায় নমঃ।” নবনীতদ্বারা “ওঁ পদ্মনাভায় নমঃ।” রজ্জুদ্বারা “ওঁ দামোদরায় নমঃ।” এই মন্ত্রে পূজা করিবে।

তৎপরে “ওঁ চক্রায় নমঃ” এই ক্রমে—শঙ্খায়, গদায়ৈ, পদ্মায়, কৌস্তুভায়, বনমালায়ৈ, কুণ্ডলায়, কিরীটায়, গরুড়ায়, বলিয়া পূজা করিবে।

পরে ব্রহ্মস্থাপনান্ত কুশণ্ডিকা সমাপন করিয়া “অগ্নে ত্বং সাহসনামাসি” বলিয়া অগ্নির নামকরণ করিয়া, প্রাদেশ-প্রমাণ একটী ঘৃতাক্ত সমিধ্ আহুতি দিয়া, মেক্ষণ দ্বারা চরু গ্রহণপূর্ব্বক “ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ। দিবীব চক্ষুরাততম্ স্বাহা” এই মন্ত্রে আহুতি দিয়া মহাব্যাহৃতি হোম করিবে। পরে “ওঁ তদ্বিপ্রাসো” ইত্যাদি মন্ত্রে হোম করিয়া, দিক্‌পাল হোম, নবগ্রহ হোম ও পায়স বলি দিবে। (১৫৯ পৃঃ ব্রতপ্রতিষ্ঠা দেখ)।

পরে অদ্যেত্যাদি অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা (হোতার নাম গোত্র) অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ (স্ত্রীলোক হইলে গোত্রায়াঃ শ্রীঅমুকীদেব্যাঃ, শূদ্র হইলে শ্রীঅমুকদাসস্য, শূদ্রস্ত্রীলোক হইলে শ্রীঅমুকীদাস্যাঃ বলিবে) শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ ইয়দ্বর্ষনিষ্পাদিত অমুকব্রতপ্রতিষ্ঠাকর্ম্মণি “ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ। দিবীব চক্ষুরাততম্ স্বাহা” ইতি মন্ত্রেণ ইয়ৎসংখ্যকসাজ্যোড়ুম্বরসমিদ্ভির্হোমমহং করিষ্যামি”। এইরূপ সঙ্কল্প করিয়া অষ্টোত্তর শত বা অষ্টাবিংশতি সংখ্যক যজ্ঞডুমুর বা পলাশ সমিধ্ দ্বারা হোম করিবে।

অতঃপর “ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং” ইত্যাদি মন্ত্রে ঘৃতাক্ত সমিধ্ দ্বারা হোম করিয়া চরুহোমোক্ত মন্ত্রে হোম ও নবগ্রহ হোম (১৬১ পৃঃ ১৬ পঃ দেখ) করিবে। পরে নিম্নলিখিত মন্ত্রে হোম করিবে। মন্ত্র যথা,—

ওঁ ইদং বিষ্ণুর্ব্বি চক্রমে ত্রেধা নি দধে পদম্। সমূঢ়মস্য পাংসুলে স্বাহা। ওঁ প্রক্ষস্য বৃষ্ণো অরুষস্য নূ মহঃ প্র নো বচো বিদথা জাতবেদসে। বৈশ্বানরায় মতির্ন্নব্যসে শুচিঃ সোম ইব পবতে চারুরগ্নয়ে স্বাহা। ওঁ প্র কাব্যমুশনেব ব্রুবাণো দেবো দেবানাং জনিমা বিবক্তি। মহিব্রতঃ শুচিবন্ধুঃ পাবকঃ পদা বরাহো অভ্যেতি রেভন্ স্বাহা॥

তার পরে তিলমিশ্রিত ঘৃতদ্বারা নিম্নোক্ত মন্ত্রে হোম করিবে। মন্ত্র যথা,—

"ওঁ ইরাবতী ধেনুমতী হি ভূতং সূয়বসিনী মনুষে দশস্যা। ব্যস্তভ্না রোদসী বিষ্ণবেতে দাধর্থ পৃথিবীমভিতো ময়ূখৈঃ স্বাহা। ওঁ ব্রহ্মানুযায়িভ্যঃ স্বাহা। ওঁ বিষ্ণ্বনুযায়িভ্যঃ স্বাহা। ওঁ ঈশানানুযায়িভ্যঃ স্বাহা।"

পুনরায় তিলমিশ্রিত ঘৃতদ্বারা নবগ্রহ ও দিক্‌পাল হোম করিবে।

তৎপরে "ওঁ পর্ব্বতেভ্যঃ স্বাহা। ওঁ নদীভ্যঃ স্বাহা। ওঁ সমুদ্রেভ্যঃ স্বাহা।" এই মন্ত্রে তিলমিশ্রিত ঘৃতদ্বারা হোম করিয়া উদীচ্য কর্ম্ম সমাপ্ত করিবে এবং "ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং" ইত্যাদি মন্ত্রে পূর্ণহোম করিয়া ব্রহ্মদক্ষিণা ও তিলকান্ত কর্ম্ম করিবে।

তারপর বিষ্ণু ও লক্ষ্মীর পূজা করিয়া "অদ্যেত্যাদি অমুকগোত্রঃ শ্রীঅমুক-দেবশর্ম্মা মৎসঙ্কল্পিত-ইয়দ্বর্ষনিষ্পাদিত-অমুকপুরাণোক্ত-অমুকব্রতপ্রতিষ্ঠাকর্ম্মণি শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ ইদং সোপকরণডল্লকমর্চ্চিতং শ্রীবিষ্ণবে তুভ্যমহং সম্প্রদদে" এই বাক্যে ডালা উৎসর্গ করিয়া পুনরায় এইরূপ বাক্যে লক্ষ্মীকেও উৎসর্গ করিয়া দিবে। সধবা স্ত্রীর ব্রত হইলে উক্ত প্রকারে ডালা উৎসর্গ করিয়া, পরে স্বামীর হস্তে ডালা প্রদানপূর্ব্বক প্রার্থনা করিবে। যথা—

নমঃ নাধিকারোঽস্তি মে দেব উপবাসব্রতাদিষু। ভবদাজ্ঞাবিহীনায়াস্তস্মা-দাজ্ঞাপয় প্রভো॥ অকালে যদ্‌ব্রতং চীর্ণং যত্তু মন্ত্রবিবর্জ্জিতম্। ধূপগন্ধা-দিভির্হীনং তৎসর্ব্বং পূর্ণতাং নয় ॥"

পরে কজ্জলাধার ও সিন্দূরাদিযুক্ত পেটিকা লক্ষ্মীকে প্রদান করিয়া বিষ্ণুকে প্রণাম করিবে। মন্ত্র যথা,—

"ওঁ নমস্তে জলদাভায় নমস্তে জলশায়িনে। নমস্তে কেশবানন্ত বাসুদেব নমোঽস্তু তে॥ নমো নমস্তে সুররাজরাজ নমোঽস্তু তে দেব জগন্নিবাস। কুরুষ্ব সম্পূর্ণফলং মমাদ্য নমোঽস্তু তুভ্যং পুরুষোত্তমায়॥ নমো ব্রহ্মণ্যদেবায় গোব্রাহ্মণহিতায় চ। জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ॥"

এইরূপে লক্ষ্মীকেও প্রণাম করিবে। যথা—

"ওঁ বিশ্বরূপস্য ভার্য্যাসি পদ্মে পদ্মালয়ে শুভে। সর্ব্বতঃ পাহি মাং দেবি মহালক্ষ্মি নমোঽস্তু তে॥ লক্ষ্মীস্ত্বং সর্ব্বভূতানাং যথা বসসি নিত্যশঃ। স্থিরা ভব সদা দেবি মম জন্মনি জন্মনি॥ যথা ন দেবো ভগবান্ ব্রহ্মা লোকপিতামহঃ। ত্বাং পরিত্যজ্য সন্তিষ্ঠেৎ তথা ভব বরপ্রদা॥"

তারপর দেবডালার উপর প্রতিমা দুইখানি স্থাপন করিয়া মস্তকে ধারণ ———৹ "ওঁ নারায়ণং চতুর্ব্বাহুং শঙ্খচক্রগদাধরম্। পীতাম্বরপরীধানং

বনমালাবিভূষিতম্। শ্রীবৎসাঙ্কং জগন্নাথং শ্রীপতিং শ্রীধরং হরিম্॥ নামান্তে-তানি সঙ্কীর্ত্ত্য গত্যর্থং প্রার্থয়েদ্ধরেঃ। ত্রাহি মাং সর্ব্বলোকেশ হরে সংসার-বন্ধনাৎ॥ ত্রাহি মাং সর্ব্বদুঃখঘ্ন দুঃখশোকার্ণবাৎ প্রভো। সর্ব্বযজ্ঞেশ্বর ত্রাহি পতিতং মাং ভবার্ণবে॥ দুর্গতেস্ত্রাহি মাং বিষ্ণো ত্বাং স্মরামি পুনঃ পুনঃ। সোঽহং দেবাতিদুর্বৃত্তস্ত্রাহি মাং পুরুষোত্তম॥" এই মন্ত্রগুলি পাঠ করিতে করিতে প্রদক্ষিণ করিয়া "ওঁ যস্য স্মৃত্যা চ নামোক্ত্যা তপোযজ্ঞক্রিয়াদিষু। ন্যূনং সম্পূর্ণতাং যাতি সদ্যো বন্দে তমচ্যুতম্॥" এই মন্ত্র পাঠ পূর্ব্বক প্রণাম করিবে।

অনন্তর দক্ষিণা করিবে। যথা—অদ্যেত্যাদি কৃতৈতৎ ইয়দ্বর্ষনিষ্পাদিত-অমুকপুরাণোক্ত-অমুকব্রতপ্রতিষ্ঠাকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং দদে। এই বলিয়া দক্ষিণা করিয়া অচ্ছিদ্রাবধারণ ও বিষ্ণুস্মরণপূর্ব্বক "ক্ষমস্ব" মন্ত্রে প্রতিমা বিসর্জ্জন করতঃ আচার্য্যকে দিবে।

পরে শ্রীকৃষ্ণে কর্ম্মফল সমর্পণপূর্ব্বক পাঠ করিবে—"ওঁ প্রীয়তাং পুণ্ডরীকাক্ষঃ সর্ব্বযজ্ঞেশ্বরো হরিঃ। তস্মিংস্তুষ্টে জগৎ তুষ্টং প্রীণিতে প্রীণিতং জগৎ॥" পরে ব্রাহ্মণভোজন করাইয়া ব্রতাঙ্গ উপবাস বা যথাসম্ভব ভোজনাদি করিবে।

যজুর্ব্বেদীয় ব্রত-প্রতিষ্ঠা।

ব্রতকারিণী পূর্ব্বদিবস উপবাস করিবে। কর্ম্মের দিন প্রথমে নিত্যক্রিয়া ও প্রতিবর্ষীয় করণীয় ব্রতানুষ্ঠান করিয়া ব্রাহ্মণকে ভোজ্যাদি যথাশক্তি দান করিবে। পরে ব্রাহ্মণকে পুণ্যাহাদি বাচন করাইয়া স্বস্তিবাচনপূর্ব্বক "ওঁ সূর্য্যঃ সোমো" ইত্যাদি পাঠ করাইয়া বিষ্ণুস্মরণ করতঃ সংকল্প করিবে। (সামবেদীয় ব্রতপ্রতিষ্ঠা ১ম খণ্ড ১৬৪ পৃঃ দেখ) এইরূপ সংকল্প করিয়া সূক্ত পাঠ করতঃ ব্রাহ্মণদিগকে বরণ করিবে।

অতঃপর হোতা পঞ্চগব্য শোধন করতঃ গায়ত্রী পাঠপূর্ব্বক সমস্ত একত্রিত করিয়া "ওঁ বেদ্যা বেদিঃ সমাপ্যতে বর্হিষা বর্হিরিন্দ্রিয়ং। যূপেন যূপ আপ্যতে প্রণীতো অগ্নিরগ্নিনা॥" এই মন্ত্র পড়িয়া অথবা গায়ত্রী পাঠ করিয়া বেদী

অভ্যুক্ষণ করতঃ তদুপরি সর্ব্বতোভদ্রমণ্ডল অঙ্কিত করিয়া, তাহার পূর্ব্বদিকে পঞ্চঘট ও শান্তিকুম্ভ স্থাপন করিবে। পরে "ওঁ বিমান এষ দিবো মধ্য আস্ত আপপ্রিবান্ রোদসী অন্তরিক্ষং। স বিশ্বাচীরভি চষ্টে ঘৃতাচীরন্তরা পূর্ব্বমপরঞ্চ কেতুম্। এই মন্ত্রে বেদীর উপরে বিতান বন্ধন করিবে।

অতঃপর ঘটস্থাপন করিয়া সামান্যার্ঘ্যাদি স্থাপনপূর্ব্বক ভূতশুদ্ধ্যাদি করিয়া প্রথম ঘটে—গণেশ ও সূর্য্য, দ্বিতীয় ঘটে—শিব ও দুর্গা, তৃতীয় ঘটে—বিষ্ণু ও লক্ষ্মী, চতুর্থ ঘটে—অগ্নি, বাস্তুপুরুষ, ক্ষেত্রপালগণ, কার্ত্তিকেয় ও অশ্বিনী-কুমারদ্বয়, পঞ্চম ঘটে—নবগ্রহ ও দিক্‌পালগণের পূজা করিবে।

অনন্তর প্রতিমাদ্বয় আনয়ন করতঃ—পঞ্চগব্যদ্বারা সেই সেই মন্ত্রে স্নান করাইবে। পরে গঙ্গাজল দ্বারা "ওঁ এতোন্বিন্দ্রং স্তবাম শুদ্ধং" ইত্যাদি শুদ্ধবতী-সূক্ত দ্বারা স্নান করাইয়া "ওঁ সহস্রশীর্ষা" ইত্যাদি "ওঁ আপো হি ষ্ঠা" ইত্যাদি "ওঁ যো বঃ শিবতমো" ইত্যাদি "ওঁ তস্মা অরঙ্গমাম বো" ইত্যাদি, "ওঁ সমুদ্রো-ঽসি নভস্বানার্দ্রদানুঃ শম্ভুর্ময়োভূরভিমাবাহি স্বাহা" মন্ত্রে স্নান করাইবে। পরে গন্ধোদক দ্বারা—"ওঁ গন্ধদ্বারাং" ইত্যাদি, পুষ্পোদকদ্বারা—ওঁ শ্রীশ্চ তে" ইত্যাদি, ফলোদক দ্বারা—"ওঁ যাঃ ফলিনীর্য্যা" ইত্যাদি, "ওঁ অগ্নিমীলে পুরোহিতং" ইত্যাদি বৈদিক মন্ত্রচতুষ্টয় দ্বারা স্নান করাইয়া, শ্রীসূক্ত, পুরুষসূক্ত এবং পাবমানী সূক্তদ্বারা স্নান করাইবে।

অতঃপর "ওঁ ভদ্রং কর্ণেভিঃ শৃণুয়াম দেবা ভদ্রং পশ্যেমাক্ষভির্যজত্রাঃ। স্থিরৈরঙ্গৈস্তুষ্টুবাংসস্তনূভির্ব্যশেম হি দেবহিতং যদায়ুঃ॥" এই মন্ত্র পাঠ করিয়া ভদ্রাসনে প্রতিমাদ্বয় স্থাপন করিবে। পরে প্রাণপ্রতিষ্ঠা করিয়া (১ম খণ্ড ৪০ পৃঃ দেখ) "ওঁ নমস্তেঽত্র সুরেশানি প্রণীতে বিশ্বকর্ম্মণা। প্রভাবিতাশেষ-জগদ্ভুভ্যং নিত্যং নমো নমঃ॥ ত্বয়ি সম্পূজয়ামীশং নারায়ণমনাময়ম্। রহিতা শিল্পদোষৈস্ত্বমৃদ্ধিযুক্তা সদা ভব॥" ইহা পাঠ করিবে। লক্ষ্মী প্রতিমায় "নারায়ণ-মনাময়ং" স্থলে "শ্রিয়ং দেবীমনাময়ীং" এইরূপ পাঠ করিবে।

তদনন্তর বিষ্ণুর ধ্যান করতঃ বিশেষার্ঘ্য স্থাপন করিয়া মণ্ডলমধ্যে পীঠন্যাস ক্রমে পীঠশক্তির পূজা করিবে। পরে পুনরায় ধ্যান করতঃ আবাহন পূর্ব্বক ষোড়শোপচারে বিষ্ণুর পূজা করিবে। অতঃপর লক্ষ্মীর ধ্যান করতঃ যথাশক্তি উপচারে পূজা করিবে।

তদনন্তর স্বগৃহ্যোক্ত বিধানে ব্রহ্মস্থাপনান্ত কুশণ্ডিকা করিয়া চরু পাক করিবে। অনন্তর আজ্যভাগান্ত হোম শেষ করিয়া অগ্নির ধ্যান করতঃ

সাহস নামক অগ্নির আবাহন করিয়া, প্রাদেশ প্রমাণ ঘৃতাক্ত সমিধ্ তূষ্ণীং অগ্নিতে নিক্ষেপ করিয়া, মেক্ষণ দ্বারা চরু গ্রহণ করতঃ "ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং" ইত্যাদি স্বাহান্ত মন্ত্রে আহুতি দিয়া "ইদং বিষ্ণবে"—বলিয়া প্রত্যাহুতি দিবে। এবং "ওঁ ভূঃ স্বাহা ইদং অগ্নয়ে॥ ওঁ ভুবঃ স্বাহা ইদং বায়বে। ওঁ স্বঃ স্বাহা ইদং সূর্য্যায়।" বলিয়া প্রত্যাহুতি দিবে। অনন্তর ওঁ তদ্বিপ্রাসো বিপন্যবো জাগৃবাংসঃ সমিন্ধতে। বিষ্ণোর্যৎ পরমং পদং স্বাহা ইদং বিষ্ণবে। ওঁ বিশ্বতশ্চক্ষুরুত বিশ্বতো মুখো বিশ্বতো বাহুরুত বিশ্বতস্পাৎ। সং বাহুভ্যাং ধমতি সং পত্রত্রৈ র্দ্যাবাভূমী জনয়ন্ দেব একঃ স্বাহা ইদং বিষ্ণবে। ওঁ অগ্নিমীলে ইত্যাদি স্বাহা ইদং অগ্নয়ে। ওঁ ইষে ত্বোর্জ্জে ত্বা ইত্যাদি স্বাহা ইদং বায়বে। ওঁ অগ্ন আ য়াহি ইত্যাদি স্বাহা ইদমগ্নয়ে। ওঁ শন্নো দেবী ইত্যাদি স্বাহা ইদং বরুণায়। ওঁ ভূরগ্নয়ে স্বাহা। ওঁ সূর্য্যায় স্বাহা। ওঁ অন্তরীক্ষায় স্বাহা। ওঁ দ্যৌঃ স্বাহা। ওঁ ব্রহ্মণে স্বাহা। ওঁ পৃথিব্যৈ স্বাহা। ওঁ মহারাজায় স্বাহা। ইহাদের প্রত্যেকের চতুর্থ্যন্ত নাম উল্লেখ করিয়া প্রত্যাহুতি দিবে।

অতঃপর দিক্পাল-হোম ও নবগ্রহ হোম করিবে।

দিক্পাল-হোম।—ওঁ ত্রাতারমিন্দ্রমবিতারমিন্দ্রং হবে হবে সুহবং শূরমিন্দ্রম্। হ্বয়ামি শক্রং পুরুহূতমিন্দ্রং স্বস্তি নো মঘবা ধাত্বিন্দ্রঃ স্বাহা। ইদমিন্দ্রায়।১। ওঁ বৈশ্বানরো ন উতয় আ প্রয়াতু পরাবতঃ। অগ্নিরুক্থেন বাহসা। উপয়াম গৃহীতোহসি বৈশ্বানরায় ত্বৈষতে যোনির্বৈশ্বানরায় ত্বা স্বাহা। ইদমগ্নয়ে।২। ওঁ অসি যমো অস্যাদিত্যো অর্ব্বন্নসি ত্রিতো গুহ্যেন ব্রতেন। অসি সোমেন সময়াবিপৃক্ত আহুস্তে ত্রীণি দিবি বন্ধনানি স্বাহা। ইদং যমায়।৩। ওঁ যস্তে দেবী নির্ঋতিরাববন্ধ পাশং গ্রীবাস্ববিচৃত্যম্। তন্তে বিষ্যামায়ুষো ন মধ্যাদথৈতং পিতুমদ্ধি প্রসূতঃ। নমো ভূত্যৈ য়েদঞ্চকার স্বাহা। ইদং নির্ঋতয়ে।৪। ওঁ বরুণস্যোত্তম্ভনমসি ইত্যাদি স্বাহা। ইদং বরুণায়।৫। ওঁ বাতো বা মনো বা গন্ধর্ব্বাঃ সপ্তবিংশতিঃ। তে অগ্রেশ্বমযুঞ্জংস্তে অস্মিন্ জবমাদধুঃ স্বাহা। ইদং বায়বে।৬। ওঁ কুবিদঙ্গ যবমন্তো যবং চিদ্যথাদান্ত্যনুপূর্ব্বং বিয়ূয়। ইহেহৈষাং কৃণুহি ভোজনানি যে বর্হিষো নম-উক্তিং ন জগ্মুঃ স্বাহা। ইদং কুবেরায়।৭। ওঁ তমীশানং জগতস্তস্থুষস্পতিং ধিয়ঞ্জিন্বমবসে হূমহে বয়ং। পূষা নো যথা বেদ সাম সদ্বৃধে রক্ষিতা পায়ুরদব্ধঃ স্বস্তয়ে স্বাহা। ইদমীশানায়।৮। ওঁ আব্রহ্মন্ ব্রাহ্মণো ব্রহ্মবর্চ্চসী জায়তামা রাষ্ট্রে রাজন্যঃ শূর ইষব্যোতিব্যাধীমহারথো জায়তাং স্বাহা।

ইদং ব্রহ্মণে। ৯। ওঁ নমোঽস্তু সর্পেভ্যো যে কে চ পৃথিবীমনু। যেঽন্তরিক্ষে যে দিবি তেভ্যঃ সর্পেভ্যো নমঃ স্বাহা। ইদমনন্তায় ॥ ১০ ॥

নবগ্রহ-হোম।—ওঁ আকৃষ্ণেন রজসা ইত্যাদি স্বাহা।—ইদং আদিত্যায়। ১। ওঁ আ প্যায়স্ব সমেতু তে ইত্যাদি স্বাহা। ইদং সোমায়। ২। ওঁ অগ্নির্মূর্দ্ধাদিবঃ ককুৎপতিঃ পৃথিব্যা অয়ম্। অপাং রেতাংসি জিন্বতি স্বাহা। ইদং মঙ্গলায়। ৩। ওঁ উদ্‌বুধ্যস্বাগ্নে প্রতিজাগৃহি ত্বমিষ্টাপূর্ত্তে সংসৃজেথাময়ঞ্চ। অস্মিন্ সধস্থে অধ্যুত্তরস্মিন্ বিশ্বেদেবা যজমানশ্চ সীদত স্বাহা। ইদং বুধায়। ৪। ওঁ বৃহস্পতে অতি অদর্য্যো অর্হাদ্যুমদ্বিভাতি ক্রতুমজ্জনেষু। যদ্দীদয়চ্ছবস ঋতপ্রজাত তদস্মাসু দ্রবিণং ধেহি চিত্রং স্বাহা। ইদং বৃহস্পতয়ে। ৫। ওঁ অন্নাৎ পরিশ্রুতো রসং ব্রহ্মণা ব্যপিবৎ ক্ষত্রং পয়ঃ সোমং প্রজাপতিঃ। ঋতেন সত্যমিন্দ্রিয়ং বিপানঁ শুক্রমন্ধস ইন্দ্রস্যেন্দ্রিয়মিদং পয়োঽমৃতং মধু স্বাহা। ইদং শুক্রায়। ৬। ওঁ শন্নো দেবীরভিষ্টয়ে ইত্যাদি স্বাহা। ইদং শনৈশ্চরায়। ৭। ওঁ কয়া নশ্চিত্র আ ভুবদূতী সদাবৃধঃ সখা। কয়া শচিষ্ঠয়া বৃতা স্বাহা। ইদং রাহবে। ৮। ওঁ কেতুং কৃণ্বন্নকেতবে পেশো মর্য্যা অপেশসে। সমুষদ্ভিরজায়থাঃ স্বাহা। ইদং কেতবে ॥ ৯ ॥

এই প্রকারে চরু হোম শেষ করিয়া মেক্ষণ অগ্নিতে নিক্ষেপ করিবে। পরে চরু-শেষ দ্বারা দশদিকে বলি প্রদান করিবে। যথা—"এষ পায়সবলিঃ ওঁ প্রাচ্যৈ দিশে নমঃ।" এই ক্রমে আগ্নেয্যৈ দিশে নমঃ। যাম্যৈ, নৈর্ঋত্যৈ, প্রতীচ্যৈ, বায়ব্যৈ, উদীচ্যৈ, ঐশান্যৈ, ঊর্দ্ধদিশে, অধোদিশে।"

অনন্তর পলাশ বা উডুম্বর সমিধ্ দ্বারা অষ্টোত্তরশত হোম করিবে। সঙ্কল্প যথা—"অদ্যেত্যাদি অমুকগোত্রায়াঃ শ্রীঅমুকীদেব্যাঃ শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ ইয়দ্বর্ষনিষ্পাদিতসঙ্কল্পিতামুকপুরাণোক্তামুকব্রতপ্রতিষ্ঠাকর্ম্মণি সাজ্যোডুম্বরসমিদ্ভিঃ ওঁ তদ্বিষ্ণোরিত্যাদিমন্ত্রেণাষ্টোত্তরশতসংখ্যকহোমমহং করিষ্যামি।"

এইরূপ সংকল্প করিয়া "ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং" ইত্যাদি মন্ত্রে ঘৃতাক্ত সমিধ্ দ্বারা হোম করিয়া প্রতিবারে ইদং বিষ্ণবে বলিয়া প্রত্যাহুতি দিবে। পরে লক্ষ্মীর হোম করিয়া পূর্ব্বোক্ত চরুহোম মন্ত্রে সেই সেই সমস্ত দেবতার আজ্যহোম করিবে। পরে পুরুষসূক্তোক্ত "ওঁ সহস্রশীর্ষা" ইত্যাদি "সাধ্যাঃ সন্তি দেবাঃ" পর্য্যন্ত ষোড়শ মন্ত্রদ্বারা আজ্যহোম করিয়া "ওঁ ইরাবতী ধেনুমতী" ইত্যাদি মন্ত্রে আজ্যহোম করিবে।

পরে পূর্ব্বোক্ত নবগ্রহ ও দিক্‌পাল মন্ত্রে একবার আহুতি দিয়া তিলযুক্ত

ঘৃতদ্বারা—"ওঁ পর্ব্বতেভ্যঃ স্বাহা। ওঁ নদীভ্যঃ স্বাহা। ওঁ সমুদ্রেভ্যঃ স্বাহা" বলিয়া আহুতি প্রদান করতঃ মহাব্যাহৃতি হোম করিবে।

তদনন্তর প্রায়শ্চিত্ত হোম করিবে। সঙ্কল্প যথা—"ওঁ অদ্যেত্যাদি অমুক-গোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা (হোতার নাম ও গোত্র) অস্মিন্ হোমকর্ম্মণি যদ্বৈগুণ্যং জাতং তদ্দোষপ্রশমনায় "ওঁ ত্বং নো অগ্নে" ইত্যাদিভিঃ পঞ্চভির্ম্মন্ত্রৈঃ প্রায়শ্চিত্তহোমমহং করিষ্যে।"

এইরূপ সঙ্কল্প করিয়া "ওঁ অগ্নে ত্বং বিধুনামাসি" অগ্নির নামকরণ, আবাহন ও পূজা করতঃ "ওঁ ত্বং নো অগ্নে বরুণস্য বিদ্বান্ দেবস্য হেলো অব যাসিসীষ্ঠাঃ। যজিষ্ঠো বহ্নিতমঃ শোশুচানো বিশ্বা দ্বেষাংসি প্র মুমুগ্ধ্যস্মৎ স্বাহা॥ ইদমগ্নী-বরুণাভ্যাম্॥ ১॥ ওঁ স ত্বং নো অগ্নেঽবমো ভবোতী নেদিষ্ঠো অস্যা উষসো ব্যুষ্টৌ। অব যক্ষ্ব নো বরুণংররাণো বীহি মৃলীকং সুহবো ন এধি স্বাহা॥ ইদমগ্নীবরুণাভ্যাম্॥ ২॥ ওঁ অয়াশ্চাগ্নেঽস্যনভিশস্তীশ্চ সত্যমিত্ত্বময়া অসি। অয়ানো যজ্ঞং বহস্যয়ানো ধেহি ভেষজং স্বাহা॥ ইদমগ্নয়ে॥ ৩॥ ওঁ যে তে শতং বরুণ যে সহস্রং যজ্ঞিয়াঃ পাশা বিততা মহান্তঃ। তেভির্নোঽদ্য সবিতোত বিষ্ণুর্ব্বিশ্বে মুঞ্চন্তু মরুতঃ স্বর্কাঃ স্বাহা॥ ইদং বরুণায়॥ ৪॥ ওঁ উদুত্তমং বরুণ পাশ-মস্মদবাধমং বি মধ্যমং শ্রথায়। অথা বয়মাদিত্য ব্রতে তবানাগসো অদিতয়ে স্যাম স্বাহা॥ ইদং বরুণায়॥ ৫॥"

অনন্তর "ওঁ অগ্নে ত্বং মৃড়নামাসি" বলিয়া অগ্নির নামকরণ, আবাহন ও পূজা করিয়া "ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং" ইত্যাদি বৌষড়ন্ত মন্ত্রে পূর্ণাহুতি দিয়া আচারবশতঃ "ওঁ পৃথ্বি ত্বং শীতলা ভব" বলিয়া অগ্নির ঈশানকোণে দুগ্ধ নিক্ষেপ করিয়া তিলকান্ত কর্ম্ম সমাপন করিবে।

তৎপরে ডালা উৎসর্গ করিবে। যথা—বস্ত্রাদিযুক্ত ডালা সম্মুখে আনয়ন করতঃ "এতে গন্ধপুষ্পে ওঁ সবস্ত্রোপকরণ-ডল্লকায় নমঃ" বলিয়া তিনবার ডালা অর্চ্চনা করিয়া "এতদধিপতয়ে শ্রীবিষ্ণবে নমঃ" "এতৎসম্প্রদানায় ব্রাহ্মণায় নমঃ" বলিয়া গন্ধপুষ্পদ্বারা পূজা করিয়া "অদ্যেত্যাদি অমুকগোত্রা শ্রীঅমুকী দেবী কৃতৈতৎ অমুকপুরাণোক্তামুকব্রতপ্রতিষ্ঠাকর্ম্মণঃ সাঙ্গতার্থং ইদং সবস্ত্রোপকরণডল্লকং শ্রীবিষ্ণুদৈবতং ভগবতে অমুকদেবায় অহং দদে" বলিয়া উৎসর্গ করিবে। পরে এইরূপে অপর দুইটী ডালা লক্ষ্মী ও গুরুকে দান করিয়া, বিষ্ণু প্রভৃতিকে নমস্কার করিয়া "মৎকৃতামুকব্রতং শ্রীমতি ভগবতি বিষ্ণৌ ত্বয্যহং উপযেমে।" ডালা মস্তকে ধারণ করিবে।

অতঃপর যথাশক্তি দানাদি করিবে। পরে ব্রহ্মদক্ষিণা করিয়া আচার্য্য-দক্ষিণা করিবে। যথা—"কৃতৈতৎ ইয়দ্বর্ষনিষ্পাদিতামুকপুরাণোক্তামুকব্রত-প্রতিষ্ঠাকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং অমুকগোত্রায় অমুক-দেবশর্ম্মণে ব্রাহ্মণায় আচার্য্যায় তুভ্যমহং সম্প্রদদে। অনন্তর তন্ত্রধার ও সদস্য দক্ষিণা করিবে।

পরে আচার্য্য "ওঁ উত্তিষ্ঠ ব্রহ্মণস্পতে দেবয়ন্তস্ত্বেমহে। উপ প্র যন্তু মরুতঃ সুদানব ইন্দ্র প্রাশূর্ভবা সচা।" এই মন্ত্রে শান্তিকুম্ভ উদ্‌যাপিত করিয়া "ওঁ যান্তু দেবগণাঃ সর্ব্বে পূজামাদায় যাজ্ঞিকাঃ। সন্তুষ্টা বরমস্মাকং দত্ত্বেদানীং সুপূজিতাঃ॥" বলিয়া পূজিতদেবতাগণকে বিসর্জ্জন করিবে।

তৎপরে আচার্য্য অচ্ছিদ্রাবধারণ ও বিষ্ণু স্মরণ করতঃ শান্তিকুম্ভস্থ জল দ্বারা শান্তি করিয়া আশীর্ব্বাদ প্রদান করিবেন।

এই দিবস ব্রতকর্ত্রী চরুশেষ ভোজন করিবেন, তদভাবে একবার হবিষ্যান্ন ভোজন করিবেন।

ঋগ্বেদীয়ব্রত-প্রতিষ্ঠা।

প্রথমতঃ যজমান নিত্যক্রিয়াদি ও প্রতিবর্ষীয় করণীয় ব্রতাদি সমাপন করতঃ ব্রাহ্মণকে যথাশক্তি ভোজ্যাদি দান করিয়া, পুণ্যাহাদি বাচন করাইবে। তদনন্তর স্বস্তিবাচনপূর্ব্বক যজুর্ব্বেদীয়বৎ সঙ্কল্পাদি করিয়া, ব্রহ্মবরণাদি করিবে।

তৎপরে হোতা যজুর্ব্বেদীয়-ব্রত-প্রতিষ্ঠা ক্রমে সমস্ত কার্য্য করিয়া স্বপদ্ধতি ক্রমে বহ্নিস্থাপনাদি আজ্যভাগান্ত কুশণ্ডিকা নির্ব্বাহ করিবে, পরে অগ্নির ধ্যানপূর্ব্বক সাহসনামা অগ্নির আবাহন ও পূজা করতঃ প্রাদেশ প্রমাণ ঘৃতাক্ত সমিধ্ অগ্নিতে আহুতি দিয়া নিম্নলিখিত ক্রমে চরুহোম হইতে আরম্ভ করিয়া "ওঁ সোমং রাজানং" ইত্যাদি স্বাহান্ত মন্ত্রদ্বারা হোম পর্য্যন্ত যাবতীয় কার্য্য যজুর্ব্বেদীয়-ব্রতপ্রতিষ্ঠানুসারে সমাপন করিয়া, দিক্‌পাল-হোম ও নবগ্রহ-হোম করিবে।

দিক্‌পাল-হোম।—ওঁ যত ইন্দ্র ভয়ামহে ততো নো অভয়ং কৃধি। মঘবঞ্ছগ্ধি তব তন্ন ঊতিভির্বি দ্বিষো বি মৃধো জহি স্বাহা।—ইদমিন্দ্রায়॥ ১॥ ওঁ অগ্নিং দূতং বৃণীমহে হোতারং বিশ্ববেদসং। অস্য যজ্ঞস্য সুক্রতুং স্বাহা।—ইদ-

মগ্নয়ে॥ ২॥ ওঁ যমায় সোমং সুনুত যমায় জুহুতা হবিঃ। যমং হ যজ্ঞো গচ্ছ-ত্যগ্নিদূতো অরঙ্কৃতঃ স্বাহা॥—ইদং যমায়॥ ৩॥ ওঁ মো ষু ণঃ পরাপরা নির্ঋতি-র্দুর্হণা বধীৎ। পদীষ্ট তৃষ্ণয়া সহ স্বাহা।—ইদং নির্ঋতয়ে॥ ৪॥ ওঁ ত্বং নো অগ্নে বরুণস্য বিদ্বান্ দেবস্য হেলোঽব যাসিসীষ্ঠাঃ। যজিষ্ঠো বহ্নিতমঃ শোশুচানো বিশ্বা দ্বেষাংসি প্রমুমুগ্ধ্যস্মৎ স্বাহা।—ইদং বরুণায়॥ ৫॥ ওঁ তব বায়বৃতস্পতে ত্বষ্টুর্জামাতারদ্ভুত। অবাংস্যা বৃণীমহে স্বাহা।—ইদং বায়বে॥ ৬॥ ওঁ সোমো ধেনুং সোমো অর্ব্বন্তমাশুং সোমো বীরং কর্ম্মণ্যং দদাতি। সাদন্যং বিদথ্যং সভেয়ং পিতৃশ্রবণং যো দদাশদস্মৈ স্বাহা।—ইদং কুবেরায়॥ ৭॥ ওঁ তমীশানং জগতস্তস্থুষস্পতিং ইত্যাদি স্বাহা।—ইদং ঈশানায়॥ ৮॥ ওঁ ব্রহ্ম জজ্ঞানং প্রথমং পুরস্তাদ্বি সীমতঃ সুরুচো বেন আবঃ। স বুধ্ন্যা উপমা অস্য বিষ্ঠাঃ সতশ্চ যোনিম-সতশ্চ বিবঃ স্বাহা।—ইদং ব্রহ্মণে॥ ৯॥ ওঁ কালিকো নাম সর্পো নবনাগসহস্র-বলঃ। যমুনহ্রদে সো জাতো যো নারায়ণবাহনঃ। যদি কালিকদূতস্য যদি কাঃ কালিকাদ্ভয়ম্। জন্মভূমিপরিক্রান্তো নির্ব্বিষো যাতি কালিকঃ স্বাহা। —ইদমনন্তায়॥ ১০॥

নবগ্রহ-হোম—"ওঁ আকৃষ্ণেন ইত্যাদি স্বাহা।—ইদং সূর্য্যায়॥ ১॥ ওঁ আ প্যায়স্ব ইত্যাদি স্বাহা।—ইদং সোমায়॥ ২॥ ওঁ অগ্নির্মূর্দ্ধা ইত্যাদি স্বাহা। ইদং মঙ্গলায়॥ ৩॥ ওঁ উদ্বুধ্যস্বাগ্নে ইত্যাদি স্বাহা।—ইদং বুধায়॥ ৪॥ ওঁ বৃহস্পতে ইত্যাদি স্বাহা।—ইদং বৃহস্পতয়ে॥ ৫॥ ওঁ শুক্রঃ শুশুক্কাঁ উষো ন জারঃ পপ্রা সমীচী দিবো ন জ্যোতিঃ। পরিপ্রজাতঃ ক্রত্বা বভূথ ভুবো দেবানাং পিতা পুত্রঃ সন্ স্বাহা।—ইদং শুক্রায়॥ ৬॥ ওঁ শমগ্নিরগ্নিভিঃ করচ্ছং নস্তপতু সূর্য্যঃ। শং বাতো বাত্বরপা অপ স্রিধঃ স্বাহা।—ইদং শনৈশ্চরায়॥ ৭॥ ওঁ কয়া নশ্চিত্র আ ভুবদূতী সদা বৃধঃ সখা। কয়া শচিষ্ঠয়া বৃতা স্বাহা।—ইদং রাহবে॥ ৮॥ ওঁ কেতুং কৃণ্বন্নকেতবে ইত্যাদি স্বাহা।—ইদং কেতুভ্যঃ॥ ৯॥

অতঃপর যজুর্ব্বেদীয় ব্রতপ্রতিষ্ঠা ক্রমে সমস্ত কার্য্য করিয়া পুরুষসূক্তোক্ত ষোড়শ মন্ত্র দ্বারা আজ্যহোম করিবে। পরে ঘৃতাক্ত তিল দ্বারা "ওঁ ইরাবতী" ইত্যাদি মন্ত্রে (যজুর্ব্বেদীয় ব্রতপ্রতিষ্ঠা দেখ) হোম করিয়া প্রায়শ্চিত্ত হোম করিবে।

সঙ্কল্প যথা—"অদ্যেত্যাদি অস্মিন্ হোমকর্ম্মণি যদ্বৈগুণ্যং জাতং তদ্দোষপ্রশমনায় "ওঁ অয়াশ্চাগ্নে" ইত্যাদিভির্ম্মন্ত্রৈঃ প্রায়শ্চিত্তহোমমহং করিষ্যে।"

এই প্রকার সঙ্কল্প করিয়া প্রায়শ্চিত্তহোম করিবে। অতঃপর স্বিষ্টিকৃদ্ধোম করিয়া, সাধারণ কুশণ্ডিকোক্ত যাবতীয় কার্য্য সমাপন করিবে। অনন্তর দক্ষিণাদি করিয়া ডালা উৎসর্গ করিবে। অতঃপর অচ্ছিদ্রাবধারণ করিবে।

ব্রত উদ্‌যাপন।

উদ্‌যাপন কার্য্যে স্বস্তিবাচনাদি গুরুপূজা পর্য্যন্ত করিয়া স্বগৃহোক্ত বিধানে অগ্নিস্থাপনপূর্ব্বক চরুহোম না করিয়া, তিল মিশ্রিত ঘৃতদ্বারা "ওঁ তদ্বিষ্ণোঃ" ইত্যাদি মন্ত্রে হোম করিবে। এবং লক্ষ্মীদেবীর হোম করিয়া উদীচ্য কর্ম্ম ও প্রায়শ্চিত্ত হোমাদি বামদেব্যগানান্ত কর্ম্ম সমাপন করিয়া, ডল্লকাদি উৎসর্গ করিবে। উদ্‌যাপনে এইমাত্র বিশেষ।

সোপান-প্রতিষ্ঠা।

সোপান-প্রতিষ্ঠা কর্ম্ম সকলই জলাশয়োৎসর্গের ন্যায়, যাহা একটু প্রভেদ আছে, তাহাই এখানে লিখিত হইল।

সঙ্কল্পবাক্য। যথা—অদ্যেত্যাদি প্রত্যেকেষ্টকাদি—পরমাণু-সম-সংখ্যক-শতবর্ষাবচ্ছিন্ন-স্বর্গপ্রাপ্তিকামঃ (শ্রীবিষ্ণুপ্রীতিকামো বা) সোপান-প্রতিষ্ঠামহং করিষ্যে।"

দানবাক্য যথা।—অদ্যেত্যাদি—এতৎসোপানং বরুণদৈবতং সর্ব্বভূতেভ্যোঽহমুৎসৃজে।

দানানন্তর—"ওঁ দেব-পিতৃ-মনুষ্যাঃ প্রীয়ন্তাং" ইত্যাদি (১৪৯ পৃঃ ১০ পঃ) মন্ত্র পাঠ করিবে। এই মন্ত্রে "ময়ৈতৎ জলমূর্জ্জিতম্" স্থলে "ময়ৈতৎ সোপান-মূর্জ্জিতম্" পাঠ করিবে।

পুরুষসূক্ত-মন্ত্র।

ওঁ সহস্রশীর্ষা পুরুষঃ সহস্রাক্ষঃ সহস্রপাৎ। সভূমিং বিশ্বতো বৃত্বাত্যতিষ্ঠদ্দশাঙ্গুলম্॥ ১॥ ওঁ পুরুষ এবেদং সর্ব্বং যদ্‌ভূতং যচ্চ ভব্যম্। উতামৃতত্বস্যেশানো যদন্নেনাতিরোহতি॥ ২॥ ওঁ এতাবানস্য মহিমাতো

জ্যায়াংশ্চ পূরুষঃ। পাদোঽস্য বিশ্বা ভূতানি ত্রিপাদস্যামৃতং দিবি ॥ ৩॥ ওঁ ত্রিপাদূর্দ্ধ উদৈৎ পুরুষঃ পাদোঽস্যেহাভবৎ পুনঃ। ততো বিষঙ্‌ ব্যক্রামৎ সাশনানশনে অভি ॥ ৪ ॥ ওঁ তস্মাদ্‌ বিরাড়জায়ত বিরাজো অধি পূরুষঃ। স জাতো অত্যরিচ্যত পশ্চাদ্‌ভূমিমথো পুরঃ ॥ ৫ ॥ ওঁ যৎপুরুষেণ হবিষা দেবা যজ্ঞমতন্বত। বসন্তো অস্যাসীদাজ্যং গ্রীষ্ম ইধ্মঃ শরদ্ধবিঃ ॥ ৬ ॥ ওঁ তং যজ্ঞং বর্হিষি প্রৌক্ষন্‌ পুরুষং জাতমগ্রতঃ। তেন দেবা অযজন্ত সাধ্যা ঋষয়শ্চ যে ॥ ৭ ॥ ওঁ তস্মাদ্‌ যজ্ঞাৎ সর্ব্বহুতঃ সংভৃতং পৃষদাজ্যম্‌। পশূন্তাংশ্চক্রে বায়ব্যানারণ্যান্‌ গ্রাম্যাশ্চ যে ॥ ৮ ॥ ওঁ তস্মাদ্‌যজ্ঞাৎ সর্ব্বহুত ঋচঃ সামানি জাজ্ঞরে। ছন্দাংসি জজ্ঞিরে তস্মাদ্‌যজুস্তস্মাদজায়ত ॥ ৯ ॥ ওঁ তস্মাদশ্বা অজায়ন্ত যে কে চোভয়াদতঃ। গাবো হ জজ্ঞিরে তস্মাত্তস্মাজাতা অজাবয়ঃ ॥ ১০ ॥ ওঁ যৎ পুরুষং ব্যদধুঃ কতিধা ব্যকল্পয়ন্‌। মুখং কিমস্য কৌ বাহূ কা ঊরূ পাদা উচ্যেতে ॥ ১১ ॥ ওঁ ব্রাহ্মণোঽস্য মুখমাসীদ্বাহূ রাজন্যঃ কৃতঃ। ঊরূ তদস্য যদ্বৈশ্যঃ পদ্ভ্যাং শূদ্রো অজায়ত ॥ ১২ ॥ ওঁ চন্দ্রমা মনসো জাতশ্চক্ষোঃ সূর্য্যো অজায়ত। মুখাদিন্দ্রশ্চাগ্নিশ্চ প্রাণাদ্বায়ুরজায়ত ॥ ১৩ ॥ ওঁ নাভ্যা আসীদন্তরীক্ষং শীর্ষ্ণো দ্যৌঃ সমবর্ত্তত। পদ্ভ্যাং ভূমির্দ্দিশঃ শ্রোত্রাত্তথা লোকাঁ অকল্পয়ন্‌ ॥ ১৪ ॥ ওঁ সপ্তাস্যাসন্‌ পরিধয়স্ত্রিঃ সপ্ত সমিধঃ কৃতাঃ। দেবা যদ্‌যজ্ঞং তন্বানা অবধ্নন্‌ পুরুষং পশুম্‌ ॥ ১৫ ॥ ওঁ যজ্ঞেন যজ্ঞমযজন্ত দেবাস্তানি ধর্ম্মাণি প্রথমান্যাসন্‌। তে হ নাকং মহিমানঃ সচন্ত যত্র পূর্ব্বে সাধ্যাঃ সন্তি দেবাঃ ॥ ১৬ ॥ (ওঁ অদ্ভ্যঃ সম্ভৃতঃ পৃথিব্যৈ রসাচ্চ বিশ্বকর্ম্মণঃ সমবর্ত্ততাগ্রে ॥ তস্য ত্বষ্টা বিদধদ্রূপমেতি তন্মর্ত্ত্যস্য দেবত্বমাজানমগ্রে ॥ ১৭ ॥ ওঁ বেদাহমেতং পুরুষং মহান্তমাদিত্যবর্ণং তমসঃ পরস্তাৎ। তমেব বিদিত্বাতিমৃত্যুমেতি নান্যঃ পন্থা বিদ্যতেঽয়নায় ॥ ১৮ ॥ ওঁ প্রজাপতিশ্চরতি গর্ভে অন্তরজায়মানো বহুধা বিজায়তে। তস্য যোনিং পরিপশ্যন্তি ধীরাস্তস্মিন্‌ হ তস্থুর্ভুবনানি বিশ্বাঃ ॥ ১৯ ॥ ওঁ যো দেবেভ্য আতপতি যো দেবানাং পুরোহিতঃ। পূর্ব্বো যো দেবেভ্যো জাতো নমো রুচায় ব্রাহ্ময়ে ॥ ২০ ॥ ওঁ রুচং ব্রাহ্মং জনয়ন্তো দেবা অগ্রে তদব্রুবন্‌। যস্ত্বৈবং ব্রাহ্মণো বিদ্যাত্তস্য দেবা অসন্‌ বশে ॥ ২১ ॥ ওঁ শ্রীশ্চ তে লক্ষ্মীশ্চ পত্ন্যা অহোরাত্রে পার্শ্বে নক্ষত্রাণি রূপমশ্বিনৌ ব্যাত্তম্‌। ইষ্ণন্নিষাণামুম্ম ইষাণ সর্ব্বলোকম্ম ইষাণ ॥ ২২ ॥) আদ্যাঃ ষোড়শ পুরুষসূক্তমন্ত্রাঃ। শেষাঃ ষট্‌ আদিত্যোপস্থানে বিনিযুক্তা অপি সূর্য্যস্য ব্রহ্মপ্রসূতত্বেন কীর্ত্তনাৎ ব্রহ্মণশ্চ পুরুষরূপত্বাৎ পুরুষসূক্তাধ্যায়ে

হধীয়ন্তে। অস্য পুরুষসূক্তমন্ত্রস্য নারায়ণঋষিরনুষ্টুপ্‌ত্রিষ্টুপ্‌ ছন্দসী পুরুষো দেবতা পুরুষমেধপ্রেক্ষণীয়পুরুষস্থিতৌ বিনিয়োগঃ ॥

শ্রীসূক্ত-মন্ত্র।

ওঁ হিরণ্যবর্ণাং হরিণীং সুবর্ণরজতস্রজাম্‌। চন্দ্রাং হিরণ্ময়ীং লক্ষ্মীং জাতবেদো মমা বহ ॥ ১ ॥ ওঁ তাং ম আ বহ জাতবেদো লক্ষ্মীমনপগামিনীম্‌। যস্যাং হিরণ্যং বিন্দেয়ং গামশ্বং পুরুষানহম্‌ ॥ ২ ॥ ওঁ অশ্বপূর্ব্বাং রথমধ্যাং হস্তিনাদপ্রমোদিনীম্‌। শ্রিয়ং দেবীমুপ হ্বয়ে শ্রীর্ম্মা দেবী জুর্ষতাম্‌ ॥ ৩॥ ওঁ কাংসোস্মিতাং হিরণ্যপ্রাকারামার্দ্রাং জ্বলন্তীং তৃপ্তাং তর্পয়ন্তীং। পদ্মে স্থিতাং পদ্মবর্ণাং তামিহোপ হ্বয়ে শ্রিয়ম্‌ ॥ ৪ ॥ ওঁ চন্দ্রাং প্রভাসাং যশসা জ্বলন্তীং শ্রিয়ং লোকে দেবজুষ্টামুদারাম্‌। তাং পদ্মিনীমীং শরণং প্র পদ্যেহলক্ষ্মীর্ম্মে নশ্যতাং ত্বাং বৃণে ॥ ৫ ॥ ওঁ আদিত্যবর্ণে তপসোঽধিজাতো বনস্পতিস্তব বৃক্ষোঽথ বিল্বঃ। তস্য ফলানি তপসা নুদন্তু মায়ান্তরা যাশ্চ বাহ্যা অলক্ষ্মীঃ ॥ ৬ ॥ ওঁ উপৈতু মাং দেবসখঃ কীর্ত্তিশ্চ মণিনা সহ। প্রাদুর্ভূতোঽস্মি রাষ্ট্রেঽস্মিন্‌ কীর্ত্তিমৃদ্ধিং দদাতু মে ॥ ৭ ॥ ওঁ ক্ষুৎপিপাসামলাং জ্যেষ্ঠামলক্ষ্মীং নাশয়াম্যহম্‌। অভূতিমসমৃদ্ধিঞ্চ সর্ব্বাং নির্ণুদ মে গৃহাৎ ॥ ৮ ॥ ওঁ গন্ধদ্বারাং দুরাধর্ষাং নিত্যপুষ্টাং করীষিণীম্‌। ঈশ্বরীং সর্ব্বভূতানাং ত্বামিহোপ হ্বয়ে শ্রিয়ম্‌ ॥ ৯ ॥ ওঁ মনসঃ কামমাকূতিং বাচঃ সত্যমশীমহি। পশূনাং রূপমন্নস্য ময়ি শ্রীঃ শ্রয়তাং যশঃ ॥ ১০ ॥ ওঁ কর্দ্দমেন প্রজা ভূতা ময়ি সম্ভব কর্দ্দম। শ্রিয়ং বাসয় মে গৃহে মাতরং পদ্মমালিনীম্‌ ॥ ১১ ॥ ওঁ আপঃ স্রজন্তু স্নিগ্ধানি চিক্লীত বস মে গৃহে। নি চ দেবীং মাতরং শ্রিয়ং বাসয় মে কুলে ॥ ১২ ॥ ওঁ আর্দ্রাং পুষ্করিণীং পুষ্টিং পিঙ্গলাং পদ্মমালিনীম্‌। চন্দ্রাং হিরণ্ময়ীং লক্ষ্মীং জাতবেদো ম আবহ ॥ ১৩ ॥ ওঁ আর্দ্রাং পুষ্করিণীং পুষ্টিং সুবর্ণাং হেমমালিনীম্‌। সূর্য্যাং হিরণ্ময়ীং লক্ষ্মীং জাতবেদো ম আবহ ॥ ১৪ ॥ ওঁ তাং ম আ বহ জাতবেদো লক্ষ্মীমনপগামিনীম্‌। যস্যাং হিরণ্যং প্রভূতং গাবো দাস্যোঽশ্বান্‌ বিন্দেয়ং পুরুষানহম্‌ ॥ ১৫ ॥ ওঁ যঃ শুচিঃ প্রয়তো ভূত্বা জুহুয়াদাজ্যমন্বহম্‌। শ্রিয়ঃ পঞ্চদশর্চ্চং চ শ্রীকামঃ সততং জপেৎ ॥ ১৬ ॥ ওঁ পদ্মাননে পদ্মঊরু পদ্মাক্ষী পদ্মসম্ভবে। তন্মে ভজসি পদ্মাক্ষী যেন সৌখ্যং লভাম্যহম্‌ ॥ ১৭ ॥ ওঁ অশ্বদায়ৈ গোদায়ৈ ধনদায়ৈ মহাধনে। ধনং মে জুষতাং দেবি সর্ব্বকামাংশ্চ দেহি মে ॥১৮॥ ওঁ পুত্রপৌত্রধনং ধান্যং হস্ত্যশ্বগজপৌরুষম্‌। প্রজানাং

ভবসী মাতা আয়ুষ্মন্তং করোতু মে ॥ ১৯ ॥ ওঁ চন্দ্রাভাং লক্ষ্মীমীশানীং সূর্য্যাভাং শ্রিয়মীশ্বরীম্। চন্দ্রসূর্য্যাগ্নিবর্ণাভাং মহালক্ষ্মীমুপাস্মহে ॥ ২০ ॥ ওঁ ধনমগ্নির্ধনং বায়ুর্ধনং সূর্য্যো ধনং বসুঃ। ধনমিন্দ্রো বৃহস্পতির্বরুণং ধনমস্তু তে ॥ ২১ ॥ ওঁ বৈনতেয় সোমং পিব সোমং পিবতু বৃত্রহা। সোমং ধনস্য সোমিনো মহ্যং দদাতু সোমিনঃ ॥ ২২ ॥ ওঁ ন ক্রোধো ন চ মাৎসর্য্যং ন লোভো নাশুভা মতিঃ। ভবন্তি কৃতপুণ্যানাং শ্রীসূক্তং সততং জপেৎ ॥ ২৩ ॥ শ্রীবর্চ্চস্বমায়ুষ্যমারোগ্যমাবিধাৎ পবমানং মহীয়তে। ধান্যং ধনং পশুং বহুপুত্রলাভং শতসংবৎসরং দীর্ঘমায়ুঃ ॥২৪॥

ইতি শ্রীসূক্তম্।

পাবমানীসূক্ত মন্ত্র।

ওঁ পাবমানীঃ স্বস্ত্যয়নীঃ সুদুঘা হি ঘৃতশ্চ্যুতঃ। ঋষিভিঃ সম্ভৃতো রসো ব্রাহ্মণেষ্বমৃতং হিতম্ ॥ ১ ॥ ওঁ পাবমানীর্দিশন্তু ন ইমং লোকমথো অমুম্। কামান্ৎ সমর্দ্ধয়ন্তু নো দেবীর্দ্দৈবৈঃ সমাহিতাঃ ॥ ২ ॥ ওঁ যেন দেবাঃ পবিত্রেণাত্মানং পুনতে সদা। তেন সহস্রধারেণ পাবমান্যঃ পুনন্তু মাং ॥ ৩ ॥ ওঁ প্রাজাপত্যং পবিত্রং শতোদ্যামং হিরণ্ময়ম্। তেন ব্রহ্মবিদো বয়ং পূতং ব্রহ্ম পুনীমহে ॥ ৪ ॥ ওঁ ইন্দ্রঃ সুনীতী সহ মা পুনাতু সোমঃ স্বস্ত্যা বরুণঃ সমীচ্যা। যমো রাজা প্রমৃণাভিঃ পুনাতু মা জাতবেদা মোর্জ্জয়ন্ত্যা পুনাতু ॥ ৫ ॥ ওঁ ঋষয়স্তু তপস্তেপুঃ সর্বে স্বর্গজিগীষবঃ ॥ তপসস্তপসোঽগ্র্যন্তু পাবমানীর্ঋচোঽব্রবীৎ ॥ ৬ ॥ ওঁ যন্মে গর্ভে বসতঃ পাপমুগ্রং যজ্জায়মানস্য চ কিঞ্চিদন্যৎ। জাতস্য যচ্চাপি চ বর্দ্ধতো মে তৎপাবমানীভিরহং পুনামি ॥ ৭ ॥ ওঁ মাতাপিত্রোর্যন্ন কৃতং বচো মে যৎ স্থাবরং জঙ্গমমাবভূব। বিশ্বস্য তৎপ্রহৃষিতং বচো মে তৎপাবমানীভিরহং পুনামি ॥ ৮ ॥ ওঁ ক্রয়বিক্রয়াদ্‌যোনিদোষাদ্ভক্ষাদ্ভোজ্যাৎ প্রতিগ্রহাৎ। অসদ্ভোজনাচ্চাপি নৃশংসস্তৎপাবমানীভিরহং পুনামি ॥ ৯ ॥ ওঁ বালঘ্নান্মাতৃপিতৃবধাদ্ভূমিতস্করাৎ সর্ব্ববর্ণগমনমৈথুনসঙ্গমাৎ। পাপেভ্যশ্চ প্রতিগ্রহাৎ সদ্যঃ প্রহরতি সর্ব্বদুষ্কৃতং তৎপাবমানীভিরহং পুনামি ॥ ১০ ॥ ওঁ ব্রহ্মবধাৎ সুরাপানাৎ সুবর্ণস্তেয়াদ্‌বৃষলীগমনমৈথুনসঙ্গমাৎ। গুরোর্দ্দারাভিগমনাচ্চ তৎপাবমানীভিরহং পুনামি ॥ ১১ ॥ ওঁ গোঘ্নাৎতস্করত্বাৎ স্ত্রীবধাদ্‌যচ্চ কিল্বিষম্। পাপকঞ্চ চরণেভ্যস্তৎপাবমানীভিরহং পুনামি ॥ ১২ ॥ ওঁ দুর্যষ্টং দুরধীতং পাপং যচ্চাজ্ঞানতোঽকৃতম্। অযাচিতাশ্চাসংযাজ্যাস্তৎপাবমানীভিরহং পুনামি ॥ ১৩ ॥ ওঁ অমন্ত্রমন্নং যৎকিঞ্চিদ্ধূয়তে চ হুতাশনে। সংবৎসরকৃতং পাপং তৎপাবমানীভিরহং পুনামি ॥ ১৪ ॥

ওঁ ঋতস্য যোনয়োঽমৃতস্য ধাম বিশ্বা দেবেভ্যঃ পুণ্যগন্ধাঃ। তা ন আপঃ প্র বহন্তু পাপং শুদ্ধা গচ্ছামি সুকৃতামু লোকং তৎপাবমানীভিরহং পুনামি॥ ১৫॥ ওঁ পাবমানীঃ স্বস্ত্যয়নীর্য্যাভির্গচ্ছতি নান্দনম্। পুণ্যাংশ্চ ভক্ষান্ ভক্ষয়ত্যমৃতত্বঞ্চ গচ্ছতি॥ ১৬॥ ওঁ পাবমানং পরং ব্রহ্ম শুক্রং জ্যোতিঃ সনাতনম্। ঋষীংস্তস্যোপতিষ্ঠে তৎক্ষীরং সর্পির্ম্মধূদকম্॥ ১৭॥ ওঁ পাবমানং পিতন্ দেবান্ ধ্যায়েদ্‌যশ্চ সরস্বতীম্। পিতৃংস্তস্যোপতিষ্ঠে তৎক্ষীরং সর্পির্ম্মধূদকম্॥ ১৮॥

ইতি পাবমানীসূক্তম্।

শুদ্ধবতীসূক্ত মন্ত্র।

ওঁ এতো ন্বিন্দ্রং স্তবাম শুদ্ধং শুদ্ধেন সাম্না। শুদ্ধৈরুকৃথৈর্ব্বাবৃধ্বাংসং শুদ্ধ আশীর্ব্বান্মমত্তু॥ ১॥ ওঁ ইন্দ্র শুদ্ধো ন আ গহি শুদ্ধঃ শুদ্ধাভিরূতিভিঃ। শুদ্ধো রয়িং নি ধারয় শুদ্ধো মমদ্ধি সোম্যঃ॥ ২॥ ওঁ ইন্দ্র শুদ্ধো হি নো রয়িং শুদ্ধো রত্নানি দাশুষে। শুদ্ধো বৃত্রাণি জিঘ্নসে শুদ্ধো বাজং সিষাসসি॥ ৩॥

ইতি শুদ্ধবতীসূক্তম্।

প্রথম খণ্ড সম্পূর্ণ।

পুরোহিত-দর্পণ।

দ্বিতীয় খণ্ড।

---*---

তিথি শব্দের অর্থ।

অমা হইতে পৌর্ণমাসী পর্য্যন্ত ও পৌর্ণমাসী হইতে অমা পর্য্যন্ত শশিকলা-ক্রিয়ার নাম তিথি।

সেই তিথি দুই ভাগে বিভক্ত—শুক্লা ও কৃষ্ণা। অমাবস্যার পর প্রতিপদ হইতে পূর্ণিমা পর্য্যন্ত পঞ্চদশ তিথিকে শুক্লা এবং পূর্ণিমার পর প্রতিপদ হইতে অমাবস্যা পর্য্যন্ত পঞ্চদশ তিথিকে কৃষ্ণা বলে। এই পঞ্চদশ দিবসে এক পক্ষ হয়। চন্দ্রের হ্রাস-বৃদ্ধি দ্বারা এই প্রকার হইয়া থাকে। স্মার্ত্ত ভট্টাচার্য্য মহাশয় এইরূপ লিখিয়াছেন—যে পঞ্চদশ দিবসে চন্দ্রের বৃদ্ধি হয়, তাহাকে শুক্লপক্ষ ও যে পঞ্চদশদিবসে চন্দ্রের হ্রাস হয়, তাহাকে কৃষ্ণপক্ষ বলে। চান্দ্রমাসে প্রথমে শুক্ল, পরে কৃষ্ণ ব্যবহৃত হয়, সকল তিথিই প্রায় যাইটদণ্ড-পরিমাণ। যেহেতু সূর্য্যমণ্ডল হইতে বিনিঃসৃত হইয়া চন্দ্র যে, ত্রিংশদ্ভাগাত্মক রাশির দ্বাদশভাগে গমন করেন, তাহাই এক এক তিথি। রাশির পরিমাণ ১৫০ দণ্ড, সুতরাং তাহার ত্রিংশদ্ভাগের দ্বাদশ ভাগে ৬০ দণ্ড হইল।

তিথিকৃত্য-পদ্ধতি।

—*:*:*—

পৌর্ণমাসী।

—*:*—

"সা চ চতুর্দ্দশীযুতা গ্রাহ্যা যুগ্মাৎ।"

চতুর্দ্দশীর সহিত যুগ্মাদরহেতু চতুর্দ্দশীযুতা পূর্ণিমা গ্রাহ্যা হয়। দৈবকর্ম্মে ইহা আদরণীয়।

অমাবস্যা ও পূর্ণিমাতে গঙ্গাস্নান করিলে যমপুর দর্শন করিতে হয় না। প্রমাণ যথা,—

পক্ষান্তে স্রোতসি স্নায়াৎ তেন নায়াতি মৎপুরম্॥ ইতি যমঃ।

দৃশ্যেতে সহিতৌ যস্যাং দিবি চন্দ্রবৃহস্পতী। পৌর্ণমাসী তু মহতী জ্ঞেয়া সংবৎসরোত্তমা। তস্যাং স্নানোপবাসাভ্যামক্ষয়ং পরিকীর্ত্তিতম্॥ ইতি বিষ্ণুঃ।

মহাজ্যৈষ্ঠী।

ঐন্দ্রে গুরুঃ শশী চৈব প্রাজাপত্যে রবিস্তথা। পূর্ণিমা গুরুবারেণ মহাজ্যৈষ্ঠী প্রকীর্ত্তিতা॥ ১॥ ঐন্দ্রর্ক্ষেঽপ্যথ বা মৈত্রে গুরুচন্দ্রৌ যদা স্থিতৌ। পূর্ণিমা জ্যৈষ্ঠমাসস্য মহাজ্যৈষ্ঠী প্রকীর্ত্তিতা॥ ২॥ ঐন্দ্রে গুরুঃ শশী চৈব প্রাজাপত্যে রবিস্তথা। পূর্ণিমা জ্যৈষ্ঠমাসস্য মহাজ্যৈষ্ঠী প্রকীর্ত্তিতা॥ ৩॥ ঐন্দ্রে মৈত্রে যদা জীবস্তৎপঞ্চদশকে রবিঃ। পূর্ণিমা শক্রচন্দ্রেণ মহাজ্যৈষ্ঠী প্রকীর্ত্তিতা॥ ৪॥ জ্যৈষ্ঠসংবৎসরে চৈব জ্যৈষ্ঠমাসস্য পূর্ণিমা। জ্যেষ্ঠাভেন সমাযুক্তা মহাজ্যৈষ্ঠী প্রকীর্ত্তিতা॥ ইতি ব্রহ্মপুরাণরাজমার্ত্তণ্ডয়োঃ।

জ্যৈষ্ঠমাসের পূর্ণিমাতে জ্যেষ্ঠানক্ষত্রে যদি গুরু বা শশী থাকেন, রোহিণী নক্ষত্রে যদি রবি থাকেন এবং সেই দিনে যদি গুরুবার হয়, তাহা হইলে মহাজ্যৈষ্ঠী হয়, অথবা জ্যেষ্ঠানক্ষত্রে কি অনুরাধানক্ষত্রে যদি গুরু ও চন্দ্র উভয়ে থাকেন, তাহা হইলে জ্যৈষ্ঠমাসের পূর্ণিমা মহাজ্যৈষ্ঠী নামে প্রসিদ্ধা হয়।

তৃতীয় বচনের অর্থ প্রায় প্রথম বচনের ন্যায়। কিন্তু প্রথম বচনে গুরু বারের আবশ্যকতা, এই বচনে গুরুবারের আবশ্যকতা নাই, এই মাত্র প্রভেদ। যখন অনুরাধানক্ষত্রে অথবা জ্যেষ্ঠানক্ষত্রে বৃহস্পতি থাকেন, এবং তৎপঞ্চ দশকে অর্থাৎ রোহিণী ও মৃগশিরানক্ষত্রে রবি থাকেন, এবং শশী জ্যেষ্ঠানক্ষত্র-যুক্ত হইলে পূর্ণিমা মহাজ্যৈষ্ঠী হয়। জ্যৈষ্ঠনামা সংবৎসরের জ্যৈষ্ঠমাসের পূর্ণিমা জ্যেষ্ঠানক্ষত্রযুক্ত হইলে মহাজ্যৈষ্ঠী যোগ হয়।

জ্যৈষ্ঠসংবৎসর যথা—জ্যেষ্ঠামূলোপগে জীবে বর্ষং স্যাচ্ছক্রদৈবতম্॥

ইতি বিষ্ণুধর্ম্মোত্তরে।

যে বৎসরের মধ্যে জ্যেষ্ঠা কিংবা মূলানক্ষত্রে বৃহস্পতির উদয় বা অস্ত হয়, সেই বৎসরকে জ্যৈষ্ঠনামা সংবৎসর কহে।

যদি পৌর্ণমাসীতে চন্দ্র ও বৃহস্পতিগ্রহের যোগ থাকে, তবে তাহাকে মহাপূর্ণিমা কহে,—তাহাতে স্নান ও উপবাসের ফল অক্ষয় হয়।

মহাজ্যৈষ্ঠ্যান্তু যঃ পশ্যেৎ পুরুষঃ পুরুষোত্তমম্।
বিষ্ণুলোকমবাপ্নোতি মোক্ষং গঙ্গাম্বুমজ্জনাৎ॥ ইতি ব্রহ্মপুরাণম্।

মহাজ্যৈষ্ঠীতে যে ব্যক্তি পুরুষোত্তম—অর্থাৎ জগন্নাথদেব দর্শন করে, সে অন্তে বিষ্ণুলোক প্রাপ্ত হয়। আর গঙ্গাস্নান করিলে মোক্ষ লাভ করে।

মন্বন্তরা।

অশ্বযুক্‌শুক্লনবমী দ্বাদশী কার্ত্তিকী তথা। তৃতীয়া চৈত্রমাসস্য তথা ভাদ্রপদস্য চ॥ ফাল্গুনস্যাপ্যমাবস্যা পৌষস্যৈকাদশী তথা। আষাঢ়স্যাপি দশমী তথা মাঘস্য সপ্তমী॥ শ্রাবণস্যাষ্টমী কৃষ্ণা তথাষাঢ়স্য পূর্ণিমা। কার্ত্তিকী ফাল্গুনী চৈত্রী জ্যৈষ্ঠী পঞ্চদশী সিতা॥ মন্বন্তরাদয়স্ত্বেতা দত্তস্যাক্ষয়কারকাঃ। ইতি মৎস্যভবিষ্যপুরাণয়োঃ॥

আশ্বিনের শুক্লা নবমী, কার্ত্তিকের দ্বাদশী, চৈত্রের ও ভাদ্রের শুক্লা তৃতীয়া, পৌষের শুক্লা একাদশী, ফাল্গুনের অমাবস্যা, আষাঢ়ের শুক্লা দশমী, মাঘের শুক্লা সপ্তমী, গৌণ শ্রাবণ মাসের কৃষ্ণা অষ্টমী, আষাঢ়ের পূর্ণিমা ও কার্ত্তিক, ফাল্গুন, চৈত্র এবং জ্যৈষ্ঠ, ইহাদের পূর্ণিমা—ইহারা মন্বন্তরা; মন্বন্তরায় দানাদির ফল অক্ষয় ও অনন্ত।

মাঘী ও শ্রাবণী পৌর্ণমাসীতে এবং আশ্বিনের কৃষ্ণা ত্রয়োদশীতে শ্রাদ্ধ করা আবশ্যক। তাহার প্রমাণ এই—

পৌর্ণমাসী তথা মাঘী শ্রাবণী চ নরোত্তম। প্রোষ্ঠপদ্যামতীতায়াং তথা কৃষ্ণা ত্রয়োদশী। এতাংস্তু শ্রাদ্ধকালান্ বৈ নিত্যানাহ প্রজাপতিঃ॥ ইতি বিষ্ণুধর্ম্মোত্তরে॥

যদি পূর্ব্বদিনে সঙ্গবকালে পূর্ণিমা তিথি লাভ হয়, তবে ঐ দিনেই শ্রাদ্ধ করিবে। যদি দুই দিনেই সঙ্গবকাল লাভ হয় তবে পরদিনেই শ্রাদ্ধ কর্ত্তব্য।

সূর্য্যোদয়ের পর মুহূর্ত্তত্রয়কে প্রাতঃকাল কহে। তৎপরে মুহূর্ত্তত্রয় সঙ্গবকাল।

কোজাগর-কৃত্য।

প্রদোষব্যাপিনী গ্রাহ্যা তিথির্নক্তব্রতৈঃ সদা॥ ইতি ব্যাসঃ।

আশ্বিনের যে পূর্ণিমা, তাহার নাম কোজাগর পূর্ণিমা। সেই পূর্ণিমা প্রদোষব্যাপিনী গ্রাহ্যা।

আশ্বিনে পৌর্ণমাস্যাস্তু চরেৎ জাগরণং নিশি ॥ ইতি লিঙ্গপুরাণম্।

আশ্বিনের পৌর্ণমাসী নিশিতে জাগরণ করিবে। স্মার্ত্ত ভট্টাচার্য্য মহাশয় এই স্থলে এরূপ ব্যাখ্যা করেন, যেদিনে প্রদোষ ও নিশীথ সময়-ব্যাপিনী তিথি প্রাপ্ত হইবে, সেই দিনেই কোজাগর-কৃত্য হইবে, যদি পূর্ব্বদিনে নিশীথ সময়ে ও পরদিনে প্রদোষে উক্ত তিথি প্রাপ্ত হয়, তবে পরদিনে তৎকৃত্য হইবে। আর যদি পূর্ব্বদিনে নিশীথকালে উক্ত তিথি হয় ও পরদিন প্রদোষ সময়ে উক্ত তিথিপাত না হয়, তাহা হইলে নিশীথব্যাপিনী তিথিতে—অর্থাৎ পূর্ব্বদিনেই কোজাগর-কৃত্য করিবে।

নিশীথে বরদা লক্ষ্মীঃ কো জাগর্ত্তি মহীতলে। জগৎ প্রক্রমতে তস্যাং লোকচেষ্টাবলোকিনী॥ তথা—নারিকেলোদকং পীত্বা অক্ষৈর্জ্জাগরণং নিশি। তস্মৈ বিত্তং প্রযচ্ছামি কো জাগর্ত্তি মহীতলে॥ ইতি লিঙ্গপুরাণম্।

আশ্বিনমাসের পূর্ণিমানিশীথে লক্ষ্মী বরদাত্রী হইয়া জগতে বিচরণ করিয়া দেখেন—কে নারিকেল জল পান করিয়া জাগরণপূর্ব্বক অক্ষক্রীড়া করিতেছে ও তাহার জন্য চেষ্টা করিতেছে। এবং তিনি এই বাক্য বলেন যে, "অদ্য রাত্রে যে ব্যক্তি জাগরিত হইয়া অক্ষক্রীড়াদি করিবে, তাহাকে আমি বিত্ত প্রদান করিব।" অতএব এই দিনে ভক্তিপূর্ণহৃদয়ে লক্ষ্মীর পূজা করিতে হয় এবং রাত্রিতে নারিকেল ও চিপিটকদ্বারা পিতৃগণের ও দেবগণের অর্চ্চনা করিবে। অতঃপর বন্ধুগণকে উহা ভক্ষণ করাইয়া নিজে ভক্ষণ করিবে। প্রমাণ যথা—

নারিকেলৈশ্চিপিটকৈঃ পিতৃন্ দেবান্ সমর্চ্চয়েৎ। বন্ধূংশ্চ প্রীণয়েত্তেন স্বয়ং তদশনো ভবেৎ।

নারিকেল জল ও চিপিটক দ্বারা পিতৃগণ ও দেবতাগণের অর্চ্চনা করিবে; এবং নারিকেল জল ও চিপিটক বন্ধুগণকে ভোজন করাইয়া নিজে তাহা ভোজন করিবে।

কোজাগর-পদ্ধতি।

স্বস্তিবাচনাদি করিয়া (রাসযাত্রা পদ্ধতি দেখ) সঙ্কল্প করিবে।

ওঁ তৎসদদ্য আশ্বিনে মাসি শুক্লে পক্ষে পৌর্ণমাস্যা-স্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীলক্ষ্মীদেব্যাঃ

দ্বারোর্দ্ধভিত্ত্যাদিদেবতা-প্রীতিকামো দ্বারোর্দ্ধভিত্ত্যাদিপূজনমহং করিষ্যে।

যদি যাঁহার পূজা তিনি না করিয়া প্রতিনিধিতে অন্য কেহ অথবা পুরোহিত সঙ্কল্প করেন, তবে "অমুকগোত্রঃ" এই শব্দের স্থলে "অমুকগোত্রস্য" অর্থাৎ যজমানের গোত্র বলিবে, যেমন যজমানের শাণ্ডিল্য গোত্র হইলে শাণ্ডিল্যগোত্রস্য, এবং "শ্রীঅমুক" এই স্থলে যজমানের নাম করিবে। "দেব-শর্ম্মা" স্থলে "দেবশর্ম্মণঃ" বলিবে, আর "পূজনমহং করিষ্যে" স্থলে "পূজনমহং করিষ্যামি" বলিবে। প্রতিনিধিস্থলে সর্ব্বত্রই এই নিয়ম; ইহা মনে রাখিতে হইবে।

অনন্তর "দেবো বো" ইত্যাদি মন্ত্রপাঠ করিয়া (রাসযাত্রা দেখ) শালগ্রাম বা ঘটে পাদ্যাদিদ্বারা "ওঁ দ্বারোর্দ্ধভিত্ত্যাদিভ্যো নমঃ" বলিয়া পূজা করিবে। যথা—এতৎ পাদ্যং ওঁ দ্বারোর্দ্ধভিত্ত্যাদিভ্যো নমঃ (জল দিবে), ইদমর্ঘ্যং (আতপতণ্ডুল ও দূর্ব্বা দিবে), ইদমাচমনীয়ং (জল), ইদং স্নানীয়ং (জল), এষ গন্ধঃ (চন্দন), এতৎ পুষ্পং (ফুল), এতৎ বিল্বপত্রং (বিল্বপত্র), এষ ধূপঃ, এষ দীপঃ, এতন্নৈবেদ্যং, এতৎ পানার্থজলং, ইদমাচমনীয়ং, ইদং পুনরাচ-মনীয়ং, ইদং তাম্বুলং—অনন্তর প্রণাম করিবে।

অতঃপর এতে গন্ধপুষ্পে ওঁ হব্যবাহনায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ পূর্ণেন্দবে নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ সভার্য্যরুদ্রায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ স্কন্দায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ নন্দীশ্বর-মুনয়ে নমঃ। অনন্তর গোধন-বান্ ব্যক্তি সুরভির পূজা করিবে। মন্ত্র যথা—এতে গন্ধপুষ্পে ওঁ সুরভয়ে নমঃ। ছাগবান্ ব্যক্তি হুতাশনের পূজা করিবে। যথা—এতে গন্ধ-পুষ্পে ওঁ হুতাশনায় নমঃ। মেষবান্ ব্যক্তি বরুণের পূজা করিবে। যথা—এতে গন্ধপুষ্পে ওঁ বরুণায় নমঃ। হস্তিসম্পন্ন ব্যক্তি বিনায়কের পূজা করিবে। যথা—এতে গন্ধপুষ্পে ওঁ বিনায়কায় নমঃ। অশ্ববান্ ব্যক্তি রেবন্তের পূজা করিবে। যথা—এতে গন্ধপুষ্পে ওঁ রেবন্তায় নমঃ। সকলেরই নিকুম্ভদেবের অর্চ্চনা করিতে হয়। যথা—এতে গন্ধপুষ্পে ওঁ নিকুম্ভায় নমঃ। এইরূপে প্রত্যেকের পূজা করিবে, অশক্তপক্ষে প্রত্যেককে এক একটী গন্ধপুষ্প প্রদান করিবে। স্থানে স্থানে হব্যবাহনকে সঘৃত আতপতণ্ডুল এবং যবতণ্ডুলযুক্ত নৈবেদ্য দান করেন, আর পূর্ণেন্দুকে

দুগ্ধযুক্ত পায়সের নৈবেদ্যদ্বারা, অন্যান্য দেবতাগণকে তিলতণ্ডুল এবং মাষ-কলাই দ্বারা পূজা করিয়া থাকেন। ঘটিলে ঐ সকল বিশেষ বিশেষ দ্রব্য দেওয়াই কর্ত্তব্য।

তিল, তুলসী, হরীতকী অথবা একটী রম্ভা এবং ত্রিপত্র ও কিঞ্চিৎ জল কুশীতে লইয়া পুনরায় সঙ্কল্প করিবে। যথা—

বিষ্ণুরোম্ তৎসদদ্যাশ্বিনে মাসি শুক্লে পক্ষে পৌর্ণমাস্যান্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা পরমবিভূতিলাভকামো (লক্ষ্মী-প্রীতিকামো বা) গণপত্যাদিদেবতাপূজাপূর্ব্বক-লক্ষ্মীমহং পূজয়িষ্যে।

অনন্তর "দেবো বো" ইত্যাদি মন্ত্র পাঠপূর্ব্বক আসন-শুদ্ধি সামান্যার্ঘ্যস্থাপনাদি করিবে (রাসপদ্ধতি দেখ)। পরে গণেশ, শিবাদি পঞ্চদেবতা, আদিত্যাদি নবগ্রহ ও ইন্দ্রাদি দশদিক্‌পাল প্রভৃতি দেবতাগণকে যথাশক্তি গন্ধপুষ্পাদি দ্বারা পূজা করিয়া ভূতশুদ্ধি এবং 'শ্রীং' এই বীজমন্ত্রে প্রাণায়াম ও ব্যাপকন্যাস এবং "লাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, লীং তর্জ্জনীভ্যাং স্বাহা" ইত্যাদিক্রমে করন্যাস ও "লাং হৃদয়ায় নমঃ, লীং শিরসে স্বাহা" ইত্যাদিক্রমে অঙ্গন্যাস করিয়া লক্ষ্মীর ধ্যান করিবে ; ধ্যান যথা—

ওঁ কান্ত্যা কাঞ্চনসন্নিভাং হিমগিরিপ্রখ্যৈশ্চতুর্ভির্গজৈ-
র্হস্তোৎক্ষিপ্তহিরণ্ময়ামৃতঘটৈরাসিচ্যমানাং শ্রিয়ম্।
বিভ্রাণাং বরমব্জযুগ্মমভয়ং হস্তৈঃ কিরীটোজ্জ্বলাং
ক্ষৌমাবদ্ধনিতম্ববিম্বললিতাং বন্দেঽরবিন্দস্থিতাম্॥

উল্লিখিত ধ্যান কিম্বা— **ওঁ পাশাক্ষমালিকাম্ভোজশৃণিভির্যাম্য-সৌম্যয়োঃ। পদ্মাসনস্থাং ধ্যায়েচ্চ শ্রিয়ং ত্রৈলোক্য-মাতরম্। গৌরবর্ণাং সুরূপাঞ্চ সর্ব্বালঙ্কারভূষিতাম্। রৌক্মপদ্মব্যগ্রকরাং বরদাং দক্ষিণেন তু॥**

এই ধ্যান করিয়া মানসোপচারে পূজা পূর্ব্বক বিশেষার্ঘ্যস্থাপনানন্তর পীঠ পূজা করতঃ পুনরায় ধ্যান করিয়া আবাহন করিবে। যথা—

ওঁ ভূর্ভুর্বঃ স্বঃ লক্ষ্মি দেবি ইহাগচ্ছ ইহাগচ্ছ ইহ তিষ্ঠ ইহ তিষ্ঠ অত্রাধিষ্ঠানং কুরু মম পূজাং গৃহাণ।

অতঃপর ষোড়শোপচারে পূজা করিবে। ষোড়শোপচারে পূজার ক্রম যথা—আসন (রজত নির্ম্মিত আসন), স্বাগত (কৃতাঞ্জলি হইয়া যে দেবতার পূজা করা যাইতেছে, তন্নাম করিয়া—যেমন এস্থানে বলিবে, "লক্ষ্মি দেবি ইহ স্বাগতং সুস্বাগতং") পাদ্য (জল), অর্ঘ্য (যে বিশেষার্ঘ্য স্থাপন করা হইয়াছিল, তাহাই নিবেদন করিয়া দিয়া তদ্দ্বারা আরাত্রিক করিবে), আচমনীয় (জল), মধুপর্ক (একটী বাটিতে কিঞ্চিৎ দধি, ঘৃত ও মধু দিয়া নিবেদন করিয়া দিবে,) আচমনীয় (জল), স্নানীয় (জল), বস্ত্র, ভূষণ (রজত অঙ্গুরীয় বা স্বর্ণাভরণাদি যাহা থাকে), গন্ধ (চন্দন), পুষ্প, বিল্বপত্র (নারায়ণ হইলে তুলসী), ধূপ নিবেদন করিয়া দিয়া আরাত্রিক করিবে, দীপ (ধূপবৎ আরাত্রিক করিবে), নৈবেদ্য, পানার্থ (জল), পুনরাচমনীয় (জল), তাম্বূল। পরে প্রাণায়ামপূর্ব্বক যথাশক্তি জপ করিয়া 'গুহ্যাতি' মন্ত্রে জপসমর্পণানন্তর যে দেবতার যে মূল মন্ত্র সেই মন্ত্রে প্রণাম করিবে।

এখানে আসন সংপ্রোক্ষণ ও অর্চ্চনা করিয়া,—"ইদং রজতাসনং ওঁ শ্রীং লক্ষ্ম্যৈ নমঃ" এই ক্রমে সর্ব্ব দ্রব্য দিবে। পরে "শ্রীং" এই বীজমন্ত্রে প্রাণায়াম ও যথাশক্তি জপ করিয়া 'গুহ্যাতি' মন্ত্রে জপসমর্পণানন্তর গন্ধপুষ্পদ্বারা 'ওঁ আধারশক্ত্যাদিপদ্মাসনায় নমঃ' এই ক্রমে পূজা করিবে।

অনন্তর লক্ষ্মীদেবীকে নিম্নলিখিত মন্ত্রে তিনবার পুষ্পাঞ্জলি প্রদান করিবে। মন্ত্র যথা—

ওঁ নমস্তে সর্ব্বদেবানাং বরদাসি হরিপ্রিয়ে।
যা গতিস্ত্বৎ-প্রপন্নানাং সা মে ভূয়াত্ত্বদর্চ্চনাৎ॥

পরে প্রণাম করিবে। প্রণামের মন্ত্র যথা—

ওঁ বিশ্বরূপস্য ভার্য্যাসি পদ্মে পদ্মালয়ে শুভে।
সর্ব্বতঃ পাহি মাং দেবি মহালক্ষ্মি নমোঽস্তু তে॥

তুলসী, ঝিণ্টিকা ও কাঞ্চনপুষ্পে লক্ষ্মীর পূজা করিবে না এবং বাদ্যান্তর সত্ত্বে ঘণ্টা বাজাইবে না।

অতঃপর পাদ্যাদিদ্বারা ওঁ ইন্দ্রায় নমঃ, এই ক্রমে ইন্দ্রের পূজা করিয়া—

ওঁ বিচিত্রৈরাবতস্থায় ভাস্বৎকুলিশপাণয়ে।

পৌলোম্যালিঙ্গিতাঙ্গায় সহস্রাক্ষায় তে নমঃ॥

এই মন্ত্রে পুষ্পাঞ্জলিত্রয় প্রদান করিয়া প্রণাম করিবে। প্রণাম মন্ত্র যথা—

ওঁ ইন্দ্রস্তু মহসা দীপ্তঃ সর্ব্বদেবাধিপো মহান্।

বজ্রহস্তো মহাবাহুস্তস্মৈ নিত্যং নমো নমঃ॥

ওঁ কুবেরায় নমঃ, এই ক্রমে পূর্ব্ববৎ কুবেরের পূজা করিয়া প্রণাম করিবে। প্রণাম মন্ত্র যথা—

ওঁ ধনদায় নমস্তুভ্যং নিধিপদ্মাধিপায় চ।

ভবন্তু ত্বৎ-প্রসাদান্মে ধনধান্যাদিসম্পদঃ॥

পরে লক্ষ্মীস্তোত্র পাঠ করিবে।

অথ লক্ষ্মীস্তোত্রম্।

ঈশ্বর উবাচ। ত্রৈলোক্য-পূজিতে দেবি কমলে বিষ্ণুবল্লভে। যথা ত্বং সুস্থিরা কৃষ্ণে তথা ভব ময়ি স্থিরা। ঈশ্বরী কমলা লক্ষ্মীশ্চলা ভূতির্হরিপ্রিয়া। পদ্মা পদ্মালয়া সম্পৎ সৃষ্টিঃ শ্রীঃ পদ্মধারিণী। দ্বাদশৈতানি নামানি লক্ষ্মীং সংপূজ্য যঃ পঠেৎ। স্থিরা লক্ষ্মীর্ভবেত্তস্য পুত্রজায়াদিভিঃ সহ।

ইতি তন্ত্রসারে লক্ষ্মীস্তোত্রং সমাপ্তম্।

পরে অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্য সমাধান করিয়া দক্ষিণান্ত করিবে।

এই দিনে বালক, বৃদ্ধ ও আতুর ইহাদিগকে প্রসাদ প্রদান না করিয়া ভোজন করিবে না। নারিকেল এবং চিপিটক ব্রাহ্মণ ও বান্ধবদিগকে ভোজন করাইয়া স্বয়ং ভোজন করিবে। অক্ষক্রীড়াদিদ্বারা রাত্রি জাগরণ করিবে। কেহ কেহ দীপান্বিতা দিনে না করিয়া এই দিনেই দীপদান ও সুখরাত্রির প্রার্থনা মন্ত্র পাঠ করিয়া থাকেন। দীপদান মন্ত্র যথা—

অগ্নির্জ্যোতী রবির্জ্যোতিশ্চন্দ্রজ্যোতিস্তথৈব চ।

উত্তমঃ সর্ব্বজ্যোতিষাং দীপোঽয়ং প্রতিগৃহ্যতাম্॥

পরদিন প্রত্যূষে গোরোচনার দ্বারা তিলক করিয়া প্রদীপ বন্দনা করতঃ লক্ষ্মীসন্নিধানে প্রার্থনা করিবে। যথা—

ওঁ বিশ্বরূপস্য ভার্য্যাসি পদ্মে পদ্মালয়ে শুভে। মহালক্ষ্মি নমস্তুভ্যং সুখরাত্রিং কুরুষ্ব মে॥ বর্ষাকালে মহাঘোরে

যন্ময়া দুষ্কৃতং কৃতম্। সুখরাত্রিপ্রভাতেঽদ্য (সুখরাত্রিপ্রভাবেণ) তন্মে লক্ষ্মীর্ব্যপোহতু॥ যা লক্ষ্মীঃ সর্ব্বভূতানাং যা চ দেবেষ্ববস্থিতা। সংবৎসরপ্রিয়া যা চ সা সদাস্তু (মমাস্তু) সুমঙ্গলা॥ মাতা ত্বং সর্ব্বভূতানাং দেবানাং সৃষ্টিসম্ভবা। আয়াতা ভূতলে দেবি সুখরাত্রি নমোঽস্তু তে॥

শাস্ত্রাদিতে পূজান্তে হোম করিবার ব্যবস্থা আছে, কিন্তু আমরা লক্ষ্মী পূজায় কুত্রাপি তাহার ব্যবহার দেখি নাই। তবে মূর্ত্তিমতী প্রতিমা হইলে হোম করিবার প্রথা আছে। হোম করিতে হইলে পৌরাণিক বিধানে হোম করিবে। আর প্রতিমার চক্ষুর্দ্দান ও প্রাণপ্রতিষ্ঠা করিয়া লইবে এই মাত্র প্রভেদ। প্রাণপ্রতিষ্ঠার মন্ত্রাদি এই পুস্তকে (৪০ পৃঃ ২৭ পঃ) দেখিয়া লও।

ইতি কোজাগর লক্ষ্মীপূজা।

অথ রাসোৎসববিধি।

সায়ংসন্ধ্যাদি সমাপন পূর্ব্বক রাসস্থলে সঙ্কল্পিত কল্পবৃক্ষ-সমীপে উত্তরাভিমুখ হইয়া কুশাসনে উপবেশন পূর্ব্বক আচমন করিবে।

পরে সচন্দন পুষ্প লইয়া 'এতে গন্ধপুষ্পে ওঁ গণেশায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ নারায়ণায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ শিবাদিপঞ্চদেবতাভ্যো নমঃ, এতে গন্ধ-পুষ্পে ওঁ আদিত্যাদিনবগ্রহেভ্যো নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ ইন্দ্রাদি দশদিক্-পালেভ্যো নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ শ্রীগুরবে নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ সর্ব্বাভ্যো দেবীভ্যো নমঃ,—এই বলিয়া প্রত্যেককে একটী করিয়া পুষ্প নারায়ণশিলায় অর্পণ করিবে। তৎপরে স্বস্তিবাচন করিবে। যথা,—নয়টী * আতপতণ্ডুল হাতে লইয়া পাঠ করিবে—

ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ শ্রীভগবদ্রাধাকৃষ্ণস্য রাসোৎসবকর্ম্মণি ওঁ পুণ্যাহং ভবন্তোঽধিব্রুবন্তু,—ওঁ পুণ্যাহম্ ওঁ পুণ্যাহম্ ওঁ পুণ্যাহম্।

হস্তস্থিত চাউলগুলি তাম্রাদিপাত্রে ক্ষেপণ করিয়া পুনরায় তণ্ডুল গ্রহণপূর্ব্বক পাঠ করিবে।

---

* স্বস্তিবাচনিকে কার্য্যে গৃহীত্বা নবতণ্ডুলান্। ত্রয়ং কৃত্বা ত্রয়ং কৃত্বা ত্রয়ং কৃত্বা ক্ষিপেদ্‌বুধঃ।

ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ শ্রীভগবদ্‌রাধাকৃষ্ণস্য রাসোৎসবকর্ম্মণি ওঁ স্বস্তি ভবন্তোঽধিব্রুবন্তু—ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি।

ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ শ্রীভগবদ্‌রাধাকৃষ্ণস্য রাসোৎসবকর্ম্মণি ওঁ ঋদ্ধিং ভবন্তোঽধিব্রুবন্তু—ওঁ ঋধ্যতাম্ ওঁ ঋধ্যতাম্ ওঁ ঋধ্যতাম্।

তণ্ডুলগুলি ছড়াইয়া দিয়া পুনরায় তণ্ডুল গ্রহণানন্তর স্বস্তিসূক্ত পাঠ করিবে। স্বস্তিসূক্ত ও সঙ্কল্পসূক্ত বেদভেদে বিভিন্ন, কর্ম্মকর্ত্তার বেদ অনুসারে উহা পাঠ করিতে হয়। যথা,—কর্ত্তা যজুর্ব্বেদী হইলে—

ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ। স্বস্তি নস্তার্ক্ষ্যো অরিষ্টনেমিঃ স্বস্তি নো বৃহস্পতির্দধাতু—ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি।

সামবেদী হইলে 'ওঁ সোমং রাজানম্' ইত্যাদি, ঋগ্বেদী হইলে "ওঁ স্বস্তি নো মিমীতা" ইত্যাদি মন্ত্র পাঠপূর্ব্বক তণ্ডুলাদি ছড়াইয়া দিয়া, হাত যোড় করিয়া পাঠ করিবে। এই মন্ত্র সকল-বেদীর পাঠ্য, যথা—

ওঁ সূর্য্যঃ সোমো যমঃ কালঃ সন্ধ্যে ভূতান্যহঃ ক্ষপা। পবনো দিক্‌পতির্ভূমিরাকাশং খচরামরাঃ। ব্রাহ্মং শাসনমাস্থায় কল্পধ্বমিহ সন্নিধিম্। ওঁ তৎসৎ, অয়মারম্ভঃ শুভায় ভবতু।

কুশীতে করিয়া তিল, তুলসী, জল, ত্রিপত্র ও একটা ফল লইয়া সঙ্কল্প করিবে। মন্ত্র যথা—

বিষ্ণুরোম্ তৎসদদ্য কার্ত্তিকে মাসি শুক্লে পক্ষে পৌর্ণমাস্যান্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীরাধাকৃষ্ণপ্রীতিকামঃ শ্রীরাধাকৃষ্ণস্য রাসোৎসবকর্ম্মণি কল্পিতনানাপুষ্পাদিরচিত-কল্পিতকল্পবৃক্ষ— প্রতিষ্ঠাঙ্গভূতগণপত্যাদিনানাদেবতাপূজাপূর্ব্বক-শ্রীরাধাকৃষ্ণপূজামহং করিষ্যে।

পূজক স্বয়ং কর্ত্তা না হইলে, অর্থাৎ যাঁহার পূজা তিনি যদি না করিয়া পুরোহিত কিম্বা অন্য কেহ পূজা করেন, তবে—'অমুকগোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা'—এই স্থলে 'অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ' এইরূপ বলিবেন। আর যদি স্ত্রীলোকের নামে সঙ্কল্প হয় এবং তিনি যদি নিজে করেন, তবে

"অমুকগোত্রা শ্রীঅমুকী দেবী" এইরূপ বলিবেন। আর তাঁহার প্রতিনিধিতে করিলে, কিম্বা পুরোহিত করিলে "অমুকগোত্রায়াঃ শ্রীঅমুকী দেব্যাঃ" এইরূপ বলিবেন। সঙ্কল্পের সর্ব্বত্রই এই নিয়ম, ইহা মনে রাখিতে হইবে, কেন না—আমরা সর্ব্বত্রই—অর্থাৎ যেখানে অন্য কোন বিশেষ নিয়ম নাই, সেখানে নিজকর্ত্তার অনুরূপ মন্ত্র লিখিয়া যাইব। কিন্তু ঘটনাযোগ্যরূপে তাঁহারা এইরূপে সঙ্কল্প করিবেন।

পরে কুশীর জলটুকু জল ফেলিবার পাত্রে ফেলিয়া দিয়া অন্যান্য দ্রব্য সমেত কুশীখানি স্ববামে উপুড় করিবে এবং গুটিকয়েক আতপতণ্ডুল তদুপরি ছড়াইয়া মন্ত্র পড়িবে—"ওঁ অস্তু সঙ্কল্পিতার্থস্য সিদ্ধিরস্তু।" তৎপরে হাত যোড় করিয়া সামবেদী হইলে এই মন্ত্র পাঠ করিবে,—

ওঁ দেবো বো দ্রবিণোদাঃ পূর্ণাং বিবষ্ট্বাসিচম্।
উদ্বা সিঞ্চধ্বমুপ বা পৃণধ্বমাদিদ্বো দেব ওহতে॥

যজুর্ব্বেদী হইলে "ওঁ যজ্জাগ্রতোদূরম্" ইত্যাদি আর ঋগ্বেদী হইলে "ওঁ যা গুংগূর্য্যা সিনীবালী" ইত্যাদি সঙ্কল্পসূক্ত পাঠ করিবে।

অতঃপর পূজক যে আসনে উপবেশন করিয়া পূজা করিবেন, তাহার শুদ্ধি করিতে হইবে। স্বীয় দক্ষিণ পার্শ্বে আসনের নিম্নে মৃত্তিকাতে একটী ত্রিকোণ মণ্ডল করিয়া "এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং আধারশক্তি-কমলাসনায় নমঃ" এই মন্ত্রে একটী ফুল দিয়া বলিবেন,—

আসনমন্ত্রস্য মেরুপৃষ্ঠঋষিঃ সুতলং ছন্দঃ কূর্ম্মো দেবতা আসন-পরিগ্রহণে বিনিয়োগঃ। ওঁ পৃথ্বি ত্বয়া ধৃতা লোকা দেবি ত্বং বিষ্ণুনা ধৃতা। ত্বঞ্চ ধারয় মাং নিত্যং পবিত্রং কুরু চাসনম্।

ইহা পাঠ করিয়া আসনের দশদিকে আতপতণ্ডুল বিকিরণ করিয়া স্বস্তিকাদিক্রমে উপবেশন করিবে। অতঃপর হাতযোড় করিয়া,—

ওঁ গুরুভ্যো নমঃ, ওঁ পরমগুরুভ্যো নমঃ, ওঁ পরাপরগুরুভ্যো নমঃ, ওঁ পরমেষ্ঠিগুরুভ্যো নমঃ। দক্ষিণে ওঁ গণেশায় নমঃ। মধ্যে ওঁ অমুক-দেবতায়ৈ নমঃ। *

---

* যে দেবতার যখন পূজা করিবে, এস্থলে তাঁহারই নাম করিতে হইবে।

অতঃপর সামান্যার্ঘ্যাদি স্থাপন করিয়া গণেশ, শিবাদি পঞ্চদেবতা, আদিত্যাদি নবগ্রহ, ইন্দ্রাদি দশদিক্‌পাল প্রভৃতি দেবতাগণের পূজা সমাপ্ত করিয়া মাতৃকান্যাস, তদনন্তর "ক্লীং" এই মন্ত্রদ্বারা প্রাণায়াম করিয়া ভূতশুদ্ধি করিবে, তদনন্তর ঋষ্যাদিন্যাস করিবে। যথা—

অস্য শ্রীকৃষ্ণমন্ত্রস্য নারদঋষির্ব্বিরাট্ ছন্দঃ শ্রীকৃষ্ণো দেবতা ক্লীং বীজং স্বাহা শক্তিঃ দুর্গাদেবী কীলকং পুরুষার্থ-সিদ্ধয়ে বিনিয়োগঃ। শিরসি নারদঋষয়ে নমঃ, মুখে বিরাট্ ছন্দসে নমঃ. হৃদি রাধাকৃষ্ণাভ্যাং নমঃ, গুহ্যে ক্লীং বীজায় নমঃ, পাদয়োঃ স্বাহা শক্তয়ে নমঃ, সর্ব্বাঙ্গে মন্ত্রাধিষ্ঠাত্র্যৈ দুর্গায়ৈ নমঃ।

শুদ্ধকালের ভাদ্র-শুক্লাষ্টমীতে এই ব্রত আরম্ভপূর্ব্বক প্রতি বর্ষের ভাদ্র শুক্লাষ্টমীতে ব্রত করিয়া, নবমবর্ষে প্রতিষ্ঠা করিতে হয়।

পূর্ব্বদিন সংযম করিয়া, অষ্টমীতে ব্রত-পূজা, কথা শ্রবণ ও ডোরধারণাদি করিয়া দেবপ্রসাদ পায়স, পিষ্টক, ব্রাহ্মণ ও বন্ধুবান্ধবগণকে ভোজন করাইয়া অবশিষ্ট অংশ ভোজন করিবে।

এই ব্রতে খর্জ্জুর, নারিকেল ও গুবাক, দ্রাক্ষা, বকুল, নারাঙ্গালেবু, জম্বীর-লেবু ও দাড়িম্ব এই অষ্ট ফল দিতে হয়। এতদভাবে আমলকী, কদ্‌বেল, লকুচ (মাদার ফল) প্রভৃতি অন্যান্য ফলেও হয়।

ব্রতকাল-ব্যবস্থা।

দূর্ব্বাষ্টমী—সা তু শুক্লাপি পূর্ব্বযুতা গ্রাহ্যা।

ভাদ্রমাসের শুক্লপক্ষীয়া অষ্টমীকে দূর্ব্বাষ্টমী কহে। তাহা পূর্ব্বযুক্তা গ্রাহ্যা।

শ্রাবণী দৌর্গনবমী দূর্ব্বা চৈব হুতাশনী। পূর্ব্ববিদ্ধৈব কর্ত্তব্যা শিবরাত্রি-বলের্দ্দিনম্ ॥

দুর্গানবমী, দূর্ব্বাষ্টমী, রম্ভাতৃতীয়া, শিবরাত্রি ও দ্যূতপ্রতিপৎ ইহারা পূর্ব্ব-বিদ্ধা কর্ত্তব্য অর্থাৎ পূর্ব্বতিথিযুক্তাই গ্রহণীয়া।

পূজাপদ্ধতি।—স্বস্তিবাচনাদি করিয়া সঙ্কল্প করিবে।

বিষ্ণুর্নমোঽদ্য ভাদ্রে মাসি শুক্লে পক্ষে অষ্টম্যান্তিথাবারভ্য অমুকগোত্রা শ্রীঅমুকী দেবী ঐহিকসুখসৌভাগ্যপুত্রপৌত্রাদি-বিস্তার-মর্ত্ত্যলোকাধিকরণক-স্থিরস্থিতি—পারত্রিকানবচ্ছিন্নস্বর্গবাস-কামা (শ্রীবিষ্ণুপ্রীতিকামা বা) গণপত্যাদিনানাদেবতা-

পূজাপূর্ব্বকং দূর্ব্বাসহিত-বিষ্ণুপূজাপূর্ব্বক-যথোক্তবিধিনা অষ্টবর্ষ-সাধ্য-দূর্ব্বাষ্টমীব্রতমহং করিষ্যে।

ব্রত গ্রহণের বৎসর হইলে, যিনি ব্রত লইবেন, তাঁহারই দ্বারা সঙ্কল্প করাইয়া পুরোহিত সঙ্কল্পসূক্তাদি পাঠ করিবেন। যাঁহার ব্রত তিনি কৃতাঞ্জলি হইয়া "ইদং ব্রতং ময়া দেব" (২২৫ পৃঃ) মন্ত্র পাঠ করিবেন।

অতঃপর সামান্যার্ঘ্য, আসনশুদ্ধি, অঙ্গন্যাস, করন্যাসাদি করিয়া, গণেশ, শিবাদিপঞ্চদেবতা, আদিত্যাদিনবগ্রহ, ইন্দ্রাদিদশদিক্‌পাল প্রভৃতি দেবতাগণের পূজা করিবে। পরে বিষ্ণুর পূজা করিবে। বিষ্ণুধ্যান (২১৯ পৃঃ) দেখ। অনন্তর আবরণপূজা (২২৫ পৃঃ) পূর্ব্বক লক্ষ্মীপূজা করিয়া দূর্ব্বাপূজা করিবে।

দূর্ব্বার ধ্যান।—ওঁ দূর্ব্বাং বিষ্ণুতনূরুহাং শ্যামাং সর্ব্বকামফলপ্রদাম্। সৌভাগ্যসন্ততিকরীং ধনধান্যবিবর্দ্ধিনীম্॥

মন্ত্র।—ত্বং দূর্ব্বেঽমৃতনামাসি বন্দিতাসি সুরাসুরৈঃ। সৌভাগ্যসন্ততিং দত্ত্বা সর্ব্বকার্য্যকরী ভব। যথা শাখাপ্রশাখাভির্বিস্তৃতাসি মহীতলে। তথা মমাপি সন্তানং দেহি ত্বমজরামরম্।

এই মন্ত্র পাঠ করিয়া তৎপরে "ওঁ দূর্ব্বায়ৈ নমঃ" এই মন্ত্র উচ্চারণপূর্ব্বক দুগ্ধদ্বারা দূর্ব্বার স্নান করাইয়া ঐ মন্ত্রে ষোড়শ উপচারে বা দশ উপচারে দূর্ব্বার পূজা করিয়া উক্ত মন্ত্র পাঠ করতঃ আটগাছি দূর্ব্বার সহিত হরিদ্রাক্ত ডোরক বামহস্তে বন্ধনপূর্ব্বক ভোজ্যোৎসর্গ করিয়া কথা শ্রবণ করিবে।

ব্রত-কথা।—ভবিষ্যোত্তরে। একদা তু সমাসীনং কৃষ্ণং কমললোচনম্। পপ্রচ্ছ পরয়া ভক্ত্যা ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ॥ কেনোপায়েন ভগবন্ সন্তানং বর্দ্ধতে স্ত্রিয়াঃ। কথং বা লভতে মোক্ষং তন্মে ব্রূহি জনার্দ্দন॥ শ্রীকৃষ্ণ উবাচ। মাসি ভাদ্রপদে চৈব শুক্লাষ্টম্যাং যুধিষ্ঠির। দূর্ব্বাষ্টমীব্রতং পুণ্যং যা করোতি পতিব্রতা॥ ন তস্যাঃ ক্ষয়মাপ্নোতি সন্তানং সাপ্তপৌরুষম্। নন্দতে বর্দ্ধতে নিত্যং যথা দূর্ব্বা তথা কুলম্॥ যুধিষ্ঠির উবাচ। কুত এষা সমুৎপন্না কস্মাদ্দূর্ব্বা চিরায়ুষী। কস্মাদ্বন্দ্যা পবিত্রা চ লোকে ধন্যা মহীতলে। কেন বা তদ্ব্রতং দেব চরিতং কেন হেতুনা॥ শ্রীকৃষ্ণ উবাচ। ক্ষীরোদ-সাগরে পূর্ব্বং মথ্যমানেঽমৃতার্থিনা। বিষ্ণুনা বাহুজঙ্ঘাভ্যাং বিধৃতো মন্দরো গিরিঃ॥

তেন বেগেন লোমানি ঘর্ষিতানি পতন্তি বৈ। তান্যেতানি জলোর্ম্মিভিরুৎক্ষিপ্তানি তটেঽর্ণবাৎ॥ অজায়ত শুভা দূর্ব্বা রম্যা হরিতশাদ্বলা। এবমেষা সমুৎপন্না দূর্ব্বা বিষ্ণুতনূরুহা॥ তস্যাশ্চোপরি বিন্যস্তং মথিত্বামৃতমুত্তমম্। দেবদানব-গন্ধর্ব্ব-সিদ্ধবিদ্যাধরোরগৈঃ॥ ততশ্চামৃতকুম্ভস্য পেতুর্নিস্যন্দবিন্দবঃ। তৈঃ সংস্পৃষ্টা তদা দূর্ব্বা জাতা চৈবাজরামরা॥ বন্দ্যা পবিত্রা দেবৈস্তু বন্দিতাভ্যর্চ্চিতা তথা। অষ্টম্যাং ফলপুষ্পৈশ্চ খর্জ্জুরৈর্নারিকেলকৈঃ॥ দ্রাক্ষামোদকপূগৈশ্চ কর্পূরৈর্ব্বকুলৈস্তথা। নাগরঙ্গৈশ্চ জম্বীরৈর্বীজপূরৈশ্চ দাড়িমৈঃ॥ দধ্যক্ষতৈশ্চ অন্তিশ্চ ধূপনৈবেদ্যদীপকৈঃ। মন্ত্রেণানেন রাজেন্দ্র শৃণুষ্বাবহিতো মম॥ ত্বং দূর্ব্বেঽমৃতনামাসি বন্দিতাসি সুরাসুরৈঃ। সৌভাগ্য-সন্ততিং দত্ত্বা সর্ব্বকার্য্যকরী ভব॥ যথা শাখাপ্রশাখাভির্বিস্তৃতাসি মহীতলে। তথা মমাপি সন্তানং দেহি ত্বমজরামরম্॥ এবমেষা পুরা পার্থ পূজিতা ত্রিদশোত্তমৈঃ। তেষাং পত্নীবধূভিশ্চ ভগিনীভিস্তথৈব চ॥ পূজিতা চ তথা শচ্যা গৌর্য্যা রত্যা শ্রিয়া তথা। সরস্বত্যা গঙ্গয়া চ দিত্যাদিত্যা চ মেনয়া॥ বিন্ধ্যাবত্যা দেববত্যা দময়ন্ত্যা সুশীলয়া। তিলোত্তমা-ঘৃতাচীভ্যাং রম্ভয়া মিশ্রকেশয়া॥ মজ্জনন্ত্যা চ দেবক্যা তথৈব মুনিজাদিভিঃ। স্ত্রীভিরভ্যর্চ্চিতা দূর্ব্বা সৌভাগ্যসুখদায়িনী॥ স্নাতাভিঃ শুচিবস্ত্রাভিরর্চ্চিতা বহুভির্জ্জনৈঃ। দত্ত্বা পিষ্টানি বিপ্রেভ্যঃ ফলং হি বিবিধং তথা॥ অষ্টগ্রন্থিসমাযুক্তং করে বদ্ধা সুডোরকম্। তিলপিষ্টানি গোধূমধান্যপিষ্টানি পাণ্ডব॥ ভোজয়িত্বা সুহৃন্মিত্রং সম্বন্ধিস্বজনং তথা। ততো ভুঞ্জীত তচ্ছেষং স্বয়ং শ্রদ্ধাসমন্বিতা॥ এবং কুর্ব্বন্তি যা নার্য্য অষ্টমীব্রতমুত্তমম্। তাঃ সর্ব্বাঃ সুখসৌভাগ্য-পুত্রপৌত্রাদিভিস্তথা॥ মর্ত্ত্যলোকে চিরং স্থিত্বা ততঃ স্বর্গমবাপ্নুয়ুঃ। বসন্তি রমমাণাশ্চ যাবদাহূতসংপ্লবম্॥ মেঘাবৃতেঽম্বরতলে হরিতে বনান্তে প্রাপ্যাষ্টমীং সুফলদাং প্রমদা নভস্যে। দূর্ব্বাং তথাক্ষততিলৈঃ প্রতিপূজয়েয়ুস্তাঃ প্রাপ্নুয়ুঃ সকলসন্ততিবৃদ্ধিমৃদ্ধিম্॥

ইতি ভবিষ্যপুরাণে দূর্ব্বাষ্টমী ব্রতকথা সমাপ্তা।

অনন্তর দক্ষিণান্ত ও অচ্ছিদ্রাবধারণ করিয়া কর্ম্ম সমাপন করিবে।

অথ রাধাষ্টমী।

ভাদ্রে মাসি সিতে পক্ষে অষ্টমী যা তিথির্ভবেৎ। তস্যাং বিশাখানক্ষত্রে দিনার্দ্ধেঽভিজিতে ক্ষণে॥ ইত্থং শ্রীরাধিকাদেবী আবির্ভূতা ধরাতলে। অস্যামেব তিথৌ রাধাং পূজয়িত্বা ময়া সহ॥ নানোপহারৈর্নৈবেদ্যৈর্ব্বস্ত্রালঙ্কার-

ভূষণৈঃ। পরেঽহ্নি পারণং কুর্য্যুর্বৈষ্ণবৈঃ সহ বৈষ্ণবাঃ॥ ইত্থং তে কথিতং বিপ্র পুণ্যং রাধাষ্টমীব্রতম্। রাধিকা-প্রীতিজননং মৎপ্রসাদস্থ কারণম্॥ রাধিকায়াং প্রসন্নায়াং সুতরাং মৎপ্রসন্নতা॥ ইতি নারদং প্রতি শ্রীকৃষ্ণবাক্যম্।

ভাদ্রমাসের শুক্লপক্ষীয়া অষ্টমী তিথিতে বিশাখানক্ষত্রে, দিবসের অর্দ্ধ-ভাগে অভিজিৎক্ষণে * শ্রীরাধিকাদেবী ধরাতলে জন্মগ্রহণ করেন। ভগবান শ্রীকৃষ্ণদেব নারদকে বলিতেছেন, ঐ দিনে বৈষ্ণবগণ বৈষ্ণবগণের সহিত বিবিধ উপহার, নৈবেদ্য ও বস্ত্রালঙ্কারাদি দ্বারা রাধিকার পূজা করিবে। তাহাতে রাধিকার অত্যন্ত প্রীতি হয়, রাধিকা প্রসন্না হইলে আমিও অত্যন্ত সন্তুষ্ট হইয়া থাকি।

রাধাষ্টমীর দিন উপবাসী থাকিয়া মধ্যাহ্নে পূজা উৎসবাদি (কাদামাটি প্রভৃতি খেলা) করিবে এবং তার পরদিবস পারণ করিবে।

পূজাবিধি।—স্বস্তিবাচনাদি করিয়া সঙ্কল্প করিবে। যথা—

বিষ্ণুরোম্ তৎসদদ্য ভাদ্রে মাসি শুক্লে পক্ষে অষ্টম্যান্তিথৌ, অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীরাধাপ্রীতিকামো রাধা-কৃষ্ণপূজা-তৎকথা-শ্রবণরূপ-রাধাষ্টমীব্রতমহং করিষ্যে।

অনন্তর সঙ্কল্প সূক্তাদি পাঠ করিয়া, যথাশক্তি ন্যাসাদি করণানন্তর গণেশ, শিবাদি পঞ্চদেবতা, আদিত্যাদি নবগ্রহ, ইন্দ্রাদিদশদিক্পাল প্রভৃতি দেবতা-গণকে পাদ্য অর্ঘ্যাদি দ্বারা পূজাপূর্ব্বক রাধিকার ধ্যান পাঠ পুরঃসর ষোড়শো-পচারে পূজা করিবে।

রাধিকার ধ্যান—**অমল-কমল-কান্তিং নীলবস্ত্রাং সুকেশীং শশধরসমবক্ত্রাং খঞ্জনাক্ষীং মনোজ্ঞাম্। স্তনযুগগত-মুক্তাদাম-দীপ্তাং কিশোরীং, ব্রজপতি-সুতকান্তাং রাধিকামাশ্রয়েঽহম্॥**

পূজান্তে যথাশক্তি জপ করিয়া "গুহ্যাতিগুহ্য" মন্ত্রে জপ সমর্পণপূর্ব্বক রাধিকার প্রণাম করিবে। প্রণামমন্ত্র—

রাধাং রাসেশ্বরীং রম্যাং স্বর্ণ-কুণ্ডল মণ্ডিতাম্।
বৃষভানুসুতাং দেবীং তাং নমামি হরিপ্রিয়াম্॥

* অভিজিৎনক্ষত্র কর্তৃক দৃষ্টা।

অতঃপর শ্রীশ্রীকৃষ্ণদেবের ষোড়শোপচারে বা দশোপচারে পূজা করিবে।

অনন্তর—চন্দ্রাবলী, রতিমঞ্জরী, শ্যামলা, শশিকলা, চিত্রা, সুমুখী, ললিতা, বিশাখা, মদনসুন্দরী, সুদেবী, অধিদেবী, চম্পকলতা, তুঙ্গবিদ্যা, শশিরেখা, হরিপ্রিয়া, পদ্মা, সব্যা, ভদ্রা—রাধিকাদেবীর এই সখীগণের এবং কীর্ত্তিদা, বৃষভানু, নন্দ, যশোদা, বিপ্রকুণ্ড, নিকুঞ্জ ও মাধবীতল প্রভৃতির যথাশক্তি-পূজাপূর্ব্বক ভোজ্যোৎসর্গ করিয়া কথা শ্রবণ করিবে।

ব্রত-কথা।—মুনয় উচুঃ। আরাধনানাং সর্ব্বেষাং কৃষ্ণারাধনমুত্তমম্। অতোঽপ্যধিকমপ্যন্যারাধনং চেদ্বদস্ব নঃ॥ শ্রীসূত উবাচ। শৃণুধ্বং মুনয়ঃ সর্ব্বে ব্রতমেতৎ সুগোপিতম্। কৃষ্ণনারদসংবাদং যৎ শ্রুত্বা ভক্তিমান্ ভবেৎ॥ নারদ উবাচ। শ্রুতাঃ সর্ব্বাবতারাস্তে কৃষ্ণ কৃষ্ণ সনাতন। রাধিকায়া মহাদেব্যাঃ প্রাদুর্ভাবং বদস্ব মে॥ ন চাস্য ধরণীভারলাঘবো হেতুরিষ্যতে। বৃষভানু-রসৌ পূর্ব্বং কিং তেপে পরমং তপঃ॥ কো বায়ং কস্য তনয়ঃ কেন জাতো মহাবনে। যদ্গৃহে রাধিকা নিত্যা পরমা প্রেয়সী তব॥ সর্ব্বলক্ষ্মীময়ী দেবী পরা চিচ্ছক্তিরূপিণী। প্রাদুর্ভূতা জগন্নাথ তন্মে কথয় সুব্রত॥ ত্বদ্দাসদাস-দাসোঽহং খ্যাতো জগতি নারদঃ॥ এতচ্ছ্রুত্বা মুনের্ব্বাক্যং প্রসন্নঃ প্রাহ কেশবঃ। স্নিগ্ধগম্ভীরয়া বাচা প্রহসন্ মুনিপুঙ্গবম্॥ শ্রীকৃষ্ণ উবাচ। শৃণু-ষ্বাবহিতো ব্রহ্মন্ কথামেতাং পুরাতনীম্। জীবন্মুক্তোঽসি ভক্তোঽসি তেন ত্বাং কথয়াম্যহম্॥ নাভক্তায়াশ্যভক্তায় কথামেতাং প্রকাশয়॥ প্রকাশাৎ ক্ষয়-মাপ্নোতি সত্যং সত্যং বদাম্যহম্॥ একদা ভাস্করো দেবো যদৃচ্ছাক্রমতো ভ্রমন্। কাশ্যপীং শ্রিয়মালোক্য চক্রে তপসি মানসম্॥ মন্দরাদ্রিং সমাসাদ্য সর্ব্বভোগবিবর্জ্জিতঃ। দিব্যবর্ষসহস্রাণি তপস্তেপে সুদুষ্করম্॥ সম্যঙ্ নিরুদ্ধ-পবন ঊর্দ্ধপাদো হ্যধঃশিরাঃ। অথেন্দ্রো ভয়সন্ত্রস্তঃ সর্ব্বদেবসমন্বিতঃ॥ মমান্তিকং সমাগম্য তত্তদ্বৃত্তং ন্যবেদয়ৎ। অস্যান্যৎ কারণং জ্ঞাত্বা দেবাংস্তানহমব্রুবম্॥ গচ্ছধ্বমমরাঃ সর্ব্বে ভয়ং বো মাস্তু ভানুতঃ। অহমস্য মনোবৃত্তিং জানাম্যতি সুদুষ্করম্॥ ময়ৈবৈতৎ-প্রতিবিধিঃ কর্ত্তব্যো নাত্র সংশয়ঃ। ইতি শ্রুত্বা ততো দেবাঃ স্বং স্বমাবাসমাগতাঃ॥ নিশ্চিন্তাঃ স্বস্বকর্ম্মাণি চক্রুঃ কৌতূহলান্বিতাঃ। অহন্তু গরুড়ারূঢ়ঃ পীতবাসাঃ সমাগতঃ॥ তত্র ভানুর্ম্মহাযোগী তপস্তপতি দুষ্করম্। অথ ভানুঃ পরং রূপং মমৈবাস্য মনোগতম্॥ বহির্দৃষ্ট্বা পরানন্দনিমগ্নো মা-মথাব্রবীৎ। ত্বত্তোঽহং পরিপূর্ণার্থো জীবনং সফলং মম॥ অদ্য মে সফলং জন্ম অদ্য মে সফলং তপঃ। অদ্য মে সফলং জ্ঞানং প্রভোস্তব প্রদর্শনাৎ॥ বিরিঞ্চি-

বিষ্ণু-রুদ্রাণাং ধ্যেয়স্ত্বং হি গদাধর। সৃষ্টিস্থিতিলয়ানাং হি হেতুস্ত্বমসি বিশ্বধৃক্॥ অকিঞ্চনপ্রেমলভ্যো ভক্তানামভয়ঙ্করঃ। ইত্যুক্তবন্তং তং ভানুমাহ দামোদরো হসন্। বরং বরয় ভদ্র ত্বং তপঃসিদ্ধোঽসি ভাস্কর॥ ত্বদ্ভক্ত্যা তপসা চাপি বরদোঽহমিহাগতঃ। এষোঽহং ভক্তিহীনেন দ্রষ্টুং শক্যঃ কদাপি ন॥ নাতপ্ত-তপসা বাপি নিন্দুকেন দুরাত্মনা॥ ইত্যুক্তো ভাস্করো হৃষ্ট আনন্দাশ্রুপরিপ্লুতঃ। প্রোবাচ প্রাঞ্জলির্ভূত্বা মাং প্রণম্য পুনঃ পুনঃ॥ শ্রীভাস্কর উবাচ। যদ্যহং ত্বদনুগ্রাহ্যো বরদো যদি বা ভবান্। অপত্যং গুণসঙ্কীর্ণং দত্ত্বা তদ্বশগো ভব॥ শ্রীসূত উবাচ। ইত্যুক্তো ভাস্করেণাসৌ হরির্ধ্যানপরায়ণঃ। স্নিগ্ধগম্ভীরয়া বাচা প্রীণয়ন্ প্রাহ ভাস্করম্॥ এবমেব তবাপত্যং ভবিষ্যতি ন সংশয়ঃ। অকিঞ্চনেভ্যো ভক্তেভ্যো নাদেয়ং বিদ্যতে মম॥ বৃতস্তপঃপ্রভাবেণ ভবতা দুষ্করো বরঃ॥ স নাস্তি ত্রিষু লোকেষু যস্য তিষ্ঠাম্যহং বশে। বিনা রাধাং প্রিয়তমাং প্রাণেভ্যোঽপি গরীয়সীম্॥ অহং নিত্যং তদ্বশগঃ সাচ মে বশবর্ত্তিনী। আবয়োরন্তরং নাস্তি সত্যমেতদ্ব্রবীমি তে॥ কিন্তু ভূভারহারায় ধর্ম্মসংস্থাপনায় চ। প্রকটেচ্ছাবিহারায় ভক্তানাং সুখহেতবে॥ কৃত্বা প্রকটরত্যর্থং শ্রীবৃন্দাবন-মুত্তমম্। বৃন্দাবনং যৎ প্রকটং দৃশ্যং তৃষিতচক্ষুষাম্॥ তত্রাবির্ভাবমাসাদ্য পরিবারসমন্বিতঃ। হরিষ্যামি ধরাভারং ভূত্বা নন্দস্য নন্দনঃ॥ সার্দ্ধমংশাব-তারেণ গোপপালৈকপালকঃ। আভীরবংশপ্রভবো ভক্তিপ্রীতি-রতিপ্রদঃ॥ তত্র ত্বমপি জায়েথাঃ গোকুলে মানবোপমঃ। বৃষভানুরিতি খ্যাতো মহদৈশ্বর্য্য-মাশ্রিতঃ॥ তবৈষা রাধিকা দেবী পুত্রী ভূত্বা জনিষ্যতি। যৎপাদসেবয়া ভক্তা-স্তরিষ্যন্তি ভবার্ণবম্॥ অনায়াসেন যাস্যন্তি মুনীনাং বশবর্ত্তিনঃ॥ যস্যা নয়ন-কোণৈকদেশে দেহবশে স্থিতঃ। হাসপ্রসাদমিচ্ছামি পানীয়মিব চাতকঃ॥ ইত্যুক্ত্বা তং সমাশ্বাস্য তত্রৈবান্তরধীয়ত॥ শ্রীসূত উবাচ॥ অথ মাথুর-ভূখণ্ডে প্রাদুর্ভূতে জগদ্গুরৌ। নন্দে পিতরি তত্রৈব ভাস্করো ভক্তি তৎপরঃ॥ বৃষ-ভানুরিতি খ্যাতো জজ্ঞে বৈশ্যকুলোদ্ভবঃ। সর্ব্বসম্পত্তিসম্পন্নঃ সর্ব্বধর্ম্মপরায়ণঃ॥ উবাহ কীর্ত্তিদানাম্নীং গোপকন্যামনিন্দিতাম্। সর্ব্বলক্ষণসম্পন্নাং প্রতপ্তকনক-প্রভাম্॥ বৃষভানোর্মহাভক্ত্যা কীর্ত্তিদায়াস্তপোবলাৎ। অস্মাদ্বিনয়বাহুল্যাত্তৎকন্যা রাধিকাভবৎ॥ ভাদ্রে মাসি সিতে পক্ষে অষ্টমী যা তিথির্ভবেৎ। তস্যাং বিশাখা নক্ষত্রে দিনার্দ্ধেঽভিজিতে ক্ষণে॥ রাজলক্ষণসম্পন্নাং কীর্ত্তিদাসূত কন্যকাম্। অতীব সুকুমারাঙ্গীং সিতরশ্মিসমপ্রভাম্॥ ত্রৈলোক্যাদ্ভুতসৌন্দর্য্যাং দোষ-নির্ম্মুক্তবিগ্রহাম্। শ্রুত্বা চানন্দিতা গোপা দধিক্ষীরাদিপাণয়ঃ॥ কন্যাং দৃষ্ট্বাপূর্ব্ব-

রূপাং হ্বষিতা বিস্ময়ান্বিতাঃ। দাস্যো দাসাশ্চ ধাবন্তঃ কথয়ন্তি স্ম সর্ব্বতঃ। হরিদ্রা-চূর্ণ-দধিভিঃ সিঞ্চন্তশ্চ পরস্পরম্। গোপাঃ পরমসংহৃষ্টাশ্চক্রুস্তে পরমাশিষম্॥ গোপ্যশ্চ সম্ভ্রমাদেত্য কন্যাং বীক্ষন্তি বিস্মিতাঃ। ধন্যা চেয়ং কীর্ত্তিদেতি প্রশশংসুঃ পরস্পরম্॥ বৃষভানুর্ম্মহাহৃষ্টো দদৌ দানানি ভূরিশঃ। মহামহোৎসবং চক্রু-র্গোপ্যো হৃষ্টা গৃহে গৃহে॥ নন্দাত্মজোঽহমভবং যথা তৎপূর্ব্বমীরিতম্। ইত্থং শ্রীরাধিকাদেবী প্রাদুর্ভূতা ধরাতলে॥ মন্মায়ামোহিতমতির্নাত্মানং বেত্তি কর্হিচিৎ॥ মামেব পতিমিচ্ছন্তী ভানুপূজাং দিনে দিনে। করোতি সখীভিঃ সার্দ্ধং পুণ্যে গোবর্দ্ধনে গিরৌ॥ বৃষভানুর্দদৌ কন্যাং রাধাং মত্বাভিমন্যবে। মন্মায়াকল্পিতং তচ্চ ন বেত্তীয়মপি স্ফুটম্॥ অন্যে কুতো বা জানন্তি মম মায়াবিজৃম্ভিতম্॥ তদৈষা পরকীয়াহমিতি মত্বা মনস্বিনী। ভীতা গুরুভ্যো রহসি ময়া ক্রীড়তি নিষ্কুটৈঃ॥ পরভাবেন যঃ সঙ্গস্তচ্চাতীব সুখং মিথঃ। ময়ৈব কল্পিতং তচ্চ যোগমায়াবলম্বিনা॥ দাহশক্তির্যথা বহ্নেস্তথৈষা মম বল্লভা। অনয়া সহ বিচ্ছেদঃ ক্ষণমাত্রং ন বিদ্যতে॥ তথাচ রসপোষায় প্রকটস্যানু-সারতঃ। করোমি লীলামতুলাং যোগাযোগবিবর্দ্ধিতাম্॥ ইতি কৃষ্ণমুখাদ্ বৃত্তমদ্ভুতং রোমহর্ষণম্। শ্রুত্বা ভাবসমাবিষ্টঃ কেশবং পুনরূচিবান্॥ শ্রীনারদ উবাচ। কৃষ্ণ কৃষ্ণ মহাবাহো প্রপন্নজনবৎসল। ত্বৎপ্রসাদ-প্রসন্না সা কেন রাধা প্রসীদতি॥ এতদ্ব্রূহি মহাভাগ সেবকোঽহমনুব্রত। এতচ্ছ্রুত্বা কৃপাবিষ্টো নারদং সুবিশারদম্॥ প্রোবাচ ভাবসংক্রান্তমানসং রামতোঽনুজঃ॥ শ্রীকৃষ্ণ উবাচ। অস্যাং জন্মতিথৌ রাধাং পূজয়িত্বা ময়া সহ। নানোপহারৈ-র্নৈবেদ্যৈর্ব্বস্ত্রালঙ্কারচন্দনৈঃ॥ মহামহোৎসবং কুর্য্যাৎ ক্রীড়াকৌতুকমঙ্গলৈঃ। ধূপদীপৈশ্চ তাম্বূলৈঃ কুঙ্কুমাঙ্কিতদামভিঃ॥ ততস্তথৈবোপহারৈঃ পূজয়েদ্রাধিকাং সতীম্। গোপোপগোপিকাশ্চাপি পূজয়েদ্ভক্তিতৎপরঃ॥ কীর্ত্তিদাং বৃষভা-নুঞ্চ নন্দাদীংশ্চাপি পূজয়েৎ। রাধিকায়া বিপ্রকুণ্ডং নিকুঞ্জং মাধবীতলম্॥ ধ্যায়ং ধ্যায়ং পূজয়িত্বা মূলমন্ত্রং জপেদ্বুধঃ। শৃণুয়াৎ পরয়া ভক্ত্যা কথামেতাং মনোরমাম্॥ ভক্তবৃন্দানুসন্ধানৈস্তাং তিথিং সমুপোষয়েৎ। পরেঽহ্নি পারণং কুর্য্যাদ্ বৈষ্ণবৈঃ সহ বৈষ্ণবঃ॥ ইত্থং তে কথিতং বিপ্র পুণ্যং রাধাষ্টমী-ব্রতম্। রাধিকা-প্রীতিজননং মৎপ্রসাদস্য কারণম্॥ সর্ব্বাভীষ্টপ্রদং পুণ্যং সর্ব্বমঙ্গল-কারণম্। বর্ষে বর্ষে ব্রতঞ্চৈব নারী বা পুরুষোঽপি বা॥ যঃ কুর্য্যাদ্ গুরুমারাধ্য তস্য রাধা প্রসীদতি। রাধিকায়াং প্রসন্নায়াং ভূতায়াং মৎপ্রসন্নতা॥ যো রাধিকামনারাধ্য নৈব কৃত্বা ব্রতোত্তমম্। চেৎ পূজয়িত্বা মাং ভক্ত্যা বহু-

বর্ষশতানি চ॥ নাস্ত্যেব তস্য সম্বন্ধে মৎপ্রসাদঃ কথঞ্চন। মাঞ্চ দামোদরং ধ্যাত্বা মৎপত্নীং রাধিকাং তথা॥ যঃ পূজয়তি ভাবেন সদাহং তস্য চেতসি। নিবসামি মহাভাগ সত্যং মে ব্যাহৃতং শৃণু॥ সত্যং সত্যং পুনঃ সত্যং সত্যমেব পুনঃ পুনঃ। বিনা রাধাপ্রসাদেন মৎপ্রসাদো ন জায়তে॥ প্রেয়সীয়ং যথা রাধা তদ্ভক্তো মে তথা প্রিয়ঃ। প্রেমভক্তিং যদি শ্রদ্ধাং মৎপ্রসাদং যদীচ্ছসি॥ তদা নারদ ভাবেন রাধিকারাধকো ভব। তস্মাৎ প্রসাদলাভায় হেত্বন্তরমনর্থকম্॥ অপি জন্মসহস্রেণ যেনাহং পূজিতঃ পুরা। তস্য রাধা পদদ্বন্দ্বে ভক্তির্ভবতি নৈষ্ঠিকী॥ দামোদরেতি দ্বে দ্বে চ কৃষ্ণেতি দ্ব্যক্ষরং তথা। রাধাপুরঃসরং কৃত্বা সর্ব্বমন্ত্রফলং লভেৎ॥ কৃষ্ণেতি দ্ব্যক্ষরং নাম রাধয়া সহ যো বদেৎ। আভূতসংপ্লবং যাবৎ বসামি তত্র নারদ॥ মন্নামলক্ষজাপেন যৎফলং লভতে নরঃ। তৎফলং সমবাপ্নোতি রাধাকৃষ্ণেতি কীর্ত্তনাৎ॥ ন তপোভির্নপূজাভির্ন দানেন জপৈস্তথা। রাধোচ্চারণমাত্রেণ প্রীতির্মে জায়তে যথা॥ বহুনাত্র কিমুক্তেন রাধা মচ্চিত্তসংপুটী॥ ইতি তে কথিতং বিপ্র গুহ্যাদ্‌গুহ্যতরং ব্রতম্। সর্ব্বদুঃখপ্রশমনং সৌভাগ্যবিজয়প্রদম্॥ নৈতৎ খলায়োপদিশেৎ নাস্তিকায় কদাচন। শঠায় পরশিষ্যায় পাষণ্ডপথবর্ত্তিনে॥ মৎসরায়াবিনীতায় দত্ত্বা বিপদমাপ্স্যসি। ঐকান্তিকায় ভক্তায় প্রেমিকায় প্রকাশয়েৎ॥ শ্রীসূত উবাচ। শ্রুত্বা তৎ কৃষ্ণবচনং নারদো মুনিসত্তমঃ। চকারৈতদ্‌ব্রতং ভক্ত্যা বৈষ্ণবানপ্যশিক্ষয়ৎ॥ অথ দামোদরং স্তুত্বা রাধয়া সহিতং মুদা। প্রণম্য দণ্ডবদ্‌ভূমৌ যযৌ যাদৃচ্ছিকো মুনিঃ॥ ইতি ভবিষ্যপুরাণে রাধাষ্টমী ব্রতকথা সমাপ্তা।

অনন্তর দক্ষিণান্ত ও অচ্ছিদ্রাবধারণ করিয়া কর্ম্ম সমাপন করিবে।

মহাষ্টমী।

কন্যাসংস্থে রবাবীষে শুক্লাষ্টম্যাং প্রপূজয়েৎ। সোপবাসো নিশার্দ্ধে তু মহাবিভববিস্তরৈঃ। পূজাং সমারভেৎ দেব্যা নক্ষত্রে বারুণেঽপি বা॥—ইতি দেবীপুরাণে। উপবাসং মহাষ্টম্যাং পুত্রবান্ ন সমাচরেৎ॥—ইতি কালিকাপুরাণে। অষ্টম্যাং সমুপোষ্যৈব নবম্যামপরেঽহনি। মৎস্যমাংসোপহারেণ দত্ত্বা-ন্নৈবেদ্যমুত্তমম্। তেনৈব বিধিনা যস্তু স্বয়ং ভুঞ্জীত নান্যথা॥—ইতি দেবীপুরাণে।

আশ্বিনমাসের শুক্লাষ্টমীকে মহাষ্টমী কহে। তাহাতে দুর্গার পূজা ও উপবাস করিবে, কিন্তু পুত্রবান্ ব্যক্তির উপবাস নিষিদ্ধ—স্ত্রীলোকের মধ্যে

সকলেই উপবাস করিতে পারে। পরে নবমীতে মৎস্য মাংস ইত্যাদি দ্বারা পারণ করিবে। এই ব্রত করিলে মহা ধনবান্, শ্রীমান্, পুত্রবান্ ও সৌভাগ্য-শালী হয়। পুত্রবান্ ব্যক্তি হবিষ্য করিবে।

একাদশী-কোটিসহস্রতুল্যাসিতাষ্টমী পর্ব্বত-রাজপুত্র্যাঃ। ততোঽপি শুক্লা গণিতা শতেন পরাশর-ব্যাস-বশিষ্ঠমুখ্যৈঃ ॥—ইতি দেবীপুরাণম্ ॥

সহস্রকোটী একাদশী করিলে যে ফল হয়, কৃষ্ণাষ্টমীর উপবাসে সেই ফল হয়। শুক্লাষ্টমীতে শত সহস্রকোটি ফল হয়।

অষ্টমী নবমীমিশ্রা কর্ত্তব্যা ভূতিমিচ্ছতা। মহাষ্টমীর ব্রত নবমীসংযুক্তা অষ্টমীতে করিবে।

দুর্গা-ব্রত।

আশ্বিনস্য তু মাসস্য শুভে কালে সিতাষ্টমী।
তস্যাং কুর্য্যাদ্‌ব্রতমেতদ্ যথোক্তবিধিনা দ্বিজ ॥—দেবীপুরাণম্।

শুদ্ধকালে আশ্বিনমাসের শুক্লাষ্টমীতে (মহাষ্টমী দিনে) এই ব্রতারম্ভ করিয়া প্রতিবর্ষীয় আশ্বিনের শুক্লাষ্টমীতে ব্রতাচরণপূর্ব্বক অষ্টমবর্ষে উদ্-যাপন—অর্থাৎ প্রতিষ্ঠা করিতে হয়।

এই ব্রতে অষ্টফল, অষ্টপুষ্প * ও অক্ষত, সুন্দর কুম্ভ এবং ঘৃত প্রদীপ প্রদান করিতে হয়।

অষ্টগ্রন্থি সমাযুক্ত কুঙ্কুমাক্ত তদভাবে হরিদ্রাক্ত ডোর ধারণ করিতে হয়, ব্রতান্তে দেবী-প্রসাদ অপূপ (গোধূমপিষ্টক) ভোজন এবং পূর্ব্বদিবস যথাবিধি সংযম করিয়া থাকিতে হয়। এই ব্রত স্ত্রী পুরুষ উভয়েই করিতে পারে।

পূজা-বিধি।—স্বস্তিবাচনাদি করিয়া সঙ্কল্প করিবে। যথা—

বিষ্ণুর্নমোঽদ্যাশ্বিনে মাসি শুক্লে পক্ষে অষ্টম্যাস্তিথাবারভ্য অমুকগোত্রা শ্রীঅমুকী দেবী শ্রীদুর্গাপ্রীতিকামা, (কিম্বা অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীদুর্গাপ্রীতিকামঃ) অষ্টবর্ষাবধি প্রতিবর্ষীয়াশ্বিন-শুক্লাষ্টম্যাং যথোক্তবিধিনা দুর্গাব্রতমহং করিষ্যে।

---

* কি কি ফল ও কি কি পুষ্প দিতে হয়, তাহার কোন বিশেষ উল্লেখ না থাকায় দেবীর প্রীতিসম্পাদক ফল পুষ্প প্রদান করিবে।

সংকল্পসূক্তাদি পাঠপূর্ব্বক আসনশুদ্ধি, ভূতশুদ্ধি, অঙ্গন্যাস ও করন্যাসাদি করিয়া ঘটস্থাপন ও গণেশাদি দেবতাগণের পূজা করিবে। অনন্তর পঞ্চবর্ণের গুঁড়ি দ্বারা সর্ব্বতোভদ্রমণ্ডল অথবা অষ্টদলপদ্ম নির্ম্মাণ করিয়া তদুপরি সুবর্ণময়ী মহিষাসুরমর্দ্দিনী দুর্গাপ্রতিমা * স্থাপন করিয়া পূজা করিবে।

দুর্গার ধ্যান।—ওঁ জটাজূটসমাযুক্তামর্দ্ধেন্দুকৃতশেখরাম্। লোচনত্রয়সংযুক্তাং পূর্ণেন্দুসদৃশাননাম্। অতসী-পুষ্প-বর্ণাভাং সুপ্রতিষ্ঠাং সুলোচনাম্। নবযৌবনসম্পন্নাং সর্ব্বাভরণভূষিতাম্॥ সুচারুদশনাং তদ্বৎ পীনোন্নতপয়োধরাম্। ত্রিভঙ্গস্থানসংস্থানাং মহিষাসুরমর্দ্দিনীম্॥ মৃণালায়তসংস্পর্শ-দশবাহুসমন্বিতাম্। ত্রিশূলং দক্ষিণে ধ্যেয়ং খড়্গং চক্রং ক্রমাদধঃ॥ তীক্ষ্ণবাণং তথা শক্তিং দক্ষিণে সন্নিবেশয়েৎ॥ খেটকং পূর্ণচাপঞ্চ পাশমঙ্কুশমেব চ। ঘণ্টাং বা পরশুং বাপি বামতঃ সন্নিবেশয়েৎ॥ অধস্তান্মহিষং তদ্বদ্বিশিরস্কং প্রদর্শয়েৎ। শিরশ্ছেদোদ্ভবং তদ্বদ্দানবং খড়্গপাণিনম্। হৃদি শূলেন নির্ভিন্নং নির্যদন্ত্রবিভূষিতম্। রক্তারক্তীকৃতাঙ্গঞ্চ রক্তবিস্ফুরিতেক্ষণম্॥ বেষ্টিতং নাগপাশেন ভ্রূকুটীভীষণাননম্। সপাশবামহস্তেন ধৃতকেশঞ্চ দুর্গয়া॥ বমদ্রুধিরবক্ত্রঞ্চ দেব্যাঃ সিংহং প্রদর্শয়েৎ॥ দেব্যাস্তু দক্ষিণং পাদং সমং সিংহোপরি স্থিতম্॥ কিঞ্চিদূর্দ্ধং তথা বামমঙ্গুষ্ঠং মহিষোপরি। স্তূয়মানঞ্চ তদ্রূপমমরৈঃ সন্নিবেশয়েৎ॥ উগ্রচণ্ডা প্রচণ্ডা চ চণ্ডোগ্রা চণ্ডনায়িকা। চণ্ডা চণ্ডবতী চৈব চণ্ডরূপাতিচণ্ডিকা॥ অষ্টাভিঃ শক্তিভিস্তাভিঃ সততং পরিবেষ্টিতাম্। চিন্তয়েজ্জগতাং ধাত্রীং ধর্ম্মকামার্থমোক্ষদাম্॥

ধ্যানান্তে মানসোপচারে পূজা করিয়া বিশেষার্ঘ্য স্থাপনপূর্ব্বক,—"এতে গন্ধপুষ্পে ওঁ আধারশক্ত্যাদিপীঠদেবতাভ্যো নমঃ" পূজান্তে পুনর্ধ্যান পূর্ব্বক

* মৃন্ময়ী দুর্গা প্রতিমা সমীপে ব্রত হইলে, সুবর্ণময়ী প্রতিমা না দিলেও হয়।

"ওঁ ভূর্ভুবঃ স্বর্ভগবতি দুর্গে দেবি ইহাগচ্ছ" ইত্যাদি ক্রমে আবাহন করিয়া "রং রজতাসনায় নমঃ"—এই বলিয়া অর্চ্চনা করিয়া, ইদং রজতাসনম্—

ওঁ দক্ষযজ্ঞবিনাশিন্যৈ মহাঘোরায়ৈ যোগিনীকোটিপরিবৃতায়ৈ ভদ্রকাল্যৈ হ্রীং দুর্গায়ৈ নমঃ ॥

এই মন্ত্রে ষোড়শোপচারে পূজা করিয়া "হ্রীং" এই মন্ত্র যথাশক্তি জপ করতঃ 'গুহ্যাতিগুহ্য' মন্ত্রে জপ সমর্পণপূর্ব্বক অষ্টশক্তির পূজা করিবে।

অষ্টশক্তি যথা,—উগ্রচণ্ডা প্রচণ্ডা চ চণ্ডোগ্রা চণ্ডনায়িকা।
চণ্ডা চণ্ডবতী চৈব চণ্ডরূপাতিচণ্ডিকা ॥

(১) উগ্রচণ্ডা (২) প্রচণ্ডা (৩) চণ্ডোগ্রা (৪) চণ্ডনায়িকা (৫) চণ্ডা (৬) চণ্ডবতী (৭) চণ্ডরূপা (৮) অতিচণ্ডিকা।

অষ্টপুষ্প, অষ্টফল, জলপূর্ণ ঘট এবং ভোজ্যোৎসর্গ করিয়া ডোর ধারণ করিবে।—ডোর ধারণের মন্ত্র যথা,—

ওঁ দুর্গে দেবি জগদ্ধাত্রি ব্রতসূত্রমিদং তব।
বধ্নামি বাহুমূলেঽহং বরং দেহি যথেপ্সিতম্ ॥

ব্রত-কথা।—কদাচিদ্দেবতাবৃন্দৈর্বেষ্টিতো ভগবানৃষিঃ। নারদঃ কৌতুকাবিষ্টঃ কথয়ন্ বিবিধাং কথাম্ ॥ উপবিষ্টং সুসন্তুষ্টং তমূচুর্দ্দেবতাগণাঃ ॥ দেবা ঊচুঃ। মুনে শুম্ভো নিশুম্ভশ্চ যে চান্যে দুষ্টদানবাঃ। তান্ সর্ব্বান্ সমরে হত্বা দেবী দুর্গা মহাবলা ॥ অস্মাকমভয়ং দত্ত্বা গতা দেবী যথাসুখম্। তস্যাশ্চরিতমাহাত্ম্যং শ্রোতুমিচ্ছামহে বয়ম্ ॥ ত্বমেব হি দ্বিজশ্রেষ্ঠ সর্ব্বজ্ঞঃ সর্ব্বগো যতঃ। অমরাণাং বচঃ শ্রুত্বা স মুনির্ধ্যানমাশ্রিতঃ। জ্ঞাত্বা দেব্যাঃ কথাং দিব্যাং কথয়ামাস হর্ষিতঃ ॥ নারদ উবাচ। শৃণুধ্বং দেবতাস্তস্যাশ্চরিতং সর্ব্বকামদম্। সর্ব্বাভীষ্টপ্রদঞ্চৈব পরলোকভয়াপহম্ ॥ আসীৎ পুরা কৃতযুগে রাজা হি সোমমণ্ডলে। চতুরঙ্গবলোপেতঃ সর্ব্বশাস্ত্রার্থপারগঃ ॥ অনন্তসিদ্ধিরাখ্যাতস্তন্মন্ত্রী ত্রিকুটেশ্বরঃ। কদাচিৎ শ্রুতবান্ রাজা মন্ত্রিবক্ত্রবিনির্গতাম্ ॥ কথাং পাপাত্মনাং নৃণাং পরলোকভয়াপহাম্। পপ্রচ্ছ মন্ত্রিণং রাজা ন পশ্যামি কথং শমম্ ॥ অকৃত্বা সুকৃতং কর্ম্ম ভোগান্ ভুক্ত্বা যথাসুখম্। যজ্ঞদানতপোভিশ্চ ব্রতেনৈকেন কর্ম্মণা ॥ মন্ত্রী উবাচ। ঈশ্বরঃ সেব্যতাং রাজন্ স তে শ্রেয়ো বিধাস্যতি ॥ ইত্যুক্তো মন্ত্রিণা রাজা সমারাধ্য মহেশ্বরম্। জজাপ পরমং মন্ত্রং

শৈবং সর্ব্বার্থসাধনম্। প্রাদুর্ভূতো মহাদেব্যা মহাদেবো বরপ্রদঃ॥ ঈশ্বর উবাচ। প্রসন্নোঽহং মহারাজ বদ কিং করবাণি তে॥ রাজোবাচ। প্রসন্নো যদি মে দেব দেব্যা সহ জগৎপতে। ধর্ম্মৈকং বদ দেবেশ যেনাহং যমসাধ্বসাৎ। মুক্তঃ সুখী ভবিষ্যামি কৃত্বা ধর্ম্মং যদৃচ্ছয়া॥ ঈশ্বর উবাচ। ধর্ম্মৈকং তে প্রবক্ষ্যামি গুহ্যাদগুহ্যতরং নৃপ। দুর্গাব্রতং মহারাজ ব্রতানাং ব্রতমুত্তমম্। যস্য করণমাত্রেণ যমঃ সন্ত্রাসমাপ্নুয়াৎ॥ রাজোবাচ। কেন পূর্ব্বং সমাচীর্ণং কৃত্বা কিং ফলমাপ্যতে। কর্ত্তব্যং বিধিনা কেন ব্রূহি মে পরমেশ্বর। ঈশ্বর উবাচ। শৃণুষ ত্বং নৃপশ্রেষ্ঠ ইতিহাসমনুত্তমম্। আসীৎ কৃতযুগে পূর্ব্বং দ্বিজঃ শিখরসংজ্ঞকঃ॥ অপুত্রো নির্ধনঃ পাপী দ্বিজাচারবিবর্জ্জিতঃ। পরহিংসারতশ্চৌরঃ ক্রূরঃ পাপিজনপ্রিয়ঃ॥ কদাচিদ্বিদুষাং গোষ্ঠ্যাং ধর্ম্মং কথয়তাং তু সঃ। মনসা চিন্তয়ামাস ন কিঞ্চিৎ সুকৃতং কৃতম্॥ কিমিদানীং করিষ্যামি কথং মে নিষ্কৃতির্ভবেৎ। ইতি চিন্তাকুলো বিপ্রো ভার্য্যাং প্রাহ সুদুঃখিতঃ॥ ময়া কান্তে কৃতং পাপং পরলোকভয়াবহম্। ন পশ্যামি কথং ঘোরং যমং পাপিজনেশ্বরম্। ইত্যুক্ত্বা ভার্য্যয়া সার্দ্ধং তীর্থযাত্রাকৃতত্বরঃ। উদীচীং দিশমাস্থায় জগাম গহনং বনম্॥ ঘোরসত্বসমাকীর্ণং সর্ব্বতো ভয়দর্শনম্। গত্বা বহুতরং দূরমুপবাসেন মূর্চ্ছিতঃ॥ অস্থিচর্ম্মাবশিষ্টোঽসৌ নিষণ্ণো বৃক্ষমূলকে। ভার্য্যয়া সহিতো বিপ্রঃ সম্পশ্যতি দিশো দশ। অস্মিন্নেব বনোদ্দেশে ঋষিসঙ্ঘং দদর্শ সঃ। পূজয়ন্তং স্তবন্তঞ্চ কথয়ন্তং শুভাং কথাম্॥ উপগম্য ততস্তাংস্তু মুনীন্ প্রাহ সভার্য্যকঃ। বদ্ধাঞ্জলিপুটো ভূত্বা নমস্কৃত্য পুনঃ পুনঃ॥ কিং কর্ম্ম ক্রিয়তে বিপ্রাঃ কৃত্বা কিং ফলমাপ্যতে। বিধানং কীদৃশং চাস্য দেবতা কা চ পূজ্যতে॥ ঋষয় উচুঃ॥ দুর্গাব্রতমিদং বিপ্র সর্ব্বপাপপ্রণাশনম্। সর্ব্বসিদ্ধিপ্রদং নৃণাং মোচনং যমজাদ্ভয়াৎ॥ বিধানঞ্চাস্য বক্ষ্যামঃ শৃণু বিপ্র সমাহিতঃ। আশ্বিনস্য তু মাসস্য শুভে কালে সিতাষ্টমী। তস্যাং কুর্য্যাদ্‌ব্রতমিদং যথোক্তবিধিনা দ্বিজ॥ দন্তধাবনপূর্ব্বং হি স্নানং কৃত্বা বিচক্ষণঃ। নির্ব্রণং কুম্ভমাদায় স্থাপয়েদম্বিকালয়ে॥ স্থাপয়েত্তত্র দীপঞ্চ ঘৃতপূর্ণং সমুজ্জ্বলম্। রাত্রিকালে তু সংপ্রাপ্তে মণ্ডলং কারয়েদ্‌ব্রতী॥ দুর্গাং তত্রৈব সংস্থাপ্য মহিষাসুরমর্দ্দিনীম্। অর্ঘ্যাদ্যৈঃ পূজয়েদ্দেবীং মূলমন্ত্রেণ তৎপরঃ॥ নৈবেদ্যং বিবিধং দদ্যাৎ পুষ্পাঞ্জলিসমন্বিতম্। অষ্টৌ পুষ্পাণি দেয়ানি ফলান্যষ্টৌ তথৈব চ॥ অষ্টগ্রন্থিসমাযুক্তং কুঙ্কুমাক্তং সুডোরকম্। মন্ত্রেণানেন ভো বিপ্র বিন্যসেদ্বাহুমূলকে॥ দুর্গে দেবি জগদ্ধাত্রি ব্রতসূত্রমিদং তব। বধ্নামি বাহুমূলেঽহং বরং দেহি যথেপ্সিতম॥ এবং নির্ব্বর্ত্ত্য

পূজাঞ্চ দত্ত্বা দ্বিপ্রায় দক্ষিণাম্। দিবসে বাপি তৎকার্য্যং ব্রতং শক্ত্যনুরোধতঃ॥ অপূপং ভক্ষয়েদ্বাপি ভক্তিরেবাত্র কারণম্। অনেন বিধিনা কৃত্বা শ্রুত্বা দেব্যাঃ কথামিমাম্॥ ফলমূলাশনো ভূত্বা তাং নিশাং ক্ষপয়েদ্‌ব্রতী। বিপ্রাস্তাশ্চৈব যে বর্ণাস্ত্রিয়শ্চৈব দ্বিজোত্তম॥ করিষ্যন্তি ব্রতং যে চ তে সর্ব্বে ফলভাগিনঃ। সম্পূর্ণে চাষ্টমে বর্ষে ব্রতস্যোদ্‌যাপনঞ্চরেৎ॥ ততো বিপ্রো বিধিং শ্রুত্বা নমস্কৃত্য পুনঃ পুনঃ। গৃহং প্রাপ্য চ হৃষ্টাত্মা চকার ব্রতমুত্তমম্॥ ঈশ্বর উবাচ। তৎপ্রসাদান্মহীপাল ভুক্ত্বা ভোগান্ মনোরমান্। উৎপাদ্য পুত্রান্ পৌত্রাংশ্চ ইষ্ট্বা যজ্ঞং সদক্ষিণম্॥ আয়ুষোঽন্তে ততো বিপ্রঃ সুখমৃত্যুমবাপ সঃ। তং জ্ঞাত্বা ধর্ম্মরাট্ ক্রুদ্ধঃ প্রাহ তান্নিজকিঙ্করান্॥ মৃতোঽসৌ পাপকর্ম্মা বৈ দ্বিজঃ শিখরসংজ্ঞকঃ। তমানয়ত শীঘ্রং হি নিগৃহ্য চ যথেচ্ছয়া॥ ধর্ম্মরাজবচঃ শ্রুত্বা দূতা মুদ্গরপাণয়ঃ। গতা হৃষ্টাঃ সমানেতুং দ্বিজঞ্চ পাপকারিণম্॥ তং দৃষ্ট্বা বিস্মিতা দূতা বিমানস্থং দ্বিজোত্তমম্। দুর্গাগণৈঃ পরিবৃতং শূলশক্ত্যৃষ্টি-পাণিভিঃ॥ উচুর্ব্বাক্যং ততো দূতা গণান্ দুর্গাসমাশ্রয়ান্। অসৌ পাপী দুরাচারো ভবদ্ভির্নীয়তে কথম্॥ ত্যক্ত্বৈনং পাপিনং বিপ্রং পলায়ধ্বং যথাসুখম্। স্নায়ুপাশেন বদ্ধৈনং নেষ্যামো যমমন্দিরম্॥ ইত্যাকর্ণ্য গণাঃ সর্ব্বে যমদূতান্ ভয়ঙ্করান্। শূলমুদ্যম্য সহসা নিজঘ্নুর্বলদর্পিতাঃ॥ নির্দগ্ধাস্তেজসা তেষাং যমদূতাঃ পলায়িতাঃ। সোঽপি বিপ্রো বিমানস্থো দেবীগণসমাবৃতঃ॥ দেবীলোকং ততো গত্বা দুর্গায়াঃ পুত্রতাং গতঃ॥ ঈশ্বর উবাচ। কথিতং তে ময়া রাজন্ গচ্ছ ত্বং নিজমন্দিরম্॥ ইদং ব্রতবরং কৃত্বা ভুক্ত্বা রাজ্যমকণ্টকম্। অদৃষ্ট্বা ধর্ম্মরাজঞ্চ অন্তে যাস্যতি মৎপুরম্॥ সংসার-সাগরতরঙ্গকুলং বিজিত্য বাঞ্ছন্তি যে মম পুরে সততং নিবাসম্। সম্পূজ্য তাং ত্রিভুবনেশকিরীটপাদাং কুর্ব্বন্তি মঙ্গল-করং ব্রতমুত্তমং তে॥ ইত্যুক্ত্বা তং মহাদেবস্তত্রৈবান্তরধীয়ত॥ নারদ উবাচ। বরং প্রাপ্য মহীপালঃ প্রণম্য পরমেশ্বরম্। আজগাম নিজং রাজ্যং প্রহৃষ্টেনান্তরা-ত্মনা॥ তমায়ান্তং সমালোক্য সর্ব্বে পৌরজনাস্তদা। পুরশোভাং ততশ্চক্রুঃ পূর্ণকুম্ভপুরঃসরাম্॥ সংপ্রবিশ্য পুরং রাজা সমাহূয়াথ মন্ত্রিণম্॥ তৎসর্ব্বং কথয়ামাস যথাদিষ্টঃ কপর্দ্দিনা॥ যথাকালে তু সংপ্রাপ্তে আশ্বিনস্য সিতাষ্টমীং। তদ্‌ব্রতং কৃতবান্ রাজা সর্ব্বৈঃ পৌরজনৈঃ সহ॥ যদুক্তং স্থাণুনা পূর্ব্বং তেনৈব বিধিনা তদা। ইষ্ট্বা যজ্ঞশতং পুণ্যং ভুক্ত্বা ভোগান্ যথেপ্সিতান্॥ পালয়িত্বা চিরং পৃথ্বীং পুত্রপৌত্রসমন্বিতঃ। ধর্ম্মরাজং বিনির্জ্জিত্য শিব-লোকং জগাম সঃ॥ স বৈ ক্রীড়ন্তি যত্রেশ উময়া সহ শঙ্করঃ। তস্য

তেঽমুচরা লোকাঃ কৃত্বা তু ব্রতমুত্তমম্। দুর্গাদেব্যাঃ প্রসাদেন গতাস্তে গতিমুত্তমাম্॥ আশ্চর্য্যং যৎ তন্মাহাত্ম্যং কথিতং ভবদগ্রতঃ। প্রণামং চক্রিরে তত্র শরণঞ্চ সমং যযুঃ॥ নারদ উবাচ। ব্রতবরমথ কৃত্বা ধর্ম্মরাজং বিজিত্য শিবপুরমথ লেভে মন্ত্রসিদ্ধিঞ্চ ভূপঃ। বৃজিনমপি চ হত্বা যঃ করোত্যাদরেণ নিবসতি শিবলোকং তস্য বশ্যো মহেশঃ॥

ইতি দেবীপুরাণে শ্রীদুর্গাব্রতং সমাপ্তম্।

বীরাষ্টমী ব্রত।

যা চেদং কুরুতে নারী ব্রতমিষ্টমনুত্তমম্।
জন্মান্তরে সুপ্রজাঃ স্যাৎ স্বামিচিত্তানুরঞ্জিনী॥—নারদীয়ে।

যে রমণী আশ্বিনমাসের শুক্লাষ্টমীতে (মহাঅষ্টমীতে) বীরাষ্টমীব্রত করেন, জন্মান্তরে তিনি দীর্ঘজীবী সুসন্তানের জননী ও স্বামী-চিত্তানুরঞ্জিনী হয়েন।

শুদ্ধকালে আশ্বিনের শুক্লাষ্টমীতে এই ব্রত গ্রহণ করিয়া প্রতিবর্ষীয় মহাষ্টমীতে ব্রতাচরণপূর্ব্বক আট বৎসরান্তে প্রতিষ্ঠা করিতে হয়। ইহাতেও দুর্গাব্রতের ন্যায় অষ্টফল, অষ্টপুষ্প, কুম্ভ ও প্রদীপ এবং ভোজ্যদান ও অষ্টগ্রন্থি সমাযুক্ত ডোর ধারণ করিতে হয়।

পূজা এবং ডোর ধারণাদির মন্ত্র সমস্তই দুর্গাব্রতের মত, কেবল সঙ্কল্প ও ব্রতকথার প্রভেদ মাত্র। সঙ্কল্প মন্ত্র—

বিষ্ণুর্নমোঽদ্য আশ্বিনে মাসি শুক্লে পক্ষে মহাষ্টম্যান্তিথৌ অমুকগোত্রা শ্রীঅমুকী দেবী সৌভাগ্যসৌন্দর্য্য-প্রাপ্তিপূর্ব্বকং চিরজীবিপুত্রলাভকামা অষ্টবর্ষাবধি প্রতিবর্ষীয়াশ্বিনশুক্লাষ্টম্যাং গণপত্যাদিনানাদেবতাপূজাপূর্ব্বকং শ্রীভগবদ্দুর্গাপূজাষ্টপুষ্পাষ্টফল-ভোজ্য-দক্ষিণান্বিতজলপূর্ণঘটদানতৎকথা-শ্রবণরূপ—বীরাষ্টমীব্রতমহং করিষ্যে।

ব্রত-কথা।—ভগবন্ দেবদেবেশ লক্ষ্মীকান্ত জনার্দ্দন। কেনোপায়েন দেবেশ স্ত্রীণাং শুভগতির্ভবেৎ॥ শ্রীকৃষ্ণ উবাচ। শৃণু নারদ বক্ষ্যামি গুহ্যং বীরাষ্টমীব্রতম্। যৎ কৃত্বা বনিতাঃ সর্ব্বাঃ পুরন্দরপুরেঽবসন্॥ নারদ উবাচ। কেন বাচরিতং পূর্ব্বং ব্রূহি মে পরমেশ্বর। বিধানং চাস্য কিং দেব কৃত্বা কিং ফলমাপ্স্যতে॥ শ্রীকৃষ্ণ উবাচ। পুরৈকা ব্রাহ্মণী রম্যা সুন্দরী ভর্ত্তৃবল্লভা।

অপুত্রা সর্ব্বরত্নাঢ্যা ধর্ম্মদেবস্য ভাবিনী॥ স চ তাং ব্রাহ্মণীং দৃষ্ট্বা প্রত্যুবাচ সুদুঃখিতঃ। ন ভবেত্তব পুত্ত্রোঽপি ন মে বংশো ভবিষ্যতি॥ বিবাহং প্রকরোমীতি পুত্ত্রার্থং যদি মন্যসে। ন ভবেত্তব দোষত্বাৎ কথং তস্মাদ্ভবিষ্যতি॥ ব্রাহ্মণ্যুবাচ। সেব্যতাং পার্ব্বতী দেবী দেবানামভয়প্রদা। সা তুষ্টা সর্ব্বতুষ্ট্যর্থং পুত্ত্রপৌত্ত্রং দদাতি বঃ॥ বলিহোমপরো ভূত্বা সহ পত্ন্যা ব্রতং চরেৎ। ফলমূলাশনো ভূত্বা নিরাহারো দৃঢ়ব্রতঃ॥ জগাম শরণং ভক্ত্যা জজাপ মন্ত্রমদ্ভুতম্। পরিতুষ্টা তদা দেবী বরৌ তাভ্যাং দদৌ পুনঃ॥ পার্ব্বত্যুবাচ। শৃণু বীরাষ্টমী নাম ব্রতং সর্ব্বফলপ্রদম্। আশ্বিনস্য সিতে পক্ষে মহাষ্টম্যাং পতিব্রতা॥ প্রাতরেবাষ্টমীমদ্ভিঃ প্রক্ষাল্যাঙ্ঘ্রি করৌ মুখম্। শুক্লাম্বরধরা নারী স্থাপয়েৎ কুম্ভসম্মুখে॥ সর্ব্বান্ দেবাংশ্চ সম্পূজ্য মহিষাসুরমর্দ্দিনীম্। অষ্ট পুষ্পাণি দেয়ানি ফলান্যষ্টৌ তথৈব চ॥ অষ্টগ্রন্থিসমাযুক্তং কুঙ্কুমাক্তং সুডোরকম্। মন্ত্রেণানেন ভো বিপ্র বিন্যসেদ্বাহুমূলকে॥ দুর্গে দেবি জগদ্ধাত্রি ব্রতসূত্রমিদং তব। বধ্নামি বাহুমূলেঽহং বরং দেহি যথেপ্সিতম্॥ কলসং গন্ধপুষ্পাভ্যামর্চ্চিতং জলপূরিতম্। দক্ষিণাসহিতং ভোজ্যং দদ্যাদ্বিপ্রায় ভক্তিতঃ॥ সম্পূর্ণে চাষ্টমে বর্ষে কুম্ভানষ্টৌ প্রদাপয়েৎ। বস্ত্রডল্লকসংযুক্তান্ কুম্ভস্যোপরিসংস্থিতান্॥ অনেনৈব বিধানেন কুর্য্যাৎ পুত্ত্রফলপ্রদম্। ইত্যুক্ত্বা পার্ব্বতী দেবী তত্রৈবান্তরধীয়ত॥ কৃত্বা তু মাধবীনাম্নী ব্রাহ্মণী সুপ্রজাভবৎ। যা চেদং কুরুতে নারী ব্রতমিষ্টমনুত্তমম্। জন্মান্তরে সুপ্রজাঃ স্যাৎ স্বামিচিত্তানুরঞ্জিনী॥ ইতি নারদীয়পুরাণে বীরাষ্টমীব্রতকথা সমাপ্তা।

গোষ্ঠাষ্টমী।

কার্ত্তিকে শুক্লপক্ষে তু স্মৃতা গোষ্ঠাষ্টমী বুধৈঃ।—

কার্ত্তিকমাসের শুক্লপক্ষের অষ্টমীকে পণ্ডিতগণ গোষ্ঠাষ্টমী বলেন।

গোষ্ঠাষ্টম্যাং গবাং পূজাং গোগ্রাসং গোপ্রদক্ষিণম্।
গবানুগমনং কুর্য্যাৎ সর্ব্বপাপবিমুক্তয়ে॥

গোষ্ঠাষ্টমীতে গোপূজা, গোগ্রাসদান, গোপ্রদক্ষিণ এবং গবানুগমন করিলে সর্ব্বপাপ মোচন ও মহাপুণ্য হয়।

গোপূজা।—ঐ দিনে প্রাতঃস্নান ও নিত্যক্রিয়া সমাধান করিয়া ভক্তিপূর্ণহৃদয়ে গোপূজা করিবে। যথা—

"এতৎ পাদ্যং ওঁ গবে নমঃ" এই ক্রমে দশোপচারে পূজা করিয়া গরুর

শৃঙ্গে তৈলহরিদ্রা এবং ললাটে সিন্দুর দিয়া নবীন শ্যামল তৃণাদি (ঘাস) ও বংশপত্র এবং কদলী ও তণ্ডুল প্রভৃতি গরুর আহারীয় দ্রব্যাদি মস্তকে লইয়া নিম্নলিখিত মন্ত্র পাঠপূর্ব্বক উহা গাভীকে খাইতে দিবে।

গো-গ্রাসদানের মন্ত্র।—

ওঁ সৌরভেয্যঃ সর্ব্বহিতাঃ পবিত্রাঃ পুণ্যরাশয়ঃ।
প্রতিগৃহ্নন্তু মে গ্রাসং গাবস্ত্রৈলোক্যমাতরঃ॥

পরে প্রণাম করিবে। গো-প্রণামমন্ত্র—

ওঁ নমো গোভ্যঃ শ্রীমতীভ্যঃ সৌরভেয়ীভ্য এব চ।
নমো ব্রহ্মসুতাভ্যশ্চ পবিত্রাভ্যো নমো নমঃ॥

পরে গোগণকে গোষ্ঠাভিমুখে চালিত করিয়া, তাহাদিগের অনুগমন করিবে। অনন্তর ব্রাহ্মণভোজন ও কর্ম্মকারয়িতা ব্রাহ্মণদিগকে দক্ষিণা দিবে।

অষ্টকা।

অগ্রহায়ণ, পৌষ এবং মাঘ এই তিন মাসের কৃষ্ণাষ্টমীকে অষ্টকা কহে। অগ্রহায়ণ মাসের কৃষ্ণাষ্টমীকে পূপাষ্টকা বলে, তাহাতে পিষ্টক দ্বারা পিতৃলোকের শ্রাদ্ধ করিবে। পৌষমাসে মাংসাষ্টকা,—তাহাতে মাংসদ্বারা এবং মাঘমাসে শাকাষ্টকা,—তাহাতে শাকদ্বারা পিতৃলোকের শ্রাদ্ধ করিতে হয়। প্রমাণ যথা ;—

পিতৃদানায় মুনিভিরষ্টকাস্তিস্র এব চ। কৃষ্ণে পক্ষে বরিষ্ঠা হি পূর্ব্বা চৈন্দ্রী বিভাব্যতে। প্রাজাপত্যা দ্বিতীয়া স্যাত্তৃতীয়া বিশ্বদেবকী। আদ্যা পূপৈঃ সদা কার্য্যা মাংসৈরন্যা ভবেত্তদা। শাকৈঃ কার্য্যা তৃতীয়া স্যাদেবং দ্রব্যগতো বিধিঃ।—বায়ুপুরাণম্।

পার্ব্বণশ্রাদ্ধবিধিতে অষ্টকাশ্রাদ্ধ করিতে হয়। কেবল অনুজ্ঞাদির একটু বিভিন্নতা ; শ্রাদ্ধ ও মুমুক্ষুকৃত্যাদির স্থলে তাহা লিখিত হইল।

ভীষ্মাষ্টমী।

শুক্লাষ্টম্যাস্তু মাঘস্য দদ্যাত্ভীষ্মায় যো জলম্।
সংবৎসরকৃতং পাপং তৎক্ষণাদেব নশ্যতি॥ ভবিষ্যোত্তরে।

মাঘমাসের শুক্লপক্ষীয়া অষ্টমীতে ভীষ্মতর্পণ করিতে হয়। যে ব্যক্তি উক্ত দিবসে ভীষ্মদেবকে জলদান করে, তাহার সংবৎসরের সঞ্চিত পাপ নষ্ট হয়।

অষ্টম্যাস্তু সিতে পক্ষে ভীষ্মায় সতিলোদকম্।
অন্নঞ্চ বিধিবদ্দদ্যুঃ সর্ব্বে বর্ণা দ্বিজাতয়ঃ॥—স্মৃতিঃ।

দ্বিজাদি চতুর্ব্বর্ণই এই দিনে ভীষ্মতর্পণ করিতে পারেন। পিতৃরীতিক্রমে ভীষ্মতর্পণ করিতে হয়।

বৈয়াঘ্রপদ্যগোত্রায় সাঙ্কৃতিপ্রবরায় চ।
অপুত্রায় দদাম্যেতৎ সলিলং ভীষ্মবর্ম্মণে॥

প্রার্থনামন্ত্র।—

ভীষ্মঃ শান্তনবো বীরঃ সত্যবাদী জিতেন্দ্রিয়ঃ।
আভিরদ্ভিরবাপ্নোতু পুত্রপৌত্রোচিতাং ক্রিয়াম্॥

অশোকাষ্টমী

মীনে মধৌ শুক্লপক্ষে অশোকাখ্যা তথাষ্টমী।
পিবেদশোককলিকাঃ স্নায়াল্লৌহিত্যবারিণি।
অশোক-কলিকাংশ্চাষ্টৌ যে পিবন্তি পুনর্ব্বসৌ।
চৈত্রে মাসি সিতাষ্টম্যাং ন তে শোকমবাপ্নুয়ুঃ॥—স্কন্দপুরাণম্।

চৈত্রমাসের শুক্লাষ্টমীকে অশোকাষ্টমী কহে। তাহাতে আটটী অশোক-কলিকা জলগণ্ডুষের সহিত পান ও স্নান দান করিলে শোক পাইতে হয় না। এই দিন লৌহিত্য জলে স্নান অশেষ পুণ্যজনক।

সজল অশোক কলিকাপানের মন্ত্র,—

ত্বামশোক হরাভীষ্ট মধুমাস-সমুদ্ভব।
পিবামি শোকসন্তপ্তো মামশোকং সদা কুরু॥

ব্রহ্মপুত্র-স্নান।

পুনর্ব্বসুবুধোপেতাং চৈত্রে মাসি সিতাষ্টমীম্।
স্রোতঃসু বিধিবৎ স্নাত্বা বাজপেয়ফলং লভেৎ॥—বিষ্ণুপুরাণম্।

চৈত্রমাসের শুক্লাষ্টমীতে যদি বুধবার ও পুনর্ব্বসু নক্ষত্র পায়, তবে তাহাতে ব্রহ্মপুত্র নদে স্নান করিলে বাজপেয়যজ্ঞের ফললাভ হয়। ইহাকেই ব্রহ্মপুত্রযোগ বলে।

স্নানবিধি।—প্রথমে আচমন করিয়া অঞ্জলিতে জল লইয়া সঙ্কল্প করিবে।

বিষ্ণুরোম্ তৎসদদ্য চৈত্রে মাসি শুক্লে পক্ষে পুনর্ব্বসু-নক্ষত্রযুক্তাষ্টম্যান্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা যথোক্ত-ফলপ্রাপ্তিকামো ব্রহ্মপুত্র-স্নানমহং করিষ্যে।

পরে সাধারণ স্নানোক্ত কার্য্যান্তে নিম্নলিখিত মন্ত্র পড়িয়া ডুব দিবে। মন্ত্র—

ব্রহ্মপুত্র মহাভাগ শান্তনোঃ কুলনন্দন। অমোঘা-গর্ভ-সম্ভূত পাপং লৌহিত্য মে হর॥ ত্বং ব্রহ্মপুত্র ভুবনতারণ তীর্থরাজ, গম্ভীরনীরপরিপূরিতসর্ব্বদেহ। ত্বদ্দর্শনং হরতু মে ভবঘোরদুঃখং, সংযোগতঃ কলিযুগে ভগবন্নমস্তে॥

অন্নপূর্ণা-পূজা।

চত্রমাসের শুক্লাষ্টমীতে মহামায়া জগজ্জননী সংসারদুঃখনাশিনী ভগবতী অন্নপূর্ণার পূজা করিতে হয়। নিত্যারাধিকা মহামায়া অন্যান্য সময়েও সাধক কর্ত্তৃক পূজিত হইয়া থাকেন।

যজমান স্বয়ং নিত্যক্রিয়া সমাপনান্তে দেবী সম্মুখে উপবেশন করিয়া আচমন-পূর্ব্বক যথাবিধি স্বস্তিবাচন করিয়া গণেশাদি দেবতাগণকে এক একটী গন্ধপুষ্প প্রদান করিবে। যথা—

এতে গন্ধপুষ্পে ওঁ গণপতয়ে নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ নারায়ণায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ শিবাদিপঞ্চদেবতাভ্যো নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ আদিত্যাদিনবগ্রহেভ্যো নমঃ, এতে

গন্ধপুষ্পে ওঁ ইন্দ্রাদিদশদিক্‌পালেভ্যো নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ শ্রীগুরবে নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ সর্ব্বাভ্যো দেবীভ্যো নমঃ।

অনন্তর উত্তরাস্য হইয়া, কুশ-তিল-তুলসী-ত্রিপত্র ও জল এবং একটী ফল কুশীতে লইয়া সঙ্কল্প করিবে। যথা—

বিষ্ণুরোম্ তৎসদদ্য চৈত্রে মাসি (মীনরাশিস্থে ভাস্করে) শুক্লে পক্ষে অষ্টম্যান্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীমদন্নপূর্ণাপ্রীতিকামো গণপত্যাদিনানাদেবতা-পূজাপূর্ব্বক-শ্রীমদন্নপূর্ণাপূজাকর্ম্মাহং করিষ্যে।

সঙ্কল্পান্তে জলাদি ঈশানকোণে নিক্ষেপ করিয়া সংকল্পসূক্তাদি পাঠ করিবে। অনন্তর পূজককে সমর্থ হইলে তন্ত্রধারককেও বরণ * করিবে।

বরণ।—যজমান পূর্ব্বমুখ হইয়া হাতযোড় করিয়া পূজককে বলিবেন—
"ওঁ সাধু ভবানাস্তাম্।"

পূজক বলিবেন,—"ওঁ সাধ্বহমাসে।"

যজমান বলিবেন,—"ওঁ অর্চ্চয়িষ্যামো ভবন্তম্।"

পূজক বলিবেন,—"ওঁ অর্চ্চয়।"

পরে যজমান "এতানি গন্ধপুষ্পবাসাংসি ওঁ ব্রাহ্মণায় নমঃ" বলিয়া একটী পুষ্প, একখানি আসন, একটী হরীতকী, একটী অঙ্গুরী এবং বস্ত্র ও উত্তরীয় পূজকের হাতে দিবেন, পূজক তাহা "স্বস্তি" বলিয়া গ্রহণ করিলে পর যজমান আতপতণ্ডুলদ্বারা পূজকের দক্ষিণ জানু ধরিয়া মন্ত্র পড়িবে। যথা—

বিষ্ণুরোম্ তৎসদদ্য চৈত্রে মাসি মীনরাশিস্থে ভাস্করে শুক্লে পক্ষে অষ্টম্যান্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা † মৎসংকল্পিত শ্রীমদন্নপূর্ণাপূজাকর্ম্মণি পূজককর্ম্মকরণায় ‡ অমুকগোত্রং শ্রীঅমুকদেবশর্ম্মাণং গন্ধাদিভিরভ্যর্চ্চ্য ভবন্তমহং বৃণে।

* স্বয়ং পূজা করিলে বরণ করিতে হয় না। পুরোহিত দ্বারা পূজা করাইলে এই ব্যবস্থা।
† এই স্থলে যজমানের গোত্র ও নামের উল্লেখ হইবে। ‡ এই স্থলে পূজকের গোত্র ও নাম বলিতে হইবে। তন্ত্রধারকের বরণের মন্ত্রে তন্ত্রধারককর্ম্মকরণায়, এই মাত্র বলিতে হইবে।

পূজক বলিবেন,—"ওঁ বৃতোঽস্মি।"

যজমান বলিবেন,—"ওঁ যথাবিহিতং পূজককর্ম্ম কুরু।"

পূজক বলিবেন,—"যথাজ্ঞানং করবাণি।"

অনন্তর পূজক আসনে উপবেশন করিয়া আপনার নিত্যপূজাদি সমাপনান্তে—"ওঁ আত্মতত্ত্বায় স্বাহা, ওঁ বিদ্যাতত্ত্বায় স্বাহা, ওঁ শিবতত্ত্বায় স্বাহা"—এই মন্ত্রত্রয় দ্বারা তিনবার জলপান পূর্ব্বক আচমন করিয়া, ঘটস্থাপন* করিবে। (প্রথম খণ্ডে ২১ ও ৩১ পৃষ্ঠায় আচমনবিধি ও তান্ত্রিক ঘটস্থাপন দেখ)।

পরে ঘটে—"এতে গন্ধপুষ্পে ওঁ সূর্য্যায় নমঃ"—এই ক্রমে—দুর্গায়ৈ, শিবায়, নারায়ণায়, লক্ষ্ম্যৈ, সরস্বত্যৈ, গঙ্গায়ৈ, যমুনায়ৈ, দিক্‌পালেভ্যঃ, নবগ্রহেভ্যঃ, দেবেভ্যঃ, ঋষিভ্যঃ, মাসেভ্যঃ, তিথিভ্যঃ, যোগেভ্যঃ, করণেভ্যঃ। প্রণবাদি নমোঽন্ত মন্ত্রে ইহাদিগকে পূজা করিবে।

পরে সামান্যার্ঘ্য করিয়া ঐ কোশার জল দ্বারা পূজাস্থান ও দ্রব্যাদি অভ্যুক্ষণ † করণানন্তর দ্বারদেবতাদিগকে পূজা করিবে।

[পূর্ব্বাদি চতুর্দ্দিকে] এতে গন্ধপুষ্পে ওঁ গাং গণেশায় নমঃ, ওঁ ক্ষাং ক্ষেত্রপালায় নমঃ, ওঁ বাং বটুকায় নমঃ, ওঁ যাং যোগিনীভ্যো নমঃ। (অগ্নি আদিকোণে) ওঁ গঙ্গায়ৈ নমঃ, ওঁ যমুনায়ৈ নমঃ, ওঁ শ্রীং লক্ষ্ম্যৈ নমঃ, ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ। (ঊর্দ্ধ-অধোভাগে) ওঁ ব্রহ্মণে নমঃ, ওঁ বাস্তুপুরুষায় নমঃ।

অনন্তর বিঘ্নোৎসারণ, আসনশুদ্ধি, পুষ্পশুদ্ধি, কায়াদিশোধন, গুরু আদিকে প্রণাম ও করশুদ্ধি আদি ক্রমশঃ করিয়া ভূতশুদ্ধি করিবে। (তত্তৎপ্রকরণ দেখ)।

বিঘ্নোৎসারণ—মূল মন্ত্রে দিব্য দৃষ্টিদ্বারা দিব্য বিঘ্ন এবং "অস্ত্রায় ফট্" মন্ত্রে অন্তরীক্ষের বিঘ্ন এবং ভূমিতে বামপায়ের গোড়ালিদ্বারা তিনবার আঘাত করিয়া ভূমিসম্বন্ধীয় বিঘ্ন অপসারণপূর্ব্বক "ফট্" মন্ত্রে নারাচমুদ্রাদ্বারা শ্বেতসর্ষপ বা আতপচাউল লইয়া পাঠ করিবে।—

ওঁ অপসর্পন্তু তে ভূতা যে ভূতা ভুবি সংস্থিতাঃ।
যে ভূতা বিঘ্নকর্ত্তারস্তে নশ্যন্তু শিবাজ্ঞয়া॥

---

* দেবীর পীড়ির সম্মুখে ঘটস্থাপন করিবে।

† অভ্যুক্ষণ—সেচন, কোন বস্তুতে জল ছড়ান। এখানে কোশার ঐ জল পূজাস্থলে ও দ্রব্যাদির উপর একটু ছিটাইয়া দিবে।

এই মন্ত্র পাঠপূর্ব্বক হস্তস্থিত শ্বেতসর্ষপ বা আতপচাউল ছড়াইয়া নিম্নলিখিত মন্ত্র পাঠ পূর্ব্বক ভূমিতে ছড়াইবে।

ওঁ সর্ব্ববিঘ্নানুৎসারয় হূং ফট্ স্বাহা।

পুষ্পশুদ্ধি।—ধেনুমুদ্রা দেখাইয়া পাঠ করিবে,—

ওঁ শতাভিষেক শতাভিষেক হূং ফট্ স্বাহা।

ভূমিস্পর্শপূর্ব্বক বলিবে,—"ওঁ পবিত্র বজ্রভূমে হূং ফট্ স্বাহা।"

পুষ্পে দেবীর অধিষ্ঠান চিন্তা করিয়া পাঠ করিবে,—

ওঁ পুষ্পকেতু রাজার্হতে শতায় সম্যক্ সম্বন্ধায়। ওঁ পুষ্পে পুষ্পে মহাপুষ্পে সুপুষ্পে পুষ্পসম্ভবে। পুষ্পচয়াবকীর্ণে চ হূং ফট্ স্বাহা।

কায়াদিশোধন।—নিম্নলিখিত মন্ত্রদ্বয় পাঠপূর্ব্বক জলগ্রহণ করিয়া বিন্দুপরিমাণ জল পান করিবে,—

ওঁ বজ্রোদকে হূং ফট্ স্বাহা। ওঁ আং হূং ফট্ স্বাহা।

হৃদয়স্পর্শপূর্ব্বক পাঠ করিবে,—

ওঁ রক্ষ রক্ষ হূং ফট্ স্বাহা।—মন্ত্রে আত্মরক্ষা করিবে,—

গুরু আদিকে প্রণাম।—বামে—ওঁ গুরুভ্যো নমঃ, ওঁ পরমগুরুভ্যো নমঃ, ওঁ পরাপরগুরুভ্যো নমঃ। দক্ষিণে—ওঁ গণেশায় নমঃ। মধ্যে—ওঁ হ্রীং শ্রীমদন্নপূর্ণাদেব্যৈ নমঃ।

অনন্তর ক্রমে মাতৃকান্যাস, অন্তর্মাতৃকান্যাস, বাহ্যমাতৃকান্যাসাদি করিবে। (তত্তৎ প্রকরণ দেখ)।

হৃদয়পদ্মের কেশরে পূর্ব্বাদিদিক্ সকলে দেবীর পীঠশক্তির ন্যাস করিবে।

ওঁ জয়ায়ৈ নমঃ। ওঁ বিজয়ায়ৈ নমঃ। ওঁ অজিতায়ৈ নমঃ। ওঁ অপরাজিতায়ৈ নমঃ। ওঁ নিত্যায়ৈ নমঃ। ওঁ বিলাসিন্যৈ নমঃ। ওঁ দোগ্ধ্র্যৈ নমঃ। ওঁ অঘোরায়ৈ নমঃ। ওঁ সর্ব্বমঙ্গলায়ৈ নমঃ। (মধ্যে)—ওঁ হ্রীং সর্ব্বশক্তিকমলাসনায় নমঃ।

অনন্তর "হ্রীং" মন্ত্রে প্রাণায়াম করিয়া ঋষ্যাদিন্যাস করিবে। যথা,—

ঋষ্যাদিন্যাস।—অস্য অন্নপূর্ণামন্ত্রস্য ব্রহ্মঋষিঃ পংক্তিচ্ছন্দঃ অন্নপূর্ণা দেবতা ধর্ম্মার্থকামমোক্ষেষু বিনিয়োগঃ। (শিরসি) ওঁ ব্রহ্মণে ঋষয়ে নমঃ। (মুখে) ওঁ পংক্তিচ্ছন্দসে নমঃ। (হৃদি) ওঁ অন্নপূর্ণায়ৈ দেবতায়ৈ নমঃ।

পরে মায়াবীজদ্বারা অঙ্গন্যাস করিবে। যথা ;—

হ্রীং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ। হ্রীং তর্জ্জনীভ্যাং স্বাহা। হ্রীং মধ্যমাভ্যাং বষট্। হ্রীং অনামিকাভ্যাং হুং। হ্রীং কনিষ্ঠাভ্যাং বৌষট্। হ্রীং করতলপৃষ্ঠাভ্যামস্ত্রায় ফট্। এবং হ্রীং হৃদয়ায় নমঃ। হ্রীং শিরসে স্বাহা। হ্রীং শিখায়ৈ বষট্। হ্রীং কবচায় হুং। হ্রীং নেত্রত্রয়ায় বৌষট্। হ্রীং করতলপৃষ্ঠাভ্যামস্ত্রায় ফট্।

অনন্তর "হ্রীং" মন্ত্রে সপ্তবার ব্যাপকন্যাস করিয়া অন্নপূর্ণার ধ্যান করিবে।

ধ্যান।—ওঁ রক্তাং বিচিত্র-বসনাং নবচন্দ্রচূড়ামন্নপ্রদাননিরতাং স্তনভারনম্রাম্। নৃত্যন্তমিন্দুশকলাভরণং বিলোক্য, হৃষ্টাং ভজে ভগবতীং ভবদুঃখহন্ত্রীম্॥

ধ্যানান্তে পুষ্প নিজ মস্তকে দিয়া মানসোপচারে যথাশক্তি পূজা করিয়া বিশেষার্ঘ্য স্থাপন করিবে।

অর্ঘ্যস্থাপনানন্তর আত্মহৃদয় হইতে তেজোময়ী মহাদেবীকে শঙ্খজলে আবাহন করিয়া, এই মন্ত্রে পুষ্পাঞ্জলি প্রদান করিবে। "হ্রীং" এই মন্ত্রে অর্ঘ্যের উপর অবগুণ্ঠনমুদ্রা করিয়া, "বষট্" বলিয়া গালিনীমুদ্রা সঞ্চালনপূর্ব্বক "বৌষট্" বলিয়া অর্ঘ্যটী দর্শন করিয়া,—

এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং হৃদয়ায় নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং শিরসে স্বাহা। এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং শিখায়ৈ বষট্। এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং কবচায় হুং। এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং নেত্রত্রয়ায় বৌষট্। এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং করতলপৃষ্ঠাভ্যামস্ত্রায় ফট্।

উক্ত মন্ত্রে ষড়ঙ্গের পূজা করিয়া অর্ঘ্যটীকে মৎস্যমুদ্রা দ্বারা আচ্ছাদন করিয়া তদুপরি "হ্রীং" এই মন্ত্র দশবার জপ করিবে। অনন্তর "হ্রীং" এই মন্ত্রে ভূতিনী ও যোনিমুদ্রা প্রদর্শন করাইয়া, এই অর্ঘ্যের জল কিঞ্চিৎ কোশার জলে লইয়া সেই জলের ছিটা নিজ মস্তকে এবং পূজার উপকরণাদি সমস্ত দ্রব্যে দিবে এবং সমস্ত ব্রহ্মময় চিন্তা করিয়া পূজা করিবে।

পীঠপূজা।—এতে গন্ধপুষ্পে ওঁ আধারশক্তয়ে নমঃ, (এই প্রকারে) প্রকৃতয়ে, কূর্ম্মায়, অনন্তায়, পৃথিব্যৈ, ক্ষীরসমুদ্রায়, শ্বেতদ্বীপায়, মণিমণ্ডপায়, কল্পবৃক্ষায়, মণিবেদিকায়ৈ, রত্ন-সিংহাসনায়, ধর্ম্মায়, জ্ঞানায়, বৈরাগ্যায়, ঐশ্বর্য্যায়, অধর্ম্মায়, অজ্ঞানায়, অবৈরাগ্যায়, অনৈশ্বর্য্যায়, অনন্তায়, পদ্মায়, অং সূর্য্যমণ্ডলায় দ্বাদশকলাত্মনে, উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে, মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে, সং সত্বায়, রং রজসে তং তমসে, আং আত্মনে, পং পরমাত্মনে, অং অন্তরাত্মনে, হ্রীং জ্ঞানাত্মনে।

পুনরায় ভগবতী অন্নপূর্ণাদেবীর ধ্যান পাঠ করিয়া আবাহনাদি পঞ্চমুদ্রাদি দেখাইয়া আবাহন করিবে। যথা—

ওঁ দেবেশি ভক্তিসুলভে পরিবারসমন্বিতে। যাবত্ত্বাং পূজয়িষ্যামি তাবত্ত্বং সুস্থিরা ভব॥ ওঁ হ্রীং ভগবতি অন্ন-পূর্ণে দেবি, পরিবারাদিভিঃ সহ ইহাগচ্ছ ইহাগচ্ছ ইহ তিষ্ঠ ইহ তিষ্ঠ ইহ সন্নিহিতা ভব ইহ সন্নিরুধ্যস্ব অত্রাধিষ্ঠানং কুরু মম পূজাং গৃহাণ।

অনন্তর যথাবিধি চক্ষুর্দ্দান ও প্রাণপ্রতিষ্ঠা করিবে (চক্ষুর্দ্দান ও প্রাণ-প্রতিষ্ঠা ১ম খণ্ডে দ্রষ্টব্য)। অনন্তর কৃতাঞ্জলি হইয়া মন্ত্র পড়িবে। যথা,—

ওঁ অন্নপূর্ণে স্বাগতং তে সুস্বাগতমিদস্তব।
আসনঞ্চেদমপ্যস্মিন্ আস্যতাং পরমেশ্বরি॥

অনন্তর "হ্রীং" এই মন্ত্র তিনবার পাঠপূর্ব্বক, পূর্ব্বস্থাপিত প্রতিমায় বিশেষার্ঘ্যের জলপ্রোক্ষণ করিয়া ষোড়শোপচারে দেবীর পূজা করিবে। যথা,—

এতে গন্ধপুষ্পে ওঁ রজতাসনায় নমঃ। ইত্যাদি প্রণালীতে অর্চ্চনা করিয়া ওঁ "হ্রীং নমো ভগবতি মাহেশ্বরি অন্নপূর্ণে স্বাহা, ইদং রজতাসনং হ্রীং অন্নপূর্ণায়ৈ নমঃ।" এই বলিয়া আসন উৎসর্গ করিয়া দিবে, পরে "ওঁ নমো ভগবতি মাহেশ্বরি অন্নপূর্ণে দেবি ইহ স্বাগতম্ এই বলিয়া স্বাগত প্রশ্ন করিবে। পাদ্য প্রভৃতি পূজার দ্রব্য সমস্তই সেই সেই দ্রব্যের নাম উল্লেখপূর্ব্বক যথাবিধি অর্চ্চনা করিয়া "ওঁ হ্রীং নমো ভগবতি মাহেশ্বরি অন্নপূর্ণে স্বাহা, এতৎ পাদ্যং হ্রীং অন্নপূর্ণায়ৈ নমঃ"। এই বলিয়া পাদ্য দিবে।

এইরূপ—অর্ঘ্যং স্বাহা। আচমনীয়ং স্বধা। মধুপর্কঃ স্বধা। স্নানীয়ং নমঃ। বস্ত্রং নিবেদয়ামি। আভরণং নমঃ। গন্ধো নমঃ। পুষ্পং বৌষট্। বিল্বপত্রং নমঃ। মাল্যং নমঃ। ধূপং নিবেদয়ামি। "এতে গন্ধপুষ্পে ওঁ ঘণ্টায়ৈ নমঃ, ওঁ জয়ধ্বনি মন্ত্রমাতঃ স্বাহা"। এই বলিয়া বামহস্ত দ্বারা ঘণ্টা বাদন করিয়া দক্ষিণহস্তে গন্ধমুদ্রা দেখাইয়া পূর্ব্ববৎ মন্ত্রে ধূপ নিবেদন পূর্ব্বক সংক্ষেপে আরাত্রিক করিবে।

অনন্তর দীপ অর্চ্চনাপূর্ব্বক—"ওঁ হ্রীং নমো ভগবতি মাহেশ্বরি অন্নপূর্ণে স্বাহা, এতৎ দীপং হ্রীং অন্নপূর্ণায়ৈ নিবেদয়ামি" এই বলিয়া নিবেদন করিয়া বামহস্তে ঘণ্টাবাদন ও দীপদ্বারা দশবার নীরাজন করিবে।

পরে ত্রিকোণমণ্ডল করিয়া তদুপরি নৈবেদ্য রাখিয়া অর্ঘ্য-জলে প্রোক্ষণ এবং অবগুণ্ঠন ও অমৃতীকরণ মুদ্রায় তদুপরি "হ্রীং" এই মন্ত্র দশবার জপ করিয়া অর্ঘ্যজলের দ্বারা নৈবেদ্য নিবেদন করিয়া দিবে। যথা—

ওঁ হ্রীং নমো ভগবতি মাহেশ্বরি অন্নপূর্ণে স্বাহা, ইদং সোপকরণনৈবেদ্যং হ্রীং অন্নপূর্ণায়ৈ নিবেদয়ামি।

"ওঁ অমৃতোঽপস্তরণমসি স্বাহা"—এই মন্ত্রে জল দিয়া পাঠ করিবে—

নিবেদয়ামি ভগবতি জুষাণেদং হবিঃ শিবে।

অনন্তর গ্রাসমুদ্রা দেখাইয়া, দক্ষিণহস্তের কনিষ্ঠা, অনামিকা ও বৃদ্ধাঙ্গুলির যোগে—"ওঁ প্রাণায় স্বাহা" তর্জ্জনী, মধ্যমা ও বৃদ্ধাঙ্গুলির যোগে,—"ওঁ অপানায় স্বাহা" মধ্যমা, অনামিকা ও বৃদ্ধাঙ্গুলির যোগে,—"ওঁ সমানায় স্বাহা" তর্জ্জনী, মধ্যমা, অনামিকা ও বৃদ্ধাঙ্গুলির যোগে,—"ওঁ উদানায় স্বাহা" সমস্ত অঙ্গুলির যোগে—"ওঁ ব্যানায় স্বাহা" বলিবে।

পূর্ব্ববৎ "পানার্থোদকং নিবেদয়ামি।" "পুনরাচমনীয়ং নিবেদয়ামি।" "তাম্বুলং নিবেদয়ামি।" অতঃপর অর্ঘ্যের জল একটু কোশার জলে

লইয়া ঐ মিলিত জলে তত্ত্বমুদ্রাদ্বারা তিনবার দেবীর তর্পণ করিবে। মন্ত্র যথা,—

ওঁ হ্রীং নমো ভগবতি মাহেশ্বরি অন্নপূর্ণে স্বাহা, অন্নপূর্ণাদেবীং তর্পয়ামি স্বাহা।

দেবীর মস্তক, হৃদয়, নাভি, পাদযুগল ও সর্ব্বাঙ্গে মূলমন্ত্রে পঞ্চপুষ্পাঞ্জলি প্রদানপূর্ব্বক তৈজসাধার ভোজ্যাদি দেবীর প্রীতিকামনায় উৎসর্গ করিয়া কৃতাঞ্জলি হইয়া বলিবে,—

শ্রীমদন্নপূর্ণে দেবি তবাবরণদেবতাশ্চ পূজয়ামি।

আবরণ পূজা,—গন্ধপুষ্প দ্বারা পূজা করিবে। সর্ব্বত্র "এতে গন্ধপুষ্পে বলিয়া—

হ্রীং হৃদয়ায় নমঃ। হ্রীং শিরসে স্বাহা। হ্রীং শিখায়ৈ বষট্। হ্রীং কবচায় হুং। হ্রীং নেত্রত্রয়ায় বৌষট্। হ্রীং করতলপৃষ্ঠাভ্যামস্ত্রায় ফট্। লক্ষ্ম্যৈ নমঃ। হরয়ে। গৌর্য্যৈ। শিবায়। রত্যৈ। কামায়। শঙ্খনিধয়ে। পদ্মনিধয়ে।

গুরুপংক্তিপূজা।—ওঁ গুরুভ্যো নমঃ। ওঁ পরমগুরুভ্যো নমঃ। ওঁ পরাপর-গুরুভ্যো নমঃ। ওঁ পরমেষ্ঠি-গুরুভ্যো নমঃ।

বামকরতলস্থ তত্ত্বমুদ্রা সংস্পৃষ্ট জল দ্বারা সর্ব্বত্র অর্থাৎ যেখানে তর্পণ করিবার জন্য লেখা হইল, সেই সেই স্থলে তিনবার করিয়া তর্পণ করিবে।

গুরুপংক্তির তর্পণ—ওঁ গুরূংস্তর্পয়ামি। ওঁ পরমগুরূংস্তর্পয়ামি। ওঁ পরাপরগুরূংস্তর্পয়ামি। ওঁ পরমেষ্ঠিগুরূংস্তর্পয়ামি।

অষ্টদলপদ্মমধ্যে পূর্ব্বাদিক্রমে অষ্টশক্তির পূজা ও তর্পণ করিবে। যথা—ওঁ ব্রাহ্ম্যৈ নমঃ; ওঁ ব্রাহ্মীং তর্পয়ামি। ওঁ মাহেশ্বর্য্যৈ নমঃ; ওঁ মাহেশ্বরীং তর্পয়ামি। ওঁ কৌমার্য্যৈ নমঃ; ওঁ কৌমারীং তর্পয়ামি। ওঁ বৈষ্ণব্যৈ নমঃ; ওঁ বৈষ্ণবীং তর্পয়ামি। ওঁ বারাহ্যৈ নমঃ; ওঁ বারাহীং তর্পয়ামি। ওঁ ইন্দ্রাণ্যৈ নমঃ; ওঁ ইন্দ্রাণীং তর্পয়ামি। ওঁ চামুণ্ডায়ৈ নমঃ; ওঁ চামুণ্ডাং তর্পয়ামি। ওঁ মহালক্ষ্ম্যৈ নমঃ; ওঁ মহালক্ষ্মীং তর্পয়ামি।

পত্রাগ্রে পূর্ব্বাদিক্রমে পূর্ব্বনিয়মে ভৈরবের পূজা ও তর্পণ করিবে,—

ওঁ অসিতাঙ্গভৈরবায় নমঃ;—ওঁ অসিতাঙ্গভৈরবং তর্পয়ামি। ওঁ রুরু-ভৈরবায় নমঃ;—ওঁ রুরুভৈরবং তর্পয়ামি। ওঁ চণ্ডভৈরবায় নমঃ;—ওঁ চণ্ডভৈরবং তর্পয়ামি। ওঁ ক্রোধভৈরবায় নমঃ;—ওঁ ক্রোধভৈরবং তর্পয়ামি। ওঁ উন্মত্তভৈরবায় নমঃ;—ওঁ উন্মত্তভৈরবং তর্পয়ামি। ওঁ কপালি-ভৈরবায় নমঃ;—ওঁ কপালিভৈরবং তর্পয়ামি। ওঁ ভীষণভৈরবায় নমঃ;—

ওঁ ভীষণভৈরবং তর্পয়ামি। ওঁ সংহারভৈরবায় নমঃ;—ওঁ সংহারভৈরবং তর্পয়ামি। ওঁ ভয়ঙ্করভৈরবায় নমঃ;—ওঁ ভয়ঙ্করভৈরবং তর্পয়ামি।

পূর্ব্বোক্ত বিধানে সায়ুধ-পরিবার-দশদিক্পাল-পূজা ও পূর্ব্বোক্ত বিধানে তর্পণ করিবে। যথা—

ওঁ লাং ইন্দ্রায় দেবতাধিপতয়ে সায়ুধায় সবাহনায় সপরিবারায় নমঃ। ওঁ ইন্দ্রং দেবতাধিপতিং সায়ুধং সবাহনং সপরিবারং তর্পয়ামি। ওঁ রাং অগ্নয়ে তেজোঽধিপতয়ে সায়ুধায় সবাহনায় সপরিবারায় নমঃ। ওঁ অগ্নিং তেজোঽধিপতিং সায়ুধং সবাহনং সপরিবারং তর্পয়ামি। ওঁ যাং যমায় প্রেতাধিপতয়ে সায়ুধায় সবাহনায় সপরিবারায় নমঃ। ওঁ যমং প্রেতাধিপতিং সায়ুধং সবাহনং সপরিবারং তর্পয়ামি। ওঁ ক্ষাং নির্ঋতয়ে রক্ষোঽধিপতয়ে সায়ুধায় সবাহনায় সপরিবারায় নমঃ। ওঁ নির্ঋতিং রক্ষোঽধিপতিং সায়ুধং সবাহনং সপরিবারং তর্পয়ামি। ওঁ বাং বরুণায় জলাধিপতয়ে সায়ুধায় সবাহনায় সপরিবারায় নমঃ। ওঁ বরুণং জলাধিপতিং সায়ুধং সবাহনং সপরিবারং তর্পয়ামি। ওঁ বাং বায়বে প্রাণাধিপতয়ে সায়ুধায় সবাহনায় সপরিবারায় নমঃ। ওঁ বায়ুং প্রাণাধিপতিং সায়ুধং সবাহনং সপরিবারং তর্পয়ামি। ওঁ সাং সোমায় তারাধিপতয়ে সায়ুধায় সবাহনায় সপরিবারায় নমঃ। ওঁ সোমং তারাধিপতিং সায়ুধং সবাহনং সপরিবারং তর্পয়ামি। ওঁ হাং ঈশানায় গণাধিপতয়ে সায়ুধায় সবাহনায় সপরিবারায় নমঃ। ওঁ ঈশানং গণাধিপতিং সায়ুধং সবাহনং সপরিবারং তর্পয়ামি। ওঁ আং ব্রহ্মণে প্রজাধিপতয়ে সায়ুধায় সবাহনায় সপরিবারায় নমঃ। ওঁ ব্রহ্মাণং প্রজাধিপতিং সায়ুধং সবাহনং সপরিবারং তর্পয়ামি। ওঁ হ্রীং অনন্তায় নাগাধিপতয়ে সায়ুধায় সবাহনায় সপরিবারায় নমঃ। ওঁ অনন্তং নাগাধিপতিং সায়ুধং সবাহনং সপরিবারং তর্পয়ামি।

বজ্রায়, শক্তয়ে, দণ্ডায়, খড়্গায়, পাশায়, অঙ্কুশায়, গদায়ৈ, ত্রিশূলায়, পদ্মায়, চক্রায়, ঐরাবতায়, অজায়, মহিষায়, নরকায়, মকরায়, মৃগায়, অশ্বায়, বৃষভায়, হংসায়, রথায়, বটুকায়, ক্ষেত্রপালায়, যোগিন্যৈ, গণনায়কায়—গন্ধপুষ্প দ্বারা ইহাদিগকে পূজা ও তিনবার করিয়া তর্পণ করতঃ নিম্নমন্ত্রে সায়ুধ সবাহন সপরিবার দেবীর দশোপচারে পূজা ও নিম্নমন্ত্রে পূর্ব্বোক্ত বিধানে তিনবার তর্পণ করিবে।

পূজামন্ত্র,—ওঁ সায়ুধায়ৈ সবাহনায়ৈ সালঙ্কারায়ৈ সপরিবারায়ৈ ওঁ হ্রীং অন্নপূর্ণায়ৈ দেবতায়ৈ নমঃ।

তর্পণ।—ওঁ সায়ুধাং সবাহনাং সালঙ্কারাং সপরিবারাং ওঁ হ্রীং অন্নপূর্ণাং দেবীং তর্পয়ামি স্বাহা।

অতঃপর "ধ্যায়েন্নিত্যং মহেশং" ইত্যাদি ধ্যান পাঠপূর্ব্বক ভিক্ষুকবেশধারী শিবের ষোড়শোপচারে পূজা করিবে। অনন্তর প্রাণায়ামপূর্ব্বক যথাশক্তি মূলমন্ত্র জপ করিয়া "গুহ্যাতিগুহ্য" মন্ত্রে জপ সমর্পণানন্তর পুনঃ প্রাণায়াম করিয়া স্তব কবচ পাঠপূর্ব্বক প্রণাম করিবে। যথা—

অন্নপূর্ণে নমস্তুভ্যং নমস্তে জগদম্বিকে। ত্বচ্চারুচরণে ভক্তিং দেহি দীনং-দয়াময়ি॥ সর্ব্বমঙ্গলমঙ্গল্যে শিবে সর্ব্বার্থসাধিকে। শরণ্যে ত্র্যম্বকে গৌরি নারায়ণি নমোঽস্তু তে॥

অতঃপর বলিদান (তান্ত্রিক বলিদান দেখ)। বলিদানান্তে আরাত্রিক করিয়া চণ্ডীপাঠ, অন্নপূর্ণার স্তবকবচাদি পাঠ ও দুর্গানাম জপ। জপের আদ্যন্তে কবচ পাঠ করিয়া পুষ্পাঞ্জলি প্রদান এবং প্রদক্ষিণ কার্য্য সমাপন করিবে।

কুমারী পূজা করিতে হইলে, এই সময় কুমারী পূজা করিবে (কুমারীপূজা প্রকরণ দেখ)।

তদনন্তর ভোগ উৎসর্গ করিয়া পুনরায় আরাত্রিক করিবে। পরে তান্ত্রিক বিধানে অগ্নিস্থাপনাদি করিয়া "ওঁ হ্রীং নমো ভগবতি মাহেশ্বরি অন্নপূর্ণে স্বাহা" এই মন্ত্রে ঘৃতসংযুক্ত বিল্বপত্রদ্বারা (স্থানবিশেষে ঘৃতসংযুক্ত পায়স দ্বারা) হোম করিবে। অনন্তর শান্তিদান ও হুতশেষ দ্বারা তিলকদান পূর্ব্বক দেবীসম্প্রদানক দক্ষিণান্ত করিয়া অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্য সমাধান করিবে। পরে 'জয় জয়' বলিয়া বিশেষার্ঘ্যদ্বারা দেবীর আরাত্রিক করিয়া উহা দেবীকে দান করিয়া সাষ্টাঙ্গ প্রণামপূর্ব্বক কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবে,—

ওঁ মাং মদীয়ং সকলং সম্যক্ শ্রীমদন্নপূর্ণা-দেবতায়ৈ সমর্পয়ে, ওঁ তৎ সৎ।

ওঁ জানতাজানতা বাপি যন্ময়া ক্রিয়তে শিবে।
তব কৃত্যমিদং সর্ব্বমিতি জ্ঞাত্বা ক্ষমস্ব মে॥

পরে আবরণদেবতাসকল দেবীর অঙ্গে বিলীন হইলেন, এইরূপ ভাবনা করিবে। অনন্তর ওঁ অন্নপূর্ণে দেবি ক্ষমস্ব, বিসর্জ্জনের এই মন্ত্র বলিয়া সংহার মুদ্রা দ্বারা নির্ম্মাল্যপুষ্প গ্রহণ করিয়া পাঠ করিবে।

ওঁ উত্তরে শিখরে দেবি ভূম্যাং পর্ব্বতবাসিনি।
ব্রহ্মযোনিসমুৎপন্নে গচ্ছ দেবি মমান্তরম্॥

এই মন্ত্রে দেবী-তেজ স্বহৃদয়ে আনয়নপূর্ব্বক, "ওঁ চণ্ডেশ্বর্য্যৈ নমঃ।" এই মন্ত্রে গৃহীত পুষ্প ঈশানকোণে নিক্ষেপ করিয়া ঈশানকোণে একটী ত্রিকোণ মণ্ডল করিয়া তদুপরি,—

"ওঁ নির্ম্মাল্যবাসিন্যৈ নমঃ। ওঁ শেষিকায়ৈ নমঃ।" বলিয়া নির্ম্মাল্যপুষ্প রাখিবে। একটু জল দিয়া ঘট এবং প্রতিমা একটু নাড়িয়া বিসর্জ্জন করিবে।

দেশবিশেষে পূজার পরদিবসেও বিসর্জ্জন করা হইয়া থাকে। সেখানে পরদিবস—প্রাতে নিত্যকার্য্য সমাধা করিয়া দশোপচারে দেবীর পূজা করিয়া দধিযুক্ত ভৃষ্ট দ্রব্যাদি (খৈ মুড়ি প্রভৃতি) নিবেদন করিয়া দিয়া পূর্ব্বোক্ত বিধানে বিসর্জ্জনাদি করিবে।

অন্নপূর্ণা-স্তোত্রম্ (১)

নমঃ কল্যাণদে দেবি নমঃ শঙ্করবল্লভে। নমো ভক্তপ্রিয়ে দেবি অন্নপূর্ণে নমোঽস্তু তে॥ ১॥ নমো মায়াগৃহীতাঙ্গি নমঃ শঙ্করবল্লভে। মাহেশ্বরি নমস্তুভ্যং অন্নপূর্ণে নমোঽস্তু তে॥ ২॥ মহামায়ে শিবধর্ম্মপত্নীরূপে হরিপ্রিয়ে। বাঞ্ছা-দাত্রি সুরেশানি অন্নপূর্ণে নমোঽস্তু তে॥ ৩॥ উদ্যদভানুসহস্রাভে নয়নত্রয়-ভূষিতে। চন্দ্রচূড়ে মহাদেবি অন্নপূর্ণে নমোঽস্তু তে॥ ৪॥ বিচিত্রবসনে দেবি অন্নদানরতেঽনঘে। শিবনৃত্যকৃতামোদে অন্নপূর্ণে নমোঽস্তু তে॥ ৫॥ সাধকা-ভীষ্টদে দেবি ভব-দুঃখবিনাশিনি। কুচভারনতে দেবি অন্নপূর্ণে নমোঽস্তু তে॥ ৬॥ ষট্‌কোণপদ্মমধ্যস্থে ষড়ঙ্গযুবতীময়ে। ব্রহ্মাণ্যাদিস্বরূপে চ অন্নপূর্ণে নমোঽস্তু তে॥ ৭॥ দেবি চন্দ্রকৃতাপীড়ে সর্ব্বসাম্রাজ্যদায়িনি। সর্ব্বানন্দকরে দেবি অন্ন-পূর্ণে নমোঽস্তু তে॥ ৮॥ ইন্দ্রাদ্যর্চ্চিতপাদাব্জে রুদ্রাদিরূপধারিণি। সর্ব্বসম্পৎ-প্রদে দেবি অন্নপূর্ণে নমোঽস্তু তে॥ ৯॥ পূজাকালে পঠেদ্ যস্তু স্তোত্রমেতৎ সমাহিতঃ। তস্য গেহে স্থিরা লক্ষ্মীর্জায়তে নাত্র সংশয়ঃ॥ প্রাতঃকালে পঠেদ্ যস্তু মন্ত্রজাপপুরঃসরম্। তস্য চান্নসমৃদ্ধিঃ স্যাদ্বর্দ্ধমানা দিনে দিনে॥ যস্মৈ কস্মৈ ন দাতব্যং ন প্রকাশ্যং কদাচন। প্রকাশাৎ কার্য্যহানিঃ স্যাত্তস্মাদ্ যত্নেন গোপয়েৎ॥ ওঁ তৎসদিত্যাদি। ইত্যন্নপূর্ণাস্তোত্রং সমাপ্তম্।

অন্নপূর্ণা-স্তোত্রম্ (২)

নিত্যানন্দকরী বরাভয়করী সৌন্দর্য্যরত্নাকরী নির্ধূতাখিলঘোরপাবনকরী প্রত্যক্ষমাহেশ্বরী। প্রালেয়াচলবংশপাবনকরী কাশীপুরাধীশ্বরী, ভিক্ষাং দেহি কৃপাবলম্বনকরী মাতান্নপূর্ণেশ্বরী॥ নানারত্নবিচিত্রভূষণকরী হেমাম্বরাড়ম্বরী, মুক্তাহারবিলম্বমানবিলসদ্বক্ষোজকুম্ভান্তরী। কাশ্মীরাগুরুবাসিতাঙ্গরুচরী কাশী-পুরাধীশ্বরী, ভিক্ষাং দেহি কৃপাবলম্বনকরী মাতান্নপূর্ণেশ্বরী॥ যোগানন্দকরী রিপুক্ষয়করী ধর্ম্মৈকনিষ্ঠাকরী, চন্দ্রার্কানলভাসমানলহরী ত্রৈলোক্যরক্ষাকরী। সর্ব্বৈশ্বর্য্যসমস্তবাঞ্ছনকরী কাশীপুরাধীশ্বরী, ভিক্ষাং দেহি কৃপাবলম্বনকরী মাতান্নপূর্ণেশ্বরী॥ কৈলাসাচলকন্দরালয়করী গৌরী উমা শঙ্করী, কৌমারী নিগমার্থগোচরকরী ওঙ্কারবীজাক্ষরী। মোক্ষদ্বারকবাটপাটনকরী কাশীপুরাধীশ্বরী, ভিক্ষাং দেহি কৃপাবলম্বনকরী মাতান্নপূর্ণেশ্বরী। দৃশ্যাদৃশ্য-বিভূতিভাবনকরী ব্রহ্মাণ্ডভাণ্ডোদরী, লীলানাটকসূত্রভেদনকরী বিজ্ঞানদীপাঙ্কুরী। শ্রীবিশ্বেশমনঃ প্রসাদনকরী কাশীপুরাধীশ্বরী, ভিক্ষাং দেহি কৃপাবলম্বনকরী মাতান্নপূর্ণেশ্বরী॥ উর্ব্বী সর্ব্বজনেশ্বরী জয়করী মাতান্নপূর্ণেশ্বরী, বেণীনীল-সমানকুন্তলধরী নিত্যান্ন-দানেশ্বরী। সর্ব্বানন্দকরী সদাশিবকরী কাশীপুরাধীশ্বরী, ভিক্ষাং দেহি কৃপাবলম্বনকরী মাতান্নপূর্ণেশ্বরী॥ আদিক্ষান্তসমস্তবর্ণনকরী চন্দ্রপ্রভাভাস্করী কাশ্মীরা ত্রিপুরেশ্বরী ত্রিলহরী নিত্যাঙ্কুরী শর্ব্বরী॥ কামাকাঙ্ক্ষ্যকরী মহোৎসব-করী কাশীপুরাধীশ্বরী, ভিক্ষাং দেহি কৃপাবলম্বনকরী মাতান্নপূর্ণেশ্বরী॥ দর্বীপাকসুবর্ণরত্নঘটিকা দক্ষে করে সংস্থিতা বামে চারুপয়োধরী রসভরী সৌভাগ্য-মাহেশ্বরী। ভক্তাভীষ্টকরী ফলপ্রদকরী কাশীপুরাধীশ্বরী, ভিক্ষাং দেহি কৃপা-বলম্বনকরী মাতান্নপূর্ণেশ্বরী॥ চন্দ্রার্কানলকোটিপূর্ণবদনা বালার্কবর্ণেশ্বরী চন্দ্রার্কাগ্নিসমানকুণ্ডলধরী চন্দ্রার্কবিম্বাধরী। মালাপুস্তকপাশকাঙ্কুশধরী কাশী-পুরাধীশ্বরী, ভিক্ষাং দেহি কৃপাবলম্বনকরী মাতান্নপূর্ণেশ্বরী॥ সর্ব্বত্রাণকরী মহাভয়হরী মাতা কৃপাসাগরী সাক্ষান্মোক্ষকরী সদা শিবকরী বিশ্বেশ্বরী শ্রীধরী। দাক্ষানন্দকরী নিরাময়করী, কাশীপুরাধীশ্বরী, ভিক্ষাং দেহি কৃপাবলম্বনকরী মাতান্নপূর্ণেশ্বরী॥ অন্নপূর্ণে সদাপূর্ণে শঙ্করপ্রাণবল্লভে। জ্ঞানবৈরাগ্যসিদ্ধ্যর্থং ভিক্ষাং দেহি নমোঽস্তু তে॥ মাতা চ পার্ব্বতী দেবী পিতা দেবো মহেশ্বরঃ। বান্ধবাঃ শিবভক্তাশ্চ স্বদেশো ভুবনত্রয়ম্॥

ইতি শ্রীমচ্ছঙ্করাচার্য্যবিরচিতং অন্নপূর্ণাস্তোত্রং সম্পূর্ণম্।

অন্নপূর্ণা-কবচম্ ।

দেব্যুবাচ। কথিতাশ্চান্নপূর্ণায়া যা যা বিদ্যাঃ সুদুর্ল্লভাঃ। কৃপয়া কথিতাঃ সর্ব্বাঃ শ্রুতাশ্চাধিগতা ময়া॥ সাম্প্রতং শ্রোতুমিচ্ছামি কবচং যৎ পুরোদিতং। ত্রৈলোক্যরক্ষণং নাম কবচং মন্ত্রবিগ্রহম্॥ ঈশ্বর উবাচ। শৃণু পার্ব্বতি বক্ষ্যামি সাবধানাবধারয়। ত্রৈলোক্যরক্ষণং নাম কবচং ব্রহ্মরূপকং॥ ব্রহ্মবিদ্যাস্বরূপঞ্চ মহদৈশ্বর্য্যদায়কম্। পঠনাদ্ধারণান্মর্ত্ত্যস্ত্রৈলোক্যৈশ্বর্য্যভাগ্ ভবেৎ॥ ত্রৈলোক্য-রক্ষণস্যাস্য কবচস্য ঋষিঃ শিবঃ। ছন্দো বিরাড়ন্নপূর্ণা দেবতা সর্ব্বসিদ্ধিদা॥ ধর্ম্মার্থকামমোক্ষেষু বিনিয়োগঃ প্রকীর্ত্তিতঃ॥ হ্রীং নমো ভগবত্যন্তে মাহেশ্বরি পদং ততঃ॥ অন্নপূর্ণে ততঃ স্বাহা চৈষা সপ্তদশাক্ষরী। পাতু মামন্নপূর্ণা সা যা খ্যাতা ভুবনত্রয়ে॥ বিমায়া প্রণবাদ্যৈষা তথা সপ্তদশাক্ষরী। পাত্বন্নপূর্ণা সর্ব্বাঙ্গং রত্নকুম্ভান্নপাত্রদা। শ্রীবীজাদ্যা তথা চৈষা দ্বিরষ্টার্ণা তথা মুখম্। প্রণবাদ্যা ভ্রুবৌ পাতু কণ্ঠং বাগ্বীজপূর্ব্বিকা॥ কামবীজাদিকা চৈষা হৃদয়ন্তু মহেশ্বরী॥ তারঃ শ্রীং হ্রীং নমোঽন্তে চ ভগবতি পদং ততঃ॥ মাহেশ্বরি পদঞ্চান্নপূর্ণে স্বাহেতি পাতু মে। নাভিমেকোনবিংশার্ণা পায়ান্মাহেশ্বরী সদা। তারো মায়া রমা কামঃ ষোড়শার্ণা ততঃ পরম্। শিরঃস্থা সর্ব্বদা পাতু বিংশত্যর্ণাত্মিকা চ যা॥ করৌ পাদৌ সদা পাতু রমা কামো ধ্রুবস্তথা। ধ্বজঞ্চ সর্ব্বদা পাতু বিংশত্যর্ণাত্মিকা চ যা। অন্নপূর্ণা মহা-বিদ্যা হ্রীং পাতু ভুবনেশ্বরী। শিরঃ শ্রীং হ্রীং তথা ক্লীঞ্চ ত্রিপুটা পাতু মে গুদম্॥ ষড়্দীর্ঘভাজা বীজেন ষড়ঙ্গানি পুনন্তু মাম্। ইন্দ্রো মাং পাতু পূর্ব্বে চ বহ্নি-কোণেঽনলোঽবতু॥ যমো মাং দক্ষিণে পাতু নৈর্ঋত্যাং নির্ঋতিশ্চ মাম্। পশ্চিমে বরুণঃ পাতু বায়ব্যাং পবনোঽবতু॥ কুবেরশ্চোত্তরে পাতু মামৈশান্যাং শিবোঽবতু। ঊর্দ্ধাধঃ সততং পাতু ব্রহ্মানন্তো যথাক্রমাৎ॥ বজ্রাদ্যাশ্চায়ুধাঃ পান্তু দশদিক্ষু যথাক্রমাৎ। ইতি তে কথিতং পুণ্যং ত্রৈলোক্যরক্ষণং পরম্॥ যদ্ধৃত্বা পঠনাদ্দেবাঃ সর্ব্বৈশ্বর্য্যমবাপ্নুয়ুঃ। ব্রহ্মা বিষ্ণুশ্চ রুদ্রশ্চ পঠনাদ্ধারণাদ্যতঃ॥ সৃজত্যবতি হন্ত্যেব কল্পে কল্পে পৃথক্ পৃথক্। পুষ্পাঞ্জল্যষ্টকং দেব্যৈ মূলেনৈব পঠেত্ততঃ॥ যুগাযুতকৃতায়াস্তু পূজায়াঃ ফলমাপ্নুয়াৎ॥ প্রীতিমন্যোন্যতঃ কৃত্বা কমলা নিশ্চলা গৃহে॥ বাণী বক্ত্রে বসেত্তস্য সত্যং সত্যং ন সংশয়ঃ। অষ্টোত্তর-শতঞ্চাস্য পুরশ্চর্য্যাবিধিঃ স্মৃতঃ॥ ভূর্জ্জে বিলিখ্য গুলিকাং স্বর্ণস্থাং ধারয়েদ্যদি। কণ্ঠে বা দক্ষিণে বাহৌ সোঽপি সর্ব্বতপোময়ঃ॥ ব্রহ্মাস্ত্রাদীনি শস্ত্রাণি তদ্গাত্রং প্রাপ্য পার্ব্বতি। মাল্যানি কুসুমাস্যেব ভবন্ত্যেব ন সংশয়ঃ॥

ইতি ভৈরবতন্ত্রে ভৈরবভৈরবীসংবাদে অন্নপূর্ণাকবচং সমাপ্তম্।

তান্ত্রিক বলিদান।

সুলক্ষণ পশু স্নান করাইয়া দেবীর অগ্রে আনয়নপূর্ব্বক স্বীয় বামপার্শ্বে পূর্ব্বাস্য করিয়া স্থাপন করিবে এবং শৃঙ্গে সিন্দুর ও তদ্‌গলে বিল্বপত্রের মালা প্রদান করিবে। অনন্তর অর্ঘ্যের জলে সংপ্রোক্ষণ ও কবচ মন্ত্রে হুং অবগুণ্ঠন ও ধেনুমুদ্রা প্রদর্শন করাইবে, "এতৎ পাদ্যং—ওঁ ছাগপশবে নমঃ" (অন্য পশু হইলে তাহার নাম করিবে) মন্ত্রে পাদ্যাদিদ্বারা পশুপূজা করিয়া নিম্নোক্ত মন্ত্র তাহার কর্ণে পাঠ করিবে। যথা,—

ওঁ পশুপাশায় বিদ্মহে বিশ্বকর্ম্মণে ধীমহি। তন্নো জীবঃ প্রচোদয়াৎ।

অনন্তর খড়্গ শুদ্ধজলে ধৌত করিয়া তন্মধ্যে বৃত্তাকারে সিন্দুর লেপন পূর্ব্বক বিল্বপত্রের বৃন্তদ্বারা তন্মধ্যে "হ্রীং" মন্ত্র লিখিয়া খড়্গ পূজা করিবে।

মন্ত্র যথা।—

ওঁ হ্রীং কালি কালি বজ্রেশ্বরি লৌহদণ্ডায় নমঃ।

পরে নিম্নোক্ত মন্ত্রে যথাক্রমে খড়্গের অগ্রে, মধ্যে, মূলে ও সর্ব্বাঙ্গে পূজা করিবে। যথা—এতে গন্ধেপুষ্পে হুং বাগীশ্বরীব্রহ্মভ্যাং নমঃ। হুং লক্ষ্মী-নারায়ণাভ্যাং নমঃ, হুং উমামহেশ্বরাভ্যাং নমঃ। ওঁ ব্রহ্ম-বিষ্ণু-শিবশক্তি-যুক্তায় খড়্গায় নমঃ।

খড়্গের প্রণাম।—ওঁ খড়্গায় খরধারায় শক্তিকার্য্যার্থতৎপর।
পশুশ্ছেদ্যস্ত্বয়া শীঘ্রং খড়্গনাথ নমোঽস্তু তে॥

অনন্তর তিল-তুলসী-ত্রিপত্রাদি সংযুক্ত কোশার জলে হস্ত রাখিয়া পাঠ করিবে।—

অদ্যেত্যাদি *—অমুকদেবতা-প্রীতিকামঃ † ইমং ছাগপশুং বহ্নিদৈবতং অমুকদেবতায়ৈ তুভ্যমহং সম্প্রদদানি।

কৃতাঞ্জলি—ওঁ বলিং গৃহ্ণ মহাদেবি পশুং সর্ব্বগুণান্বিতম্।
যথোক্তেন বিধানেন তুভ্যমস্তু সমর্পিতম্॥

"আং হুং ফট্"—মন্ত্রে পশুস্কন্ধে খড়্গ স্পর্শ করাইবে।

---

* অদ্যেত্যাদি—সঙ্কল্পের মত বিষ্ণুরোম্ হইতে মাস পক্ষ তিথি ও কর্ম্মকর্ত্তার নাম প্রভৃতি সমস্ত বলিয়া লিখিত মন্ত্র পড়িবে।

† যে দেবতার পূজা ও যাঁহার প্রীত্যর্থ বলিদান, তাহাতে সেই দেবতার নামই হইবে।

কুষ্মাণ্ড, ইক্ষুদণ্ড, রম্ভা প্রভৃতি বলি সকল এই সময় উৎসর্গ করিয়া পশু বলির পরে সে সমুদয় ছেদন করিতে হয়। উৎসর্গ মন্ত্র—

ওঁ কুষ্মাণ্ড বলয়ে নমঃ।—অদ্যেত্যাদি অমুকদেবতা-প্রীতিকাম এষ কুষ্মাণ্ড-বলিঃ অমুকদেবতায়ৈ নমঃ।

বলি ছেদন করিয়া সমাংস রুধির ও পশুশির দেবী-সমীপে আনয়নপূর্ব্বক উত্তরাস্থ করিয়া তদুপরি দীপ জ্বালিয়া উৎসর্গ করিবে,—

মূল মন্ত্র উচ্চারণপূর্ব্বক—এষ সপ্রদীপচ্ছাগশীর্ষবলিঃ অমুকদেবতায়ৈ নমঃ। সমাংস রুধির দেবীকে দান করিবে। মন্ত্র যথা,—

এষ সমাংসরুধিরবলিঃ অমুকদেবতায়ৈ নমঃ।

অনন্তর বটুকাদিকে গন্ধপুষ্প ও অবশিষ্ট রুধিরবলি চারিভাগ করিয়া দান করিবে। যথা,—

এতে গন্ধপুষ্পে হুং বাং বটুকায় নমঃ, এষ সমাংসরুধিরবলিঃ হুং বাং বটুকায় নমঃ। এতে গন্ধপুষ্পে হুং যাং যোগিনীভ্যো নমঃ,—এষ সমাংসরুধিরবলিঃ হুং যাং যোগিনীভ্যো নমঃ। এতে গন্ধপুষ্পে হুং ক্ষাং ক্ষেত্রপালায় নমঃ,—এষ সমাংসরুধিরবলিঃ হুং ক্ষাং ক্ষেত্রপালায় নমঃ। এতে গন্ধপুষ্পে হুং গাং গণপতয়ে নমঃ,—এষ সমাংসরুধিরবলিঃ হুং গাং গণপতয়ে নমঃ। ওঁ ঐং হ্রীং শ্রীং কৌশিকি রুধিরেণাপ্যায়তাম্।

তান্ত্রিক কুমারী-পূজা।

কুমারী যোগিনী সাক্ষাৎ কুমারী কুলদেবতা। অসুরা দুষ্টনাগাশ্চ যে যে দুষ্টগ্রহা অপি॥ ভূত-বেতাল-গন্ধর্ব্বা ডাকিনীযক্ষরাক্ষসাঃ। যাশ্চান্যা দেবতাঃ সর্ব্বা ভূর্ভুবঃস্বশ্চ ভৈরবাঃ॥ পৃথিব্যাদীনি সর্ব্বাণি ব্রহ্মাণ্ডং সচরাচরম্। ব্রহ্মা-বিষ্ণুশ্চ রুদ্রশ্চ ঈশ্বরশ্চ সদাশিবঃ॥ তে তুষ্টাঃ সর্ব্বতুষ্টাশ্চ যত্র কন্যাং প্রপূজয়েৎ। বিধিযুক্তকুমারীভির্ভোজয়েচ্চৈব ভৈরবীম্॥ যামলে।

মহাশক্তিরূপা কুমারীর পূজা করিলে, সমস্ত জগৎ এবং ব্রহ্মা রুদ্রাদি সমস্ত দেবতা পরিতুষ্ট হয়েন এবং যজমান ইহলোকে সর্ব্বসম্পত্তি লাভ করিয়া অন্তে পরম শান্তি প্রাপ্ত হয়েন। শাক্ত, বৈষ্ণব প্রভৃতি সকলেরই যোগিনীরূপা কুমারীর পূজা করা কর্ত্তব্য। মহনবমীদিনে এবং জগদ্ধাত্রী, অন্নপূর্ণা ও কালী পূজাদিতে কুমারীপূজা অনুষ্ঠিত হইয়া থাকে।

কুমারীনির্ণয়।—একবর্ষা ভবেৎ সন্ধ্যা দ্বিবর্ষা চ সরস্বতী। ত্রিবর্ষা চ ত্রিধা-মূর্ত্তিশ্চতুর্বর্ষা চ কালিকা॥ সুভগা পঞ্চবর্ষা চ ষড়্বর্ষা চ উমা ভবেৎ। সপ্তভি-র্মালিনী সাক্ষাদষ্টবর্ষা তু কুব্জিকা॥ নবভিঃ কালসন্দর্ভা দশভিশ্চাপরাজিতা। একাদশে চ রুদ্রাণী দ্বাদশাব্দে তু ভৈরবী॥ ত্রয়োদশে মহালক্ষ্মীর্দ্বিসপ্তা পীঠ-নায়িকা। ক্ষেত্রজ্ঞা পঞ্চদশভিঃ ষোড়শে চাম্বিকা স্মৃতা॥ এবং ক্রমেণ সংপূজ্যা যাবৎ পুষ্পং ন বিদ্যতে॥ ইতি যামলে।

একবর্ষীয়া কন্যার নাম সন্ধ্যা, দ্বিবর্ষীয়া সরস্বতী, ত্রিবর্ষীয়া ত্রিধামূর্ত্তি, চতু-র্বর্ষীয়া কালিকা, পঞ্চবর্ষা সুভগা, ষড়্বর্ষা উমা, সপ্তবর্ষা মালিনী, অষ্টবর্ষা কুব্জিকা, নবমে কালসন্দর্ভা, দশমে অপরাজিতা, একাদশবর্ষা রুদ্রাণী, দ্বাদশবর্ষা ভৈরবী, ত্রয়োদশবর্ষা মহালক্ষ্মী, চতুর্দ্দশবর্ষা পীঠনায়িকা, পঞ্চদশে ক্ষেত্রজ্ঞা, ষোড়শে অম্বিকা নামে অভিহিতা হয়। কন্যা যে পর্য্যন্ত ঋতুমতী না হয়, সেই পর্য্যন্ত তাহাদিগকে এই ক্রম অনুসারে পূজা করিবে।

পূজাপদ্ধতি।—নববস্ত্র পরাইয়া আসনে বসাইয়া কুমারীর প্রক্ষালিত পদদ্বয়ে অলক্ত দিয়া গলে সুগন্ধি কুসুমের মালা ও কপালে সিন্দুরতিলক দান করিবে।

অনন্তর স্বস্তিবাচনাদি সঙ্কল্প ও গণেশাদি দেবতার পূজা করিয়া ধ্যান করিবে।

কুমারীর ধ্যান,—ওঁ বালরূপাঞ্চ ত্রৈলোক্য-সুন্দরীং বরবর্ণিনীম্। নানা-লঙ্কারনম্রাঙ্গীং ভদ্রবিদ্যাপ্রকাশিনীম্॥ চারুহাস্যাং মহানন্দহৃদয়াং শুভদাং শুভাম্। ধ্যায়েৎ কুমারীং জননীং পরমানন্দরূপিণীম্॥

ধ্যানপাঠানন্তর মানসপূজাদি করিয়া পুনর্ধ্যানানন্তর যথাশক্তি ষোড়শো-পচারে বা দশোপচারে পূজা করিবে। পূজা করিবার বিশেষ মন্ত্র এই—

রজত আসন অর্চ্চনা করিয়া,—"ঐং হ্রীং শ্রীং হূং হ্সৈঁাঃ ইদমাসনং সন্ধ্যায়ৈ কুমার্য্যৈ নমঃ।"

এইরূপ প্রকারে দ্বিতীয় বর্ষের কন্যা হইলে, "সরস্বত্যৈ কুমার্য্যৈ নমঃ।" তৃতীয় বর্ষের হইলে "ত্রিধামূর্ত্ত্যৈ কুমার্য্যৈ নমঃ" প্রভৃতি বলিতে হইবে।

হ্রীং এতৎ পাদ্যং সন্ধ্যায়ৈ কুমার্য্যৈ নমঃ। এইরূপে—শ্রীং অর্ঘ্যং স্বাহা। ঐং হ্রীং শ্রীং হূং হ্সৈঁাঃ আচমনীয়ং স্বধা। ঐং হ্রীং শ্রীং হূং হ্সৈঁাঃ এষ মধুপর্কঃ স্বধা। ঐং হ্রীং শ্রীং হূং হ্সৈঁাঃ ইদং পুনরাচমনীয়ং নমঃ। ঐং হ্রীং শ্রীং হূং হ্সৈঁাঃ স্নানীয়ং নিবেদয়ামি। ঐং হ্রীং শ্রীং হূং হ্সৈঁাঃ ইদং বস্ত্রং নমঃ। ঐং হ্রীং শ্রীং হূং হ্সৈঁাঃ ইদমাভরণং নমঃ। হূং এষ গন্ধো নমঃ। শ্রীং এতানি

পুষ্পাণি বৌষট্। হ্‌সৌঃ এষ ধূপো নমঃ। হ্‌সৌঃ এষ দীপো নমঃ। ঐং হ্রীং শ্রীং হূং হ্‌সৌঃ এতন্নৈবেদ্যং নিবেদয়ামি।

ঐং হ্রীং শ্রীং হূং হ্‌সৌঃ—এই মন্ত্রে পানীয়, পুনরাচমনীয় ও তাম্বূল প্রদান করিবে। তদনন্তর নিম্ন মন্ত্রে কুমারীর ষড়ঙ্গ পূজা করিবে। যথা—

ঐং হ্রীং শ্রীং হূং হ্‌সৌঃ কুলকুমারিকে হৃদয়ায় নমঃ। হৈং বৈং হ্রীং শ্রীং ঐং শিরসে স্বাহা॥ ওঁ শ্রীং শিখায়ৈ বষট্। ঐং কুলবাগীশ্বরি কবচায় হুং। ঐং কুলেশ্বরি নেত্রত্রয়ায় বৌষট্। হ্রীং অস্ত্রায় ফট্।

আদিতে 'ওঁ' এবং অন্তে 'নমঃ' শব্দ যোগ করিয়া গন্ধপুষ্পদ্বারা নিম্নলিখিত আবরণ দেবতাগণের পূজা করিবে। যথা—

এতে গন্ধপুষ্পে "ওঁ সপরিবারায় বালভৈরবায় নমঃ।" এই ক্রমে—ঐং সিদ্ধজয়ায় পূর্ব্ববক্ত্রায়, ঐং জয়ায় উত্তরবক্ত্রায়, ওঁ হ্রীং শ্রীং কুব্জিকে পশ্চিমবক্ত্রায়, ঐং কালিকে দক্ষিণবক্ত্রায়, ভাস্করায়, চন্দ্রায়, দেবপালেভ্যঃ, সন্ধ্যাদিভ্যঃ, বীরভদ্রায়, মহাকন্যায়ৈ, কৌলিন্যৈ, কুলকামিন্যৈ, অষ্টাদশভুজায়ৈ, কাল্যৈ, চণ্ডদুর্গায়ৈ।

তদনন্তর প্রাণায়াম করিয়া যথাশক্তি মূলমন্ত্র জপ করতঃ "গুহ্যাতি" মন্ত্রে জপ সমর্পণানন্তর পুনরায় প্রাণায়াম করিয়া নমস্কার করিবে। মন্ত্র যথা—

ওঁ নমামি কুলকামিনীং পরমভাগ্যসন্দায়িনীং কুমারবরচাতুরীং সকলসিদ্ধিদানন্দিনীম্। প্রবালগুটিকাস্রজাং রজতরাগবস্ত্রান্বিতাং হিরণ্যাতুলভূষণাং ভুবনবাক্‌কুমারীং ভজে।

বুধাষ্টমী।

সা চ বুধবারযুক্তা, অষ্টমীব্রতং তত্র কর্ত্তব্যম্।

বুধবারযুক্তা অষ্টমীতে বুধাষ্টমীব্রত করিবে।

বুধাষ্টমীব্রতং চৈত্রপৌষহরিশয়নকালাদিতরকালে কর্ত্তব্যং।

বুধাষ্টমীব্রত চৈত্রমাস, পৌষমাস ও হরিশয়ন—এই সকল কালের অন্য কালে করিবে।

পতঙ্গে মকরে যাতে দেবে জাগ্রতি মাধবে।

বুধাষ্টমীং প্রকুর্ব্বীত বর্জ্জয়িত্বা তু চৈত্রকম্॥—রাজমার্ত্তণ্ডে।

মকররাশিতে সূর্য্যের অবস্থান কালে এবং মাধবের জাগ্রদবস্থায় বুধাষ্টমী ব্রত করিবে, কিন্তু চৈত্রমাসে করিবে না।

প্রসুপ্তে চ জগন্নাথে সন্ধ্যাকালে মধৌ তথা। বুধাষ্টমীং ন কুর্ব্বীত কৃত্বা হন্তি পুরা কৃতম্॥ এতদ্ব্রতমারব্ধমপি চৈত্রাদিষু ন কর্ত্তব্যমিতি॥

হরিশয়নে সন্ধ্যাকালে ও চৈত্রমাসে বুধাষ্টমী ব্রত করিবে না, করিলে পূর্ব্বকৃত পুণ্য বিনষ্ট হয়। ইহাতে জানা যায় যে, চৈত্রাদিতে আরব্ধ ব্রতও করিবে না।

মীনে ধনুষি দেবেশে সুপ্তেঽশুদ্ধদিনে তথা।
বুধাষ্টমীং ন কুর্ব্বীত পূর্ব্ববিদ্ধামপি কচিৎ॥ ইতি স্মৃতিঃ।

চৈত্রমাসে, পৌষমাসে, হরিশয়নে, অশুদ্ধকালে বুধাষ্টমী ব্রত করিবে না। যে দিন পূর্ব্বতিথির সহিত অষ্টমীর যোগ হয়, সে দিবসেও এই ব্রত করিবে না; অর্থাৎ বুধবার দুই দণ্ড সপ্তমী ছিল, তৎপরে অষ্টমী আরম্ভ হইয়াছে, এমত স্থলে বুধাষ্টমী ব্রত হইবে না।

বুধাষ্টমী ব্রত করিলে সর্ব্বপাপ বিনাশ, সৌভাগ্যলাভ ও স্বর্গপ্রাপ্তি হয়। প্রমাণ যথা,—

যো হ্যষ্টমীং বুধযুতাং ভক্ত্যা সম্পূজয়েন্নরঃ।
মৃতোঽসৌ স্বর্গমাপ্নোতি বুধস্য চ পুরীং ব্রজেৎ॥
এবমেষা সমাখ্যাতা গুহ্যা পার্থ বুধাষ্টমী।
যাং কৃত্বা ব্রহ্মহা গোঘ্নঃ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে।—রাজমার্ত্তণ্ডে।

এই ব্রত আটবার করিয়া প্রতিষ্ঠা করিতে হয়। ইহাতে প্রত্যেকবারই উৎসর্গার্থ আটফল দিতে হয়।

পূজাপদ্ধতি।—কৃতনিত্যক্রিয় যজমান স্বস্তিবাচনপূর্ব্বক সঙ্কল্প করিবে।—

অদ্যামুকে মাসি শুক্লে পক্ষে বুধবারাধিকরণক-অষ্টম্যান্তিথাবারভ্য (দ্বিতীয় বা তদতিরিক্তবারে 'আরভ্য' বলিবে না) অমুকগোত্রা শ্রীঅমুকী দেবী ব্রহ্মস্ব-হরণাদিপাপক্ষয়-সকলবাঞ্ছিত-প্রাপ্তিপূর্ব্বকং স্বর্গলোকগমনকামা (শ্রীবিষ্ণুপ্রীতি-কামা বা) যথোক্তবিধিনা বুধাষ্টমীব্রতমহং করিষ্যে।

অনন্তর অষ্টদলপদ্ম নির্ম্মাণপূর্ব্বক সামান্যার্ঘ্য আসনশুদ্ধি ভূতশুদ্ধি প্রাণায়াম ও অঙ্গন্যাস করন্যাসাদি করিয়া গণেশ, শিবাদিপঞ্চদেবতা, আদিত্যাদিনবগ্রহ, ইন্দ্রাদিদশদিক্‌পাল প্রভৃতির পূজা করিবে। তদনন্তর ষোড়শোপচারে

বা দশোপচারে শিবদুর্গার পূজা করিয়া দুর্গাদেবীকে অষ্টফল নিবেদন করিয়া দিবে। পরে আবরণদেবতার পূজা করিবে। যথা,—

ওঁ ব্রাহ্ম্যৈ নমঃ। (এই ক্রমে)—গৌর্য্যৈ, বৈষ্ণব্যৈ, মাহেশ্বর্য্যৈ, শিবদূত্যৈ, বারাহ্যৈ, নারসিংহ্যৈ, কৌমার্য্যৈ, ইন্দ্রাণ্যৈ, চামুণ্ডায়ৈ, মহালক্ষ্ম্যৈ, ভদ্রকাল্যৈ, আদিত্যাদিনবগ্রহেভ্যঃ, ইন্দ্রাদিদশদিক্পালেভ্যঃ, বিজয়ায়ৈ।

পরে প্রাণায়ামপূর্ব্বক যথাশক্তি জপ করিয়া "গুহ্যাতিগুহ্য" মন্ত্রে জপ সমর্পণ করিয়া প্রণাম করিবে। অনন্তর যোড়শোপচারে বুধের পূজা করিবে।

বুধের ধ্যান—ওঁ ধ্যায়েদ্ দেবং বুধং সৌম্যং সর্ব্বাভরণভূষিতম্। প্রিয়ঙ্গু-কলিকাশ্যামং পীতাম্বরধরং শুভম্॥ বরদাভয়হস্তঞ্চ রত্নমৌলিবিরাজিতম্। দিব্যসিংহাসনাসীনং চারুহাসং সুখপ্রদম্।

পূজান্তে আবরণদেবতার পূজা করিবে। যথা—

এতে গন্ধপুষ্পে ওঁ ধর্ম্মায় নমঃ। (এই ক্রমে) জ্ঞানায়, বৈরাগ্যায়, ঐশ্বর্য্যায়, অধর্ম্মায়, অজ্ঞানায়, অবৈরাগ্যায়, অনৈশ্বর্য্যায়, আধারশক্তয়ে, কূর্ম্মায়, পৃথিব্যৈ, অনন্তায়, পদ্মায়, মৎস্যাদিদশাবতারেভ্যঃ, দ্বাদশাদিত্যেভ্যঃ, গৌর্য্যাদি-যোড়শমাতৃকাভ্যঃ, লক্ষ্ম্যৈ, নারায়ণায়, সরস্বত্যৈ, গঙ্গায়ৈ, যমুনায়ৈ, সর্ব্বেভ্যো দেবেভ্যঃ, সর্ব্বাভ্যো দেবীভ্যঃ।

পরে সভোজ্য জলপূর্ণ ঘট এবং অষ্টমুষ্টি ভোজ্য উৎসর্গ করিয়া কথাশ্রবণা-নন্তর দক্ষিণান্ত করিয়া অচ্ছিদ্রাবধারণ করিবে।

ব্রত-কথা।—ক্ষেত্রজ্ঞায় নমস্তভ্যং বুধায় বরদায় চ। যস্য পাদ-প্রসাদেন প্রাপ্যতে বাঞ্ছিতং ফলম্॥ পুরা ত্রৈলোক্যসৌন্দর্য্যপুরে পাটলি-পুত্রকে। বভূবাশেষধর্ম্মজ্ঞো বীরোনাম দ্বিজোত্তমঃ॥ তস্য ভার্য্যা ভবেদ্রম্ভা নাম্না পুত্রোঽস্তি কৌশিকঃ। দুহিতা বিজয়া তস্য সুরূপা চাতিদুর্ল্লভা॥ অশেষগুণসম্পন্না বিখ্যাতা যৌবনান্বিতা। বীরস্যাতিদরিদ্রস্য মতির্জ্জাতা মহাত্মনঃ॥ শিবমারাধয়িষ্যামি তদা প্রাপ্নোমি সম্পদম্। শিবোঽপি ভক্তিভাবেন তস্মৈ প্রাদাদ্বৃষোত্তমম্॥ বৃষস্য তস্য রক্ষার্থং গতবান্ কৌশিকো মুদা। অরণ্যে বৃষপালশ্চ ক্রীড়িতো জাহ্নবীতটে॥ পাশেন তস্করেণাপি হৃতো গোধনপালকঃ। ন দৃষ্ট্বা বৃষভং তত্র কৌশিকশ্চিন্তিতোঽভবৎ॥ সর্ব্বত্র ভ্রমতে তত্র বৃষং কুত্র ন পশ্যতি। এতস্মিন্নেব কালে তু ভগিনী তস্য ধীমতঃ॥ ঘটমাদায় বিজয়া পানীয়ং নেতুমাগতা। বিজয়া ভ্রাতরং দৃষ্ট্বা বৃষভার্থম-পৃচ্ছত॥ কৌশিকেন সমাখ্যাতং বৃষভশ্চোরিতো মম। এতস্মিন্নেব বিজনে

বৃষো ন প্রাপ্যতে কুতঃ। বিজয়া কৌশিকশ্চৈব ভ্রমতঃ সকলে বনে॥ ক্ষুধার্ত্তৌ তৌ পুনঃ সর্ব্বং ভ্রমিত্বা চিন্তিতৌ তদা। বুভুক্ষিতৌ পিপাসার্ত্তৌ জগ্মতুস্তৌ সরোবরে॥ বুধাষ্টমী-ব্রতং নাম সর্ব্বপাপহরং শুভম্। স্বর্গাৎ সমাগতান্ সর্ব্বানপ্সরোদেবতাগণান্॥ দৃষ্ট্বা চাতিথিরূপেণ ভোজনার্থমুপাগতৌ। ভোজনং দীয়তাং দেব্যঃ ক্ষুধাব্যাকুলচেতসৌ॥ অপ্সরস উচুঃ। বুধাষ্টমীব্রতং কর্ত্তুং সর্ব্বৈরাগত্য স্থীয়তে। বুভুক্ষিতায় দাতব্যমিহ কিঞ্চিন্ন বিদ্যতে॥ ফলপুষ্পাদিকং কিঞ্চিদ্বিদ্যতেঽত্র সমুত্থিতম্। কর্ত্তুং বাং যদি বাঞ্ছা স্যাদ্‌ব্রতমেতদ্বিধীয়তে॥ বিজয়াকৌশিকাবুক্তবন্তৌ বিস্তার্য্য তত্ত্বতঃ॥ বিজয়াকৌশিকৌ উচতুঃ॥ কেনোপায়েন ভো দেব্যঃ ক্রিয়তে ব্রতমুত্তমম্॥ দেব্য উচুঃ। নানাফলৈশ্চ নৈবেদ্যৈর্ঘৃতধূপপ্রদীপকৈঃ। নারিকেলৈঃ কদলকৈঃ পূগৈর্লড্ডুকসংযুতৈঃ॥ নানাগন্ধৈর্জ্জলৈর্দ্দেবীং সম্পূজ্য ক্রিয়তে ব্রতম্। দত্ত্বা শোভনবস্ত্রঞ্চ স্নাপয়িত্বা যথাবিধি॥ অষ্টমুষ্টিকতণ্ডুলং চাশনীয়ং সমাহিতঃ। একগ্রন্থিতিন্তিড়ঞ্চ অষ্টখণ্ডৈশ্চ সংযুতম্॥ অষ্টাম্রপুটকে রাজন্ ভুঞ্জানো ব্রতমাচরেৎ। পূর্ব্বং নিরামিষং কুর্য্যাদবশ্যং ভূতিবৃদ্ধয়ে॥ অষ্টসংখ্যকপর্য্যন্তং ব্রতং কুর্য্যাজ্জিতেন্দ্রিয়ঃ। প্রথমং গোধূমচূর্ণং সঘৃতং গুড়সংযুতম্॥ দ্বিতীয়ে তিলপিষ্টঞ্চ পায়সেন সমাযুতম্। তৃতীয়ে দুগ্ধসংযুক্তং শর্করঞ্চ চতুর্থকে॥ যবচূর্ণদ্বয়ং প্রস্থং দধিযুক্তং মধুপ্লুতম্। পঞ্চামৃতং পঞ্চমে চ ষষ্ঠে মুদেগক্ষুসার্দ্রকম্॥ সপ্তমে চণকং পঞ্চপ্রস্থং দেয়ং ফলৈঃ সহ। অষ্টমে ঘৃতসংযুক্তং মধুদুগ্ধসলড্ডুকম্॥ ভোজ্যঞ্চ ভোজনং দদ্যাৎ সপবিত্রং ফলান্বিতম্॥ ইতি তে সর্ব্বমাখ্যাতং কিমন্যৎ শ্রোতুমর্হসি। দেবানাং বচনং শ্রুত্বা উবাচ বিজয়া তদা। যুষ্মাভির্দীয়তাং কিঞ্চিৎ পুষ্পনৈবেদ্যমুত্তমম্॥ যুষ্মাকঞ্চ প্রসাদেন আবাভ্যাং ক্রিয়তে ব্রতম্। দয়াং কৃত্বা চ তৈঃ সর্ব্বৈর্দ্দত্তং কিঞ্চিৎ ফলাদিকম্॥ গন্ধ-পুষ্পাদিকং নীত্বা ততস্তৌ চেরতুর্ব্রতম্। গণেশাদিগ্রহাংশ্চৈব দুর্গাং দেবীং প্রপূজ্য চ॥ কথাং শ্রুত্বা চ রাজেন্দ্র প্রণম্য চ পুনঃ পুনঃ॥ ব্রতস্যান্তে তদা তাভ্যাং বরং দাতুং সমাগতা। দুর্গা দেবী ততঃ প্রাহ প্রোচ্যতাং বাঞ্ছিতং ফলম্॥ কৌশিক উবাচ। অহং রাজা ভবিষ্যামি ত্বৎপ্রসাদান্মহেশ্বরি। হৃতং বৃষঞ্চ প্রাপ্স্যামি ঝটিতি সুরপূজিতে॥ বিজয়োবাচ। দেবপত্নী ভবিষ্যামি ত্বৎপ্রসাদাচ্চ পার্ব্বতি। এবমস্ত্বিতি দেব্যুক্ত্বা তত্রৈবান্তরধীয়ত॥ ব্রতং কৃত্বা তদা সর্ব্বে আগচ্ছন্নিজমন্দিরম্। সংপ্রাপ্তৌ বৃষভং হৃষ্টৌ তদানন্দসমাকুলৌ॥ আগতৌ স্বগৃহং তৌ চ ব্রতং কৃত্বা বুধাষ্টমীম্। বৃষং বীক্ষ্য ততো বীর অপৃচ্ছৎ স পুনঃ পুনঃ॥ বৃষঃ প্রাহ্যঃ

কুতঃ পুত্র তৎ সর্ব্বং কথ্যতাং ময়ি। পিত্রে চ সর্ব্বমাখ্যাতং কৌশিকেন যথাক্রমম্॥ বিজয়াযৌবনং দৃষ্ট্বা বীরস্যাপি প্রচিন্তনম্। কস্মৈ দেয়া ময়া কন্যা ইতি চিন্তাপরোঽভবৎ॥ বৃষং বিক্রীয় বিপ্রায় কন্যেয়ং দীয়তে ময়া। যোগ্যং বরং ন চাপ্নোমি চিন্তয়ন্নিতি সোঽশৃণোৎ॥ যমায় দীয়তাং কন্যা আকাশাৎ পতিতং বচঃ। এতস্মিন্নেব কালে তু তদ্দেশস্থো নৃপো মৃতঃ॥ সমালোচ্য ততঃ সর্ব্বৈর্মিলিত্বা মন্ত্রিমণ্ডলৈঃ। রাজশূন্যমিমং দেশং পালয়িষ্যতি কো নৃপঃ॥ কৌশিকো বীরপুত্রশ্চ রাজযোগ্যো ন সংশয়ঃ। রাজলক্ষণসংযুক্তঃ সোঽপি রাজা ভবিষ্যতি॥ বুধাষ্টমীপ্রসাদেন কৌশিকো রাজ্যমাপ্তবান্। বীরো হি বিজয়াং দৃষ্ট্বা সংমন্ত্র্য বন্ধুভিঃ সহ॥ কন্যাং দাতুং সমুদ্যুক্তো ব্রাহ্মণং সমপশ্যত। সভামধ্যেঽব্রবীদ্বিপ্রঃ কন্যা মহ্যং প্রদীয়তাম্॥ বীর উবাচ। কিং কুলং কস্য পুত্রস্ত্বং কস্মাত্ত্বমনুগচ্ছসি। এতৎ কথয় মে শীঘ্রং তদা কন্যা প্রদীয়তে॥ ব্রাহ্মণ উবাচ। যমোঽহং ধর্ম্মরাজশ্চ কন্যাং নেতুং সমাগতঃ॥ বীর উবাচ। যমো যদি স্বরূপেণ নিজরূপং প্রদর্শয়। যমোঽপি তদ্বচঃ শ্রুত্বা নিজরূপং প্রদর্শিতম্॥ ঘোরং ভয়ানকং তচ্চ রূপং ত্রৈলোক্যহারকম্। এতদ্রূপং যমং দৃষ্ট্বা প্রাহ ভীতিযুতো দ্বিজঃ॥ ত্যজেদং ভয়দং রূপং সৌম্যরূপং প্রকাশয়। ততঃ স ধর্ম্মরাজোঽপি সৌম্যং রূপমগাত্তদা॥ কন্যা মে দীয়তাং বীর নাত্র কার্য্যা বিচারণা। ততঃ সুমঙ্গলং কৃত্বা তৎক্ষণাদ্ দ্বিজসত্তমঃ॥ বিজয়াং দত্তবাংস্তস্মৈ বিধিবদ্ধর্ম্মমাস্থিতঃ। গৃহীত্বা বিজয়াং কালঃ কৃতকৃত্যোঽভবত্তদা॥ ততঃ কালক্রমেণাথ বীরো যমবশং গতঃ। পত্ন্যা সহ মহাভাগ কর্ম্মপাশেন যন্ত্রিতঃ॥ ততঃ সা বিজয়া রাজ্ঞী ধর্ম্মরাজস্য বল্লভা। স্ত্রীণাং মধ্যে তু সুভগা শঙ্করস্য যথেশ্বরী॥ যথা শ্রীঃ কেশবস্যাপি শচী সুরপতেরিব। তয়া সহ যমো রাজা মুদা ক্রীড়াং করোতি চ॥ নিষিদ্ধা বিজয়া তেন দক্ষিণাং মা গমিষ্যসি। ততশ্চঞ্চলচিত্তা সা বালভাবাৎ পুনঃ পুনঃ॥ নিষিধ্যতে চ যৎ কর্ত্তুং তৎ করোতি প্রযত্নতঃ। দিবসে চাপরে তত্র বিজয়া দক্ষিণাং গতা॥ তত্রৈব নরকে ঘোরে পতিতাশ্চ সহস্রশঃ। দৃষ্ট্বা তান্ বিজয়া রাজ্ঞী দুঃখিতোবাচ সা তদা॥ অস্মাকং পিতরৌ কুত্র তিষ্ঠেতাং নরকেম্বিহ। তন্মাতা বিজয়াং প্রাহ পচন্তী নরকে স্থিতা॥ অহং তে দুঃখিনী মাতা পচামি নরকেম্বিহ। রুদতী বিজয়োবাচ কিং কৃতং দুষ্কৃতং ত্বয়া॥ মাতোবাচ। ক্ষুধার্ত্তব্রাহ্মণায়ৈব ন দত্তং ভোজনং ময়া॥ ব্রহ্মস্বহরণং কিঞ্চিৎ কৃতং জ্ঞান-

মথাপি চ। পচেঽহং তেন পাপেন নান্যৎ পাপং কৃতং ময়া॥ ভীষ্ম উবাচ। প্রবোধ্য কিঙ্করান্ সর্ব্বানাগত্য নিজমন্দিরম্। সুষ্বাপ স্থণ্ডিলে তত্র মাতৃশোকাতুরা হি সা॥ স্বামিনং দুঃখমায়াতং দৃষ্ট্বা চ রুদতী প্রিয়া। যস্যাহং দুহিতা সা চ নরকে তিষ্ঠতি প্রভো॥ তেন শোকেন শোকার্ত্তা চরণে পতিতাস্মি তে। দুহিত্রা কিং কৃতং দেব পুত্রেণ কিং কৃতং তয়োঃ। পিতরৌ নরকাদ্ঘোরাৎ ত্রায়েতাং মে সুরেশ্বর॥ যম উবাচ। ময়া ত্বং বারিতা দেবি দক্ষিণাং মা গমিষ্যসি। কথং ত্বং মামনাদৃত্য তত্র গচ্ছসি সুন্দরি॥ নাতি-শোক স্ত্বয়া কার্য্যঃ শৃণু ভদ্রে বচো মম। পুরাকৃতৈশ্চ দোষৈশ্চ পচ্যন্তে নরকে নরঃ॥ তব মাতা মমাপ্যেষা তব তাতঃ পিতা মম। ন শক্যে নরকাত্রাতুং নরান্ ধর্ম্মবিবর্জ্জিতান্॥ উপায়ং শৃণু ভদ্রে ত্বং যেন সা বৈ ন পচ্যতে বুধাষ্টমীব্রতেনৈব সর্ব্বেষাং সদ্গতির্ভবেৎ॥ ভ্রাতরং প্রার্থয়িত্বা চ তৎকৃতাঞ্চ বুধাষ্টমীম্। যদি দাস্যতি তে মাত্রে তৎক্ষণাৎ সা বিমুচ্যতে॥ তচ্ছ্রুত্বা বিজয়া তত্র যত্র তিষ্ঠতি কৌশিকঃ। আগতাং দুঃখিতাং দৃষ্ট্বা কৌশিকঃ প্রাহ বিস্মিতঃ॥ সাক্ষাৎ ত্বং ধর্ম্মরাজোঽসৌ নীত্বাগচ্ছৎ স্বমন্দিরম্। আগতাসি কথং ভদ্রে সুভ্রু তৎ কথয়স্ব মে॥ বিজয়োবাচ। ভ্রাতঃ কিং বহু বক্তব্যং জীবি-তঞ্চ বৃথা মম। শৃণুষ্ব কুরু তৎসর্ব্বং যদ্বক্তুং ত্বাং সমাগতা॥ মাতা মে নরকে ঘোরে পচ্যতে কৃমিভোজনে। পরিত্রায়স্ব ভ্রাতর্মে জীবিতং যদি কাঙ্ক্ষসি॥ পুরাকৃতং ত্বয়া ভ্রাতর্বিদ্যতে চ বুধাষ্টমী। তস্যা একং ফলং দত্ত্বা ত্রায়তাং নরকার্ণবাৎ॥ কৌশিক উবাচ। শত্রুর্ম্মম ত্বং ভগিনী কথমেবম্বিধং বচঃ। রাজ্যং যস্যাঃ প্রসাদেন সা কথং দীয়তেঽধুনা॥ বুধাষ্টমী চ মে মাতা পিতা চৈব বুধাষ্টমী। সা কথং দীয়তেঽস্মাভির্ভগিনি ত্বং বিমর্ষসি॥ গচ্ছ গচ্ছ পরং স্থানং স্বস্থানং বিজয়েঽধুনা। ততঃ সা পুনরাবৃত্য যমায়াকথয়ৎ স্বয়ম্॥ ন দত্তা সা মম ভ্রাত্রা মাতৃস্নেহং বিসৃজ্য চ। বদস্ব কারণং দেব যেন সা বৈ প্রমুচ্যতে॥ যম উবাচ। যোঽপরশ্চাপ্যুপায়োঽস্তি তৎকথাং শৃণু তৎপরা। ভদ্রে প্রভাকরো নাম দ্বিজোঽস্তি মথুরাপুরে॥ ব্রাহ্মণী গৌতমী তস্য গর্ভকষ্টৈঃ প্রপীড্যতে। ন প্রসূতে হি সা তত্র দুঃখং প্রাপ্নোতি সর্ব্বদা॥ গচ্ছ ভদ্রে প্রযত্নেন নীয়তাঞ্চ বুধাষ্টমী। কৃত্বা গোপালিকাবেশং গচ্ছ ত্বং বিজয়েঽধুনা॥ বদস্ব কারণং তাস্তু প্রসবং কারয়াম্যহম্। যদি মে দীয়তে ভদ্রে বুধাষ্টমীব্রতং কৃতম্॥ বুধাষ্টমীব্রতং সা বৈ যদা তে দাস্যতি স্বয়ম্। তদাস্যাঃ প্রসবার্থং বৈ প্রদাস্যামি জলৌষধম॥ যেন সা মন্ত্রপূতেন গর্ভকষ্টং বিমুঞ্চতি। তস্মাৎ শীঘ্রং

সমাগচ্ছ গোপালিবেশমাবহন্॥ এতচ্ছ্রুত্বা চ বিজয়া শীঘ্রং তত্রাগমৎ স্বয়ম্। তস্যা দ্বারঞ্চ সংপ্রাপ্য ব্রাহ্মণ্যৈ চাব্রবীদ্বচঃ॥ মন্ত্রৌষধিমহং জানে প্রসবে কুশলা স্বয়ম্। সা চ তদ্বচনং শ্রুত্বা ব্রাহ্মণী প্রাহ দুঃখিতা। এহি গোপালিকে শীঘ্রং প্রসবং কারয়স্ব মাম্। বিজয়োবাচ। বুধাষ্টমীব্রতং মেহস্য যদি দাস্যসি শোভনে। তদা দাস্যাম্যহং সর্ব্বং মুনিমন্ত্রমহৌষধম্॥ ব্রাহ্মণ্যুবাচ। গচ্ছ গোপালিকে শীঘ্রং উন্মত্তেব প্রজল্পসি। নৈবং ধর্ম্মং প্রদাস্যামি প্রাণান্তে চ বুধাষ্টমীম্॥ গোপালিকোবাচ। জীবিতে লভতে ধর্ম্মং জীবিতে চ ধনং লভেৎ। জীবিতে চ গৃহারম্ভ স্তস্মাৎ জীবনমুত্তমম্॥ একং দত্ত্বা লভস্বৈতজ্জীবনং শৃণু শোভনে। শ্রুত্বৈতদ্গোপিকাবাক্যং মনসা পরিভাব্য চ। জীবিতে সর্ব্বমাপ্নোতি ব্রতেনৈকেন কিং মম॥ ইতি সম্ভাব্য মনসা ব্রাহ্মণী জীবিতাশয়া॥ তস্যৈ প্রাদাৎ ব্রতফলং বুধাষ্টমীসমুদ্ভবম্। ততো গোপালিকা প্রাদাৎ সংপ্রাপ্য বিপুলং সুখম্॥ ব্রাহ্মণী প্রসবার্থং বৈ মন্ত্রৌষধিজলং নৃপ। ব্রাহ্মণী সা চ সুষুবে তৎক্ষণাৎ পুত্রমুত্তমম্॥ ততঃ সা বিজয়া রাজ্ঞী নিজমন্দিরমাগতা। দদৌ পিতৃভ্যামানীতং বুধাষ্টমীফলং ততঃ॥ দেবদেহঞ্চ তৌ ধৃত্বা আরুহ্য চ বিমানকম্। বুধাষ্টমী-প্রভাবেণ গতৌ স্বর্গমনাময়ম্॥ ইত্যেতৎ কথিতং রাজন্ বুধাষ্টমীব্রতং শুভম্। ইহৈব বাঞ্ছিতং প্রাপ্য মৃতঃ স্বর্গং সমাপ্নুয়াৎ॥ নারী বা পুরুষো বাপি কুরুতে শ্রদ্ধয়ান্বিতঃ। তস্য সর্ব্বং প্রণশ্যেত্তু পাপং জন্ম-শতার্জ্জিতম্॥ শতঞ্চ কপিলাদানং কন্যাদানশতং তথা। কৃত্বা যৎফলমাপ্নোতি তৎসর্ব্বঞ্চ বুধাষ্টমীম্॥ বাপীকূপসহস্রস্য সম্যগ্ দত্তস্য যৎফলম্। তৎফলং লভতে মর্ত্ত্যো ভক্ত্যা কৃত্বা বুধাষ্টমীম্॥ ব্রহ্মস্বহরণং পাপং মহাপাতকজং স্মৃতম্। তৎ সর্ব্বং নাশয়েদ্ভূপ বুধাষ্টমীব্রতাদ্ব্রতী॥

ইতি ব্রহ্মাণ্ডপুরাণে বুধাষ্টমী-ব্রতকথা সমাপ্তা।

অথ নবমী।

নবমী অষ্টমীযুক্তা গ্রাহ্যা যুগ্মাৎ।

নবমী অষ্টমীযুক্তা হইলে গ্রাহ্য হয়। অষ্টমীর সহিত নবমীর যুগ্মাদর আছে। উভয় দিনে যদি নবমীর ক্রিয়া কাল প্রাপ্ত হয়, তবে অষ্টমীর সহিত যুগ্মাদরহেতু যে দিবস অষ্টমীর সহিত নবমীর যোগ হইবে, সেই দিবসেই নবমীতিথির কর্ত্তব্য-ক্রিয়া করিতে হইবে।

তালনবমী ব্রত।

এতৎ করোতি যা নারী সা নারী সুভগা ভবেৎ।
ব্রতেনৈকেন দেবেশি চঞ্চলা নিশ্চলা ভবেৎ।
জন্মজন্মান্তরঞ্চৈব অবৈধব্যঞ্চ নিত্যশঃ॥ ইতি কূর্ম্মপুরাণম্।

যে রমণী ভাদ্রমাসের শুক্লানবমীতে তালনবমীব্রত করে, সে জন্মজন্মান্তরে সধবা থাকে এবং লক্ষ্মী নিশ্চলা থাকেন ও তাহার দুর্ভাগ্য বিনষ্ট হয়।

এই ব্রত নববর্ষ আচরণ করিয়া প্রতিষ্ঠা করিতে হয়—এবং তালের সহিত প্রতিবর্ষে নয় রকম ফল দেবতাকে নিবেদন করিবে।

পূজাপদ্ধতি।—নিত্যক্রিয়া সমাধানান্তে স্বস্তিবাচনাদি করিয়া সঙ্কল্প করিবে। যথা—

বিষ্ণুর্নমোঽস্থ ভাদ্রে মাসি শুক্লে পক্ষে নবম্যান্তিথৌ অমুকগোত্রা শ্রীঅমুকী দেবী সুখ-সৌভাগ্যারোগ্যপ্রাপ্তিপূর্ব্বক সলক্ষ্মীকবিষ্ণু-প্রীতিকামা যথোক্তবিধিনা লক্ষ্মী-নারায়ণ-পূজাতৎকথাশ্রবণাত্মকতালনবমীব্রতমহং করিষ্যে।

ব্রত লইবার বৎসর হইলে, "নবম্যান্তিথাবারভ্য" বলিবে।

তদনন্তর, সঙ্কল্পসূক্তাদি পাঠপূর্ব্বক যথাশক্তি ন্যাসাদি করিয়া গণেশাদি দেবতার পূজা করিবে। তৎপরে যথাশক্তি উপচার দ্বারা বিষ্ণু ও লক্ষ্মীর পূজা করিয়া আবরণদেবতার পূজা করিবে। আবরণদেবতা যথা—

ওঁ বাসুদেবায় নমঃ। (এই ক্রমে)—কৃষ্ণায়, হৃষীকেশায়, গোবিন্দায়, দামোদরায়, ত্রিবিক্রমায়, গদাধরায়, গণপতয়ে।

তৎপরে ফলোৎসর্গাদি করিয়া কথা শ্রবণ, দক্ষিণান্ত ও অচ্ছিদ্রাবধারণ করিবে।

ব্রত-কথা।—মেরুপৃষ্ঠে সুখাসীনং কেশবং কমলালয়া। উবাচ মধুরং বাক্যং বাসুদেবং জগৎপতিম্॥ শৃণু মে বচনং দেব স্ত্রীণাং সৌভাগ্যকারণম্। কিমেতদ্দুর্ল্লভং স্ত্রীণাং কিমেতৎ শুভদং ভবেৎ॥ কিং কৃতেন বিমুচ্যেত কিং কৃতেন ফলং লভেৎ। তন্মে ব্রূহি সুরশ্রেষ্ঠ নারীণাং কারণং ধ্রুবম্॥ কেশব উবাচ। পূর্ব্বং হি মে দ্বিভার্য্যাসীৎ সত্যভামা চ রুক্মিণী। রুক্মিণী সুভগা সাধ্বী সত্যভামা চ দুর্ভগা॥ শ্রীরুবাচ। কেন কর্ম্মপ্রভাবেণ দৌর্ভাগ্যখণ্ডনং ভবেৎ। এতৎ সমস্তং বিস্তার্য্য তত্ত্বং মে ব্রূহি কেশব॥ শ্রীকৃষ্ণ উবাচ।

কেনচিদ্বাক্যদোষেণ সত্যভামা চ দুর্ভগা। দুঃখার্ত্তা শোকসন্তপ্তা রুদতী বহুশোঽপি বা॥ কিয়ৎকালবিলম্বে তু ব্রজন্তী সা তপোবনম্। অরণ্যে বিজনে রম্যে গত্বা মুনিবরাশ্রমে॥ আপস্তম্বো মুনিশ্রেষ্ঠস্তদ্গেহে প্রত্যুপাগতা। রুদিতা সা তু মুনয়ে সর্ব্বং দুঃখং ন্যবেদয়ৎ॥ এতচ্ছ্রুত্বা মুনিশ্রেষ্ঠঃ প্রোবাচ রুদতীং শুভাম্॥ মুনিরুবাচ। মা রোদীঃ শৃণু চার্ব্বঙ্গি সৌভাগ্যং তে ভবিষ্যতি॥ সত্যভামোবাচ। কথং মে বহুশস্তাত শরীরে দুর্ভগাফলম্। স্বামিসৌভাগ্যমেতস্মিন্ ক্রয়তাং ভবতা পিতঃ॥ মুনিরুবাচ। শৃণু সত্যং প্রবক্ষ্যামি ব্রতানাং ব্রতমুত্তমম্। যৎ কৃত্বাতুলসৌভাগ্যং পুত্রপৌত্রাদিকং ভবেৎ॥ ভাদ্রে মাসি সিতে পক্ষে নবমী নাম কীর্ত্তিতা। তস্যাং নারায়ণং লক্ষ্মীং পূজয়েচ্চ বিধানতঃ॥ সত্যভামোবাচ। বিধানং কীদৃশঞ্চাস্য কিং দানং কিঞ্চ ভোজনম্॥ কিঞ্চাস্য পূজনঞ্চৈব ভবতা চ তদুচ্যতাম্॥ মুনিরুবাচ। স্থণ্ডিলে মণ্ডলং কৃত্বা ঘটং তত্র নিবেশয়েৎ। তত্র নারায়ণং লক্ষ্মীং গন্ধপুষ্পাদিনার্চ্চয়েৎ॥ নৈবেদ্যেন সদা ভক্ত্যা পূজয়েদ্ভক্তবৎসলৌ। দেবায় পিষ্টকং দত্বা ব্রাহ্মণায় ততঃ পরম্॥ আদৌ সম্পূজ্য দেবেশং লক্ষ্মীং সংপূজয়েত্ততঃ। গন্ধৈঃ পুষ্পৈশ্চ মাল্যৈশ্চ ধূপদীপৈঃ সবস্ত্রকৈঃ॥ পিষ্টকঞ্চ ততো দদ্যাৎ স্বামিনে ব্রাহ্মণায় চ। স্বামিনং ভোজয়িত্বা তু স্বয়ং ভুঞ্জীত পিষ্টকম্। এবম্প্রকারৈঃ কর্ত্তব্যা নবমী নববার্ষিকী। পুত্রপৌত্রসমাযুক্তং সৌভাগ্যমতুলং ভবেৎ॥ ধনধান্যসমৃদ্ধিঞ্চ অবৈধব্যঞ্চ নিত্যশঃ। অভীষ্টফলমাপ্নোতি নবমীব্রতকারণাৎ॥ সম্পূর্ণে তু ব্রতে ভূতে বিধানেন প্রতিষ্ঠয়েৎ। ব্রতঞ্চক্রে চ সা সাধ্বী মুনের্ব্বচনগৌরবাৎ॥ ব্রতসম্পূর্ণকালে তু কেশবঃ সমুপাগতঃ। তমুবাচ হসন্ দেবো বচনং মধুরং তথা॥ সৌভাগ্যেন চ দুঃখং তে দুর্ভগত্বং বিনশ্যতি। সৌভাগ্যমতুলং প্রাপ্য যথা গৌরী হরস্য চ॥ শচীব পুরুহূতস্য রতীব মদনস্য চ। যথা নারায়ণে লক্ষ্মীস্তথা ভব বরাননে॥ এবং দত্বা বরং তস্যৈ গৃহীত্বা তাং পুরং যযৌ। এতৎ করোতি যা নারী সা নারী সুভগা ভবেৎ॥ ব্রতেনৈকেন দেবেশি চঞ্চলা নিশ্চলা ভবেৎ॥ জন্মজন্মান্তরঞ্চৈব অবৈধব্যঞ্চ নিত্যশঃ॥ পত্যৌ চ সুভগা সৌম্যা পুত্রপৌত্রপ্রতিষ্ঠিতা। অন্তে যাতি পরং স্থানং যৎ স্থানং শাশ্বতং হরেঃ।

ইতি কূর্ম্মপুরাণোক্তা তালনবমীব্রতকথা সমাপ্তা।

জগদ্ধাত্রী পূজা।

পূজয়েজ্জগতাং ধাত্রীং কার্ত্তিকে শুক্লপক্ষকে।
দিনোদয়ে চ মধ্যাহ্নে তথা সায়াহ্নকেঽহনি ॥—ইতি মায়াতন্ত্রে।

কার্ত্তিকমাসের শুক্লপক্ষের নবমীতে প্রাতঃকালে মধ্যাহ্নে ও সায়াহ্নে জগদ্ধাত্রীর পূজা করিবে। পূর্ব্বদিনে ত্রিসন্ধ্যাব্যাপিনী নবমী হইয়াও যদি পরদিবস মুহূর্ত্তকাল নবমী হয়, তবে পরদিনই পূজা হইবে। ইহাতে অষ্টমীর যুগ্মাদর নাই। অধিকন্তু এরূপস্থলে দশমীতে বলিদানেও দোষ হয় না।

কৃতনিত্যক্রিয় যজমান উত্তর মুখে উপবিষ্ট হইয়া আচমন করতঃ নারায়ণ-শিলায় বা ঘটে গণেশাদি দেবতাগণকে পুষ্প প্রদান করিয়া "ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ শ্রীমজ্জগদ্ধাত্রীদুর্গাপূজাকর্ম্মণি ওঁ পুণ্যাহং ভবন্তোঽধিব্রুবন্তু"—ইত্যাদি রূপে স্বস্তিবাচন করিয়া সঙ্কল্প করিবে। যথা—

বিষ্ণুরোম্ তৎসদদ্য কার্ত্তিকে মাসি তুলারাশিস্থে ভাস্করে শুক্লে পক্ষে নবম্যান্তিথৌ অমুকগোত্রঃ সদারাপত্যঃ শ্রীঅমুকদেবশর্ম্মা সর্ব্বাপচ্ছান্তিপূর্ব্বক-পুরুষার্থচতুষ্টয়সিদ্ধিকামঃ শ্রীমজ্জগদ্ধাত্রীপূজনমহং করিষ্যে।

সঙ্কল্পসূক্তাদি পাঠ করিয়া দীক্ষিত পূজক ও তন্ত্রধারককে বরণ করিবে। (অন্নপূর্ণা পূজার বরণ দেখ)। পূজক আসনোপবিষ্ট হইয়া, তান্ত্রিক আচমন করিবে। তদনন্তর ঘটস্থাপন হইতে পীঠন্যাস পর্য্যন্ত (এই গ্রন্থের অন্নপূর্ণা পূজাপদ্ধতির লিখিত অনুসারে) করিবে, কেবল যে স্থলে শ্রীমদন্নপূর্ণাদেবীর নাম উল্লেখ আছে, সেই স্থলে শ্রীমজ্জগদ্ধাত্রীদুর্গাদেবীর নামোল্লেখ করিবে। তদনন্তর ধ্যান করিবে।

ধ্যান।—ওঁ সিংহস্কন্ধসমারূঢ়াং নানালঙ্কারভূষিতাম্। চতুর্ভুজাং মহাদেবীং নাগযজ্ঞোপবীতিনীম্॥ শঙ্খশার্ঙ্গসমাযুক্তবামপাণিদ্বয়ান্বিতাম্। চক্রঞ্চ পঞ্চ-বাণাংশ্চ দধতীং দক্ষিণে করে॥ রক্তবস্ত্রপরীধানাং বালার্কসদৃশীং তনুম্। নারদাদ্যৈ-র্মুনিগণৈঃ সেবিতাং ভবসুন্দরীম্॥ ত্রিবলীবলয়োপেতনাভিনালমৃণালিনীম্। রত্নদ্বীপে মহাদ্বীপে সিংহাসনসমন্বিতে। প্রফুল্লকমলারূঢ়াং ধ্যায়েত্তাং ভবগেহিনীম্॥

ধ্যানান্তে মানসোপচারে পূজাপূর্ব্বক বিশেষার্ঘ্য স্থাপনানন্তর তাহা হইতে কিঞ্চিৎ জল কোশায় লইয়া সেই জল মস্তকে ও পূজার দ্রব্যে ছিটাইয়া দিবে। তৎপরে—

এতে গন্ধপুষ্পে ওঁ গুরুভ্যো নমঃ। (এই ক্রমে)—“পরমগুরুভ্যঃ, পরাপরগুরুভ্যঃ, পরমেষ্ঠিগুরুভ্যো নমঃ” বলিয়া পূজা করিয়া পীঠপূজা করিবে। যথা;—

এতে গন্ধপুষ্পে ওঁ আধারশক্তয়ে নমঃ। (এই ক্রমে) প্রকৃত্যৈ, কূর্ম্মায়, পৃথিব্যৈ, অনন্তায়, ক্ষীরসমুদ্রায়, শ্বেতদ্বীপায়, মণিমণ্ডপায়, কল্পবৃক্ষায়, মণিবেদিকায়ৈ, রত্নসিংহাসনায়, (দক্ষিণ ও বামস্কন্ধে) ধর্ম্মায়, জ্ঞানায়; (উরুদ্বয়ে) বৈরাগ্যায়, ঐশ্বর্য্যায়; (মুখে) অধর্ম্মায়, (বামপার্শ্বে) অজ্ঞানায়, (নাভিতে) অবৈরাগ্যায়, (দক্ষিণপার্শ্বে) অনৈশ্বর্য্যায়, (পুনরায় হৃদয়ে) অনন্তায়, পদ্মায়, অং সূর্য্যমণ্ডলায় দ্বাদশকলাত্মনে, উং সোমমণ্ডলায় ষোড়শ-কলাত্মনে, মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে, আং আত্মনে, পং পরমাত্মনে, হ্রীং জ্ঞানাত্মনে (পদ্মমধ্যে অষ্টদিকে) আং প্রভায়ৈ, ঈং মায়ায়ৈ, উং জয়ায়ৈ, এং সূক্ষ্মায়ৈ, ঐং বিশুদ্ধায়ৈ, ওং নন্দিন্যৈ, ঔং সুপ্রভায়ৈ, অং বিমলায়ৈ, অঃ সর্ব্ব-সিদ্ধিপ্রদায়ৈ,—ওঁ বজ্রনখদংষ্ট্রায়ুধায় মহাসিংহায় হুং ফট্ নমঃ।

অতঃপর পুনরায় ধ্যান করিয়া নিজ-হৃদয় হইতে তেজোময়ী দেবীকে চিন্তাদ্বারা করস্থিত পুষ্পের সহিত ঘটে আরোপণ করতঃ আবাহন করিবে। মন্ত্র যথা,—

ওঁ দেবেশি ভক্তিসুলভে পরিবারসমন্বিতে। যাবত্ত্বাং পূজয়িষ্যামি তাবত্ত্বং সুস্থিরাভব॥ মূলমন্ত্র উচ্চারণ করিয়া “জগদ্ধাত্রি দুর্গে দেবি স্বকীয়গণসহিতে ইহাগচ্ছ ইহাগচ্ছ, ইহ তিষ্ঠ ইহ তিষ্ঠ, ইহ সন্নিহিতাভব, ইহ সন্নিরুধ্যস্ব অত্রাধিষ্ঠানং কুরু, মম পূজাং গৃহাণ॥”

তৎপরে ‘হ্রীং হৃদয়ায় নমঃ’ ইত্যাদি দেবতাঙ্গে ষড়ঙ্গবিন্যাস করিয়া তুড়ি দ্বারা দশদিগ্বন্ধনপূর্ব্বক অবগুণ্ঠন, ধেনু, যোনি, ভূতিনী, আকর্ষণী ও পরমী-করণমুদ্রা দর্শন করাইয়া চক্ষুর্দান ও প্রাণপ্রতিষ্ঠা করিবে। (অন্নপূর্ণা পূজা দেখ। কেবল,—জগদ্ধাত্র্যা দুর্গায়াঃ প্রাণাঃ ইহ প্রাণাঃ” এই মাত্র বিশেষ)। তৎপরে ষোড়শোপচারে পূজা করিবে। যথা,—

এতে গন্ধপুষ্পে ওঁ রজতাসনায় নমঃ, এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে শ্রীবিষ্ণবে নমঃ, এতে গন্ধপুষ্পে এতৎ সম্প্রদান্যৈ শ্রীমজ্জগদ্ধাত্র্যৈ নমঃ, দুং ইদং রজতাসনং জগদ্ধাত্র্যৈ দুর্গায়ৈ নমঃ। পরে কৃতাঞ্জলি হইয়া দুং জগ-দ্ধাত্রি দুর্গে দেবি স্বাগতম্ সুস্বাগতম্। পূর্ব্ববৎ অর্চ্চনাদি করিয়া সমস্ত দ্রব্য দান করিবে, বিশেষ মাত্র,—পাদ্যং নমঃ. অর্ঘ্যং স্বাহা. আচমনীয়ং স্বধা. মধুপর্কঃ

স্বধা, পুনরাচমনীয়ং নমঃ, স্নানীয়ং নমঃ, বস্ত্রং নিবেদয়ামি, আভরণং নমঃ গন্ধো নমঃ, পুষ্পং বৌষট্‌, বিল্বপত্রং নমঃ, (মূলমন্ত্রে পাঁচবার পুষ্পাঞ্জলি দিবে)। ধূপদীপৌ নমঃ, (ধূপ দীপ নিবেদন করিয়া আরাত্রিক করিবার ব্যবহার আছে)। নৈবেদ্যং নিবেদয়ামি,—"অমৃতোপস্তরণমসি স্বাহা" পর্য্যন্ত বলিয়া—ওঁ নিবেদয়ামি ভগবতি জুষাণেদং হবিঃ শিবে। এই মন্ত্র বলিবে। পরে পানার্থ, আচমনীয় ও তাম্বূল এবং মূলমন্ত্রে তিনবার পুষ্পাঞ্জলি প্রদান করিয়া ভোজ্য, ঘড়া, গাড়ু, দীপ প্রভৃতি উৎসর্গ করিয়া দিবে। তদনন্তর আবরণ-দেবতার পূজা করিবে।

প্রথমে আবাহন করিয়া, সর্ব্বত্র প্রণবাদি নমোঽন্ত মন্ত্র উচ্চারণপূর্ব্বক গন্ধপুষ্পদ্বারা নবশক্তির পূজা করিবে। যথা,—এতে গন্ধপুষ্পে হ্রীং প্রভায়ৈ, (এই ক্রমে)—হ্রীং মায়ায়ৈ, হ্রীং জয়ায়ৈ, হ্রীং সূক্ষ্মায়ৈ, হ্রীং বিশুদ্ধায়ৈ, হ্রীং নন্দিন্যৈ, হ্রীং সুপ্রভায়ৈ, হ্রীং বিজয়ায়ৈ,হ্রীং সর্ব্বসিদ্ধিপ্রদায়ৈ। বামে হ্রীংশঙ্খনিধয়ে, দক্ষিণে হ্রীং পদ্মনিধয়ে। অনন্তর হ্রীং জয়ায়ৈ নমঃ, বিজয়ায়ৈ, কীর্ত্ত্যৈ, প্রীত্যৈ, শুভায়ৈ, শ্রদ্ধায়ৈ, শ্রুত্যৈ, মেধায়ৈ, শঙ্খায়, চক্রায়, গদায়ৈ, খড়্গায়, পাশায়, অঙ্কুশায়, চাপায়, শরায়। দাং হৃদয়ায় নমঃ, দীং শিরসে স্বাহা, দূং শিখায়ৈ বষট্‌, দৈং কবচায় হুং, দৌং নেত্রত্রয়ায় বৌষট্‌, দঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্‌।

অনন্তর যথাশক্তি উপচার দ্বারা নিম্নলিখিত দেবতাগণের পূজা করিবে। যথা—ওঁ ব্রাহ্ম্যৈ নমঃ। (এই ক্রমে)—নারায়ণ্যৈ, মাহেশ্বর্য্যৈ, কৌমার্য্যৈ, বৈষ্ণব্যৈ, বারাহ্যৈ, অপরাজিতায়ৈ, ইন্দ্রাণ্যৈ, চামুণ্ডায়ৈ, মহালক্ষ্ম্যৈ, নারসিংহ্যৈ। অসিতাঙ্গায় ভৈরবায়, রুরবে ভৈরবায়, ভীষণায় ভৈরবায়, ক্রোধায় ভৈরবায়, উন্মত্তায় ভৈরবায়, কপালিনে ভৈরবায়, ভীষণায় ভৈরবায়, সংহারায় ভৈরবায়, বটুকাদিভ্যঃ, ক্ষেত্রপালেভ্যঃ। লাং ইন্দ্রায় দেবতাধিপতয়ে সায়ুধবাহনপরিবারায়, রাং অগ্নয়ে তেজোঽধিপতয়ে, যাং যমায় প্রেতাধিপতয়ে, ক্ষাং নির্ঋতয়ে রক্ষোঽধিপতয়ে, বাং বরুণায় জলাধিপতয়ে, বাং বায়বে প্রাণাধিপতয়ে, সাং কুবেরায় ক্ষেত্রাধিপতয়ে, হাং ঈশানায় ভূতাধিপতয়ে, আং ব্রহ্মণে প্রজাধিপতয়ে, হ্রীং অনন্তায় নাগাধিপতয়ে। বজ্রাদ্যস্ত্রেভ্যঃ, গুরুপংক্তিভ্যঃ।

পরে দেবীবাহন ও জয়া বিজয়াদির পূজা করিবে।

অনন্তর প্রাণায়াম পূর্ব্বক যথাশক্তি মূলমন্ত্র জপ করিয়া "গুহ্যাতিগুহ্য" মন্ত্রে জপ সমর্পণ করতঃ পুনঃ প্রাণায়াম করিয়া স্তব কবচাদি পাঠপূর্ব্বক প্রণাম করিবে। মন্ত্র যথা,—

ওঁ সর্ব্বমঙ্গলমঙ্গল্যে শিবে সর্ব্বার্থসাধিকে।
শরণ্যে ত্র্যম্বকে গৌরি নারায়ণি নমোঽস্তু তে॥

অতঃপর বলিদান। (তান্ত্রিক বলিদান দেখ) বলিদানান্তে আরাত্রিক করিয়া চণ্ডীপাঠ, দুর্গানাম জপ ও দুর্গাকবচ পাঠ করিবে। পরে কৃতাঞ্জলি হইয়া দান এবং প্রদক্ষিণ করিবে।

কুমারী পূজা করিতে হইলে, এই সময় অথবা দ্বিতীয় পূজার পর কুমারীপূজা করিবে। (কুমারী পূজা প্রকরণ দেখ) অনন্তর খেচরান্ন প্রদান করিবে।

অতঃপর মধ্যাহ্নে মধ্যপূজা, অপরাহ্নে শেষপূজা করিবে। শেষপূজা সমাধা করিয়া হোম, শান্তি, তিলক ও দক্ষিণান্ত করিবে।

স্তব পাঠ করিয়া "এষ পুষ্পাঞ্জলিঃ ওঁ দূং জগদ্ধাত্র্যৈ দুর্গায়ৈ নমঃ" মন্ত্রে তিনবার অঞ্জলি দিবে।

পরদিন * প্রাতঃকালে নিত্যক্রিয়াদি সমাপনপূর্ব্বক দেবীর পূজা করিয়া দধিযুক্ত চিপিটকাদি নিবেদন করিয়া আরাত্রিক ও আত্মসমর্পণ এবং বিসর্জ্জন করিবে। (অন্নপূর্ণা-পূজা দেখ)।

জগদ্ধাত্রী-স্তব।

শ্রীশিব উবাচ॥ আধারভূতে চাধেয়ে ধৃতিরূপে ধুরন্ধরে। ধ্রুবে ধ্রুবপদে ধীরে জগদ্ধাত্রি নমোঽস্তু তে॥ ১॥ শবাকারে শক্তিরূপে শক্তিস্থে শক্তি-বিগ্রহে। শক্ত্যাচারপ্রিয়ে দেবি জগদ্ধাত্রি নমোঽস্তু তে॥ ২॥ জয়দে জগদানন্দে জগদেকপ্রপূজিতে। জয় সর্ব্বগতে দুর্গে জগদ্ধাত্রি নমোঽস্তু তে॥ ৩॥ পরমাণুস্বরূপে চ দ্ব্যণুকাদি-স্বরূপিণি। স্থূলাতিসূক্ষ্মরূপে চ জগদ্ধাত্রি নমোঽস্তু তে॥ ৪॥ সূক্ষ্মাতিসূক্ষ্মরূপে চ প্রাণাপানাদিরূপিণি। ভাবাভাবস্বরূপে চ জগদ্ধাত্রি নমোঽস্তু তে॥ ৫॥ কালাদিরূপে কালেশে কালাকালবিভেদিনি। সর্ব্বস্বরূপে সর্ব্বজ্ঞে জগদ্ধাত্রি নমোঽস্তু তে॥ ৬॥ মহাবিঘ্নে মহোৎসাহে মহামায়ে বরপ্রদে। প্রপঞ্চসারে সাধ্বীশে জগদ্ধাত্রি নমোঽস্তু তে॥ ৭॥ অগম্যে জগতামাদ্যে মাহেশ্বরি বরাঙ্গনে। অশেষরূপরূপস্থে জগদ্ধাত্রি নমোঽস্তু তে॥ ৮॥ দ্বিসপ্তকোটিমন্ত্রাণাং শক্তিরূপে সনাতনি। সর্ব্বশক্তিস্বরূপে চ জগদ্ধাত্রি নমোঽস্তু তে॥ ৯॥ তীর্থযজ্ঞতপোদান-যোগসারে জগন্ময়ে। ত্বমেব সর্ব্বসত্বস্থে জগদ্ধাত্রি নমোঽস্তু তে॥ ১০॥ দয়ারূপে দয়াদৃষ্টে দয়ার্দ্রে দুঃখমোচনি। সর্ব্বা-

* কোন কোন স্থানে সেই দিবসেই বিসর্জ্জনের প্রথা আছে।

পন্তারিকে দুর্গে জগদ্ধাত্রি নমোহস্তু তে॥ ১১॥ অগম্যধামধামস্থে মহাযোগীশ-হৃৎপুরে। অমেয়ভাবকূটস্থে জগদ্ধাত্রি নমোহস্তু তে॥ ১২॥ যঃ পঠেৎ স্তোত্র-মেতত্তু পূজান্তে সাধকোত্তমঃ। সর্ব্বপাপাদ্বিনির্ম্মুক্তঃ পূজাফলমবাপ্নুয়াৎ।

ইতি জগদ্ধাত্রীকল্পে জগদ্ধাত্রীস্তবঃ সমাপ্তঃ॥

দুর্গাপূজা।

কুম্ভরাশিস্থিতে চন্দ্রে নবম্যাং কার্ত্তিকস্য চ।
উষস্যর্দ্ধোদিতে ভানৌ দুর্গামারাধ্য যত্নবান্॥
পুত্রারোগ্যধনং লেভে লোকসাক্ষিত্বমেব চ॥ কাত্যায়নীতন্ত্রে।

কুম্ভরাশিতে চন্দ্রের অবস্থিতিকালে কার্ত্তিকমাসের নবমীতে যখন সূর্য্য অর্দ্ধোদিত হইবেন, সেই উষাকালে সাধক দুর্গার আরাধনা করিলে পুত্র, আরোগ্য, বিপুলধন ও লোকসাক্ষিত্ব লাভ করিয়া থাকেন।

দুর্গার ধ্যান।—সিংহস্থা শশিশেখরা মরকতপ্রখ্যা চতুর্ভিভুর্জৈঃ শঙ্খং চক্র-ধনুশরাংশ্চ দধতী নেত্রৈস্ত্রিভিঃ শোভিতা। আমুক্তাঙ্গদহারকঙ্কণরণৎ-কাঞ্চীকণন্নূপুরা দুর্গা দুর্গতিহারিণী ভবতু নো রত্নোল্লসৎকুণ্ডলা॥

দুর্গাশতনাম-স্তোত্র।

ঈশ্বর উবাচ। শতনাম প্রবক্ষ্যামি শৃণুষ্ব কমলাননে। যস্য প্রসাদমাত্রেণ দুর্গা প্রীতা ভবেৎ সতী॥ ১॥ ওঁ সতী সাধ্বী ভবপ্রীতা ভবানী ভবমোচনী। আর্য্যা দুর্গা জয়া আদ্যা ত্রিনেত্রা শূলধারিণী॥ ২॥ পিনাকধারিণী চিত্রা চণ্ডঘণ্টা মহাতপা। মনোবুদ্ধিরহঙ্কারা চিত্তরূপা চিতাচিতিঃ॥ ৩॥ সর্ব্বমন্ত্রময়ী সত্যা সত্যানন্দস্বরূপিণী। অনন্তা ভাবিনী ভব্যা ভব্যাভব্যসদাগতিঃ॥ ৪॥ শাম্ভবী দেবমাতা চ চিন্তারত্নপ্রিয়া সদা। সর্ব্ববিদ্যা দক্ষকন্যা দক্ষযজ্ঞবিনাশিনী॥ ৫॥ অপর্ণানেকপর্ণা চ পাটলা পাটলা-বতী। পট্টাম্বর-পরীধানা কলমঞ্জীররঞ্জিনী॥ ৬॥ অমেয়বিক্রমা ক্রূরা সুন্দরী সুরসুন্দরী। বনদুর্গা চ মাতঙ্গী মতঙ্গমুনিপূজিতা॥ ৭॥ ব্রাহ্মী মাহেশ্বরী চৈন্দ্রী কৌমারী বৈষ্ণবী তথা। চামুণ্ডা চৈব বারাহী লক্ষ্মীশ্চ পুরুষাকৃতিঃ॥ ৮॥ বিমলোৎকর্ষিণী জ্ঞানা ক্রিয়া সত্যা চ বুদ্ধিদা। বহুলা বহুলপ্রেমা সর্ব্ববাহন-বাহনা॥ ৯॥ নিশুম্ভশুম্ভহননী মহিষাসুরমর্দ্দিনী। মধুকৈটভহন্ত্রী চ চণ্ড-মুণ্ডবিনাশিনী॥ ১০॥ সর্ব্বাসুরবিনাশা চ সর্ব্বদানবঘাতিনী। সর্ব্বশাস্ত্র-ময়ী সত্যা সর্ব্বাস্ত্রধারিণী তথা॥ ১১॥ অনেকশস্ত্রহস্তা চ অনেকাস্ত্রস্য ধারিণী।

কুমারী চৈব কন্যা চ কিশোরী যুবতী সতী। অপ্রৌঢ়া চৈব প্রৌঢ়া ত্বং বৃদ্ধমাতা বলপ্রদা ॥ ১২ ॥ য ইদং প্রপঠেন্নিত্যং দুর্গানামশতাষ্টকম্। নাসাধ্যং বিদ্যতে দেবি ত্রিষু লোকেষু পার্ব্বতি ॥ ১৩ ॥ ধনং ধান্যং সুতং জায়াং হয়ং হস্তিনমেব চ। চতুর্ব্বর্গং তথা চান্তে লভেন্মুক্তিঞ্চ শাশ্বতীম্ ॥ ১৪ ॥ কুমারীং পূজয়িত্বা তু ধ্যাত্বা দেবীং সুরেশ্বরীম্। পূজয়েৎ পরয়া ভক্ত্যা পঠেন্নামশতাষ্টকম্ ॥ ১৫ ॥ তস্য সিদ্ধির্ভবেদ্দেবি সর্ব্বৈঃ সুরবরৈরপি। রাজানো দাসতাং যান্তি রাজ্যং শ্রিয়মবাপ্নুয়াৎ ॥ ১৬ ॥ গোরোচনালক্তককুঙ্কুমেন, সিন্দূরকর্পূর-মধুত্রয়েণ। বিলিখ্য মন্ত্রং বিধিনা বিধিজ্ঞো, ভবেৎ সদা ধারয়তে পুরারিঃ ॥ ১৭ ॥ ভৌমাবস্যানিশাভাগে চন্দ্রে শতভিষাং গতে। বিলিখ্য প্রপঠেৎ স্তোত্রং স ভবেৎ সম্পদাস্পদম্ ॥ ১৮ ॥

ইতি বিশ্বসারতন্ত্রে দুর্গাশতনামস্তোত্রং সমাপ্তম্।

দুর্গা-কবচ।

ঈশ্বর উবাচ। শৃণু দেবি প্রবক্ষ্যামি কবচং সর্ব্বসিদ্ধিদম্। পঠিত্বা ধারয়িত্বা চ নরো মুচ্যেত সঙ্কটাৎ ॥ ১ ॥ অজ্ঞাত্বা কবচং দেবি দুর্গামন্ত্রঞ্চ যো জপেৎ। স নাপ্নোতি ফলং তস্য পরে চ নরকং ব্রজেৎ ॥ ২ ॥ ইদং গুহ্যতমং দেবি কবচং তব কথ্যতে। গোপনীয়ং প্রযত্নেন সাবধানাবধারয় ॥ ৩ ॥ উমা দেবী শিরঃ পাতু ললাটং শূলধারিণী। চক্ষুষী খেচরী পাতু কর্ণৌ চ দ্বারবাসিনী ॥ ৪ ॥ সুগন্ধা নাসিকাং পাতু বদনং সর্ব্বসাধিনী। জিহ্বাঞ্চ চণ্ডিকা পাতু গ্রীবাং সৌভদ্রিকা তথা ॥ ৫ ॥ অশোকবাসিনী চেতো দ্বৌ বাহূ বজ্রধারিণী। কণ্ঠং পাতু মহাকালী জগন্মাতা স্তনদ্বয়ম্ ॥ ৬ ॥ হৃদয়ং ললিতা দেবী উদরং সিংহবাহিনী। কটিং ভগবতী দেবী দ্বাবূরূ বিন্ধ্যবাসিনী। মহাবলা চ জঙ্ঘে দ্বে পাদৌ ভূতলবাসিনী ॥ ৭ ॥ এবং স্থিতাসি দেবি ত্বং ত্রৈলোক্যরক্ষণাত্মিকে। রক্ষ মাং সর্ব্বগাত্রেষু দুর্গে দেবি নমোঽস্তু তে ॥ ৮ ॥ ইত্যেতৎ কবচং দেবি মহাবিদ্যাফলপ্রদম্। যঃ পঠেৎ প্রাতরুত্থায় সর্ব্বতীর্থফলং লভেৎ ॥ ৯ ॥ যো ন্যসেৎ কবচং দেহে তস্য বিঘ্নো ন কুত্রচিৎ। ভূতপ্রেতপিশাচেভ্যো ভয়ন্তস্য ন বিদ্যতে ॥ ১০ ॥ রণে রাজকুলে বাপি সর্ব্বত্র বিজয়ী ভবেৎ। সর্ব্বত্র পূজামাপ্নোতি দেবীপুত্র ইব ক্ষিতৌ ॥ ১১ ॥

ইতি কুব্জিকাতন্ত্রে দুর্গাকবচং সমাপ্তম্।

শ্রীরামনবমী ব্রত।

সা চ চৈত্রশুক্লানবমী রামস্য জন্মতিথিঃ।
চৈত্রে মাসি নবম্যাস্তু জাতো রামঃ স্বয়ং হরিঃ।
পুনর্ব্বস্বৃক্ষসংযুক্তা সা তিথিঃ সর্ব্বকামদা॥

চৈত্রমাসের শুক্লা নবমী শ্রীশ্রীরামচন্দ্রের জন্মতিথি। পুনর্ব্বসুনক্ষত্রযুক্ত এই তিথিতে ভগবান্ রামচন্দ্র জন্মগ্রহণ করিয়াছিলেন;—অতএব এই নবমীতে শ্রীরামনবমী-ব্রত করিলে, ধর্ম্ম-অর্থাদি লাভ ও অভীষ্ট সিদ্ধ হয়।

চৈত্রে তু শুক্লা নবমী পুনর্ব্বসুযুতা যদি। সৈব মধ্যাহ্নযোগেন মহাপুণ্যতমা ভবেৎ॥ নবমী অষ্টমীবিদ্ধা ত্যাজ্যা বিষ্ণুপরায়ণৈঃ। উপোষণং নবম্যাস্তু দশম্যামেব পারণম্॥ ইতি কালমাধবীয়ে।

চৈত্রমাসের শুক্লা নবমীতে যদি পুনর্ব্বসুনক্ষত্রের যোগ হয়, তাহা হইলে সেই নবমীর মধ্যাহ্নকালে মহাপুণ্য প্রদান করে। বিষ্ণুপরায়ণ ব্যক্তিগণ অষ্টমীবিদ্ধা নবমীতে উপবাসাদি করিবে না, অশুদ্ধা নবমীতে অর্থাৎ অষ্টমী-বিদ্ধা নবমীতে পুনর্ব্বসুনক্ষত্রযোগ থাকিলেও তাহা পরিত্যাগ করিয়া নবমীতে উপবাস করিবে।

দশম্যাদিপ্রবৃদ্ধিশ্চেৎ ত্যাজ্যা বিদ্ধৈব বৈষ্ণবৈঃ। তদন্তেষান্তু সর্ব্বেষাং ব্রতং তত্রৈব নিশ্চিতম্॥ দশম্যামেব শব্দেন দশমীং নৈব লঙ্ঘয়েৎ। নিশ্চিত্যৈবং বিচারেণ নবমীব্রতমাচরেৎ॥ ইতি রামার্চ্চনচন্দ্রিকায়াম্।

দশম্যাদির বৃদ্ধি হইলে অষ্টমীবিদ্ধা নবমী বৈষ্ণবেরা পরিত্যাগ করিবে। কিন্তু এই সময়ে সকল ব্রতিগণই দশমীতে পারণ করিবে। দশম্যামেব—এই 'এব' পদ প্রয়োগ দ্বারা কদাচ দশমী লঙ্ঘন করিবে না, ইহা স্পষ্ট প্রতীয়মান হয়। অতএব দশমীতে পারণ সম্ভব হইলে কেহই অষ্টমীবিদ্ধা নবমীতে উপবাস করিবে না।

পূজাপদ্ধতি।—স্বস্তিবাচনাদি করিয়া সঙ্কল্প করিবে। যথা—

বিষ্ণুরোম্ তৎসদদ্য চৈত্রে মাসি শুক্লে পক্ষে নবম্যাস্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীরামপ্রীতিকামঃ শ্রীরামনবমী-ব্রতমহং করিষ্যে।

সঙ্কল্পসূক্ত, সামান্যার্ঘ্য, আসনশুদ্ধি, ভূতশুদ্ধি ও ন্যাসাদি করিয়া, শ্রীরাম-চন্দ্রের ও সীতাদেবীর ধ্যান করিয়া ষোড়শোপচারে পূজা করিবে।

রামের ধ্যান।—কোমলাঙ্গং বিশালাক্ষমিন্দ্রনীলসমপ্রভম্। পীতাম্বরধরং

ধ্যায়েৎ রামং সীতাসমন্বিতম্॥ দক্ষিণাংশে দশরথং পুত্রাবেক্ষণতৎপরম্। পৃষ্ঠতো লক্ষ্মণং দেবং সচ্ছত্রং কনকপ্রভম্॥ পার্শ্বে ভরত-শত্রুঘ্নৌ তালবৃন্তকরাবুভৌ। অগ্রে ব্যগ্রং হনূমন্তং রামানুগ্রহকাঙ্ক্ষিণম্।

রামের প্রণাম।—রামায় রামচন্দ্রায় রামভদ্রায় বেধসে।
রঘুনাথায় নাথায় সীতায়াঃ পতয়ে নমঃ।

সীতার ধ্যান।—নীলাম্ভোজদলাভিরামনয়নাং নীলাম্বরালঙ্কৃতাং, গৌরাঙ্গীং শরদিন্দুসুন্দরমুখীং বিস্মেরবিম্বাধরাম্। কারুণ্যামৃতবর্ষিণীং হরিহরব্রহ্মাদিভির্ব্বন্দিতাং, ধ্যায়েৎ সর্ব্বজনেপ্সিতার্থফলদাং রামপ্রিয়াং জানকীম্॥

সীতার প্রণাম।—বন্দে রামহৃদম্ভোজ-প্রকাশাং জনকাত্মজাম্।
সত্রিবর্গ-পরানন্দদায়িনীং ব্রহ্মরূপিণীম্॥

পরে "ওঁ দশরথায় নমঃ" বলিয়া দশরথের পূজা করিয়া প্রণাম করিবে।

দশরথের প্রণাম।—ভক্ত্যা বশীকৃতো যস্য পুত্রত্বং ভগবান্ হরিঃ।
বন্দে দশরথং বীরং তমযোধ্যাপতিং প্রভুম্॥

রামজননী কৌশল্যার—"ওঁ কৌশল্যায়ৈ নমঃ" বলিয়া পূজা করতঃ পুষ্পাঞ্জলি দিবে।

কৌশল্যার প্রণাম।—রামস্য জননী চাসি রামময়মিদং জগৎ।
অতস্ত্বাং পূজয়িষ্যামি লোকমাতর্নমোঽস্তু তে॥

"ভগবন্ রামচন্দ্র আবরণং তে পূজয়ামি" এই মন্ত্রে অনুজ্ঞাগ্রহণ করিয়া আবরণপূজা করিবে। যথা—এতে গন্ধপুষ্পে ওঁ রাং হৃদয়ায় নমঃ, (এই ক্রমে) ওঁ রীং শিরসে স্বাহা, ওঁ রূং শিখায়ৈ বষট্, ওঁ রৈং কবচায় হুং, ওঁ রৌং নেত্রাভ্যাং বৌষট্, ওঁ রঃ অস্ত্রায় ফট্।

যথাশক্তি উপচারদ্বারা ভরত, লক্ষ্মণ, শত্রুঘ্ন, হনুমান, সুগ্রীব, বিভীষণ, অঙ্গদ, জাম্বুবান এবং ধূম্র, জয়ন্ত, বিজয়, সুরাষ্ট্র, রাষ্ট্রবর্দ্ধন, অশোক, ধর্ম্মপাল ও সুমন্ত্র ইহাদিগের পূজা করিবে।

তদনন্তর পুনর্ব্বসুনক্ষত্রযুক্ত নবমী তিথিতে কর্কটলগ্নে মধ্যাহ্নকালে নিখিল রাক্ষসকুলদমন জন্য আবির্ভূত শ্রীশ্রীরামচন্দ্রের জন্ম চিন্তা করিয়া বাদ্যধ্বনি করিবে।

তৎপরে শঙ্খে একটী ফল, অশোকপুষ্প, তুলসী এবং কুশ ও চন্দনাদি সংযুক্ত অর্ঘ্য রামচন্দ্রকে নিবেদন করিয়া দিবে। মন্ত্র—

ওঁ দশাননবধার্থায় ধর্ম্মসংস্থাপনায় চ। দানবানাং বিনাশায় দৈত্যানাং

নিধনায় চ॥ পরিত্রাণায় সাধুনাং রামো জাতঃ স্বয়ং হরিঃ। গৃহাণার্ঘ্যং ময়া দত্তং ভ্রাতৃভিঃ সহিতো মম॥

প্রতি প্রহরে পুষ্পাঞ্জলি দান করিবে এবং রামগীতাদি পাঠ ও মন্ত্রাদি জপ করিবে। পরদিবস কথা শ্রবণ, দক্ষিণাদান ও অচ্ছিদ্রাবধারণ করিয়া পারণ করিবে।

ব্রত-কথা।—পুরৈকদা সুখাসীনং ব্রহ্মাণং জগতাং পতিম্। সহসাগত্য তত্রৈব সনকো বাক্যমব্রবীৎ॥ সনক উবাচ। রাজা দশরথো নাম কৌশল্যা চ যশস্বিনী। কর্ম্মণা কেন তত্তস্য পুত্রোঽসৌ জগতাং পতিঃ॥ দূর্ব্বাদলশ্যামরামো বিস্তার্য্য কথয়স্ব মে॥ ব্রহ্মোবাচ। সাধু পৃষ্টং ত্বয়া বৎস জগতাং হিতকারকম্॥ পুরা রাজা দশরথঃ কৌশল্যা চ সমাহিতঃ। জজাপ মন্ত্রং দুর্গায়াঃ শিবস্য চ বিশেষতঃ॥ তয়োর্জ্জপেন তুষ্টঃ সন্ শিবঃ প্রত্যক্ষতাং গতঃ। তং দৃষ্ট্বা তু তদা রাজা প্রত্যুবাচ কৃতাঞ্জলিঃ॥ দেবদেব হ্যপুত্রোঽহমতি-দুঃখেন দুঃখিতঃ। চিরং বিচার্য্য মনসা শিবারাধনতৎপরঃ॥ ইতি শ্রুত্বা মহাদেবস্তমুবাচ দয়াপরঃ॥ কুরু রাজন্ বংশযজ্ঞং ততস্তে জগতাং পতিঃ। রামনামা চ পুত্রোঽসৌ কৌশল্যায়াং ভবিষ্যতি॥ ইত্যুক্ত্বা তং দেবদেবস্তত্রৈবান্তরধীয়ত। ইতি রুদ্রমুখাৎ শ্রুত্বা রাজা দশরথঃ সুধীঃ। ততশ্চক্রে বংশযজ্ঞং স্বদেব্যা সহ তৎপরঃ॥ ততঃ কালে মহারাজ্ঞী গর্ভং ধত্তে মনোহরম্। চৈত্রে মাসি সিতে পক্ষে নবম্যাং শোভনে দিনে। অতি পুণ্যে শুভে লগ্নে জাতো রামঃ স্বয়ং হরিঃ॥ পুনর্ব্বস্বৃক্ষসংযুক্তা সা তিথিঃ সর্ব্বকামদা। শ্রীরামনবমী প্রোক্তা কোটিসূর্য্যগ্রহাধিকা॥ তস্মিন্ দিনে মহাপুণ্যে রামমুদ্দিশ্য ভক্তিতঃ। উপোষ্য রামং সম্পূজ্য বিষ্ণুলোকে মহীয়তে॥ যস্তু রামনবম্যান্তু ভুঙ্‌ক্তে মর্ত্ত্যো বিমূঢ়ধীঃ। কুম্ভীপাকেষু ঘোরেষু পচ্যতে নাত্র সংশয়ঃ॥ কুর্য্যাদ্রামনবম্যাং য উপোষণমতন্দ্রিতঃ। ন শেতে মাতৃজঠরে স্বয়ং রামো ভবেত্তু সঃ॥ শ্রীরামনবমী নাম পুণ্যং পুণ্যতমব্রতম্॥ ইতি শ্রুত্বা সুসন্তুষ্টঃ সনকঃ পুনরব্রবীৎ। বিধিনা কেন কর্ত্তব্যং বদ মে কমলোদ্ভব॥ ব্রহ্মোবাচ॥ ব্রতপূর্ব্বদিনে স্নাত্বা সকৃদ্ভুক্ত্বা নিরামিষম্। ত্যক্ত্বা চ যোষিচ্ছয়নং শয়ীত স্থণ্ডিলে কুশে॥ ব্রাহ্মে মুহূর্ত্তে চোত্থায় কৃত্বা প্রাতঃ ক্রিয়াং ততঃ। প্রাতঃ স্নাত্বা শুচির্ভূত্বা সঙ্কল্পং বিধিবচ্চরেৎ॥ প্রতিমায়াং ঘটে বাপি পটে বা যন্ত্রতোঽপি বা। শালগ্রামশিলায়ান্তু তুলসী-দলকল্পিতা। পূজা শ্রীরামচন্দ্রস্য কোটিকোটিগুণাধিকা॥ কৌশল্যা পূজনীয়াদৌ রাজা চৈব ততঃ পরম্। পূজয়েৎ পরয়া ভক্ত্যা পরিবারাংস্ততঃ পরম্॥ ততো

গ্রহাংশ্চ দিক্‌পালান্ গণেশাদীন্ প্রপূজয়েৎ। ততো মধ্যাহ্নগে সূর্য্যে তজ্জন্ম ভাবয়েদ্‌ব্রতী॥ উচ্চস্থে গ্রহপঞ্চকে সুরগুরৌ সেন্দৌ নবম্যাস্তিথৌ, লগ্নে কর্কটকে পুনর্ব্বসুদিনে মেষং গতে পূষণি। নির্দ্দগ্ধুং নিখিলাঃ পলাশসমিধো মেধ্যাদযোধ্যারণেরাবির্ভূতমভূদপূর্ব্ববিভবং যৎকিঞ্চিদেকং মহঃ॥ ততো বাদ্যাদিকং কৃত্বা দদ্যাদর্ঘ্যং বিশেষতঃ। মূলমন্ত্রেণ দদ্যাদ্বৈ ভক্ত্যা পুষ্পাঞ্জলি-ত্রয়ম্॥ এবমষ্টসু যামেষু অষ্টধা পূজয়েদ্‌ব্রতী। ইতিহাসকথাং শ্রুত্বা গীতনৃত্যৈ-র্নিশাং নয়েৎ॥ ততঃ পরদিনে প্রাতঃ স্নানং কৃত্বা বিধানতঃ। রামং দূর্ব্বাদল-শ্যামং ভক্ত্যা শক্ত্যা প্রপূজয়েৎ॥ দক্ষিণাং বিধিবদ্দত্বা অচ্ছিদ্রমবধারয়েৎ। ভোজয়িত্বা ততো বিপ্রান্ স্বয়ং পারণমাচরেৎ॥ যস্ত্বিদং শৃণুয়ান্নিত্যং পুণ্যাহে চ বিশেষতঃ। বহুপুত্রী ধনাঢ্যশ্চ অন্তে ব্রহ্মত্বমাপ্নুয়াৎ॥ রাজদ্বারে মহাঘোরে সংগ্রামে শত্রুসঙ্কটে। দূর্ব্বাদলশ্যামরামস্তস্য রক্ষাকরো ভবেৎ॥ বন্ধ্যা পুত্রবতী সাধ্বী পতিচিত্তানুসারিণী। সপত্নীদর্পদলনী সা ভবেন্নাত্র সংশয়ঃ॥ ময়ৈতৎ কথিতং বৎস তব স্নেহাদ্‌ব্রতোত্তমম্॥

ইতি শ্রীব্রহ্মর্ষিসনকসংবাদে শ্রীরামনবমীব্রতকথা সমাপ্তা।

অথ দশমী।

সা চ শুক্লৈকাদশীযুতা, কৃষ্ণা তু নবমীযুতা গ্রাহ্যা।

দশমী শুক্লপক্ষে একাদশীযুক্তা এবং কৃষ্ণপক্ষে নবমীযুক্তা গ্রাহ্যা।

দশহরা।

শুক্লপক্ষস্য দশমী জ্যৈষ্ঠে মাসি দ্বিজোত্তম।
হরতে দশ পাপানি তস্মাদ্দশহরা স্মৃতা॥—ব্রহ্মপুরাণে।

জ্যৈষ্ঠমাসের শুক্লপক্ষের দশমী দশবিধ পাপ হরণ করে বলিয়া ইহার নাম দশহরা। দশহরাতে গঙ্গাস্নান করিলে দশবিধ পাপ বিনষ্ট হয়।

জ্যৈষ্ঠে মাসি সিতে পক্ষে দশম্যাং হস্তযোগতঃ।
দশজন্মাবহা গঙ্গা দশপাপহরা স্মৃতা॥

জ্যৈষ্ঠমাসের শুক্লপক্ষীয় দশমীতে যদি হস্তানক্ষত্রের যোগ হয়, তবে সেই দিনে গঙ্গাস্নান করিলে দশজন্মার্জ্জিত দশবিধ পাপ বিনষ্ট হয়, সেই জন্যই ঐ তিথিকে দশহরা বলে।

জ্যৈষ্ঠে মাসি সিতে পক্ষে দশম্যাং বুধহস্তয়োঃ।
ব্যতীপাতে গরানন্দে কন্যাচন্দ্রে বৃষে রবৌ।
দশযোগে নরঃ স্নাত্বা সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে॥—স্কন্দপুরাণে।

জ্যৈষ্ঠমাস, শুক্লপক্ষ, দশমীতিথি, বুধবার, হস্তানক্ষত্র, ব্যতীপাত, গরকরণ, আনন্দযোগ, কন্যারাশিতে চন্দ্র ও বৃষরাশিতে সূর্য্য,—এই বশবিধ যোগের ঐক্য হইলে ঐদিনে গঙ্গাস্নানে সর্ব্ববিধ পাপ নষ্ট হয়। এই দিনে গঙ্গাতীরে গঙ্গাদেবীর স্বর্ণ, রৌপ্য বা মৃণ্ময়ী প্রতিমা নির্ম্মাণ করিয়া পূজা করিতে হয়, গৃহস্থগণ এই দিনে স্বভবনে অষ্টনাগের সহিত মনসাপূজা ও মনসাদেবীকে দশবিধ ফল দান করিবে। (নাগপঞ্চমীতে মনসাদি পূজাপ্রকরণ দেখ। ২য় খণ্ড ২৩৭ পৃষ্ঠা ১৩ পঃ।)

গঙ্গাস্নান-বিধি।—প্রথমতঃ আচমনপূর্ব্বক সঙ্কল্প করিবে। যথা—

বিষ্ণুরোম্ তৎসদস্ত জ্যৈষ্ঠে মাসি শুক্লে পক্ষে দশম্যাস্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা (অমুকগোত্রা শ্রীঅমুকী দেবী) দশবিধপাপক্ষয়কামো-(কামা বা) গঙ্গায়াং স্নানমহং করিষ্যে।

হস্তানক্ষত্রযুক্তা দশমী হইলে "হস্তানক্ষত্রযুক্তদশম্যাস্তিথৌ" এবং 'দশজন্মার্জ্জিত দশবিধপাপক্ষয়কামঃ" পাঠ করিবে, এবং মঙ্গলবার যোগ হইলে "কুজবারাধিকরণক-হস্তানক্ষত্রযুক্তদশম্যাস্তিথৌ" দশবিধপাপক্ষয় শতগুণবাজিমেধাযুতজন্যপুণ্যপ্রাপ্তিকামঃ" ইহা বিশেষমাত্র।

অনন্তর একবার অবগাহন স্নান করিয়া, এই মন্ত্র পাঠ করিবে,—

ওঁ অদত্তানামুপাদানং হিংসা চৈবাবিধানতঃ। পরদারোপসেবা চ কায়িকং ত্রিবিধং স্মৃতম্॥ পারুষ্যমনৃতঞ্চৈব পৈশুন্যঞ্চাপি সর্ব্বশঃ। অসম্বন্ধপ্রলাপশ্চ বাঙ্ময়ং স্যাচ্চতুর্ব্বিধম্॥ পরদ্রব্যেষ্বভিধ্যানং মনসানিষ্টচিন্তনম্। বিতথাভিনিবেশশ্চ ত্রিবিধং কর্ম্ম মানসম্॥ এতানি দশ পাপানি * প্রশমং যান্তু জাহ্নবি। স্নাতস্য মম তে দেবি জলে বিষ্ণুপদোদ্ভবে॥ ওঁ বিষ্ণুপাদার্ঘ্যসম্ভূতে গঙ্গে ত্রিপথগামিনি। ধর্ম্মদ্রবীতি বিখ্যাতে পাপং মে হর জাহ্নবি॥ ওঁ শ্রদ্ধয়া ভক্তিসম্পন্নে শ্রীমাতর্দ্দেবি জাহ্নবি। অমৃতেনাম্বুনা দেবি ভাগীরথি পুনীহি মাম্॥

---

* দশবিধ পাতক যথা,—অদত্তবস্তুর গ্রহণ, অবৈধ প্রাণিবধ, পরদারসেবা এই ত্রিবিধ কায়িক পাপ। নিষ্ঠুরভাষণ, মিথ্যাকথন, পৈশুন্য অর্থাৎ গুরু প্রভৃতির নিকট অর্থোপার্জ্জনের জন্য অপরের প্রতি দোষারোপ ও অসম্বন্ধ প্রলাপ এই চতুর্ব্বিধ বাচনিক পাপ,—এবং পরদ্রব্য চিন্তা, মনে মনে অন্যের অনিষ্টকামনা ও মিথ্যাভূত বস্তুতে অভিনিবেশ অর্থাৎ লাভার্থ পুনঃ পুনঃ সঙ্কল্প এই ত্রিবিধ মানসিক পাপ।

অনন্তর স্তব পাঠ করিবে।

গঙ্গাস্তব।

ওঁ মাতঃ শৈলসুতাসপত্নি বসুধাশৃঙ্গারহারাবলি, স্বর্গারোহণবৈজয়ন্তি ভবতীং ভাগীরথীং প্রার্থয়ে। ত্বত্তীরে বসতস্ত্বদম্বু পিবতস্ত্বদ্বীচি মুৎপ্রেক্ষতস্ত্বন্নাম স্মরতস্ত্বদর্পিতদৃশঃ স্যান্মে শরীরব্যয়ঃ॥ ১॥ ত্বত্তীরে তরুকোটরান্তরগতো গঙ্গে বিহঙ্গো বরং, ত্বন্নীরে নরকান্তকারিণি বরং মৎস্যোঽথবা কচ্ছপঃ। নৈবান্যত্র মদান্ধসিন্ধুরঘটাসংঘট্টঘণ্টারণৎ-কারত্রস্তসমস্তবৈরিবনিতালব্ধস্তুতির্ভূপতিঃ॥ ২ ॥ কাকৈর্নিষ্কুষিতং শ্বভিঃ কবলিতং বীচিভিরান্দোলিতং স্রোতোভিশ্চলিতং তটান্তমিলিতং গোমায়ুভির্লুণ্ঠিতং। দিব্যস্ত্রীকরচারুচামরমরুৎসংবীজ্যমানঃ কদা, দ্রক্ষ্যেঽহং পরমেশ্বরি ত্রিপথগে ভাগীরথি স্বং বপুঃ॥ ৩॥ অভিনব-বিষবল্লী পাদপদ্মস্য বিষ্ণোর্মদনমথনমৌলের্মালতীপুষ্পমালা। জয়তি জয়পতাকা কাপ্যসৌ মোক্ষলক্ষ্মী, ক্ষয়িতকলিকলঙ্কা জাহ্নবী নঃ পুনাতু॥ ৪॥ যত্ত্বত্তাল-তমাল-শালসরলব্যালোলবল্লীলতাচ্ছন্নং সূর্য্যকরপ্রতাপরহিতং শঙ্খেন্দুকুন্দোজ্জ্বলম্। গন্ধর্ব্বামরসিদ্ধকিন্নরবধূত্তুঙ্গস্তনাস্ফালিতং স্নানায় প্রতিবাসরং ভবতু মে গাঙ্গং জলং নির্ম্মলম্॥ ৫॥ গাঙ্গং বারি মনোহারি মুরারিচরণাচ্চ্যুতম্। ত্রিপুরারি-শিরশ্চারি পাপহারি পুনাতু মাম্॥ ৬॥ পাপাপহারি দুরিতারি তরঙ্গধারি, দূরপ্রচারি গিরিরাজগুহাবিদারি। ঝঙ্কারকারি হরিপাদরজোবিহারি, গাঙ্গং পুনাত্বনুদিনং শুভকারি বারি॥ ৭॥ বরমিহ গঙ্গাতীরে শরটঃ করটঃ কৃশঃ শুনীতনয়ঃ। ন পুনর্দ্দূরতরস্থঃ করিবরকোটীশ্বরো নৃপতিঃ॥ ৮॥ গঙ্গাষ্টকং পঠতি যঃ প্রয়তঃ প্রভাতে, বাল্মীকিনা বিরচিতং শুভদং মনুষ্যঃ। প্রক্ষাল্য সোঽত্র কলিকল্মষপঙ্কমাশু, মোক্ষং লভেৎ পততি নৈব পুনর্ভবাব্ধৌ॥ ওঁ তৎ সৎ।

ইতি বাল্মীকিনা বিরচিতং গঙ্গাষ্টকং স্তোত্রং সমাপ্তম্।

গঙ্গাপূজা।

স্বস্তিবাচনাদি করিয়া সঙ্কল্প করিবে। যথা—

বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীমদ্‌গঙ্গাদেবীপ্রীতিকামো গণপত্যাদিনানাদেবতাপূজাপূর্ব্বকং গঙ্গাপূজনমহং করিষ্যে।

অনন্তর সঙ্কল্পসূক্ত পাঠ করিয়া আসনশুদ্ধি, জলশুদ্ধ্যাদি করিয়া ঘটস্থাপন, করন্যাস, অঙ্গন্যাস, গণেশাদিদেবতার পূজা, ধ্যানপাঠ, চক্ষুর্দ্দান ও প্রাণপ্রতিষ্ঠা করিয়া যথাশক্তি নিম্নোক্ত মন্ত্রে পূজা, হোম জপাদি করিবে। বলিদানের ব্যবস্থা থাকিলে যথাবিধি বলিদান দিবে।

অনন্তর শান্তি, তিলক, দক্ষিণা, বৈগুণ্যসমাধান, অচ্ছিদ্রাবধারণ সমস্তই করিবে এবং বিসর্জ্জনবিহিত মন্ত্রাদিতে বিসর্জ্জন করিবে।

গঙ্গার ধ্যান।—সুরূপাং চারুনেত্রাঞ্চ চন্দ্রাযুতসমপ্রভাম্। চামরৈ-র্বীজ্যমানাস্তু শ্বেতচ্ছত্রোপশোভিতাম্॥ সুপ্রসন্নাং সুবদনাং করুণার্দ্রনিজান্তরাম্। সুধাপ্লাবিতভূপৃষ্ঠামার্দ্রগন্ধানুলেপনাম্॥ ত্রৈলোক্যনমিতাং গঙ্গাং বেদাদিভি-রভিষ্টুতাম্। এতৎ পাদ্যং ওঁ গাং গঙ্গায়ৈ বিশ্বমুখ্যায়ৈ শিবামৃতায়ৈ শান্তি-প্রদায়িন্যৈ নারায়ণ্যৈ নমো নমঃ।

জপমন্ত্র।—ওঁ গঙ্গায়ৈ শিবায়ৈ নারায়ণ্যৈ নমো নমঃ।

প্রণামমন্ত্র।—সদ্যঃপাতকসংহন্ত্রী সদ্যোদুঃখবিনাশিনী।
সুখদা মোক্ষদা গঙ্গা গঙ্গৈব পরমা গতিঃ॥

দশহরা গঙ্গাপূজায় নারায়ণ, মহেশ্বর, ব্রহ্মা, ভাস্কর, ভগীরথ, নাগরাজ, হিমালয় প্রভৃতির যথাশক্তি উপচারে পূজা করিবার ব্যবস্থা আছে।

অপরাজিতা পূজা।

আশ্বিনে শুক্লপক্ষস্য দশম্যাং পূজয়েত্তথা।
একাদশ্যাং ন কুর্ব্বীত পূজনঞ্চাপরাজিতাম্॥

আশ্বিনমাসের শুক্লপক্ষের দশমীতে (বিজয়া দশমী) অপরাজিতাদেবীর পূজা করিবে; একাদশীযুক্তা দশমীতে পূজা করিবে না।

অপরাজিতার ধ্যান।—ওঁ শুদ্ধস্ফটিকসংকাশাং চন্দ্রকোটিসুশীতলাম্। বরদাভয়হস্তাঞ্চ শুক্লবস্ত্রৈরলঙ্কৃতাম্॥ নানাভরণসংযুক্তাং চক্রবাকৈশ্চ বেষ্টিতাম্। এবং সঞ্চিন্তয়েন্মন্ত্রী দেবীং তামপরাজিতাম্॥

সর্ব্বমঙ্গলমঙ্গল্যে—মন্ত্রে প্রণাম করিবে।

অথ একাদশী।

সা চ পরযুতা গ্রাহ্যা যুগ্মাৎ।

যুগ্মাদরহেতু পরযুতা একাদশী গ্রাহ্যা, অর্থাৎ উভয়দিনে একাদশী প্রাপ্ত হইলে, যে দিন দ্বাদশীর সহিত যোগ হইবে, সেই দিনেই একাদশীর উপবাসাদি কার্য্য করিতে হইবে।

গৃহস্থো ব্রহ্মচারী চ আহিতাগ্নিস্তথৈব চ।
একাদশ্যাং ন ভুঞ্জীত পক্ষয়োরুভয়োরপি ॥—লিঙ্গপুরাণে।

গৃহস্থ, ব্রহ্মচারী, সাগ্নিক, ইহারা কেহই উভয় পক্ষের একাদশীতে ভোজন করিবে না।

আদিত্যেঽহনি সংক্রান্ত্যামসিতৈকাদশী-দিনে।
ব্যতীপাতে কৃতে শ্রাদ্ধে পুত্রী নোপবসেদ্ গৃহী ॥—ব্রহ্মপুরাণে।

রবিবার, সংক্রান্তি, কৃষ্ণপক্ষের একাদশা, ব্যতীপাত ও শ্রাদ্ধদিবসে পুত্রবান্ গৃহস্থ উপবাস করিবে না।

ব্যতীপাতযোগ।

শ্রবণাশ্বিধনিষ্ঠার্দ্রা-নাগদৈবতমেস্তকে।
যত্তমা রবিবারে চ ব্যতীপাতঃ স উচ্যতে ॥

রবিবারে অমাবস্যা হইলে যদি তাহাতে শ্রবণা, অশ্বিনী, ধনিষ্ঠা, আর্দ্রা, অশ্লেষা অথবা পুনর্ব্বসু নক্ষত্রের যোগ হয়, তাহা হইলে ব্যতীপাতযোগ হইয়া থাকে।

উপবাসে প্রতিপ্রসব।

শয়নীবোধনীমধ্যে যা কৃষ্ণৈকাদশী তিথিঃ।
সৈবোপাস্যা গৃহস্থেন নান্যা কৃষ্ণা কদাচন ॥

শয়নৈকাদশী হইতে বোধন পর্য্যন্ত, যে যে কৃষ্ণপক্ষীয় একাদশীতিথি, তাহাতেই গৃহস্থ উপবাস করিবে। অন্য কৃষ্ণপক্ষের একাদশীতে কদাচ পুত্রবান্ গৃহী উপবাস করিবে না।

বিধবাপক্ষে।—বিধবা যা ভবেন্নারী ভুঞ্জীতৈকাদশীদিনে।
তস্যাস্তু সুকৃতং নশ্যেদ্ভ্রূণহত্যা দিনে দিনে ॥—কাত্যায়নঃ।

যদি কোন বিধবা নারী একাদশীদিতে ভোজন করে, তাহা হইলে সেই

বিধবার পূর্ব্বকৃত পুণ্য বিনাশ পায় এবং দিনে দিনে ভ্রূণহত্যাজনিত পাপ হইয়া থাকে।

বৈষ্ণবপক্ষে।—শুক্লে বা যদি বা কৃষ্ণে বিষ্ণুপূজন-তৎপরঃ। একাদশ্যাং ন ভুঞ্জীত পক্ষয়োরুভয়োরপি॥ যানি কানি চ পাপানি ব্রহ্মহত্যাদিকানি চ। অন্নমাশ্রিত্য তিষ্ঠন্তি সংপ্রাপ্তে হরিবাসরে॥ অঘং স কেবলং ভুঙ্‌ক্তে যো ভুঙ্‌ক্তে হরিবাসরে। তদ্দিনে সর্ব্বপাপানি বসন্ত্যন্নাশ্রিতানি চ॥—

ভবিষ্যপুরাণে।

বিষ্ণুপূজাপরায়ণ ব্যক্তি শুক্ল কৃষ্ণ উভয় পক্ষের মধ্যে কোন একাদশীদিনে ভোজন করিবে না। ব্রহ্মহত্যা প্রভৃতি যে সকল পাপ আছে, একাদশীদিনে সেই সমুদয় পাপই অন্নকে আশ্রয় করিয়া থাকে। অতএব যে ব্যক্তি একাদশীর দিনে অন্ন ভোজন করে, সে কেবল পাপই ভোজন করিয়া থাকে।

একাদশী-ব্রত-কাল-ব্যবস্থা।

পূর্ণাপ্যেকাদশী ত্যাজ্যা দ্বিতীয়ং বর্দ্ধতে যদি।
দ্বাদশ্যাং পারণালাভে পূর্ব্বৈব পরিগৃহ্যতে॥—স্মৃতিঃ।

যদি পূর্ব্বদিনে ষষ্টিদণ্ডাত্মিকা একাদশী হয় এবং পরদিনেও কিছুকাল একাদশী থাকে, তাহা হইলে পূর্ণা—অর্থাৎ ষষ্টিদণ্ডাত্মিকা একাদশী পরিত্যাগ করিয়া পরদিনে উপবাস করিবে। আর যদি দ্বাদশীতে পারণযোগ্য কাল না থাকে, তাহা হইলে পূর্ণা একাদশী গ্রাহ্য হইবে।

একাদশীমুপবসেৎ দ্বাদশীমথবা পুনঃ।
বিমিশ্রাং বাপি কুর্ব্বীত ন দশম্যা যুতাং ক্বচিৎ॥—সৌরধর্ম্মোত্তরে।

যে দিনে সম্পূর্ণ একাদশী থাকে, সেই দিনে অথবা কেবল দ্বাদশীতে কিম্বা যে দিনে কিয়ৎকাল একাদশীর পরে দ্বাদশী হইয়াছে, সেই দিনে একাদশীর উপবাস করিবে, কদাচ দশমীযুক্ত একাদশীতে উপবাস করিবে না।

দশম্যেকাদশী যত্র তত্র নোপবসেদ্বুধঃ।
অপত্যানি বিনশ্যন্তি বিষ্ণুলোকং ন গচ্ছতি॥—বশিষ্ঠঃ।

যে দিন দশমী ও একাদশী যোগ হয়, সেই দিনে উপবাস করিবে না; এইরূপ দশমীযুক্ত একাদশীতে উপবাস করিলে, তাহার অপত্য নষ্ট হয় এবং সে বিষ্ণুলোকগমনে বঞ্চিত হইয়া থাকে।

অরুণোদয়বেলায়াং দশমীসংযুতা যদি।

তত্রোপোষ্যা দ্বাদশী স্যাত্রয়োদশ্যাস্তু পারণম্॥—কণ্বঃ।

যদি অরুণোদয়কালে দশমী ও একাদশীর যোগ হয় তবে দ্বাদশীতে উপবাস করিয়া ত্রয়োদশীতে পারণ করিবে।

একাদশীর পারণ।

প্রাতঃ স্নাত্বা হরিং পূজ্য উপবাসং সমর্পয়েৎ।

পারণন্তু ততঃ কুর্য্যাদ্ব্রতসিদ্ধ্যৈ হরিং স্মরন্॥—কাত্যায়নঃ।

প্রাতঃস্নান করিয়া বিষ্ণুপূজা ও নামজপাদি করিয়া হরিকে উপবাস সমর্পণপূর্ব্বক পুনরায় হরিস্মরণ করতঃ ব্রতসিদ্ধির নিমিত্ত পারণ করিবে। নিত্য-ক্রিয়া সমাধা করিয়া বিষ্ণু-পাদোদক বা একটু জল হাতে লইয়া নিম্নমন্ত্র পাঠপূর্ব্বক পান করিবে।

পারণ মন্ত্র।—ওঁ অজ্ঞানতিমিরান্ধস্য ব্রতেনানেন কেশব।

প্রসীদ সুমুখো নাথ জ্ঞানদৃষ্টি-প্রদো ভব॥

অথ দ্বাদশী।

সা চ একাদশীযুক্তা গ্রাহ্যা যুগ্মাৎ॥

একাদশীর সহিত দ্বাদশীর যুগ্মাদর আছে, অতএব একাদশীযুক্তা দ্বাদশীই গ্রাহ্য—অর্থাৎ উভয়দিনে দ্বাদশীর ক্রিয়াকাল প্রাপ্তি হইলে, যে দিনে একাদশীর সহিত যোগ হইবে, সেই দিনেই দ্বাদশীর কার্য্য করিতে হইবে।

ক্ষৌদ্রং মাংসং সুরাং তৈলং ব্যায়ামং ক্রোধমৈথুনে।

পরান্নং কাংস্য-তাম্বুলে লোভং নির্ম্মাল্যলঙ্ঘনম্॥

দ্বাদশ্যাং দ্বাদশৈতানি বৈষ্ণবঃ পরিবর্জ্জয়েৎ॥—স্কন্দপুরাণে।

একাদশীর পারণদিনে—অর্থাৎ দ্বাদশীতে মধু, মাংস, সুরা, তৈল, ব্যায়াম, ক্রোধ, মৈথুন, পরান্ন, কাংস্যপাত্রে ভোজন, তাম্বুল, লোভ ও নির্ম্মাল্যলঙ্ঘন এই দ্বাদশটী পরিত্যাগ করিবে।

পিপীতকীদ্বাদশী-ব্রত।

বৈশাখে শুক্লপক্ষে তু বৈষ্ণবী দ্বাদশী তিথিঃ।

তস্যাং শীতলতোয়েন স্নাপয়েৎ কেশবং শুচিঃ॥—নারদীয়ে।

বৈশাখমাসের শুক্লপক্ষীয় দ্বাদশীতিথিকে বৈষ্ণবীতিথি বলা যায়, এই তিথিতে শীতল জলদ্বারা নারায়ণকে স্নান করাইবে এবং বিষ্ণুর পূজাদি করিয়া বিধানানুসারে ব্রত করিবে।

এই ব্রত শুদ্ধকালে আরম্ভ করিয়া চারি বৎসরে সমাপ্ত করিতে হয়। প্রথম বৎসরে ভোজ্যসমন্বিত লবণসংযুক্ত শীতলজলপূর্ণ চারিটী কুম্ভ দিতে হয়। দ্বিতীয় বৎসরে শর্করা ও দধিসংযুক্ত আটটী, তৃতীয় বর্ষে তিলের লাড়ুর সহিত দ্বাদশটী এবং চতুর্থ বর্ষে ক্ষীরের লাড়ুর সহিত ষোলটী কলসী দান করিতে হয়। চতুর্থ বৎসরেই ব্রতসমাপ্তির কাল।

পূজাবিধি।—স্বস্তিবাচনাদি করিয়া সঙ্কল্প করিবে।

বিষ্ণুরোম্ তৎসদদ্য বৈশাখে মাসি শুক্লে পক্ষে দ্বাদশ্যান্তিথাবারভ্য অমুক-গোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা (অমুকগোত্রা শ্রীঅমুকীদেবী বা) শ্রীবিষ্ণুপ্রীতিকামো (কামা বা) গণপত্যাদি নানাদেবতাপূজাপূর্ব্বকং ভবিষ্যপুরাণোক্তপিপীতকী-দ্বাদশীব্রতমহং করিষ্যে। (আরব্ধ ব্রত হইলে "তিথাবারভ্য" না বলিয়া "দ্বাদশ্যান্তিথৌ" বলিবে)।

পরে সঙ্কল্পসূক্ত পাঠ করিয়া ব্রত গ্রহণের বার হইলে, হাতযোড় করিয়া পাঠ করিবে;—

ইদং ব্রতং ময়া দেব গৃহীতং পুরতস্তব। নির্ব্বিঘ্নাং সিদ্ধিমাপ্নোতু ত্বৎ-প্রসাদাৎ সুরেশ্বর॥ গৃহীতেঽস্মিন্ ব্রতে দেব যদ্যপূর্ণে হ্যহং ম্রিয়ে। পূর্ণং ভবতু তৎ সর্ব্বং ত্বৎপ্রসাদাৎ সুরেশ্বর॥

পরে সামান্যার্ঘ্য ও আসনশুদ্ধ্যাদি করিয়া গণেশাদি দেবতার পূজাপূর্ব্বক বিষ্ণুপূজা করিবে।

বিষ্ণুর ধ্যান।—বিষ্ণুং শারদচন্দ্রকোটিসদৃশং শঙ্খং রথাঙ্গং গদা মম্ভোজং দধতং সিতাব্জনিলয়ং কান্ত্যা জগন্মোহনম্। আবদ্ধাঙ্গদহারকুণ্ডল-মহামৌলিং স্ফুরৎ-কঙ্কণং শ্রীবৎসাঙ্কমুদারকৌস্তুভধরং বন্দে মুনীন্দ্রৈঃ স্তুতম্॥

পীঠপূজা।—এতে গন্ধপুষ্পে ওঁ বাসুদেবায় নমঃ। (এই ক্রমে) সঙ্কর্ষণায়, প্রদ্যুম্নায়, অনিরুদ্ধায়, শান্ত্যৈ, সরস্বত্যৈ, শ্রিয়ৈ, রত্যৈ, কেশবায়, নারায়ণায়, মাধবায়, গোবিন্দায়, বিষ্ণবে, মধুসূদনায়, ত্রিবিক্রমায়, শ্রীমাধবায়, হৃষীকেশায়, পদ্মনাভায়, দামোদরায়, ইন্দ্রাদিদিক্‌পালেভ্যঃ, বজ্রাদ্যস্ত্রেভ্যঃ।

অনন্তর সভোজ্য জলপূর্ণ ঘট উৎসর্গ করিয়া কথাশ্রবণ ও দক্ষিণান্ত করিয়া অচ্ছিদ্রাবধারণ করিবে।

ব্রতকথা।—শতানীক উবাচ। জলদানস্য মাহাত্ম্যং যত্ত্বয়া কথিতং পুরা। তদহং শ্রোতুমিচ্ছামি পিপীতককথাং শুভাম্॥ শ্রীনারদ উবাচ। পুরা সত্যযুগে বিপ্র পিপীতক ইতি স্মৃতঃ। স্বধর্ম্মমারভন্নিত্যং কালধর্ম্মমুপেযিবান্॥ ততঃ কালেন কিয়তা মৃত্যুং প্রাপ্তোঽথ স দ্বিজঃ। যমদূতৈঃ সমাগত্য নীয়মানো দ্বিজোত্তমঃ॥ দদৃশে বহুলান্ বিপ্রান্ মহানিরয়সংস্থিতান্। অসিপত্রবনে ঘোরে কুম্ভীপাকে চ যান্ স্থিতান্॥ কৃতার্ত্তনাদাংস্তান্ দৃষ্ট্বা বিষাদমগমদ্দ্বিজঃ। ক্ষুৎপিপাসাকুলো ভূত্বা প্রেতরাজবশং গতঃ॥ বভ্রাম নগরং সোঽপি পিপাসাকুলিতেন্দ্রিয়ঃ। অথাপশ্যত্তোয়কুম্ভান্ যমদূতৈঃ স রক্ষিতঃ॥ অশ্বত্থতরুমূলে চ জলকুম্ভান্ সুশীতলান্। সুগন্ধি শীতলং তোয়ং পুণ্যং পিপ্পলসংযুতম্॥ দৃষ্ট্বা তৃষার্ত্তো বিপ্রেন্দ্রো যমস্য কিঙ্করান্ জলম্। পুনর্যযাচে বিপ্রেন্দ্রঃ কিঙ্করৈরভিতাড়িতঃ॥ যমদূত উবাচ। এতে কুম্ভাঃ শীতলাশ্চ বস্ত্রমাল্যসুশোভনাঃ। পুরঃ পশ্য নৃভির্দত্তা বাসিতা গন্ধচন্দনৈঃ॥ রক্ষকা-বহবঃ সন্তি কিঙ্করাঃ শস্ত্রপাণয়ঃ। তস্মাত্তোয়মিদং বিপ্র দুর্লভং ভুবনেষ্বপি॥ অকৃত্বা তদ্‌ব্রতং যস্মাৎ দুষ্প্রাপ্যং ভবতা জলম্। শ্রুত্বা দূতস্য তদ্বাক্যং তৃষয়াকুলিতেন্দ্রিয়ঃ॥ কিঙ্করেভ্যঃ পুনঃ প্রাহ দেহি দেহি জলং কিয়ৎ। প্রার্থয়ানঃ পুনস্তোয়ং যমদূতৈঃ স তাড়িতঃ। তৃষ্ণাতুরঃ সবিপ্রেন্দ্রো নীতো বৈবস্বতালয়ম্॥ যম উবাচ। মা রোদীর্বিপ্র তদ্‌ব্রূহি কা তে পীড়া হৃদি স্থিতা। যযাচে স পুরস্তোয়ং তমূচে ধর্ম্মরাট্ পুনঃ॥ বিপ্রস্য বচনং শ্রুত্বা পুনঃ পৃচ্ছতি সাদরম্। পীড়াং তাং বদ মাং বিপ্র শরীরে চেতনাং কুরু॥ যমস্য বচনং শ্রুত্বা ব্রাহ্মণস্তৃষিতস্তথা। যথা পথি চ যদ্দৃষ্টং সর্ব্বং তস্মৈ ন্যবেদয়ৎ॥ শ্রুত্বা তদ্বচনং রাজা ব্রাহ্মণং প্রত্যভাষত। ত্বয়া তন্ন কৃতং পূর্ব্বং যেনেদং লভ্যতে জলম্॥ যৎ কৃত্বা সুকৃতী মর্ত্ত্যো বিষ্ণুলোকং গতঃ পুরা। বৈষ্ণবং তদ্‌ব্রতং কৃত্বা তৃষয়া নৈব পীড্যতে॥ ব্রাহ্মণ উবাচ। ত্বয়ি প্রসন্নে ভগবন্ন কিঞ্চিদ্দুর্লভং মম। তস্মাত্তোয়-প্রদানেন প্রাণরক্ষাং কুরুষ্ব মে॥ ইত্থঞ্চ করুণং শ্রুত্বা যমঃ প্রীতস্তমাহ বৈ। বৈষ্ণবং তদ্‌ব্রতং বিপ্র কুরু গত্বা নিজালয়ম্॥ বিধানং শৃণু বিপ্রেন্দ্র তব বক্ষ্যামি যত্নতঃ॥ বৈশাখে শুক্লপক্ষস্য দ্বাদশী বৈষ্ণবী তিথিঃ। তস্যাং শীতলতোয়ৈশ্চ স্নাপয়েৎ কেশবং শুচিঃ॥ গন্ধমাল্যৈশ্চ নৈবেদ্যৈর্ধূপদীপৈস্তথোত্তমৈঃ। ভোজ্যৈশ্চ বিবিধৈর্ভক্ষ্যৈস্তাম্বূলৈশ্চ মনোরমৈঃ॥ জপ্ত্বা চ বৈষ্ণবং মন্ত্রং নমস্কৃত্য পুনঃ পুনঃ। দত্ত্বা দ্বিজেভ্যো বিপ্রেন্দ্র কুম্ভান্ ভোজ্যসমন্বিতান্॥ প্রথমে চতুরঃ কুম্ভান্ দত্ত্বাল্লবণসংযুতান্। দ্বিতীয়ে

দ্বষ্টকুম্ভাংশ্চ শর্করাদধিসংযুতান্॥ তৃতীয়ে দ্বাদশান্ কুম্ভান্ তিলমোদক-সংযুতান্। চতুর্থে ষোড়শান্ কুম্ভান্ দুগ্ধমোদকসংযুতান্। ইত্থং সম্পূজ্য দেবেশং দ্বিজেভ্যস্তদনন্তরম্। কাঞ্চনং দক্ষিণাং দত্বাদ্ দ্বিজায় ব্রতকারিণে॥ কৃত্বা চৈতদ্‌ব্রতং শুদ্ধং লভেচ্চ বৈষ্ণবং পদং। যঃ করোতি ব্রতঞ্চৈতত্তৃষয়া নৈব পীড্যতে॥ যমস্থ বচনং শ্রুত্বা গত্বা সোঽথ নিজালয়ম্। চকার দ্বাদশীং পুণ্যাং জগাম বৈষ্ণবং পদম্॥ নারদ উবাচ। পিপীতকীতি বিখ্যাতা ততঃ সা দ্বাদশী ভুবি। তস্মাৎ পিপীতকী নাম দ্বাদশী সুখমোক্ষদা॥ যঃ কুর্য্যাচ্চ নরো ভক্ত্যা নারী বা ব্রতমুত্তমম্॥ পুত্রপৌত্রসমাযুক্তো ধনধান্যসমন্বিতঃ॥ সর্ব্বপাপবিনির্ম্মুক্তঃ প্রয়াতি পরমাং গতিম্॥

ইতি ভবিষ্যপুরাণে নারদশতানীকসংবাদে পিপীতকী-দ্বাদশী-ব্রতকথা সমাপ্তা।

সন্তানদ্বাদশী-ব্রত।

প্রথমতঃ আচমন করিয়া পরে স্বস্তিবাচনপূর্ব্বক "সূর্য্যঃ সোমঃ" ইত্যাদি মন্ত্র পাঠ করিয়া সঙ্কল্প করিবে। যথা—

বিষ্ণুরোম্ তৎসদত্ব মাঘে মাসি শুক্লে পক্ষে দ্বাদশ্যান্তিথৌ অমুকগোত্রা শ্রীঅমুকী দেবী (আরম্ভের বৎসর হইলে—"অদ্যারভ্য বর্ষমেকং যাবৎ প্রতিমাসীয়শুক্লদ্বাদশ্যাং গণপত্যাদিনানাদেবতাপূজা-পলৈকপরিমিত-ঘৃতকরণক-বাসুদেবস্নপন-পলৈকপরিমিত-ঘৃতকরণক-বাসুদেব-সম্প্রদানক-দীপদান ব্রাহ্মণ-সম্প্রদানক-পলৈকপরিমিত-ঘৃতদান-বাসুদেব-পূজা-পূর্ব্বকং" বলিতে হইবে) সু-দুর্ল্লভসন্ততিলাভ-সৌভাগ্যরূপ--সম্পত্তিচন্দ্রার্কাবধিস্বর্গলোকমহিতত্ব---দেবেন্দ্রশচ্যাদি সমত্ব--ভর্ত্তৃদেহ-স্থিতাক্ষয়-বসুলোকগমন--সপ্তদ্বীপপতি--পত্নীত্বলাভপূর্ব্বকবিষ্ণুলোক-গমনকামা মৎস্যপুরাণোক্তসন্তানদ্বাদশী-ব্রতমহং করিষ্যে।

পরে সূক্ত পাঠ পূর্ব্বক কৃতাঞ্জলি হইয়া প্রার্থনা করিবে। (ইদং ব্রত-মিত্যাদি ২২৫ পৃঃ ৩ পঃ দেখ।)

ওঁ বাসুদেবং জগন্নাথং ভাস্করাভং চতুর্ভুজম্।
প্রসন্নবদনং শান্তং সর্ব্বাভীষ্টফলপ্রদম্॥
শঙ্খচক্রগদাপদ্মধারিণং বরদং বিভুম্।
পীতাম্বরপরীধানং স্মেরাস্যং পরিচিন্তয়েৎ॥"

এই ধ্যান করিয়া নিজের মস্তকে পুষ্প দিয়া মানসোপচারে পূজা করিয়া পুনরায় ধ্যান করিয়া আবাহন করিবে।

পরে রজত প্রতিমাকে একপল পরিমিত ঘৃতদ্বারা—

"ওঁ দেবং সনাতনং বিষ্ণুমনন্তমপরাজিতম্।
বরদং সর্ব্বভূতানাং ঘৃতেন স্নাপয়াম্যহম্॥"

এই মন্ত্রে স্নান করাইবে। অভাবে শালগ্রামকে উক্ত মন্ত্র পাঠ করিয়া স্নান করাইবে। পরে ধৌত শুক্লবস্ত্র দ্বারা জল মুছিয়া দিবে।

অনন্তর "এতৎ পাদ্যং ওঁ নমো ভগবতে বাসুদেবায় নমঃ" এই ক্রমে ষোড়শোপচারদ্বারা অভাবে দশোপচারদ্বারা পূজা করিবে।

পরে প্রণাম করিয়া ঘৃতপ্রদীপ উৎসর্গ করিবে।—"ওঁ ঘৃত-প্রদীপায় নমঃ, এতৎ সম্প্রদানায় ওঁ বাসুদেবায় নমঃ" এই বলিয়া গন্ধপুষ্পদ্বারা পূজা করিয়া "ওঁ নির্ব্বাণদোষরহিতং ঘৃতেনার্চ্চিতমুত্তমম্। প্রদীপন্তে প্রযচ্ছামি প্রসীদ পুরুষোত্তম। এষ পলৈকপরিমিত ঘৃতপ্রদীপঃ ওঁ বাসুদেবায় নমঃ" বলিয়া উৎসর্গ করিবে।

পরে বাসুদেবের ষড়ঙ্গ পূজা করিয়া লক্ষ্মীকে ধ্যানপূর্ব্বক পূজা করিবে।

তারপর সরস্বতীকে ধ্যান করিয়া আবাহনপূর্ব্বক পাদ্যাদিদ্বারা পূজা করিবে।

পরে গরুড়াসনকে পূজা করিয়া ব্রাহ্মণকে পলপরিমিত ঘৃত দান করিবে—প্রথমতঃ অর্চ্চনা করিয়া "অদ্যেত্যাদি—অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা বাসুদেব-প্রীতিকামঃ সন্তান-দ্বাদশী-ব্রতাঙ্গীভূতমেতৎ-পলৈকপরিমিতঘৃতং শ্রীবিষ্ণুদৈবত-মর্চ্চিতং ব্রাহ্মণায়াহং সম্প্রদদে।"

পরে ব্রাহ্মণের হস্তে তিল কুশ ও জল দিয়া "ওঁ বিষ্ণো কমলপত্রাক্ষ বসুস্ত্বং পুরুষো দ্বিজঃ। ঘৃতমেতন্ময়া দত্তং গৃহীত্বা তোষমাপ্নুহি॥" এই মন্ত্র পাঠ করিবে।

পরে ভোজ্যোৎসর্গ করিয়া কথাশ্রবণান্তে দক্ষিণা দিবে। অন্যান্য মাসেও এইরূপে ব্রত করিবে।

ব্রত-কথা।—কশ্যপঞ্চ মুনিং প্রাপ্য মহর্ষিং বেদপারগম্। কৃতাঞ্জলি-পুটা ভক্ত্যা দিতির্ব্বাক্যমথাব্রবীৎ॥ দিতিরুবাচ। ব্রতেন কেন দেবেশ সন্ততির্জায়তে স্থিরা। অবধ্যা চ পরেষান্তু তন্মমাচক্ষ্ব সুব্রত॥ কশ্যপ উবাচ। সন্তানদ্বাদশী নাম ব্রতং পরমদুর্ল্লভম্। তস্য করণমাত্রেণ সন্ততির্জায়তে স্থিরা॥ দেবদানবযক্ষাণাং গন্ধর্ব্বাণাং মহৌজসাম্। অবধ্যা চ ভবেদ্দেবি সত্যং সত্যং বদাম্যহম্॥ দিতিরুবাচ। বিধানং কীদৃশং তস্য কিং দানং কস্য পূজনম্। কিয়ৎ কালঞ্চ কর্ত্তব্যং যথাবদ্বক্তুমর্হসি॥ কশ্যপ উবাচ। আরভ্য মাঘমাসস্য দ্বাদশীং শুক্লপক্ষিকাম্। মাসি মাসি সিতে পক্ষে দ্বাদশ্যাং বৈ দিতে হরেঃ॥

নবেদ্যং পায়সং রম্যং ফলপুষ্পং সুশোভনম্। গন্ধপুষ্পং ধূপদীপৌ উপবীতঞ্চ বস্ত্রকম্॥ পলৈকেন ঘৃতেনৈব স্নাপয়েৎ কেশবং প্রভুং॥ ব্রাহ্মণায় পলং দেয়ং পলৈর্দীপং সুশোভনম্॥ ভোজ্যং সদক্ষিণং দদ্যাদ্দ্বিজায় প্রীতিহেতবে॥ অনেন বিধিনা নারী যা করোতি পতিব্রতা। ব্রতানাঞ্চ ব্রতঞ্চৈতদ্ ব্রতস্যা-স্যাব্দিকং শুভম্॥ সন্ততির্জায়তে তস্যা দেবানামপি দুর্ল্লভা। সৌভাগ্যরূপ-সম্পত্তির্ভবত্যেব ন সংশয়ঃ॥ চন্দ্রার্কৌ মেদিনীং যাবৎ স্বর্গলোকে মহীয়তে। ততো দিতির্দেবমাতা চকার ব্রতমুত্তমম্॥ প্রণম্য পুণ্ডরীকাক্ষং শোকপীড়া-বিনাশনম্। প্রসন্নো ভগবান দেবো বাসুদেবো জগৎপতিঃ॥ উবাচ তাং দিতে দেবি গর্ভং ধারয় চোত্তমম্॥ অক্ষয়া সন্ততির্দেবি ভবিষ্যতি তবোদরে॥ দিতিরুবাচ। যদি তুষ্টোঽসি দেবেশ অবধ্যো মম পুত্রকঃ। দেবানাং দানবা-নাঞ্চ প্রসাদাদস্তু তে বিভো॥ ভগবানুবাচ। মাহাত্ম্যাচ্চ ব্রতস্যাস্য ভবত্যেবং বরাননে। অক্ষয়ঞ্চ বসোর্লোকং প্রাপ্স্যসে যৎপ্রসাদতঃ॥ এষ বায়ুর্মহা-ভাগে তব গর্ভে ভবিষ্যতি। শুচির্ভূত্বা বরারোহে যত্নাদেবাস্য ধারণম্। করিষ্যস্যুদরে দেবি নাত্র কার্য্যা বিচারণা॥ ততো দিতির্মহাদেবী বায়ুং গর্ভে চ সন্দধৌ। কুচাগ্রং শ্যামলং তস্যা ধ্রিয়তে চানিলে তথা॥ অথেন্দ্রো দেবদেবেশশ্চিন্তাবিষ্টো মহানভূৎ। সমীরণবরং দৃষ্ট্বা বীরঞ্চ দিতিগর্ভগম্॥ কেনোপায়েন গর্ভস্য নাশনং ক্রিয়তেঽধুনা। অন্যথা পদবীমেব মামকীং যাস্যতি ধ্রুবম্॥ ততো দিতির্মহাদেবী বিনা পাদস্য ধাবনম্। কৃত্বা সুপ্তা চ শয্যায়াং নিদ্রাবিষ্টা বভূব সা॥ ছিদ্রানুসারী দেবেশো গর্ভং তস্যাঃ প্রবিশ্য বৈ। সপ্ত খণ্ডাংশ্চ তং গর্ভং চকার পবিনা তদা॥ ছেদবেদনয়া গর্ভো রুরোদৈব পুনঃ পুনঃ॥ তেনৈবাশনিনা সোঽপি প্রত্যেকং সপ্তখণ্ডশঃ। কৃত্বাপি দেব-রাজোঽসৌ জগাম ভবনং স্বকম্॥ মাহাত্ম্যেনাস্য গর্ভোঽপি খণ্ডখণ্ডীকৃতো-ঽপি চ। পঞ্চাশদ্বায়বো ভূতা একোনা বজ্রপাণিনা॥ এবং যা কুরুতে নারী ব্রতানাং ব্রতমুত্তমম্। সন্ততির্বিহতা তস্যা ন ভবেত্তু কদাচন॥ শচীব পুরুহূতস্য রতীব মদনস্য চ। বিষ্ণোশ্চাপি যথা লক্ষ্মীর্হরস্য পার্ব্বতী যথা। ভর্ত্তুরঙ্কস্থিতা সাধ্বী বিষ্ণুলোকমবাপ্নুয়াৎ। মাসি মাসি সিতে পক্ষে সন্তান-দ্বাদশী শুভা॥ তস্যাং পূজা হরেঃ কার্য্যা বিধিনানেন সুব্রতে। সপ্তদ্বীপপতেঃ পত্নী ভবিষ্যতি ন সংশয়ঃ॥

ইতি মৎস্যপুরাণে বায়োরুৎপত্তিনামক-সন্তানদ্বাদশীব্রতকথা সমাপ্তা।

শয়ন পার্শ্বপরিবর্ত্তন উত্থান ।

শেতে বিষ্ণুঃ সদাষাঢ়ে ভাদ্রে চ পরিবর্ত্ততে ।
কার্ত্তিকে পরিবুধ্যেত শুক্লপক্ষে হরের্দ্দিনে ॥—ইতি মৎস্যপুরাণীয়ে ।

আষাঢ়মাসের শুক্লা দ্বাদশীতে বিষ্ণু শয়ন করেন, ভাদ্রমাসের শুক্লা দ্বাদশীতে হরির পার্শ্বপরিবর্ত্তন এবং কার্ত্তিকমাসের শুক্লপক্ষের দ্বাদশীতে বিষ্ণুর উত্থান হয় ।

নিশি স্বাপো দিবোত্থানং সন্ধ্যায়াং পরিবর্ত্তনম্ ॥—ইতি ভবিষ্যপুরাণম্ ।

নিশিতে শয়ন, দিবাতে উত্থান এবং সন্ধ্যাকালে বিষ্ণুর পার্শ্বপরিবর্ত্তন করিবে ।

শয়নযাত্রা ।

স্বস্তিবাচন করিয়া সঙ্কল্প করিবে,—"অদ্যেত্যাদি আষাঢ়ে মাসি শুক্লে পক্ষে দ্বাদশ্যান্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা চতুর্ব্বর্গফল-প্রাপ্তিকামঃ শয়ন-যাত্রামহং করিষ্যে ।"

সঙ্কল্প সূক্ত পাঠ করিয়া, গণেশাদি দেবতার পূজাপূর্ব্বক একশত পল-পরিমিত পঞ্চামৃত গ্রহণ করতঃ পঞ্চামৃত শোধনের মন্ত্র পাঠ করিয়া তদ্দ্বারা দেবতাকে স্নান করাইবে। তৎপরে কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবে—"ওঁ এহ্যেহি ভগবন্ দেব সর্ব্বলোকৈকজীবন। স্নানার্থং চতুরো মাসান্ গৃহাণ কল্পয়ামি বৈ ।" এই বলিয়া প্রার্থনা করিবে ।

তৎপরে "ওঁ নারায়ণায় নমঃ, ওঁ পশ্যস্ত মেঘান্যপি মেঘশ্যামং হ্যপাগতং সিচ্যমানাং মহীমিমাং। নিদ্রাং ভবান্ গৃহ্নাতু লোকনাথ বর্ষাস্বিমং পশ্যতু মেঘবৃন্দম্ ।" এই মন্ত্রে জলধারা দ্বারা দেবতাকে স্নান করাইয়া ধৌতবাস দ্বারা মুছিয়া আসনে সংস্থাপনপূর্ব্বক অঙ্গন্যাস করন্যাস করিয়া ধ্যান পাঠপূর্ব্বক যথাশক্তি উপচার দ্বারা দেবতার পূজা করিয়া জপ, প্রদক্ষিণ, স্তবপাঠ ও প্রণাম করিবে। তদনন্তর লক্ষ্মী, সরস্বতী ও ইন্দ্রের পূজা করিয়া নিম্নলিখিত দেবতা-দিগকে পঞ্চোপচারে পূজা করিবে। যথা—

ধর্ম্মায় নমঃ। অধর্ম্মায় নমঃ। জ্ঞানায় নমঃ। অজ্ঞানায় নমঃ। ইন্দ্রায় নমঃ। গঙ্গায়ৈ নমঃ। যমুনায়ৈ নমঃ। সরস্বত্যৈ নমঃ। ঐশ্বর্য্যায় নমঃ। বাস্তুপুরুষায় নমঃ। অনন্তায় নমঃ। বরুণায় নমঃ। সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ। সর্ব্বাভ্যো দেবীভ্যো নমঃ। অতঃপর ভোগান্নাদি নিবেদন করিয়া দিবে ।

পুনরায় যথাশক্তি জপ করিয়া "গুহ্যাতি" মন্ত্রে জপ সমর্পণ করতঃ তিনবার পুষ্পাঞ্জলি দিয়া নিম্ন মন্ত্র পাঠ করিয়া দেবতাকে উৎকৃষ্ট শয্যা রচনা করিয়া তাহাতে বামপার্শ্বে শয়ন করাইবে। যে বিগ্রহ শয়ন করান যায় না, সেখানে কেবল মন্ত্র পাঠ করিয়া মনে মনে শয়নের কল্পনা করিবে।

মন্ত্র যথা,—ওঁ ত্বয়ি সুপ্তে জগন্নাথ জগৎ সুপ্তং ভবেদিদম্।
বিবুদ্ধে ত্বয়ি বুধ্যেত জগৎ সর্ব্বং চরাচরম্॥

অনন্তর দক্ষিণান্ত করিয়া অচ্ছিদ্রাবধারণ করিবে।

পার্শ্বপরিবর্ত্তন।

শ্রবণানক্ষত্রযুক্ত ভাদ্রমাসের দ্বাদশীর সন্ধ্যার সময় শ্রীহরির পার্শ্বপরিবর্ত্তন করাইতে হয়। তদভাবে একাদশী, ত্রয়োদশী, চতুর্দ্দশী, পূর্ণিমাতে শ্রবণার মধ্যপাদ যোগে পার্শ্বপরিবর্ত্তন হইয়া থাকে। তদভাবে কেবল দ্বাদশীর সন্ধ্যার সময় হয়।

সন্ধ্যার সময় স্বস্তিবাচনাদি করিয়া গণেশাদি দেবতাগণকে পূজা করতঃ শ্রীনারায়ণ মূর্ত্তিকে জলাশয় সমীপে লইয়া গিয়া যথাসম্ভব উপচারাদি দ্বারা পূজা করিবে। স্থানবিশেষে বা কুলাচার-বিশেষে গৃহেও পূজা হইয়া থাকে।

পূজান্তে জপাদি করিয়া নিম্ন মন্ত্র পাঠপূর্ব্বক দেবতাকে পুষ্পাঞ্জলি দিবে। যথা—ওঁ বাসুদেব জগন্নাথ প্রাপ্তেয়ং দ্বাদশী তব। পার্শ্বেন পরিবর্ত্তস্ব সুখং স্বপিহি মাধব॥ ওঁ ত্বয়ি সুপ্তে জগন্নাথ জগৎ সুপ্তং ভবেদিদম্। বিবুদ্ধে ত্বয়ি বুধ্যেত জগৎ সর্ব্বং চরাচরম্॥

তৎপরে লক্ষ্মী ও সরস্বতীর পূজা করিয়া নিম্ন মন্ত্র পাঠপূর্ব্বক দেবতাকে শয়ন করাইবে। মন্ত্র যথা—

"ওঁ দেবদেব জগন্নাথ যোগিগম্য নিরঞ্জন।
কটাদানং কুরুষ্বাস্ত মাসি ভাদ্রপদে শুভে॥"

অনন্তর নাম সংকীর্ত্তন করিয়া দেবতাকে মন্দিরে আনয়ন, দক্ষিণা দান প্রভৃতি করিবে।

উত্থানযাত্রা

বা

ভগবৎ-প্রবোধন-বিধি।

কার্ত্তিকমাসের শুক্লপক্ষীয়া একাদশীই উত্থান-একাদশী। ঐ একাদশীর পরবর্ত্তী দ্বাদশী তিথি রেবতী নক্ষত্রের অন্ত্যপাদযুক্ত হইলে দিবাভাগে উক্ত দ্বাদশীতে বিষ্ণুর উত্থান হইবে। রেবতী নক্ষত্রের অন্ত্যপাদযোগ রাত্রিকালে ঘটিলে, দিনের তৃতীয়ভাগে অপরাহ্নে রেবতীযুক্ত দ্বাদশীতে উত্থানযাত্রা হইবে। দ্বাদশী দিনে রেবতী নক্ষত্র প্রাপ্ত না হইলে একাদশী হইতে পূর্ণিমার মধ্যে যে কোন তিথি রেবতী নক্ষত্রের অন্ত্যপাদযুক্ত হইবে, তাহাতেই উত্থানকৃত্য হইবে। আর ঐ তিথির মধ্যে কোন তিথিই যদি রেবতীযুক্ত না হয়, তবে দ্বাদশীর সন্ধ্যাকালে উত্থানক্রিয়া সম্পন্ন করিবে।

দেববিগ্রহকেও জলাশয় সমীপে লইয়া গিয়া, প্রথমে স্বস্তিবাচনাদি করিয়া সঙ্কল্প করিবে। "অদ্যেত্যাদি—কার্ত্তিকে মাসি শুক্লে পক্ষে দ্বাদশ্যান্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা চতুর্ব্বর্গফলপ্রাপ্তি-কামঃ ভগবৎপ্রবোধনমহং করিষ্যে॥"

সূক্তাদি পাঠ করিয়া, আসনশুদ্ধ্যাদি করিয়া, গণেশাদি দেবতাগণের পূজা করিয়া অঙ্গন্যাস, করন্যাস ও ভূতশুদ্ধ্যাদি করিয়া দেবতাকে পুষ্পাঞ্জলি দিয়া প্রবোধনার্থ কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবে,—ওঁ ব্রহ্মেন্দ্ররুদ্রাগ্নি-কুবেরসূর্য্য-সোমাদিভির্ব্বন্দিতপাদপদ্ম। বুধ্যস্ব দেবেশ জগন্নিবাস, মন্ত্র-প্রভাবেণ সুখেন দেব॥ ইয়ন্তু দ্বাদশী দেব প্রবোধার্থন্তু নির্ম্মিতা। ত্বয়ৈব সর্ব্বলোকানাং হিতার্থং শেষশায়িনা॥ উত্তিষ্ঠোত্তিষ্ঠ গোবিন্দ ত্যজ নিদ্রাং জগৎপতে। ত্বয়ি সুপ্তে জগৎ সুপ্তমুত্থিতে চোত্থিতং জগৎ॥ গতা মেঘা বিয়চ্চৈব নির্ম্মলং নির্ম্মলা দিশঃ। শারদানি চ পুষ্পাণি গৃহাণ মম কেশব॥ ত্বয়ি সুপ্তে জগন্নাথ জগৎ সুপ্তং ভবেদিদম্। উত্থিতে চেষ্টতে সর্ব্বমুত্তিষ্ঠোত্তিষ্ঠ মাধব॥ (বরাহ পুরাণোক্ত) মহেন্দ্র রুদ্রৈরভিনূয়মানো ভবানৃষির্ব্বন্দিতবন্দনীয়ঃ। প্রাপ্তা তবেয়ং কিল কৌমুদাখ্যা, জাগৃষ্ব জাগৃষ্ব চ লোকনাথ॥ মেঘা গতা নির্ম্মলপূর্ণচন্দ্রঃ শারদ্যপুষ্পাণি চ

লোকনাথ। অহং দদানীতি চ পুণ্যহেতোর্জাগৃষ্ব জাগৃষ্ব চ লোকনাথ॥—পরে "ইদং বিষ্ণু"—ইত্যাদি মন্ত্র পাঠ করিয়া—"ওঁ যোঽসাবদভ্রকরুণো ভগবান্ বিবৃদ্ধ-প্রেমস্মিতেন নয়নাম্বুরুহং বিজৃম্ভন্। উত্থায় বিশ্ববিজয়ায় চ নো বিষাদং মধ্বা গিরাপনয়তাং পুরুষঃ পুরাণঃ॥" পড়িবে।

অনন্তর ধ্যান পাঠপূর্ব্বক যথাশক্তি উপচারে পূজা করিয়া জপাদি করিবে। তদনন্তর প্রণাম করিয়া লক্ষ্মী ও সরস্বতীর পূজা করতঃ দক্ষিণান্ত ও অচ্ছিদ্রাব-ধারণ করিবে।

পরে সঙ্কীর্ত্তনাদি করিয়া দেবতাকে গৃহে লইবে।

শ্রবণা দ্বাদশী।

সা ভাদ্রশুক্লদ্বাদশ্যামেব ভবতি। দ্বাদশী শ্রবণোপেতা সর্ব্বপাপহরা তিথিঃ॥ বুধবারসমাযুক্তা ততঃ শতগুণা ভবেৎ। তামুপোষ্য সমাপ্নোতি দ্বাদশদ্বাদশীফলম্॥ ইতি ভবিষ্যপুরাণম্।

ভাদ্রমাসের শুক্লপক্ষের দ্বাদশীতে শ্রবণানক্ষত্র যুক্ত হইলে, তাহাকে শ্রবণা দ্বাদশী বা বিজয়া দ্বাদশী কহে। ইহাতে উপবাস, বিষ্ণুপূজা প্রভৃতি করিলে অক্ষয় পুণ্য হয়। বুধবারে সমাযুক্ত হইলে সমধিক ফলদায়িনী হইয়া থাকে।

অখণ্ডা দ্বাদশী।

সা চ অগ্রহায়ণশুক্লা দ্বাদশী।

অগ্রহায়ণমাসের শুক্লা দ্বাদশীকে অখণ্ডা দ্বাদশী বলে। এই দিনে উপবাস করিয়া বিষ্ণুপূজা করিলে বিষ্ণুপদ লাভ হইয়া থাকে।

স্বস্তিবাচনাদি করিয়া সঙ্কল্প করিবে। যথা—

বিষ্ণুরোম্ তৎসদদ্য মার্গশীর্ষে মাসি শুক্লে পক্ষে দ্বাদশ্যাস্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা বিষ্ণুপদপ্রাপ্তিকামোঽখণ্ডদ্বাদশ্যাং বিষ্ণুং পূজয়িষ্যে।

পরে পঞ্চগব্যশোধনমন্ত্রে পঞ্চগব্য শোধন করিয়া,—"সহস্রশীর্ষা পুরুষঃ"

মন্ত্রে বিষ্ণুকে স্নান করাইয়া যথাশক্তি উপচারে পূজা করিবে। অনন্তর যব ও ধান্যপূর্ণ পাত্র বিষ্ণুকে নিবেদন করিয়া দিয়া এই মন্ত্র পাঠ করিবে,—

ওঁ সপ্তজন্মসু যৎকিঞ্চিন্ময়া খণ্ডং ব্রতং কৃতম্। ভগবংস্ত্বৎ-প্রসাদেন তদখণ্ড-মিহাস্তু মে ॥ ততোহখিলান্যখণ্ডানি ব্রতানি মম সন্তু বৈ ॥

অতঃপর দক্ষিণা দান করিয়া অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্য সমাধান করিবে।

আমলকী দ্বাদশী।

এই ব্রত মাঘমাসের শুক্লা দ্বাদশীতে আরম্ভ করিয়া প্রতিমাসের শুক্লা দ্বাদশীতে আচমনপূর্ব্বক এক বৎসরে—অর্থাৎ পুনরায় মাঘমাসের শুক্লা দ্বাদশীতে উদ্‌যাপন করিবে। একাদশী দিনে আমলকী ভোজন করিয়া আমলকীযুক্ত হবিষ্যান্ন ভোজন করিবে। রবিবারে আমলকী ভোজন করিতে নাই। ব্রতদিবসে আমলকীযুক্ত জলে বিষ্ণুকে স্নান করাইবে। নৈবেদ্যে আমলকী দিবে এবং পত্রদ্বারা বিষ্ণু ও লক্ষ্মীর অর্চ্চনা করিবে।—

ব্রতবিধান—স্বস্তিবাচনাদি করিয়া সঙ্কল্প করিবে।—

বিষ্ণুর্নমোহদ্য মাঘে মাসি শুক্লে পক্ষে দ্বাদশ্যাস্তিথাবারভ্য সংবৎসরং যাবৎ প্রতিমাসীয় শুক্লদ্বাদশ্যাং তিথৌ অমুকগোত্রা শ্রীঅমুকী দেবী পুত্রপৌত্রাদ্যনব-চ্ছিন্নসন্ততি-ধন-ধান্য-সৌভাগ্যাদিপ্রাপ্ত্যন্তে বিষ্ণুলোক-প্রাপ্তিকামা গণপত্যাদি-নানাদেবতা--পূজাপূর্ব্বক-সলক্ষ্মীক--বিষ্ণুপূজামলকীযুক্তভোজ্যদান—কথাশ্রবণরূপ-ব্রহ্মপুরাণোক্ত-বিধিনামলকীদ্বাদশী-ব্রতমহং করিষ্যে।

সঙ্কল্লান্তে সূক্ত পাঠ করিয়া নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবে। যথা,—

গৃহীতেহস্মিন্ ব্রতে দেব যদ্যপূর্ণে ত্বহং ম্রিয়ে। পূর্ণং ভবতু তৎসর্ব্বং প্রসন্নে ত্বয়ি কেশব ॥

তৎপরে সামান্যার্ঘ্য, আসনশুদ্ধ্যাদি করিয়া গণেশাদিদেবতাদিগকে পূজা করিয়া, "সহস্রশীর্ষা পুরুষঃ"—মন্ত্রে আমলকীযুক্তজলে নারায়ণকে স্নান করাইয়া পূজা করিবে।

ধ্যান।—ওঁ বিষ্ণুং চতুর্ভুজং শঙ্খচক্র-গদা-পদ্মহস্তং গরুড়ারূঢ়ং লক্ষ্মীসরস্বতী-যুতোভয়পার্শ্বং নানালঙ্কারভূষিতং পীতাম্বরধরং শ্বেতযজ্ঞোপবীতিনং পদ্মনেত্রং গললম্বিতবনমালং প্রসন্নবদনং।

পীঠপূজা।—এতে গন্ধপুষ্পে ওঁ নারায়ণায় নমঃ (এই ক্রমে)—কেশবায়,

লক্ষ্যৈ, সরস্বত্যৈ, অনন্তায়, কূর্ম্মায়, বিষ্ণবে, গোবিন্দায়, বাসুদেবায়, কৃষ্ণায়, শিবায়, গঙ্গায়ৈ, যমুনায়ৈ, মৎস্যাদিদশাবতারেভ্যঃ, সর্ব্বেভ্যো দেবেভ্যঃ, সর্ব্বাভ্যো দেবীভ্যঃ।

অনন্তর লক্ষ্মীর ধ্যান করিবে। যথা—

লক্ষ্মীর ধ্যান।—ওঁ লক্ষ্মীং ষোড়শবর্ষীয়াং দ্বিভুজাং শ্বেতপদ্মোপরিস্থিতাম্। নানালঙ্কারভূষিতাং রূপযৌবনসম্পন্নাম্॥

অনন্তর সরস্বতী পূজা করিয়া আমলকীযুক্তভোজ্য ও কলসী দান করিয়া কথাশ্রবণানন্তর দক্ষিণা দিবে।

অথ কথা।—ব্রহ্মাণং প্রতি যুধিষ্ঠির উবাচ। অনায়াসেন যৎ পুণ্যং তন্মে ব্রূহি জগৎপতে। তদহং শ্রোতুমিচ্ছামি ব্রতানাং ব্রতমুত্তমম্॥ অনেক-দুষ্কৃতঞ্চৈব সঞ্চিতঞ্চ যুগে যুগে। কেনোপায়েন তদ্ ব্রহ্মন্ নরাণাং পাপনাশনম্॥ ব্রহ্মোবাচ। শৃণু ত্বং হি মহাভাগ কুন্তীপুত্র যুধিষ্ঠির। তদহং কথয়িষ্যামি যেন লোকো দিবং ব্রজেৎ। এতৎ পরতরং গুহ্যং শিবেন কথিতং পুরা। ধর্ম্মপুত্র কুলশ্রেষ্ঠ শৃণু ত্বং পুণ্যমুত্তমম্॥ নরাণামুপকারার্থং ত্বয়া পৃষ্টো বদাম্যহম্। আমলকীদ্বাদশ্যাখ্যং ব্রতমস্তি মনোরমম্॥ বিধানং তস্য বক্ষ্যামি শৃণুষ্ব সুসমাহিতঃ। মাঘে মাসি সিতে পক্ষে দ্বাদশী বৈষ্ণবী তিথিঃ॥ তত্রারভ্য ব্রতং কার্য্যমব্দমেকং যুধিষ্ঠির। একাদশীদিনে মর্ত্ত্যো ধাত্রীভোজনমাচরেৎ॥ নিরামিষান্নৈঃ সংযম্য দশম্যাং তৎপরায়ণঃ। শুভে কালে চ শুক্লায়াং দ্বাদশ্যাং কেশবস্য বৈ॥ ব্রতমারভ্য যত্নেন ভক্ত্যা সংবৎসরং চরেৎ। প্রাতস্তস্মিন্ দিনে স্নাত্বা নিত্যকর্ম্ম সমাচরেৎ॥ সঙ্কল্প্যামলকীবৃক্ষতলে বিষ্ণুং প্রপূজয়েৎ। যথাশক্ত্যা সমভ্যর্চ্চ্য ধাত্রীঞ্চাপি সভোজ্যকম্॥ ধাত্রীযুতং তোয়কুম্ভং দত্ত্বা বিপ্রায় ভক্তিতঃ। প্রণম্য জগতামীশং শৃণুয়াচ্চ কথামিমাম্॥ ধাত্রীযুক্তং শুদ্ধমন্নং ততো ভুক্ত্বা দিবং ব্রজেৎ। এবং সংবৎসরং কৃত্বা দ্বাদশ্যাং শুক্লপক্ষকে॥ ব্রতং যঃ শুদ্ধভাবেন শাস্ত্রং দৃষ্ট্বা প্রতিষ্ঠয়েৎ। সর্ব্বপাপবিনির্ম্মুক্তো বিষ্ণু-লোকং ব্রজেত্তু সঃ॥ ধাত্রীস্নানেন যৎ পুণ্যং তৎ শৃণুষ্ব যুধিষ্ঠির। এবং সংবৎসরং যাবৎ ক্রিয়তে হরিবাসরম্॥ তস্য পুণ্যসমং পুণ্যং ধাত্রীস্নানেন বৈ যতঃ। রবের্দ্দিনং পরিত্যজ্য ধাত্রীস্নানং সমাচরেৎ॥ ধাত্রীঞ্চ শিরসা ধৃত্বা স্নানার্থং যদি গচ্ছতি। পদে পদেঽশ্বমেধস্য ফলমেতি যুধিষ্ঠির॥ গঙ্গায়াং গোসহস্রস্য সম্যগ্ দানেন যৎফলম্। তৎফলং সমবাপ্নোতি ধাত্রীদানেন সর্ব্বদা॥ শিব-লিঙ্গানি কোটীনি গঙ্গায়ামপি পূজনে। অতোঽধিকং ফলং চৈব ধাত্রীস্নানেন

সর্ব্বদা॥ সংযমে পারণে চৈব সংপ্রাপ্তে হরিবাসরে। কেবলং ভক্ষয়েদ্ধাত্রীং মুক্তিস্তস্য করে স্থিতা॥ ধাত্রীবৃক্ষং সমারোপ্য বিষ্ণুতুল্যো ভবেন্নরঃ। সংপ্রাপ্নুয়াৎ ফলং শ্রেষ্ঠং স্বর্গে চ গমনং ততঃ॥ পথিকো যায়মানস্তু ধাত্রীচ্ছায়ামুপস্থিতঃ। তেনার্চ্চিতানি কৌন্তেয় কোটিলিঙ্গানি সর্ব্বশঃ॥ ধাত্রীবৃক্ষতলে চৈব সদা তিষ্ঠতি শঙ্করঃ। ধন্যা ত্বং বসুধে ভদ্রে ধাত্রীধারণতৎপরা॥ ধাত্রীফলঞ্চ পত্রঞ্চ যো দদ্যাদ্বনমালিনে। কুলকোটীঃ সমুদ্ধৃত্য মোদতে হরিমন্দিরে॥ ধাত্রীবৃক্ষতলে স্নানং নরো বৈ কুরুতে যদি। অশ্বমেধঃ কৃতস্তেন সত্যমেব যুধিষ্ঠির॥ যস্য পত্রৈঃ ফলৈশ্চৈব পরিতুষ্টো জনার্দ্দনঃ। তুষ্টোঽভবন্নীলকণ্ঠো ধাত্রীবৃক্ষস্য দর্শনাৎ॥ পারিজাতো মহাবৃক্ষো ন ভূতো ন ভবিষ্যতি। ধাত্রীবৃক্ষশ্চ কৌন্তেয় পুরা দেবৈর্বিনির্ম্মিতঃ॥ যো দদাতি তদশ্নাতি ধাত্রীফলমনুত্তমম্। স্বয়ঞ্চ কৃতকৃত্যশ্চ কিমত্র শাসতে মহীম্। চান্দ্রায়ণসহস্রাণি রাজসূয়শতানি চ। তত্তুল্যং ফলমাপ্নোতি ধাত্রীস্নানপরায়ণঃ॥ একাদশীদিনে রাজন্ ধাত্রীবৃক্ষসমীপতঃ। কৃত্বোপবাসং যত্নেন যেন বিষ্ণুঃ প্রপূজিতঃ॥ সর্ব্বপাপবিনির্ম্মুক্তঃ স যাতি পরমাং গতিম্। একতঃ সর্ব্বতীর্থানি স্নানদানাদিকন্তথা॥ ততোঽধিকং ভবেৎ পুণ্যং ধাত্র্যা শঙ্করপূজনাৎ। ধাত্রীবৃক্ষং সমাসাদ্য সার্দ্ধহস্তশতত্রয়ম্॥ মুক্তিক্ষেত্রং বিজানীয়ান্নাত্র কার্য্যা বিচারণা। প্রয়াগে পুষ্করে চৈব গঙ্গাসাগরসঙ্গমে॥ স্নাত্বা যৎফলমাপ্নোতি ধাত্রীস্নানেন তৎফলম্। মনসা চিন্তিতো যেন ধাত্রীবৃক্ষো যুধিষ্ঠির॥ তস্য দূরতরং পাপং সিংহং দৃষ্ট্বা যথা মৃগঃ। দুষ্কৃতং বিস্তরং কৃত্বা ধাত্রীস্পর্শাদ্বিমুচ্যতে॥ ধাত্রীফলঞ্চ পত্রঞ্চ পিতৃশ্রাদ্ধে প্রযচ্ছতি। তৃপ্তাস্তু পিতরো যান্তি ব্রহ্মলোকমনাময়ম্॥ পিতৃশ্রাদ্ধদিনে রাজন্ ফলং ধাত্র্যাঃ প্রযচ্ছতি। তেন দত্তা ব্রাহ্মণায় সপ্তদ্বীপা বসুন্ধরা॥ শুভদা বরদা ধাত্রী ফলদা মুক্তিদায়িকা। দ্বাদশ্যাং দীয়তে ধাত্রী ব্রহ্মহত্যাং ব্যপোহতি॥ ধাত্রীফলৈঃ কৃতস্নানা বন্ধমোচনহেতুনা। তে যান্তি রথমারূঢ়া যত্র তিষ্ঠতি শঙ্করঃ॥ একতঃ সর্ব্বতীর্থানি যত্র ধাত্রী প্রদীয়তে। বিমুক্তিঃ সর্ব্বপাপেভ্যঃ স্বর্গে চ গমনন্ততঃ॥ যঃ করোতি মহারাজ ধাত্রীবৃক্ষস্য রোপণম্। স যাতি শিবসান্নিধ্যং মানবো নাত্র সংশয়ঃ॥ দ্বাদশ্যাং দুর্লভা ধাত্রী স্নানঞ্চৈব বিশেষতঃ। তত্রৈব বিদ্যতে ধাত্রী তত্র তিষ্ঠতি শঙ্করঃ॥ ধাত্রীফলং ভক্ষয়েদ্‌যো গেহে ভক্তিসমন্বিতঃ। যাবন্তি পুণ্যতীর্থানি তত্র নিত্যং বসন্তি বৈ॥ শিবলিঙ্গং সকৃদ্ভক্ত্যা ধাত্রীপত্রৈঃ প্রপূজয়েৎ। বিমুক্তঃ সর্ব্বপাপেভ্যো নাত্র কার্য্যা বিচারণা॥ ধাত্রীতরুতলে স্থিত্বা দেহত্যাগং করোতি

যঃ। দিব্যবিমানমারূঢ়ঃ স যাতি পরমাং গতিম্॥ সংক্ষেপেণ ময়া খ্যাতং বহুনা কিং প্রয়োজনম্। নাস্তি ধাত্রীসমো বৃক্ষো দেবানামপি গোচরঃ॥ পৃথিব্যাং মানবা যে চ ধাত্রীসেবাপরায়ণাঃ। তে সর্ব্বে জ্ঞানিনঃ খ্যাতাঃ পুণ্যাশ্চ ভুবনত্রয়ে॥

ইতি ব্রহ্মপুরাণোক্তামলকীদ্বাদশী-ব্রতকথা সমাপ্তা।

ষট্‌তিলাচরণ।

মৃগশীর্ষে শশধরে মাঘে মাসি প্রজাপতে।
একাদশ্যাং সিতে পক্ষে সোপবাসো জিতেন্দ্রিয়ঃ।
দ্বাদশ্যাং ষট্‌তিলাচারং কৃত্বা পাপাৎ প্রমুচ্যতে॥—ইতি বিষ্ণুধর্ম্মোত্তরে।

ভৈমী একাদশীর পর দ্বাদশীতে ষট্‌তিলাচরণ করিবে। মৃগশিরা নক্ষত্রে চন্দ্রের অবস্থানকালে মাঘ মাসের শুক্লপক্ষীয় একাদশীতে উপবাস করিয়া সংযমী হইয়া থাকিবে এবং পরদিন দ্বাদশীতে ষট্‌তিলাচরণ করিবে। এইরূপ করিলে সর্ব্বপাপ হইতে মুক্ত হইতে পারে।

তিলস্নায়ী তিলোদ্বর্ত্তী তিলহোমী তিলোদকী। তিলস্য দাতা ভোক্তা চ ষট্‌তিলী নাবসীদতি॥ সকৃত্তু ষট্‌তিলী ভূত্বা সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে। ত্রিংশদ্বর্ষসহস্রাণি স্বর্গলোকে মহীয়তে॥

তিলস্নান, তিলোদ্বর্ত্তন, তিলোদকপান, তিলহোম, তিলদান ও তিলভোজন। ইহারই নাম ষট্‌তিল। ইহা করিলে সর্ব্বপাপ হইতে মুক্ত হইয়া মানুষ ত্রিংশৎসহস্র বর্ষ স্বর্গলোকে বাস করিতে পারে।

গোবিন্দদ্বাদশী।

ফাল্গুনে শুক্লপক্ষস্য পুষ্যর্ক্ষে দ্বাদশী যদি।
গোবিন্দদ্বাদশী নাম মহাপাতকনাশিনী॥

ফাল্গুনমাসের শুক্লপক্ষের দ্বাদশী পুষ্যানক্ষত্রযুক্ত হইলে তাহাকে গোবিন্দদ্বাদশী বলে। এই দিনে স্নানদানে মহাপুণ্য হয়। গোবিন্দদ্বাদশীতে গঙ্গাস্নান করিলে শতজন্মার্জ্জিত পাতক বিনষ্ট হয়।

সঙ্কল্প—বিষ্ণুরোম্ তৎসদদ্য ফাল্গুনে মাসি শুক্লে পক্ষে পুষ্যানক্ষত্রযুক্ত-

দ্বাদশ্যান্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা (অমুকগোত্রা শ্রীঅমুকী দেবী বা) শতজন্মার্জ্জিতপাতকক্ষয়কামো (কামা বা) গঙ্গায়াং স্নানমহং করিষ্যে।

গঙ্গাস্নানের বিশেষ মন্ত্র।—মহাপাতকসংজ্ঞানি যানি পাপানি সন্তি মে। গোবিন্দদ্বাদশীং প্রাপ্য তানি মে হর জাহ্নবি।

অথ ত্রয়োদশী।

সা চ শুক্লা দ্বাদশীযুতা, কৃষ্ণা চ পরযুতা গ্রাহ্যা।—ত্রয়োদশী শুক্লপক্ষে দ্বাদশীযুক্তা এবং কৃষ্ণপক্ষে চতুর্দ্দশীযুক্তা গ্রাহ্যা।

মঘা-ত্রয়োদশী।

প্রোষ্ঠপদ্যামতীতায়াং মঘাযুক্তাং ত্রয়োদশীম্॥
প্রাপ্য শ্রাদ্ধং হি কর্ত্তব্যং মধুনা পায়সেন চ॥ শঙ্খঃ।

ভাদ্রমাসের কৃষ্ণপক্ষের ত্রয়োদশী যদি মঘানক্ষত্রযুক্ত হয়, তবে তাহাকে মঘাত্রয়োদশী বলে। ইহাতে মধু ও পায়সদ্বারা পিতৃলোকের শ্রাদ্ধ করিবে। (শ্রাদ্ধকাণ্ড দেখ)।

———

গজচ্ছায়াযোগ।

কৃষ্ণপক্ষে ত্রয়োদশ্যাং মঘাস্বিন্দুঃ করে রবিঃ। যদা তদা গজচ্ছায়া শ্রাদ্ধে পুণ্যৈরবাপ্যতে॥ ইতি কৃত্যচিন্তামণিধৃত-স্মৃতিঃ।

হস্তানক্ষত্রে রবির অবস্থান কালে * যদি কৃষ্ণপক্ষের ত্রয়োদশীতে মঘা-নক্ষত্রের যোগ হয়, তবে তাহাকে গজচ্ছায়াযোগ বলে। ইহাতে শ্রাদ্ধ, স্নান, দান প্রভৃতি সমধিক ফলদায়ী হয়।

বারুণী।

সা চ শতভিষানক্ষত্রযুক্তচৈত্রকৃষ্ণা ত্রয়োদশী।

বারুণেন সমাযুক্তা মধৌ কৃষ্ণা ত্রয়োদশী। গঙ্গায়াং যদি লভ্যেত সূর্য্যগ্রহ-শতৈঃ সমা॥ শনিবারসমাযুক্তা সা মহাবারুণী স্মৃতা। গঙ্গায়াং যদি লভ্যেত কোটিসূর্য্যগ্রহৈঃ সমা॥ শুভযোগসমাযুক্তা শনৌ শতভিষা যদি। মহামহেতি বিখ্যাতা ত্রিকোটিকুলমুদ্ধরেৎ॥—ইতি স্কন্দপুরাণম্।

* আশ্বিন মাসের দশদিন হইতে ত্রয়োবিংশতি দিবস পর্য্যন্ত হস্তানক্ষত্রে রবি থাকেন

শতভিষানক্ষত্রযুক্ত চৈত্রমাসের কৃষ্ণপক্ষীয় ত্রয়োদশীকে বারুণী ত্রয়োদশী বলে। সূর্য্যগ্রহণকালীন গঙ্গাস্নান করিলে যেরূপ ফল লাভ হয়, বারুণীতে গঙ্গাস্নান করিলে তদ্রূপ ফল হইয়া থাকে।

যদি শনিবারে উক্ত বারুণী ত্রয়োদশী হয়, তাহা হইলে তাহাকে মহাবারুণী বলে। মহাবারুণীতে গঙ্গাস্নান করিলে, কোটিসূর্য্যগ্রহণকালীন গঙ্গাস্নানজন্য সুকৃতি লাভ হয়। উক্ত মহাবারুণী শুভযোগসমন্বিত হইলে মহামহাবারুণী হয়। এই মহামহাবারুণীতে গঙ্গাস্নান করিলে ত্রিকোটি কুল উদ্ধার হয়।

বারুণীস্নান।—প্রথমে আচমন করিয়া "কুরুক্ষেত্রং" মন্ত্র পাঠ করিবে। পরে সঙ্কল্প করিবে। যথা—বিষ্ণুরোম্ তৎসদস্ত চৈত্রে মাসি কৃষ্ণে পক্ষে শতভিষা-নক্ষত্রযুক্তত্রয়োদশ্যাস্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা বহুশতসূর্য্যগ্রহণ-কালীন-গঙ্গাস্নানজন্য-ফলসম-ফল-প্রাপ্তিকামো গঙ্গায়াং স্নানমহং করিষ্যে।

মহাবারুণী সঙ্কল্প।—বিষ্ণুরোমস্ত চৈত্রে মাসি কৃষ্ণে পক্ষে শনিবারাধি-করণক-শতভিষানক্ষত্রযুক্তত্রয়োদশ্যাস্তিথৌ মহাবারুণ্যাং অমুকগোত্রঃ শ্রীঅমুক-দেবশর্ম্মা বহুকোটিসূর্য্যগ্রহণকালীন গঙ্গাস্নানজন্যফলসম-ফলপ্রাপ্তিকামো গঙ্গায়াং স্নানমহং করিষ্যে।

মহামহাবারুণী-সঙ্কল্প।—বিষ্ণুরোমদ্য চৈত্রে মাসি কৃষ্ণে পক্ষে শনিবারা-ধিকরণক-শুভযোগ-শতভিষানক্ষত্রযুক্তত্রয়োদশ্যাস্তিথৌ মহামহাবারুণ্যাং অমুক-গোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা ত্রিকোটিকুলোদ্ধারণকামো গঙ্গায়াং স্নানমহং করিষ্যে।

অনন্তর পূজা, স্তব ও প্রণাম করিবে।

মদনত্রয়োদশী।

সা চ চৈত্রশুক্লা ত্রয়োদশী। তত্র মদনস্য ব্রতং কর্ত্তব্যম্॥

চৈত্রমাসের শুক্লপক্ষের ত্রয়োদশীকে মদনত্রয়োদশী বলে—এই দিন মদনদেবের পূজাদি করিবে।

মদনের ধ্যান।—"ওঁ চাপেষুধৃক্ কামদেবো রূপবান্ বিশ্বমোহনঃ।
ধ্যেয়ো বসন্তসহিতো রত্যালিঙ্গিতবিগ্রহঃ।"

অনন্তর যথাশক্তি পূজাদি করিয়া স্তব পাঠ করিবে।

মদনস্তব।

পুষ্পধন্বন্ নমস্তেঽস্তু নমস্তে মীনকেতন। মুনীনাং লোকপালানাং ধৈর্য্যচ্যুতিকৃতে নমঃ॥ মাধবাত্মজ কন্দর্প শম্বরারে রতিপ্রিয়। নমস্তুভ্যং জিতাশেষ-ভুবনায় মনোভুবে॥ আধয়ো মম নশ্যন্তু ব্যাধয়শ্চ শরীরজাঃ। সম্পাদ্যতামভীষ্টং মে সম্পদঃ সন্তু মে স্থিরাঃ॥ নমো মারায় কামায় দেব-দেবস্য মূর্ত্তয়ে॥ ব্রহ্মবিষ্ণুশিবেন্দ্রাণাং মনঃক্ষোভকরায় চ॥ এবং যঃ কুরুতে পূজামনঙ্গস্য মহাত্মনঃ। ভবন্তি নাপদস্তস্য তস্মিন্নব্দে কদাচন॥

অনন্তর রতিদেবীর পূজা করিয়া অশোকপুষ্প দান করিবে।

অথ চতুর্দ্দশী।

সা চ শুক্লা পূর্ণিমাযুতা গ্রাহ্যা যুগ্মাৎ, কৃষ্ণা তু পূর্ব্বযুতা।—ইতি স্মার্ত্তঃ।

শুক্লপক্ষের চতুর্দ্দশী পূর্ণিমাযুক্তা এবং কৃষ্ণপক্ষের চতুর্দ্দশী ত্রয়োদশীযুক্তা গ্রহণ করিবে, অর্থাৎ উভয়দিনে চতুর্দ্দশীর ক্রিয়াকাল লাভ হইলে, যে দিনে পূর্ণিমার সহিত চতুর্দ্দশীর যোগ হইবে, শুক্লপক্ষের চতুর্দ্দশীর কার্য্য সেই দিনে এবং কৃষ্ণপক্ষের চতুর্দ্দশীর কার্য্য ত্রয়োদশীযুক্ত দিনে করিবে।

উমামহেশ্বর-ব্রত।

বৈধব্যদোষনাশজন্য এই উমামহেশ্বর-ব্রত করিবে। ইহাকে ভৃগুভারতীয় বৈধব্যদোষশান্তিকারক ব্রত বলে। তিনতোলা, দুইতোলা বা দেড়তোলা পরিমিত সুবর্ণের দ্বারা মিলিত উমা-মহেশ্বরের প্রতিমা নির্ম্মাণ করিবে। ব্যাঘ্রচর্ম্মের উপরে স্থাপিত শ্বেত বস্ত্রের আসন, তদুপরি রজতবৃষের স্কন্ধে প্রতিমা স্থাপন করিয়া পূজা করিবে। সমস্ত দিবস উপবাসী থাকিয়া,—সায়ং সময়ে পূজা ও হোমাদি করিতে হয়। তৎপরদিবস স্নানাদি করতঃ কথাশ্রবণ করিয়া বেদবিদ্ ব্রাহ্মণকে ঐ প্রতিমা দান ও দক্ষিণান্ত করিয়া পারণ করিতে হয়। একবারমাত্র অনুষ্ঠিত এই ব্রতে বৈধব্যদোষ বিনষ্ট হইয়া থাকে।

ব্রতবিধান। সন্ধ্যাকালে স্বস্তিবাচন করিয়া সঙ্কল্প করিবে।

বিষ্ণুর্নমোঽদ্য বৈশাখে মাসি শুক্লে পক্ষে চতুর্দ্দশ্যাস্তিথৌ অমুকগোত্রা শ্রীঅমুকীদেবী বৈধব্যদোষসূচিতজন্মান্তরীণ-তত্তৎপাপক্ষয়কামা যথোক্তবিধিনা উমামহেশ্বরব্রতমহং করিষ্যে।

অনন্তর পুরোহিত সঙ্কল্পসূক্তাদি পাঠ করিলে, বরণ করিতে হয়। বরণের সাধারণ মন্ত্রাদি সমস্তই এক প্রকার (৮৭ পৃঃ ১৬ পঃ দেখ)।

তৎপরে পূজক সামান্যার্ঘ্য, আসনশুদ্ধি, ভূতশুদ্ধি ও ন্যাসাদি করিয়া ধ্যানপাঠানন্তর পূজা করিবে। ধ্যান যথা—

"ধ্যায়েন্নিত্যং মহেশং"—ইত্যাদিক্রমে ধ্যান করিয়া "নমঃ শিবায় নমঃ" মন্ত্রে ষোড়শোপচারে শিবের পূজা, পঞ্চবার পুষ্পাঞ্জলি প্রদান করতঃ আবরণ পূজা করিবে।

"এতে গন্ধপুষ্পে ওঁ ঈশানায় নমঃ" (এই ক্রমে) তৎপুরুষায়, অঘোরায়, বামদেবায়, সদ্যোজাতায়, নিবৃত্ত্যৈ, সুপ্রতিষ্ঠায়ৈ, বিদ্যায়ৈ, শান্ত্যৈ, হৃদয়ায় নমঃ, শিরসে স্বাহা, শিখায়ৈ বষট্, কবচায় হুং, নেত্রত্রয়ায় বৌষট্।

অনন্তর নিম্নলিখিত দেবতাগণের পঞ্চোপচারে পূজা করিবে। যথা—

অনবস্থায়, সূক্ষ্মায়, শিবোত্তমায়, একনেত্রায়, একরুদ্রায়, ত্রিমূর্ত্তয়ে, শ্রীকণ্ঠায়, শিখণ্ডিনে, উমায়ৈ, চণ্ডেশ্বরায়, নন্দিন্যৈ, মহাকালায়, গণেশায়, বৃষায়, ভৃঙ্গিরিটয়ে, স্কন্দায়, ইন্দ্রাদিভ্যঃ, রুদ্রাদিভ্যঃ।

অনন্তর ন্যাসাদি করিয়া গৌরীর ধ্যান করিয়া "হ্রীং গৌর্য্যৈ নমঃ" এই মন্ত্রে গৌরীর পূজা করিবে।

গৌরীধ্যান।—ওঁ হেমাভাং বিভ্রতীং দোর্ভির্দর্পণাঞ্জনসাধনে। পাশাঙ্কুশৌ সর্ব্বভূষাং তাং গৌরীং সর্ব্বদা ভজে॥

আবরণ পূজা।—"হুং হৃদয়ায় নমঃ" এই ক্রমে ষড়ঙ্গের পূজা করিয়া—ওঁ সুলভায়ৈ নমঃ, ললিতকায়ৈ, কামিষ্ঠে, কামমালিন্যৈ, পাশায়, অঙ্কুশায়, দর্পণায়, অঞ্জনশলাকায়ৈ। ইহাদিগের পূজা করিবে।

হোম।—হোতা স্বগৃহ্যোক্তক্রমে বরদ নামক বহ্নিস্থাপনপূর্ব্বক (হোমপ্রকরণ দেখ) বিরূপাক্ষজপান্ত কুশণ্ডিকা করিয়া প্রকৃত কর্ম্মারম্ভে মহাব্যাহৃতি হোম করিবে। পরে সঙ্কল্পবাক্য পাঠানন্তর—

"ওঁ ত্র্যম্বকং যজামহে সুগন্ধিং পুষ্টিবর্দ্ধনম্। উর্ব্বারুকমিব বন্ধনান্মৃত্যোর্ম্মুক্ষীয় মা মৃতাৎ স্বাহা"।

এই মন্ত্রে অষ্টোত্তরশতসংখ্যক ঘৃতমিশ্রিত বিল্বপত্রে শিবের হোম করিবে। তৎপরে পুনরায় সঙ্কল্প করিয়া নিম্নোক্ত মন্ত্রে ঘৃতমিশ্রিত অষ্টোত্তরশতসংখ্যক

পচিতৈর্দোষৈর্বাল্যে বৈধব্যমাগতা॥ বৈদেহী তদ্বচঃ শ্রুত্বা পুনঃ প্রশ্নমুদীরয়েৎ। সীতোবাচ। কিমযুক্তং কৃতং দেবি যাতীদং কদনোদয়ম্। বিপাকং কর্ম্মণস্তস্য কথয়স্ব মহামতে॥ অনসূয়োবাচ। পুরা বিপ্রকুলে জাতা সর্ব্বাবয়বসুন্দরী। বিরূপং স্বামিনং চৈব দৃষ্ট্বা যৌবনগর্ব্বিতা॥ দিবা নিন্দতি দুর্ব্বাক্যৈঃ শয্যাং ন ভজতে নিশি। তেন দোষেণ ভো দেবি বৈধব্যমুদপাদি চ॥ আজ্ঞপ্তা স্বামিনা যা চ স্বামিনং ত্যজতে নিশি। সাপি বৈধব্যমাপ্নোতি দারিদ্র্যং যাবমন্যতে॥ অস্য দোষস্য পাকোঽয়ং বাল্যে বৈধব্যমাগতা। শ্রুত্বা কষ্টসমাবিষ্টা সীতা বচনমব্রবীৎ॥ সীতোবাচ। যেনোপায়েন ভোদেবি বৈধব্যং নহি যোষিতাম্। স্বল্পভাবেন বৈ কাপি তত্ত্বতো বদ সুব্রতে॥ বৈদেহীবচনং শ্রুত্বা সানসূয়া বিচিন্ত্য চ। গত্বা পুত্র্যাঃ সমীপে তৎ ধর্ম্মজ্ঞং মুনিমব্রবীৎ॥ একতঃ কদনং সর্ব্বং যোষিদ্বৈধব্যসম্ভবম্। কদনস্য সমং নাথ কষ্টাৎ কষ্টতরং পুনঃ॥ ইত্যুক্ত্বাশ্রুমুখী দীনা বভাষে স্বামিনং প্রতি॥ কেনোপায়েন দানেন কৃতকর্ম্মক্ষয়ো ভবেৎ। বৈধব্যং নাপ্নুবন্তীহ স্বকর্ম্মার্জ্জিতদুর্ব্বহম্॥ শ্রুত্বা চ বচনং দীনামাশ্বাস্য মুনিসত্তমঃ। শৃণু দেবি প্রবক্ষ্যামি সাবধানা বচো মম॥ অত্রিরুবাচ। উমামহেশ্বরী কার্য্যা প্রতিমা কাঞ্চনী শুভা। ত্রিকর্ষেণ তদর্দ্ধেন কর্ষেণাপি মিতাপি বা॥ (ত্রিকর্ষস্য তদর্দ্ধস্য কর্ষস্য দ্বিতয়স্য বা) দ্রব্যশাঠ্যং ন কর্ত্তব্যং সর্ব্বথা ফলমিচ্ছতা॥ স্থাপয়েৎ শ্বেতবস্ত্রাঢ্যে রাজতে বৃষভে শুভে। ব্যাঘ্রাজিনে সুবিস্তীর্ণে স্থাপ্যাভ্যর্চ্চ্য চ শ্রদ্ধয়া॥ সোপবাসেন তত্রাদৌ চতুর্দ্দশ্যাং সমাহিতা। শৈবং সাহস্রিকং হোমং গৌর্য্যা হোমঞ্চ কারয়েৎ॥ প্রাপ্তে প্রভাতসময়ে স্নাতা সংপূজ্য পূর্ব্ববৎ। আহূয় বেদবিদুষে বিপ্রায় শ্রদ্ধয়ান্বিতা॥ অর্পয়েৎ প্রতিমাং শম্ভোঃ কর্ম্মদোষোপশান্তয়ে। ব্রাহ্মণে দক্ষিণাং দত্ত্বা ততঃ পারণমাচরেৎ॥

ইতি লিঙ্গপুরাণে ভৃগুভরতসংবাদে বৈধব্যদোষোপশমনকর্ম্মদোষবিপাকে উমামহেশ্বরব্রতকথা সমাপ্তা॥

সাবিত্রী চতুর্দ্দশী।

সা চ জ্যৈষ্ঠকৃষ্ণা চতুর্দ্দশী।

জ্যৈষ্ঠমাসের কৃষ্ণপক্ষের চতুর্দ্দশীকে সাবিত্রীচতুর্দ্দশী বলে

জ্যৈষ্ঠকৃষ্ণচতুর্দ্দশ্যাং সাবিত্রীমর্চ্চয়ন্তি যাঃ।
বটমূলে সোপবাসা ন তা বৈধব্যমাপ্নুয়ুঃ॥

জ্যৈষ্ঠমাসের কৃষ্ণপক্ষের চতুর্দ্দশীতে যে সকল স্ত্রী উপবাস করিয়া বটবৃক্ষ-মূলে সাবিত্রীর অর্চ্চনা করে, তাহারা কদাচ বিধবা হয় না।

দিবাভাগে ত্রয়োদশ্যাং যদা চতুর্দ্দশী ভবেৎ।
তত্র পূজ্যা মহাসাধ্বী দেবী সত্যবতা সহ॥—ইতি নারদঃ।

দিবাভাগে ত্রয়োদশী সত্বেও যদি দিবার দণ্ডত্রয় মাত্র থাকিতে চতুর্দ্দশী হয়, তাহা হইলে সেই দিনেই প্রদোষ সময়ে সত্যবানের সহিত সাবিত্রীর পূজা করিবে।

ব্রত-বিধান।—স্বস্তিবাচনাদি করিয়া সঙ্কল্প করিবে। যথা—

বিষ্ণুর্নমোঽস্য জ্যৈষ্ঠে মাসি কৃষ্ণে পক্ষে চতুর্দ্দশ্যান্তিথৌ অমুকগোত্রা শ্রীঅমুকী দেবী অবৈধব্যকামা (ব্রত গ্রহণের বৎসর হইলে "অদ্যারভ্য চতুর্দ্দশ-বর্ষপর্য্যন্তং প্রতিবর্ষীয়-জ্যৈষ্ঠকৃষ্ণচতুর্দ্দশ্যাং"—পাঠ করিতে হইবে) যথোক্ত-বিধিনা সাবিত্রীব্রতমহং করিষ্যে।

পরে সঙ্কল্পসূক্তাদি পাঠ করিবেন। ব্রতগ্রহণের বৎসর যিনি ব্রত করিবেন, তিনিই সঙ্কল্প করিবেন। পুরোহিত সঙ্কল্পসূক্ত পাঠ করিবেন, যজমান নিম্নোক্ত মন্ত্র পাঠ করিবেন। কিন্তু দ্বিতীয় বৎসর হইতে আর এই মন্ত্র পাঠ করিতে হয় না। মন্ত্র (২২৫ পৃঃ ৩ পঃ দেখ।)

অনন্তর পঞ্চবর্ণের গুঁড়িকাদ্বারা মণ্ডল অঙ্কিত করিয়া ঘটস্থাপন করিবে এবং বটবৃক্ষশাখাদি আরোপণ করিয়া পূজা করিবে।

যথাবিধি আসনশুদ্ধি, জলশুদ্ধি, সামান্যার্ঘ্য ও ন্যাসাদি করিয়া গণেশ, শিবাদিপঞ্চদেবতা, আদিত্যাদিনবগ্রহ, ইন্দ্রাদিদশদিক্‌পাল প্রভৃতি দেবতা-গণের পূজা করিয়া বটবৃক্ষকে স্নান করাইয়া উহা স্পর্শকরতঃ পাঠ করিবে,—

ওঁ বটোঽসি বৃক্ষনাথস্ত্বং খ্যাতো হরিহরাত্মকঃ।
ভবতু ত্বৎপ্রসাদেন ব্রতং হি সফলং মম॥

তৎপরে—বটবৃক্ষায় নমঃ, এই ক্রমে পূজা করিয়া প্রণাম করিবে। যথা—

ওঁ বটবৃক্ষ মহাভাগ জগন্নিস্তারক প্রভো।
পৃথিব্যামবতীর্ণোঽসি নমস্যামি সুরেশ্বর॥

অনন্তর "সাং হৃদয়ায় নমঃ" এই ক্রমে অঙ্গন্যাস করন্যাস করিয়া ধ্যান পাঠপূর্ব্বক মানসপূজা, অর্ঘ্যস্থাপন করিয়া নিম্নক্রমে পীঠপূজা করিয়া ধ্যান পাঠপূর্ব্বক আবাহন করতঃ ষোড়শোপচারে পূজা ও প্রণাম করিবে।

সাবিত্রীধ্যান।—ওঁ সাবিত্রীং দ্বিভুজাং পদ্মাসনস্থাং হংসবাহনাম্। শুদ্ধ-

স্ফটিকসঙ্কাশাং দিব্যাভরণভূষিতাম্॥ পক্কবিম্বাধরৌষ্ঠীঞ্চ পূর্ণচন্দ্রনিভাননাম্। ললাটতিলকোপেতাং মধ্যক্ষীণামহং ভজে॥

পীঠপূজা।—জ্ঞানায় নমঃ (এই ক্রমে) অজ্ঞানায়, বৈরাগ্যায়, অবৈরাগ্যায়, ঐশ্বর্য্যায়, অনৈশ্বর্য্যায়, আধারশক্তয়ে, অনন্তায়, কূর্ম্মায়, সূর্য্যমণ্ডলায় দ্বাদশকলাত্মনে, সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে, বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে, বায়ুমণ্ডলায়, মহাদেবায়, বিষ্ণবে, ব্রহ্মণে, দুর্গায়ৈ, লক্ষ্ম্যৈ, সরস্বত্যৈ, ব্রহ্মাণ্যৈ, গঙ্গায়ৈ, যমুনায়ৈ, বাসুদেবায়, সঙ্কর্ষণায়, অনিরুদ্ধায়, নষ্টে, নাগায়, সর্পগণেভ্যঃ, ইন্দ্রাদিদশদিক্‌পালেভ্যঃ, একাদশরুদ্রেভ্যঃ, দ্বাদশাদিত্যেভ্যঃ, দ্বাদশকেশবেভ্যঃ, স্বর্গস্থদেবতাভ্যঃ, পাতালস্থদেবতাভ্যঃ, সর্ব্বেভ্যো দেবেভ্যঃ, সর্ব্বাভ্যো দেবীভ্যঃ।

সাবিত্রী স্তব।—ওঁ দেবাসুরমনুষ্যাণাং পূজনীয়া বিধানতঃ। পতিব্রতে মহাভাগে বন্দিতে চ শুচিস্মিতে॥ অবৈধব্যঞ্চ সৌভাগ্যং দেহি ত্বং মম সুব্রতে। পুত্রং পৌত্রঞ্চ মোক্ষঞ্চ দেহি দেবি নমোঽস্তু তে॥ সাবিত্রি ব্রহ্মগায়ত্রি সত্যবাক্ প্রিয়ভাষিণি। তেন সত্যেন মাং ত্রাহি সদ্যঃ সংসারসাগরাৎ॥ দৃঢ়ব্রতে দৃঢ়মতে ভর্ত্তৃসুপ্রিয়ভাষিণি। অবৈধব্যঞ্চ সৌভাগ্যং দেহি ত্বং মম সুব্রতে। গৌরী ত্বং হি শচী ত্বং হি ত্বং প্রভা চন্দ্রমণ্ডলে। ত্বমেব জগতাং মাতা ত্বং মাং পাহি বরাননে। ত্রিসন্ধ্যং সর্ব্বভূতানাং বন্দনীয়াসি সুব্রতে। ময়া দত্তামিমাং পূজাং গৃহাণ ত্বং নমোঽস্তু তে॥ যন্ময়া দুষ্কৃতং কিঞ্চিৎ কৃতং জন্মশতৈরপি। ভস্মীভবতু তৎ সর্ব্বমবৈধব্যঞ্চ দেহি মে॥

অনন্তর "সাবিত্র্যৈ নমঃ" বলিয়া প্রণাম করিয়া ধর্ম্মপতি যমের পূজা করিবে।

যমের ধ্যান।—ওঁ যমঞ্চ কৃষ্ণবর্ণাভং দ্বিভুজং রক্তলোচনম্। দক্ষে দণ্ডধরং বামহস্তে পাশধরং বিভুম্॥ দংষ্ট্রাকরালবদনং ধ্যায়েৎ মহিষবাহনম্। মহাকায়ং ধর্ম্মরাজং বিষ্ণুভক্তজনপ্রিয়ম্॥

যম প্রণাম।—ওঁ সূর্য্যপুত্র জগন্নাথ সর্ব্বপ্রাণেশ্বর প্রভো।
প্রসাদাত্তব দেবেশ দীর্ঘায়ুরস্তু মে পতিঃ॥

অতঃপর "সাবিত্রীসত্যবদ্ভ্যাং নমঃ" এই মন্ত্রে সাবিত্রী সত্যবান্‌কে পাদ্যাদি-দ্বারা পূজা করিবে। তদনন্তর অশ্বপতি, দ্যুমৎসেন, শৈব্যা, মালবী, প্রভৃতির পূজা করিয়া স্বামিপূজা করিবে এবং শ্বশুর-শাশুড়ীকে বস্ত্রাদি দ্বারা অর্চ্চনা করিয়া ভোজ্যাদি উৎসর্গ করিয়া কথা শ্রবণ করিবে।

ব্রতকথা।—বনবাসগতো রাজা ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ। ভ্রাতৃভিঃ সহিতঃ সর্ব্বৈর্দ্রৌপদ্যা চ সমন্বিতঃ॥ মার্কণ্ডেয়ং মহাত্মানং মুনিং ধর্ম্মভৃতাং বরম্। পপ্রচ্ছ রাজশার্দ্দূলো বিনয়াবনতঃ স্থিতঃ॥ যুধিষ্ঠির উবাচ। ভগবন্ দীর্ঘজীবী ত্বং দৃষ্টলোকপরাবরঃ। দৃষ্টা পূর্ব্বং ত্বয়া কাচিৎ কচিদেবং পতিব্রতা॥ স্বয়ং প্রাপ্য মহৎ কষ্টং ভর্ত্তুরুদ্ধারকারিণী। যথৈবং দ্রৌপদী কৃষ্ণা তন্মে শংসিতুমর্হসি॥ এবমুক্তো নৃপেণাথ মার্কণ্ডেয়ো মহাতপাঃ। কথাং স কথয়ামাস ধর্ম্মরাজায় ধীমতে॥ মার্কণ্ডেয় উবাচ। মদ্রদেশে মহারাজ বভূবাশ্বপতির্নৃপঃ। ব্রহ্মণ্যঃ শীলসম্পন্নঃ প্রজাপালনতৎপরঃ॥ অভূত্তস্য মহাদেবী মালবী নাম সুন্দরী। পতিব্রতা মহাভাগা শীলাচারসমন্বিতা॥ অনপত্যঃ স রাজর্ষিঃ সাবিত্রীং সমপূজয়ৎ। ষষ্ঠে ষষ্ঠে তদা কালে বভূব মিতভোজনঃ॥ এতেন নিয়মেনাসীদ্বর্ষাণি চ চতুর্দ্দশ। সাবিত্র্যা হুতবানগ্নিং পুত্রকামো মহামনাঃ॥ অথাগ্নিহোত্রে সাবিত্রী তস্য প্রত্যক্ষতাং গতা। বরং দদৌ নৃপায়াথ কন্যা তব ভবিষ্যতি॥ বংশস্থিতিকরী বাক্যং ন বক্তব্যং ত্বয়ানঘ। ইত্যুক্ত্বান্তর্দধে দেবী সাবিত্রী নৃপসত্তম॥ অথ সা মালবী রাজ্ঞো মহিষ্যশ্বপতের্নৃপ। প্রাসূত কন্যাং সংযুক্তাং লক্ষণৈর্লোকসুন্দরীম্॥ সাবিত্র্যা বরদানেন যস্মাজ্জাতেয়মুত্তমা। সাবিত্রীতি ততস্তস্যা নাম চক্রে পিতা নৃপঃ॥ অথ সা রাজভবনে ববৃধে লক্ষণান্বিতা। অতীতশৈশবা রাজন্ বভূবাদ্ভুতদর্শনা॥ ন চ তাং বরয়ামাস কশ্চিদাগত্য ভূমিপঃ। রাজা চ চিন্তয়াবিষ্টো দুহিতুর্ব্বরকারণাৎ॥ রাজোবাচ। সাবিত্রি শৃণু মদ্বাক্যং বরং বরয় সুব্রতে। স্বদেশ্যং পরদেশ্যং বা বংশজং গুণশালিনম্॥ অথ সা পিতুরাজ্ঞাতা রথমারুহ্য শোভনম্। যযৌ তপোবনং রম্যং বৃদ্ধামাত্যৈরধিষ্ঠিতা॥ তপোবনানি রম্যাণি সা বভ্রাম মনোহরা। নানাতপস্বিনস্তত্র দদর্শ বিপুলেক্ষণা॥ বানপ্রস্থান্ বহুবিধান্ রাজর্ষীন্ সংশিতব্রতান্। নানাতপস্বিসংযুক্তানপশ্যদ্বিনয়ান্বিতা॥ ততঃ শাল্বপতেঃ পুত্রং দ্যুমৎসেনস্য ভূপতেঃ। মনসা বরয়ামাস সত্যবন্তং স্বকং পতিম্॥ অথাজগাম নগরং সা পিতুঃ প্রীতিবর্দ্ধিনী। তস্মিন্ কালেঽথাশ্বপতের্নারদেন সমাগমঃ॥ অথ তং পরিপপ্রচ্ছ দেবর্ষির্নারদো নৃপম্। কেয়ং কুত্র গতবতী তমথ প্রাবদন্নৃপঃ॥ দেবর্ষে মম কন্যেয়ং সাবিত্রী নামতঃ শ্রুতা। মমৈবানুজ্ঞয়া যাতা তপোবনমনিন্দিতা॥ স্বয়ং বরং বরয়িতুং তদস্যাঃ শ্রূয়তাং বরঃ। এতয়া যোঽভিলষিতঃ স কঃ কীদৃগ্ গুণাশ্রয়ঃ॥ অথ সা নারদেনোক্তা মনোঽভিলষিতং বরম্। কথয়ামাস মুনয়ে পিত্রে চ বিনয়ান্বিতা॥ সাবিত্র্যুবাচ। আসীচ্ছাল্বেষু ধর্ম্মাত্মা দ্যুমৎসেনাহ্বয়ো

নৃপঃ। নিজস্থানাত্ততো রাজা ভূমিপালৈঃ পরাজিতঃ॥ বনং জগামানুগতঃ পত্ন্যা বালসুতেন চ॥ তপস্যাভিরতস্যাথ তস্য পুত্রো গুণাকরঃ॥ সত্যবান্নাম দেবর্ষে মনসা স বৃতো ময়া। এবমুক্তস্তয়া পুত্র্যা স রাজা প্রাহ নারদম্॥ রাজোবাচ। ভগবন্ কীদৃশো রাজ-পুত্রো বাসৌ বৃতোঽনয়া। কে গুণাস্তত্র বা সন্তি কে দোষাশ্চ মহামুনে॥ এতৎসর্ব্বমশেষেণ কথয়স্ব মুনে মম। এবমুক্তস্ত্বশ্বপতিং নারদো বাক্যমব্রবীৎ॥ মহাত্মা সত্যবান্ বাগ্মী শীলবান্ প্রিয়দর্শনঃ। মাতৃপিতৃহিতে যুক্তঃ পণ্ডিতঃ শূরসম্মতঃ॥ আচারযুক্তঃ সুমনাঃ সত্যবাদী দৃঢ়ব্রতঃ। এতে চান্যে চ বহবো গুণাঃ সত্যবতি প্রভো॥ দোষস্ত্বেকো মহাংস্তত্র গুণানাক্রম্য তিষ্ঠতি। অদ্য প্রভৃতি রাজেন্দ্র বর্ষমেকং স সত্যবান্॥ জীবিষ্যতি ততস্ত্বায়ুস্তস্য হানিমবাপ্স্যতি। তৎ সাবিত্র্যা ন বিহিতং ভদ্রমেতৎ কদাচন॥ অন্যং বরং বরয়তু সাবিত্রী নৃপতেঃ সুতম্। এতচ্ছ্রুত্বা তু সাবিত্রী প্রত্যুবাচ শুভাননা॥ দীর্ঘায়ুরথবাল্পায়ুঃ সগুণো নির্গুণোঽপি বা। সকৃদ্‌বৃতো ময়া ভর্ত্তা ন দ্বিতীয়ং বৃণোম্যহম্॥ স এব সত্যবান্ ভর্ত্তা ময়া যো মনসা বৃতঃ॥ সকৃদংশো নিপততি সকৃৎ কন্যা প্রদীয়তে। সকৃদাহ দদানীতি ত্রীণ্যেতানি সতাং সকৃৎ॥ মনসা নিশ্চয়ং কৃত্বা ততো বাচাভিধীয়তে। ক্রিয়তে কর্ম্মণা পশ্চাৎ প্রমাণং মে মনস্ততঃ॥ নারদেনাথ সাবিত্রী বাক্যৈর্নানাবিধৈঃ শুভৈঃ। নিষিধ্যমানাপি ভৃশং নান্যং বরমমন্যত॥ নারদ উবাচ। স্থিরা বুদ্ধির্নরশ্রেষ্ঠ সাবিত্র্যা দুহিতুস্তব। নৈষা বারয়িতুং শক্যা ধর্ম্মাদস্মাৎ কথঞ্চন॥ নান্যস্মিন্ পুরুষে সন্তি যে সত্যবতি বৈ গুণাঃ। প্রদানমেব তস্মান্মে রোচতে দুহিতুস্তব॥ মার্কণ্ডেয় উবাচ। এবমুক্ত্বা খমুৎপত্য নারদ স্ত্রিদিবং গতঃ। রাজাপি দুহিতুঃ সজ্জং বৈবাহিকমকারয়ৎ॥ অথাস্যা নিশ্চয়ং বুদ্ধ্বা স রাজাশ্বপতিস্তদা। রথমারোপ্য তাং কন্যাং প্রযযৌ সপুরোহিতঃ॥ তপোবনং মুনিগণৈরাবৃতং কৃতসংস্কৃতিঃ। অথ সোঽশ্বপতির্গত্বা দ্যুমৎসেনং মহীপতিম্॥ উবাচ নৃপতে কন্যা মমেয়ং বরবর্ণিনী। ভবৎসুতং সত্যবন্তং বরয়ামাস চেতসা॥ তন্ত্বমেতাং শুভাং রাজন্ গৃহাণোপহৃতাং ময়া। এবমুক্তো দ্যুমৎসেনঃ প্রত্যুবাচ নৃপস্তদা॥ বয়ং রাজ্যাৎ পরিভ্রষ্টা ধনহীনাশ্চ সর্ব্বশঃ। চক্ষুর্হীনৌ তথা চাবাং দম্পতী বসুধাপতে॥ অন্ধযষ্টিরয়ং বালস্ত্বৎকন্যার্হো ন ভূপতে। অথাশ্বপতিরাচখ্যে দ্যুমৎসেনং মহীপতিম্॥ যাদৃশস্তাদৃশো বাস্তু তব পুত্রো মহীপতে। তথাপি তব পুত্রায় সুতাং দাস্যামি শোভনাম্॥ অথ সোঽশ্বপতিঃ কন্যাং সাবিত্রীং সমলঙ্কৃতাম্। দদৌ সত্যবতে রাজা সন্নিধানে তপস্বিনাম্॥ দক্ষিণামপি গাং দত্ত্বা সমর্প্য চ

সুতাং তদা। আজগাম স্বনগরং স রাজা সপুরোহিতঃ॥ গতে পিতরি সর্ব্বাণি সন্ত্যজ্যাভরণানি চ। জগৃহে বল্কলাস্তেব বস্ত্রং কাষায়মেব চ॥ অথ সা রাজতনয়া সাবিত্রী সুগুণান্বিতা। শ্বশ্রূশ্বশুরয়োঃ সেবাং ভর্ত্তুরপ্যকরোৎ সদা॥ ভক্ত্যা পরময়া সাথ শ্বশ্রূশ্বশুরয়োঃ সদা। ভর্ত্তুশ্চ দয়িতা হ্যাসীত্তাপসানাঞ্চ সম্মতা॥ ততঃ সা নারদবচো ধ্যায়ন্তী চ সুচেতসা। গণয়ামাস দিবসান্ পক্ষং মাসং তথায়নম্॥ ততস্ত্রিরাত্রমাত্রেণ তস্মিন্ সংবৎসরে গতে। শ্বশ্রূশ্বশুরয়োঃ পত্যুরাজ্ঞাং জগ্রাহ সা সতী॥ কর্ত্তুং ব্রতং ত্রিরাত্রাখ্যমুপবাসসমন্বিতম্। অথ তস্মিন্ দিনে প্রাপ্তে নারদেন নিবেদিতে॥ সত্যবান্ বিপিনং গন্তুমুপক্রমমথাকরোৎ। স্কন্ধে পরশুমাদায় হস্তে কৃত্বা করণ্ডিকাম্॥ ফলং কাষ্ঠং তথানেতুমাশ্বাস্য পিতরৌ তদা॥ সাবিত্রী চোদিতে সূর্য্যে কৃত্বা পৌর্ব্বাহ্নিকীং ক্রিয়াম্। সর্ব্বানেব দ্বিজান্ বৃদ্ধান্ শ্বশ্রূং শ্বশুরমেব চ॥ অভিবাদ্যানুপূর্ব্বেণ প্রাঞ্জলির্নিয়মস্থিতা। অবৈধব্যাশিষস্তেষাং জগ্রাহ বিনয়ান্বিতা॥ শ্বশুরাবথ সাবিত্রী জগাদৈকান্তমাশ্রিতা। বিপিনং দ্রষ্টুমিচ্ছামি সহ ভর্ত্রা কুতূহলাৎ॥ তামূচতুস্তৌ শ্বশুরৌ পারণাদিবসং তব। অকৃত্বা তৎ কথং গন্তুং বনমিচ্ছসি শোভনে॥ অথ প্রোবাচ সাবিত্রী নেদানীং পারণা ময়া। কর্ত্তব্যা সহ ভর্ত্রা তু গন্তব্যং বনমেব হি॥ অস্তং গতে ময়া সূর্য্যে ভোক্তব্যং কৃতকাময়া। ন পত্যুঃ সন্নিধৌ ক্লান্তি র্মম কাচন বিদ্যতে॥ মার্কণ্ডেয় উবাচ। ততোঽনুজ্ঞাং প্রদদতুস্তস্যৈ তৌ শ্বশুরৌ তদা। জগাম সত্যবান্ সোঽপি বিপিনং সহ ভার্য্যয়া॥ তত্র গত্বা ফলৈর্ব্বন্যৈঃ স করণ্ডীমপূরয়ৎ। অথ কাষ্ঠং কুঠারেণ পাটয়ামাস সত্যবান্॥ তস্য পাটয়তঃ কাষ্ঠং মধ্যাহ্নে মহতী ব্যথা। মূর্দ্ধ্নি জাতা ততঃ সোঽথ সুষ্বাপ নৃপনন্দনঃ॥ সাবিত্র্যা ঊরুদেশে তু সন্নিবেশ্য শিরস্তদা। অথ সা নারদবচো ধ্যায়ন্তী দৈবতানি চ॥ জগাম শরণং সাধ্বী ভর্ত্তুর্জীবনবাঞ্ছয়া। অথ সা পাশহস্তঞ্চ কৃষ্ণং রক্তেক্ষণং যমম্॥ দদর্শ সত্যবৎ-পার্শ্বে স্থিতং বিপুলতেজসম্। ততঃ সত্যবতস্তস্য রাজপুত্রস্য দেহতঃ॥ অঙ্গুষ্ঠমাত্রং পুরুষং নিশ্চকর্ষ যমো বলাৎ। যমস্তু তং তদা বদ্ধা প্রযাতো দক্ষিণামুখঃ॥ তদানীং সা চ সাবিত্রী সম্ভ্রমাক্রান্তমানসা। শনৈঃ শরীরং তস্তর্ত্তুর্মৃতং ভুব্যবশায় চ॥ বিনয়াবনতা ভূত্বা প্রাঞ্জলির্যমমভ্যগাৎ। যত্র পাশেন বদ্ধা তু পতিস্তস্যা যমোঽনয়ৎ॥ যম উবাচ। ত্বং নিবর্ত্তস্ব সাবিত্রি কুরুষ্বাস্যৌর্দ্ধদেহিকম্। কৃতং ভর্ত্তুস্ত্বয়ানৃণ্যং যাবদ্গম্যং গতং ত্বয়া॥ সাবিত্র্যুবাচ। যত্র মে নীয়তে ভর্ত্তা স্বয়ং বা যত্র গম্যতে। ময়া চ তত্র গন্তব্য-

মেষ ধর্ম্মঃ সনাতনঃ॥ তপসা গুরুভক্ত্যা চ ভর্ত্তৃস্নেহেন তেন চ। তব চৈব প্রসাদেন ন মে প্রতিহতা গতিঃ॥ ধর্ম্মং প্রধানং মুনয়ো বদন্তি ধর্ম্মাধিপং ত্বামপি চামনন্তি। সর্ব্বস্য লোকস্য হৃদঙ্করোঽসি সর্ব্বে ততস্ত্বাং শরণং প্রপন্নাঃ॥ অথ তুষ্টো যমঃ প্রাহ সাবিত্রীং সত্যবাদিনীম্। বরং বরয় সুশ্রোণি সত্যবজ্জীবনাদৃতে॥ সাবিত্র্যুবাচ। মমান্ধৌ শ্বশ্রূশ্বশুরৌ তপোবনমুপাগতৌ। সচক্ষুষৌ ভবেতাং তৌ ত্বৎপ্রসাদেন সূর্য্যজ॥ যম উবাচ। এবমস্তু নিবর্ত্তস্ব গচ্ছ শ্বশুরয়োর্গৃহম্। শ্রমস্ত্বামস্পৃশদ্ ভদ্রে ত্বাং গ্লানামিব লক্ষয়ে॥ সাবিত্র্যুবাচ। শ্রমঃ কুতো ভর্ত্তৃসমীপতো হি মে যতো হি ভর্ত্তা মম সা গতির্ধ্রুবা। যতঃ পতিং নেষ্যসি তত্র মে গতি র্দেবেশ ভূয়োঽপি বচো নিবোধ মে॥ সতাং সকৃৎ সঙ্গতমীপ্সিতং পরং ততঃ পরং মিত্রমিতি প্রচক্ষতে। ন চাফলা সৎপুরুষেণ সঙ্গতি-রতঃ সতাং সন্নিবসেৎ সমাগমে॥ যম উবাচ। তুষ্টোঽস্মি তেঽনয়া বাচা বরং বরয় সুব্রতে। ঋতে সত্যবতো জীবাদ্যদিচ্ছসি দদামি তৎ॥ সাবিত্র্যুবাচ। হৃতং পুরা মে শ্বশুরস্য বৈরিভিঃ স্বমেব রাজ্যং লভতাং স পার্থিবঃ। জহ্যাৎ স্বধর্ম্মং ন চ মে গুরুর্যথা দ্বিতীয়মেতং বরয়ামি তে বরম্॥ যম উবাচ। এবমস্তু নিবর্ত্তস্ব ত্বং সাবিত্রি স্বমন্দিরম্॥ সাবিত্র্যুবাচ। অদ্রোহঃ সর্ব্বভূতেষু কর্ম্মণা মনসা গিরা। অনুগ্রহশ্চ দানঞ্চ সতাং ধর্ম্মঃ সনাতনঃ॥ সন্তুষ্টাশ্চৈব মিত্রেষু দয়াং প্রোক্তেষু কুর্ব্বতে॥ যম উবাচ। জীবনেন বিনা ভর্ত্তু র্বরং বৃণু শুভাননে। তৃতীয়ন্তে বরং ভদ্রে দদামি প্রীতিমান্ ভৃশম্॥ ততোঽপি বরয়ামাস ধর্ম্মরাজং পতিব্রতা। পুত্রহীনো মম পিতা তস্য পুত্রশতম্ভবেৎ॥ যম উবাচ। কুলস্য সন্তানকরং পিতুঃ পুত্রশতম্ভবেৎ। ত্বং নিবর্ত্তস্ব সাবিত্রি দূরং পন্থানমাগতা॥ সাবিত্র্যুবাচ। বিবস্বতস্ত্বং তনয়ঃ প্রতাপবান্ ততোঽথ বৈবস্বত-উচ্যসে বুধৈঃ। শমেন ধর্ম্মেণ চ রঞ্জিতাঃ প্রজাস্ততস্তবেহেশ্বর ধর্ম্মরাজতা॥ আত্মন্যপি চ বিশ্বাসস্তথা ভবতি সূর্য্যজ। তস্মাৎ সৎসু বিশেষেণ সর্ব্বঃ প্রণয়মৃচ্ছতি॥ যম উবাচ। পরিতুষ্টোঽস্মি ভদ্রে তে চতুর্থস্তু বরং বৃণু। বিনা সত্যবতঃ প্রাণান্ যদিচ্ছসি দদামি তৎ॥ সাবিত্র্যুবাচ। অস্য সত্যবতঃ পুত্রশতমৌরসসম্ভবম্। জায়তাং ময়ি দেবেশ ত্বৎপ্রসাদেন সূর্য্যজ॥ যম উবাচ। ভবিষ্যত্যেবমেবং হি পরিতুষ্টো দদামি তে। অতিদূরং সমায়াতা নিবর্ত্তস্ব স্বমন্দিরম্॥ সাবিত্র্যুবাচ। সতাং সদা শাশ্বতধর্ম্মবৃত্তিঃ সন্তো ন সীদন্তি ন চ ব্যথন্তে। সতাং সদ্ভির্নাফলঃ সঙ্গমোঽস্তি সদ্ভ্যো ভয়ং নানুবিদন্তি সন্তঃ॥ সন্তো হি সত্যেন নয়ন্তি সূর্য্যং সন্তো ভূমিং তপসা ধারয়ন্তি। সন্তো গতির্ভূতভব্যস্য রাজন্ সতাং মধ্যে নাবসী

দস্তি সন্তঃ॥ ন কাময়ে ভর্ত্তরি নাক্তার্থতাং ন ভর্ত্তৃহীনা ব্যবসামি জীবিতুম্। ত্বয়ৈব দত্তঃ শতপুত্রতাবরঃ কথং ত্বয়া মে হ্রিয়তে পতিঃ পুনঃ॥ বরং বৃণে জীবতু সত্যবানয়ং স্বমেব সত্যং বচনং কুরুষ্ব তে॥ মার্কণ্ডেয় উবাচ। এবমুক্তস্তু সব্রীড়ো যমঃ পাশাদমোচয়ৎ। অঙ্গুষ্ঠমাত্রং পুরুষং সত্যবদ্দেহনিঃসৃতম্॥ ধর্ম্ম-রাজঃ প্রহৃষ্টাত্মা সাবিত্রীমিদমব্রবীৎ। এষ ভদ্রে ময়া মুক্তো ভর্ত্তা তে কুল-নন্দিনি। চতুর্ব্বর্ষশতায়ুশ্চ ত্বয়া সার্দ্ধমবাপ্স্যতি॥ ইষ্ট্বা যজ্ঞৈশ্চ ধর্ম্মেণ খ্যাতি-র্লোকে ভবিষ্যতি। ত্বয়ি পুত্রশতঞ্চৈব সত্যবান্ জনয়িষ্যতি॥ এবং তস্যৈ বরং দত্বা ধর্ম্মরাজঃ প্রতাপবান্। নিবর্ত্তয়িত্বা সাবিত্রীং স্বমেব ভবনং যযৌ॥ সাবি-ত্র্যপি জগামাশু যত্র সুপ্তঃ স সত্যবান্। ততঃ স চেতনাং প্রাপ্য সত্যবাংস্তাম-ভাষত॥ চিরং সুপ্তোঽস্মি দয়িতে ত্বয়া কিং ন বিবোধিতঃ। ক চাসৌ পুরুষঃ শ্যামো যোঽসৌ মাং সঞ্চকর্ষ হ॥ অথ তং প্রাহ সাবিত্রী কথয়িষ্যামি তে কথাম্। পশ্চাদহমিমাং সর্ব্বামিদানীং স্থৈর্য্যবান্ ভব॥ বিশ্রান্তোঽসি মহাভাগ কথয়িষ্যামি তেঽখিলাম্। যদি শক্যস্ত্বমুত্তিষ্ঠ বিগাঢ়াং পশ্য শর্ব্বরীম্॥ মার্কণ্ডেয় উবাচ। উপলভ্য ততঃ সংজ্ঞাং সত্যবান্ সমচিন্তয়ৎ। কথমদ্য গমিষ্যামি পিত্রোরন্তিকমাকুলঃ॥ করণ্ডিকা ফলৈঃ পূর্ণা কাষ্ঠভারশ্চ তিষ্ঠতু। রক্ষার্থমেনং পরশুং গৃহীত্বা গম্যতাং শুভে॥ অন্যথা কা গতিস্তত্র পিত্রোরস্য ভবিষ্যতি॥ ততস্তমাহ সাবিত্রী ব্রজাবো যদি মন্যসে। ততস্তাং সত্যবানাহ পরশুং ত্বং গৃহাণ মে॥ পলাশপত্রৈঃ সাবিত্রি পন্থা ব্যাবর্ত্ততে দ্বিধা। তত্রোত্তরেণ যঃ পন্থা স্তেন গচ্ছ ত্বমাশু চ॥ এতস্মিন্নেব কালে তু দ্যুমৎসেনো মহীপতিঃ। লব্ধচক্ষুস্তদা রাত্রৌ শৈব্যায়া সহ ভার্য্যয়া॥ আশ্রমং তাপসানাঞ্চ ব্যচরৎ পুত্রলিপ্সয়া। স শুশোচাতিদুঃখার্ত্তঃ পুত্রং তাঞ্চ শুভাং বধূম্॥ স গৌতমাদিভির্বিপ্রৈঃ সান্ত্বিতঃ শোককর্ষিতঃ। সর্ব্বে তমূচুর্ম্মুনয়ো ন শোকং কুরু ভূপতে॥ যথাস্য ভার্য্যা সাবিত্রী শীলাচারসমন্বিতা। যথা চ তে দৃশো-র্লাভশ্চিরং জীবতি সত্যবান্॥ এতস্মিন্নেব কালে তু সাবিত্র্যা সহ ভার্য্যয়া। সত্যবানাগতস্তত্র পিত্রোঃ প্রীতিং বিবর্দ্ধয়ন্॥ অথ তৈঃ সর্ব্বশো বিপ্রৈঃ পৃষ্টস্ত্বং কেন হেতুনা। দিবসে ন সমায়াতঃ পিতরৌ তব দুঃখিতৌ॥ ততঃ স কথয়ামাস শিরঃপীড়াদিকং তথা। ততস্তে বিপ্রসঙ্ঘাশ্চ সাবিত্রীমিদমব্রুবন্॥ কথয়স্বাদ্য সাবিত্রি বৃত্তান্তং যদ্বনেঽভবৎ॥ ততঃ সা কথয়ামাস যমসন্দর্শনা-দিকম্। চক্ষুর্লাভশ্চ রাজ্যঞ্চ দ্বৌ বরৌ শ্বশুরস্য তু॥ পিতুঃ পুত্রশতঞ্চৈব পুত্রাণাঞ্চাত্মনঃ শতম্। চতুর্ব্বর্ষশতায়ুশ্চ ভর্ত্তুঃ প্রাপ্তং যথা যমাৎ॥ তচ্ছ্রুত্বা

পরমপ্রীতা বিপ্রাঃ স্ব স্ব গৃহং যযুঃ। সত্যবানপি সংপ্রাপ্তঃ পিতৃভ্যাং সহ ভার্য্যয়া॥ অথ রাত্রৌ ব্যতীতায়াং সঙ্গতাস্তে তপোধনাঃ। কৃতপৌর্ব্বাহ্নিকা-স্তত্র সাবিত্রীঞ্চ প্রশশংসিরে॥ শাল্বদেশাদথামাত্যা দ্যুমৎসেনং মহীপতিম্। আগত্যোচুর্মহারাজ স্বামাত্যেন হতো রিপুঃ॥ ততঃ পূর্ব্বেণ সত্যেন বয়মদ্যা-গতা ইহ। অচক্ষুর্ব্বা সচক্ষুর্ব্বা ত্বং রাজা ভব ভূপতে॥ ততস্তৈরভ্যনুজ্ঞাতো ব্রাহ্মণৈঃ স মহীপতিঃ। তৈরমাত্যৈঃ পরিবৃতো মহাদেব্যা চ শৈব্যয়া॥ পুত্রেণ চ তয়া বধ্বা সাবিত্র্যা শীলযুক্তয়া। যযৌ স্বপুরমব্যগ্রো হর্ষসম্পূর্ণমানসঃ॥ তত্র গত্বা দ্যুমৎসেনঃ সত্যবন্তং প্রিয়ং সুতম্। যৌবরাজ্যে মহারাজ স্থাপয়া-মাস ধর্ম্মতঃ॥ সাবিত্র্যাশ্চাপি কালেন জজ্ঞে পুত্রশতং বরম্। ভ্রাতৃণাঞ্চ শতং জাতং সোদর্য্যাণাং মহাত্মনাম্॥ এবমাত্মা পিতা মাতা শ্বশ্রূশ্চ শ্বশুরঃ পতিঃ। ভর্ত্তুঃ কুলঞ্চ সাবিত্র্যা কৃতং সর্ব্বং সমুদ্ধৃতম্। এবমেবাপি পাঞ্চালী শীলাচার-সমন্বিতা। তারয়িষ্যতি বঃ সর্ব্বান্ সাবিত্রীব বরাঙ্গনা॥ এবমাশ্বাসিতস্তেন মার্কণ্ডেয়েন ধীমতা। যুধিষ্ঠিরঃ প্রীতমনাঃ কাম্যকেঽপ্যাবসদ্বনে॥ য ইদং শৃণুয়া-দ্ভক্ত্যা সাবিত্র্যাখ্যানমুত্তমম্। স সুখী সর্ব্বসিদ্ধার্থো ন দুঃখং প্রাপ্নুয়ান্নরঃ॥ যমাত্তস্য ভয়ং নাস্তি বিষ্ণুলোকে মহীয়তে॥ শৃণ্বন্তি.যাঃ স্ত্রিয়শ্চৈবং সাবিত্রী-চরিতং শুভম্। সুসৌভাগ্যমবৈধব্যং লভন্তে সন্ততিং শুভাম্॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
সাবিত্রীব্রতকথা সমাপ্তা।

কোন কোন স্থলে ব্রতের পর দিবস আচার জন্য পাদ্যাদি দ্বারা হল (লাঙ্গল) পূজা করিয়া পারণ করিবার রীতি প্রচলিত আছে। সেরূপ স্থলে "হলায় নমঃ" এইক্রমে পাদ্যাদিদ্বারা লাঙ্গল পূজা করিয়া স্বামী ও নারায়ণের অর্চ্চনা করিয়া পারণ করিবে।

অনন্ত-ব্রত।

পূর্ব্বাহ্নব্যাপিনী ভাদ্রশুক্লা চতুর্দ্দশীতে এই ব্রত করিতে হয়। অনন্তদেব-মূর্ত্তি নির্ম্মাণ করিয়া গন্ধপুষ্প, চতুর্দ্দশ ফল, মূল ও জলপুষ্পদ্বারা পূজা করিবে। এবং যবচূর্ণ, গোধূমচূর্ণ বা শালিতণ্ডুলচূর্ণদ্বারা পিষ্টক প্রস্তুত করিয়া ঘৃত-সংযোগে দেবতাকে নিবেদন করিয়া ব্রাহ্মণকে দান করিবে ও অর্দ্ধেক স্বয়ং ভোজন করিবে। চতুর্দ্দশগুণ-কার্পাসসূত্র-বিনির্ম্মিত কুঙ্কুমলেপিত

চতুর্দ্দশগ্রন্থিযুক্ত ডোর ধারণ করিতে হয়। এই ব্রত চতুর্দ্দশ বৎসর করিয়া উদ্‌যাপন করিবে।

ব্রতবিধান। স্বস্তিবাচন করিয়া সঙ্কল্প করিবে। যথা—

বিষ্ণুরোমদ্য ভাদ্রে মাসি শুক্লে পক্ষে চতুর্দ্দশ্যাস্তিথাবারভ্য অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা (অমুকগোত্রা শ্রীঅমুকীদেবী বা) সর্ব্বপাপপ্রশমনদারিদ্র্যদুঃখ-প্রমোচন-সর্ব্বসম্পদুপভোগবিষ্ণুলোকপ্রাপ্তিকামঃ চতুর্দ্দশবর্ষাবধি প্রতিবর্ষীয়-ভাদ্রশুক্লচতুর্দ্দশ্যাং যথোক্তবিধিনানন্তব্রতমহং করিষ্যে।

সঙ্কল্পসূক্ত পড়িয়া হাত যোড় করিয়া পাঠ করিবে—

ওঁ ইদং ব্রতং ময়া দেব গৃহীতং পুরতস্তব।
নির্ব্বিঘ্নাং সিদ্ধিমাপ্নোতু ত্বৎপ্রসাদাচ্চ কেশব॥

আরম্ভের বৎসর হইলে ঐরূপ সঙ্কল্প ও "ইদং ব্রতং" মন্ত্র পাঠ করিবে। নতুবা উহা পাঠ করিতে হয় না এবং এইরূপ সঙ্কল্প করিতে হয়—"অদ্যেত্যাদি অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা সর্ব্বপাপপ্রশমনদারিদ্র্যদুঃখপ্রমোচন-সর্ব্বসম্পদুপ-ভোগবিষ্ণুলোকপ্রাপ্তিকামঃ ভাদ্রশুক্লচতুর্দ্দশ্যাং যথোক্তবিধিনানন্তব্রতমহং করিষ্যে।

অনন্তর আসনশুদ্ধি, জলশুদ্ধি, সামান্যার্ঘ্যাদি, ভূতশুদ্ধি, প্রাণায়াম, অঙ্গন্যাস, করন্যাস প্রভৃতি করিয়া গণেশ, শিবাদিপঞ্চদেবতা, আদিত্যাদিনবগ্রহ, ইন্দ্রাদিদশদিক্‌পাল প্রভৃতির পূজা করিয়া অনন্তদেবের পূজা করিবে।

অনন্ত-ধ্যান।—ওঁ ফণাসপ্তান্বিতং দেবং চতুর্ব্বাহুং কিরীটিনম্। নবাম্র-পল্লবাকারং পিঙ্গলশ্মশ্রুলোচনম্॥ পীতাম্বরধরং দেবং শঙ্খ-চক্র-গদা-ধরম্। করাগ্রে দক্ষিণে পদ্মং শঙ্খং তস্যাপ্যধঃকরে॥ চক্রমূর্দ্ধে তথা বামে গদাং তস্যাপ্যধঃকরে॥ দধানং সর্ব্বলোকেশং সর্ব্বাভরণভূষিতম্। ক্ষীরাব্ধিমধ্যে শ্রীমন্তমনন্তং চিন্তয়েদ্ধরিম্॥

ধ্যানান্তে মানসোপচারে পূজা করিয়া বিশেষার্ঘ্য স্থাপনানন্তর পীঠপূজা করিবে। যথা—

ওঁ বিমলায়ৈ নমঃ। (এই ক্রমে)—উৎকর্ষিণ্যৈ ; জ্ঞানায়ৈ ; ক্রিয়ায়ৈ ; যোগায়ৈ ; প্রভায়ৈ ; ক্বত্যৈ ; ঈশানায়ৈ ; অনুগ্রহায়ৈ ; ভগবতে ; বিষ্ণবে ; বাসুদেবায় ; সর্ব্বার্থসংযোগপীঠায়।

পুনর্ধ্যান পাঠপূর্ব্বক অনন্তদেবের আবাহন করিয়া পূজা করিবে। তদ-নন্তর চতুর্দ্দশগ্রন্থিযুক্ত চতুর্দ্দশদূর্ব্বাযুক্ত কুঙ্কুমাক্ত ডোরক পূজা করিয়া প্রণাম করিবে। যথা—

আর্দ্রায়ৈ স্বাহা, ওঁ রুদ্রায় স্বাহা। ওঁ পুনর্ব্বসবে স্বাহা, ওঁ অদিতয়ে স্বাহা। ওঁ পুষ্যায়ৈ স্বাহা, ওঁ বৃহস্পতয়ে স্বাহা। ওঁ অশ্লেষাভ্যঃ স্বাহা। ওঁ সর্পেভ্যঃ স্বাহা। ওঁ মঘায়ৈ স্বাহা, ওঁ পিতৃভ্যঃ স্বাহা। ওঁ পূর্ব্বফল্গুনীভ্যাং স্বাহা, ওঁ ভগায় স্বাহা। ওঁ উত্তরফল্গুনীভ্যাং স্বাহা, ওঁ অর্য্যম্নে স্বাহা। ওঁ হস্তায়ৈ স্বাহা, ওঁ সবিত্রে স্বাহা। ওঁ চিত্রায়ৈ স্বাহা, ওঁ ত্বষ্ট্রে স্বাহা। ওঁ স্বাত্যৈ স্বাহা, ওঁ বায়বে স্বাহা। ওঁ বিশাখাভ্যঃ স্বাহা, ওঁ ইন্দ্রাগ্নীভ্যাং স্বাহা। ওঁ অনুরাধাভ্যঃ স্বাহা, ওঁ মিত্রায় স্বাহা। ওঁ জ্যেষ্ঠায়ৈ স্বাহা, ওঁ ইন্দ্রায় স্বাহা। ওঁ মূলায়ৈ স্বাহা, ওঁ নৈঋর্তায় স্বাহা। ওঁ পূর্ব্বাষাঢ়াভ্যঃ স্বাহা, ওঁ অদ্ভ্যঃ স্বাহা। ওঁ উত্তরাষাঢ়াভ্যঃ স্বাহা, ওঁ বিশ্বেভ্যো দেবেভ্যঃ স্বাহা। ওঁ শ্রবণায়ৈ স্বাহা, ওঁ বিষ্ণবে স্বাহা। ওঁ ধনিষ্ঠাভ্যঃ স্বাহা, ওঁ বসুভ্যঃ স্বাহা। ওঁ শতভিষাভ্যঃ স্বাহা, ওঁ বরুণায় স্বাহা। ওঁ পূর্ব্বভাদ্রপদাভ্যাং স্বাহা, ওঁ অজেকপাদায় স্বাহা। ওঁ উত্তরভাদ্রপদাভ্যাং স্বাহা, ওঁ অহির্ব্রধ্নায় স্বাহা। ওঁ রেবত্যৈ স্বাহা, ওঁ পূষ্ণে স্বাহা। ওঁ অশ্বিন্যৈ স্বাহা, ওঁ অশ্বিনীকুমারাভ্যাং স্বাহা। ওঁ ভরণ্যৈ স্বাহা, ওঁ যমায় স্বাহা।

পরে পিতা, সন্তানের মুখ, নাসিকা, চক্ষুর্দ্বয় ও কর্ণদ্বয় এই সাতটী স্থান দক্ষিণকরতলদ্বারা স্পর্শ করিয়া পশ্চাল্লিখিত মন্ত্র দুইটী উচ্চারণ করিবেন,—প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্‌ছন্দ আদিত্যো দেবতা কুমারস্য নামকরণে বিনিয়োগঃ। ওঁ কোঽসি কতমোঽস্যেষোঽস্যমৃতোসি। আহস্পত্যং মাসং প্রবিশ শ্রীঅমুকদেবশর্ম্মন্। প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্‌ছন্দো বৃহস্পতির্দ্দেবতা (আদিত্যো দেবতা) কুমারস্য নামকরণে বিনিয়োগঃ। ওঁ স ত্বাহ্নে পরিদদাত্বহস্ত্বা রাত্র্যৈ পরিদদাতু রাত্রিস্ত্বাহোরাত্রাভ্যাং পরিদদাত্বহোরাত্রৌ ত্বার্দ্ধমাসেভ্যঃ পরিদত্তামর্দ্ধমাসাস্ত্বা মাসেভ্যঃ পরিদদতু। মাসাস্ত্বা ঋতুভ্যঃ পরিদদতু, ঋতবস্ত্বা সংবৎসরায় পরিদদতু, সংবৎরস্ত্বায়ুষে জরায়ৈ পরিদদাতু শ্রীঅমুকদেবশর্ম্মন্।

পরে, পিতা পুত্রের মাতার বামকর্ণের নিকটে বলিবেন,—"অমুকদেবশর্ম্মায়ং তে পুত্রঃ।" পুত্রের দক্ষিণকর্ণে বলিবেন—"শ্রীঅমুকদেবশর্ম্মাসি"।

পরে, মাতা শিশুকে লইয়া যাইবেন। পিতা মহাব্যাহৃতিহোম করিয়া অগ্নিতে সমিধ নিক্ষেপ করিয়া উদীচ্য কর্ম্ম করিবেন।

অন্নপ্রাশন।

সাবান গণনায় পুরুষের ষষ্ঠ বা অষ্টম এবং স্ত্রীলোকের পঞ্চম বা সপ্তম মাসে অন্নপ্রাশনের মুখ্যকাল।

পিতা নিত্যক্রিয়া শেষ করতঃ বৃদ্ধিশ্রাদ্ধাদি করিয়া বিরূপাক্ষ জপান্ত কুশণ্ডিকা করিয়া "শুচি" নামক অগ্নিস্থাপনপূর্ব্বক প্রাদেশ প্রমাণ সমিধ্ অমন্ত্রক অগ্নিতে আহুতি দিয়া মহাব্যাহৃতিহোম করিবেন।

পরে, স্বাহান্ত মন্ত্রে ঘৃতদ্বারা হোম করিবেন, মন্ত্র যথা,—প্রজাপতির্ঋষির্গায়ত্রীচ্ছন্দ আদিত্যো দেবতা পুরুষাধিপত্যকামস্য চতুষ্পথে অগ্নাবাদিত্যাভিমুখস্যাজ্যহোমে বিনিয়োগঃ। ওঁ অন্নং বা একচ্ছন্দস্যমন্নং হ্যেকং ভূতেভ্যশ্ছন্দয়তি স্বাহা। প্রজাপতির্ঋষির্গায়ত্রীচ্ছন্দ আদিত্যো দেবতা পুরুষাধিপত্যকামস্য চতুষ্পথে অগ্নাবাদিত্যাভিমুখস্যাজ্যহোমে বিনিয়োগঃ। ওঁ শ্রীর্ব্বা এষা যৎ সত্বানো বিরোচনো ময়ি সত্বমবদধাতু স্বাহা। প্রজাপতির্ঋষির্বৃহতীচ্ছন্দ আদিত্যো দেবতা পুরুষাধিপত্যকামস্য চতুষ্পথে অগ্নাবাদিত্যাভিমুখস্যাজ্যহোমে বিনিয়োগঃ। ওঁ অন্নস্য ঘৃতমেব রসস্তেজঃ সম্পৎকামো জুহোমি স্বাহা। প্রজাপতির্ঋষিঃ ক্ষুদ্দেবতা বৃত্ত্যবিচ্ছিত্তিকামস্য সায়ং প্রাতঃ ক্ষুদ্ধোমে বিনিয়োগঃ। ওঁ ক্ষুধে স্বাহা। প্রজাপতির্ঋষিঃ ক্ষুৎপিপাসে দেবতে বৃত্ত্যবিচ্ছিত্তিকামস্য সায়ং প্রাতঃ ক্ষুৎপিপাসাহোমে বিনিয়োগঃ। ওঁ ক্ষুৎপিপাসাভ্যাং স্বাহা। ওঁ প্রাণায় স্বাহা। ওঁ অপানায় স্বাহা। সমানায় স্বাহা। ওঁ উদানায় স্বাহা। ওঁ ব্যানায় স্বাহা।

এই সকল হোম শেষ হইলে, মহাব্যাহৃতিহোম করিয়া ঘৃতাক্ত সমিধ্ অগ্নিতে দিয়া, উদীচ্য হোম এবং বামদেব্যগান করিবে। পরে কুমারের মুখে পিতা মাতা ভিন্ন অন্য কোন লোকদ্বারা অন্নদান করিবে,—প্রজাপতির্ঋষির্বৃহতীচ্ছন্দোঽন্নপতির্দ্দেবতা অন্নপ্রাশনে বিনিয়োগঃ। ওঁ অন্নপতেঽন্নস্য নো ধেহ্যনমীবস্য শুষ্মিণঃ। প্র প্রদাতারং তারিষ উর্জ্জং নো ধেহি দ্বিপদে চতুষ্পদে স্বাহা। পরে দক্ষিণাদান ও অচ্ছিদ্রাবধারণাদি করিবে। অনন্তর বালকের সম্মুখে চাউল, মস্যাধার, লেখনী, মৃত্তিকা ও মুদ্রা রাখিবে।

চূড়াকরণ।

কুলাচার নিয়মে প্রথমে তৃতীয় বা অযুগ্মবর্ষে চূড়াকরণ করিবে। যথা সময়ে কৃত না হইলে ব্রাহ্মণের উপনয়নকালে চূড়াকরণ করিতে হয়।

পিতা নিত্যক্রিয়া শেষ করিয়া বৃদ্ধিশ্রাদ্ধাদি সমাধা করতঃ বিরূপাক্ষজপান্ত কুশণ্ডিকা শেষ করিবেন। অনন্তর, মাতা শুদ্ধবস্ত্র পরিধান করিয়া পুত্রকে

কোলে লইয়া পতির বামপার্শ্বে পূর্ব্বমুখী হইয়া বসিবেন। পরে আপন বস্ত্রাঞ্চল দ্বারা কুমারের মস্তক ঢাকিবেন। পরে, পিতা "সত্য" নামক অগ্নিকে আবাহনাদি করিয়া প্রকৃত কর্ম্মারম্ভে সমিধ্ অগ্নিতে নিক্ষেপ করিয়া ব্যস্তসমস্ত মহাব্যাহৃতি হোম করিবেন।

পরে, পিতা অগ্নির দক্ষিণে স্থিত ক্ষুরপাণি নাপিতকে দেখিয়া পরবর্ত্তী মন্ত্র পড়িবেন,—প্রজাপতির্ঋষিঃ সবিতা দেবতা চূড়াকরণে বিনিয়োগঃ। আয়মগাৎ সবিতা ক্ষুরেণ। পরে কাংস্যপাত্রস্থিত গরমজল দেখিয়া পরের মন্ত্র পড়িবেন,—প্রজাপতির্ঋষির্বায়ুর্দ্দেবতা চূড়াকরণে বিনিয়োগঃ। ওঁ উষ্ণেন বায়উদকেনৈধি।

এই সময়ে বামহস্তদ্বারা পুত্রের দক্ষিণকর্ণের কিঞ্চিৎ উপরিভাগের কেশ লইয়া দক্ষিণহস্তদ্বারা পূর্ব্বস্থাপিত কিঞ্চিৎ উষ্ণোদক লইয়া সেই জলে ঐ কেশ ভিজাইয়া দিবে, মন্ত্র—প্রজাপতির্ঋষিরাপো দেবতা চূড়াকরণে বিনিয়োগঃ। ওঁ আপ উদন্তু জীবসে। অনন্তর ক্ষুর দেখিয়া—"প্রজাপতির্ঋষির্বিষ্ণুর্দ্দেবতা চূড়াকরণে বিনিয়োগঃ। "ওঁ বিষ্ণোর্দ্দংষ্ট্রোঽসি" বলিবেন। পরে, পূর্ব্বপ্রতিষ্ঠিত দর্ভপিঞ্জলীর একটী লইয়া দক্ষিণকর্ণের উপরিভাগের আর্দ্রকেশে ঊর্দ্ধমূল করিয়া বন্ধন করিবেন, মন্ত্র যথা—প্রজাপতির্ঋষিরোষধির্দ্দেবতা চূড়াকরণে বিনিয়োগঃ। ওঁ ওষধে ত্রায়স্বৈনম্। পরে বামহস্তদ্বারা গৃহীত দর্ভপিঞ্জলী সহিত কর্ণের উপরিভাগে দক্ষিণহস্তস্থিত ক্ষুরদ্বারা নিম্নলিখিত মন্ত্রে স্পর্শ করিবেন। মন্ত্র,—"প্রজাপতির্ঋষিঃ স্বধিতির্দ্দেবতা চূড়াকরণে বিনিয়োগঃ। ওঁ স্বধিতে মৈনং হিংসীঃ।" আবার ঐ স্থানের কেশ পূর্ব্ববৎ ক্ষুর দ্বারা স্পর্শ করিয়া এই মন্ত্র পড়িবেন,—প্রজাপতির্ঋষিঃ পূষা দেবতা চূড়াকরণে বিনিয়োগঃ। ওঁ যেন পূষা বৃহস্পতের্ব্বায়োরিন্দ্রস্য চাবপৎ। তেন তে বপামি ব্রহ্মণা জীবাতবে জীবনায় দীর্ঘায়ুষ্ট্বায় বর্চ্চসে। পরে ঐ ক্ষুর দুইবার নাড়িয়া দক্ষিণকর্ণের উপরিভাগের চুল কর্ত্তন করিয়া বৃষগোময়পাত্রে দর্ভপিঞ্জলী সহিত রাখিবেন।

পরে, সন্তানের মস্তকের পশ্চাদ্‌ভাগে শিখার নিম্ন স্থানের কেশ উষ্ণ জলদ্বারা ধৌত করিয়া ক্ষুর দর্শন ও দর্ভপিঞ্জলী সংযোগ প্রভৃতি মন্ত্র পড়িয়া করিতে হইবে। পুনশ্চ ঐরূপ বামকর্ণের ঊর্দ্ধস্থানের কেশে উষ্ণজল প্রক্ষণ প্রভৃতি কার্য্য মন্ত্র পাঠপূর্ব্বক পূর্ব্ববৎ করিতে হইবে।

পরে, পিতা উভয় করতলদ্বারা কুমারের মস্তক আবৃত করিয়া এই মন্ত্র পড়িবেন—প্রজাপতির্ঋষিরুষ্ণিক্‌ছন্দো জমদগ্নিকশ্যপাগস্ত্যাদয়ো দেবতাশ্চূড়া-

করণে বিনিয়োগঃ। ওঁ জমদগ্নেস্ত্র্যায়ুষম্। কশ্যপস্য ত্র্যায়ুষম্। অগস্ত্যস্য ত্র্যায়ুষম্। যদ্দেবানাং ত্র্যায়ুষম্। তত্তে অস্তু ত্র্যায়ুষম্।

তৎপরে বস্ত্রাদিভূষিত নাপিত পূর্ব্ব বা উত্তরাস্য কুমারের মস্তক মুণ্ডন এবং কর্ণবেধ করিবে। সকল কেশ বাঁশবনে বা অরণ্যে বা মৃত্তিকাগর্ভে নিক্ষেপ করিবে। পরে পিতা ব্যস্তসমস্ত মহাব্যাহৃতি হোম করিয়া অগ্নিতে সমিধ্ প্রক্ষেপ পূর্ব্বক উদীচ্য কর্ম্ম করিবেন।

উপনয়ন।

গর্ভাষ্টমে বা অষ্টম বর্ষে ব্রাহ্মণের উপনয়ন কাল। তদসম্ভবে ষোড়শবর্ষ পর্য্যন্ত উপনয়নের অধিকার কাল। অতঃপর সাবিত্রী পতিত—আর উপনয়ন হয় না। চূড়াকরণ পূর্ব্বে সমাপ্ত হইয়া না থাকিলে, এই দিনেই চূড়াকরণ সমাধা করিতে হয়।

পিতা অথবা তৎপ্রতিনিধি আচার্য্য—বৃদ্ধিশ্রাদ্ধাদি শেষ করিয়া সামান্য কুশণ্ডিকা শেষ করিবেন। পরে গৈরিক বস্ত্র পরিহিত মুণ্ডিতশিখ বালককে আপনার দক্ষিণে বসাইবেন।

তৎপরে পিতা বা প্রতিনিধি (আচার্য্য) 'সমুদ্ভব' নামক অগ্নির আবাহ-নাদি করিয়া প্রকৃত কর্ম্মারম্ভে প্রাদেশ প্রমাণ সমিধ্ অগ্নিতে দিয়া ব্যস্তসমস্ত মহাব্যাহৃতি হোম করিবেন। পরে আচার্য্য এই মন্ত্রে ঘৃতাহুতি দিবেন—প্রজাপতিঋ'ষিরগ্নির্দ্দেবতা উপনয়নহোমে বিনিয়োগঃ। ওঁ অগ্নে ব্রতপতে ব্রত-ঞ্চরিষ্যামি তত্তে প্রব্রবীমি তচ্ছকেয়ং তেনর্দ্ধ্যাসমিদমহমনৃতাৎ সত্যমুপৈমি স্বাহা। প্রজাপতিঋ'ষির্বায়ুর্দ্দেবতা উপনয়নহোমে বিনিয়োগঃ। ওঁ বায়ো ব্রতপতে ব্রতঞ্চরিষ্যামি তত্তে প্রব্রবীমি তচ্ছকেয়ং তেনর্দ্ধ্যাসমিদমহমনৃতাৎ সত্যমুপৈমি স্বাহা। প্রজাপতিঋ'ষিঃ সূর্য্যো দেবতা উপনয়নহোমে বিনি-য়োগঃ। ওঁ সূর্য্য ব্রতপতে ব্রতঞ্চরিষ্যামি তত্তে প্রব্রবীমি তচ্ছকেয়ং তেনর্দ্ধ্যাস-মিদমহমনৃতাৎ সত্যমুপৈমি স্বাহা। প্রজাপতিঋ'ষিশ্চন্দ্রো দেবতা উপনয়ন-হোমে বিনিয়োগঃ। ওঁ চন্দ্র ব্রতপতে ব্রতঞ্চরিষ্যামি তত্তে প্রব্রবীমি তচ্ছকেয়ং তেনর্দ্ধ্যাসমিদমহমনৃতাৎ সত্যমুপৈমি স্বাহা। প্রজাপতিঋ'ষিরিন্দ্রো দেবতা

উপনয়নহোমে বিনিয়োগঃ। ওঁ ইন্দ্র ব্রতানাং ব্রতপতে ব্রতঞ্চরিষ্যামি তত্তে প্রব্রবীমি তচ্ছকেয়ং তেনর্দ্ধ্যাসমিদমহমনৃতাৎ সত্যমুপৈমি স্বাহা।

হোম সমাধা হইলে, আচার্য্য আপন আসনে পূর্ব্বমুখে থাকিয়া দণ্ডায়মান হইবেন এবং বালকও আচার্য্যাভিমুখে থাকিয়া উত্তরমুখ হইয়া দণ্ডায়মান হইবে। বালকের দক্ষিণে থাকিয়া কোন ব্রাহ্মণ বালকের অঞ্জলি জলদ্বারা পূর্ণ করতঃ আচার্য্যের অঞ্জলি জল দিয়া পূর্ণ করিবেন। পরে আচার্য্য গৃহীতাঞ্জলি বালককে দর্শন করিয়া এই মন্ত্র পড়িবেন,—প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্ ছন্দো-ঽগ্নি-বায়ু-সূর্য্যচন্দ্রেন্দ্রাদয়ো দেবতা উপনয়নে আচার্য্যস্য মাণবক-প্রেক্ষমাণস্য জপে বিনিয়োগঃ। ওঁ আগন্ত্রা সমগন্মহি প্র সুমর্ত্ত্যং যুযোতন। অরিষ্টাঃ সঞ্চরে-মহি স্বস্তি সঞ্চরতাদয়ম্। পরে আচার্য্য মাণবককে পশ্চাৎ লিখিত মন্ত্র পড়াইবেন,—প্রজাপতির্ঋষিরনুষ্টুপছন্দ আচার্য্যো দেবতা উপনয়নে মাণবক-পাঠনে বিনিয়োগঃ। ওঁ ব্রহ্মচর্য্যমাগামুপ মা নয়স্ব।

তখন আচার্য্য বালকের নাম জিজ্ঞাসাসূচক এই মন্ত্র পড়িবেন,—প্রজা-পতির্ঋষিস্ত্রিষ্টুপ্ ছন্দো মাণবকো দেবতা উপনয়নে মানবকনামপ্রশ্নে বিনি-য়োগঃ। ওঁ কো নামাসি। মাণবক নিজের রাশিঘটিত নাম বলিবার নিমিত্ত নিম্নলিখিত মন্ত্র পড়িবে,—প্রজাপতির্ঋষির্মাণবকো দেবতা উপনয়নে মাণবক-নামকথনে বিনিয়োগঃ। ওঁ শ্রীঅমুকদেবশর্ম্মনামাস্মি।

পরে আচার্য্য এবং বালক উভয়ে পূর্ব্ব-গৃহীত জলাঞ্জলি ফেলিবেন এবং আচার্য্য দক্ষিণহস্তদ্বারা বালকের অঙ্গুষ্ঠ সহিত দক্ষিণ হস্ত গ্রহণ করিয়া এই মন্ত্র পড়িবেন,—প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্ ছন্দঃ সবিত্র্যশ্বিপূষাণো দেবতা উপ-নয়নে আচার্য্যস্য মাণবকহস্তগ্রহণে বিনিয়োগঃ। ওঁ দেবস্য তে সবিতুঃ প্রসবেঽশ্বিনোর্ব্বাহুভ্যাং পূষ্ণো হস্তাভ্যাং হস্তং গৃহ্নামি শ্রীঅমুকদেবশর্ম্মন্। আচার্য্য আবার ঐরূপ করিয়া এই মন্ত্র পড়িবেন,—প্রজাপতির্ঋষিরগ্ন্যাদয়ো দেবতা উপনয়নে গৃহীত-মাণবকহস্তাচার্য্য-জপে বিনিয়োগঃ। ওঁ অগ্নিস্তে হস্তমগ্রহীৎ সবিতা হস্তমগ্রহীৎ। অর্য্যমা হস্তমগ্রহীৎ মিত্রস্ত্বমসি কর্ম্মণা। অগ্নি-রাচার্য্যস্তব।

পরে, আচার্য্য বালককে প্রদক্ষিণক্রমে এই মন্ত্র পড়িবেন,। যথা,—প্রজাপতির্ঋষিঃ সূর্য্যো দেবতা উপনয়নে মাণবকস্যাবর্ত্তনে বিনিয়োগঃ। ওঁ সূর্য্যস্যাবৃতমন্বাবর্ত্তস্ব শ্রীঅমুকদেবশর্ম্মন্। মাণবকের দক্ষিণ স্কন্ধ দক্ষিণহস্ত দ্বারা স্পর্শপূর্ব্বক অব্যবহিত নাভিদেশ স্পর্শ করিয়া এই মন্ত্র পড়িবেন—

প্রজাপতির্ঋষির্নাভ্যন্তকৌ দেবতে উপনয়নে ব্রহ্মচারিনাভিদেশস্পর্শনে বিনিয়োগঃ। ওঁ প্রাণানাং গ্রন্থিরসি মা বিস্রসোঽন্তক ইদন্তে পরিদদামি শ্রীঅমুকদেবশর্ম্মাণং। পরে নাভির উপরিভাগ উদর স্পর্শ করিয়া আচার্য্য এই মন্ত্র পড়িবেন,—প্রজাপতির্ঋষির্বায়ুর্দ্দেবতা উপনয়নে ব্রহ্মচারিনাভ্যুপরিদেশস্পর্শনে বিনিয়োগঃ। ওঁ অহুর ইদন্তে পরিদদামি শ্রীঅমুকদেবশর্ম্মাণং। আচার্য্য বালকের হৃদয় স্পর্শ করিয়া এই মন্ত্র পড়িবেন,—প্রজাপতির্ঋষিঃ কৃশানুর্দ্দেবতা উপনয়নে ব্রহ্মচারিহৃদয়স্পর্শনে বিনিয়োগঃ। ওঁ কৃশন ইদন্তে পরিদদামি শ্রীঅমুকদেবশর্ম্মাণং। অনন্তর আচার্য্য দক্ষিণহস্ত দিয়া বালকের দক্ষিণস্কন্ধ স্পর্শ করিয়া এই মন্ত্র পড়িবেন, প্রজাপতির্ঋষিঃ প্রজাপতির্দ্দেবতা উপনয়নে ব্রহ্মচারিদক্ষিণস্কন্ধস্পর্শনে বিনিয়োগঃ। ওঁ প্রজাপতয়ে ত্বা পরিদদামি শ্রীঅমুকদেবশর্ম্মন্। আচার্য্য বামহস্তে বালকের বামস্কন্ধ স্পর্শ করিয়া এই মন্ত্র পড়িবেন। প্রজাপতির্ঋষিঃ সবিতা দেবতা উপনয়নে ব্রহ্মচারিবামস্কন্ধস্পর্শনে বিনিয়োগঃ। ওঁ দেবায় ত্বা সবিত্রে পরিদদামি শ্রীঅমুকদেবশর্ম্মন্। পরে আচার্য্য বালকের সম্বোধন সূচক মন্ত্র পড়িবেন,—প্রজাপতির্ঋষির্ব্রহ্মচারী দেবতা উপনয়নে ব্রহ্মচারি-সম্বোধনে বিনিয়োগঃ। ওঁ ব্রহ্মচার্য্যসি শ্রীঅমুকদেবশর্ম্মন্। আচার্য্য মাণবকের নিয়োগসূচক মন্ত্র পড়িবেন,—প্রজাপতির্ঋষির্ব্রহ্মচারী দেবতা উপনয়নে ব্রহ্মচারিপ্রৈষ্যে বিনিয়োগঃ। ওঁ সমিধমাধেহি। ওঁ আপোশানং কর্ম্ম কুরু। ওঁ মা দিবা স্বাপ্সীঃ। ব্রহ্মচারী সর্ব্বত্র "বাঢ়ম্" কিম্বা "ওম্" এই প্রতিবাক্য বলিবেন।

পরে আচার্য্য (প্রতিনিধি) আপন আসনে পূর্ব্বমুখে মুখ করিয়া বসিবেন। এবং বালক দক্ষিণ জানুদ্বারা ভূমি স্পর্শ করিয়া পশ্চিমাভিমুখে বসিবে। পরে আচার্য্য ত্রিবৃত্ত গ্রন্থিযুক্ত মেখলা পরিধাপন জন্য বালককে দুইটী মন্ত্র পড়াইবেন, প্রজাপতির্ঋষিস্ত্রিষ্টুপ্‌ছন্দো মেখলা দেবতা উপনয়নে মেখলাপরিধাপনে আচার্য্যস্য মাণবকবাচনে বিনিয়োগঃ। ওঁ ইয়ং দুরুক্তাৎ পরিবাধমানা বর্ণং পবিত্রং পুনতী ম আগাৎ। প্রাণাপানাভ্যাং বলমাহরন্তী স্বসা দেবী সুভগা মেখলেয়ম্। প্রজাপতির্ঋষিস্ত্রিষ্টুপ্‌ছন্দো মেখলা দেবতা মেখলা পরিধাপনে আচার্য্যস্য মাণবকবাচনে বিনিয়োগঃ। ওঁ ঋতস্য গোপ্ত্রী তপসঃ পরস্বী ঘ্নতী রক্ষঃ সহমানা অরাতীঃ। স মা সমন্তমভি পর্য্যেহি ভদ্রে ধর্ত্তারস্তে মেখলে মা রিষাম। পরে আচার্য্য যজ্ঞোপবীত গ্রন্থিদ্বয় পরাইবার জন্য

বালককে পশ্চাল্লিখিত মন্ত্র পড়াইবেন,—প্রজাপতির্ঋষির্গায়ত্রীচ্ছন্দো বিশ্বে-দেবা দেবতা উপনয়নে যজ্ঞোপবীতপরিধাপনে বিনিয়োগঃ। ওঁ যজ্ঞোপবীত-মসি যজ্ঞস্য ত্বোপবীতেনোপনেহ্যামি॥ ওঁ যজ্ঞোপবীতং পরমং পবিত্রং বৃহস্পতের্যৎ সহজং পুরস্তাৎ। আয়ুষ্যমগ্র্যং প্রতিমুঞ্চ শুভ্রং যজ্ঞোপবীতং বলমস্তু তেজঃ॥ আচার্য্য পুনরায় মাণবককে এই মন্ত্র পড়াইবেন,—প্রজাপতির্ঋষিঃ শর্করীচ্ছন্দোঽজিনং দেবতা উপনয়নে অজিনপরিধাপনে বিনিয়োগঃ। ওঁ মিত্রস্য চক্ষুর্বরুণং বলীয়স্তেজো যশস্বি স্থবিরং সমিদ্ধম্। অনাহতস্যং বসনং জরিষ্ণু পরীদং বাজ্যজিনং দধেঽহম্॥ এই সময় আচমন করিবে। অনন্তর বালক এই মন্ত্র পাঠ করিয়া আচার্য্যের নিকট যাইয়া এবং দেখিয়া এই মন্ত্র পড়িবে,—প্রজাপতির্ঋষিরাচার্য্যো দেবতা আচার্য্যামন্ত্রণে বিনিয়োগঃ। ওঁ অধীহি ভোঃ সাবিত্রীং মে ভবাননুব্রবীতু।

মন্ত্র পাঠ করিলে পর, আচার্য্য বালককে অল্পে অল্পে সমস্ত সাবিত্রী পড়াইয়া দিবেন।—বিশ্বামিত্রঋষির্গায়ত্রীচ্ছন্দঃ সবিতা দেবতা জপোপনয়নে বিনিয়োগঃ। ওঁ তৎসবিতুর্ব্বরেণ্যম্। বিশ্বামিত্রঋষিঃ—ওঁ ভর্গোদেবস্য ধীমহি। বিশ্বামিত্রঋষিঃ—ওঁ ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ॥ বিশ্বামিত্রঋষিঃ—ওঁ তৎসবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি। বিশ্বামিত্রঋষিঃ—ওঁ ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ॥ বিশ্বামিত্রঋষিঃ—ওঁ তৎসবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি। ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ। পরে আচার্য্য বালককে আদ্যন্ত ওঁকারযুক্ত মহাব্যাহৃতি পাঠ করাইবেন,—প্রজাপতির্ঋষির্গায়ত্রীচ্ছন্দোঽগ্নির্দ্দেবতা মহাব্যা-হৃতি পাঠে বিনিয়োগঃ। ওঁ ভূঃ ওঁ। প্রজাপতির্ঋষিরুষ্ণিকৃছন্দো বায়ুর্দ্দেবতা মহাব্যাহৃতি পাঠে বিনিয়োগঃ। ওঁ ভুবঃ ওঁ। প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্‌ছন্দঃ সূর্য্যো দেবতা মহাব্যাহৃতি পাঠে বিনিয়োগঃ। ওঁ স্বঃ ওঁ। তৎপরে আচার্য্য মাণবককে প্রণব-ব্যাহৃতিযুক্ত সমস্ত সাবিত্রী তিনবার পড়াইবেন। প্রজাপতি-ঋর্ষির্গায়ত্রীচ্ছন্দঃ সবিতা দেবতা জপোপনয়নে বিনিয়োগঃ। ওঁ ভূর্ভুবঃ স্বঃ তৎসবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি। ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ ওঁ।

পরে বিল্ব বা পলাশশাখা নির্ম্মিত বালকের ন্যায় উচ্চ দণ্ড তাহার হস্তে দিয়া আচার্য্য তাহাকে মন্ত্র পড়াইবেন, প্রজাপতির্ঋষিঃ পঙ্‌ক্তিশ্ছন্দো দণ্ডাগ্নী দেবতে উপনয়নে মাণবক-দণ্ডার্পণে বিনিয়োগঃ। ওঁ সুশ্রবঃ সুশ্রবসং মা কুরু যথা ত্বং সুশ্রবঃ সুশ্রবাঃ। দেবেষ্বেবমহং সুশ্রবঃ সুশ্রবাঃ ব্রাহ্মণেষু ভূয়াসম্।

গৃহীতদণ্ড ব্রহ্মচারী এই সময়ে ভিক্ষা চাহিবেন। প্রথমতঃ মাতার নিকটে "ভবতি ভিক্ষাং দেহি" ভিক্ষা গ্রহণ করিয়া বলিবেন "ওঁ স্বস্তি।" এই প্রকারে সকলের নিকট ভিক্ষা প্রার্থনা করিবেন। পিতা প্রভৃতি পুরুষগণের নিকটেও "ভবন্ ভিক্ষাং দেহি" বলিয়া যাচ্ঞা করিবেন। পরে আচার্য্য ব্যস্তসমস্ত মহাব্যাহৃতি হোম করিয়া, সঘৃত সমিধ্ অগ্নিতে দিবেন।

অনন্তর ব্রহ্মচারী "অগ্নে ত্বং শিখিনামাসি" এই ক্রমে অগ্নির আবাহনাদি করিয়া, অঞ্জলিবদ্ধ করিয়া "ওঁ ইহৈবায়মিতরো জাতবেদা দেবেভ্যো হব্যং বহতু প্রজানন্" এই মন্ত্র পাঠ করিবে। পরে ভূমিতে দক্ষিণ জানু রাখিয়া উদকাঞ্জলিসেক করিবে। পরে, একটি ঘৃত-ম্রক্ষিত সমিধ্ অগ্নিতে দিয়া ঐ প্রকার অপর একটি সমিধ্ লইয়া—প্রজাপতির্ঋষিরগ্নির্দ্দেবতা অগ্নৌ সমিদাধানে বিনিয়োগঃ। ওঁ অগ্নয়ে সমিধমাহার্ষং বৃহতে জাতবেদসে। যথা ত্বমগ্নে সমিধা সমিধ্যস্যেবমহমায়ুষা মেধয়া বর্চ্চসা প্রজয়া পশুভির্ব্রহ্মবর্চ্চসেন ধনেনান্নাদ্যেন সমেধিষীয় স্বাহা।

তখন আবার অমন্ত্রক সমিধ্ অগ্নিতে দিয়া উদীচ্যোক্ত বিধানে অগ্নিপর্য্যুক্ষণপূর্ব্বক উদকাঞ্জলিসেক করিবেন। ব্রহ্মচারী কৃতাঞ্জলি হইয়া অগ্নির অভিবাদন জন্য "অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা ভোঽভিবাদয়ে" বলিবেন। পরে আচার্য্যকে প্রণাম করিবেন।

সাবিত্রী-চরু-হোম। *

পিতা অথবা প্রতিনিধি আচার্য্য চরুপাক-জন্য তণ্ডুল কুলার উপর রাখিয়া উহাতে জলের ছিটা দিয়া উদূখলে লইয়া "ওঁ সবিত্রে ত্বা জুষ্টং নির্বপামি" এই মন্ত্রে দণ্ড দিয়া আঘাত করিবে, আরও দুইবার আঘাত করিয়া সূর্পদ্বারা তিনবার প্রস্ফোটন করিয়া তিনবার ধুইবে। পরে পাকপাত্রে তণ্ডুল, দুগ্ধ ও কিঞ্চিৎ জল চড়াইয়া পাক করিবে। পাক শেষ হইলে ঐ

* উপনয়নের চতুর্থ দিবসে সাবিত্রী চরুহোম কর্ত্তব্য; কিন্তু এখন সর্ব্বত্রই সেই দিবসে সেই অগ্নিতেই ইহা সম্পন্ন হইয়া থাকে। চরু কুশণ্ডিকাকালে এই মন্ত্রাদিদ্বারা পাক করিয়া রাখিবে। এবং এই সময় এই মন্ত্রাদিতে হোম করিবে।

চরুতে দুইবার ঘৃত দিয়া অগ্নির ঈশানকোণে কুশার উপর চরুস্থালী নামাইবে, পরে ঐ চরুতে একবার ঘৃত দিবে।

পরে মেক্ষণ দ্বারা সঘৃত চরু গ্রহণপূর্ব্বক, "ওঁ সবিত্রে স্বাহা" মন্ত্রে চরু-হোম করিয়া মেক্ষণ অগ্নিতে দিয়া মহাব্যাহৃতি হোমান্তে সমিধ্ ছড়াইবে।

সমাবর্ত্তন। *

পিতা অথবা প্রতিনিধি আচার্য্য "তেজ" নামক অগ্নি স্থাপনপূর্ব্বক সমিধ ছড়াইয়া মহাব্যাহৃতি হোম করিবে। তৎপরে নিম্নলিখিত পাঁচটী মন্ত্রে পাঁচ বার ঘৃতাহুতি দিবে, যথা—প্রজাপতির্ঋষিরগ্নির্দ্দেবতা সমাবর্ত্তনহোমে বিনিয়োগঃ। ওঁ অগ্নে ব্রতপতে ব্রতমচার্ষং তত্তে প্রব্রবীমি তদশকং তেনারাৎ সমিদমহমনৃতাৎ সত্যমুপাগাং স্বাহা। ১। প্রজাপতির্ঋষির্বায়ুর্দ্দেবতা সমাবর্ত্তনহোমে বিনিয়োগঃ। ওঁ বায়ো ব্রতপতে ব্রতমচার্ষং তত্তে প্রব্রবীমি তদশকং তেনারাৎ সমিদমহমনৃতাৎ সত্যমুপাগাং স্বাহা। ২। প্রজাপতির্ঋষিঃ সূর্য্যো দেবতা সমাবর্ত্তনহোমে বিনিয়োগঃ। ওঁ সূর্য্য ব্রতপতে ব্রতমচার্ষং তত্তে প্রব্রবীমি তদশকং তেনারাৎ সমিদমহমনৃতাৎ সত্যমুপাগাং স্বাহা। ৩। প্রজাপতির্ঋষিশ্চন্দ্রো-দেবতা সমাবর্ত্তনহোমে বিনিয়োগঃ। ওঁ চন্দ্র ব্রতপতে ব্রতমচার্ষং তত্তে প্রব্রবীমি তদশকং তেনারাৎ সমিদমহমনৃতাৎ সত্যমুপাগাং স্বাহা। ৪। প্রজাপতির্ঋষিরিন্দ্রো দেবতা সমাবর্ত্তনহোমে বিনিয়োগঃ। ওঁ ইন্দ্র ব্রতপতে ব্রতমচার্ষং তত্তে প্রব্রবীমি তদশকং তেনারাৎ সমিদমহমনৃতাৎ সত্যমুপাগাং স্বাহা। ৫।

তৎপরে বালক পূর্ব্বমুখ হইয়া উত্তরমুখে উপবিষ্ট আচার্য্যের বামদিকে কুশাসনে বসিবেক। পরে ব্রীহি, শালি, যব, মুদ্গ, গোধূম, তিল, সর্ষপ এই সাত রকম ও সর্ব্বৌষধি এবং চন্দনমিশ্রিত অল্প উষ্ণ জল দ্বারা অঞ্জলি পূরিত করিয়া এই মন্ত্রে জলাঞ্জলি ত্যাগ করিবে,—প্রজাপতির্ঋষিরগ্ন্যাদয়ো দেবতাঃ সমাবর্ত্তনে ব্রহ্মচার্য্যুদকাঞ্জলিত্যাগে বিনিয়োগঃ। ওঁ যে অপ্স্বন্তরগ্নয়ঃ প্রবিষ্টা গোহ্য উপ-গোহ্যো মরূকো মনোহাঃ। খলো বিরুজস্তনূদূষিরিন্দ্রিয়হা অতি তান্ সৃজামি। ৬। পুনশ্চ পূর্ব্ববৎ জলাঞ্জলি লইয়া এই মন্ত্রে ত্যাগ করিবে। প্রজাপতির্ঋষিরপাং ঘোরক্রূরাশান্তরূপা দেবতাঃ সমাবর্ত্তনে ব্রহ্মচার্য্যুদকাঞ্জলিত্যাগে বিনিয়োগঃ। ওঁ যদপাং ঘোরং যদপাং ক্রূরং যদপামশান্তরূপমতি তৎ সৃজামি। ৭। পুনশ্চ

---

* তখন বেদাধ্যয়ন করিয়া ব্রহ্মচারী আগমন করিলে ইহা কৃত হইত, এক্ষণে সে দিবসে সেই অগ্নিতেই করা হয়। কেবল অগ্নির নামকরণ যাগাদি করিবে।

ব্রহ্মচারী জলদ্বারা পূরিত অঞ্জলি আপন মস্তকে দিবেন। মন্ত্র যথা,—প্রজাপতি-ঋর্ষী রোচনোঽগ্নির্দ্দেবতা সমাবর্ত্তনে ব্রহ্মচার্য্যুদকাঞ্জলিসেকে বিনিয়োগঃ। ওঁ যো রোচনস্তমিহ গৃহ্ণামি তেনাহং মামভিষিঞ্চামি। ৮। আবার ঐরূপ করিয়া নিম্নলিখিত মন্ত্রে মস্তকে অভিষেক করিবে,—প্রজাপতির্ঋর্ষী রোচনোঽগ্নি-র্দ্দেবতা ব্রহ্মচার্য্যুদকাঞ্জলিসেকে বিনিয়োগঃ। ওঁ যশসে তেজসে ব্রহ্মবর্চ্চসায় বলায়েন্দ্রিয়ায়। বীর্য্যায়ান্নাদ্যায় রায়স্পোষায় ত্বিষ্যা অপচিত্যৈ। ৯। পুনর্ব্বার নিম্নলিখিত মন্ত্রে ঐরূপ করিবে। প্রজাপতির্ঋষিঃ ষড়ষ্টকা মহাপংক্তিশ্ছন্দো-ঽশ্বিনৌ দেবতে সমাবর্ত্তনে ব্রহ্মচার্য্যুদকাঞ্জলিসেকে বিনিয়োগঃ। ওঁ যেন স্ত্রিয়মকৃণুতং যেনাপামৃষতং সুরাং। যেনাক্ষানভ্যষিঞ্চতং যেনেমাং পৃথিবীং মহীং। যদ্বাং তদশ্বিনা যশস্তেন মামভিষিঞ্চতম্। ১০। পুনশ্চ পূর্ব্ববৎ জলাঞ্জলি লইয়া মন্ত্র পাঠ না করিয়া আপন মস্তক অভিষিক্ত করিবে।

পরে ব্রহ্মচারী যে দিকে সূর্য্য আছে, সেই দিকে মুখ করিয়া দণ্ডায়মান হইয়া পশ্চাল্লিখিত চারিটী মন্ত্র পাঠ করিয়া সূর্য্যোপস্থান করিবে,—প্রজাপতি-ঋর্ষিরাদিত্যো দেবতা আদিত্যোপস্থানে বিনিয়োগঃ। ওঁ উদ্যন্ ভ্রাজভৃষ্টিভি-রিন্দ্রো মরুদ্ভিরস্থাৎ প্রাতর্যাবভিরস্থাৎ। দশসনিরসি দশসনিং মা কুর্ব্বা ত্বাবিশাম্যা মা বিশ। ১১। প্রজাপতির্ঋর্ষিরাদিত্যো দেবতা আদিত্যোপস্থানে বিনিয়োগঃ। ওঁ উদ্যন্ ভ্রাজভৃষ্টিভিরিন্দ্রো মরুদ্ভিরস্থাৎ শান্তপনেভিরস্থাৎ। শতসনিরসি শতসনিং মা কুর্ব্বা ত্বাবিশাম্যা মা বিশ। ১২। প্রজাপতির্ঋর্ষিরাদিত্যো দেবতা আদিত্যোপ-স্থানে বিনিয়োগঃ। ওঁ উদ্যন্ ভ্রাজভৃষ্টিভিরিন্দ্রো মরুদ্ভিরস্থাৎ সায়ং যাবভিরস্থাৎ। সহস্রসনিরসি সহস্রসনিং মা কুর্ব্বা ত্বাবিশাম্যা মা বিশ। ১৩। প্রজাপতির্ঋর্ষিরনু-ষ্টুপ্‌ছন্দ আদিত্যো দেবতা আদিত্যোপস্থানে বিনিয়োগঃ। ওঁ চক্ষুরসি চক্ষুষ্টমস্তব মে পাপ্মানং জহি। সোমস্ত্বা রাজাবতু নমস্তেঽস্ত মা মা হিংসীঃ। ১৪।

অনন্তর ব্রহ্মচারীর শরীরের নিম্নদিক হইতে পরবর্ত্তী মন্ত্রে মেখলা মোচন করিবে। মন্ত্র—শুনঃশেফঋষিস্ত্রিষ্টুপ্‌ছন্দো বরুণো দেবতা মেখলা মোচনে বিনিয়োগঃ। ওঁ উদুত্তমং বরুণ পাশমস্মদবাধমং বি মধ্যমং শ্রথায়। অথাদিত্য ব্রতে বয়ং তবানাগসো অদিতয়ে স্যাম। ১৫।

পরে বিল্বদণ্ড ভগ্ন করিয়া, অগ্নিতে দিয়া মহাব্যাহৃতি হোম করিয়া উদীচ্য কর্ম্ম শেষ করিবে।

তৎপরে স্নান জন্য জলের ছিটা মস্তকে দিয়া, পট্টাদি কিংবা নব শুক্ল বস্ত্র পরিয়া—ওঁ যজ্ঞোপবীতমসি মন্ত্রে দুই গ্রন্থি যজ্ঞোপবীত পরিয়া কৃষ্ণসার চর্ম্ম-

যুক্ত যজ্ঞোপবীত ত্যাগ করিবে এবং অলঙ্কার পরিয়া এই মন্ত্রে মস্তকে মাল্য রাখিবে—প্রজাপতির্ঋষিঃ শ্রীর্দ্দেবতা স্রগ্বন্ধনে বিনিয়োগঃ। ওঁ শ্রীরসি ময়ি রমস্ব। ১৬। পরে চর্ম্মপাদুকা পরিধান জন্য এই মন্ত্র পড়িবে—প্রজাপতির্ঋষি-রুপানহৌ দেবতে উপানৎ-পরিধাপনে বিনিয়োগঃ। ওঁ নেত্র্যৌ স্থো নয়তং মাম্। ১৭। পলাশ অথবা বংশদণ্ড লইয়া এই মন্ত্র পড়িবে—প্রজাপতির্ঋষি-র্দ্দণ্ডো দেবতা দণ্ডগ্রহণে বিনিয়োগঃ। ওঁ গন্ধর্ব্বোঽস্যুপাব উপমামব। ১৮। পরে ব্রহ্মচারী আচার্য্যের নিকটে যাইয়া আচার্য্যকে দেখিয়া পরবর্ত্তী মন্ত্র পড়িবে—প্রজাপতির্ঋষিরাচার্য্যপরিষদৌ দেবতে আচার্য্যপরিষদ্বীক্ষণে বিনিয়োগঃ। ওঁ যক্ষমিব চক্ষুষঃ প্রিয়ো বো ভূয়াসম্। ১৯। ব্রহ্মচারীর দক্ষিণ হস্তের অঙ্গুলিদ্বারা স্বীয় মুখবায়ু ঢাকিয়া মন্ত্র পড়িবে; যথা—প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্ ছন্দো জিহ্বা দেবতা মুখ-প্রাণস্পর্শনে বিনিয়োগঃ। ওঁ ওষ্ঠাপিধানা নকুলী দন্তপরিমিতঃ পবিঃ। জিহ্বে মা বিহ্বলো বাচং চারু মাদ্যেহ বাদয়। ২০।

পরে আচার্য্য অর্ঘ্য, পাদ্য কিংবা পুষ্প দ্বারা ব্রহ্মচারীকে পূজা করিবেন। পরে ব্রহ্মচারী রথারোহণ উদ্দেশে এই মন্ত্র পড়িবে,—প্রজাপতির্ঋষিস্ত্রিষ্টুপ্-ছন্দো রথো দেবতা রথাভিমর্শনারোহণে বিনিয়োগঃ। ওঁ বনস্পতে বীড্বঙ্গো হি ভূয়া অস্মৎসখা প্রতরণঃ সুবীরঃ। গোভিঃ সন্নদ্ধো অসি বীড়য়স্ব। ২১।

পরে নিম্নলিখিত মন্ত্র পড়িবে,—প্রজাপতির্ঋষিস্ত্রিষ্টুপ্ ছন্দো রথো দেবতা রথোপস্পর্শনে বিনিয়োগঃ। ওঁ আস্থাতা তে জয়তু জেত্বানি। ২২। প্রজাপতি-র্ঋষিরনুষ্টুপ্ ছন্দো ভগেন্দ্রৌ দেবতে গবানুমন্ত্রণে বিনিয়োগঃ। ওঁ ইমা মে বিশ্বতো বীর্য্যো ভব ইন্দ্রশ্চ রক্ষতং। পূষংস্ত্বং পর্য্যাবর্ত্তয়ানষ্টা আ যন্তু নো গৃহান্। আচার্য্য পরে অর্ঘ্য বা গন্ধপুষ্পদ্বারা ব্রহ্মচারীকে পূজা করিয়া দক্ষিণান্ত করিবে।

ইতি সমাবর্ত্তনম্। *

বিদ্যারম্ভ।

পঞ্চম বর্ষে শুভদিনে বিদ্যারম্ভ করিতে হয়।

পিতা কিম্বা পুরোহিত সন্ধ্যা-পূজাদি নিত্যকর্ম্ম করিয়া উত্তরমুখ হইয়া এই মন্ত্রে সঙ্কল্প করিবেন,—বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে

* এখন একই দিবসে এই সকল কার্য্য সম্পাদন করিয়া এই সময়ে উদীচ্য কর্ম্ম, শান্তি, তিলকাদি এবং দক্ষিণান্ত করা হয়। প্রথম খণ্ডে সর্ব্বকর্ম্ম-সাধারণীয় কুশণ্ডিকায় উদীচ্য কর্ম্ম দেখ।

অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণো বিশিষ্টবিদ্যালাভকামো বিষ্ণ্বাদিদেবতাপূজনমহং করিষ্যামি। পরে গণেশাদিকে গন্ধপুষ্প দিয়া, বিষ্ণুর ধ্যান করতঃ "ওঁ বিষ্ণবে নমঃ" মন্ত্রে পূজা করিয়া, "ওঁ নমস্তে বহুরূপায় বিষ্ণবে পরমাত্মনে স্বাহা" মন্ত্রে তিনবার অঞ্জলি দিবে। পরে লক্ষ্মী ও সরস্বতী দেবীর ষোড়শোপচারে পূজা করিবে। এবং লক্ষ্মীকে "নমস্তে সর্ব্বদেবানাং" ইত্যাদি মন্ত্রে এবং সরস্বতীকে "ভদ্রকাল্যৈ নমো নিত্যং"—মন্ত্রে তিন বার পুষ্পাঞ্জলি দিবে। (২য় খণ্ড, ১৮৭ পৃঃ, ২১ পঃ ও ২৪৭ পৃঃ ১৫ পঃ দেখ।)

পরে পঞ্চোপচারে "ওঁ রুদ্রায় নমঃ, ব্রহ্মণে, জনার্দ্দনায়, লক্ষ্ম্যৈ, সূত্রকারেভ্যঃ, স্ববিদ্যায়ৈ, নবগ্রহেভ্যঃ" বলিয়া পূজা করিবে। পরে বালক সরস্বতীকে পুষ্পাঞ্জলি দিয়া গুরুকে প্রণাম করিবে।

পরে পূর্ব্বমুখে উপবিষ্ট গুরু, বালককে পশ্চিমাভিমুখে বসাইয়া ঈশ্বরের নাম বলাইবেন। তৎপরে প্রথমে বালককে অকারাদি স্বরবর্ণ এবং ককারাদি ক্ষ পর্য্যন্ত ব্যঞ্জনবর্ণ তিনবার পড়াইয়া খড়ি দিয়া ঐ সকল বর্ণ ক্রমান্বয়ে লিখাইবেন। অনন্তর গুরু দক্ষিণান্ত ও অচ্ছিদ্রাবধারণ করিবেন। বালক সে দিন নিরামিষ ভোজন করিবে।

অনধ্যায়।

যস্মান্মন্বন্তরাদৌ তু রথমাপুর্দিবাকরাঃ।
মাঘমাসস্য সপ্তম্যাং তস্মাৎ সা রথসপ্তমী॥
মাঘমাসের শুক্লা সপ্তমীকে অরুণোদয়সপ্তমী কহে।
মহানবম্যাং দ্বাদশ্যাং ভরণ্যামপি চৈব হি।
তথাক্ষয়তৃতীয়ায়াং শিষ্যান্নাধ্যাপয়েদ্বুধঃ॥
মাঘমাসে তু সপ্তম্যাং রথাখ্যায়াঞ্চ বর্জ্জয়েৎ॥—মৎস্যপুরাণ।

মহানবমী, দ্বাদশী, ভরণীনক্ষত্রযুক্তদিনে, অক্ষয়তৃতীয়া এবং রথসপ্তমী অর্থাৎ মাঘমাসের সপ্তমীতে পণ্ডিতগণ ছাত্রদিগকে অধ্যয়ন করাইবেন না।

গৃহারম্ভ।

পূর্ব্বাদিষু শিরঃ কৃত্বা নাগঃ শেতে ত্রিভিস্ত্রিভিঃ
ভাদ্রাদ্যৈর্বামপার্শ্বেন তস্য ক্রোড়ে শুভং গৃহম্॥

ভাদ্রাদিতে পূর্ব্বাদিদিকে মস্তক রাখিয়া তিনবার করিয়া বামপার্শ্বে নাগ শয়ন করে। সেই নাগক্রোড়ে গৃহ প্রস্তুত প্রশস্ত।

মহাভারতে উক্ত হইয়াছে ভাদ্র, আশ্বিন, কার্ত্তিক মাসে উত্তরমুখ; অগ্রহায়ণ, পৌষ, মাঘ মাসে পূর্ব্বমুখ; ফাল্গুন, চৈত্র, বৈশাখ মাসে দক্ষিণমুখ; জ্যৈষ্ঠ, আষাঢ়, শ্রাবণ মাসে পশ্চিমমুখ গৃহ হইবে।

পুরোহিত নিত্যপূজাদি শেষকরণানন্তর, পরবর্ত্তী মন্ত্রে সঙ্কল্প করিবেন,—বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুক-দেবশর্ম্মা অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ এতদ্বাস্তু-সর্ব্বদোষোপশমনকামো বাস্তুপূজনমহং করিষ্যামি।

বাস্তুর অগ্নিকোণে হস্তপ্রমাণ দীর্ঘ ও প্রস্থ চতুরঙ্গুলি গভীর স্থান গোময় দ্বারা লেপন করিয়া জলপূর্ণ গর্ত্তে কিম্বা শালগ্রামশিলায় পশ্চাল্লিখিত দেবতাকে যথা-শক্তি পূজা করিবে। এষ গন্ধঃ ওঁ গণেশায় নমঃ (এই ক্রমে) সূর্য্যায়, সোমায়, মঙ্গলায়, বুধায়, বৃহস্পতয়ে, শুক্রায়, শনৈশ্চরায়, রাহবে, কেতুভ্যঃ, ইন্দ্রাদি-দশদিক্‌পালেভ্যঃ ক্ষেত্রপালেভ্যঃ, ভূতক্রুরগ্রহেভ্যঃ, ক্রুরভূতেভ্যঃ, ব্রহ্মণে বাস্তুপুরুষায়, শিখিনে, পর্জ্জন্যায়, জয়ন্তায়, ইন্দ্রায়, সূর্য্যায়, ভৃশায়, আকাশায়, বায়বে, পূষ্ণে, বিতথায়, গৃহক্ষতায়, যমায়, গন্ধর্ব্বায়, ভৃঙ্গরাজায়, মৃগায়, পিতৃভ্যঃ দৌবারিকায়, সুগ্রীবায়, পুষ্পদন্তায়, বরুণায়, অসুরায়, শেষায়, পাপায়, রোগায়, অহয়ে, মুখ্যায়, ভল্লাটায়, সোমায়, অদিত্যৈ, দিত্যৈ, অপায়, সাবিত্র্যৈ, জয়ায়, রুদ্রায়, অর্য্যম্নে, সবিত্রে, বিবস্বতে, ইন্দ্রায়, মিত্রায়, রাজযক্ষ্মণে, পৃথ্বীধরায়, আপবৎসায়, ব্রহ্মণে, চরক্যৈ, বিদার্য্যৈ, পূতনায়ৈ, পাপরাক্ষস্যৈ, স্কন্দায়, অর্য্যম্নে, জম্ভকায়, পিলিপিঞ্জায়।

পরে, বিষ্ণুর পূজা করিয়া,—"ওঁ নমস্তে বহুরূপায় বিষ্ণবে পরমাত্মনে স্বাহা" মন্ত্রে পুষ্পাঞ্জলি দিবে। তৎপরে নিম্নলিখিত দেবতাদিগের পূজা করিবে, যথা,—শ্রিয়ৈ। বাসুদেবায়। বাসুদেবকে অর্ঘ্যদান মন্ত্র—ওঁ আধারশক্তিরূপস্ত্বং কূর্ম্মরূপী জনার্দ্দন। গৃহাণার্ঘ্যং ময়া দত্তমাচন্দ্রার্কং স্থিরো ভব॥ পৃথিব্যৈ, শঙ্খদ্বারা দুগ্ধসমন্বিত অর্ঘ্য লইয়া নিম্নলিখিত মন্ত্রে পৃথিবীকে প্রদান করিবে,—ওঁ অত্র তিষ্ঠন্তি যে নাগা ভূমিষ্ঠা ভূমিপালকাঃ। অপসর্পন্তু তে সর্ব্বে গৃহাণার্ঘ্যং ধরিত্রি মে॥ হিরণ্যগর্ভে বসুধে শেষস্যোপরিশায়িনি। বসাম্যহং তব পৃষ্ঠে গৃহাণার্ঘ্যং ধরিত্রি মে॥

বসুধার নিকট এই বলিয়া প্রণাম করতঃ প্রার্থনা করিবে—ওঁ শুভে চ

শোভনে দেবি চতুরস্রে মহীতলে। সুভগে পুত্রদে দেবি গৃহে কাশ্যপি রম্যতাম্॥ অব্যঙ্গে চাক্ষতে পূর্ণে মুনেশ্চাঙ্গিরসঃ সুতে। তুভ্যং কৃতা ময়া পূজা সমৃদ্ধিং গৃহিণঃ কুরু॥ বসুন্ধরে বরারোহে স্থানং মে দীয়তাং শুভে। ত্বৎপ্রসাদান্মহাদেবি কার্য্যং মে সিদ্ধ্যতাং দ্রুতম্॥

মাষভক্ত বলি লইয়া দিবে, মন্ত্র যথা—ওঁ অগ্নিভ্যোঽপ্যথ সর্পেভ্যো যে চান্যে তৎসমাশ্রিতাঃ। তেভ্যো বলিং প্রযচ্ছামি পুণ্যমোদনমুত্তমম্॥ ভূতানি রাক্ষসা বাপি যেঽত্র তিষ্ঠন্তি কেচন। তে গৃহ্নন্তু বলিং সর্ব্বে বাস্তুং গৃহ্নাম্যহং পুনঃ॥ ভূত-প্রণামমন্ত্র—ভূতানি যানীহ বসন্তি তানি বলিং গৃহীত্বা বিধিনোপপাদিতম্। অন্যত্র বাসং পরিকল্পয়ন্তু ক্ষমন্তু তানীহ নমোঽস্তু তেভ্যঃ॥

পরে পূর্ব্বোক্ত গর্ত্তমধ্যে কিম্বা জলপূর্ণ ঘটে দধি দূর্ব্বা আতপতণ্ডুল পুষ্প ফল আম্রপল্লবসংযুক্ত অর্ঘ্য লইয়া বাস্তুদেবকে দিবে,—"ইদমর্ঘ্যং ওঁ বাস্তোস্পতয়ে নমঃ।" "ওঁ শিল্পাচার্য্যায় দেবায় নমস্তে বিশ্বকর্ম্মণে স্বাহা" উচ্চারণ পূর্ব্বক,—"ওঁ বিশ্বকর্ম্মণে নমঃ" মন্ত্রে পূজা করিবে।

পরে কৃতৈতৎ গৃহারম্ভকর্ম্মণঃ সাঙ্গতার্থং—ইত্যাদিক্রমে দক্ষিণান্ত করিয়া বলিবে,—"ওঁ যান্তু দেবগণাঃ সর্ব্বে পূজামাদায় যাজ্ঞিকাম্। ইষ্টকাম-প্রসিদ্ধ্যর্থং পুনরাগমনায় চ॥" পরে সূত্রপাত নিমিত্তক প্রদক্ষিণক্রমে খোঁটা পুতিয়া মন্ত্র পড়িবে, যথা—"ওঁ বিশন্তু তেঽতলে নাগা লোকপালাশ্চ কামগাঃ। গৃহে তস্মিংশ্চ তিষ্ঠন্তু আয়ুর্ব্বলকরাঃ সদা॥"

পরে ঈশানাদিক্রমে তিনবার সূত্রদ্বারা বেষ্টন করিবে। পূর্ব্বোক্ত গর্ত্তে একখানি অভগ্ন ইট রাখিয়া উহার উপর দধি, দূর্ব্বা, পুষ্প ও তণ্ডুল মৃত্তিকা দিয়া স্তম্ভারোপণ করিবে। মন্ত্র যথা—ওঁ যথাচলো গিরির্মেরুর্হিমবাংশ্চ যথাচলঃ। শুভায় ভো গৃহস্তম্ভ তথা ত্বমচলো ভব॥

গৃহপ্রবেশ।

কর্ত্তা নিত্যপূজাদি সমাধা করিয়া গন্ধমাল্যাদি ধারণ করতঃ ব্রাহ্মণকে স্বর্ণদান করিয়া, দধ্যক্ষত আম্রদল ও ফলযুক্ত জলপূর্ণ কলসী এবং ব্রাহ্মণদিগকে অগ্রে করিয়া, গোপুচ্ছ স্পর্শ করিতে করিতে গৃহগমন করিবেন। গৃহিণীও কর্ত্তার বামপার্শ্বে থাকিয়া বামকক্ষে জলপূর্ণকলসী এবং মস্তকে ধান্যপূর্ণ কুলা লইয়া স্বামীর সহিত গৃহে যাইবেন।

পরে, কর্ত্তা বা পুরোহিত নব গৃহমধ্যে উপবেশন করিয়া এই মন্ত্রে সঙ্কল্প করিবেন,—অদ্যেত্যাদি—নবগৃহ—প্রবেশনিমিত্তক—বাস্তু-সর্ব্বদোষোপশমনকামো বাস্তুপূজনমহং করিষ্যে।

পরে যথাবিধি ন্যাসাদি করিয়া, দেবতাদিগের যথাশক্তি পূজা করিয়া দক্ষিণান্ত করিবেন। তৎপরে গৌর্য্যাদি পূজার জন্য সংকল্প করিবেন, যথা—

অদ্যেত্যাদি—নবগৃহ-প্রবেশনিমিত্তক-সগণাধিপ-গৌর্য্যাদি-ষোড়শমাতৃকাপূজা-বসোর্দ্ধারাসম্পাতনায়ুষ্যসূক্ত-জপাভ্যুদয়িকশ্রাদ্ধকর্ম্মাণ্যহং করিষ্যামি।

মাতৃকাপূজাদি এবং বৃদ্ধিশ্রাদ্ধ সমাধা হইলে স্বগৃহোক্ত বিধানে বহ্নিস্থাপন-পূর্ব্বক ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং—এই মন্ত্রে বিষ্ণু উদ্দেশে যথাশক্তি হোম করিবেন।

যজুর্ব্বেদীয় দশসংস্কার।

বিবাহ।

যথাকালে বিবাহদিনে কর্ত্তা গৌর্য্যাদি ষোড়শমাতৃকা-পূজা ও বৃদ্ধিশ্রাদ্ধ সম্পাদন করিবেন। তৎপরে শুভলগ্ন সময়ে সম্প্রদাতা ও জামাতা স্ব স্ব আসনে উপবিষ্ট হইলে সম্প্রদাতা গণেশাদি দেবতাকে গন্ধপুষ্প প্রদান করিয়া স্বস্তিবাচনাদি করিয়া জামাতাকে বরণ করিবেন। যথা—সম্প্রদাতা বলিবেন,—"ওঁ সাধু ভবানাস্তাম্॥" জামাতা বলিবেন,—"ওঁ সাধ্বহমাসে।" সম্প্রদাতা বলিবেন—"ওঁ অর্চ্চয়িষ্যামো ভবন্তং" জামাতা বলিবেন,—"ওঁ অর্চ্চয়।" সম্প্রদাতা জামাতার হস্তে গন্ধপুষ্প মাল্য নববস্ত্র ও যজ্ঞোপবীতাদি প্রদান করিবেন। (এই সময় জামাতা দাঁড়াইয়া নববস্ত্র ও উপবীত পরিধানপূর্ব্বক উপবেশন করিবেন)। তদনন্তর সম্প্রদাতা দূর্ব্বা ও আতপতণ্ডুলের দ্বারা দক্ষিণহস্তে জামাতার দক্ষিণ জানু ধারণ করিয়া পাঠ করিবেন,—

অদ্যামুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুকতিথৌ অমুক-গোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা * শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ প্রপৌত্রং, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ

* সম্প্রদাতার নিজ নাম উল্লেখ করিতে হয়।

পৌত্রং, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পুত্রং, অমুকগোত্রং অমুকপ্রবরং শ্রীঅমুকদেবশর্ম্মাণং বরং * অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ প্রপৌত্রীং, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পৌত্রীং, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পুত্রীং, অমুকগোত্রাং অমুকপ্রবরাং শ্রীঅমুকীদেবীং † শুভবিবাহায় দাতুমেভির্গন্ধাদিভিরভ্যর্চ্চ্য ভবন্তমহং বৃণে।

জামাতা বলিবেন,—"ওঁ বৃতোঽস্মি।" সম্প্রদাতা বলিবেন,—"ওঁ যথাবিহিতং বিবাহকর্ম্ম কুরু"। জামাতা বলিবেন,—"ওঁ যথাজ্ঞানং করবাণি।"

এই সময় স্ত্রী-আচার করিতে হয়। এবং সাতবার প্রদক্ষিণ ও মাল্য বদলাদি করিয়া বস্ত্রাবৃত করিয়া অন্যোন্যাবলোকন বা বরকন্যার পরস্পর মুখদর্শন করাইয়া বরকন্যাকে সম্প্রদান স্থানে আনয়ন করিয়া বরের দক্ষিণে কন্যাকে উত্তরমুখ করিয়া বিচিত্র আসনে উপবেশন করাইবে।

তদনন্তর সম্প্রদাতা বিষ্টর লইয়া জামাতার দক্ষিণহস্তে দান করিবেন,— "ওঁ বিষ্টরো বিষ্টরো বিষ্টরঃ প্রতিগৃহ্যতাম্"। জামাতা গ্রহণ করিয়া পাঠ করিবেন,—ওঁ বিষ্টরং প্রতিগৃহ্লামি ‡। ওঁ বর্ষ্মোঽস্মি সমানানামুদ্যতামিব সূর্য্যঃ ইমন্তমভিতিষ্ঠামি যো মা কশ্চাভিদাসতি।" এই মন্ত্র পাঠ করিয়া বিষ্টরাসন জামাতা নিজের পায়ের তলে পাতিয়া দিবেন। সম্প্রদাতা অপর একটী বিষ্টর লইয়া পূর্ব্ব মন্ত্রে প্রদান ও জামাতা পূর্ব্ব মন্ত্রে গ্রহণ করিয়া অপর পায়ের তলে দিবেন। অনন্তর সম্প্রদাতা পাদ্য গ্রহণপূর্ব্বক পাঠ করিবেন,—"ওঁ পাদ্যং পাদ্যং পাদ্যং প্রতিগৃহ্যতাম্।" জামাতা বলিবেন,—"ওঁ পাদ্যং প্রতিগৃহ্নামি।" পাদ্য গ্রহণ করিয়া তাহা ভূমিতে রাখিয়া একটু জল অঞ্জলিতে গ্রহণপূর্ব্বক মন্ত্র পাঠ করিবেন,—"ওঁ বিরাজো দোহোঽসি বিরাজো দোহমসীয় ময়ি পাদ্যায়ৈ বিরাজো দোহঃ।" মন্ত্রপাঠান্তে দক্ষিণ পদে (শূদ্র বাম পদে) দিবেন। সম্প্রদাতা পুনরায় পূর্ব্ব মন্ত্রে পাদ্য দান করিবেন এবং জামাতা পূর্ব্ব মন্ত্রে গ্রহণ করিয়া বাম পদে (শূদ্র দক্ষিণ পদে) পাদ্য দান করিবেন।

* বরপক্ষের নাম করিতে হইবে। শূদ্রদিগের দেবশর্ম্মণঃ স্থলে দাসস্য বলিবে এবং শর্ম্মাণং স্থলে দাসং বলিবে।

† শূদ্রের—দাসীং।

‡ শূদ্র এই পর্য্যন্ত পাঠ করিবে—ইহার পরের মন্ত্র কোন স্থলেই পাঠ করিবে না; পুরোহিত পাঠ করিবেন। পাঠের পর যে অনুষ্ঠান, তাহা সর্ব্বত্রই করিবে।

সম্প্রদাতা অর্ঘ্যদান করিবেন,—"ওঁ অর্ঘোঽর্ঘোঽর্ঘঃ প্রতিগৃহ্যতাম্।" "ওঁ অর্ঘং প্রতিগৃহ্ণামি"—জামাতা এই বলিয়া অর্ঘ হস্তে লইয়া মন্ত্রপাঠ করিবেন,—"ওঁ আপঃ স্থ যুষ্মাভিঃ সর্ব্বান্ কামানবাপ্নবানি"। এই মন্ত্রে শিরোপরি দিয়া সেই অর্ঘজল ত্যাগ করিয়া মন্ত্রপাঠ করিবেন, যথা—"ওঁ সমুদ্রং বঃ প্রহিণোমি স্বাং যোনিমভিগচ্ছত। অরিষ্টা অস্মাকং বীরা মা পরাসেচি মৎপয়ঃ।"—সম্প্রদাতা আচমনীয় জল লইয়া পাঠ করিবেন,—"ওঁ আচমনীয়মাচমনীয়মাচমনীয়ং প্রতিগৃহ্যতাম্।"—"ওঁ আচমনীয়ং প্রতিগৃহ্ণামি"—এই বলিয়া জামাতা আচমনীয় গ্রহণ পূর্ব্বক পাঠ করিবেন,—"ওঁ আ মা গন্ যশসা সংসৃজ বর্চ্চসা তং মা কুরু প্রিয়ং। প্রজানামধিপতিং পশূনামরিষ্টং তনূনাম্।" অনন্তর সেই জলে আচমন করিবে।

সম্প্রদাতা কাংস্য-পাত্রস্থিত মধুপর্ক নিম্নবাক্যে জামাতার হস্তে প্রদান করিবেন। "ওঁ মধুপর্কো মধুপর্কো মধুপর্কঃ প্রতিগৃহ্যতাম্"—"ওঁ মধুপর্কং প্রতিগৃহ্ণামি"—জামাতা এই বলিয়া মধুপর্ক গ্রহণ করিয়া পাঠ করিবেন,—"মধু মিত্রস্য ত্বা চক্ষুষা প্রতীক্ষে।"—এই বলিয়া কাংস্যপাত্রস্থ মধুপর্ক নিরীক্ষণ করিয়া—"ওঁ দেবস্য ত্বা সবিতুঃ প্রসবেঽশ্বিনোর্ব্বাহুভ্যাং পূষ্ণো হস্তাভ্যামাদদে।" মধুপর্ক বামহস্তে লইয়া দক্ষিণহস্তের অনামিকা ও অঙ্গুষ্ঠ দ্বারা আলোড়ন করিয়া পাঠ করিবেন।—"ওঁ নমস্যাবাশ্যায়ান্নশনে যৎ ত আবিদ্ধং তত্তে নিষ্কৃন্তামি।" এই মন্ত্র পাঠ করিয়া দক্ষিণহস্তের অনামা ও অঙ্গুষ্ঠাঙ্গুলিদ্বারা তিনবার আলোড়িত করিয়া ভূমিতে কিঞ্চিৎ ত্যাগ করিয়া পরে "ওঁ যন্মধুনো মধব্যং পরমং রূপমন্নাদ্যং তেনাহং মধুনো মধব্যেন পরমেণ রূপেণান্নাদ্যেন পরমো মধব্যোঽন্নাদোঽসানি।" এই মন্ত্র পাঠ করিয়া তিনবার (ভোজন ব্যবহার না থাকায়) আঘ্রাণ করিবেন। জামাতা আচমন করিয়া নিম্ন মন্ত্রে প্রাণাদি স্থান সকল স্পর্শ করিবেন। যথা—ওঁ বাঙ্ম-আস্যে অস্তু (মুখে)। ওঁ নসোঃ প্রাণো মেঽস্তু (নাসিকা)। ওঁ অক্ষ্ণো-শ্চক্ষুর্মেঽস্তু (চক্ষুর্দ্বয়)। ওঁ কর্ণয়োঃ শ্রোত্রং মেঽস্তু (কর্ণদ্বয়)। ওঁ বাহ্বোর্ব্বলং মেঽস্তু (বাহুদ্বয়)। ওঁ ঊর্ব্বোরোজো মেঽস্তু (ঊরুদ্বয়)। ওঁ অরিষ্টানি মেঽঙ্গানি তনূস্তন্বা মে সহ সন্তু (শিরঃ প্রভৃতি পাদ পর্য্যন্ত স্পর্শ করিবে।) নাপিত তিনবার "গৌঃ গৌঃ" এই শব্দ উচ্চারণ করিবে। জামাতা তাহা শ্রবণ করিয়া পাঠ করিবেন,—ওঁ মাতা রুদ্রাণাং দুহিতা বসূনাং স্বসাদিত্যানামমৃতস্য নাভিঃ। প্র ণু বোচং চিকিতুষে জনায়

মা গামনাগামদিতিং বধিষ্ট। মম চামুষ্য চ পাপ্মাহত ওমুৎসৃজত

এই স্থলে বন্ধনী মধ্যস্থ নিম্ন পদ্ধতি ক্রমে অগ্নিস্থাপনাদি করিতে হয়। কিন্তু বর্ত্তমান কালে বিবাহ রাত্রে অগ্নিস্থাপনাদি করার বিধি অনেক স্থলে প্রচলিত নাই। সুতরাং যেখানে যেমন প্রচলিত আছে, সেই স্থানে সেইরূপ করিবে,—অর্থাৎ যেখানে রাত্রে অগ্নিস্থাপন করিবার নিয়ম প্রচলিত আছে, সেখানে নিম্ন পদ্ধতিক্রমে সম্পন্ন করিবে, আর যেখানে প্রচলিত নাই, সেখানে তৎপর দিবসই করিবে।

[জামাতা পূর্ব্বাভিমুখে অগ্নিস্থাপন করিবে। হস্তপরিমিত স্থণ্ডিল করিয়া কুশ-মূলের দ্বারা পূর্ব্বাগ্র রেখাত্রয় করিবে। তৎপরে অঙ্গুষ্ঠতর্জ্জনী দ্বারা তদুৎকীর্ণ মৃত্তিকা উদ্ধৃত করতঃ জলদ্বারা তিনবার অভ্যুক্ষণ করিয়া আত্মদক্ষিণে অগ্নি আনিয়া ক্রব্যাদাংশ পরিত্যাগ করিবে।—ওঁ ক্রব্যাদমগ্নিং প্র হিণোমি দূরং যমরাজ্যং গচ্ছতু রিপ্রবাহঃ। ওঁ ইহৈবায়মিতরো জাতবেদা দেবেভ্যো হব্যং বহতু প্রজানন্।—এই মন্ত্রে আত্মমুখে স্থণ্ডিলে অগ্নিস্থাপন করিবে—ওঁ পিঙ্গভ্রূশ্মশ্রুকেশাক্ষঃ পীনাঙ্গজঠরোঽরুণঃ। ছাগস্থঃ সাক্ষসূত্রোঽগ্নিঃ সপ্তার্চ্চিঃ শক্তিধারকঃ॥ এই ধ্যান পাঠ করতঃ যোজক নামক অগ্নিস্থাপন ও পূজা করিবে। অনন্তর বর ও কন্যাকে বস্ত্র পরিধান করাইবে,—ওঁ জরাং গচ্ছ পরিধৎস্ব বাসো ভবা কৃষ্টীনামভিশস্তিপাবা। শতঞ্চ জীব শরদঃ সুবর্চ্চা রয়িঞ্চ পুত্রাননু সং ব্যয়স্বায়ুষ্মতীদং পরিধৎস্ব বাসঃ॥ অনন্তর উত্তরীয় গ্রহণ করিয়া কন্যা পাঠ করিবে—ওঁ যা অকৃন্তন্নবয়ন্ যা অতন্বত যাশ্চ দেবীস্তন্তূনভিতোততন্থ। তাস্ত্বা দেবী র্জরসে সংব্যয়স্বায়ুষ্মতীদং পরিধৎস্ব বাসঃ।]

অনন্তর সম্প্রদাতা কন্যাকে পশ্চিমাভিমুখে ক্রোড়স্থানে বসাইয়া কন্যা ও বর উভয়ের পরস্পর মুখাবলোকন করাইবেন। কন্যাদাতা কন্যা ও বরকে "ওঁ সমীভবেথাম্।" এই বাক্য বলিয়া অন্যোন্যের মুখাবলোকন সম্পন্ন করাইলে বর—"ওঁ সমঞ্জন্তু বিশ্বেদেবাঃ সমাপো হৃদয়ানি নৌ। সংমাতরিশ্বা সন্ধাতা সমু দেষ্ট্রী দধাতু নৌ"॥ এই মন্ত্র পাঠ করিবে।

অতঃপর সম্প্রদাতা ওঁ সাচ্ছাদনালঙ্কৃতায়ৈ কন্যায়ৈ নমঃ। এই বলিয়া তিন বার অর্চ্চনা করিবে।—তৎপরে—এতৎসম্প্রদানায় ওঁ বরায় নমঃ, এতদধিপতয়ে ওঁ প্রজাপতয়ে নমঃ—বলিয়া অর্চ্চনা ও প্রোক্ষণপূর্ব্বক তিল, কুশ ও

জল লইয়া সম্প্রদান বাক্য পাঠ করিবে,—অদ্যামুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা (শূদ্রের অমুক দাসঃ) শ্রীবিষ্ণুপ্রীতিকামঃ অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ (শূদ্রের অমুকদাসস্য) প্রপৌত্রায়, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পৌত্রায়, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পুত্রায়, অমুকগোত্রায় অমুকপ্রবরায় অমুকদেবশর্ম্মণে (শূদ্রের দাসায়) বরায় অর্চ্চিতায়; অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ (শূদ্রের অমুকদাসস্য) প্রপৌত্রীং, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পৌত্রীং, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পুত্রীং, অমুকগোত্রাং অমুকপ্রবরাং শ্রীঅমুকীদেবীং (শূদ্রের অমুকীদাসীং)।

পুনরায়, "অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ প্রপৌত্রায়" হইতে "অমুকীদেবীং" পর্য্যন্ত আর দুইবার পাঠ করিয়া—অর্থাৎ অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ প্রপৌত্রায় হইতে অমুকীদেবীং পর্য্যন্ত বাক্য মোট তিনবার পাঠ করিয়া তৎপরে—এনাং সবস্ত্রাচ্ছাদিতালঙ্কৃতাং কন্যাং প্রজাপতিদেবতাকাং তুভ্যমহং সম্প্রদদে।

কন্যার হস্তের সহিত পূর্ব্বগৃহীত জল বরহস্তে প্রদান করিবে। বর "ওঁ স্বস্তি" বলিয়া গ্রহণ করিবে। সম্প্রদাতা পাঠ করিবেন, "ওঁ কন্যেয়ং প্রজাপতিদেবতাকা"।

এই সময় বর কামস্তুতি পাঠ করিবেন; যথা,—ওঁ কোহদাৎ কস্মা অদাৎ কামোহদাৎ কামায়াদাৎ কামো দাতা কামঃ প্রতিগৃহীতা কামৈতত্তে তব কাম সতা ভুনজামহে।

অনন্তর বর পাঠ করিবে—ওঁ দ্যৌস্ত্বা দদাতু পৃথিবী ত্বা প্রতিগৃহ্নাতু।

অতঃপর পুরোহিত লেপদ্রব্য দ্বারা বধূ ও বর উভয়ের হস্তলেপ প্রদান * করিয়া গায়ত্রী পাঠ করতঃ কুশদ্বারা বন্ধন করিবেন এবং দক্ষিণান্ত করিবেন, যথা—অদ্যামুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুকতিথৌ

---

* সহদেবা, ময়ূরবর্হ, অপরাজিতা, শতপুষ্পা, মোহিনী সর্জরস, সিক্থ (মোম) কুঙ্কুম, চন্দন, গুগ্গুল, কর্পূর মদনকোষ, মধুপুষ্প, কাকোলী, লতাকস্তুরী, জায়ফল, ঋদ্ধি, বৃদ্ধি, ক্ষীরকাকোলী, মেদ, মহামেদ, জীবক, বাসক ও ঘৃত এই সকল দ্রব্য এক মাষা পরিমাণে লইয়া একত্র করিবে এবং জামাতার হস্তোপরি বধূর হস্ত রাখিয়া গায়ত্রী পাঠ সহকারে কুশবেণী দ্বারা উক্ত দ্রব্যগুলি বন্ধন করিয়া দিবে। বর্ত্তমানে কুঙ্কুম চন্দনাদি লেপনীয় দ্রব্য দ্বারাও কোথাও সম্পন্ন করা হইয়া থাকে।

অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীবিষ্ণুপ্রীতি-কামনয়া কৃতৈতৎ-কন্যাদানকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনং (অথবা তন্মূল্যং) শ্রীবিষ্ণুদৈবতং অমুক-গোত্রায় অমুকপ্রবরায় শ্রীঅমুকদেবশর্ম্মণে (শূদ্রের অমুকদাসায়) বরায় অর্চ্চিতায় তুভ্যমহং সম্প্রদদে।

দক্ষিণা গ্রহণ করিয়া বর "ওঁ স্বস্তি" বলিবে। পরে সম্প্রদাতা জামাতাকে যথাশক্তি ভূমি, শয্যা, গাড়ু, দাস, দাসী প্রভৃতি দান করিয়া দিবেন। অনন্তর গায়ত্রী পাঠপূর্ব্বক কন্যার উত্তরীয় বস্ত্রদশাদ্বারা ক্রোড়াঞ্চলে গ্রন্থিবন্ধন করিবেন এবং পুরোহিত গায়ত্রী পড়িয়া সেই গ্রন্থি খুলিয়া দিবেন।

অনেকস্থলে শূদ্রগণ এই সময়েই লাজাহুতি শেষ করে। তদর্থে অগ্নি জ্বালিয়া কেবল অমন্ত্রক তিন অঞ্জলি লাজ (খই) প্রজ্বলিত অগ্নিতে বর ও কন্যার মিলিত হস্তদ্বারা আহুতি দিয়া থাকেন। পরে কন্যাকে বরের বাম ভাগে লইয়া জামাতা কন্যার সিঁতেয় (অঙ্গুরী বা অন্য কোন পাত্রদ্বারা—যেখানে যে নিয়ম) সিন্দুর দিয়া দিবেন। অনন্তর রমণীগণ হুলু ও শঙ্খধ্বনি এবং মাঙ্গল্য বাদ্যসহকারে কন্যাকে গৃহে লইবেন।

বিবাহ-কুশণ্ডিকা।

যদি বিবাহ রাত্রে কুশণ্ডিকা করিবার প্রথা থাকে, তবে বর ও কন্যা পূর্ব্বস্থাপিত অগ্নি সমীপে গমন করিবে। আর যদি তৎপর দিবস কুশণ্ডিকা করিবার প্রথা প্রচলিত থাকে, তবে বিবাহ-পদ্ধতি মধ্যে যেরূপ অগ্নিস্থাপন-প্রণালী ও মন্ত্র লিখিত হইয়াছে, সেইরূপ অগ্নিস্থাপনাদি করিবে। পরে—বর কন্যার হস্তধারণপূর্ব্বক অগ্নির পশ্চিমে গমন করিয়া পাঠ করিবেন—ওঁ য এতি প্রদিশঃ সর্ব্বা দিশোহনু পবমানঃ। হিরণ্যহস্ত ঐরম্মস্ম ত্বা মন্মনসং কৃণোত্বসৌ॥—(অসৌ স্থলে বধূর নাম করিবে।)

অনন্তর কন্যার পিতা "ওঁ অন্যোন্যং সমীক্ষেথাং" এই বলিয়া বর ও কন্যার পরস্পর মুখাবলোকন করাইলে বর পাঠ করিবেন,—ওঁ অঘোরচক্ষুরপতি-ঘ্ন্যেধি শিবা পশুভ্যঃ সুমনাঃ সুবর্চ্চাঃ। বীরসূর্দেবকামা স্যোনা শং নো ভব দ্বিপদে শঞ্চতুষ্পদে। ওঁ সোমঃ প্রথমো বিবিদে গন্ধর্ব্বো বিবিদ উত্তরঃ। তৃতীয়ো অগ্নিস্তে পতিস্তুরীয়স্তে মনুষ্যজাঃ। সোমো দদদ্গন্ধর্ব্বায় গন্ধর্ব্বো দদদগ্নয়ে রয়িঞ্চ পুত্রাংশ্চাদাদগ্নির্ম্মহ্যমথো ইমাম্। ওঁ সা নঃ পূষা শিবতমা মৈরয়ৎ সা ন উরু। উশতীরিহবয়ন্তামুষন্তঃ প্রহরাম শেফং ধর্ম্মার্থকামা বহবো নিবিষ্টাঃ॥

বধূ বরের নিষ্ক্রমণ হইতে আরম্ভ করিয়া অভিষেক যাবৎ চন্দনচর্চ্চিত আম্রপল্লবমুখ জলকুম্ভ স্থাপন করিবে। তৎপরে বস্ত্রবেষ্টিত তৃণপুলক দক্ষিণ পাদদ্বারা সঞ্চালিত করতঃ হোমের জন্য উপবেশন করিবে। বধূও তথায় দক্ষিণ ভাগে উপবিষ্ট হইবে। তৎপরে কোন বেদাধ্যায়ী ব্রাহ্মণকে ব্রহ্ম বরণ করিবে। যথা—অদ্যেত্যাদি—অমুকগোত্রং শ্রীঅমুকদেবশর্ম্মাণং মদীয়-বিবাহ-হোমকর্ম্মণি ব্রহ্মকর্ম্ম কর্ত্তুমেভির্গন্ধাদিভিরভ্যর্চ্চ্য ব্রহ্মত্বেন ভবন্তমহং বৃণে।—ব্রহ্মা,—"ওঁ বৃতোঽস্মি" বলিবেন। বর—"ওঁ যথাবিহিতং ব্রহ্মকর্ম্ম কুরু" বলিবে। ব্রহ্মা—"ওঁ যথাজ্ঞানতঃ করবাণি" বলিবেন।

অনন্তর অগ্নির দক্ষিণে পূর্ব্বাগ্র করিয়া কুশময় ব্রহ্মার আসন আস্তীর্ণ করিয়া—"ওঁ ব্রহ্মন্নিহোপবিশ্যতাম্"—বলিয়া ব্রহ্মাকে উপবেশন করাইবে। ব্রাহ্মণ অভাবে কুশময় ব্রহ্মস্থাপন করিবে।

তদনন্তর,—অগ্নির উত্তরে প্রণীতা প্রণয়নপূর্ব্বক একবার অচ্ছিন্ন কুশদ্বারা ঈশান কোণ হইতে আরম্ভ করিয়া দক্ষিণাবর্ত্তে অগ্নিপরিস্তরণ ও অগ্নির উত্তরে নিম্নলিখিত প্রয়োজনীয় দ্রব্য সকল দক্ষিণাদিক্রমে সংস্থাপন করিবে, যথা—পবিত্রচ্ছেদনার্থ কুশপত্রত্রয়, দুইটী পবিত্র, প্রোক্ষণীপাত্র, আজ্যস্থালী, সম্মার্জ্জন কুশা ছয়টী, উপযমন কুশা ত্রয়োদশটী, প্রাদেশ প্রমাণ সমিধ্ তিনটী, স্রুব, আজ্য, তণ্ডুল ও ব্রহ্মদক্ষিণার্থ পূর্ণপাত্র। তদ্ভিন্ন অভিষেকার্থ আম্রপল্লবমুখ জলপূর্ণ কুম্ভ, শূর্পে করিয়া শমীপত্রমিশ্রিত লাজ (খৈ), শিলা, শিলাপুত্র (নোড়া) ও লোহিতবরণ বলীবর্দ্দ চর্ম্ম রাখিবে।

অনন্তর পূর্ব্বসংগৃহীত পবিত্রচ্ছেদনার্থ কুশদ্বারা প্রাদেশ প্রমাণ কুশচ্ছেদন পূর্ব্বক প্রোক্ষণীপাত্রে অর্পণ করিয়া প্রোক্ষণীপাত্র হইতে সপবিত্র জল লইয়া অগ্নিপর্য্যুক্ষণ করিবে—"ওঁ এষো হ দেবঃ প্রদিশো নু সর্ব্বাঃ পূর্ব্বোহজাতঃ স উ গর্ভে অন্তঃ। স এব জাতঃ স জনিষ্যমাণঃ প্রত্যঙ্জনাস্তিষ্ঠতি সর্ব্বতোমুখঃ॥—এই মন্ত্রে সম্মুখীকরণ করিবে। তদনন্তর প্রণীতাতে পবিত্র রাখিয়া সংস্রবার্থ প্রোক্ষণীপাত্র অগ্নির উত্তরে সংস্থাপন করিবে। তৎপরে যজমান অন্বারম্ভ পূর্ব্বক স্রুব লইয়া ঘৃতদ্বারা আঘারাজ্য ভাগ হোম করিবে। যথা—ওঁ প্রজাপতয়ে স্বাহা। ইদং প্রজাপতয়ে (এইরূপে দেবতা উদ্দেশ করিয়া তূষ্ণীং হোম করিবে। আহুতি দিয়া স্রুব সংলগ্ন হবিঃশেষ প্রাশনার্থে অগ্নির উত্তরে স্থাপন করিবে, এইরূপ সর্ব্বত্র)। ওঁ ইন্দ্রায় স্বাহা, ইদমিন্দ্রায়। ওঁ অগ্নয়ে স্বাহা, ইদমগ্নয়ে। ওঁ সোমায় স্বাহা, ইদং সোমায়।

প্রকৃত কর্ম্ম,—আজ্যদ্বারা দ্বাদশ মন্ত্রে রাষ্ট্রভৃদ্ধোম করিবে; যথা—ওঁ ঋতাষাড়্ ঋতধামাগ্নির্গন্ধর্ব্বঃ। স ন ইদং ব্রহ্মক্ষত্রং পাতু তস্মৈ স্বাহা বাট্। ইদমৃতাষাহে ঋতধাম্নেঽগ্নয়ে গন্ধর্ব্বায়। ১। ওঁ ঋতাষাড়্ ঋতধামাগ্নির্গন্ধর্ব্বঃ। তস্যৌষধয়োঽপ্সরসো মুদো নাম তাভ্যঃ স্বাহা। ইদমোষধিভ্যোঽপ্সরোভ্যো মুদ্ভ্যঃ। ২। ওঁ সংহিতো বিশ্বসামা সূর্য্যো গন্ধর্ব্বঃ। স ন ইদং ব্রহ্মক্ষত্রং পাতু তস্মৈ স্বাহা বাট্। ইদং সংহিতায় বিশ্বসাম্নে সূর্য্যায় গন্ধর্ব্বায়। ৩। ওঁ সংহিতো বিশ্বসামা সূর্য্যো গন্ধর্ব্বঃ। তস্য মরীচয়োঽপ্সরসঃ আয়ুবো নাম তাভ্যঃ স্বাহা। ইদং মরীচিভ্যোঽপ্সরোভ্যঃ আয়ুভ্যঃ। ৪। ওঁ সুষুম্নঃ সূর্য্যরশ্মিশ্চন্দ্রমা গন্ধর্ব্বঃ। স ন ইদং ব্রহ্মক্ষত্রং পাতু তস্মৈ স্বাহা বাট্। ইদং সুষুম্নায় সূর্য্যরশ্ময়ে চন্দ্রমসে গন্ধর্ব্বায়। ৫। ওঁ সুষুম্নঃ সূর্য্যরশ্মিশ্চন্দ্রমা গন্ধর্ব্বঃ। তস্য নক্ষত্রাণ্যপ্সরসো ভেকুরয়ো নাম তাভ্যঃ স্বাহা। ইদং নক্ষত্রেভ্যোঽপ্সরোভ্যো ভেকুরিভ্যঃ। ৬। ওঁ ইষিরো বিশ্বব্যচা বাতো গন্ধর্ব্বঃ। স ন ইদং ব্রহ্মক্ষত্রং পাতু তস্মৈ স্বাহা বাট্। ইদমিষিরায় বিশ্বব্যচসে বাতায় গন্ধর্ব্বায়। ৭। ওঁ ইষিরো বিশ্বব্যচা বাতো গন্ধর্ব্বঃ। তস্যাপোঽপ্সরস ঊর্জ্জো নাম তাভ্যঃ স্বাহা। ইদমদ্ভ্যোঽপ্সরোভ্য ঊর্গ্‌ভ্যঃ। ৮। ওঁ ভুজ্যুঃ সুপর্ণো যজ্ঞো গন্ধর্ব্বঃ। স ন ইদং ব্রহ্মক্ষত্রং পাতু তস্মৈ স্বাহা বাট্। ইদং ভুজ্যবে সুপর্ণায় যজ্ঞায় গন্ধর্ব্বায়। ৯। ওঁ ভুজ্যুঃ সুপর্ণো যজ্ঞো গন্ধর্ব্বঃ। তস্য দক্ষিণা অপ্সরসস্তবা নাম তাভ্যঃ স্বাহা। ইদং দক্ষিণাভ্যোঽপ্সরোভ্যস্তবাভ্যঃ। ১০। ওঁ প্রজাপতির্ব্বিশ্বকর্ম্মা মনো গন্ধর্ব্বঃ। স ন ইদং ব্রহ্মক্ষত্রং পাতু তস্মৈ স্বাহা বাট্। ইদং প্রজাপতয়ে বিশ্বকর্ম্মণে মনসে গন্ধর্ব্বায়। ১১। ওঁ প্রজাপতির্ব্বিশ্বকর্ম্মা মনো গন্ধর্ব্বঃ। তস্য ঋক্‌সামান্যপ্সরস এষ্টয়ো নাম তাভ্যঃ স্বাহা। ইদমৃক্‌সামভ্যোঽপ্সরোভ্য এষ্টিভ্যঃ। ১২।

জয়া-হোম—ওঁ চিত্তঞ্চ স্বাহা, ইদং চিত্তায়। ওঁ চিত্তিশ্চ স্বাহা, ইদং চিত্ত্যৈ। ওঁ আকুতিশ্চ স্বাহা, ইদমাকূতয়ে। ওঁ আকূতঞ্চ স্বাহা, ইদমাকূতায়। ওঁ আহুতিশ্চ স্বাহা, ইদমাহুত্যৈ। ওঁ বিজ্ঞাতঞ্চ স্বাহা, ইদং বিজ্ঞাতায়। ওঁ মনশ্চ স্বাহা, ইদং মনসে। ওঁ শক্করী চ স্বাহা, ইদং শক্কর্য্যৈ। ওঁ দর্শশ্চ স্বাহা ইদং দর্শায়। ওঁ পৌর্ণমাসশ্চ স্বাহা, ইদং পৌর্ণমাসায়। ওঁ বৃহচ্চ স্বাহা, ইদং বৃহতে। ওঁ রথন্তরঞ্চ স্বাহা, ইদং রথন্তরায়। ওঁ প্রজাপতির্জ্জয়ানিন্দ্রায় বৃষ্ণে প্রাযচ্ছদুগ্রঃ পৃতনা জয়েষুঃ। তস্মৈ বিশঃ সমনমন্তঃ সর্ব্বাঃ স উগ্রঃ স হি হব্যো বভূব স্বাহা, ইদং প্রজাপতয়ে জয়ানামধিপতয়ে।

অষ্টাদশাহুতি,—ওঁ অগ্নির্ভূতানামধিপতিঃ স মাবত্বস্মিন্ ব্রহ্মণ্যস্মিন

ক্ষেত্রেঽস্যামাশিষ্যস্যাং পুরোধায়ামস্মিন্ কর্ম্মণ্যস্যাং দেবহূত্যাং স্বাহা। ইদমগ্নয়ে ভূতানামধিপতয়ে॥ ওঁ ইন্দ্রো জ্যেষ্ঠানামধিপতিঃ স মাবত্বস্মিন্ ব্রহ্মণ্যস্মিন্ ক্ষেত্রেঽস্যামাশিষ্যস্যাং পুরোধায়ামস্মিন্ কর্ম্মণ্যস্যাং দেবহূত্যাং স্বাহা। ইদমিন্দ্রায় জ্যেষ্ঠানামধিপতয়ে॥ ওঁ যমঃ পৃথিব্যা অধিপতিঃ স মাবত্বস্মিন্নিত্যাদি। ইদং যমায় পৃথিব্যা অধিপতয়ে॥ ওঁ বায়ুরন্তরিক্ষস্যাধিপতিরিত্যাদি। ইদং বায়বে অন্তরিক্ষস্যাধিপতয়ে॥ ওঁ সূর্য্যো দিবোঽধিপতিরিত্যাদি। ইদং সূর্য্যায় দিবোঽধিপতয়ে॥ ওঁ চন্দ্রমা নক্ষত্রাণামধিপতিরিত্যাদি। ইদং চন্দ্রমসে নক্ষত্রাণামধিপতয়ে॥ ওঁ বৃহস্পতির্ব্রহ্মণোঽধিপতিরিত্যাদি। ইদং বৃহস্পতয়ে ব্রহ্মণোঽধিপতয়ে॥ ওঁ মিত্রঃ সত্যানামধিপতিঃ স মাবত্বস্মিন্নিত্যাদি। ইদং মিত্রায় সত্যানামধিপতয়ে॥ ওঁ বরুণোঽপামধিপতিঃ স মাবত্বস্মিন্নিত্যাদি। ইদং বরুণায় অপামধিপতয়ে॥ ওঁ সমুদ্রঃ স্রোতসামধিপতিঃ সমাবত্বস্মিন্নিত্যাদি। ইদং সমুদ্রায় স্রোতসামধিপতয়ে॥ ওঁ অন্নং সাম্রাজ্যানামধিপতি তন্মাবত্বস্মিন্নিত্যাদি। ইদমন্নায় সাম্রাজ্যানামধিপতয়ে॥ ওঁ সোম ওষধীনামধিপতিঃ সমাবত্বস্মিন্নিত্যাদি। ইদং সোমায় ওষধীনামধিপতয়ে॥ ওঁ সবিতা প্রসবানামধিপতিঃ স মাবত্বস্মিন্নিত্যাদি। ইদং সবিত্রে প্রসবানামধিপতয়ে॥ ওঁ রুদ্রঃ পশূনামধিপতিঃ স মাবত্বস্মিন্নিত্যাদি। ইদং রুদ্রায় পশূনামধিপতয়ে॥ ওঁ ত্বষ্টা রূপাণামধিপতিঃ স মাবত্বস্মিন্নিত্যাদি। ইদং ত্বষ্ট্রে রূপাণামধিপতয়ে॥ ওঁ বিষ্ণুঃ পর্ব্বতানামধিপতিঃ স মাবত্বস্মিন্নিত্যাদি। ইদং বিষ্ণবে পর্ব্বতানামধিপতয়ে। ওঁ মরুতো গণানামধিপতয়ঃ তে মাবত্বস্মিন্নিত্যাদি। ইদং মরুদ্ভ্যো গণানামধিপতিভ্যঃ॥ ওঁ পিতরঃ পিতামহাঃ পরেঽবরে ততাস্ততামহাস্তে ইহ মাবত্বস্মিন্ ব্রহ্মণ্যস্মিন্ ক্ষেত্রেঽস্যামাশিষ্যস্যাং পুরোধায়ামস্মিন্ কর্ম্মণ্যস্যাং দেবহূত্যাং স্বাহা। ইদং পিতৃভ্যঃ পিতামহেভ্যঃ পরেভ্যোঽবরেভ্যস্ততেভ্যস্ততামহেভ্যঃ॥ (জলস্পর্শ করিয়া) ওঁ অগ্নিরেতু প্রথমো দেবতানাং সোঽস্যৈ প্রজাং মুঞ্চতু মৃত্যুপাশাৎ। তদয়ং রাজা বরুণোঽনু মন্যতাং যথেয়ং স্ত্রী পৌত্রমঘং ন রোদাৎ স্বাহা। ইদমগ্নয়ে॥ ওঁ ইমামগ্নিস্ত্রায়তাং গার্হপত্যঃ প্রজামস্যৈ নয়তু দীর্ঘমায়ুঃ। অশূন্যোপস্থা জীবতামস্তু মাতা পৌত্রমানন্দমভিপ্রবুধ্যতামিয়ং স্বাহা।—ইদমগ্নয়ে গার্হপত্যায়॥ ওঁ স্বস্তি নো অগ্নে দিবা পৃথিব্যা বিশ্বানি ধেহ্যযথা যজত্র। যদস্যাং মহি দিবি জাতং প্রশস্তং তদস্মাসু দ্রবিণং ধেহি চিত্রং স্বাহা। ইদং বৈবস্বতায়। ওঁ পরং মৃত্যো অনুপরেহি পন্থা যস্তে অন্য

ইতরো দেবযানাৎ। চক্ষুষ্মতে শৃণ্বতে তে ব্রবীমি মা নঃ প্রজাং রীরিষো মোত বীরান্ স্বাহা। ইদং মৃত্যবে॥

অনন্তর বধূর ভ্রাতা (অভাবে অন্য কেহ) শমীপত্রমিশ্রিত লাজ শূর্পে চতুর্ধা ভাগ করতঃ বর এবং কন্যার একত্র মিশ্রিত অঞ্জলিতে ঘৃতস্রুব সহ উপস্তরণ দিয়া একভাগ শমীপত্রমিশ্রিত লাজ (খৈ) কন্যাঞ্জলিতে দিয়া হোম করিবে, এবং বর কন্যা উঠিয়া ঐরূপে তিনবার শমীপত্রমিশ্রিত ঘৃতস্রুব দ্বারা লাজাঞ্জলি তিন বার নিম্ন মন্ত্র পাঠ করিয়া হোম করিবে,—"ওঁ অর্য্যমণং নু দেবং কন্যা অগ্নিমযক্ষত। স নো অর্য্যমা দেবঃ প্রেতো মুঞ্চাতু মামুত স্বাহা। ইদমর্য্যম্নে। বর কন্যার সাঙ্গুষ্ঠ হস্ত আপন দক্ষিণ হস্তে গ্রহণ করিয়া পাঠ করিবে,—ওঁ গৃভ্ণামি তে সৌভগত্বায় হস্তং ময়া পত্যা জরদষ্টির্যথাসঃ। ভগো অর্য্যমা দেবঃ সবিতা পুরন্ধ্রির্ম্মহ্যং ত্বাদুর্গার্হপত্যায় দেবাঃ॥ অমোহমস্মি সা ত্বং সা ত্বমস্যমোহহং সামাহমস্মি ঋক্ ত্বং দ্যৌরহং পৃথিবী ত্বং তাবেহি বিবহাবহৈ সহরেতো দধাবহৈ পুত্রান্ বিন্দাবহৈ বহূংস্তে সন্তু জরদষ্টয়ঃ। শং প্রিয়ৌ রোচিষ্ণূ সুমনস্যমানৌ। পশ্যেম শরদঃ শতং জীবেম শরদঃ শতং শৃণুয়াম শরদঃ শতম্।

অতঃপর বর অগ্নির উত্তরে দক্ষিণ পদ দ্বারা বধূকে শিলাতে আরোহণ করিয়া পাঠ করিবে,—"ওঁ আরোহেমমশ্মানমশ্মেব ত্বং স্থিরা ভব। অভিতিষ্ঠ পৃতন্যতোঽববাধস্ব পৃতনায়তঃ"।

অনন্তর বর কন্যাকে শিলার উপরে উত্থাপিত করিয়া গাথা পাঠ করিবে "ওঁ সরস্বতি প্রেদমব সুভগে বাজিনীবতি। যাং ত্বা বিশ্বস্য ভূতস্য প্রজায়ামস্য চাগ্রতঃ। যস্যাং ভূতং সমভবদ্ যস্যাং বিশ্বমিদং জগৎ। তামদ্য গাথাং গাস্যামি যা স্ত্রীণামুত্তমং যশঃ"।

বধূর সহিত বর অগ্নি প্রদক্ষিণ করিতে করিতে পাঠ করিবে,—"ওঁ তুভ্যমগ্নে পর্য্যবহন্ সূর্য্যাং বহতুনা সহ। পুনঃ পতিভ্যো জায়াং দা অগ্নে প্রজয়া সহ।"

তৎপরে বধূর ভ্রাতা ঘৃতস্রুব দিয়া অঞ্জলিতে লাজ দিবে এবং বধূ নিম্ন মন্ত্রে উহা অগ্নিতে আহুতি দিবে—"ওঁ ইদং নার্য্যুপ ব্রূতে লাজানাবপন্তিকা। আয়ুষ্মানস্তু মে পতিরেধন্তাং জ্ঞাতয়ো মম স্বাহা"। ইদমগ্নয়ে।

অনন্তর পূর্ব্বোল্লিখিত মন্ত্রে পাণিগ্রহণ শিলারোহণ এবং অগ্নি প্রদক্ষিণ করিয়া পুনরায় হোম করিবে। ওঁ ইমান্ লাজানাবপাম্যগ্নৌ সমৃদ্ধিকরণাং-স্তব। মম তুভ্যং চ সংবদনং তদগ্নিরনুমন্যতামিয়ং স্বাহা"। ইদমগ্নয়ে।

পূর্ব্ববৎ মন্ত্রে পাণিগ্রহণ, শিলারোহণ এবং অগ্নি প্রদক্ষিণ করিয়া চতুর্থ লাজ ভাগ দ্বারা শূর্প (কুলা) কোণযোগে লাজ ঢালিয়া হোম করিবে,—"ওঁ ভগায় স্বাহা। ইদং ভগায়"।

তৎপরে অন্বারম্ভপূর্ব্বক ঘৃতদ্বারা প্রাজাপত্য হোম করিবে,—"ওঁ প্রজাপতয়ে স্বাহা। ইদং প্রজাপতয়ে। ওঁ অগ্নয়ে স্বিষ্টিকৃতে স্বাহা। ইদমগ্নয়ে স্বিষ্টিকৃতে"।

অনন্তর অগ্নির উত্তর দিকে যে সপ্ত মণ্ডল আছে, এক একটী মন্ত্র পাঠে তাহার এক একটী মণ্ডলে কন্যার দক্ষিণপদ ক্রমে গমন করাইবে,—মন্ত্র—"একমিষে বিষ্ণুস্ত্বাং নয়তু। ১। দ্বে উর্জ্জে বিষ্ণুস্ত্বাং নয়তু। ২। ত্রীণি রায়স্পোষায় বিষ্ণুস্ত্বাং নয়তু। ৩। চত্বারি মায়োভবায় বিষ্ণুস্ত্বাং নয়তু। ৪। পঞ্চ পশুভ্যো বিষ্ণুস্ত্বাং নয়তু। ৫। ষড়্ তুভ্যো বিষ্ণুস্ত্বাং নয়তু। ৬। সখে সপ্তপদীভব সামামনুব্রতা ভব বিষ্ণুস্ত্বাং নয়তু। ৭।

অনন্তর মিত্র-হস্তস্থিত কলসীর জলদ্বারা বর নিম্নমন্ত্রে বধূর অভিষেক করিবে। যথা,—"ওঁ আপঃ শিবাঃ শিবতমাঃ শান্তাঃ শান্ততমাঃ। তাস্তে কৃণ্বন্তু ভেষজং। ওঁ আপো হি ষ্ঠা ইত্যাদি মন্ত্রে"।

তৎপরে নিম্নমন্ত্রে বধূকে সূর্য্য দর্শন করাইবে,—ওঁ তচ্চক্ষুর্দ্দেবহিতং পুরস্তাচ্ছুক্রমুচ্চরৎ। পশ্যেম শরদঃ শতং জীবেম শরদঃ শতং শৃণুয়াম শরদঃ শতম্।

অনন্তর বর দক্ষিণ হস্তদ্বারা বধূর স্কন্ধ বেষ্টনপূর্ব্বক হৃদয় স্পর্শ করিয়া পাঠ করিবে,—ওঁ মম ব্রতে তে হৃদয়ং দধামি মম চিত্তমনুচিত্তন্তে অস্তু। মম বাচমেকমনা জুষস্ব প্রজাপতিস্ত্বা নিযুনক্তু মহ্যম্॥

অনন্তর নিম্নস্থ মন্ত্রে বধূকে অভিমন্ত্রিত করিবে,—ওঁ সুমঙ্গলীরিয়ং বধূরিমাং সমেত পশ্যত। সৌভাগ্যমস্যৈ দত্বায়াথাস্তং বি পরেতন॥

অনন্তর অগ্নির উত্তরদিকে লোহিত চর্ম্মোপরি উপবেশন ও বস্ত্রাচ্ছাদনপূর্ব্বক বরও তথায় উপবেশন করিয়া পাঠ করিবে,—"ওঁ ইহ গাবো নিষীদন্তিহাশ্বা ইহ পুরুষাঃ। ইহো সহস্রদক্ষিণো যজ্ঞ ইহ পূষা নি ষীদতু"।

তৎপরে বর স্বিষ্টিকৃদ্ধোম করিয়া আচমনপূর্ব্বক নিম্ন মন্ত্রে ধ্রুব নক্ষত্র দর্শন করাইবে,—ওঁ ধ্রুবমসি ধ্রুবং ত্বা পশ্যামি ধ্রুবৈধি পোষ্যা ময়ি মহ্যং ত্বাদাদ্বৃহস্পতিঃ ময়া পত্যা প্রজাবতী সং জীব শরদঃ শতম্।" কন্যা "ধ্রুব" দর্শন না করিলেও "পশ্যামি" বলিবে।

অথ চতুর্থী হোম,—"অগ্নে ত্বং শিখিনামাসি"—এইরূপে "শিখি" নামক অগ্নি স্থাপন করিয়া প্রকৃত কর্ম্মারম্ভে মহাব্যাহৃতি হোম করিবে। নিম্নে পাঁচটী মন্ত্রে অগ্নিতে ঘৃতাহুতি প্রদান করিবে, যথা—ওঁ অগ্নে প্রায়শ্চিত্তে ত্বং দেবানাং প্রায়শ্চিত্তিরসি ব্রাহ্মণস্ত্বা নাথকাম উপধাবামি যাস্যৈ পতিঘ্নী তনূস্তামস্যৈ নাশয় স্বাহা। ইদমগ্নয়ে ॥ ১ ॥ (কন্যাভিষেকার্থ প্রতিবারের আহুতিশেষ জলপাত্রে স্থাপন করিবে)।—ওঁ বায়ো প্রায়শ্চিত্তে ত্বং দেবানাং প্রায়শ্চিত্তিরসি ব্রাহ্মণস্ত্বা নাথকাম উপধাবামি যাস্যৈ প্রজাঘ্নী তনূস্তামস্যৈ নাশয় স্বাহা। ইদং বায়বে ॥ ২ ॥ ওঁ সূর্য্য প্রায়শ্চিত্তে ত্বং দেবানাং প্রায়শ্চিত্তিরসি ব্রাহ্মণস্ত্বা নাথকাম উপধাবামি যাস্যৈ পশুঘ্নী তনূস্তামস্যৈ নাশয় স্বাহা। ইদং সূর্য্যায় ॥ ৩ ॥ ওঁ চন্দ্র প্রায়শ্চিত্তে ত্বং দেবানাং প্রায়শ্চিত্তিরসি ব্রাহ্মণস্ত্বা নাথকাম উপধাবামি যাস্যৈ গৃহঘ্নী তনূস্তামস্যৈ নাশয় স্বাহা। ইদং চন্দ্রায় ॥ ৪ ॥ ওঁ গন্ধর্ব্ব প্রায়শ্চিত্তে ত্বং দেবানাং প্রায়শ্চিত্তিরসি ব্রাহ্মণস্ত্বা নাথকাম উপধাবামি যাস্যৈ যশোঘ্নী তনূস্তামস্যৈ নাশয় স্বাহা। ইদং গন্ধর্ব্বায় ॥ ৫ ॥

অনন্তর যথাবিধি চরুপাক করিয়া—"ওঁ প্রজাপতয়ে স্বাহা। ইদং প্রজাপতয়ে"। এই মন্ত্রে আহুতি দিয়া পূর্ব্বস্থাপিত আহুতি শেষ জলদ্বারা নিম্ন মন্ত্রে কন্যার অভিষেচন করিবে,—"ওঁ যা তে পতিঘ্নী প্রজাঘ্নী পশুঘ্নী গৃহঘ্নী যশোঘ্নী নিন্দিতা তনূর্জ্জারঘ্নী তামেনাং করোমি সা জীর্য্য ত্বং ময়া সহ অসৌ"। "অসৌ" স্থলে সম্বোধনান্ত বধূর নাম বলিবে।

তৎপরে কন্যা স্থালীপাক প্রাশন (এখন আঘ্রাণ লওয়ার নিয়ম) করিলে বর পাঠ করিবে,—ওঁ প্রাণৈস্তে প্রাণান্ সন্দধাম্যস্থিভিরস্থীনি মাংসৈর্ম্মাংসানি ত্বচা ত্বচম্ ॥ অতঃপর স্থালীপাক হইতে চরু লইয়া—"ওঁ অগ্নয়ে স্বিষ্টকৃতে স্বাহা, ইদমগ্নয়ে স্বিষ্টকৃতে"। আহুতি দিয়া ঘৃতদ্বারা মহাব্যাহৃতি হোম করিবে। তৎপরে সর্ব্ব প্রায়শ্চিত্তহোম করিতে হয়, তদর্থে—সঙ্কল্প করিয়া "বিধু" নামক অগ্নি স্থাপন পূর্ব্বক নিম্ন মন্ত্রে ঘৃতদ্বারা হোম করিবে, যথা,—ত্বন্নোঽগ্নে ইত্যস্য বামদেব্য ঋষিরনুষ্টুপ্‌ছন্দোঽগ্নীবরুণৌ দেবতে প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ। ওঁ ত্বং নো অগ্নে বরুণস্য বিদ্বান্ দেবস্য হেলোঽব যাসিসীষ্ঠাঃ। যজিষ্ঠো বহ্নিতমঃ শোশুচানো বিশ্বা দ্বেষাংসি প্র মুমুগ্ধ্যস্মৎ স্বাহা। ইদমগ্নীবরুণাভ্যাম্ ॥ স ত্বমিত্যস্য বামদেব্য ঋষিস্ত্রিষ্টুপ্‌ছন্দোঽগ্নীবরুণৌ দেবতে প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ। ওঁ স ত্বং নো অগ্নেঽবমো ভবোতী নেদিষ্ঠো অস্যা উষসো ব্যুষ্টৌ। অব যক্ষ্ব নো বরুণং ররাণো বীহি মৃড়ীকং সুহবো ন এধি স্বাহা। ইদমগ্নীবরুণাভ্যাম্ ॥ অয়াশ্চাগ্নে

ইত্যস্য প্রজাপতিঋষির্বৃহতীচ্ছন্দোঽগ্নির্দ্দেবতা প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ। ওঁ অয়াশ্চাগ্নেঽস্যনভিশস্তিপাশ্চ সত্যমিত্ত্বময়া অসি। অয়া নো যজ্ঞং বহস্যয়া নো ধেহি ভেষজং স্বাহা। ইদমগ্নয়ে॥ যে তে শতমিত্যস্য শুনঃশেফঋষিস্ত্রিষ্টুপ্‌ছন্দো বরুণাদয়ো দেবতাঃ প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ। ওঁ যে তে শতং বরুণ যে সহস্রং যজ্ঞিয়াঃ পাশা বিততা মহান্তঃ। তেভির্নোঽদ্য সবিতোত বিষ্ণুর্ব্বিশ্বে মুঞ্চন্তু মরুতঃ স্বর্কাঃ স্বাহা। ইদং বরুণায় সবিত্রে বিষ্ণবে বিশ্বেভ্যো দেবেভ্যো মরুদ্ভ্যঃ স্বর্কেভ্যঃ। উদুত্তমমিত্যস্য শুনঃশেফঋষিস্ত্রিষ্টুপ্‌ছন্দো বরুণো দেবতা প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ। ওঁ উদুত্তমং বরুণ পাশমস্মদবাধমং বি মধ্যমং শ্রথায়। অথা বয়মাদিত্য ব্রতে তবানাগসো অদিতয়ে স্যাম স্বাহা। ইদং বরুণায়।—এই মন্ত্রে হোম করিয়া প্রায়শ্চিত্ত হোম ও আচমন করিবে এবং ব্রহ্মদক্ষিণা দিবে। অনন্তর শান্তি আশীর্ব্বাদ ও অচ্ছিদ্রাবধারণ করিবে।

গর্ভাধান।

যথোক্ত দিনে পূর্ব্বাহ্নে নিত্যক্রিয়াদি সমাধানপূর্ব্বক বিবাহপদ্ধতিক্রমে গৌর্য্যাদি ষোড়শমাতৃকা পূজা করিয়া পতি পত্নীকে স্বকীয় বামপার্শ্বে উপবেশন করাইয়া তাহার দক্ষিণ স্কন্ধ গলাইয়া হস্ত দ্বারা হৃদয় স্পর্শপূর্ব্বক পাঠ করিবে—ওঁ পূষা ভগং মে সবিতা দদাতু। রুদ্রস্ত্বষ্টা মে কল্পয়তাং ললনামুগ্রম্। ত্বষ্টা রূপাণি তেজো বৈশ্বানরো দদাতু। ওঁ গর্ভন্ধেহি সিনীবালি গর্ভন্ধেহি সরস্বতি। গর্ভন্তে অশ্বিনৌ দেবাবাধত্তাং পুষ্করস্রজৌ॥ তৎপরে পঞ্চগব্য শোধনের মন্ত্রে পঞ্চগব্য শোধন করিয়া সেবন করাইবে।

পুংসবন।

কৃতনিত্যক্রিয় পতি পত্নীকে স্নান করাইয়া মাতৃকাপূজা বসুধারা ও বৃদ্ধিশ্রাদ্ধাদি সমাপনপূর্ব্বক পত্নীর সহিত উপবাস করিয়া থাকিবে।

তদনন্তর সায়ংসন্ধ্যা সমাপনপূর্ব্বক শুভলগ্নে সুস্নাতা নববস্ত্রদ্বয়পরিধানা আচান্তা কৃতমঙ্গলাচারা পত্নীকে পূর্ব্বমুখে বসাইয়া বটের অঙ্কুর, বটের শুঁয়া বাসি জলে পেষণ করিয়া মঙ্গলাচার সহকারে নিম্ন মন্ত্র পাঠ করতঃ তাহার দক্ষিণ নাসাপুটে সিঞ্চন করিবে, মন্ত্র যথা—ওঁ হিরণ্যগর্ভঃ সমবর্ত্ততাগ্রে ভূতস্য জাতঃ পতিরেক আসীৎ। স দাধার পৃথিবীং দ্যামুতেমাং কস্মৈ দেবায় হবিষা বিধেম। ওঁ অদ্ভ্যঃ সম্ভৃতঃ পৃথিব্যৈ রসাচ্চ বিশ্বকর্ম্মণঃ সমবর্ত্ততাগ্রে। তস্য ত্বষ্টা বিদধদ্রূপমেতি তন্মর্ত্ত্যস্য দেবত্বমাজানমগ্রে”॥

গর্ভের বীর্য্যবত্তা-কামনায় বধূর ক্রোড়-সমীপে একটী পাত্রে জল রাখিয়া মন্ত্র পাঠ করিয়া অভিমন্ত্রিত করিবে, যথা—ওঁ সুপর্ণোহসি গরুত্মাংস্ত্রিবৃত্তে শিরো গায়ত্র্যঞ্চক্ষুর্ব্বৃহদ্রথন্তরে পক্ষৌ। স্তোম আত্মা ছন্দাংস্যঙ্গানি যজূংষি নাম। সাম তে তনুর্ব্বামদেব্যং যজ্ঞায়জ্ঞিয়ং পুচ্ছং ধিষ্ণ্যাঃ শফাঃ ওঁ সুপর্ণোহসি গরুত্মান্ দিবঙ্গচ্ছ স্বঃ পত"।

অনন্তর শান্তি, আশীর্ব্বাদ, অচ্ছিদ্রাববধারণ ও দক্ষিণান্ত করিবে।

সীমন্তোন্নয়ন।

পুংসবন মাসে অথবা গর্ভের ষষ্ঠ বা অষ্টম মাসে শুভদিনে প্রাতঃকালে নিত্যক্রিয়াদি সমাধা করিয়া পতি পত্নীকে স্নান করাইবে। তদনন্তর মাতৃকাপূজা বসুধারা ও বৃদ্ধিশ্রাদ্ধাদি করিয়া পূর্ব্বমুখে উপবিষ্ট হইয়া পুনরায় আচমন করিবে। তদনন্তর আচারানুসারে গোরোচনা দ্বারা অঙ্কিত শঙ্খ চক্র-গদা-পদ্ম ও কেশব নামযুক্ত পীতবাস যুগ-পরিধারিণী কৃতমঙ্গলাচারা আচান্তা পত্নীকে আত্মবামে শঙ্খ-চক্র-গদা-পদ্ম-যুগাঙ্কিত যাজ্ঞিক বৃক্ষঘটিত ভদ্রপীঠোপরি উপবেশন করাইবে। তদনন্তর পতি অগ্নিস্থাপনার্থ হস্ত প্রমাণ স্থণ্ডিল স্থাপন করিয়া পূর্ব্বোক্ত নিয়মে প্রোক্ষণী পাত্র স্থাপনান্ত কুশণ্ডিকা করিয়া তিল-দুগ্ধ মিশ্রিত একমুষ্টি তণ্ডুল গ্রহণ করিয়া পাঠ করিবে,—"ওঁ প্রজাপতয়ে ত্বা জুষ্টং গৃহ্নামি"। তৎপরে—"ওঁ প্রজাপতয়ে ত্বা জুষ্টং নির্ব্বপামি"।—এই বলিয়া উদূখলে নিক্ষেপ করিয়া—"ওঁ প্রজাপতয়ে ত্বা জুষ্টং প্রোক্ষয়ামি।"—এই মন্ত্রে প্রোক্ষণ করিবে। এবং অগ্নয়ে স্বিষ্টিকৃতে ত্বা জুষ্টং গৃহ্নামি। ইত্যাদি গ্রহণ নির্ব্বপণ ও প্রোক্ষণ করিবে। তদনন্তর মুষল দ্বারা আঘাত প্রদান করিয়া কুলাদ্বারা তিনবার ঝাড়িয়া, জলদ্বারা তিনবার ধৌত করিয়া চাউলগুলি চরু-স্থালীতে দুগ্ধসহ চড়াইয়া দিয়া পাক নিষ্পাদন করিবে। পরে আজ্যভাগান্ত কুশণ্ডিকা সম্পাদন করিয়া প্রকৃত কর্ম্মারম্ভ করিবে।

প্রকৃত কর্ম্ম যথা,—"অগ্নে ত্বং মঙ্গলনামাসি" ইহা বলিয়া অগ্নির মঙ্গল এই নামকরণ করিয়া আবাহনপূর্ব্বক "এতৎ পাদ্যং ওঁ মঙ্গলনাম্নে অগ্নয়ে নমঃ"—এই ক্রমে পাদ্যাদি দ্বারা পূজা করিয়া যথোক্তবিধিতে স্রুক্ ও স্রুব লইয়া এবং ঘৃত দিয়া তাহাতে চরু গ্রহণ করতঃ পুনরায় ঘৃতস্রুব দান করিয়া আহুতি দিবে,—"ওঁ প্রজাপতয়ে স্বাহা। ইদং প্রজাপতয়ে"। পুনরায় উক্ত প্রকারে চরু গ্রহণ করিয়া আহুতি দিবে,—"ওঁ অগ্নয়ে স্বিষ্টিকৃতে স্বাহা। ইদমগ্নয়ে স্বিষ্টিকৃতে"।

তদনন্তর দর্ভপিঞ্জলীত্রয় সহ পূর্ব্বস্থাপিত উডুম্বর (যজ্ঞডুমুর) ফলস্তবকযুগ্ম-দ্বারা অগ্নির পশ্চাতে মৃতুপীঠোপরি বধূর সীমন্ত তিনবার উত্তোলন করিয়া দিবে। তৎপরে উডুম্বর-ফল-সমন্বিত শ্বেতশল্লকী কণ্টক (শজারু কাঁটা) দ্বারা তিনবার, উডুম্বর-ফলযুক্ত কাণ্ড (খাগড়া বিশেষ) দ্বারা তিনবার ও উডুম্বর ফলযুক্ত সূত্রপূর্ণ তকু (যাহা দ্বারা জেলেরা সুতা পাক দেয়) দ্বারা সীমন্ত উত্তোলন করিবে। অতঃপর নিম্ন মন্ত্র পাঠপূর্ব্বক ত্রিগুণীকৃত সূত্র দ্বারা উডুম্বর স্তবক বধূর কণ্ঠে দিবে। মন্ত্র যথা,—"ওঁ অয়মূর্জ্জাবতো বৃক্ষ উর্জ্জীব ফলিনী ভব। পর্ণং বনস্পতে নুত্বা নুত্বা চ সূয়তাং রয়িঃ॥

অনন্তর প্রায়শ্চিত্ত হোমাদি করিয়া শান্তি, তিলক, দক্ষিণা, আশীর্ব্বাদ, অচ্ছিদ্রাবধারণ প্রভৃতি করিবে।

শোষ্যন্তী কর্ম্ম।

প্রসবকালে নিম্ন মন্ত্র পাঠপূর্ব্বক জলদ্বারা পত্নীকে অভ্যুক্ষণ করিতে হয়। যথা,—"ওঁ এজতু দশমাস্যো গর্ভো জরায়ুণা সহ। যথায়ং বায়ুরেজতি যথা সমুদ্র এজতি। এবায়ং দশমাস্যোঅস্রজ্জরায়ুণা সহ॥"

জাতকৰ্ম্ম।

প্রথমতঃ পিতা স্নান করিয়া আচমন, স্বস্তিবাচন ও সঙ্কল্পাদি করিয়া গৌর্য্যাদি-ষোড়শ-মাতৃকা পূজা ও বসুধারা সমাপনপূর্ব্বক পুত্রের জন্ম জনিত ও মুখদর্শন-নিমিত্ত বৃদ্ধিশ্রাদ্ধ করিয়া পুত্রের অচ্ছিন্ন নাভিতে মেধাজনন কৰ্ম্ম ও আয়ুষ্য কর্ম্ম করিবে। তদর্থে অনামিকা দ্বারা সুবর্ণ লইয়া বা মধু ঘৃত প্রাশন করাইয়া পাঠ করিবে,—"ওঁ ভূস্ত্বয়ি দধামি, ওঁ ভুবস্ত্বয়ি দধামি, ওঁ স্বস্ত্বয়ি দধামি, ওঁ ভূর্ভুবঃ স্বস্ত্বয়ি দধামি।"

পুত্রের নাভি ও দক্ষিণ কর্ণে জপ করিবে,—"ওঁ অগ্নিরায়ুষ্মান্ স বনস্পতিভিরায়ুষ্মান্। তেন ত্বা আয়ুষা আয়ুষ্মন্তং করোমি। ওঁ সোম আয়ুষ্মান্ স ওষধিভিরায়ুষ্মান্। তেন ত্বা আয়ুষা আয়ুষ্মন্তং করোমি। ওঁ ব্রহ্ম আয়ুষ্মত্তদ্ ব্রাহ্মণৈরায়ুষ্মৎ। তেন ত্বা আয়ুষা আয়ুষ্মন্তং করোমি। ওঁ দেবা আয়ুষ্মন্তস্তেঽমৃতেরায়ুষ্মন্তঃ। তেন ত্বা আয়ুষা আয়ুষ্মন্তং করোমি। ওঁ ঋষয় আয়ুষ্মন্তস্তে ব্রতৈরায়ুষ্মন্তঃ। তেন ত্বা আয়ুষা আয়ুষ্মন্তং করোমি। ওঁ পিতর আয়ুষ্মন্তস্তে স্বধাভিরায়ুষ্মন্তঃ। তেন ত্বা আয়ুষা আয়ুষ্মন্তং করোমি। ওঁ যজ্ঞ আয়ুষ্মান্ স দক্ষিণাভিরায়ুষ্মান্। তেন ত্বা আয়ুষা আয়ুষ্মন্তং করোমি। ওঁ সমুদ্র আয়ুষ্মান্ স শ্রবন্তীভিরায়ুষ্মান্। তেন ত্বা

আয়ুষা আয়ুষ্মন্তং করোমি।”—মন্ত্রগুলি তিনবার জপ করিবে, তৎপরে নিম্ন মন্ত্রগুলিও তিনবার জপ করিবে, যথা—“ওঁ কশ্যপস্য ত্র্যায়ুষং জমদগ্নেস্ত্র্যায়ুষং যদ্দেবানাং ত্র্যায়ুষং, তত্তেঽস্তু ত্র্যায়ুষম্।”

তৎপরে পিতা পুত্রের দীর্ঘজীবন কামনায় দক্ষিণ হস্ত দ্বারা সর্ব্বগাত্র স্পর্শ করিয়া পাঠ করিবে।—“ওঁ দিবস্পরি” ইত্যাদি “ত্বামগ্নে যজমানা” পর্য্যন্ত মন্ত্র পাঠ করিবে। তদনন্তর কুমারের চারিদিকে চারিটী ও মধ্যস্থলে একটী এই পাঁচটী ব্রাহ্মণ স্থাপন করিলে তাঁহারা প্রত্যেকে নিম্ন মন্ত্র পাঠ করিবেন। ব্রাহ্মণের অভাব হইলে পিতাই ক্রমে ক্রমে এক এক দিকে গিয়া নিজেই মন্ত্র পাঠ করিবেন। মন্ত্র যথা,—ইদমন্নং ওঁ প্রাণায় (পূর্ব্বে)। ওঁ ব্যানায় (দক্ষিণে)। ওঁ অপানায় (পশ্চিমে)। ওঁ উদানায় (উত্তরে)। ওঁ সমানায় (মধ্যে)।

তদনন্তর যে স্থানে কুমার জন্মগ্রহণ করিয়াছিল, নিম্ন মন্ত্র পাঠ করিয়া সেই স্থান অভিমন্ত্রিত করিবে, যথা,—“ওঁ বেদ তে ভূবি হৃদয়ং দিবি চন্দ্রমসি শ্রিতম্। বেদাহং তন্মাং তদ্বিদ্যাৎ পশ্যেম শরদঃ শতং জীবেম শরদঃ শতং শৃণুয়াম শরদঃ শতম্।” নিম্ন মন্ত্রে কুমারের নাভি স্পর্শ করিবে,- “ওঁ অশ্মা ভব পরশুর্ভব হিরণ্যমস্তৃতং ভব। আত্মা বৈ পুত্র নামাসি স জীব শরদঃ শতম্।” তৎপরে নিম্ন মন্ত্র পাঠ করিয়া কুমারের মাতাকে অভিমন্ত্রিত করিবে, যথা—“ওঁ ইড়াসি মৈত্রাবরুণী বীরমজীজনয়থাঃ। সা ত্বং বীরবতী ভব অস্মান্ বীরবতোঽকরোৎ।” নিম্ন দুই মন্ত্রে যথাক্রমে মাতার বাম ও দক্ষিণ স্তন প্রক্ষালন করিবে,—“ওঁ ইমং স্তনমূর্জ্জস্বন্তং ধয়াপাং প্রপীনমগ্নে সরিরস্য মধ্যে। উৎসং জুষস্ব শতধারমর্ব্বন্ সমুদ্রিয়ং সদনমাবিশস্ব। (দক্ষিণ স্তনে)। ওঁ যস্তে স্তনঃ শশয়ো যো ময়ো ভূর্য্যোরত্নধা বসুবিদ্ যঃ সুদত্রঃ। যেন বিশ্বা পুষ্যসি বার্য্যাণি সরস্বতি তমিহ ধাতবেকঃ। (বাম স্তনে)। স্তন কুমারের মুখে দিবে।

অতঃপর সূতিকা গৃহে কুমারের শিরোদেশে জলপূর্ণ কুম্ভ স্থাপন করিয়া মন্ত্রপাঠপূর্ব্বক অভিমন্ত্রিত করিবে,—“ওঁ আপো দেবেষু জাগ্রথ যথা দেবেষু জাগ্রথ। এবমস্যাং সূতিকায়াং সপুত্রিকায়াং জাগ্রথ।”

তদনন্তর সূতিকা উত্থান পর্য্যন্ত সূতিকাগৃহের দ্বারদেশে কুশণ্ডিকা ব্যতিরিক্ত অগ্নিস্থাপন করিয়া,—ওঁ যণ্ডামর্কা উপবীরঃ শৌণ্ডিকেয় উদূখলঃ। মলিম্লুচো দ্রোণাসশ্চ্যবনো নশ্যতাদিতঃ স্বাহা। ওঁ আলিখন্ননিমিষং কিম্বদন্ত উপশ্রুতি হর্য্যক্ষঃ কুম্ভীশত্রুঃ পাত্রপাণির্নৃমণির্হন্ত্রীমুখঃ সর্ষপারুণশ্চ্যবনো নশ্যতাদিতঃ স্বাহা।”

তৎপরে দক্ষিণাদি দান করিবে।

এই সময়ে দশরাত্রির মধ্যে যদি কুমার বালগ্রহ দ্বারা আক্রান্ত হয়, * তবে পিতা পবিত্র হইয়া আচমন করতঃ উত্তরমুখে উপবেশন করিয়া কুমারকে ক্রোড়ে লইয়া উত্তরীয় দ্বারা আচ্ছাদনপূর্ব্বক—ওঁ কূর্ক্কুরঃ সুকুর্ক্কুরঃ কূর্ক্কুরো বালবন্ধন-শেচেচ্চেচ্ছুনক সৃজ নমস্তেহস্তু সীসরো লপেতাহপহ্বর তৎসত্যং। যত্তে সরমা মাতা সীসরঃ পিতা শ্যামশবলৌ ভ্রাতরৌ চেচ্চেচ্ছুনক সৃজ নমস্তেহস্তু সীসরো লপেতাহপহ্বর তৎসত্যম্॥"—এই মন্ত্র পাঠ করতঃ নিম্ন মন্ত্র পাঠ করিয়া দক্ষিণ হস্তদ্বারা কুমারের গাত্র অভিমর্ষণ করিবে; যথা—"ওঁ ন নাময়তি ন রুদতি ন হৃষ্যতি ন গ্লায়তি যত্র বয়ং বদামোহত্র চাভিমৃষামসীতি॥"

নামকরণ।

কৃতনিত্যক্রিয় পিতা স্বস্তিবাচন পূর্ব্বক সংকল্প করিয়া যথাবিধি গৌর্য্যাদি ষোড়শমাতৃকা-পূজা, বসুধারা ও বৃদ্ধিশ্রাদ্ধাদি করিয়া ব্রাহ্মণের তৃপ্তি জন্য তিনটী ভোজ্য উৎসর্গ করিবে, যথা—"অদ্যেত্যাদি—মদীয়াভিনবজাত-কুমারস্য নামকরণকর্ম্মণি কর্ত্তব্যে যথাসম্ভব-বেদগোত্রশাখানামভ্যো যথোপ-কল্পিতং তৃপ্তৌপয়িকমহমুৎসৃজে।"

তদনন্তর কুশাসনে পূর্ব্বমুখে উপবেশন করিয়া নববস্ত্রধারিণী কৃতমঙ্গলা পত্নীকে আপনার বামভাগে বসাইয়া তাহার ক্রোড়ে কুমারকে স্থাপনপূর্ব্বক আচারানুসারে পূর্ণকুম্ভে গণপতি, নবগ্রহ ও দিক্‌পালগণের পূজা করিবে। তৎপরে দুইটী ঘৃতপ্রদীপ জ্বালিয়া এবং শিলাপুত্র (নোড়া) দ্বারা শিলাবিলে দুইটী রেখা অঙ্কিত করতঃ পুনরুজ্জ্বালিত করিয়া সমুজ্জ্বল রেখা ও সমুজ্জ্বল দীপকে নামরূপে কল্পনাপূর্ব্বক কুমারের দক্ষিণ কর্ণে—"অমুকদেবশর্ম্মাসি" কল্পিত নাম শুনাইবে, অর্থাৎ বলিবে তুমি অমুক-নামা হইলে। কন্যা হইলে বলিবে—"অমুকী দেব্যসি"।

তদনন্তর শান্তিকর্ম্ম করিয়া শান্তিজলদ্বারা কুমারকে অভিষেক করণানন্তর দক্ষিণা দান ও অচ্ছিদ্রাবধারণ করিবে।

অন্নপ্রাশন।

নিবন্ধোক্ত কালে শুভ দিনে নিত্যকৃত্য সমাপনপূর্ব্বক সঙ্কল্প করিয়া গৌর্য্যাদি-ষোড়শমাতৃকা পূজা, বসুধারা ও বৃদ্ধিশ্রাদ্ধাদি সমাপনপূর্ব্বক অগ্নি-

* ইতর ভাষায় যাহাকে পেচোয় পাওয়া বলে।

স্থাপন করিবে। তদনন্তর পূর্ব্বমুখে বসিয়া স্থণ্ডিলোপরি অগ্নিস্থাপন করতঃ ব্রহ্মাসন আস্তরণপূর্ব্বক প্রোক্ষণীপাত্রে পবিত্র প্রদান এবং প্রোক্ষণীজল দ্বারা সর্ব্বদ্রব্য সংপ্রোক্ষণ করিয়া প্রোক্ষণীপাত্র স্ববামে স্থাপন করিবে।

তৎপরে আজ্যস্থালীতে আজ্য নিরুপণপূর্ব্বক চরু শ্রপণ করিবে। তদর্থে একমুষ্টি তণ্ডুল গ্রহণপূর্ব্বক—"ওঁ প্রাণায় ত্বা জুষ্টং গৃহ্নামি"—ঐ চাউল উদূখলে স্থাপনপূর্ব্বক—"ওঁ প্রাণায় ত্বা জুষ্টং নির্ব্বপামি"—তদনন্তর মুষলের দ্বারা আঘাত করিয়া কুলাদ্বারা ঝাড়িয়া,—"ওঁ প্রাণায় ত্বা জুষ্টং প্রোক্ষয়ামি।" বলিয়া ধৌত করিয়া চরুস্থালীতে স্থাপনপূর্ব্বক দুগ্ধ প্রদান করিবে। তদনন্তর জ্বলদগ্নি গ্রহণপূর্ব্বক তিনবার বেষ্টন করতঃ অগ্নিতে ক্ষেপণ করিবে। স্রুব ও আজ্য সংস্কার করিয়া আজ্যস্থালীতে আজ্য নিরুপণ করতঃ প্রোক্ষণীপাত্রস্থ পবিত্র গ্রহণ করিয়া আজ্য অবেক্ষণ করিবে। প্রোক্ষণীজল ও পবিত্র পুনর্ব্বার সেইরূপে স্থাপন পূর্ব্বক উপযমন কুশ গ্রহণ করিয়া সমিধ্ তিনটী অগ্নিতে ক্ষেপণ করিবে। তদনন্তর প্রোক্ষণীপাত্রস্থ জল ও পবিত্র গ্রহণ করিয়া অগ্নি পর্য্যুক্ষণ করিবে।

তদনন্তর অন্বারম্ভ পূর্ব্বক স্রুব গ্রহণ করিয়া যথানিয়মে আজ্য দান করতঃ আহুতি দিবে,—"ওঁ প্রজাপতয়ে স্বাহা। ইদং প্রজাপতয়ে। ওঁ ইন্দ্রায় স্বাহা। ইদমিন্দ্রায়। ওঁ অগ্নয়ে স্বাহা। ইদমগ্নয়ে। ওঁ সোমায় স্বাহা। ইদং সোমায়॥" অতঃপর অন্বারম্ভ পরিত্যাগ করিবে।

"অগ্নে ত্বং শুচিনামাসি"—এইক্রমে শুচি নামক অগ্নিস্থাপনপূর্ব্বক—"এতৎ পাদ্যং ওঁ শুচিনাম্নে অগ্নয়ে নমঃ" এই ক্রমে পাদ্যাদি দ্বারা পূজা করিয়া ঘৃত দ্বারা হোম করিবে, যথা—"ওঁ দেবীং বাচমজনয়ন্ত দেবাস্তাং বিশ্বরূপাঃ পশবো বদন্তি। সা নো মন্দ্রেষমূর্জ্জং দুহানা ধেনুর্ব্বাগস্মানুপসুষ্টুতৈতু নঃ স্বাহা। ইদং বাচে॥—ওঁ বাজো নোঽদ্য প্রসুবাতি দানং বাজো দেবান্ ঋতুভিঃ কল্পয়াতি। বাজো হি মাং সর্ব্ববীরং চকার সর্ব্বা আশা বাজপতির্জ্জয়েয়ং স্বাহা। ইদং বাচে॥ ওঁ প্রাণেনান্নমশীয় স্বাহা। ইদং প্রাণায়। ওঁ অপানেন গন্ধানশীয় স্বাহা। ইদং নাসিকায়ৈ॥ ওঁ চক্ষুষা রূপাণ্যশীয় স্বাহা। ইদং চক্ষুষে॥ ওঁ শ্রোত্রেণ যশোঽশীয় স্বাহা। ইদং শ্রোত্রায়॥"

তৎপরে অন্বারম্ভ স্থালীপাক হইতে গ্রহণ করিয়া—ওঁ অগ্নয়ে স্বিষ্টিকৃতে স্বাহা। ইদমগ্নয়ে স্বিষ্টিকৃতে।

তদনন্তর ঘৃত দ্বারা মহাব্যাহৃতি হোম করিবে। যথ—"ওঁ ভূঃ স্বাহা। ইদং ভূঃ। ওঁ ভুবঃ স্বাহা। ইদং ভুবঃ। ওঁ স্বঃ স্বাহা। ইদং স্বঃ।"

সর্ব্বপ্রায়শ্চিত্ত হোম,—সঙ্কল্প করিয়া—"অগ্নে ত্বং বিধুনামাসি"—এইরূপে নামকরণ করতঃ "এতৎ পাদ্যং ওঁ বিধুনাম্নে অগ্নয়ে নমঃ" এই ক্রমে পূজা-পূর্ব্বক হোম করিবে,—"ওঁ ত্বং নো অগ্নে ইত্যাদি। ইদমগ্নীবরুণাভ্যাম্। ওঁ স ত্বং নো অগ্নে—ইত্যাদি। ইদমগ্নীবরুণাভ্যাম্। ওঁ অয়াশ্চাগ্নে ইত্যাদি। ইদমগ্নয়ে। ওঁ যে তে শতং—ইত্যাদি। ইদং বরুণায় সবিত্রে বিষ্ণবে বিশ্বেভ্যো দেবেভ্যো মরুদ্ভ্যঃ স্বর্কেভ্যঃ। ওঁ উদুত্তমং—ইত্যাদি। ইদং বরুণায়।

প্রাজাপত্য হোম—ওঁ প্রজাপতয়ে স্বাহা। ইদং প্রজাপতয়ে। এই মন্ত্রে হোম করিয়া অবশেষে প্রাশন করিয়া ব্রহ্মদক্ষিণা দিবে।

পরে কৃতমঙ্গল কুমারকে আনয়নপূর্ব্বক নিম্নলিখিত মন্ত্রে অন্নপ্রাশন করাইবে। শূদ্র হইলে বিনা মন্ত্রে অন্নপ্রাশন করাইবে।

(অন্ন দুইটী পাত্রে পরিবেশন করিতে হয়,—একটী নাগাদির, একটী বালকের)।

মন্ত্র—"অমৃতোপস্তরণমসি" এই মন্ত্রে গণ্ডূষ করিয়া,—প্রাণায় স্বাহা; অপানায় স্বাহা; সমানায় স্বাহা; উদানায় স্বাহা; ব্যানায় স্বাহা;—মুখে অন্নস্পর্শ করাইয়া মাটিতে ক্ষেপণ করিয়া অন্ন গ্রহণপূর্ব্বক পাঠ করিবে,—"ওঁ অন্নপতেঽন্নস্য নো দেহ্যনমীবস্য শুষ্মিণঃ। প্র প্রদাতারন্তারিষ উর্জ্জন্নো ধেহি দ্বিপদে চতুষ্পদে বিশ্বকর্ম্মণে স্বাহা" এই মন্ত্রে প্রাশন করিবে। ওঁ ইহত্বং—ইতি ব্রাহ্মণাদির। শূদ্রের বিনামন্ত্রে। পরে আরও দুই একবার বালকের ক্ষুন্নিবারণ স্বরূপ প্রদান করিবে।

অতঃপর শান্তিকর্ম্ম, দক্ষিণাদান ও অচ্ছিদ্রাবধারণ প্রভৃতি যথানিয়মে করিবে।

চূড়াকরণ।

পিতা নিবন্ধোক্ত কালে শুভদিনে নিত্যকর্ম্ম সমাপনপূর্ব্বক স্বস্তিবাচনাদি করিয়া সঙ্কল্প করতঃ গৌর্য্যাদি-ষোড়শ-মাতৃকা-পূজা, বসুধারা ও বৃদ্ধিশ্রাদ্ধ আদি সম্পাদন করিয়া তিনটী ভোজ্য উৎসর্গ করিবে, যথা—অর্চ্চনাদি করিয়া "অদ্যেত্যাদি অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ চূড়াকরণকর্ম্মণি কর্ত্তব্যে—যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং দদে"। তদনন্তর তাম্বুলাদি দক্ষিণা দিয়া অগ্নিস্থাপন করিবে।

অনন্তর উষ্ণ জল, শীতল জল, নবনীত পিণ্ড, তিনটী শ্বেত শজারুকাঁটা, তিনটী কুশপত্র দ্বারা নির্ম্মিত একটী—এইরূপ নয়টী কুশগুচ্ছ, তাম্রক্ষুর, নূতন সরায় করিয়া বৃষগোময় এই সমুদয় দ্রব্য স্থাপন করিবে। তৎপরে পবিত্রচ্ছেদন দ্বারা পবিত্রীকরণ, প্রোক্ষণী পাত্রে স্থাপন, প্রণীতা জল দ্বারায় প্রোক্ষণীতে জলপূরণ, বামহস্তে প্রোক্ষণী উত্থাপন, উত্তান দক্ষিণাঙ্গুলিতে তদ্গত জল উত্তোলন, সেই জলদ্বারা আসাদিত দ্রব্যাদি প্রোক্ষণ, আজ্যস্থালীতে আজ্য নিরূপণ, জ্বলদগ্নিদ্বারা বেষ্টন, পর্য্যগ্নিকরণ স্রুবপ্রতপন, সম্মার্জ্জন কুশদ্বারা স্রুবের মূল, মধ্য ও অগ্রদেশ মার্জ্জন, প্রণীতা জল দ্বারা অভ্যুক্ষণ, পুনর্ব্বার প্রতাপন, ভূমিতে স্থাপন, এই সকল কার্য্য সম্পন্ন করতঃ নিজ সম্মুখে আজ্য-স্থালী আনয়নপূর্ব্বক প্রোক্ষণী পাত্রস্থ পবিত্র লইয়া ঘৃতের কিঞ্চিৎ উৎপবন করিয়া আজ্য দর্শন করিবে। পরে প্রোক্ষণী জল বামহস্তদ্বারা লইয়া পরে কুশগ্রহণ ও গাত্রোত্থান করতঃ অগ্নিতে ঘৃতাক্ত সমিধ্ ও জল প্রক্ষেপ দিবে। তদনন্তর প্রোক্ষণী জলদ্বারা পবিত্র-হস্তে অগ্নির ঈশানাদি দিক্ হইতে পর্য্যুক্ষণ, প্রণীতাতে পবিত্রস্থাপন ও প্রোক্ষণীপাত্র সংস্রবার্থ অগ্নির উত্তরে স্থাপন করিবে। তৎপরে মাতা কুমারকে নূতন বস্ত্রদ্বয় পরিধান করাইয়া ক্রোড়ে লইয়া অগ্নির উত্তরে বসিবে। পরে ব্রাহ্মণ,—"অগ্নে ত্বং সত্যনামাসি"—অগ্নির নামকরণ করিয়া "এতৎ পাদ্যং সত্যনাম্নে অগ্নয়ে নমঃ" এই ক্রমে পূজা করিয়া অন্বারম্ভপূর্ব্বক স্রুব গ্রহণ করতঃ আঘারাজ্যভাগ হোম করিবে, যথা—"ওঁ প্রজাপতয়ে স্বাহা। ইদং প্রজাপতয়ে"। অগ্নির বায়ুকোণ হইতে আরম্ভ করিয়া অগ্নিকোণ যাবৎ অবিচ্ছিন্ন ঘৃত-ধারা দান করিবে। "ওঁ ইন্দ্রায় স্বাহা। ইদমিন্দ্রায়"—অগ্নির নৈঋর্তকোণ হইতে আরম্ভ করিয়া ঈশানকোণ যাবৎ অবিচ্ছিন্ন ঘৃতধারা দান করিবে। আজ্যভাগের দ্বারা—"ওঁ অগ্নয়ে স্বাহা। ইদমগ্নয়ে"।—(অগ্নির উত্তর ভাগে আহুতি দিবে)। "ওঁ সোমায় স্বাহা। ইদং সোমায়"—(অগ্নির দক্ষিণ ভাগে)।

অনন্তর মহাব্যাহৃতি হোম—ওঁ ভূঃ স্বাহা। ইদং ভূঃ। ওঁ ভুবঃ স্বাহা। ইদং ভুবঃ। ওঁ স্বঃ স্বাহা। ইদং স্বঃ। ওঁ ভূর্ভুবঃ স্বঃ স্বাহা। ইদং সূর্য্যায়।

প্রায়শ্চিত্তহোম,—সঙ্কল্প করিয়া হোম করিবে। সঙ্কল্প যথা—"বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুক গোত্রঃ শ্রীঅমুক-দেবশর্ম্মা অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ চূড়াকরণ-কর্ম্মাঙ্গভূত-হোমকর্ম্মণি যদ্বৈগুণ্যং জাতং তদ্দোষপ্রশমনায় প্রায়শ্চিত্তহোমমহং করিষ্যামি।"

করযোড়ে—"অগ্নে ত্বং বিধুনামাসি। বিধুনামাগ্নে ইহাগচ্ছাগচ্ছ"—ইত্যাদি ক্রমে আবাহনপূর্ব্বক অর্চ্চনা করিয়া অমন্ত্রক একটী ঘৃত-ম্রক্ষিত সমিধ্ অগ্নিতে দিয়া ঘৃতদ্বারা প্রায়শ্চিত্ত হোম করিবে, যথা—"ওঁ ত্বং নো ইত্যাদি। ইদমগ্নীবরুণাভ্যাম্। ওঁ স ত্বং নো ইত্যাদি। পুনরিদমগ্নীবরুণাভ্যাম্। ওঁ অয়াশ্চাগ্নে—ইত্যাদি। ইদমগ্নয়ে। ওঁ যে তে শতং—ইত্যাদি। ইদং বরুণায় সবিত্রে বিষ্ণবে বিশ্বেভ্যো দেবেভ্যো মরুদ্ভ্যঃ স্বর্কেভ্যঃ। ওঁ উদুত্তমং—ইত্যাদি। ইদং বরুণায়। ওঁ প্রজাপতয়ে স্বাহা। ইদং প্রজাপতয়ে"।

অনন্তর স্বিষ্টিকৃদ্ধোম,—"ওঁ অগ্নয়ে স্বিষ্টিকৃতে স্বাহা। ইদমগ্নয়ে স্বিষ্টিকৃতে"।

তৎপরে ব্রহ্মদক্ষিণা দিবে। পরে শীতলজলের সহিত উষ্ণ জল মিশ্রিত করিয়া নিম্ন মন্ত্র পাঠ করিয়া ঐ জলদ্বারা কুমারের কেশ মার্জ্জন করিবে,—"ওঁ উষ্ণেন বায় উদকেনৈহ্যদিতে কেশান্ বপ"। নবনীতপিণ্ড ঐ জলের অবশিষ্ট জলে ফেলিয়া ঐ জলদ্বারা দক্ষিণ শিরঃপার্শ্বে ভ্রমণ করাইবে। ওঁ সবিত্রা প্রসূতা দৈব্যা আপ উন্দন্তু তে তনুং। দীর্ঘায়ুষ্ট্বায় বলায় বর্চ্চসে। শজারু-কাঁটা তিনটীদ্বারা কেশ আঁচড়াইয়া পূর্ব্বাসাদিত তিনটী কুশপত্র নিম্ন মন্ত্র পাঠপূর্ব্বক কেশে যোজনা করিবে। ওঁ ওষধে ত্রায়স্ব স্বধিতে মৈনহুঁ হিংসীঃ। অনন্তর সকুশ কেশে তাম্রক্ষুর স্পর্শ করাইবে। ওঁ নিবর্ত্তয়াম্যায়ুষেঽন্নাদ্যায় প্রজননায় রায়স্পোষায় সুপ্রজাস্ত্বায় সুবীর্য্যায়"। তৎপরে লৌহক্ষুরদ্বারা মন্ত্র পাঠ করিয়া কুশ সহ কেশ ছেদন করিয়া সকুশ ঐ কেশ কুমারের উত্তর দিকে কোন ব্যক্তি কর্ত্তৃক ধৃত পূর্ব্বস্থাপিত বৃষ-গোময়-পিণ্ডে ক্ষেপণ করিবে। মন্ত্র যথা,—"ওঁ যেনাবপৎ সবিতা ক্ষুরেণ সোমস্য রাজ্ঞো বরুণস্য বিদ্বান্। তেন তে ব্রহ্মাণো বপতেদমস্যায়ুষ্যং জরদষ্টির্যথাসৎ"॥ এইরূপে আরও দুইবার অমন্ত্রক প্রাগুক্ত সমস্ত কার্য্য করিবে।

প্রাগুক্ত বিধানক্রমে মস্তকের বামপার্শ্বস্থ কেশ এবং পশ্চাদ্দিকস্থ কেশ জল দ্বারা ম্রক্ষণ, কুশদান ও ছেদন করিয়া গোময়-পিণ্ড-গর্ভস্থ শরাবে রাখিবে।

মস্তকের পশ্চিমে সকুশ কেশগুচ্ছ কর্ত্তনের মন্ত্র—"ওঁ কশ্যপস্য ত্র্যায়ুষম্। জমদগ্নেস্ত্র্যায়ুষং, যদ্দেবানাং ত্র্যায়ুষং, তত্তেঽস্তু ত্র্যায়ুষং"। আরও দুইবার সমন্ত্রক উক্ত সকল কার্য্য করিবে।

মস্তকের উত্তরদিকস্থ সকুশ কেশগুচ্ছ কর্ত্তনের মন্ত্র—"ওঁ যেন ভূরিশ্চরাদিবং জ্যোক্চ পশ্যাতি সূর্য্যম্। তেন তে বপামি ব্রহ্মণা জীবাতবে জীবনায় সুশ্লোক্যায় স্বস্তয়ে"। এইরূপ তিনবার করিবে।

লৌহক্ষুর মস্তকের উপরে তিনবার ভ্রমণ করাইবে, একবার মন্ত্র পাঠ করিয়া এবং দুইবার অমন্ত্রক। মন্ত্র যথা,—"ওঁ যৎ ক্ষুরেণ মজ্জয়তা সুপেশসা বপ্তা বা বপতি কেশান্। ছিন্ধি শিরো মাস্যায়ুঃ প্রমোষীঃ"। জলদ্বারা সমস্ত মস্তক মার্জ্জনা করিয়া পাঠ করিবে,—"ওঁ অক্ষুণ্ণং পরিবপ"।

তৎপরে নাপিতদ্বারা কুলাচার অনুসারে মস্তকমুণ্ডন ও কর্ণবেধ করাইয়া দিবে। ঐ কেশাদি সমস্তই বৃষ-গোময়-গর্ভ শরাবে সংস্থাপন করিয়া মঙ্গলাচার সহকারে গোষ্ঠে, সরোবরে কিম্বা পুষ্করিণীতে নিক্ষেপ করিবে। তদনন্তর কুমারকে পুনরায় স্নান করাইয়া মঙ্গলাচরণ পূর্ব্বক অগ্নির পশ্চিম দিকে উপবেশন করাইয়া শান্তিকর্ম্ম, কুমারকে অভিষেক, আশীর্ব্বাদ ও অচ্ছিদ্রাবধারণ করিবে। আচার্য্যকে দক্ষিণা গোদান করিবে এবং এক বৎসর যাবৎ কেশ মুণ্ডন করিবে না ও এক বৎসর অশক্ত হইলে ত্রিরাত্র ব্রহ্মচর্য্যাদি করিবে।

উপনয়ন।

পিতা শুভদিনে নিত্যক্রিয়াদি সমাপনপূর্ব্বক আচমন করিয়া স্বস্তিবাচন ও সঙ্কল্প করতঃ বিবাহ-পদ্ধতি অনুসারে গৌর্য্যাদি ষোড়শমাতৃকা-পূজা ও বৃদ্ধিশ্রাদ্ধ সমাপন করিয়া প্রাঙ্মুখে উপবেশন পূর্ব্বক অগ্নিস্থাপন করিবে। হস্ত প্রমাণ স্থণ্ডিল তিনবার মার্জ্জন, গোময়দ্বারা তিনবার লেপন, কুশদ্বারা তূষ্ণীম্ভাবে পূর্ব্বাগ্র রেখাত্রয় অঙ্কন, রেখাত্রয় হইতে উৎকীর্ণ মৃত্তিকা তিনবার উত্তোলন, জলদ্বারা বারত্রয় অভ্যুক্ষণ, আত্মদক্ষিণে অগ্নি আনয়ন, প্রজ্বলিত কুশদ্বারা ক্রব্যাদাংশ পরিত্যাগ, তূষ্ণীম্ভাবে স্থণ্ডিলে অগ্নি আরোপণ, ব্রাহ্মণত্রয়ার্থ ভোজ্য উৎসর্গ প্রভৃতি কার্য্যগুলি সমাপন করিবে। পরে কুমারকে স্নানাদি করাইয়া মাল্যাদিদ্বারা অলঙ্কৃত করিয়া অগ্নির পশ্চিমে গুরুসকাশে উপবেশন করাইবে। পরে গুরু মাণবককে (কুমারকে) বলিতে বলিবেন—"ওঁ ব্রহ্মচর্য্যমাগামি ইতি ব্রূহি"। মাণবক বলিবে,—"ওঁ ব্রহ্মচর্য্যমাগামি"। পুনরায় আচার্য্য বলিবেন,—"ওঁ ব্রহ্মচর্য্যমাসানি ইতি ব্রূহি"। মাণবক বলিবে,—"ওঁ ব্রহ্মচর্য্যমাসানি"।

তৎপরে গুরু পট্টবস্ত্র বা শুদ্ধ অন্য নববস্ত্র লইয়া নিম্ন মন্ত্র পাঠ সহকারে পরিধান করাইবেন, যথা,—ওঁ যেনেন্দ্রায় বৃহস্পতির্ব্বাসঃ পর্য্যদধাদমৃতম্। তেন ত্বা পরিদধাম্যায়ুষে দীর্ঘায়ুষ্ট্বায় বলায় বর্চ্চসে।

পরে কুলাচার অনুসারে প্রবরসংখ্যায় ত্রিবেষ্টন গ্রন্থিযুক্ত ত্রিরাবৃত্তা মৌঞ্জ্যাদি মেখলা—ওঁ ইয়ং দুরুক্তাৎ পরিবাধমানা বর্ণং পবিত্রং পুনতী ন

আগাৎ। প্রাণাপানাভ্যাং বলমাবহন্তী স্বসা দেবী সুভগা মেখলেয়ম্॥ এই মন্ত্র পাঠ করিয়া বন্ধন করিয়া দিবেন। তৎপরে নিম্ন মন্ত্র পাঠ করিয়া একটী ত্রিদণ্ডী যজ্ঞোপবীত মাণবকের গলদেশে প্রদান করিবেন,—ওঁ যজ্ঞোপবীতং পরমং পবিত্রং বৃহস্পতের্যৎ সহজং পুরস্তাৎ। আয়ুষ্যমগ্র্যং প্রতিমুঞ্চ শুভ্রং যজ্ঞোপবীতং বলমস্তু তেজঃ॥ ওঁ যো মে দণ্ডঃ পরাপতদ্বৈহায়সোঽধিভূম্যাং। তমহং পুনরাদদাম্যায়ুষে ব্রহ্মণে ব্রহ্মবর্চ্চসায়"।

অনন্তর আচার্য্য ও মাণবক উভয়ে জলাঞ্জলি গ্রহণ করিয়া পাঠ করিবে,—"ওঁ আপো হি ষ্ঠা" ইত্যাদি, "ওঁ যো বঃ শিবতমঃ"—ইত্যাদি,—"ওঁ তস্মা অরঙ্গমাম"—ইত্যাদি মন্ত্র।

জলাঞ্জলি ত্যাগ করিয়া আচার্য্য নিম্ন মন্ত্র পাঠ করাইয়া মাণবককে সূর্য্য দর্শন করাইবেন, যথা—"ওঁ তচ্চক্ষুর্দ্দেবহিতং"—ইত্যাদি মন্ত্র।

পরে মাণবকের দক্ষিণ স্কন্ধোপরি সংলগ্ন হস্ত দ্বারা মাণবকের হৃদয়দেশ স্পর্শপূর্ব্বক পাঠ করিবেন—"ওঁ মম ব্রতে তে হৃদয়ং দধামি মম চিত্তমনুচিত্তন্তে অস্তু। মম বাচমেকমনা জুষস্ব বৃহস্পতিস্ত্বা নিযুনক্তু মহ্যম্"॥

দক্ষিণ হস্ত দ্বারা মাণবককে স্পর্শ করিয়া আচার্য্য জিজ্ঞাসা করিবেন,—"ওঁ কো নামাসি"? মাণবক বলিবে,—"শ্রীঅমুকদেবশর্ম্মাহং ভোঃ"। আচার্য্য জিজ্ঞাসা করিবেন,—"ওঁ কস্য ব্রহ্মচার্য্যসি"? মাণবক বলিবে,—"ওঁ ভবতঃ"। আচার্য্য পাঠ করিবেন,—"ওঁ ইন্দ্রস্য ব্রহ্মচার্য্যস্যগ্নিরাচার্য্যস্তবাহমাচার্য্যস্তবাসৌ"। (অসৌ এই স্থলে মাণবকের নাম এইরূপে বলিবেন, শ্রীঅমুকদেবশর্ম্মন্) এবং মাণবককে ভূতগণের উদ্দেশে দান করিয়া আচার্য্য পাঠ করিবেন,—"ওঁ প্রজাপতয়ে ত্বা পরিদদামি দেবায় ত্বা সবিত্রে পরিদদামি। অদ্ভ্যস্ত্বোষধিভ্যঃ পরিদদামি। দ্যাবাপৃথিবীভ্যাং ত্বা পরিদদামি। বিশ্বেভ্যস্ত্বা দেবেভ্যঃ পরিদদামি। সর্ব্বেভ্যস্ত্বা ভূতেভ্যঃ পরিদদাম্যরিষ্ট্যৈ"॥

অনন্তর মাণবক অগ্নি প্রদক্ষিণ করিয়া আচার্য্যের উত্তর দিকে উপবেশন করিলে, গুরু যথাশক্তি ব্রহ্মবরণ করিবেন। তৎপরে অগ্নির দক্ষিণে প্রাগগ্রকুশ পরিমিত ব্রহ্মাসন আস্তৃত করিয়া—"ব্রহ্মন্নিহোপবিশ্যতাম্" বলিয়া উপবেশন করাইয়া অগ্নির উত্তরে প্রণীতা প্রণয়ন করতঃ সকৃৎ অচ্ছিন্ন কুশ দ্বারা ঈশান কোণ হইতে দক্ষিণাবর্ত্তক্রমে অগ্নি পরিস্তরণ করতঃ অগ্নির উত্তরে প্রয়োজনীয় দ্রব্য দক্ষিণাদি ক্রমে বিন্যাস করিবে। দ্রব্য যথা—পবিত্রচ্ছেদনত্রয়, পবিত্রদ্বয়, প্রোক্ষণীপাত্র, আজ্যস্থালী, সম্মার্জ্জন কুশ ছয়টী, উপযমন কুশ ত্রয়োদশটী,

সমিধত্রয়, ঘৃত, ব্রহ্মদক্ষিণার্থ পূর্ণপাত্র ও অপর সমিধত্রয়। তদনন্তর পবিত্রচ্ছেদনপূর্ব্বক প্রোক্ষণী পাত্রে প্রদান, তদুপরি প্রণীতা জল নিধান, বামহস্ততলে প্রোক্ষণী পাত্র বিন্যাস, দক্ষিণ হস্তদ্বারা প্রোক্ষণীপাত্রস্থ জল গ্রহণ, কতিপয় প্রোক্ষণ জলদ্বারা প্রোক্ষণী জল ও অন্যান্য পাত্র প্রোক্ষণ, এই সমুদয় করিয়া প্রণীতার দক্ষিণে প্রোক্ষণীপাত্র স্থাপন করিবে। তদনন্তর নিজ সম্মুখে স্থাপিত আজ্যস্থালীতে আজ্য রাখিয়া পর্য্যগ্নিকরণার্থ প্রজ্বলিত অগ্নি লইয়া আজ্যস্থালী তিনবার পরিবেষ্টন ও অগ্নি তদগ্নিমধ্যেই ক্ষেপণ করিবে। তৎপরে পূর্ব্বাসাদিত স্রুব প্রতাপিত করণ, সম্মার্জ্জন কুশ দ্বারা স্রুবের মূল হইতে অগ্র এবং পুনরায় অগ্র হইতে মূল পর্য্যন্ত মার্জ্জন ও পুনঃ প্রতাপনপূর্ব্বক প্রোক্ষণীর উত্তরে স্থাপন করিবে। পরে নিজ সম্মুখে আজ্য-স্থালী রাখিয়া প্রোক্ষণী পাত্রস্থ পবিত্র লইয়া কিঞ্চিৎ উত্তোলন রূপ উৎপবন করিয়া আজ্যদর্শন করিবে। তৎপরে বামহস্ত দ্বারা প্রোক্ষণী জল ও উপযমন কুশ লইয়া গাত্রোত্থানপূর্ব্বক পূর্ব্বাসাদিত সমিধ তিনটী অগ্নিতে ক্ষেপণ করতঃ উপবেশন করিয়া প্রোক্ষণী-পাত্রস্থ পবিত্র সহ জল গ্রহণ করিবে এবং তজ্জলদ্বারা ঈশানাদি কোণ হইতে দক্ষিণাবর্ত্তক্রমে অগ্নিপর্য্যুক্ষণ করিবে। তৎপরে প্রণীতাতে পবিত্র স্থাপন ও সংস্রবার্থ অগ্নির উত্তরে প্রোক্ষণীপাত্র স্থাপন করিবে।

তদনন্তর অন্বারম্ভ পূর্ব্বক স্রুব লইয়া ঘৃত দ্বারা আঘার হোম ও আজ্যভাগ হোম করিবে, যথা—"ওঁ প্রজাপতয়ে স্বাহা। ইদং প্রজাপতয়ে॥ ওঁ ইন্দ্রায় স্বাহা। ইদমিন্দ্রায়॥ ওঁ অগ্নয়ে স্বাহা। ইদমগ্নয়ে॥ ওঁ সোমায় স্বাহা। ইদং সোমায়"॥—প্রতি আহুতির অন্তে স্রুবলগ্ন ঘৃত প্রোক্ষণীপাত্রে রাখিতে হয়। তদনন্তর অন্বারম্ভ ত্যাগ করিয়া—"ওঁ অগ্নে ত্বং সমুদ্ভবনামাসি"—"সমুদ্ভব নামাগ্নে ইহাগচ্ছ"—ইত্যাদি ক্রমে আবাহন পূর্ব্বক অর্চ্চনা করিয়া "এতৎ পাদ্যং ওঁ সমুদ্ভবনাম্নে অগ্নয়ে নমঃ"। এই ক্রমে পাদ্যাদি দ্বারা পূজা করিয়া মহাব্যাহৃতি হোম করিবে, "ওঁ ভূঃ স্বাহা। ইদং ভূঃ॥ ওঁ ভুবঃ স্বাহা। ইদং ভুবঃ॥ ওঁ স্বঃ স্বাহা। ইদং স্বঃ॥ ওঁ ভূর্ভুবঃ স্বঃ স্বাহা। ইদং সূর্য্যায়"॥

অতঃপর সঙ্কল্প করতঃ "অগ্নে ত্বং বিধুনামাসি"—"বিধুনামাগ্নে ইহাগচ্ছা-গচ্ছ"—এই ক্রমে আবাহন করিয়া "এতৎ পাদ্যং ওঁ বিধুনাম্নে অগ্নয়ে নমঃ"।— এই ক্রমে পূজা করিয়া 'ওঁ ত্বং নো অগ্নে' ইত্যাদি মন্ত্রে প্রায়শ্চিত্তহোম করিবে।

তৎপরে প্রাজাপত্য হোম,—"ওঁ প্রজাপতয়ে স্বাহা। ইদং প্রজাপতয়ে"॥ স্বিষ্টিকৃদ্ধোম,—"ওঁ অগ্নয়ে স্বিষ্টিকৃতে স্বাহা। ইদমগ্নয়ে স্বিষ্টিকৃতে"॥

তদনন্তর সংস্রব প্রাশন ও আচমনান্তে ব্রহ্মদক্ষিণাদান এই সমস্ত কার্য্য সম্পন্ন করিয়া আচার্য্য মাণবককে বলিবেন,—"ওঁ ব্রহ্মচার্য্যসি"?—মাণবক বলিবে,—ওঁ ব্রহ্মচার্য্যস্মি"। আচার্য্য বলিবেন,—"ওঁ আপোশানং কর্ম্ম কুরু"। মাণবক—"ওঁ আপোঽশ্নানি"। আচার্য্য—"ওঁ কর্ম্ম কুরু"। মাণবক—"ওঁ করবাণি"। আচার্য্য—"ওঁ মা দিবা স্বাপ্সীঃ"। মাণবক—"ওঁ ন স্বপামি"। আচার্য্য—"ওঁ বাচং যচ্ছ"। মাণবক—"ওঁ যচ্ছামি"। আচার্য্য—"ওঁ সমিধমাধেহি"। মাণবক—"ওঁ আদধামি"।

অতঃপর আচার্য্য অগ্নির উত্তরে প্রাঙ্মুখে উপবেশন করিলে মাণবক পশ্চিম মুখে বসিয়া দক্ষিণ হস্তদ্বারা গুরুর দক্ষিণ পদ এবং বাম হস্ত দ্বারা বাম পদ ধারণপূর্ব্বক আচার্য্যের মুখের প্রতি দৃষ্টি করিলে আচার্য্য নিম্ন ক্রমে গায়ত্রী উপদেশ প্রদান করিবেন।

প্রথমবার।—"ওঁ তৎ সবিতুর্ব্বরেণ্যং।" (পাদশঃ। ৩)

দ্বিতীয়বার। "ওঁ তৎ সবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি।" (অর্দ্ধশঃ। ২)

তৃতীয়বারে সমস্ত।—"ওঁ ভূর্ভুবঃ স্বঃ তৎ সবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি। ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ ওম্"। পরে মাণবক নিম্ন মন্ত্রে সমিধাধান করিবে। প্রথমতঃ অগ্নি পরিসমূহন করিবে। ওঁ অগ্নে সুশ্রবঃ সুশ্রবসং মা কুরু যথা ত্বমগ্নে সুশ্রবঃ সুশ্রবা অসি। এবমগ্নে সুশ্রবঃ সৌশ্রবসং মা কুরু। যথা ত্বমগ্নে দেবানাং যজ্ঞস্য নিধিপোঽসি এবমহং মনুষ্যাণাং দেবস্য নিধিপো ভূয়াসম্॥"

অতঃপর জলাঞ্জলি গ্রহণ করিয়া ঈশান কোণ হইতে দক্ষিণাবর্ত্তে অগ্নি পর্য্যুক্ষণ করিবে। মাণবক উঠিয়া অগ্নিতে একটী ঘৃতাক্ত সমিধ্ দান করিবে, "ওঁ অগ্নয়ে সমিধমাহার্ষং বৃহতে জাতবেদসে যথা ত্বমগ্নে সমিধা সমিধ্যস এবমহমায়ুষা মেধয়া বর্চ্চসা প্রজয়া পশুভির্ব্রহ্মবর্চ্চসেন সমিন্ধে জীবপুত্রো মমাচার্য্যো মেধাব্যহমসান্যনিরাকরিষ্ণুঃ। আয়ুষ্মান্ যশস্বী তেজস্বী ব্রহ্মচর্চ্চস্ব্যন্নাদো ভূয়াসম্ অগ্নয়ে স্বাহা। ইদমগ্নয়ে"। তৎপরে পরিসমূহনাদি ক্রমে অপর সমিধদ্বয় আহুতি দিয়া হস্তদ্বয় অগ্নিতে প্রতপ্ত করিয়া সেই হস্তদ্বয়ে মাণবক নিজমুখ মার্জ্জনা করিবে। "ওঁ তনূপা অগ্নেঽসি তন্বং মে পাহ্যায়ুর্দ্দা অগ্নে অসি আয়ুর্ম্মে ধেহি, বর্চ্চোদা অগ্নে অসি বর্চ্চো মে ধেহি। অগ্নে যন্মে তন্বা ঊনং তন্ম আপৃণ। ওঁ মেধাং মে দেবঃ সবিতা আদধাতু মেধাং মে দেবী সরস্বতী। মেধাং মে অশ্বিনৌ দেবাবাধত্তাং পুষ্করস্রজৌ॥ পুনরায় হস্তদ্বয় প্রতপ্ত করিয়া নিম্ন মন্ত্র পাঠপূর্ব্বক সর্ব্বাঙ্গ মার্জ্জনা করিবে, যথা—"ওঁ অঙ্গানি চ মে আপ্যায়ন্তাম্। (মুখে)—ওঁ বাক্ চ আপ্যায়তাম্।

(উভয় নাসিকায় ক্রমশঃ)—ওঁ নাসিকা চ আপ্যায়তাম্। ওঁ প্রাণশ্চ আপ্যায়ন্তাম্। (উভয় চক্ষুতে)—ওঁ চক্ষুশ্চ মে আপ্যায়তাম্। (উভয় কর্ণে)—ওঁ শ্রোত্রঞ্চ আপ্যায়তাম্। (সর্ব্বাঙ্গে) —ওঁ যশো বলঞ্চ আপ্যায়তাম্।"

তদনন্তর অনামিকা অঙ্গুলিযোগে ভস্মদ্বারা ললাটাদিতে তিলক করিবে। যথা,—(ললাটে)—"ওঁ কশ্যপস্য ত্র্যায়ুষম্"। (গ্রীবায়)—"ওঁ জমদগ্নেস্ত্র্যায়ুষম্। (দক্ষিণাংশে)—"ওঁ যদ্দেবানাং ত্র্যায়ুষম্"। (হৃদয়ে)—"ওঁ তন্মেঽস্তু ত্র্যায়ুষম্।"

অতঃপর মাণবক ভিক্ষা প্রার্থনা করিবে। প্রথমে মাতার নিকটে—"ওঁ ভবতি ভিক্ষাং দেহি।" পিতার নিকট—"ওঁ ভবন্ ভিক্ষাং দেহি।"

ভিক্ষালব্ধ দ্রব্যাদি আচার্য্যকে নিবেদন করিয়া দিবে।

আচার্য্য শান্তিকর্ম্ম অভিষেক, আশীর্ব্বাদ ও অচ্ছিদ্রাবধারণ করিবেন।

ব্রহ্মচারী মৌনী ও নিয়তবাক্ হইয়া দিনশেষ অতিবাহিত করতঃ সন্ধ্যোপাসনা করিয়া পূর্ব্ববৎ সমিধাধান পূর্ব্বক অক্ষার-লবণ ভোজন করিবে।

বেদারম্ভ।

কৃতনিত্যক্রিয় ব্রহ্মচারী স্বস্তিবাচন করিয়া গৌর্য্যাদি ষোড়শ-মাতৃকা পূজা বসুধারা ও বৃদ্ধিশ্রাদ্ধ করতঃ ছায়ামণ্ডপে আচার্য্য সমীপে গমন করিবে। আচার্য্য আত্মবামে, ব্রহ্মচারীকে উপবেশন করাইয়া অগ্নিস্থাপন করিয়া আঘার ভাগ ও আজ্যভাগ হোম করতঃ পরে সমুদ্ভবনামা অগ্নি স্থাপনপূর্ব্বক বেদাহুতি হোম করিবেন।

"ওঁ অগ্নে ত্বং সমুদ্ভবনামাসি, সমুদ্ভবনামাগ্নে ইহাগচ্ছাগচ্ছ"—এই মন্ত্রে আবাহন করতঃ "এতৎ পাদ্যং ওঁ সমুদ্ভবনাম্নে অগ্নয়ে নমঃ"—এই ক্রমে অর্চ্চনা করিয়া বেদাহুতি হোম করিবেন, যথা "ওঁ পৃথিব্যৈ স্বাহা। ইদং পৃথিব্যৈ॥ ওঁ অগ্নয়ে স্বাহা। ইদমগ্নয়ে॥ (ইতি ঋগ্বেদে) ওঁ অন্তরীক্ষায় স্বাহা। ইদমন্তরীক্ষায়। ওঁ বায়বে স্বাহা। ইদং বায়বে॥ (ইতি যজুর্ব্বেদে) ওঁ দিবে স্বাহা। ইদং দিবে॥ ওঁ সূর্য্যায় স্বাহা। ইদং সূর্য্যায়॥ (ইতি সামবেদে)। ওঁ দিগ্‌ভ্যঃ স্বাহা। ইদং দিগ্‌ভ্যঃ॥ ওঁ চন্দ্রমসে স্বাহা। ইদং চন্দ্রমসে॥ (ইতি অথর্ব্ববেদে)। সর্ব্ববেদ সাধারণ আহুতি,—ওঁ ব্রহ্মণে স্বাহা। ইদং ব্রহ্মণে॥ ওঁ ছন্দোভ্যঃ স্বাহা। ইদং ছন্দোভ্যঃ॥ ওঁ প্রজাপতয়ে স্বাহা। ইদং প্রজাপতয়ে॥ ওঁ দেবেভ্যঃ স্বাহা। ইদং দেবেভ্যঃ॥ ওঁ ঋষিভ্যঃ স্বাহা। ইদং ঋষিভ্যঃ॥ ওঁ শ্রদ্ধায়ৈ স্বাহা। ইদং শ্রদ্ধায়ৈ॥ ওঁ মেধায়ৈ স্বাহা। ইদং মেধায়ৈ॥ ওঁ সদসম্পতয়ে স্বাহা। ইদং সদসম্পতয়ে॥ ওঁ অনুমতয়ে স্বাহা। ইদং অনুমতয়ে॥

তদনন্তর অন্বারম্ভপূর্ব্বক মহাব্যাহৃতি হোম করিবে—"ওঁ ভূঃ স্বাহা। ইদং ভূঃ। ওঁ ভুবঃ স্বাহা। ইদং ভুবঃ। ওঁ স্বঃ স্বাহা। ইদং স্বঃ"॥

অতঃপর উপনয়নকর্ম্মোক্ত ক্রমে প্রায়শ্চিত্ত হোম করিয়া প্রাজাপত্য হোম করিবে,—"ওঁ প্রজাপতয়ে স্বাহা। ইদং প্রজাপতয়ে। ওঁ অগ্নয়ে স্বিষ্টিকৃতে স্বাহা। ইদমগ্নয়ে স্বিষ্টিকৃতে"। অতঃপর ব্রহ্মদক্ষিণা দান করিয়া আচার্য্য পূর্ব্বমুখে উপবিষ্ট হইয়া ব্রহ্মচারীর মুখের দিকে দৃষ্টিপাত করিয়া থাকিবেন। ব্রহ্মচারী প্রত্যঙ্মুখে বসিয়া দক্ষিণ হস্তদ্বারা আচার্য্যের দক্ষিণ পদ এবং বাম হস্তদ্বারা বাম পদ ধারণপূর্ব্বক আচার্য্যের মুখের প্রতি দৃষ্টি করিয়া থাকিবে। আচার্য্য ওঙ্কার ব্যাহৃতিপূর্ব্বক বেদ অধ্যাপনা করিবেন। প্রথমবার পাদাবচ্ছেদে, দ্বিতীয় বার অর্দ্ধাবচ্ছেদে এবং তৃতীয়বারে সমস্ত পাঠ করতঃ ব্রহ্মচারীকে পাঠ করাইবেন; যথা—ওঁ অগ্নিমীলে পুরোহিতং যজ্ঞস্য দেবমৃত্বিজম্। হোতারং রত্নধাতমম্॥ ১॥ ওঁ ইষে ত্বোর্জ্জে ত্বা বায়বঃ স্থ দেবো বঃ সবিতা। প্রার্পয়তু শ্রেষ্ঠতমায় কর্ম্মণে॥ ২॥ ওঁ অগ্ন আ য়াহি বীতয়ে গৃণানো হব্যদাতয়ে। নি হোতা সৎসি বর্হিষি॥ ৩॥ ওঁ শন্নো দেবীরভিষ্টয় আপো ভবন্তু পীতয়ে। শং যোরভি স্রবন্তু নঃ॥ ৪॥

তদনন্তর শান্তি, আশীর্ব্বাদ, দক্ষিণা ও অচ্ছিদ্রাবধারণ করিবে।

সমাবর্ত্তন।

ব্রহ্মচারী নিবন্ধোক্ত কালে আচার্য্যকে দক্ষিণা দিয়া বলিবেন,—"গুরো স্নাস্যামি"। আচার্য্য বলিবেন,—"স্নাহি"। তৎপরে বিবাহ পদ্ধতির নিয়মানুসারে গৌর্য্যাদি-ষোড়শমাতৃকা-পূজা, বসুধারা ও বৃদ্ধিশ্রাদ্ধ সম্পন্ন করিয়া ব্রহ্মচারী আচার্য্য-সমীপে ছায়ামণ্ডপে তাঁহার উত্তর দিকে উপবেশন করিবে। আচার্য্য—"অগ্নে ত্বং তেজোনামাসি"—"তেজোনামাগ্নে ইহাগচ্ছাগচ্ছ"—ইত্যাদি ক্রমে আবাহনপূর্ব্বক "এতৎ পাদ্যং ওঁ তেজোনাম্নে অগ্নয়ে নমঃ"।—এইরূপে পূজা ও অগ্নিস্থাপন করিবেন। নিম্ন দ্রব্যগুলি সঞ্চয় করিবে, যথা—প্রাগগ্র কুশোপরি পশ্চিমাদিক্রমে পবিত্র জলপূর্ণ আম্রপল্লবমুখ সকুশ আটটী কলসী, উডুম্বর-কাষ্ঠনির্ম্মিত দ্বাদশাঙ্গুল পরিমিত দন্ত-কাষ্ঠ, পিষ্টতিলপিণ্ড, সুগন্ধি দ্রব্য, পরিধানার্থ ও উত্তরীয়ার্থ নূতন বস্ত্রদ্বয়, উষ্ণীষার্থ নববস্ত্র, যজ্ঞোপবীত, পুষ্প, স্বর্ণ-কুণ্ডলদ্বয়, অঞ্জন, দর্পণ, ছত্র, পাদুকাযুগল, বৈণবদণ্ড প্রভৃতি স্থাপন করতঃ পূর্ব্ববৎ অন্বারম্ভপূর্ব্বক স্রুবদ্বারা আঘারাজ্যভাগ হোম ও

বেদাহুতি হোম করিবেন। (বেদারম্ভ দেখ)। তৎপরে সর্ব্ববেদ সাধারণ আহুতি দিবে (বেদারম্ভ দেখ)। তৎপরে অন্বারম্ভপূর্ব্বক মহাব্যাহৃতি হোম করিবে। মহাব্যাহৃতি হোম যথা—ওঁ ভূঃ স্বাহা। ইদং ভূঃ॥ ওঁ ভুবঃ স্বাহা। ইদং ভুবঃ॥ ওঁ স্বঃ স্বাহা। ইদং স্বঃ॥

প্রায়শ্চিত্তহোম;—সঙ্কল্প করিবে—(পূর্ব্ব পদ্ধতিতে সঙ্কল্পের বাক্য দেখ), তৎপরে পূর্ব্ব নিয়মানুসারে অগ্নির "বিধু" এই নামকরণ, আবাহন ও পূজা করিয়া—"ওঁ ত্বং নো অগ্নে" ইত্যাদি পূর্ব্ব মন্ত্রাদিতে হোম করিবে। তৎপরে পূর্ব্ব-বিধানে ও মন্ত্রে স্বিষ্টিকৃদ্ধোম প্রভৃতি সম্পাদনপূর্ব্বক সংস্রব প্রাশন ও আচমন করতঃ ব্রহ্মদক্ষিণা দিবে।

তদনন্তর "ওঁ পৃথ্বি ত্বং শীতলা ভব"। এই মন্ত্রে অগ্নির ঈশান কোণে দুগ্ধাদি প্রদান করিবে। "ওঁ কশ্যপস্য ত্র্যায়ুষম্"—ইত্যাদি মন্ত্রে তিলক করিবে।

ব্রহ্মচারী গুরুর পাদোপসংগ্রহণ করিয়া সায়ং প্রাতঃ উভয়কালে সমিধাধান বিধানে সমিধাধান করিবে। পরে অগ্নির উত্তরে প্রাগগ্র কুশোপরি পশ্চিমাদি হইতে পঙ্ক্তিক্রমে পূর্ব্বস্থাপিত জলপূর্ণ কলসসমূহ পশ্চিমাদিক্রমে এক একটী কলস হইতে এক এক অঞ্জলি জল লইয়া আত্মাকে অভিষেক করিবে। "ওঁ যেহপ্স্বন্তরগ্নয়ঃ প্রবিষ্টা গোহ্য উপগোহ্যো ময়ূষো মনোহাঃ খলো বিরুজ-স্তনদূষিরিন্দ্রিয়হা তান্ বিজহামি যো রোচনস্তমিহ গৃহ্ণামি"—মন্ত্রপাঠ করিয়া পশ্চিম কলসী হইতে জল লইয়া—"ওঁ তেন মামভিষিঞ্চামি শ্রিয়ৈ যশসে ব্রহ্মণে ব্রহ্মবর্চ্চসায়। ওঁ যেন শ্রিয়মকৃণুতং যেনাপামৃষতং সুরাম্। যেনাক্ষানভ্যষিঞ্চতং যদ্বাং তদশ্বিনা যশঃ"। এই মন্ত্রে অভিষেক করিবে। পরে পূর্ব্বস্থাপিত দ্বিতীয় কলস হইতে, পূর্ব্বোক্ত মন্ত্রে পূর্ব্ববৎ জল লইয়া—"ওঁ আপো হি ষ্ঠা"—ইত্যাদি মন্ত্রে অভিষেক করিবে। তৎপরে তৃতীয় কলস হইতে পূর্ব্ব মন্ত্রে জল লইয়া—"ওঁ যো বঃ শিবতমো রসঃ"—ইত্যাদি মন্ত্রে অভিষেক করিবে। পূর্ব্বোক্তরূপ মন্ত্রে চতুর্থ কলস হইতে জল লইয়া "ওঁ তস্মা অরঙ্গমাম" ইত্যাদি মন্ত্রে অভিষেক করিবে। পরে উক্ত মন্ত্রেই পঞ্চমাদি কলস হইতে জল লইয়া তূষ্ণীম্ভাবে অভিষেক করিবে।

তৎপরে নিম্ন মন্ত্র পাঠ করিয়া মস্তকের উপর দিয়া মেখলা উন্মোচন করিবে, মন্ত্র যথা—"ওঁ উদুত্তমং বরুণ পাশমস্মদবাধমং বি মধ্যমং শ্রথায়। অথা বয়মাদিত্য ব্রতে তবানাগসো অদিতয়ে স্যাম"।

উন্মোচিত মেখলা ভূমিতে নিক্ষেপপূর্ব্বক তূষ্ণীম্ভাবে নূতন বস্ত্র পরিধান

করতঃ আদিত্যোপস্থান করিবে, মন্ত্র যথা—"ওঁ উত্থন্ ভ্রাজভৃষ্ণুরিন্দ্রো মরুদ্ভিরস্থাৎ প্রাতর্যাবভিরস্থাৎ দশসনিরসি দশসনিং মা কুর্ব্বা বিদন্মাগময়। ওঁ উত্থন্ ভ্রাজভৃষ্ণুরিন্দ্রো মরুদ্ভিরস্থাৎ দিবা যাবভিরস্থাৎ শতসনিরসি শতসনিং মা কুর্ব্বা বিদন্মাগময়। ওঁ উত্থন্ ভ্রাজভৃষ্ণুরিন্দ্রো মরুদ্ভিরস্থাৎ সায়ং যাবভিরস্থাৎ সহস্রসনিরসি সহস্রসনিং মা কুর্ব্বা বিদন্মাগময়"।

তদনন্তর দধি তিল ভ্রক্ষণ ও কেশ-নখাদি কর্ত্তনপূর্ব্বক দন্তকাষ্ঠ দ্বারা দন্ত-ধাবন ও মন্ত্র পাঠ করিবে, যথা—"ওঁ অন্নাদ্যায় ব্যূহধ্বং সোমো রাজায়মাগমৎ স মে মুখং প্রমার্ক্ষ্যতে যশসা চ ভগেন চ"॥ তৎপরে আচমন করিয়া সুগন্ধি দ্রব্য দ্বারা হস্তদ্বয় সুগন্ধ করিয়া নাসিকা ও মুখ মার্জ্জনা করিবে, মন্ত্র যথা,—"ওঁ প্রাণাপানৌ মে তর্পয় চক্ষুর্মে তর্পয় শ্রোত্রং মে তর্পয়"। তৎপরে জলাঞ্জলি গ্রহণপূর্ব্বক পিতৃতীর্থ দ্বারা দক্ষিণ দিকে দিবে—"ওঁ পিতরঃ শুন্ধধ্বম্"। তদনন্তর সর্ব্ব গাত্রে সুগন্ধি অনুলেপনপূর্ব্বক জপ করিবে,—"ওঁ সুচক্ষুরহমক্ষিভ্যাং ভূয়াসম্। ওঁ সুবর্চ্চা মুখেন ভূয়াসম্। ওঁ সুশ্রুৎ কর্ণাভ্যাং ভূয়াসম্"॥ নূতন ধৌতবস্ত্র পরিধান করিয়া পাঠ করিবে—"ওঁ পরিধাস্যৈ যশো ধাস্যৈ দীর্ঘায়ুত্বায় জরদষ্টিরস্মি শতঞ্চ জীবামি শরদঃ সুবর্চ্চা ভূয়াসং রায়স্পোষমভিসংব্যয়িষ্যে"। যজ্ঞোপবীত পরিধান করিয়া পাঠ করিবে,—"ওঁ যজ্ঞোপবীতং পরমং পবিত্রং বৃহস্পতের্যৎ সহজং পুরস্তাৎ। আয়ুষ্যমগ্র্যং প্রতিমুঞ্চ শুভ্রং যজ্ঞোপবীতং বলমস্তু তেজঃ"॥ পট্ট উত্তরীয় গ্রহণ করিয়া পাঠ করিবে,—"ওঁ যশসা মা দ্যাবাপৃথিবী যশসেন্দ্রাবৃহস্পতী। যশো ভগশ্চ মাবিদদ্‌যশো মা প্রতিপদ্যতাম্"। নিম্ন মন্ত্র পাঠ করিয়া পুষ্পমালা গ্রহণ করিবে,—"ওঁ যা অহরদ্‌যমদগ্নিঃ শ্রদ্ধায়ৈ মেধায়ৈ কামায়েন্দ্রিয়ায়। তা অহং প্রতিগৃহ্ণামি যশসা চ ভগেন চ"। নিম্ন মন্ত্র পাঠ করিয়া মালা মস্তকে বন্ধন করিবে,—"ওঁ যদ্ যশোঽপ্সরসামিন্দ্রশ্চকার বিপুলং পৃথু। তেন সংগ্রথিতাঃ সুমনস আবধ্নামি যশো ময়ি"। শুক্ল বস্ত্র দ্বারা শিরোবেষ্টন করিবে, যথা—"ওঁ যুবা সুবাসাঃ পরিবীত আগাৎ স উ শ্রেয়ান্ ভবতি জায়মানঃ। তং ধীরাসঃ কবয় উন্নয়ন্তি স্বাধ্যো মনসা দেবয়ন্তঃ"। নিম্ন মন্ত্রে সুবর্ণকুণ্ডল কর্ণে পরিধান করিবে,—"ওঁ অলঙ্করণমসি ভূয়ঃ অলঙ্করণং ভূয়াঃ"। নিম্ন মন্ত্রে চক্ষুর্দ্বয়ে অঞ্জন দান করিবে,—"ওঁ বৃত্রস্য কনীনিকাসি চক্ষুর্দা অসি চক্ষুর্মে ধেহি"। নিম্ন মন্ত্রে দর্পণে আত্মমুখ দর্শন করিবে,—"ওঁ রোচিষ্ণুরসি"। পরে ছত্র ধারণ করিয়া পাঠ করিবে,—"ওঁ বৃহস্পতেশ্ছদিরসি পাপ্মনো মামন্তর্দ্ধেহি। তেজসো যশসো মামন্তর্দ্ধেহি"। পাদদ্বয়ে উপানহ (জুতা) ধারণ করিয়া পাঠ

করিবে,—"ওঁ প্রতিষ্ঠে স্থো বিশ্বতো মা পাতম্"। বৈণবদণ্ড (বাঁশের দণ্ড) গ্রহণ করিয়া পাঠ করিবে,—"ওঁ বিশ্বেভ্যো মা নাস্ত্রাভ্যঃ পরিপাহি সর্ব্বতঃ"। অতঃপর পূর্ব্বগৃহীত বিল্বদণ্ড অগ্নিতে নিক্ষেপ করিবে।

অনন্তর আচার্য্য বিবাহ-পদ্ধতিক্রমে বিষ্টর, পাদ্য, অর্ঘ্য, আচমনীয়, মধু-পর্ক প্রভৃতি দ্বারা শিষ্যের অর্হণ করিবেন। তৎপরে শান্তিকর্ম্ম, অভিষেক, অচ্ছিদ্রাবধারণ করিবেন। তৎপরে ব্রহ্মচারী আচারানুসারে মঙ্গলাদি কর্ম্ম করিয়া ত্রিরাত্র ব্রহ্মচারী-ভাবে নিরামিষ ভোজন করিবে।

ঋগ্বেদীয় দশ-সংস্কার।

বিবাহ-পদ্ধতি।

বিবাহ সংস্কারের প্রথমেই ইন্দ্রাণী কর্ম্ম। যথা—প্রতিমুখে বসিয়া উপরি-দেশে বিতান আচ্ছাদনপূর্ব্বক নিম্ন মন্ত্রে কার্পাসসূত্রদ্বারা প্রতিদিকে কার্পাস সূত্রে ত্রিবেষ্টন করিবে। মন্ত্র যথা—"ওঁ ইন্দ্রাণীমাসু নারিষু সুভগামহমশ্রবম্। নহ্যস্যা অপরং চ ন জরসা মরতে পতির্বিশ্বস্মাদিন্দ্র উত্তরঃ"। তৎপরে নিম্ন মন্ত্রে ঊর্ণাতন্তু (মাকড়সার সূতা) বন্ধন করিতে হয়,—"ওঁ অগ্নে বিশ্বেভিঃ স্বনীক দেবৈরূর্ণাবন্তং প্রথমঃ সীদ যোনিং। কুলায়িনং ঘৃতবন্তং সবিত্রে যজ্ঞং নয় যজমানায় সাধু"।

তদনন্তর বৃদ্ধিশ্রাদ্ধ ও কৃত-হস্তোদক হইয়া অর্হণার্থ বিষ্টর, পাদ্য, অর্ঘ্য, আচমনীয়, দধি, মধু, দুইটী কাংস্যপাত্র ও গো এই সমস্ত দ্রব্য সংগ্রহ ও স্থাপন করিবে।

তৎপরে শুভলগ্নে, আচমনান্তে "সূর্য্যঃ সোমঃ" ইত্যাদি মন্ত্র পাঠপূর্ব্বক গণেশাদি দেবতাদিগকে গন্ধ পুষ্প প্রদান করতঃ বরণ করিবে।

সম্প্রদাতা বলিবেন—"ওঁ সাধু ভবানাস্তাম্"।

বর বলিবেন,—"ওঁ সাধ্বহমাসে"।

সম্প্রদাতা বলিবেন—"ওঁ অর্চ্চয়িষ্যামো ভবন্তম্"।

বর বলিবেন—"ওঁ অর্চ্চয়"।

সম্প্রদাতা বরকে পাদ্য, অর্ঘ্য, আচমনীয়, গন্ধপুষ্প, যজ্ঞোপবীত, বস্ত্র, মাল্য ও অঙ্গুরীয়ক প্রদান করিবেন। ঐ সকল পরিধান করিলে দূর্ব্বা ও আতপচাউল লইয়া বরের দক্ষিণ জানু ধরিয়া বলিবেন,—ওমদ্যামুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ

প্রপৌত্রং, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পৌত্রং, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পুত্রং, অমুকগোত্রং অমুকপ্রবরং শ্রীঅমুকদেব-শর্ম্মাণং বরং ; অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ প্রপৌত্রীং, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পৌত্রীং, অমুকগোত্রস্য অমুক-প্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পুত্রীং, অমুকগোত্রাং অমুকপ্রবরাং শ্রীঅমুকীদেবীং শুভ-বিবাহেন দাতুমেভিঃ পাদ্যাদিভিরভ্যর্চ্চ্য বরত্বেন ভবন্তমহং বৃণে ॥"

বর বলিবেন—"ওঁ বৃতোঽস্মি"।

সম্প্রদাতা বলিবেন—"ওঁ যথাবিহিতং বিবাহ-কর্ম্ম কুরু"।

বর বলিবেন—"ওঁ যথাজ্ঞানতঃ করবাণি"।

অনন্তর মুখচন্দ্রিকা দর্শন সম্পাদন ও স্ত্রী-আচার সম্পাদন করিবেন। তদনন্তর আসনে উপবেশন করিলে, সম্প্রদাতা—"ওঁ বিষ্টরো বিষ্টরো বিষ্টরঃ প্রতিগৃহ্যতাম্"।—এই মন্ত্রে বরকে বিষ্টর দান করিবেন। বর—"ওঁ বিষ্টরং প্রতিগৃহ্নামি" বলিয়া বিষ্টর গ্রহণ করতঃ নিম্ন মন্ত্র পাঠ করিয়া তাহাতে উপবেশন করিবেন ; মন্ত্র যথা—

"ওঁ অহং বর্ষ্ম ইত্যস্য প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্ ছন্দঃ পরমেষ্ঠী দেবতা বিষ্টরাসন-দানে বিনিয়োগঃ। ওঁ অহং বর্ষ্ম সজাতানাং বিদ্যুতামিব সূর্য্যঃ। ইদন্তমভিতিষ্ঠামি যো মা কশ্চাভিদাসতি"। উত্তরাগ্র করিয়া তদুপরি উপবেশন করিবেন। (২)

সম্প্রদাতা পাদ্য লইয়া,—"ওঁ পাদ্যং পাদ্যং পাদ্যং প্রতিগৃহ্যতাম্" বলিয়া বরকে দিবেন।

বর গ্রহণ করিয়া—"ওঁ পাদ্যং প্রতিগৃহ্নামি"। উভয় হস্ত দ্বারা গ্রহণ করিয়া ভূমিতে নামাইয়া তাহা হইতে একটু জল লইয়া মস্তকে দিবেন। (২)

সম্প্রদাতা অর্ঘ্য লইয়া,—"ওঁ অর্ঘ্যমর্ঘ্যমর্ঘ্যং প্রতিগৃহ্যতাম্"। এই বলিয়া বরকে দিবেন। বর—"ওঁ অর্ঘ্যং প্রতিগৃহ্নামি"। এই মন্ত্রে অর্ঘ্য লইয়া মস্তকে দান করিবেন।

সম্প্রদাতা আচমনীয় দিবেন,—"ওঁ আচমনীয়মাচমনীয়মাচমনীয়ং প্রতি-গৃহ্যতাম্"।

বর গ্রহণ করিয়া—"ওঁ আচমনীয়ং প্রতিগৃহ্নামি। ওঁ অমৃতোপস্তরণমসি স্বাহা"। আচমন করিবেন।

কাংস্যপাত্রে দধি, মধু ও ঘৃত লইয়া সম্প্রদাতা মধুপর্ক দিবেন—"ওঁ মধুপর্কো মধুপর্কো মধুপর্কঃ প্রতিগৃহ্যতাম্।"

বর গ্রহণ করিয়া,—"ওঁ মধুপর্কং প্রতিগৃহ্ণামি"। মিত্রস্য ত্বা ইত্যস্য প্রজাপতির্ঋষিঃ সবিতা দেবতা গায়ত্রীচ্ছন্দো মধুপর্কপ্রেক্ষণে বিনিয়োগঃ। ওঁ মিত্রস্য ত্বা চক্ষুষা প্রতীক্ষে"—এই মন্ত্রে নিরীক্ষণ করিয়া—"ওঁ দেবস্য ত্বা ইত্যস্য প্রজাপতির্ঋষিঃ পূষা দেবতা গায়ত্রীচ্ছন্দো মধুপর্কগ্রহণে বিনিয়োগঃ। ওঁ দেবস্য ত্বা সবিতুঃ প্রসবেঽশ্বিনোর্ব্বাহুভ্যাং পূষ্ণো হস্তাভ্যাং প্রতিগৃহ্ণামি"।—গ্রহণ করিয়া—"ওঁ মধুবাতেত্যস্য বিশ্বামিত্রঋষিঃ সবিতা দেবতা ত্রিষ্টুপ্ ছন্দো মধুপর্কালোড়নে বিনিয়োগঃ। ওঁ মধু বাতা ঋতায়তে মধু ক্ষরন্তি সিন্ধবঃ"—এই মন্ত্রে অঙ্গুষ্ঠানামিকাদ্বারা তিনবার আলোড়ন করতঃ—"ওঁ বসবস্ত্বা গায়ত্রেণ ছন্দসা ভক্ষয়ন্তু"।—সম্মুখ দিকে কিঞ্চিৎ নিক্ষেপ করিবে। "ওঁ রুদ্রাস্ত্বা ত্রৈষ্টুভেন ছন্দসা ভক্ষয়ন্তু।"—দক্ষিণ দিকে কিঞ্চিৎ নিক্ষেপ করিবে। "ওঁ আদিত্যাস্ত্বা জাগতেন ছন্দসা ভক্ষয়ন্তু"।—পশ্চাদ্দিকে কিঞ্চিৎ নিক্ষেপ করিবে "ওঁ বিশ্বেদেবাস্ত্বা আনুষ্টুভেন ছন্দসা ভক্ষয়ন্তু।"—উত্তর দিকে কিঞ্চিৎ নিক্ষেপ করিবে। "ওঁ ভূতেভ্যস্ত্বামুৎক্ষিপামি"—মধ্যে কিঞ্চিৎ নিক্ষেপ করিবে। অমন্ত্রক তিনবার ঊর্দ্ধে নিক্ষেপ করিবে। তৎপরে আচমন করিয়া—"ওঁ বিরাজো দোহোঽসি"।—এই মন্ত্রে প্রথমবার আঘ্রাণ লইবে। "ওঁ বিরাজো দোহমসীয়"। পুনরায় আঘ্রাণ লইবে। "ওঁ ময়ি দোহঃ পদ্যায়ৈ বিরাজঃ"। তৃতীয়বার আঘ্রাণ লইবে। পরে আচমন ও আচমন বিধানে "ওঁ অমৃতাপিধানমসি" মন্ত্রে পুনরাচমন করিয়া শৌচার্থ পুনরায় "ওঁ সত্যং যশঃ শ্রীর্ময়ি শ্রীঃ শ্রয়তাম্"—মন্ত্রে আচমন করিয়া কর্ম্মাঙ্গ আচমন করিবে।

অনন্তর সম্প্রদাতা—"ওঁ গৌর্গৌর্গৌঃ প্রতিগৃহ্যতাম্"।—

বর—"ওঁ হতো মে পাপ্মা পাপ্মা মে হতঃ"। "ওঁ মাতা রুদ্রাণামিত্যস্য বশিষ্ঠঋষিস্ত্রিষ্টুপ্ ছন্দো গৌর্দ্দেবতা গবানুমন্ত্রণে বিনিয়োগঃ। ওঁ মাতা রুদ্রাণাং দুহিতা বসূনাং স্বসাদিত্যানামমৃতস্য নাভিঃ। প্র নু বোচং চিকিতুষে জনায় মা গামনাগামদিতিং বধিষ্ট"। এই মন্ত্রে গো মোচন করিবেন।

নাপিত বলিবে—"বন্ধনান্মুক্তেয়ং গৌঃ"।

তৎপরে কন্যা আনয়নপূর্ব্বক ব্রাহ্মণগণকে স্বস্তিবাচন করাইয়া বরকে পাঠ করাইবেন,—"ওঁ দীর্ঘায়ুঃ শ্রীঃ শান্তিঃ পুষ্টিশ্চাস্তু শিবা আপঃ সন্তু অক্ষতঞ্চারিষ্টঞ্চাস্তু"।

সম্প্রদাতা কন্যা সম্প্রদান করিবেন,—"ওঁ সাচ্ছাদনালঙ্কৃতায়ৈ কন্যায়ৈ নমঃ"। তিনবার অর্চ্চনা করিয়া—এতৎসম্প্রদানায় ওঁ বরায় নমঃ। এতদধিপতয়ে

ওঁ প্রজাপতয়ে নমঃ। (তিল তুলসী ত্রিপত্র লইয়া) বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা * মহাভারতোক্ত-কন্যাদানফলপ্রাপ্তিকামঃ (শ্রীবিষ্ণুপ্রীতি-কামো বা) অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ প্রপৌত্রায়, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পৌত্রায়, অমুকগোত্রস্য অমুক-প্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পুত্রায়, অমুকগোত্রায় অমুকপ্রবরায় শ্রীঅমুকদেব-শর্ম্মণে বরায় তুভ্যং; অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ প্রপৌত্রীং, অমুকগোত্রস্য অমুকপ্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পৌত্রীং, অমুকগোত্রস্য অমুক-প্রবরস্য অমুকদেবশর্ম্মণঃ পুত্রীং, অমুকগোত্রাং অমুকপ্রবরাং শ্রীঅমুকীদেব্যভি-ধানামেনাং কন্যাং প্রজাপতিদেবতাকাং (অমুকগোত্রস্য অমুকস্য স্বর্গকামঃ, শ্রীবিষ্ণুপ্রীতিকামো বা) অহং সম্প্রদদে"।

বর "ওঁ স্বস্তি" এই বাক্য বলিয়া গায়ত্রী পাঠ করিবেন।

অনন্তর সম্প্রদাতা বলিবেন,—"ওঁ ধর্ম্মে চার্থে চ কামে চ ন ব্যভিচরিতব্যা ত্বয়েয়ম্"। বর বলিবেন,—"ওঁ বাঢ়ম্"।

তৎপরে বর কন্যাকে অভিমর্ষণপূর্ব্বক কামস্তুতি পাঠ করিবেন।

কামস্তুতি—"ওঁ ক ইদমিত্যস্য প্রজাপতির্ঋষিঃ কামো দেবতা ত্রিষ্টুপ্‌ছন্দঃ কন্যাগ্রহণে বিনিয়োগঃ। ওঁ ক ইদং কস্মা অদাৎ কামঃ কামায়াদাৎ কামো দাতা কামঃ প্রতিগ্রহীতা কামং সমুদ্রমাবিশৎ কামেন ত্বা প্রতিগৃহ্নামি কামৈতত্তে। ওঁ বৃষ্টিরসি দ্যৌস্ত্বা পরিদদাতু পৃথিবী ত্বা প্রতিগৃহ্নাতু"।

তৎপরে "দক্ষিণাঃ পান্তু বহুদেয়ঞ্চ নোঽস্তু প্রজাপতিঃ প্রীয়তাং তিথি-করণং মুহূর্ত্তনক্ষত্রে গ্রহলগ্নসম্পদঃ সন্তু"। পাঠ করিয়া পুণ্যাহবাচন ঋদ্ধি-বাচন ও স্বস্তিবাচন (প্রথম খণ্ড দেখ) পূর্ব্বক উদকপাত্র লইয়া "ওঁ অনাধৃষ্ট-মস্যনাধৃষ্যং দেবানামোজো অভিশস্তিপাঃ। অনভিশস্ত্যঞ্জসা সত্য মুপগেষাং স্থিতে মাধাঃ। ওঁ যৎ কক্ষীবাংসমিত্যঙ্গিরাঃ প্রজাপতির্ঋষির্ব্বিশ্বেদেবা দেবতা গায়ত্রীচ্ছন্দোঽভিমন্ত্রণে বিনিয়োগঃ। ওঁ যৎ কক্ষীবাংসং বননং পুত্রোঽঙ্গি-রসামবেৎ তেন নোঽস্য বিশ্বেদেবাঃ সম্প্রিয়াংসমজীজনন্"। এই মন্ত্রে অভিমন্ত্রিত করিয়া "ওঁ সমুদ্রজ্যেষ্ঠাঃ সলিলস্য মধ্যাৎ পুনানা যন্ত্যনিবিশমানাঃ। ইন্দ্রো যা বজ্রী বৃষভো ররাদ তা আপো দেবীরিহ মামবন্তু। ওঁ যা আপো দিব্যা উত বা স্রবন্তি খনিত্রিমা উত বা যাঃ স্বয়ংজাঃ। সমুদ্রার্থা যাঃ শুচয়ঃ পাবকাস্তা আপো

* সম্প্রদাতার নাম।

দেবীরিহ মামবন্তু। ওঁ যাসাং রাজা বরুণো যাতি মধ্যে সত্যানৃতে অবপশ্যঞ্জনানাম্। মধুশ্চ্যুতঃ শুচয়ো যাঃ পাবকাস্তা আপো দেবীরিহ মামবন্তু। ওঁ যাসু রাজা বরুণো যাসু সোমো বিশ্বেদেবা যাসূর্জ্যং মদন্তি। বৈশ্বানরো যাস্বগ্নিঃ প্রবিষ্টস্তা আপো দেবীরিহ মামবন্তু"—এই মন্ত্রে কন্যাকে অভিষেক করিবেন। "ওঁ আ নঃ প্রজাং ইত্যস্য প্রজাপতির্ঋষির্বিশ্বেদেবা দেবতাস্ত্রিষ্টুপ্ ছন্দঃ আপোমার্জ্জনে বিনিয়োগঃ। ওঁ আ নঃ প্রজাং জনয়তু প্রজাপতি রাজরসায় সমনক্ত্বর্য্যমা। অদুর্ম্মঙ্গলীঃ পতিলোকমা বিশ শন্নো ভব দ্বিপদে শঞ্চতুষ্পদে। ওঁ অঘোরচক্ষুরপতিঘ্ন্যেধি শিবা পশুভ্যঃ সুমনাঃ সুবর্চ্চাঃ। বীরসূর্দ্দেবকামা স্যোনা শন্নো ভব দ্বিপদে শঞ্চতুষ্পদে"।—পাঠপূর্ব্বক স্পর্শ করিবে। তদনন্তর সুবর্ণাদি বরদক্ষিণা দিয়া ব্রাহ্মণগণকে দক্ষিণা দিবেন।

অনন্তর কন্যার অধোবাস ধারণপূর্ব্বক গৃহপ্রবেশ করিবেন। এই সময় লোকাচার ও গ্রাম্যাচার অনুসারে যে সকল কর্ম্ম আছে, তাহা সমাধা করিবেন।

কুশণ্ডিকা।

স্বস্তিবাচন পূর্ব্বক ছায়ামণ্ডপে আষোড়শাঙ্গুল অরণী নির্ম্মঞ্জন করিবে। সেই অগ্নিদ্বারা জাতকর্ম্ম, অন্নপ্রাশন, চূড়াকরণ, উপনয়ন, সমাবর্ত্তন ও বিবাহকর্ম্ম সম্পাদন করিতে হয়। তদভাবে ব্রাহ্মণের বা ক্ষত্রিয়ের গৃহ হইতে অগ্নি আনিয়া উপলেপনাদি আজ্যভাগান্ত কর্ম্ম করিয়া (প্রথম খণ্ড দেখ), "অগ্নে ত্বং যোজকনামাসি, যোজকনামাগ্নে ইহাগচ্ছাগচ্ছ"—ইতি আবাহন করিয়া "এতৎ পাদ্যং ওঁ যোজকনাম্নে অগ্নয়ে নমঃ"। এই ক্রমে পাদ্যাদিদ্বারা পূজা করিবে। তদনন্তর অগ্নির উত্তরে শিল ও নোড়া স্থাপন করিয়া তদুপরি উদককুম্ভ রাখিলে, বর কন্যাকে স্পর্শ করিয়া অগ্নিতে ঘৃতাহুতি দিবেন;—ওঁ অগ্ন আয়ুংষি ইতি তিসৃণাং শতং বৈখানসা ঋষয়োঽগ্নিঃ পবমানো দেবতা গায়ত্রীচ্ছন্দঃ আজ্যহোমে বিনিয়োগঃ। ওঁ অগ্ন আয়ুংষি পবস আ সুবোর্জ্জ মিষঞ্চ নঃ। আরে বাধস্ব দুচ্ছূনাং স্বাহা। ওঁ অগ্নির্ঋষিঃ পবমানঃ পাঞ্চজন্যঃ পুরোহিতঃ। তমীমহে মহাগয়ং স্বাহা। ওঁ অগ্নে পবস্ব স্বপা অস্মে বর্চ্চঃ সুবীর্য্যং। দধদ্রয়িং ময়ি পোষং স্বাহা। ওঁ ত্বমর্য্যমা ভবসি যৎ কনীনাং নাম স্বধাবন্ গুহ্যং বিভর্ষি। অঞ্জন্তি মিত্রং সুধিতং ন গোভির্যদ্দম্পতী সমনসা কৃণোষি স্বাহা। ওঁ প্রজাপতে ন ত্বদেতান্যন্যো বিশ্বা জাতানি পরি তা বভূব। যৎকামাস্তে জুহুমস্তন্নো অস্তু বয়ং স্যাম পতয়ো রয়ীণাং স্বাহা। ওঁ ভূঃ স্বাহা। ওঁ ভুবঃ স্বাহা। ওঁ স্বঃ স্বাহা। ওঁ ভূর্ভুবঃ স্বঃ স্বাহা।

তদনন্তর বর, প্রত্যঙ্মুখ হইয়া প্রাঙ্মুখোপবিষ্টা কন্যার সাঙ্গুষ্ঠ হস্ত গ্রহণ করিয়া পাঠ করিবেন, "ওঁ গৃভ্ণামি ইতি প্রজাপতির্ঋষিঃ সবিতা দেবতা গায়ত্রীছন্দঃ কন্যাপাণিগ্রহণে বিনিয়োগঃ। ওঁ গৃভ্ণামি তে সৌভগত্বায় হস্তং ময়া পত্যা জরদষ্টির্যথাসঃ ভগো অর্য্যমা সবিতা পুরন্ধির্ম্মহ্যং ত্বাদুর্গার্হপত্যায় দেবাঃ"।

তৎপরে নিম্ন মন্ত্র পাঠ করিয়া অগ্নি ও উদক-কুম্ভ প্রদক্ষিণ করিবে,—"ওঁ অমোঽহমস্মি ইতি প্রজাপতির্ঋষিরগ্নির্দ্দেবতা গায়ত্রীচ্ছন্দঃ কন্যাপরিণয়নে বিনিয়োগঃ। ওঁ অমোঽহমস্মি সা ত্বমস্যমূহমমূহমস্মি সা ত্বং দ্যৌরহং পৃথিবী ত্বং রেতোঽহং রেতোভৃত্ত্বং মনোঽহমস্মি বাক্ ত্বং সামাহমস্ম্যৃক্ ত্বং তাবেব বিবহাবহৈ সহরেতো দধাবহৈ প্রজাং প্রজনয়াবহৈ সম্প্রিয়ৌ রোচিষ্ণু সুমনস্যমানৌ জীবেম শরদঃ শতম্" ॥

নিম্ন মন্ত্র পাঠে শিলার উপরে আরোহণ করিবে,—"ওঁ আ তিষ্ঠেমমিতি মেধাতিথির্ঋষিরগ্নির্দ্দেবতা ত্রিষ্টুপ্ ছন্দোঽশ্মারোহণে বিনিয়োগঃ। ওঁ আ তিষ্ঠেমমশ্মানমশ্মেব ত্বং স্থিরা ভব। অভিতিষ্ঠ পৃতন্যতঃ সহস্ব পৃতনায়তঃ"।

তদনন্তর শিলা হইতে অবতরণ করিলে বধূর ভ্রাতা বা ভ্রাতৃস্থানীয় কেহ কন্যার অঞ্জলিতে ঘৃতস্রুব ও লাজ (খৈ) প্রদান করিবে। তখন দম্পতী তিনবার অগ্নি প্রদক্ষিণ করিয়া অগ্নিতে লাজাহুতি দিবেন,—"ওঁ অর্য্যমণমিতি প্রজাপতির্ঋষিঃ সবিতা দেবতা বৃহতীচ্ছন্দো লাজহোমে বিনিয়োগঃ। ওঁ অর্য্যমণং নু দেবং কন্যা অগ্নিমযক্ষত। স ইমাং দেবো অর্য্যমা প্রেতো মুঞ্চাতু নামুতঃ স্বাহা"। তৎপরে,—"ওঁ অমোঽহমস্মি" ইত্যাদি মন্ত্রে অগ্নি ও উদক-কুম্ভ প্রদক্ষিণপূর্ব্বক—"ওঁ আ তিষ্ঠেম"—মন্ত্রে শিলার উপরে আরোহণ করিয়া পুনরায় অবতরণ করিবে ও পুনরায় পূর্ব্ববৎ লাজ দিয়া অঞ্জলি পূর্ণ করিয়া—"ওঁ বরুণং নু দেবং কন্যা অগ্নিমযক্ষত। স ইমাং দেবো বরুণঃ প্রেতো মুঞ্চাতু নামুতঃ স্বাহা"।—অগ্নিতে পূর্ব্ববৎ আহুতি দিবে। পুনরায় পূর্ব্বোক্ত মন্ত্রে অগ্নি ও উদককুম্ভ প্রদক্ষিণ, শিলার উপর আরোহণ, শিলা হইতে অবতরণ করিয়া পূর্ব্ববৎ লাজাঞ্জলি গ্রহণ করিয়া আহুতি দিবে,—"ওঁ পূষণং নু দেবমিতি প্রজাপতির্ঋষিঃ সবিতা দেবতা বৃহতীচ্ছন্দো লাজহোমে বিনিয়োগঃ। ওঁ পূষণং নু দেবং কন্যা অগ্নিমযক্ষত। স ইমাং দেবঃ পূষা প্রেতো মুঞ্চাতু নামুতঃ স্বাহা"। পুনরায় পূর্ব্ববৎ অগ্নি প্রদক্ষিণ করিয়া সূর্পকোণ (কুলার কোণ) দ্বারা বিনামন্ত্রে একবার অগ্নিতে লাজাহুতি দিবে।

অনন্তর বর বধূর কেশ মোচন করিয়া পাঠ করিবেন,—"ওঁ প্র ত্বা মুঞ্চামি

বরুণস্য পাশাদ্ যেন ত্বাবধ্নাৎ সবিতা সুশেবঃ। ঋতস্য যোনৌ সুকৃতস্য লোকে হরিষ্টাং ত্বা সহ পত্যা দধামি"। পুনরায় ঐ কেশ বন্ধন করিয়া পাঠ করিবেন,—"ওঁ প্রেতো মুঞ্চামি নামুতঃ সুবদ্ধামমুতস্করং। যথেয়মিন্দ্র মীঢ়্বঃ সুপুত্রা সুভগাসতি"

সপ্তপদী গমন,—বর নিম্ন মন্ত্র পাঠ করিয়া বধূকে এক এক পদ করিয়া আলেপনাঙ্কিত মণ্ডলে সপ্তপদী গমন করাইবেন, যথা—"ওঁ ইষ একপদীত্যাদীনাং প্রজাপতির্ঋষিরিন্দ্রো দেবতানুষ্টুপ্‌ছন্দঃ সপ্তপদীকরণে বিনিয়োগঃ।—ওঁ ইষ একপদী ভব সা মামনুব্রতা ভব পুত্রান্ বিন্দাবহৈ বহূংস্তে সন্তু জরদষ্টয়ঃ"।—অপর মন্ত্রে—"স্বার্থায়োহ্বতে সা মামনুব্রতা ইত্যাদি। ওঁ উর্জ্জে দ্বিপদী ভব সা—ইত্যাদি। ওঁ রায়স্পোষায় ত্রিপদী ভব সা—ইত্যাদি। ওঁ মায়োভবায় চতুষ্পদী ভব সা—ইত্যাদি। ওঁ প্রজাভ্যঃ পঞ্চপদী ভব সা—ইত্যাদি। ওঁ ঋতুভ্যঃ ষট্‌পদী ভব—ইত্যাদি। ওঁ সখা সপ্তপদী ভব ইত্যাদি।

পরে জলকুম্ভ দ্বারা দম্পতীর মস্তকে অভিষেক করিতে হয়। যতক্ষণ পর্য্যন্ত বধূ অরুন্ধতী ও সপ্তর্ষি দর্শন না করেন, ততক্ষণ পর্য্যন্ত মৌনভাবে থাকিবেন, পরে প্রায়শ্চিত্ত হোম ও স্বিষ্টিকৃদ্ধোম করিবেন।

তদনন্তর বর, নিম্ন মন্ত্র পাঠপূর্ব্বক ধ্রুব দর্শন করিবেন, "ওঁ ধ্রুবেত্যস্য প্রজাপতির্ঋষিঃ পূষা দেবতা অনুষ্টুপ্‌ছন্দো ধ্রুবদর্শনে বিনিয়োগঃ। ওঁ ধ্রুবা দ্যৌ-র্ধ্রুবা পৃথিবী ধ্রুবাসঃ পর্ব্বতা ইমে। ধ্রুবং বিশ্বমিদং জগদ্ ধ্রুবো রাজাবিশাময়ং। ওঁ ধ্রুবন্তে রাজা বরুণো ধ্রুবং দেবো বৃহস্পতিঃ। ধ্রুবন্ত ইন্দ্রশ্চাগ্নিশ্চ রাষ্ট্রং ধারয়তাং ধ্রুবম্"।

যানারোহণ করিবার মন্ত্র—"ওঁ পূষা ত্বেতো নয়ত হস্তগৃহ্যাশ্বিনৌ ত্বা প্র বহতাং রথেন। গৃহান্ গচ্ছ গৃহপত্নী যথাসৌ বশিনী ত্বং বিদথমা বদাসি"।

এই সময় বিবাহাগ্নি আনয়ন করিতে হয়। তদনন্তর কন্যা নিম্ন মন্ত্র সকল পাঠ করিবেন,—"ওঁ মা বিদন্ পরিপন্থিনো য আসীদন্তি দম্পতী। সুগেভির্দুর্গমতীতামপ দ্রান্ত্বরাতয়ঃ"।

বর নিম্ন মন্ত্র পাঠ করিয়া বধূকে গৃহে প্রবেশ করাইবেন—"ওঁ ইহ প্রিয়ং প্রজয়া তে সমৃধ্যতামস্মিন্ গৃহে গার্হপত্যায় জাগৃহি। এনা পত্যা তন্বং সংসৃজস্বাধাজিব্রীবিদথমা বদাথঃ"।

পরে বিবাহাগ্নি সম্মুখে রাখিয়া বৃষচর্ম্মোপরি উপবেশন করতঃ বধূসহ বর অগ্নিতে আজ্যাহুতি প্রদান করিবেন,—"ওঁ আ নঃ প্রজাং জনয়তু প্রজাপতি রাজরসায় সমনক্ত্বর্য্যমা। অদুর্ম্মঙ্গলীঃ পতিলোকমা বিশ শন্নোভব দ্বিপদে

শঞ্চতুষ্পাদে স্বাহা॥ ওঁ ইমাং ত্বমিন্দ্র মীঢ়্বঃ সুপুত্রাং সুভগাং কৃণু। দশাস্যাং পুত্রানা ধেহি পতিমেকাদশং কৃধি স্বাহা॥ ওঁ সম্রাজ্ঞী শ্বশুরে ভব সম্রাজ্ঞী শ্বশ্র্বাং ভব। ননান্দরি সম্রাজ্ঞী ভব সম্রাজ্ঞী অধিদেবৃষু স্বাহা। ওঁ সমঞ্জন্তু বিশ্বে দেবাঃ সমাপো হৃদয়ানি নৌ। সম্মাতরিশ্বা সন্ধাতা সমু দেষ্ট্রী দধাতু নৌ"॥ এই মন্ত্রে আজ্যশেষ দ্বারা বধূর হৃদয়দেশ অভ্যক্ত করিবে।

চতুর্থী হোম, · নিত্যক্রিয়া সম্পাদনপূর্ব্বক "অগ্নে ত্বং শিখিনামাসি, শিখি-নামাগ্নে ইহাগচ্ছাগচ্ছ"—এইরূপ আবাহন করিয়া "এতৎ পাদ্যং ওঁ শিখি-নাম্নে অগ্নয়ে নমঃ"॥ এই ক্রমে পূজা করিয়া প্রথমে প্রাজাপত্য চরুগ্রহণ করিয়া আজ্যাহুতি দিয়া—"ওঁ ভূরগ্নয়ে পৃথিব্যৈ দিব্যায় মহতে চ স্বাহা॥ ওঁ ভুবো বায়বে চান্তরীক্ষায় মহতে চ স্বাহা। ওঁ স্বঃ সূর্য্যায় দিব্যায় মহতে চ স্বাহা॥ ওঁ ভূর্ভুর্বস্বশ্চন্দ্রমসে নক্ষত্রেভ্যশ্চ দিগ্‌ভ্যশ্চ দিব্যায় মহতে চ স্বাহা॥

অথ চরুহোম—"ওঁ অগ্নে প্রায়শ্চিত্তে ত্বং দেবানাং প্রায়শ্চিত্তিরসি ব্রাহ্মণস্ত্বা নাথকাম প্র পদ্যে যাস্যাং পতিঘ্নী তনূঃ প্রজাঘ্নী পশুঘ্নী লক্ষ্মীঘ্নী জারঘ্নীমস্যৈ তাং কৃণোমি স্বাহা॥ ওঁ বায়ো প্রায়শ্চিত্তে ত্বং দেবানাং প্রায়শ্চিত্তিরসি ব্রাহ্মণস্ত্বা নাথকামঃ প্র পদ্যে যাস্যাং অপুত্র্যা তনূঃ প্রজাঘ্নী পশুঘ্নী লক্ষ্মীঘ্নী জারঘ্নীমস্যৈ তাং কৃণোমি স্বাহা॥ ওঁ আদিত্য প্রায়শ্চিত্তে ত্বং দেবানাং প্রায়শ্চিত্তিরসি ব্রাহ্মণস্ত্বা নাথকামঃ প্র পদ্যে যাস্যাং অপসব্যা তনূঃ প্রজাঘ্নী পশুঘ্নী লক্ষ্মীঘ্নী জারঘ্নীমস্যৈ তাং কৃণোমি স্বাহা॥ ওঁ অর্য্যমণং নু দেবং ইত্যাদি। ওঁ বরুণং নু দেবং কন্যা অগ্নিমযক্ষত। স ইমাং দেবো বরুণঃ প্রেতো মুঞ্চাতু নামুতঃ স্বাহা॥ ওঁ পূষণং ইত্যাদি॥ ওঁ প্রজাপতে ন ত্বদেতান্যন্যো বিশ্বা জাতানি পরি তা বভূব। যৎকামাস্তে জুহুমস্তন্নো অস্তু বয়ং স্যাম পতয়ো রয়ীণাং স্বাহা॥"

তদনন্তর ব্রাহ্মণভোজন ও দক্ষিণা দিবে এবং স্বস্তিবাচন করিবে।

গর্ভাধান।

ঋতু হইতে ষোল দিনের মধ্যে শুভ দিনে পতি সুবাসা সালঙ্কৃতা পত্নীকে শয্যায় আনিয়া তৎসহ সুখ-উপবেশনপূর্ব্বক জীববৎসা স্ত্রীকর্ত্তৃক পেষিত শূকশিম্বীরস পত্নীর দক্ষিণ নাসারন্ধ্রে প্রদান করিবেন, মন্ত্র যথা,—"ওঁ উদীর্ষ্বাতঃ মন্ত্রদ্বয়স্য সূর্য্যাসাবিত্রী ঋষিঃ সূর্য্যাসাবিত্রীদেবতে ত্রিষ্টুপ্‌ছন্দো নস্যদানে বিনি-য়োগঃ। ওঁ উদীর্ষ্বাতঃ পতিবতী হ্যেষা বিশ্বাবসুং নমসা গীর্ভিরীড়ে। অন্যামিচ্ছ পিতৃষদং ব্যক্তাং স তে ভাগো জনুষা তস্য বিদ্ধি। ওঁ উদীর্ষ্বাতো বিশ্বাবসো

নমসেড়ামহে ত্বা। অন্যামিচ্ছ প্রফর্ব্যং সং জায়াং পত্যা সৃজ স্বাহা। ওঁ গন্ধর্ব্বস্য বিশ্বাবসোর্মুখমসি"। এই মন্ত্রে স্পর্শ করিবে।

করেন না, ষষ্ঠী মার্কণ্ডেয়ের পূজা করিয়া অন্ন মুখে দিয়া থাকেন। কেবল বিবাহ সংস্কারে অধিবাস ও আভ্যুদয়িক হয়। কিন্তু শূদ্রের পুত্রদিগের অন্নপ্রাশনে আভ্যুদয়িক করা হইয়া থাকে।

জন্মমাসে কর্ণবেধ, চূড়া ও বিবাহ প্রভৃতি কয়েকটী কর্ম্ম নিষিদ্ধ; যথা—"যো জন্মমাসে ক্ষুরিকর্ম্ম-যাত্রাং কর্ণস্য বেধং কুরুতে বিবাহম্। নূনং স রোগং ধন-পুত্র-নাশং প্রাপ্নোতি মূঢ়ো বধবন্ধনাদি॥ জাতং দিনং দূষয়তে বশিষ্ঠো গর্গোঽপি চাষ্টৌ যবনো দশাহম্।—জন্মর্ক্ষমাসং কিল ভাগুরিশ্চ।"

জন্মমাসে যে ব্যক্তি ক্ষুরকর্ম্ম, যাত্রা, কর্ণবেধ ও বিবাহ কর্ম্ম সম্পাদন করে, সেই ব্যক্তির রোগ ও ধন-পুত্রনাশ হয় এবং বধ-বন্ধন প্রভৃতি বিবিধ বিপৎপাত হইয়া থাকে।

বশিষ্ঠ মুনি বলেন, সমস্ত জন্মমাস নহে, কেবল জাত দিন—অর্থাৎ জন্মমাসে জন্মতিথি বাদ দিয়া ঐ সকল কার্য্য করা যাইতে পারে। গর্গমুনি জন্মমাসের আট দিন ও যবনমুনি দশাহ এবং ভাগুরিমুনি সমস্ত মাসই ত্যাগ করিতে বলিয়াছেন।

অন্নপ্রাশে চ সীমন্তে পুত্রোৎপত্তিনিমিত্তকে।
পুংসবনে নিষেকে চ নববেশ্মপ্রবেশনে॥
দেব-বৃক্ষ-জলাদীনাং প্রতিষ্ঠায়াং বিশেষতঃ।
তীর্থযাত্রা বৃষোৎসর্গে বৃদ্ধিশ্রাদ্ধং প্রকীর্ত্তিতম্॥

মৎস্যপুরাণম্।

তীর্থযাত্রাসমারম্ভে তীর্থাৎপ্রত্যাগমেঽপি চ।
বৃদ্ধিশ্রাদ্ধং প্রকুর্ব্বীত বহুসর্পিঃ-সমন্বিতম্॥

কূর্ম্মপুরাণম্।

অন্নপ্রাশনে, সীমন্তোন্নয়নে, বিবাহে, পুংসবনে, নিষেকে, নব-আবাস-প্রবেশনে, দেব, বৃক্ষ, জলাশয় আদি প্রতিষ্ঠায়, তীর্থযাত্রা ও তীর্থ হইতে প্রত্যাগমন এবং কাম্যবৃষোৎসর্গে বৃদ্ধিশ্রাদ্ধ করিতে হয়।

একদিবসে নামকরণ, অন্নপ্রাশন, চূড়াকরণ প্রভৃতি যতগুলি কর্ম্মেরই অনুষ্ঠান হউক, তাহার জন্য এক নান্দীমুখশ্রাদ্ধ, গৌর্য্যাদি-ষোড়শ-মাতৃকা-পূজা, বসুধারা ও কুশণ্ডিকা করিলেই সমস্ত কার্য্য সুসিদ্ধ হইবে। যেমন এক বালকের উপনয়ন কালে তাহার পূর্ব্বসংস্কার না হওয়ার জন্য তাহাও সেই দিবসেই সম্পন্ন করিতে হইলে চূড়াকরণাদি সংস্কারও সেই দিবস

করিতে হইবে, সেদিনে নান্দীমুখাদি শ্রাদ্ধ এবং কুশণ্ডিকা একবার মাত্র করিয়া প্রকৃত কর্ম্ম পৃথক পৃথক করিতে হয়, অর্থাৎ অগ্নির নামকরণ হইতে প্রকৃত কর্ম্ম সমস্তগুলি সমাপ্ত করিয়া তৎপরে উদীচ্য কর্ম্মাদি করিয়া পূর্ণহোম ও দক্ষিণান্ত প্রভৃতি করিলেই কার্য্য সিদ্ধ হইবে।

পৌষাদি চতুরো মাসান্ জ্ঞেয়া বৃষ্টিরকালজা।
একেনাহ্না চৈকদিনং দ্বিতীয়েন দিনত্রয়ম্।
তৃতীয়েন তু সপ্তাহং ত্যজেদকালবর্ষণে॥

পৌষ, মাঘ, ফাল্গুন ও চৈত্র এই চারিমাসে বৃষ্টি হইলে অকাল হয়। এক দিন বৃষ্টি হইলে এক দিন অকাল, ক্রমান্বয়ে দুই দিন বৃষ্টি হইলে তিন দিন অকাল এবং ক্রমান্বয়ে পর পর তিন দিন বৃষ্টি হইলে সপ্তাহ অকাল হয়।

ভূমিতে গোচরণাঙ্কিত হয়, এরূপ পরিমাণ বৃষ্টি হইলে, তাহাকে বৃষ্টি হইয়াছে বলিয়া জানিতে হয়।

উপনয়ন, বিবাহ, ব্রতগ্রহণ প্রভৃতি যে সকল কার্য্য অকালে নিষিদ্ধ, বৃষ্টিপাত জন্য এরূপ অকাল হইলেও সে সকল করিতে নাই।

গর্গমুনি বলেন,—জ্যৈষ্ঠমাস ও অগ্রহায়ণ মাসে প্রথম-গর্ভসম্ভূত জ্যেষ্ঠ পুত্র ও জ্যেষ্ঠা কন্যার বিবাহ, চূড়াকরণ, উপনয়নাদি করিতে নাই। নিতান্ত অরক্ষণীয় হইলে প্রথম দশ দিন পরিত্যাগ করিয়া করিতে হয়।

মনু বলিয়াছেন;—গঙ্গা, যমুনা, সরস্বতী ভিন্ন নদী নাম্নী, মালতী, তুলসী ভিন্ন বৃক্ষ নাম্নী, রেবতী রোহিণী ও অশ্বিনী ভিন্ন নক্ষত্র নাম্নী এবং বরের মাতৃনাম্নী, পক্ষিণী নাম্নী বা ভীষণ নাম্নী অথবা অর্থশূন্য নাম্নী কন্যা বিবাহ করিবে না, কিন্তু বিবাহ কালে নামান্তর করিয়া বিবাহ করা যায়।

বিবাহ পক্ষে নিম্নপ্রকার বিধি-নিষেধগুলির প্রতি দৃষ্টি রাখিতে হয়।

সমানপ্রবরা ও সগোত্রা কন্যা বিবাহ নিষিদ্ধ। শূদ্রের আপন হইতে ঊর্দ্ধতন চতুর্দ্দশ পুরুষের মধ্যবর্ত্তিনী কন্যা ব্যতিরেকে সগোত্রা কন্যাও বিবাহ করিতে পারে।

মাতামহ-গোত্রে ব্রাহ্মণের বিবাহ করিতে নাই। বাৎস্য গোত্রে ও সাবর্ণ গোত্রে বিবাহ নিষিদ্ধ, কারণ উভয় গোত্রে সমান প্রবর।

ভিন্ন গোত্রোৎপন্ন হইলেও যে সকল কন্যা পিতৃসপিণ্ড—অর্থাৎ বরের পিতাহইতে পিতামহাদি ঊর্দ্ধতন সপ্তমপুরুষ যাবৎ গণনা করতঃ সেই সপ্তম-পুরুষের প্রত্যেকের বংশীয় বা তনয়াপরম্পরায় উৎপন্ন অধস্তন (বীজীপুরুষ হইতে)

সপ্তমপুরুষ-মধ্যবর্ত্তিনী যে সকল কন্যা, তাহা বিবাহযোগ্যা নহে। ঐ প্রকার পিতৃ-সপিণ্ডার ন্যায় মাতামহসপিণ্ডা কন্যাও পরিত্যাগ করিবে,—অর্থাৎ বরের মাতামহকে লইয়া প্রমাতামহাদি উৰ্দ্ধতন পঞ্চম পুরুষের প্রত্যেকের পুত্র বা তনয়াপরম্পরায় উৎপন্না নিম্ন-পঞ্চম-পুরুষের মধ্যবর্ত্তিনী যে সকল কন্যা, তাহাও বিবাহ করিতে নাই।

মাতামহ-সাপিণ্ড্য পঞ্চম এবং পিতৃ-সাপিণ্ড্য সপ্তমপুরুষ পর্য্যন্ত বিবাহ নিষিদ্ধ। সকল স্থানেই বরের পিতৃপক্ষে সপ্তমী কন্যা এবং মাতৃপক্ষে পঞ্চমী কন্যা বিবাহ করিতে নাই;—ইহার পরবর্ত্তী কন্যাকে বিবাহ করিতে পারা যায়। কোন কোন ঋষির মতে পিতৃপক্ষে ষষ্ঠী ও মাতৃপক্ষে চতুর্থী কন্যা বিবাহ করা যাইতে পারে। পিতার ও মাতার মাসী পিসী আর মামার বংশ পরম্পরোৎপন্না অধস্তন সপ্তমী ও পঞ্চমী কন্যা যাবৎ বিবাহ করা যায়। পিতার পিসীর তনয়, পিতার মাসীর তনয় ও পিতার মামার তনয়রূপ পিতৃবন্ধুত্রয় হইতে পরম্পরাক্রমে সপ্তমী কন্যা যাবৎ অবিবাহ্যা। এই প্রকার মাতার পিসীর তনয়, মাতার মাসীর তনয় আর মাতার মামার তনয়রূপ মাতৃবন্ধুত্রয় হইতে অধস্তন বংশপরম্পরাক্রমে উৎপন্না পঞ্চমী কন্যা যাবৎ পরিত্যাজ্যা; কিন্তু পিতা ও মাতার পিসী বা মাসীর সপত্নী কন্যাদির সঙ্গে বিবাহ হইতে নিষেধ নাই; কেন না তাহাদের সহিত কোন বৈজিক সম্বন্ধ নাই।

পূৰ্ব্বোল্লিখিত সপিণ্ডাদি নিষিদ্ধা কন্যা সকল ত্রিগোত্রান্তরিতা হইলে বিবাহ যোগ্যা হয়। ত্রিগোত্রান্তরিতা কন্যা এইরূপে গণনা করিতে হয়;—প্রতিযোগী গোত্রচতুষ্টয় গ্রহণপূর্ব্বক উৰ্দ্ধতন গণনায় (সপ্তমী পঞ্চমী মধ্যগত জন্য) কন্যা পরিত্যাজ্যা বলিয়া গণনীয় হইলে প্রতিযোগী গোত্র লইয়া চতুর্থগোত্রা কন্যাকে বিবাহ করা যায়।

বরের পিতা এবং পিতার মামাতো ভাই, মাসীতো ভাই ও পিসীতো ভাই এই চতুষ্টয় ব্যক্তি পিতৃপক্ষে অর্থাৎ পিতৃসম্বন্ধে ইহাদিগের সহিত সম্বন্ধ আর বরের মাতামহ এবং মাতার মামাতো ভাই, মাসীতো ভাই ও পিসীতো ভাই এই চতুষ্টয় ব্যক্তি মাতৃপক্ষের অর্থাৎ মাতৃসম্বন্ধই ইহাদিগের সহিত সম্বন্ধ। ইহাদিগকে গণনার প্রতিযোগী বলা যায়, ইহাদিগকে লইয়া ঊৰ্দ্ধ বা অধঃ পিতৃপক্ষে সাতপুরুষ ও মাতৃপক্ষে পাঁচ পুরুষ পর্য্যন্ত গণনা করিতে হয়।

বিমাতার ভ্রাতৃকন্যাকে বিবাহ করা যায় না, সেই কন্যার কন্যাকে বিবাহ করা যাইতে পারে।

গুরু (আচার্য্য ও গুরু) কুলপুরোহিত, শিষ্য (যজমান ও বৈদিক শিষ্য) ও অধ্যাপক ইঁহাদিগের কন্যা অবিবাহ্যা।

অকালে কন্যাদান করিলে, দানের ফল নষ্ট হয়। কিন্তু কন্যাকাল উত্তীর্ণ হইলে, অগৌণে কন্যা পাত্রস্থ করা কর্ত্তব্য, তখন আর কালাকাল বিচার করিতে নাই।

যুগ্মবর্ষে বিবাহ হইলে কন্যা বিধবা ও অযুগ্মে দুর্ভগা হয়। অতএব গর্ভ হইতে গণনা করিয়া যুগ্মবর্ষে বিবাহ দিলে কন্যা পতিব্রতা হয়। জন্মমাসাবধি অযুগ্ম বর্ষে তিন মাসের উর্দ্ধে নয়মাস পর্য্যন্ত ও যুগ্মবর্ষে তিনমাস পর্য্যন্ত যুগ্ম, এই সময়ে বিবাহ দিলে কন্যা সাধ্বী ও পুত্রবতী হয়।

দিবাভাগে বিবাহ হইলে কন্যা পুত্রবর্জ্জিতা ও বিরহানলদগ্ধা হয়, অতএব কদাচ দিবা-বিবাহ দিতে নাই।

গর্ভাষ্টম বা অষ্টবর্ষ হইতে দ্বাদশ বৎসর বয়স পর্য্যন্ত ব্রাহ্মণ বালকের উপনয়ন কাল। কোন কোন ঋষি বলিয়াছেন, যে বালকের ব্রহ্ম-তেজ কামনা করা যায়, তাহার উপনয়ন পঞ্চমবর্ষেই দিবে। দ্বাদশবর্ষ গত হইলে ব্যস্তসমস্ত-মহাব্যাহৃতি হোম করিয়া উপনয়ন দিতে হয়। ষোড়শবর্ষ হইলে ব্রাহ্মণ বালকের ব্রাত্য দোষ জন্মে, এমন ঘটিলে সেই দোষ নিবারণ কামনায় চান্দ্রায়ণ এবং গোমূল্য এক কাহন কড়ি দান করিয়া উপনয়ন হইতে পারে। মাতৃ-পিতৃ-বিরহিত দুরবস্থাপন্ন বালকের ধেনুত্রয়-মূল্য নবকার্ষাপণ উৎসর্গ করিতে হয়।

পূর্ব্বকালে ব্রহ্মচারী গুরুগৃহে উপনীত হইয়া বেদপাঠ করিতে যাইতেন, তারপরে ফিরিয়া আসিলে সমাবর্ত্তন সংস্কার হইত, এখন আর তাহা নাই—বেদের সার-গায়ত্রী দীক্ষার দিবসেই অর্থাৎ উপনয়নের দিনেই সমাবর্ত্তন সমাধা করিতে হয় এবং গৃহমধ্যে দিবসত্রয় (বা একাদশ দিবস) বাসপূর্ব্বক- তৎপর দিবস প্রাতঃকালে বংশদণ্ড জলে প্রক্ষেপ করিয়া স্নান করিয়া, আগমনের ব্যবহার আছে, যে কয় দিবস ঘরে থাকা হয়, সে কয় দিবস ব্রহ্মচারী-আচারে থাকিতে হয় এবং শূদ্রাদির মুখদর্শন করিতে নাই—ও হবিষ্যাশী থাকিতে হয়।

পঞ্চামৃত।

সাবন-গণিত পঞ্চমমাসের গর্ভিণীকে স্ব স্ব বেদোক্ত মন্ত্র পাঠ করিয়া—সামবেদী সামবেদোক্ত পঞ্চামৃত শোধনের মন্ত্র পাঠ করিয়া, যজুর্ব্বেদী এবং

শূদ্রগণ ঐরূপ যজুর্ব্বেদী মন্ত্র পাঠ করিয়া ও ঋগ্বেদী ঋগ্বেদীয় মন্ত্র পাঠ করিয়া (১ম খণ্ড দেখ) শোধিত পঞ্চামৃত সেবন করাইবে। গর্ভিণী পঞ্চামৃত-সেবনের পূর্ব্বে অন্য কিছুই আহার করিবে না এবং স্নাতা ও মঙ্গলবস্ত্র পরিধান করিয়া দেবতা ও গুরুজনকে প্রণাম করিয়া আসিবেন। এই দিবস গর্ভিণীকে পায়স ও উপাদেয় দ্রব্য ভোজন করাইবার ব্যবস্থা আছে।

পঞ্চামৃতের দিবসে পঞ্চামৃত সেবনের পূর্ব্বে স্থলবিশেষে ষষ্ঠী মার্কণ্ডেয়ের পূজারও ব্যবস্থা আছে, তৎস্থলে পূর্ব্বে সংস্কারাদি করিয়া গণেশাদি দেবতা-গণের পূজা করিয়া তৎপরে ষষ্ঠী-মার্কণ্ডেয়ের পূজা করিবে এবং তখন পঞ্চামৃত মন্ত্র পড়িয়া ভক্ষণ করাইবে।

দীক্ষা-প্রকরণ।

দীক্ষাগ্রহণ না করিলে জীবাত্মার মঙ্গলগ্রন্থি পরিধান করা হয় না। বিবাহ না করিলে যেমন পার্থিবজীবনের—গৃহস্থজীবনের সুপ্রবৃত্তি সকল সমুদিত হয় না—দুইটী জীবাত্মার একত্র শুভ সংঘটন হয় না, তদ্রূপ মন্ত্রদীক্ষা না হইলে পরমাত্মার আর জীবাত্মার মিলনের উপায় হয় না। এই শুভ মিলন বাসরের সংযোজক বা উপদেষ্টা গুরু। অতএব সদ্‌গুরুর আশ্রয় গ্রহণ কর্ত্তব্য। সদ্‌গুরুর লক্ষণ—

শান্তো দান্তঃ কুলীনশ্চ বিনীতঃ শুদ্ধবেশবান্।
শুদ্ধাচারঃ সুপ্রতিষ্ঠঃ শুচির্দ্দক্ষঃ সুবুদ্ধিমান্॥
আশ্রমী ধ্যাননিষ্ঠশ্চ তন্ত্রমন্ত্রবিশারদঃ।
নিগ্রহানুগ্রহে শক্তো গুরুরিত্যভিধীয়তে॥
উদ্ধর্ত্তুঞ্চৈব সংহর্ত্তুং সমর্থো ব্রাহ্মণোত্তমঃ।
তপস্বী সত্যবাদী চ গৃহস্থো গুরুরুচ্যতে॥

"যিনি শান্ত—(শ্রবণ-মনন-নিদিধ্যাসন রূপ বিষয়াতিরিক্ত সাংসারিক যাবতীয় বিষয় হইতে মনের নিগ্রহবান্), দান্ত—শ্রবণাদি বিষয়াতিরিক্ত বিষয় হইতে বাহ্য দশ ইন্দ্রিয়ের নিগ্রহবান্, কুলীন—(তন্ত্রমতে কুলাচার বিশিষ্ট অথবা আচার, বিনয়, বিদ্যা, প্রতিষ্ঠা, তীর্থদর্শন, নিষ্ঠা, শান্তি, তপঃ, দান এই নব লক্ষণ বিশিষ্ট) বিনীত, শুদ্ধবেশসম্পন্ন, বিশুদ্ধাচার সুপ্রতিষ্ঠ (সৎকার্য্যাদি দ্বারা যশস্বী) পবিত্রস্বভাব, ক্রিয়ানিপুণ, সুবুদ্ধিসম্পন্ন গৃহস্থাদি আশ্রমস্থিত অর্থাৎ উদাসীন নহেন, যিনি ঈশ্বর-ধ্যানপরায়ণ, তন্ত্র-মন্ত্রবিষয়ে পণ্ডিত এবং

মন্ত্রদান ও ক্রিয়া দর্শাইয়া শিক্ষা দিয়া সংসারত্রাণ করিতে সমর্থ এবং শাপাদিদ্বারা সংহারকরণক্ষম, তাদৃশ ব্যক্তিই গুরুপদের যোগ্য। তপঃ সম্পন্ন সত্যবাদী গৃহস্থগণই গুরু বলিয়া অভিহিত হইবেন।

নিগমকল্পদ্রুমে উক্ত হইয়াছে, "গুরু বিদ্বান হউন, অথবা বিদ্যাহীন হউন, তাঁহাকে দেবতাজ্ঞানে পূজা করিবে এবং সৎপথাবলম্বী হউন অথবা অসৎ-পথাবলম্বী হউন, তদ্ভিন্ন অন্য গতি নাই"।—ইহাতে বুঝা যায়, কুলগুরু পরিত্যাগ করা বিধেয় নহে। এরূপ স্থলে কুলগুরুর নিকটে দীক্ষিত হইয়া শিক্ষা গুরুর নিকটে উপদেশ লইতে হইবে। কিন্তু নিম্নপ্রকারের কুলগুরু হইলে তাহা পরিত্যাগ করা শাস্ত্রবিহিত। ক্রিয়াসার সমুচ্চয়ে উক্ত হইয়াছে,—

শ্বিত্রী চৈব গলৎকুষ্ঠী নেত্ররোগী চ বামনঃ।
কুনখী শ্যাবদন্তশ্চ স্ত্রীজিতশ্চাধিকাঙ্গকঃ॥
হীনাঙ্গঃ কপটী রোগী বহ্বাশী বহুজল্পকঃ।
এতৈর্দ্দোষৈর্বিমুক্তো যঃ স গুরুঃ শিষ্যসম্মতঃ॥

"যাহার শরীরে শ্বিত্ররোগ, গলৎকুষ্ঠরোগ বা নেত্ররোগ আছে, যে ব্যক্তি বামন, যাহার কুনখরোগ আছে, যে শ্যাবদন্ত, যে স্ত্রী-বশীভূত, অধিকাঙ্গ, হীনাঙ্গ, কপটী, চিররোগী, বহুভোক্তা এবং বহুভাষী, তাদৃশ ব্যক্তিকে গুরু করিবে না। যিনি এই সমস্ত দোষ-পরিশূন্য, তাঁহাকে শিষ্যসম্মত গুরু বলিয়া জানিবে। জামলে উক্ত হইয়াছে,—

অভিশপ্তমপুত্রঞ্চ কদর্য্যং কিতবং তথা।
ক্রিয়াহীনং শঠঞ্চাপি বামনং গুরুনিন্দকম্॥

"যে ব্যক্তি অভিশাপগ্রস্ত, পুত্রহীন, কুৎসিতাকৃতি, ধূর্ত্ত, সৎক্রিয়াবিহীন, শঠ, বামন, গুরুনিন্দুক, জন্মদোষী, রক্তবিকারী এবং সর্ব্বদা মাৎসর্য্যযুক্ত, তাদৃশ ব্যক্তিকে গুরু করিবে না"।

অনন্তর শিষ্য-লক্ষণ কথিত হইতেছে,—

শান্তো বিনীতঃ শুদ্ধাত্মা শ্রদ্ধাবান্ ধারণক্ষমঃ।
সমর্থশ্চ কুলীনশ্চ প্রাজ্ঞঃ সচ্চরিতো যতিঃ।
এবমাদিগুণৈর্যুক্তঃ শিষ্যো ভবতি নান্যথা॥

শমাদিগুণযুক্ত, বিনয়ী, শুদ্ধস্বভাব, শ্রদ্ধাবান্, ধৈর্য্যশীল, সর্ব্বকর্ম্মসমর্থ, সদ্বংশজাত, অভিজ্ঞ, সচ্চরিত্র এবং যত্যাচারযুক্ত ব্যক্তি শিষ্যপদবাচ্য। ইহার বিপরীত আচারযুক্ত ব্যক্তি নিন্দ্য শিষ্য বলিয়া জানিবে।

পিত্রাদির নিকটে দীক্ষা গ্রহণ করিবে না। মাতার নিকটে দীক্ষা গ্রহণ করা যাইতে পারে। গণেশবিমর্ষিণীগ্রন্থে লিখিত হইয়াছে যে, পিতা, মাতামহ, কনিষ্ঠ সহোদর ও শত্রুপক্ষ ব্যক্তির নিকট দীক্ষিত হইলে,—সেই দীক্ষা কল্যাণকরী হয় না। রুদ্রজামলে কথিত হইয়াছে—পতি স্বীয় ভার্য্যাকে, পিতা পুত্রকন্যাকে ও ভ্রাতা সহোদরকে দীক্ষিত করিবে না। পতি যদি সিদ্ধমন্ত্র হন, তবে পত্নীকে দীক্ষিত করিতে পারেন, কিন্তু তাহাকে স্বীয়-শক্তিরূপে গ্রহণ করিবেন, তাহার সহিত পুত্রিকাবৎ ব্যবহার করিবেন না। পিতা ও মাতামহও যদি সিদ্ধমন্ত্র হন, তবে তাঁহাদের নিকট মন্ত্রগ্রহণ করা যায়।

যদি অনবধানতা এবং নিষেধ বাক্যের অজ্ঞানতা বশতঃ পিতা ও মাতামহাদির নিকট মন্ত্রগ্রহণ করা হয়, তবে প্রায়শ্চিত্ত করিয়া পুনরায় দীক্ষিত হইবে। শঙ্খ বলেন,—

"দশসহস্রজাপেন সর্ব্বকল্মষনাশিনী।"

"প্রায়শ্চিত্তন্তু অযুতসাবিত্রীজপঃ সর্ব্বত্র দর্শনাৎ।"—তন্ত্রসারঃ।

দশসহস্র গায়ত্রী জপ করিলে প্রায়শ্চিত্ত হয় বা সকল পাপ নষ্ট হয়,—অতএব ঐরূপ দীক্ষার প্রায়শ্চিত্ত স্বরূপে দশসহস্র গায়ত্রী জপ করিবে।

সদ্‌গুণবিশিষ্টা মন্ত্রজ্ঞানপরায়ণা স্ত্রী-গুরুর নিকটে মন্ত্রগ্রহণ করিলে শুভ ফল হয়। বিশেষতঃ মাতার নিকটে দীক্ষিত হইলে অপেক্ষাকৃত অষ্টগুণফল হয়।

শূদ্র ও স্ত্রীগণকে প্রণব ও প্রণবঘটিত মন্ত্রদান করিবে না। শূদ্রকে আত্মমন্ত্র, গুরুর মন্ত্র, অজপা মন্ত্র, (হংসঃ), স্বাহা ও প্রণব সংযুক্ত মন্ত্র অর্পণ করিলে, ব্রাহ্মণের অধোগতি হয় এবং শিষ্য শূদ্রও নরকগামী হয়।

বীজ সকলের মনন দ্বারা অর্থাৎ স্মরণ-উচ্চারণাদি দ্বারা সংসার হইতে ত্রাণ পাওয়া যায়, এই নিমিত্ত উহাকে মন্ত্র বলে। অতএব নক্ষত্রচক্র ও রাশিচক্র বিচার করিয়া যাহা অনুকূলমন্ত্র, তাহাকে ভজনা করিবে। বারাহীতন্ত্রে বলিয়াছেন,—তারাচক্র, রাশিচক্র এবং নামচক্র বিচারে যদি মন্ত্র অনুকূলমন্ত্র হয়, তবে অন্যচক্র বিচার করিবে না। কিন্তু ধনী মন্ত্র ও অকুল মন্ত্র গ্রহণ করিবে না, ইত্যাদি নিষেধবাক্য থাকায় ঋণীধনীচক্র ও কুলাকুলচক্রের বিচারও আবশ্যক—বুঝা যাইতেছে। যে মন্ত্রের অন্তে "হুঁ ফট্" আছে, তাহাকে পুংমন্ত্র, যাহার অন্তে "স্বাহা" আছে, তাহাকে স্ত্রীমন্ত্র এবং যাহার অন্তে "নমঃ" আছে তাহাকে নপুংসক মন্ত্র বলিয়া জানিবে। সুতরাং পুংস্ত্র্যাদি ভেদে মন্ত্র তিন প্রকার।

নিম্নে চক্রগুলির কথা বলা হইল এবং এক একটী চক্র অঙ্কিত করিয়া দেওয়া গেল।

কুলাকুল চক্র।

বায়ু	অগ্নি	ভূ	জল	আকাশ
অ আ	ই ঈ	উ ঊ	ঋ ৠ	ঌ ৡ
এ	ঐ	ও	ঔ	অং
ক	খ	গ	ঘ	ঙ
চ	ছ	জ	ঝ	ঞ
ট	ঠ	ড		ণ
ত	থ	দ	ধ	ন
প	ফ	ব	ভ	ম
য	র	ল	ব	শ
ষ	ক্ষ	ল	স	হ

নিবন্ধে লিখিত হইয়াছে,—বায়ু, অগ্নি, পৃথিবী, জল ও আকাশ এই পঞ্চ ভূতময় পঞ্চাশদ্বর্ণ ক্রমশঃ রাখিয়া কুলাকুল নির্ণয় করিবে। পাঁচটী হ্রস্ব পাঁচটী দীর্ঘ, বিন্দু (অনুস্বার) এ ঐ, ও ঔ এই সকল স্বরবর্ণ ও ককারাদি ব্যঞ্জনবর্ণ লইয়া বিচার করিবে। অ আ এ ক চ ট ত প য ষ এই সকল বর্ণ মারুত, ই ঈ ঐ খ ছ ঠ থ ফ র ক্ষ এই সকল বর্ণ আগ্নেয়, উ ঊ ও গ জ ড দ ব ল এই সকল বর্ণ পার্থিব। ঋ ৠ ঔ ঘ ঝ ঢ ধ ভ ব স এই সকল বর্ণ বারুণ, ঌ ৡ অং ঙ ঞ ণ ন ম শ হ এই সকল বর্ণ আকাশ। এইরূপ বর্ণ সকল বিন্যাস করিয়া লইবে।

তৎপরে মন্ত্রগ্রহীতার আদ্যক্ষর ও যে মন্ত্র গ্রহণ করিবে তাহার আদ্যক্ষর এই দুই অক্ষর যদি একভূত বা এক দৈবত হয়, তবে সেই মন্ত্র স্বকুল অন্যথা অকুল বলিয়া জানিবে। যদি মন্ত্রগ্রহীতার নামের আদিবর্ণ ও মন্ত্রের আদি-

বর্ণ এককোষ্ঠস্থ না হয়, তবে উক্ত বর্ণদ্বয়ের পরস্পর মিত্রতা থাকিলেও সে মন্ত্র গ্রহণ করা যাইতে পারে। শত্রুতা হইলে কখনই সে মন্ত্র গ্রহণ করিতে নাই। বারুণ বা জল বর্ণ ভৌম বর্ণের এবং মারুত বর্ণ আগ্নেয় বর্ণের মিত্র, মারুত বর্ণ পার্থিব বর্ণের, আগ্নেয় বর্ণ বারুণ বর্ণের ও পার্থিব বর্ণের শত্রু বলিয়া কথিত হইয়াছে।

উদাহরণ—তারানাথ মন্ত্র গ্রহীতা, সে 'কালী' এই মন্ত্র গ্রহণ করিতে পারে কি না? তারানাথের আদ্যক্ষর ত আর মন্ত্রের আদ্যক্ষর ক, উভয় বর্ণ এক কোষ্ঠার মধ্যে অবস্থিত, সুতরাং তারানাথ কালী মন্ত্র গ্রহণ করিতে পারে। তারানাথ 'রাম' মন্ত্র গ্রহণ করিতে পারে কি না? তাহাও পারে—যদিও র ও ত এক কোষ্ঠাশ্রিত নহে, কিন্তু বায়ু বর্ণ ত আগ্নেয় বর্ণ র, উভয়ের মিত্রতা আছে।

রাশি-চক্র।

বৃষ উ ঊ ঋ মিথুন ৠ ঌ ৡ	মেষ অ আ ই ঈ	মীন য র ল ব কুম্ভ প ফ ব ভ ম
কর্কট এ ঐ	*	মকর ত থ দ ধ ন
সিংহ ও ঔ কন্যা অং অঃ শ ষ স হ ল ক্ষ	তুলা ক খ গ ঘ ঙ	বৃশ্চিক চ ছ জ ঝ ঞ ধনু ট ঠ ড ঢ ণ

প্রথমে পূর্ব্ব পশ্চিমে দুইটী রেখা অঙ্কিত করিবে, তৎপরে ঐ রেখাদ্বয়ের মধ্যে উত্তর দক্ষিণায়ত করিয়া আর দুইটী রেখাপাত করতঃ ঈশানাদিচতুষ্কোণে আর চারিটী রেখা দ্বারা রাশিচক্র অঙ্কিত করিতে হয়। (চিত্রের আকৃতি পূর্ব্ব পৃষ্ঠায় দেখ।)

উক্ত চক্রের দ্বাদশ ঘরে যথানিয়মে দ্বাদশ রাশি কল্পনা করিয়া মেষাদি ক্রমে বর্ণ বিন্যাস করিবে। মেষে চারিটী, বৃষে তিনটী, মিথুনে তিনটী, কর্কটে দুইটী, সিংহে দুইটী, কন্যায় দুইটী, তুলায় পাঁচটী, বৃশ্চিকে পাঁচটী, ধনুতে পাঁচটী, মকরে পাঁচটী, কুম্ভে পাঁচটী, মীনে চারিটী বর্ণ অঙ্কিত করিবে,—অবশিষ্ট শ ষ স হ ল ক্ষ এই ছয়টী বর্ণ কন্যাতে লিখিবে। উক্ত নিয়মে বর্ণবিন্যাস করাতে মেষে—অ আ ই ঈ, বৃষে—উ ঊ ঋ, মিথুনে—ৠ ঌ ৡ, কর্কটে—এ ঐ, সিংহে—ও ঔ, কন্যাতে—অং অঃ শ ষ স হ ল ক্ষ, তুলাতে—ক খ গ ঘ ঙ, বৃশ্চিকে—চ ছ জ ঝ ঞ, ধনুতে—ট ঠ ড ঢ ণ, মকরে—ত থ দ ধ ন, কুম্ভে—প ফ ব ভ ম, মীনে—য র ল ব, লিখিতে হইবে। এইরূপে পঞ্চাশদ্বর্ণ সংস্থাপন করিয়া বিচার করিবে। নারদ বলিয়াছেন,—স্বীয় রাশির অনুকূল মন্ত্র ভজনা করিবে, অতএব রাশিচক্র-শুদ্ধ মন্ত্রগ্রহণই সুসঙ্গত। রাশিচক্রের দ্বারা মন্ত্রশুদ্ধির বিচার এইরূপে করিতে হয়,—যথা—

মন্ত্র গ্রহীতার জন্ম রাশি হইতে মন্ত্ররাশি অর্থাৎ যে রাশিতে মন্ত্রের আদিবর্ণ দৃষ্ট হইবে, সেই রাশি পর্য্যন্ত গণনা করিবে। যদি জন্মকালীন রাশি জানা না থাকে, তবে নামের আদ্যক্ষর সম্বন্ধীয় রাশিগ্রহণপূর্ব্বক গণনা করিতে হয়। এইরূপ গণনা করিলে, যদি মন্ত্ররাশি জন্মরাশি হইতে ষষ্ঠ, অষ্টম বা দ্বাদশ হয় তবে সেই মন্ত্র গ্রহণ করিবে না, কারণ ষষ্ঠাদি রাশিগত রিপুমন্ত্র গ্রহণ করিলে গ্রহীতার অনিষ্ট হয়। "রামার্চ্চনচন্দ্রিকায়" লিখিত হইয়াছে,—এক, পঞ্চম ও নবমরাশিগত মন্ত্র বন্ধুর ন্যায় হিতকারী, দ্বিতীয়, ষষ্ঠ ও দশমরাশিস্থিত মন্ত্র সেবক; তৃতীয়, একাদশ ও সপ্তমরাশিস্থিত মন্ত্র পুষ্টিকর। দ্বাদশ, অষ্টম ও চতুর্থরাশিস্থিত মন্ত্র ঘাতক—ইহা কেবল বিষ্ণুবিষয়ে জানিবে। শক্তিমন্ত্রগ্রহণে ষষ্ঠ মন্ত্রও অবশ্য পরিত্যাগ করিবে। তন্ত্রান্তরে উক্ত হইয়াছে,—লগ্ন, ধন, ভ্রাতৃ, বন্ধু, পুত্র, শত্রু, কলত্র, মৃত্যু, ধর্ম্ম, কর্ম্ম, আয় ও ব্যয় মেষাদি দ্বাদশ রাশির এই দ্বাদশ সংজ্ঞা। এই সংজ্ঞানুসারে ইহাদিগের শুভাশুভ ফল নির্দ্দিষ্ট হইয়া থাকে। বিষ্ণু মন্ত্র বিচার বিষয়ে চতুর্থাংশ শত্রুস্থান এবং ষষ্ঠরাশি বন্ধু-স্থান জানিবে।

যে যে স্থানস্থিত মন্ত্রগ্রহণে যেরূপ ফল হইবে, তাহা এই—লগ্নরাশিগত মন্ত্র গ্রহণে মন্ত্রসিদ্ধি, ধনস্থানস্থিত মন্ত্রগ্রহণে ধনবৃদ্ধি, ভ্রাতৃস্থানস্থিত মন্ত্রগ্রহণে ভ্রাতৃবৃদ্ধি, বন্ধুস্থানস্থিত মন্ত্রগ্রহণে বন্ধুবৃদ্ধি, পুত্রস্থানস্থিত মন্ত্রগ্রহণে পুত্রবৃদ্ধি, শত্রুস্থানস্থিত মন্ত্রগ্রহণে শত্রুবৃদ্ধি, কলত্রস্থানস্থিত মন্ত্রগ্রহণে মধ্যবিধ ফল, মৃত্যুস্থানস্থিত মন্ত্রগ্রহণে মৃত্যু, দ্বাদশস্থানস্থিত মন্ত্রগ্রহণে সঞ্চিত ধনের ব্যয় হয়।

নক্ষত্র-চক্র।

অশ্বিনী অ আ দেবঃ	ভরণী ই মানুষঃ	কৃত্তিকা ঈ উ ঊ রাক্ষসঃ	রোহিণী ঋ ৠ ঌ ৡ মানুষঃ	মৃগশিরা এ দেবঃ	আর্দ্রা ঐ মানুষঃ	পুনর্ব্বসু ও ঔ দেবঃ	পুষ্যা ক দেবঃ	অশ্লেষা খ গ রাক্ষসঃ
মঘা ঘ ঙ রাক্ষসঃ	পূর্ব্বফল্গুনী চ মানুষঃ	উত্তরফল্গুনী ছ জ মানুষঃ	হস্তা ঝ ঞ দেবঃ	চিত্রা ট ঠ রাক্ষসঃ	স্বাতী ড দেবঃ	বিশাখা ঢ ণ রাক্ষসঃ	অনুরাধা ত থ দ দেবঃ	জ্যেষ্ঠা ধ রাক্ষসঃ
মূলা ন প ফ রাক্ষসঃ	পূর্ব্বাষাঢ়া ব মানুষঃ	উত্তরাষাঢ়া ভ মানুষঃ	শ্রবণা ম দেবঃ	ধনিষ্ঠা য র রাক্ষসঃ	শতভিষা ল রাক্ষসঃ	পূর্ব্বভাদ্র ব শ মানুষঃ	উত্তরভাদ্র ষ স হ মানুষঃ	রেবতী ল ক্ষ অং অঃ দেবঃ

নক্ষত্র চক্রদ্বারা নিম্ন প্রকারে মন্ত্রশুদ্ধি-বিচার করিতে হয়, যথা—উত্তর হইতে দক্ষিণাগ্র চারিটী রেখা অঙ্কিত করিয়া তাহাদের মধ্যে পূর্ব্ব হইতে পশ্চিমাগ্র দশটী রেখা অঙ্কিত করিলে, তিন শ্রেণীতে সপ্তবিংশতি কোষ্ঠায় বিভক্ত একটী চক্র অঙ্কিত হইবে,—(উপরাঙ্কিত নক্ষত্র-চক্র দেখ)।

তৎপরে এই সপ্তবিংশতি কোষ্ঠায় অশ্বিনী আদি সপ্তবিংশতি নক্ষত্র স্থাপন করিয়া অকারাদি ক্ষ পর্য্যন্ত বর্ণসকল বিন্যাস করিতে হয়। তৎপরে যে যে নক্ষত্রে যে যে বর্ণ ও যে যে গণ লিখিত হইবে, তাহা এই—অশ্বিনীনক্ষত্রে

দেবগণ, ইহাতে অ আ,—ভরণীনক্ষত্রে মানুষগণ, ইহাতে ই,—কৃত্তিকা রাক্ষসগণ, ইহাতে ঈ উ ঊ—রোহিণী মানুষগণ, ইহাতে ঋ ৠ ঌ ৡ,—মৃগশিরা দেবগণ, ইহাতে এ,—আর্দ্রা মানুষগণ, ইহাতে ঐ,—পুনর্ব্বসু দেবগণ, ইহাতে ও ঔ,—পুষ্যা দেবগণ, ইহাতে ক—অশ্লেষা রাক্ষসগণ, ইহাতে খ গ,—মঘা রাক্ষসগণ, ইহাতে ঘ ঙ,—পূর্ব্বফল্গুনী মানুষগণ, ইহাতে চ,—উত্তরফল্গুনী মানুষগণ, ইহাতে ছ জ,—হস্তা দেবগণ, ইহাতে ঝ ঞ,—চিত্রা রাক্ষসগণ, ইহাতে ট ঠ,—স্বাতী দেবগণ, ইহাতে ড,—বিশাখা রাক্ষসগণ, ইহাতে ঢ ণ,—অনুরাধা দেবগণ, ইহাতে ত থ দ,—জ্যেষ্ঠা রাক্ষসগণ, ইহাতে ধ,—মূলা রাক্ষসগণ, ইহাতে ন প ফ,—পূর্ব্বাষাঢ়া মানুষগণ, ইহাতে ব,—উত্তরাষাঢ়া মানুষগণ, ইহাতে ভ,—শ্রবণা দেবগণ, ইহাতে ম,—ধনিষ্ঠা রাক্ষসগণ, ইহাতে য র,—শতভিষা রাক্ষসগণ, ইহাতে ল,—পূর্ব্বভাদ্রপদ মানুষগণ, ইহাতে ব শ,—উত্তরভাদ্রপদ মানুষগণ, ইহাতে ষ স হ এবং রেবতী দেবগণ, ইহাতে ল ক্ষ অং অঃ বর্ণ লিখিতে হইবে।

স্বজাতিতে পরম প্রীতি, ভিন্ন জাতিতে মধ্যম প্রীতি, রাক্ষস ও মনুষ্যে বিনাশ এবং রাক্ষস ও দেবগণে শত্রুতা হয়। মন্ত্রগ্রহীতার জন্মনক্ষত্র এবং মন্ত্রের আদিঅক্ষর যে গৃহে পড়িবে, সেই গৃহ-গত নক্ষত্র লইয়া গণনা করিবে। যদি মন্ত্র ও মন্ত্রগ্রহীতার এক গণ হয়, তবে সেই মন্ত্র গ্রহণে শুভ হইয়া থাকে, এবং যাহার মানুষগণ, সে দেবগণ মন্ত্র গ্রহণ করিতে পারে। মানুষগণ ও রাক্ষসগণে এবং রাক্ষসগণ ও দেবগণে শত্রুতা হয়, কাজেই তাদৃশ মন্ত্র গ্রহণ করিবে না।

জন্ম, সম্পৎ, বিপদ্, ক্ষেম, প্রত্যরি, সাধক, বধ, মিত্র ও পরমমিত্র, এই নয়টী নক্ষত্রের নাম নির্দ্দিষ্ট করিয়াছেন। মন্ত্রগ্রহীতার জন্মনক্ষত্র হইতে আরম্ভ করিয়া মন্ত্র নক্ষত্র পর্য্যন্ত অর্থাৎ যে নক্ষত্রে মন্ত্রের আদ্যক্ষর আছে, সেই নক্ষত্র পর্য্যন্ত জন্ম, সম্পদাদিক্রমে পুনঃ পুনঃ গণনা করিবে। যদি জন্ম নক্ষত্র হইতে মন্ত্রনক্ষত্র জন্ম, পঞ্চম কিংবা সপ্তম হয়, তবে সেই মন্ত্র পরিত্যাগ করিবে। এই জন্যই শাস্ত্রে উক্ত হইয়াছে যে ষষ্ঠ, অষ্টম, নবম কিম্বা চতুর্থ মন্ত্র শুভ, অন্য মন্ত্র অশুভ। মন্ত্রগ্রহীতার জন্মনক্ষত্র হইতে গণনা করিতে হইবে, কিন্তু যদি জন্মনক্ষত্র স্মরণ না থাকে, তবে মন্ত্রগ্রহীতার নামের আদ্যক্ষর সম্বন্ধি নক্ষত্র গ্রহণ করিয়া গণনা করিবে।

অকথহ-চক্র।

অ ক থ হ	উ ঙ প	আ খ দ	ঊ চ ফ
ও ড ব	৯ ঝ ম	ঔ ঢ শ	ৠ ঞ য
ঈ ঘ ন	ৠ জ ভ	ই গ ধ	ঋ ছ ব
অঃ ত স	ঐ ঠ ল	অং ণ ষ	এ ট র

চতুষ্কোণ একটী ক্ষেত্র অঙ্কিত করিয়া চারি কোষ্ঠায় বিভক্ত করতঃ তাহার এক এক কোষ্ঠাকে চারিভাগে বিভক্ত করিলে, ষোড়শ কোষ্ঠায় বিভক্ত একটী চক্র অঙ্কিত হইবে। এই চক্রের নামই অকথহ-চক্র (উপরে দেখ)।

পরে প্রথম কোষ্ঠায় অ, তৃতীয় কোষ্ঠায় আ, একাদশে ই, নবমে ঈ, দ্বিতীয়ে উ, চতুর্থে ঊ, দ্বাদশে ঋ, দশমে ৠ, ষষ্ঠে ৯, অষ্টমে ৠ, ষোড়শে এ, চতুর্দ্দশে ঐ, পঞ্চমে ও, সপ্তমে ঔ, পঞ্চদশে অং এবং ত্রয়োদশ কোষ্ঠায় অঃ লিখিবে। এইরূপে ষোড়শ কোষ্ঠায় ষোড়শ স্বরবর্ণ লিখিয়া পুনরায় উক্ত নিয়মে ক হইতে হ পর্য্যন্ত ব্যঞ্জনবর্ণ সকল লিখিবে। যতক্ষণ পর্য্যন্ত বর্ণসকল শেষ না হয়, ততক্ষণ পর্য্যন্ত লিখিবে। এইরূপে সমস্ত কোষ্ঠায় সমস্ত বর্ণ লিখিবে। কোন কোন্ কোষ্ঠায় কোন্ কোন্ বর্ণ পড়িবে, তাহা উপরের অঙ্কিত চক্র দেখিলেই বুঝিতে পারা যায়।

অনন্তর মন্ত্রগ্রহীতার নামের আদ্যক্ষর হইতে আরম্ভ করিয়া মন্ত্রের আদি অক্ষর পর্য্যন্ত সিদ্ধ, সাধ্য, সুসিদ্ধ ও অরি এইরূপে গণনা করিবে। এক কোষ্ঠাতে নাম ও মন্ত্রের আদিবর্ণ হইলে তাহাতে ঐরূপ বর্ণ গণনা করিবে। উক্ত চক্রে বর্ণ বিন্যাস ও গণনা দক্ষিণাবর্ত্তে করিবে। এক্ষণে কোন্ মন্ত্রগ্রহণে কিরূপ ফল হয়, তাহা এই,—সিদ্ধ মন্ত্র গ্রহণ করিলে মন্ত্র স্বয়ং সিদ্ধ হয়, সাধ্য মন্ত্র গ্রহণে জপ হোমাদি দ্বারা মন্ত্র সিদ্ধ হয়, সুসিদ্ধ মন্ত্র গ্রহণে তৎক্ষণাৎ মন্ত্র সিদ্ধ হয় এবং অরিমন্ত্র গ্রহণে সমূলে বংশ বিনাশ হয়। কদাচ অরিমন্ত্র গ্রহণ করিতে নাই, ভ্রম বা প্রমাদ বশতঃ অরিমন্ত্র গ্রহণ করিলে, তাহা পরিত্যাগ করিয়া আবার মন্ত্র গ্রহণ করিবে।

অরিমন্ত্র যে প্রকারে পরিত্যাগ করিতে হয়, তাহা এই ;—এক দ্রোণ-পরিমিত গব্যদুগ্ধোপরি একশত আটবার সেই মন্ত্র জপ করিয়া সেই দুগ্ধ পান করিবে। একশত আটবার সেই মন্ত্র জপ করিয়া মন্ত্র উচ্চারণপূর্ব্বক পরিত্যাগ করিবে—ইহাতেই অরিমন্ত্র পরিত্যাগ করা হয়।

অকডম চক্র।

পূর্ব্ব পশ্চিমে দুইটী রেখাপাত করিয়া তাহার মধ্যে উত্তর ও দক্ষিণায়ত করতঃ আর দুইটী রেখা অঙ্কিত করিবে। পরে ঈশানাদি চতুষ্কোণে চারিটী রেখা দ্বারা একটী রাশিচক্র করিবে। এই চক্রে মেষাদি বৃষ পর্য্যন্ত দক্ষিণাবর্ত্তে অকারাদি ক্ষ পর্য্যন্ত সমুদয় বর্ণ এক একটী করিয়া লিখিবে। কিন্তু ঋ ৠ ৯ ৡ এই চারি ক্লীববর্ণ, ইহা পরিত্যাগ করিয়া যাবৎ সকল বর্ণ শেষ না হয়, তাবৎ পুনঃ পুনঃ সকল বর্ণ লিখিবে। এইরূপে বর্ণ বিন্যাস করিতে করিতে কোন্ কোন্ ঘরে কি কি বর্ণ বিন্যস্ত হইবে, তাহা উপরি অঙ্কিত চিত্রে লিখিত হইল। এক্ষণে গণনা প্রণালী এইরূপ,—সাধকের নামের আদ্যক্ষর হইতে মন্ত্রের আদি অক্ষর পর্য্যন্ত দক্ষিণাবর্ত্তে সিদ্ধ, সাধ্য, সুসিদ্ধ ও অরি এইরূপে পুনঃ পুনঃ গণনা করিবে। কিন্তু যদি মেষ হইতে মীন পর্য্যন্ত অর্থাৎ বামাবর্ত্তে মন্ত্র সমুদয় লিখিত হয়, তবে গণনাও বামাবর্ত্তে করিতে হইবে। এই চক্রে পুনঃ পুনঃ সিদ্ধ-সাধ্যাদি গণনায় কোন্ কোন্ কোষ্ঠা সাধ্য ইত্যাদি স্পষ্ট করিয়া

লেখা হইতেছে, যথা,—নবম, প্রথম ও পঞ্চম গৃহ সিদ্ধ ; ষষ্ঠ, দশম ও দ্বিতীয় গৃহ সাধ্য ; তৃতীয়, সপ্তম ও একাদশ গৃহ সুসিদ্ধ এবং চতুর্থ, অষ্টম ও দ্বাদশ গৃহ রিপু জানিবে। এই চক্রের গণনায় মন্ত্র সিদ্ধ, সাধ্য কিম্বা সুসিদ্ধ হইলে শুভ ফল হয়—অরি মন্ত্র গ্রহণে অশুভ হইয়া থাকে, অতএব কদাচ অরি মন্ত্র গ্রহণ করিবে না।

ঋণী-ধনী চক্র।

৬	৬	৬	০	৩	৪	৪	০	০	০	৩
অ আ	ই ঈ	উ ঊ	ঋ ৠ	৯ ৡ	এ	ঐ	ও	ঔ	অং	অঃ
ক	খ	গ	ঘ	ঙ	চ	ছ	জ	ঝ	ঞ	ট
ঠ	ড	ঢ	ণ	ত	থ	দ	ধ	ন	প	ফ
ব	ভ	ম	য	র	ল	ব	শ	ষ	স	হ
২	২	৫	০	০	২	১	০	৪	৪	১

এই চক্র করিতে হইলে প্রথমতঃ একাদশ কোষ্ঠা অঙ্কিত করিয়া তাহাদিগকে চারি কোষ্ঠা দ্বারা পূরণ করিয়া একটী চক্র অঙ্কিত করিবে। এই চক্রের প্রথম পঞ্চকোষ্ঠায় একটী হ্রস্ব ও একটী দীর্ঘ, এইরূপে দুই দুইটী করিয়া অকারাদি দশটী স্বরবর্ণ লিখিবে। পরে একারাদি স্বরবর্ণ ও ককারাদি হ পর্য্যন্ত ব্যঞ্জনবর্ণ সমুদয় এক এক কোষ্ঠায় এক একটী করিয়া লিখিবে। এই চক্রের উপরিভাগে ৬, ৬, ৬, ০, ৩, ৪, ৪, ০, ০, ০, ৩, এই অঙ্কগুলি লিখিবে। এই সকল অঙ্কের নাম সাধ্যাঙ্ক অর্থাৎ যখন মন্ত্রের অক্ষর গণনা করিতে হইবে, তখন এই সকল অঙ্কানুসারে গণনা করিতে হইবে আর নিম্নভাগে ২, ২, ৫, ০, ০, ২, ১, ০, ৪, ৪, ১ এই অক্ষরগুলি লিখিবে। ইহাদের নাম সাধকাঙ্ক। যখন সাধকের নামের অক্ষর গণনা করিবে, তখন এই সকল অঙ্ক লইয়া গণনা করিতে হইবে।

এখন যে প্রকারে চক্রের দ্বারা শুদ্ধাশুদ্ধি বিচার করিতে হয়, তাহা এই-রূপ ;—মন্ত্রের স্বরব্যঞ্জনবর্ণ সমুদয় পৃথক্ পৃথক্ রাখিবে। এইরূপ করিলে যে যে বর্ণ দৃষ্ট হইবে; সেই সকল বর্ণ চক্রের যে যে কোষ্ঠায় আছে, সেই সেই কোষ্ঠার উপরিভাগে যে সকল অঙ্ক থাকিবে, প্রত্যেক বর্ণের সেই সকল অঙ্ক লইয়া একত্রে যোগ করিলে যোগফল যত হইবে, তাহাকে ৮ দিয়া হরণপূর্ব্বক অবশিষ্ট অঙ্ক একস্থানে রাখিবে। তৎপরে মন্ত্রগ্রহীতার নামের স্বর ও ব্যঞ্জন-বর্ণ সকল পৃথক্ পৃথক্ করিয়া উক্তরূপে নিম্নকোষ্ঠায় কি অঙ্ক আছে, সেই অঙ্ক লইয়া যোগ ও আট দিয়া ভাগ করিলে যাহা অবশিষ্ট থাকে, তাহা লইবে। এখন মন্ত্রের অঙ্ক, কি মন্ত্রগ্রহীতার অঙ্ক অধিক হইল, দেখিতে হইবে ; যে অঙ্ক অধিক হইবে, তাহা ঋণী এবং যে অঙ্ক ন্যূন হইবে, তাহাই ধনী। মন্ত্র ঋণী হইলে তাহা গ্রহণ করিবে, মন্ত্র ধনী হইলে, তাহা কদাচ গ্রহণ করিবে না। মন্ত্রাঙ্ক ও নামাঙ্ক সমান হইলেও তাহা অমঙ্গলপ্রদ নহে।

মন্ত্রগ্রহীতার নামগ্রহণ সম্বন্ধে সমস্ত তন্ত্রেরই সাধারণ মত এই যে, লোক-প্রসিদ্ধ নাম ও পিতা মাতা কর্ত্তৃক রক্ষিত নাম এবং যে নাম দ্বারা সম্বোধন করিলে নিদ্রিত ব্যক্তি জাগরিত হয়, দূর হইতে প্রত্যুত্তর করে এবং যে নাম গ্রহণ করিয়া আহ্বান করিলে অন্যমনস্ক অবস্থাতেও উত্তর প্রদান করে,—সেই নামগ্রহণ ও তাহাই লইয়া বিচার করিবে।

"কালিদাস" 'হর' এই মন্ত্র গ্রহণ করিতে হইলে, ঋণী ধনী চক্রের বিচার এইরূপ করিতে হয়,—প্রথমে সাধ্যাঙ্ক দেখিতে হয়—সাধ্য হইল মন্ত্র, অতএব 'হর' মন্ত্রের স্বর ও ব্যঞ্জনবর্ণ পৃথক্ করিলে এইরূপ হয়—হ অ র অ। সাধ্যাঙ্ক চক্রের উপর কোষ্ঠায়,—এখন দেখিতে হইবে, সাধ্যাঙ্ক ঐ গুলি কত অঙ্ক—হ×৩=অ×৬ র×৩=অ×৬। এই সমস্ত অঙ্ক যোগ করিলে ১৮ হইল, ৮ দ্বারা ভাগ করিলে, ১৮র ২ অবশিষ্ট থাকিল। এখন সাধকাঙ্ক দেখিতে হইবে। সাধকাঙ্ক নীচের কোষ্ঠায়। সাধক বা মন্ত্র-গ্রহীতার নাম কালিদাস। উহার স্বর ও ব্যঞ্জনবর্ণ পৃথক্ করিয়া তাহার অঙ্ক স্থির এইরূপ হয়, ক আ, ল ই, দ আ, স অ। ক×২=আ×২=ল×২=ই×২=দ×১=আ×২=স×৪=অ×২। এই সমস্ত অঙ্ক যোগ করিলে ১৭ হইল, ৮ দিয়া ভাগ করিলে ১ অবশিষ্ট থাকে, ইহাতে দেখা যাইতেছে, সাধ্যাঙ্ক অর্থাৎ মন্ত্রাঙ্ক অধিক, অতএব মন্ত্রাঙ্ক ঋণী ; আর সাধকাঙ্ক অর্থাৎ মন্ত্রগ্রহীতার অঙ্ক কম, এতএব ধনী—সুতরাং কালিদাস 'হর' মন্ত্র গ্রহণ করিতে পারে।

দীক্ষা-গ্রহণে মাস-নিয়ম।

চৈত্র মাসে মন্ত্র গ্রহণ করিলে পুরুষার্থ সিদ্ধ হয়। বৈশাখে রত্ন লাভ, জ্যৈষ্ঠে মৃত্যু, আষাঢ়ে বন্ধুবিনাশ, শ্রাবণে পূর্ণায়ুঃপ্রাপ্তি, ভাদ্রে প্রাণনাশ, আশ্বিনে রত্নসঞ্চয়, কার্ত্তিক ও অগ্রহায়ণে মন্ত্র সিদ্ধি, পৌষে শত্রুভয়, মাঘে মেধাবৃদ্ধি ও ফাল্গুন মাসে সর্ব্বকামনা সিদ্ধ হইয়া থাকে। মলমাসে মন্ত্র গ্রহণ করিতে নাই। চৈত্র মাসে গোপাল ভিন্ন অন্য দেবতার মন্ত্র গ্রহণ নিষিদ্ধ। আষাঢ় মাসে শ্রীবিষ্ণুর মন্ত্র গ্রহণ প্রশস্ত, দীক্ষা-বিষয়ে সৌরমাসই গ্রহণীয়।

দীক্ষা-গ্রহণে বার-নিয়ম।

রবিবারে দীক্ষা-গ্রহণে বিত্তসঞ্চয়, সোমবারে শান্তি, মঙ্গলবারে আয়ুঃক্ষয়, বুধবারে সৌন্দর্য্যপ্রাপ্তি, বৃহস্পতিবারে জ্ঞান-প্রাপ্তি, শুক্রবারে সৌভাগ্যলাভ এবং শনিবারে যশোনাশ হয়।

দীক্ষা-গ্রহণে তিথি-নিয়ম।

প্রতিপদে দীক্ষা গ্রহণে জ্ঞাননাশ, দ্বিতীয়ায় জ্ঞানলাভ, তৃতীয়ায় পবিত্রতা, চতুর্থীতে বিত্তনাশ, পঞ্চমীতে বুদ্ধিবৃদ্ধি, ষষ্ঠীতে জ্ঞাননাশ, সপ্তমীতে সুখ, অষ্টমীতে বুদ্ধিনাশ, নবমীতে শরীর ক্ষয়, দশমীতে রাজবৎ সৌভাগ্যলাভ, একাদশীতে পবিত্রতা, দ্বাদশীতে সর্ব্বসিদ্ধি, ত্রয়োদশীতে দরিদ্রতা, চতুর্দ্দশীতে তীর্য্যগ্-যোনিপ্রাপ্তি, অমাবস্যায় মানহানি এবং পূর্ণিমায় ধনবৃদ্ধি হয়। বিষ্ণুমন্ত্র গ্রহণ বিষয়ে ষষ্ঠী ও ত্রয়োদশী তিথি বর্জ্জনীয়া নহে। এই সকল তিথি অনধ্যায়-দোষগ্রস্তা হইলে তাহা বর্জ্জনীয় (৩য় খণ্ড ৪৫৬ পৃঃ দেখ)।

দীক্ষা-গ্রহণে নক্ষত্র-নিয়ম।

অশ্বিনী নক্ষত্রে দীক্ষা-গ্রহণ করিলে সুখ, ভরণীতে মৃত্যু, কৃত্তিকায় দুঃখ, রোহিণীতে বাক্‌পতিত্ব, মৃগশিরায় সুখ, আর্দ্রায় বন্ধুনাশ, পুনর্ব্বসুতে ধনসম্পত্তি, পুষ্যায় শত্রুনাশ, অশ্লেষায় মৃত্যু, মঘায় দুঃখনাশ, পূর্ব্বফল্গুনীতে সৌন্দর্য্যপ্রাপ্তি, উত্তরফল্গুনীতে জ্ঞান, হস্তায় ধন, চিত্রায় জ্ঞানসিদ্ধি, স্বাতীতে শত্রুনাশ, বিশাখায় সুখ, অনুরাধায় বন্ধুবৃদ্ধি, জ্যেষ্ঠায় সুতহানি, মূলায় কীর্ত্তিবৃদ্ধি, পূর্ব্বাষাঢ়া ও উত্তরাষাঢ়ায় কীর্ত্তি, শ্রবণায় দুঃখ, ধনিষ্ঠায় দারিদ্র্য, শতভিষায় জ্ঞান, পূর্ব্বভাদ্রে সুখ, উত্তরভাদ্রে সুখ এবং রেবতী নক্ষত্রে কীর্ত্তি বৃদ্ধি হয়। কিন্তু শিব ও বহ্নি মন্ত্রে আর্দ্রা ও কৃত্তিকা অবিধেয় নহে।

দীক্ষা-গ্রহণে যোগ-নির্ণয়।

শুভ, সিদ্ধ, আয়ুষ্মান, ধ্রুব, প্রীতি, সৌভাগ্য, বৃদ্ধি এবং হর্ষণযোগ দীক্ষায় প্রশস্ত।

দীক্ষা-গ্রহণে করণ-নির্ণয়।

বব, বালব, কৌলব, তৈতিল ও বণিজকরণ দীক্ষাকার্য্যে শুভাবহ।

দীক্ষা-গ্রহণে লগ্ন-নির্ণয়।

বৃষ, সিংহ, কন্যা, ধনু ও মীন লগ্নে চন্দ্র ও তারাশুদ্ধিতে মন্ত্র গ্রহণ করিবে। বিষ্ণুমন্ত্র গ্রহণে স্থিরলগ্ন অর্থাৎ বৃষ, সিংহ, বৃশ্চিক ও কুম্ভ লগ্ন প্রশস্ত। শিবমন্ত্রে চরলগ্ন অর্থাৎ মেষ, কর্কট, তুলা ও মকর এই চারিলগ্ন এবং শক্তিমন্ত্রদীক্ষাতে দ্ব্যাত্মক লগ্ন অর্থাৎ মিথুন, কন্যা, ধনু ও মীন লগ্ন প্রশস্ত। অগস্ত্য সংহিতায় লিখিত আছে যে, লগ্নের তৃতীয়, ষষ্ঠ ও একাদশ স্থানে পাপগ্রহ, এবং লগ্নের চতুর্থ, সপ্তম, দশম, নবম ও পঞ্চম স্থানে শুভগ্রহ থাকিলে মন্ত্র গ্রহণে শুভ হয়। কিন্তু দীক্ষাকার্য্যে বক্রগ্রহ অনিষ্টকারী।

দীক্ষা-গ্রহণে পক্ষ-নির্ণয়।

শুক্লপক্ষে দীক্ষাগ্রহণে শুভ এবং কৃষ্ণপক্ষে পঞ্চমী পর্য্যন্ত দীক্ষা গ্রহণে শুভ ফল হয়। অগস্ত্যসংহিতামতে—শুক্ল কৃষ্ণ উভয়পক্ষেই দীক্ষাকার্য্য প্রশস্ত। কালোত্তরে লিখিত হইয়াছে—সম্পত্তিকামী ব্যক্তি শুক্ল পক্ষে, মুক্তিকামী ব্যক্তি কৃষ্ণ পক্ষে মন্ত্র গ্রহণ করিবে। নিষিদ্ধ তিথি এবং নিষিদ্ধ মাস হইলেও নিম্ন লিখিত মাসের বিশেষ বিশেষ তিথিগুলিতে মন্ত্র গ্রহণে বিশেষ বিধি আছে—ভাদ্রমাসের ষষ্ঠী, আশ্বিনমাসের কৃষ্ণা চতুর্দ্দশী, কার্ত্তিকের শুক্লা নবমী, অগ্রহায়ণের তৃতীয়া, পৌষের শুক্লা নবমী, মাঘের শুক্লা চতুর্থী, ফাল্গুনের শুক্লা নবমী, চৈত্রের কাম চতুর্দ্দশী, বৈশাখের অক্ষয় তৃতীয়া, জ্যৈষ্ঠের দশহরা, আষাঢ়ের শুক্লা পঞ্চমী, শ্রাবণের কৃষ্ণা পঞ্চমী—ইহারা দেবপর্ব্ব বলিয়া মন্ত্রগ্রহণে প্রশস্ত। ইহাতে মন্ত্র গ্রহণে কোটিগুণ ফল হয় এবং তিথিযোগকরণাদি কিছুরই বিচার আবশ্যক করে না। অন্য মতে চৈত্রের শুক্লা ত্রয়োদশী, বৈশাখের শুক্লা একাদশী, জ্যৈষ্ঠের কৃষ্ণা চতুর্দ্দশী, আষাঢ়ের নাগপঞ্চমী, শ্রাবণের একাদশী, ভাদ্রের জন্মাষ্টমী, আশ্বিনের মহাষ্টমী, কার্ত্তিকের শুক্লা নবমী, অগ্রহায়ণের শুক্লা ষষ্ঠী, পৌষের চতুর্দ্দশী, মাঘের শুক্লা একাদশী, ফাল্গুনের শুক্লা ষষ্ঠী—দীক্ষাকার্য্যে সুপ্রশস্ত। যোগিনী তন্ত্রে লিখিত হইয়াছে, উত্তরায়ণ ও দক্ষিণায়নাদি সংক্রান্তি দিন, চন্দ্র-সূর্য্যগ্রহণ, যুগাদ্যাদি তিথি, মন্বন্তরতিথি এবং মহাপূজা দিনে দীক্ষাকার্য্য শুভপ্রদ।

জামলে লিখিত আছে,—গঙ্গাদি পুণ্যতীর্থ, কুরুক্ষেত্র, পীঠস্থান, প্রয়াগ, কৈলাস পর্ব্বত ও কাশীক্ষেত্রে মন্ত্রগ্রহণে কালাকালশুদ্ধির প্রয়োজন নাই।

বিষ্ণু জামলে উক্ত হইয়াছে,—দেবীর বোধন হইতে মহানবমী পর্য্যন্ত যত তিথি, তাহার প্রত্যেক তিথিই প্রশস্ত—আশ্বিনের মহাষ্টমী অতি প্রশস্ত। গুরুদেব শিষ্যকে আহ্বান করিয়া মন্ত্র দান করিলে কিছুরই বিচার করিতে হয় না,—কিন্তু ইহা সিদ্ধমন্ত্র বিষয়ে জানিবে।

দীক্ষা-গ্রহণে স্থান-নির্ণয়।

গোশালা, গুরুর আবাসস্থান, দেবালয়, কানন, পুণ্যক্ষেত্র, উদ্যান, নদীতট, আমলকী ও বিল্ববৃক্ষের মূল, পর্ব্বতাগ্র, পর্ব্বতগুহা ও গঙ্গাতট; এই সকল স্থানে দীক্ষাগ্রহণে কোটিগুণ ফল হয়। এতদ্ব্যতীত নিম্নলিখিত নিষিদ্ধ স্থান পরিত্যাগ করিয়া অন্যত্র মন্ত্র গ্রহণ করা যায়। নিষিদ্ধ স্থান যথা,—গয়া, ভাস্কর ক্ষেত্র, বিরজাতীর্থ, চন্দ্রপর্ব্বত, চট্টগ্রাম, মাতঙ্গদেশ ও কন্যাগৃহ।

মন্ত্রের দশ-সংস্কার।

"জননং জীবনং পশ্চাত্তাড়নং বোধনন্তথা। অথাভিষেকো বিমলীকরণাপ্যায়নে পুনঃ। তর্পণং দীপনং গুপ্তির্দশৈতা মন্ত্রসংস্ক্রিয়াঃ॥"—গৌতমীয়ে।

জনন, জীবন, তাড়ন, বোধন, অভিষেক, বিমলীকরণ, আপ্যায়ন, তর্পণ, দীপন ও গুপ্তি এই দশটীকে মন্ত্রের দশ-সংস্কার বলে।

"স্বর্ণাদিপাত্রে সংলিখ্য মাতৃকাযন্ত্রমুত্তমম্। কাশ্মীরচন্দনেনাপি ভস্মনা বাথ সুব্রতে॥ কাশ্মীরং শক্তিসংস্কারে চন্দনং বৈষ্ণবে মনৌ। শৈবে ভস্ম সমাখ্যাতং মাতৃকাযন্ত্রলেখনে॥"

কুঙ্কুম, রক্তচন্দন অথবা ভস্মদ্বারা সুবর্ণাদি পাত্রে (তদভাবে তাম্র পাত্রাদিতে হইতে পারে) মাতৃকাযন্ত্র অঙ্কিত করিবে। শক্তি-মন্ত্র-সংস্কারে কুঙ্কুম, বিষ্ণুমন্ত্রে রক্তচন্দন ও শিবমন্ত্রে ভস্মদ্বারা মাতৃকাযন্ত্র লিখিয়া মন্ত্র সংস্কার করিতে হয়।

মাতৃকা-যন্ত্র।

ব্যোমেন্দ্বোরসনার্ণকর্ণিকমচাং * দ্বন্দ্বৈঃ স্ফুরৎকেশরং বর্গোল্লাসি বসুচ্ছদং বসুমতীগেহেন সংবেষ্টিতম্। আশাস্বস্রিষু লান্তলাঙ্গলিযুজা ক্ষৌণীপুরেণাবৃতং

* ব্যোম বলিতে হ-কার, ইন্দু বলিতে স-কার, ও ঔকার, রসনার্ণ বিসর্গ—এই কয়টী বর্ণ যোগ করিলে হসৌঃ এই মন্ত্র উদ্ধৃত হয়।

যন্ত্রং বর্ণতনোঃ পরং নিগদিতং সৌভাগ্যসম্পৎকরম্॥ যন্ত্রস্য দিক্ষু বং, বিদিক্ষু ঠং লিখেৎ॥ তথা চ গৌতমীয়ে।—"কাদিমান্তাঃ পঞ্চবর্গা দিক্ষু পূর্ব্বাদিতো ন্যসেৎ। যাদিবান্তাঃ শাদিহান্তা লক্ষমীশে প্রবিন্যসেৎ। চতুরস্রং চতুর্দ্বারং দিক্ষু বং ঠং বিদিক্ষু চ॥

মন্ত্রের দশ-সংস্কার করিতে মাতৃকাযন্ত্রের প্রয়োজন, তজ্জন্য এই স্থলে মাতৃকা যন্ত্রের বিষয় লিখিত হইল।

মাতৃকা-যন্ত্র।

প্রথমে চতুর্দ্বারযুক্ত একটী চতুষ্কোণ মণ্ডল করিয়া তন্মধ্যে একটী অষ্টদল পদ্ম অঙ্কিত করিবে। এই পদ্মের কর্ণিকাস্থানে 'হংসোঃ' এই মন্ত্র লিখিবে এবং ইহার অষ্টদলে পূর্ব্বাদি দিক্ হইতে আরম্ভ করিয়া যথাক্রমে দুই দুই স্বরবর্ণ এবং ককারাদি সপ্তবর্গ ও ঈশানকোণে ল ক্ষ এই দুই বর্ণ লিখিবে। তৎপরে পদ্মের বহির্ভাগস্থ চতুর্দ্বারে বং এই বর্ণ এবং চতুষ্কোণে ঠং এই বর্ণ লিখিবে। এই প্রকারে মাতৃকাযন্ত্র অঙ্কিত হয়। উপরে একটী প্রতিকৃতি প্রদত্ত হইল; দর্শন করিলে, অঙ্কনের ভাব প্রতীতি হইবে।

"মন্ত্রাণাং মাতৃকাযন্ত্রাদুদ্ধারো জননং স্মৃতম্।"

জনন,—মাতৃকা-যন্ত্র হইতে মন্ত্রের সমস্ত বর্ণের উদ্ধার করাকে জনন বলে। *

"পঙ্‌ক্তিক্রমেণ বিধিনা মুনিভিস্তত্র নিশ্চিতম্। প্রণবান্তরিতান্ কৃত্বা মন্ত্র-বর্ণান্ জপেৎ সুধীঃ। প্রত্যেকং শতবারন্তু জীবনং তদুদাহৃতম্॥ দশসংখ্যো বা জপঃ॥ বিশ্বসারে।—পৃথক্ শতং বা দশধা মন্ত্রবর্ণান্ জপেৎ সুধীঃ॥

জীবন,—উদ্ধৃত বর্ণসকলের পঙ্‌ক্তিক্রমে প্রত্যেক বর্ণ প্রণব (ওঁ) দ্বারা পুটিত করিয়া এক এক বর্ণ একশতবার জপ করিবে, ইহাকে মন্ত্রের জীবন বলে। বিশ্বসার তন্ত্রে লিখিত হইয়াছে,—প্রত্যেক মন্ত্রবর্ণ শত বা দশ বার জপ করিবে।

"মন্ত্রবর্ণান্ সমালিখ্য তাড়য়েচ্চন্দনাম্ভসা। প্রত্যেকং বায়ুবীজেন পূর্ব্ব-বত্তাড়নং মতম্॥ তাড়নং শতধা দশধা বা॥"

তাড়ন—মন্ত্রের সমস্ত বর্ণ পৃথক্ পৃথক্ করিয়া লিখিয়া 'বং' এই মন্ত্র উচ্চারণ-পূর্ব্বক প্রত্যেক বর্ণকে চন্দন জলদ্বারা শত বা দশবার তাড়ন করিবে, ইহাই মন্ত্রের তাড়ন।

"বিলিখ্য মন্ত্রবর্ণাংস্তু প্রসূনৈঃ করবীরজৈঃ। তন্মন্ত্রবর্ণসংখ্যাকৈর্হন্যাদ্রেফেণ বোধনম্॥"

বোধন।—মন্ত্রের বর্ণ সকল পৃথক্ পৃথক্ লিখিয়া মন্ত্রের বর্ণসংখ্যানুসারে করবীপুষ্পের পরাগদ্বারা 'রং' এই মন্ত্র উচ্চারণপূর্ব্বক হনন করিবে,—ইহাকেই মন্ত্রের বোধন বলে।

"তত্তন্মন্ত্রোক্তবিধিনা অভিষেকঃ প্রকীর্ত্তিতঃ। অশ্বত্থপল্লবৈঃ সিঞ্চেন্মন্ত্রী মন্ত্রার্ণসংখ্যয়া॥"

অভিষেক।—মন্ত্রের বর্ণসংখ্যানুসারে অশ্বত্থপল্লব দ্বারা তত্তন্মন্ত্রোক্ত বিধানে অর্থাৎ কোন স্থলে 'অভিষিঞ্চামি' কোন স্থলে "অভিষিঞ্চামি নমঃ"—এই প্রকার বিধানে মন্ত্র-বর্ণ-সকলকে সিঞ্চন করিবে,—ইহাকে অভিষেক বলে।

"সঞ্চিন্ত্য মনসা মন্ত্রং সুষুম্নামূলমধ্যতঃ। জ্যোতির্ম্মন্ত্রেণ বিধিবদ্দহেন্মল-ত্রয়ং যতী॥"

* অ আ ইত্যাদি স্বরবর্ণ এবং ক খ প্রভৃতি ব্যঞ্জনবর্ণ সমুদয়ে পঞ্চাশৎ বর্ণ মাতৃকাযন্ত্রে লিখিয়া তাহা হইতে মন্ত্রের বর্ণ সকল উদ্ধার করিয়া লইতে হয়।

বিমলীকরণ—সুষুম্নার মূল ও মধ্যভাগে মন্ত্রটীকে চিন্তা করিয়া জ্যোতির্ম্মন্ত্রে * মলত্রয় দগ্ধ করিবে,—ইহাকে মন্ত্রের বিমলীকরণ বলে।

"স্বর্ণেন কুশতোয়েন পুষ্পতোয়েন বা তথা। তেন মন্ত্রেণ বিধিবদাপ্যায়নবিধিঃ স্মৃতঃ॥"

আপ্যায়ন—মন্ত্রবর্ণ সকলকে স্বর্ণ, কুশ বা পুষ্পোদক দ্বারা পূর্ব্বলিখিত জ্যোতির্ম্মন্ত্রে আপ্যায়ন করিবে,—ইহাই মন্ত্রের আপ্যায়ন।

"মন্ত্রেণ বারিণা মন্ত্রে তর্পণং তর্পণং মতম্। মধুনা শক্তিমন্ত্রেষু বৈষ্ণবে চেন্দুমজ্জলৈঃ। শৈবে ঘৃতেন দুগ্ধেন তর্পণং সম্যগীরিতম্॥" অভিষেকোঽপি তথা।

তর্পণ—পূর্ব্বকথিত জ্যোতির্ম্মন্ত্র দ্বারা মন্ত্রের বর্ণ-সংখ্যানুসারে জল দ্বারা তর্পণ করিবে, ইহাকেই মন্ত্রের তর্পণ বলা যায়। শক্তিমন্ত্রে মধু দ্বারা, বিষ্ণু মন্ত্রে কর্পূর-মিশ্রিত জল দ্বারা এবং শিবমন্ত্রে ঘৃত ও দুগ্ধ দ্বারা তর্পণ করিবে।

অভিষেক—অভিষেকও এই প্রকার জানিবে।

"তারমায়ারমাযোগো মনোর্দীপনমুচ্যতে॥"

দীপন—তার অর্থাৎ ওঁ, মায়া অর্থাৎ হ্রীং, রমা অর্থাৎ শ্রীং—এই মন্ত্রত্রয় দ্বারা দীপন করিবে, ইহাকেই দীপন বলে।

"জপ্যমানস্য মন্ত্রস্য গোপনং ত্বপ্রকাশনম্॥"

গুপ্তি—যে মন্ত্র জপ করিবে, তাহা প্রকাশ করিবে না; সর্ব্বদা গোপন রাখিবে,—ইহাকেই গুপ্তি বলে।

মন্ত্রের দশসংস্কার এইরূপে সম্পন্ন করিতে হয়। তন্ত্রশাস্ত্রে উক্ত হইয়াছে, দশবিধ সংস্কার করিয়া মন্ত্র গ্রহণ করিলে, সাধক অভীষ্ট ফললাভে সমর্থ হয়।

সংক্ষেপ দীক্ষা-পদ্ধতি।

মন্ত্রগ্রহণাভিলাষী শিষ্য পূর্ব্বদিনে হবিষ্যাদি করিয়া পরদিন নিত্যক্রিয়াদি সমাধানান্তে, ব্রাহ্মণ হইলে জ্ঞানাজ্ঞানকৃত পাতকক্ষয় কামনায় একশত আটবার (কলিতে ৪৩২ বার) গায়ত্রী জপ করিবে।

* তারং ব্যোমোঽগ্নিমনুযুগ্ দণ্ডী জ্যোতির্ম্মনুর্ম্মতঃ। তারং প্রণবঃ ব্যোমো হ-কারঃ অগ্নিঃ রেফঃ মনুরৌকারঃ দণ্ডী অনুস্বারঃ। তেন ওঁ হ্রৌং।

তার শব্দে ওঁ, ব্যোম শব্দে হ-কার, অগ্নি শব্দে রেফ (র), মনু শব্দে ঔকার ও দণ্ডী শব্দে অনুস্বার, ইহাদের যোগে "ওঁ হ্রৌং" এই মন্ত্র, ইহাই জ্যোতির্ম্মন্ত্র।

আণব্য, মায়িক ও কার্ম্মণ—মন্ত্রের ত্রিবিধ মল।

তদনন্তর আচমন করতঃ নারায়ণ প্রভৃতি দেবতাগণকে গন্ধপুষ্প দান করিয়া স্বস্তিবাচন করিবে এবং তদনন্তর সঙ্কল্প করিবে যথা,—"অদ্যেত্যাদি অমুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা ধর্ম্মার্থকামমোক্ষপ্রাপ্তিকামঃ অমুকদেবতায়া ইয়দক্ষরাত্মক-মন্ত্রগ্রহণমহং করিষ্যে।"

পরে সংকল্পসূক্তাদি পাঠ করিয়া গুরু বরণ করিবে (১ম খণ্ড ৮৭ পৃঃ দেখ)।

অর্চ্চনান্তে গুরুর দক্ষিণ জানু ধরিয়া শিষ্য পাঠ করিবে—অদ্যেত্যাদি—মৎসঙ্কল্পিত অমুকদেবতায়া ইয়দক্ষরাত্মকমন্ত্রগ্রহণকর্ম্মণি গুরুকর্ম্মকরণায় অমুক-গোত্রং শ্রীঅমুকদেবশর্ম্মাণং এভিঃ পাদ্যাদিভিরভ্যর্চ্চ্য গুরুত্বেন ভবন্তমহং বৃণে।

তদনন্তর গুরু স্থাপিত ঘটে বা শালগ্রামে অথবা বাণলিঙ্গে কিম্বা চন্দনাদি দ্বারা তাম্রপাত্রে যন্ত্র অঙ্কিত করিয়া নিজ নিজ পদ্ধতিক্রমে আবাহনাদি করিয়া যথাশক্তি দেবতার পূজা করতঃ তান্ত্রিক-বিধানে হোম করিয়া যে মন্ত্র দেওয়া হইবে, সেই মন্ত্র স্বাহান্ত করিয়া অষ্টোত্তর শতবার পূজিত দেবতার হোম করিবেন।

পরে গুরু শিষ্যকে উত্তরাভিমুখে উপবেশন করাইয়া স্থাপিত ঘটের জলে বা কোশার জলে এক শত আটবার প্রদেয় মন্ত্র জপ করিয়া ঐ জল শিষ্যের মস্তকে কলস মুদ্রা দ্বারা প্রদান করিয়া অভিষেক করিবেন। তৎপরে—"ওঁ সহস্রায় হুং ফট্" মন্ত্রে শিষ্যের শিখা বন্ধন করিয়া দিয়া মস্তকের উপর দেয় মন্ত্র একশত আটবার জপ করিবেন। তৎপরে শিষ্যের হাতে এক অঞ্জলি জল দান করিয়া গুরু বলিবেন,—"অমুকমন্ত্রং তে দদানি, আবয়োস্তুল্যফলদো ভবতু।" শিষ্য বলিবেন—"দদস্ব"। গুরু পূর্ব্বমুখে বসিয়া প্রদেয় মন্ত্র প্রণব-পুটিত করতঃ সাতবার জপ করিবেন, তৎপরে কেবল মন্ত্রটী একশত আটবার জপ করিবেন— আবার ঐ মন্ত্র প্রণবপুটিত করিয়া সাতবার জপ করিবেন। তদনন্তর গুরু শিষ্যের দেহে ঋষ্যাদি ন্যাস করিলে শিষ্য মস্তক আচ্ছাদন করিয়া পশ্চিম মুখ হইয়া বসিয়া দুই হস্তে গুরুর দুই পদ ধারণ করিবে। তখন গুরু ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য শিষ্যের দক্ষিণ কর্ণে ঋষিচ্ছন্দ আদি যুক্ত বীজমন্ত্র স্পষ্ট স্পষ্ট করিয়া তিনবার বলিয়া দিবেন। স্ত্রী ও শূদ্রের বামকর্ণে তিনবার কেবল-শুদ্ধ মন্ত্র শুনাইবেন।

গৃহীত মন্ত্র শিষ্য তখন মন্ত্র পাঠ করতঃ ভূলুণ্ঠিত হইয়া গুরুর চরণে প্রণাম করিবে। মন্ত্র যথা—"নমস্তে নাথ ভগবন্ শিবায় গুরুরূপিণে।

বিষ্ণাবতারসংসিদ্ধৌ স্বকৃতানেকবিগ্রহ ॥ নারায়ণস্বরূপায় পরমাত্মৈকমূর্ত্তয়ে। সর্ব্বাজ্ঞান-তমো-ভেদ-ভানবে চিদ্‌ঘনায় তে ॥ স্বতন্ত্রায় দয়াক্লৃপ্ত-বিগ্রহায় শিবাত্মনে। পরতন্ত্রায় ভক্তানাং ভব্যানাং ভব্যরূপিণে॥ বিবেকিনাং বিবেকায় বিমর্শায় বিমর্শিনাম্। প্রকাশানাং প্রকাশায় জ্ঞানিনাং জ্ঞানরূপিণে ॥ ত্বৎ-প্রসাদাদহং দেব কৃতকৃত্যোঽস্মি সর্ব্বতঃ। মায়া-মৃত্যু-মহাপাশাদ্ বিমুক্তোঽস্মি শিবোঽস্মি চ ॥

তখন গুরু শিষ্যের হস্তধারণ করিয়া উত্তোলনপূর্ব্বক মঙ্গল কামনা করতঃ পাঠ করিবেন,—"ওঁ উত্তিষ্ঠ বৎস মুক্তোঽসি সম্যগাচারবান্ ভব। কীর্ত্তি-শ্রী-কান্তি-পুত্রায়ুর্ব্বলারোগ্যং সদাস্তু তে ॥"

তদনন্তর শিষ্য গুরুদক্ষিণা * দান করিবেন, বাক্য যথা—"অদ্যেত্যাদি—কৃতৈতৎ অমুকদেবতায়া অমুকমন্ত্রগ্রহণকর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং দক্ষিণামেতৎ সুবর্ণ-মূল্যং রজতমর্চ্চিতং শ্রীবিষ্ণুদৈবতং অমুকগোত্রায় শ্রীঅমুকদেবশর্ম্মণে গুরবে তুভ্যমহং সম্প্রদদে ॥"

অতঃপর শিষ্য একশত আটবার মন্ত্র জপ করিবে। গুরুর সঞ্চারি-শক্তি লাভার্থ তাঁহার নিকট তিন দিন অবস্থান করিবার বিধান আছে।—গুরুও আত্মশক্তি রক্ষার্থ একশত আটবার মন্ত্র জপ করিবেন।

দীক্ষার দিনে গুরু বা শিষ্য কাহাকেও উপবাসী থাকিতে নাই।

পুরশ্চরণ।

মন্ত্র সিদ্ধির জন্য জপ, হোম, তর্পণ, অভিষেক ও ব্রাহ্মণভোজন, এই পঞ্চাঙ্গ কর্ম্মকে পুরশ্চরণ কহে। যেরূপ জীব-হীন দেহী কার্য্যে অক্ষম, সেইরূপ পুরশ্চরণ-হীন মন্ত্র সিদ্ধি-প্রদানে অক্ষম। সাধক স্বয়ং কিম্বা গুরুর দ্বারা পুরশ্চরণ করিবে। তদভাবে শাস্ত্রবেত্তা, সর্ব্বপ্রাণীর হিতকারী, নানাগুণ-সম্পন্ন, সদ্‌ব্রাহ্মণ দ্বারা কিম্বা গুণশালিনী পুত্রবতী স্ত্রী-গুরু দ্বারা পুরশ্চরণ করাইবে।

পুরশ্চরণে স্থান-নির্ণয়।

পুণ্যক্ষেত্র, নদীতীর, পর্ব্বতের গুহা, তীর্থস্থান এবং নদীসঙ্গমস্থল পুরশ্চরণ কার্য্যে প্রশস্ত এবং উদ্যান, নির্জ্জন স্থান, বিল্বমূল, পর্ব্বততট, তুলসীকানন,

---

* গুরুকে সর্ব্বস্ব ;—তদর্দ্ধ কিম্বা তদর্দ্ধ দক্ষিণা দিবে, নিতান্ত অসামর্থ্যেও গুরুর যাহাতে সন্তোষ হয় এরূপ দক্ষিণা দিতে হয়। নচেৎ দীক্ষাতে ফল হয় না।

গোষ্ঠস্থান, বৃষশূন্য শিবালয়, অশ্বত্থ ও আমলকী বৃক্ষের মূল, গোশালা, জলমধ্যবর্ত্তী স্থান, দেবালয়, সমুদ্রতীর ও নিজগৃহ এই সকল স্থানে সাধনকার্য্য প্রশস্ত।

পুরশ্চরণের পূর্ব্ব-কর্ত্তব্য।

পুরশ্চরণ করিবার পূর্ব্বদিবস হবিষ্যাশী ও ব্রহ্মচারী হইবে এবং যে কয় দিন জপ করিতে হয়, সেই কয় দিবসই হবিষ্য করিতে হয়।

পুরশ্চরণকালে লবণ, ক্ষারদ্রব্য, মধু, মনের কুটিলতা, ক্ষৌরকর্ম্ম, তৈলমর্দ্দন, অনিবেদিত অন্নভোজন, অসঙ্কল্পিত কার্য্য এবং গাত্র-মার্জ্জনাদি পরিত্যাগ করিবে।

পঞ্চগব্য অথবা আমলকীরস দ্বারা মন্ত্র পাঠপূর্ব্বক স্নান করিয়া যথোক্তবিধানে আচমন ও দেবতার অর্চ্চনা করিয়া ত্রিসন্ধ্যা জপ করিবে।

শক্ত হইলে তিনবার, অশক্ত হইলে একবার স্নান করিবে।

জপের নিয়ম।

জপকালে অন্য শব্দ একবার উচ্চারণ করিলে "ওঁ" এই মন্ত্র পাঠ এবং পারস্যাদি বিজাতীয় শব্দ উচ্চারণ করিলে একবার প্রাণায়াম করিয়া পুনরায় জপ করিবে। অনেক কথা বলিলে একবার প্রাণায়াম করিয়া পুনরায় জপ করিবে। মল-মূত্রের বেগ ধারণ করিয়া, মলিন বস্ত্র পরিধান করিয়া, কেশ ও মুখাদির দুর্গন্ধযুক্ত হইয়া কদাচ জপ করিবে না। আলস্য, জৃম্ভণ, নিদ্রা, ক্ষুৎ (হাঁচি), থুৎকার, ভয়, নীচাঙ্গ-স্পর্শন এবং ক্রোধ জপকালে পরিত্যাগ করিবে।

পুরশ্চরণ সিদ্ধির নিমিত্ত প্রতিদিন অনতিবিলম্বিত, অনতিদ্রুত এবং নিয়মিত সংখ্যায় জপ করিবে। আরম্ভ দিবসে যত সংখ্যায় জপ করিবে, প্রতিদিন তত সংখ্যা জপ করিতে হয়, ন্যূনাধিক্যে সিদ্ধিলাভ ঘটে না। কলিতে নির্ণীত সংখ্যার চারিগুণ জপ করিতে হয়। মানস-জপে কোন নিয়ম নাই।

সূর্য্য, অগ্নি, গুরু, চন্দ্র, প্রদীপ, জল, ব্রাহ্মণ এবং গো-সন্নিধানে জপ প্রশস্ত।

গ্রামে জপ করিলে কূর্ম্ম-চক্রের বিচার করিতে হয়। কিন্তু পর্ব্বত, সমুদ্রতীর, পুণ্যারণ্য বা নদীতটে পুরশ্চরণ করিলে কূর্ম্মচক্র বিচার করিতে হয় না।

কূর্ম্মচক্র করিয়া পূর্ব্বকথিত পর্ব্বত প্রভৃতি স্থান ব্যতীত স্থানে যদি পুরশ্চরণ

করিতে হয়, তবে পুরশ্চরণ করিবার পূর্ব্ব দিবসে ক্ষৌরাদি হইয়া যে স্থানে মন সন্তুষ্ট হয়, এমন স্থানে কার্য্যক্ষেত্র স্থির করিয়া "অমুকদেবতায়া অমুকমন্ত্রস্য পুরশ্চরণসিদ্ধয়ে ময়েয়ং ভূমির্গৃহ্যতে মন্ত্রো মে সিধ্যতাম্।" এই মন্ত্র পাঠপূর্ব্বক কূর্ম্মচক্রানুরূপ কুটীর মধ্যে বেদী প্রস্তুত করিবে। এই বেদীর চতুর্দ্দিকে দুই ক্রোশ পরিমিত স্থান নিজ আহার বিহারার্থ কল্পনা করিয়া রাখিবে এবং পুরশ্চরণ আরম্ভ করিয়া সমাপন না হওয়া পর্য্যন্ত সেই কল্পিত স্থান অতিক্রম করিবে না। বেদীর পূর্ব্বদিকে স্থণ্ডিল প্রমাণ ভূমি কুণ্ডবৎ ঈষৎ নিম্ন করিয়া রাখিবে।

পরদিন প্রত্যূষে স্নানাদি নিত্যক্রিয়া সমাধা করিয়া বট, অশ্বত্থ, যজ্ঞডুম্বুর, পাকুড় ও ক্ষীরিবৃক্ষ ইহার যে কোন বৃক্ষের বিঘত প্রমাণ দশটী কাষ্ঠিকা গ্রহণপূর্ব্বক—"ওঁ নমঃ সুদর্শনায় অস্ত্রায় ফট্" দশবার এই মন্ত্র উচ্চারণ করিয়া দশদিকে ঐ কাষ্ঠিকা পুতিবে। দশ দিকে যথা—উত্তর, দক্ষিণ, পূর্ব্ব, পশ্চিম এই চারিদিক, অগ্নি, বায়ু, নৈঋ্ঝত ও ঈশান এই চারিকোণে এবং পূর্ব্বদিক ও অগ্নিকোণের মধ্যে একটী ও পশ্চিমদিক এবং বায়ুকোণ ইহার মধ্যে একটী, এই দশটী পুতিবে। তৎপরে পাঠ করিবে,—"ওঁ যে চাত্র বিঘ্নকর্ত্তারো ভুবি দিব্যন্তরীক্ষগাঃ। বিঘ্নীভূতাশ্চ যে চান্যে মম মন্ত্রস্য সিদ্ধিষু॥ ময়ৈতৎ-কীলিতং ক্ষেত্রং পরিত্যজ্য বিদূরতঃ। অপসর্পন্তু তে সর্ব্বে নির্ব্বিঘ্না সিদ্ধিরস্তু মে॥

পরে আসনানুরূপ কূর্ম্মচক্র অঙ্কিত করিবে।

কূর্ম্ম-চক্র বিচার।

দীপস্থানং সমাশ্রিত্য কৃতং কর্ম্ম ফলপ্রদম্। দীপ্যতে পুরুষো যত্র দীপ-স্থানং তদুচ্যতে॥ চতুরস্রাং ভুবং ভিত্ত্বা কোষ্ঠানাং নবকং লিখেৎ। পূর্ব্ব-কোষ্ঠাদি বিলিখেৎ সপ্তবর্গাননুক্রমাৎ। লক্ষমীশে মধ্যকোষ্ঠে স্বরান্ যুগ্ম-ক্রমাল্লিখেৎ। দিক্ষু পূর্ব্বাদিতো যত্র ক্ষেত্রাখ্যক্ষরসংস্থিতিঃ। মুখন্তু তস্য জানীয়াৎ হস্তাবুভয়তঃ স্থিতৌ॥ কোষ্ঠে কুক্ষী উভে পাদৌ দ্বে শিষ্টং পুচ্ছমী-রিতম্। ক্রমেণানেন বিভজেন্মধ্যস্থমপি ভাগতঃ॥ মুখস্থো লভতে সিদ্ধিং করস্থঃ স্বল্পজীবনঃ। উদাসীনঃ কুক্ষিসংস্থঃ পাদস্থো দুঃখমাপ্নুয়াৎ॥ পুচ্ছস্থঃ পীড্যতে মন্ত্রী বন্ধনোচ্চাটনাদিভিঃ। কূর্ম্মচক্রমিদং প্রোক্তং মন্ত্রাণাং সিদ্ধিদায়-কম্॥ পিঙ্গলায়াম্।—কূর্ম্মচক্রমবিজ্ঞায় যঃ কুর্য্যাজ্জপযজ্ঞকম্। তস্য যজ্ঞফলং নাস্তি সর্ব্বানর্থায় কল্প্যতে॥

কূর্ম্মচক্র।

দীপস্থানে কর্ম্ম করিলে, তাহাতে শুভফল হয়। যে স্থানে পুরুষ দীপ্যমান হয় তাহাকেই দীপস্থান বলে। জপাদির যথাবিধি স্থান নির্দ্দেশ করিয়া সেই স্থানে একটী চতুষ্কোণ মণ্ডল করিবে; অনন্তর ঐ চতুরস্রকে নয় কোষ্ঠায় বিভক্ত করিয়া একটী কূর্ম্মচক্র নির্ম্মাণ করিতে হইবে। এই চক্রে পূর্ব্বদিক্ হইতে আরম্ভ করিয়া সপ্ত কোষ্ঠায় সপ্তবর্গ এবং ঈশান কোণে ল ক্ষ এই দুই বর্ণ লিখিবে। চতুরস্রের মধ্যস্থিত নয় কোষ্ঠার মধ্যে অষ্ট কোষ্ঠাতে এইরূপ পূর্ব্বদিক হইতে আরম্ভ করিয়া দুই দুইটী করিয়া ষোড়শ স্বরবর্ণ লিখিতে হইবে। এই চক্রের যে স্থানে ক্ষেত্রের—অর্থাৎ গ্রামের আগ্যক্ষর দৃষ্ট হইবে, সেই স্থানেই কূর্ম্মের মুখ নিশ্চয় করিবে। মুখের উভয় পার্শ্বে যে দুই কোষ্ঠা তাহা দুই হস্ত, হস্তদ্বয়ের নিম্নে যে দুই কোষ্ঠা, তাহা কূর্ম্মের কুক্ষি এবং সর্ব্ব নিম্নে যে তিনটী কোষ্টা দেখা যাইবে, তাহার দুই পার্শ্বের দুই কোষ্ঠা দুই পদ ও অবশিষ্ট কোষ্ঠা কূর্ম্মের পুচ্ছস্বরূপ জানিতে হইবে। মধ্যস্থ নবকোষ্ঠাকেও এইরূপে মুখ ও হস্তাদিতে বিভক্ত করিতে হইবে।

এই প্রকারে কূর্ম্মের অঙ্গ বিভাগ করিয়া লইবে। জপ-পূজাদি-মণ্ডপে উক্তরূপে কূর্ম্মচক্র অঙ্কিত করিয়া উপবেশন-স্থান স্থির করিয়া লইবে। মণ্ডপের যে ভাগে কূর্ম্মের মুখ, সেইভাগে বসিয়া পূজা জপ আদি কার্য্য করিলে

মন্ত্র সিদ্ধ হয়; এবং করের উপরে বসিয়া কার্য্য করিলে সাধক কুক্ষির উপরে বসিয়া কার্য্য করিলে উদাসীন, পদের উপরে বসিয়া কার্য্য করিলে দুঃখী, পুচ্ছের উপরে বসিয়া কার্য্য করিলে সাধক বন্ধন ও উচ্চাটনাদি দ্বারা পীড়িত হয়।

এইরূপ কূর্ম্মচক্র করিয়া উহার মুখে বা পৃষ্ঠে উত্তরাস্য হইয়া উপবেশন করতঃ আচমনাদি করিয়া "এতে গন্ধপুষ্পে ওঁ সুদর্শনায় অস্ত্রায় ফট্। এতে গন্ধপুষ্পে ওঁ লাং ইন্দ্রায় লোকপালায় নমঃ। ওঁ ইন্দ্রলোকপাল ইহাগচ্ছাগচ্ছ" ইত্যাদিক্রমে আবাহনপূর্ব্বক পূর্ব্বাদিক্রমে পঞ্চোপচারে পূজা করিবে—"ওঁ লাং ইন্দ্রায় লোকপালায় নমঃ।" এই ক্রমে—রাং অগ্নয়ে, যাং যমায়, ক্ষাং নৈর্ঋতায়, বাং বরুণায়, যাং বায়বে, সাং কুবেরায়, হাং ঈশানায়।" পূর্ব্ব ও ঈশান কোণের মধ্যে "ওঁ আং ব্রহ্মণে"। নৈর্ঋত ও পশ্চিম কোণের মধ্যে "হ্রীং অনন্তায়"। বেদী মধ্যস্থলে "ওঁ ক্ষেত্রপালায় নমঃ"। পাদ্যাদি দ্বারা পূজা করতঃ মাষভক্ত বলি নিবেদন করিয়া দিবে—"এষ মাষভক্তবলিঃ ওঁ ক্ষোং ক্ষেত্রপালায় নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ বাস্তীশায় নমঃ।"

অনন্তর—অদ্যেত্যাদি—মৎকর্ত্তব্যামুক দেবতায়া অমুকমন্ত্রস্য পুরশ্চরণ-কর্ম্মণি বিঘ্নবিনাশার্থং গণেশপূজামহং করিষ্যে, এই সংকল্প করিয়া ধ্যান পূর্ব্বক দশোপচারে গণেশের পূজা করিবে। পরে,—"এষ মাষভক্তবলিঃ ওঁ ইন্দ্রাদিদিক্পালেভ্যো নমঃ। ওঁ যে রৌদ্রা রৌদ্রকর্ম্মাণো রৌদ্রস্থাননিবাসিনঃ। মাতরোঽপ্যুগ্ররূপাশ্চ গণাধিপতয়শ্চ যে। বিঘ্নীভূতাশ্চ যে চান্যে দিগ্বিদিক্ষু সমাশ্রিতাঃ। সর্ব্বে তে প্রীতমনসঃ প্রতিগৃহ্নন্ত্বিমং বলিম্। এষ মাষভক্তবলিঃ ওঁ ভূতেভ্যো নমঃ"।"

এইরূপে মাষভক্তবলি দিয়া অষ্টোত্তর সহস্রবার সাবিত্রী ও স্ত্রী শূদ্রেরা দেবতাদের গায়ত্রী জপ করিবে। সঙ্কল্প—"অদ্যেত্যাদি—অমুকদেবশর্ম্মা জ্ঞাতাজ্ঞাতসর্ব্বপাপক্ষয়কামোঽষ্টোত্তরসহস্রসংখ্যক—সাবিত্রীজপমহং করিষ্যে।" এই দিনে গুরু এবং ব্রাহ্মণকে বস্ত্রাদি দ্বারা সন্তুষ্ট করিবে এবং একটী ব্রাহ্মণ ভোজন করাইবে ও স্বয়ং হবিষ্যান্ন ভোজন কিম্বা উপবাস করিবে।

পুরশ্চরণ দিনে প্রাতঃস্নানাদি নিত্যক্রিয়া সম্পন্ন করতঃ গুরুপূজা করিবে এবং কৃতাঞ্জলি হইয়া বলিবে,—"শ্রীগুরো অমুকমন্ত্রস্য পুরশ্চরণমহং করিষ্যে, তত্র ভবাননুজানাতু"। গুরুদেব বলিবেন,—"অমুকমন্ত্রস্য পুরশ্চরণং কুরু সিদ্ধিস্তে ভবতু"। গুরু উপস্থিত না থাকিলে তাঁহার উদ্দেশে বস্ত্রাদি রক্ষা

করিয়া মনে মনে অনুজ্ঞা লইবে। তৎপরে প্রদীপ জ্বালিয়া চক্রের উপর প্রশস্ত আসনে উপবেশনান্তে আচমনপূর্ব্বক স্বস্তিবাচন করিয়া সংকল্প করিবে—"বিষ্ণুরোঁ৷ তৎসদদ্য অমুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুক-তিথাবারভ্য অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীঅমুকদেবতায়া অমুকমন্ত্রস্য সিদ্ধিকামোঽমুকমন্ত্রস্য ইয়ৎসংখ্যকজপ-তদ্দশাংশহোম-তদ্দশাংশতর্পণ-তদ্দশাংশা-ভিষেক-তদ্দশাংশব্রাহ্মণভোজনরূপং পুরশ্চরণমহং করিষ্যে।" সংকল্পসূক্ত পড়িয়া সামান্যার্ঘ্য করিয়া "ওঁ দ্বারদেবতাভ্যো নমঃ" এই মন্ত্র পাঠ করিয়া পূজান্তে স্থানশোধনাদি করিবে।

যথা—মূল মন্ত্রে বীক্ষণ, ফট্ মন্ত্রে প্রোক্ষণ, ঐঁ মন্ত্রে তাড়ন, হুঁ মন্ত্রে অভ্যুক্ষণ করিয়া, আসনশুদ্ধিপূর্ব্বক, ভূতশুদ্ধি, প্রাণায়াম, ঋষ্যাদিন্যাস, অঙ্গন্যাস, করন্যাসাদি স্ব স্ব পদ্ধতি অনুসারে করিবে। যথাশক্তি ইষ্টদেবতার পূজা পূর্ব্বক গুরু, দেবতা ও মন্ত্রের ঐক্য চিন্তা করিয়া, প্রাতঃকাল হইতে জপবিধান ক্রমে প্রতিদিন সমসংখ্যক এবং তন্ত্রসারাদি গ্রন্থে কথিত দেবতাবিশেষে বিহিত সংখ্যানুসারে জপ করিবে।

দেবতাভেদে জপের ক্রমভেদ আছে—সে বিস্তৃত বিষয়, গুরুর নিকটে উপদেশ লইবেন।

জপসমাপনান্তে 'গুহ্যাতি' মন্ত্র পাঠ করিয়া, অর্ঘ্য কুশ কিম্বা পুষ্পযুক্ত জল লইয়া, তেজোময় জপফল পুরুষদেবতার দক্ষিণ হস্তে ও শক্তিদেবতার বামহস্তে সমর্পণপূর্ব্বক জপ সফল মনে করিবে। তৎপরে পুনশ্চ সেতু ও অশৌচভঙ্গ মন্ত্র পাঠ এবং প্রাণায়াম করিয়া, দেবতা ও গুরুকে প্রণাম করিবে।

এইরূপে প্রতিদিন নিয়মিত জপান্তে অথবা সর্ব্ব সম্পূর্ণ হইলে, শেষদিনে বা তৎপরদিনে জপের দশাংশ সংখ্যানুসারে হোমাদি করিবে, যথা—তান্ত্রিক মতে তান্ত্রিক বিধানে, নচেৎ ভবদেবোক্ত বিধানে বহ্নিস্থাপনাদি করিয়া দেবতাবিশেষে বিহিত সমিধ্ দ্বারা জপের দশাংশ-সংখ্যক হোম করিয়া উদীচ্যাঙ্গ কর্ম্ম করিবে।

পুরশ্চরণ তর্পণ।

নদী প্রভৃতিতে স্নান করিয়া তীরে বসিয়া, দেবতাকে ধ্যান করতঃ, উদকাত্মক পাদ্যাদি দ্বারা পূজান্তে মূলমন্ত্র উচ্চারণপূর্ব্বক "অমুকদেবতামহং তর্প-য়ামি নমঃ" এই মন্ত্রে হোমের দশাংশ সংখ্যকবার দেবতাকে তর্পণ করিবে।

পুরশ্চরণ অভিষেক।

স্বীয় মস্তকে দেবতার মানসিক পূজা করিয়া মূলমন্ত্র উচ্চারণপূর্ব্বক 'অমুক-দেবতামহমভিষিঞ্চামি নমঃ' এই মন্ত্রে কলসমুদ্রা দ্বারা জল লইয়া তর্পণের দশাংশ-সংখ্যকবার স্বীয় মস্তকে দেবতার অভিষেক করিবে।

তৎপরে, অভিষেক দশাংশসংখ্যক সাক্ষাৎ দেবময় দীক্ষিত ব্রাহ্মণদিগকে সম্মানপূর্ব্বক ক্ষীরাদি উপকরণযুক্ত অন্নাদি, (কালীবিষয়ে হবিষ্যান্ন) ভোজন করাইবে, ব্রাহ্মণভোজনদ্বারাই সর্ব্বকার্য্যের অঙ্গবৈকল্য খণ্ডন হয়। তৎপরে নানাপ্রকার উপচার দ্বারা দেবতাকে বিশেষরূপে পূজা করিয়া কুমারীকে বস্ত্রাদি দ্বারা পূজাপূর্ব্বক ভোজন করাইবে।

এইরূপে সমর্থ হইলে, প্রতিদিন জপান্তে হোমাদি কুমারীপূজান্ত কার্য্য করিবে, অসমর্থ পক্ষে সর্ব্বশেষে হোমাদি করিয়া, গুরুকে বস্ত্রাভরণ প্রভৃতি দ্বারা তুষ্টিজনক পূজাপূর্ব্বক যথাশক্তি দক্ষিণা দিবে।

পরে দক্ষিণান্ত করিবে, যথা—অদ্যামুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা কৃতৈতৎ শ্রীমদমুক-দেবতায়া অমুকমন্ত্রপুরশ্চরণকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনং (বা তন্মূল্যং) শ্রীবিষ্ণুদৈবতং অমুকগোত্রায় শ্রীঅমুকদেবশর্ম্মণে গুরবে তুভ্যমহং সম্প্রদদে।" পরে অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্য সমাধান করিবে।

পুরশ্চরণাভিলাষী ব্যক্তি বিঘ্ন নিবৃত্তি-জন্য প্রতিদিন সায়ং সময়ে অপরাজিতা স্তোত্র পাঠ করিবে। গুরুর নিকট এই স্তোত্র একবার শ্রবণ করতঃ অভ্যাস করিবে। এই স্তোত্র পাঠে অল্পকালেই মন্ত্র-সিদ্ধ হয়।

অপরাজিতা-স্তোত্র।

ওঁ শুদ্ধস্ফটিকসংকাশাং চন্দ্রকোটিসুশীতলাম্। অভয়বরদহস্তাং শুক্লবস্ত্রৈ-রলঙ্কৃতাম্॥ নানাভরণসংযুক্তাং চক্রবাকৈশ্চ বেষ্টিতাম্। এবং ধ্যায়েৎ সমা-সীনো দেবীং তামপরাজিতাম্॥ অপরাজিতামন্ত্রস্য নারদ (বেদব্যাস) ঋষিরনু-ষ্টুপ্ ছন্দঃ শ্রীঅপরাজিতাদেবতা ঐং বীজং হ্রীং শক্তিঃ মম সর্ব্বাভীষ্টসিদ্ধয়ে জপে বিনিয়োগঃ॥ মার্কণ্ডেয় উবাচ। শৃণুধ্বং মুনয়ঃ সর্ব্বে সর্ব্বকামার্থসিদ্ধিদাম্। অসিদ্ধসাধিনীং দেবীং বৈষ্ণবীমপরাজিতাম্॥ ওঁ নমো ভগবতে বাসুদেবায় নমোঽস্ত্বনন্তায় সহস্রশীর্ষায় ক্ষীরোদার্ণবশায়িনে শেষভোগপর্য্যঙ্কায় গরুড়-বাহনায় অজায় অজিতায় অমিতায় অপরাজিতায় পীতবাসসে বাসুদেব-

সংকর্ষণ-প্রদ্যুম্নানিরুদ্ধায় হয়গ্রীব মহাবরাহাচ্যুত নৃসিংহ বামন ত্রিবিক্রম রাম রাম মৎস্যকূর্ম্ম বরপ্রদ নমোঽস্তু তে স্বাহা। ওঁ অসুরদৈত্যদানবনাগ-গন্ধর্ব্বযক্ষ-রাক্ষস-ভূতপ্রেতপিশাচকুষ্মাণ্ডসিদ্ধযোগিনীডাকিনীস্কন্দপুরোগান্ গ্রহ-নক্ষত্রদোষান্ গ্রহাংশ্চান্যান্ হন হন দহ দহ পচ পচ মথ মথ বিধ্বংসয় বিধ্বংসয় বিচূর্ণয় বিচূর্ণয় বিদ্রাবয় বিদ্রাবয় শঙ্খেন চক্রেণ বজ্রেণ খড়্গেন শূলেন গদয়া মুষলেন হলেন দামোদর ভস্মীকুরু কুরু স্বাহা। ওঁ সহস্রবাহো সহস্রপ্রহ-রণায়ুধ জয় জয় বিজয় বিজয় অজিত অজিত অমিত অমিত অপরাজিত অপ্রতিহত সহস্রনেত্র জ্বল জ্বল প্রজ্বল প্রজ্বল বিরূপ বিশ্বরূপ বহুরূপ মধুসূদন মহাবরাহাচ্যুত নৃসিংহ মহাপুরুষ পুরুষোত্তম বৈকুণ্ঠ নারায়ণ পদ্মনাভ গোবিন্দ অনিরুদ্ধ দামোদর হৃষীকেশ কেশব বামন সর্ব্বাসুরোৎসাদন সর্ব্বভূতভয়ঙ্কর সর্ব্বশত্রুপ্রদমন সর্ব্ববিঘ্নপ্রভঞ্জন সর্ব্বরোগ-প্রণাশন সর্ব্বনাগপ্রমর্দ্দন সর্ব্বদেব-মহেশ্বর সর্ব্বভূতশঙ্কর সর্ব্ববন্ধ-বিমোক্ষণ সর্ব্বাহিত-প্রমর্দ্দন সর্ব্বহিংস্রপ্রদমন সর্ব্বজ্বরপ্রণাশন সর্ব্বগ্রহনিবারণ সর্ব্বপাপপ্রমর্দ্দন সর্ব্বদুঃস্বপ্ননাশন ডাকিনী-বিধ্বংসন জনার্দ্দন নমোঽস্তু তে স্বাহা। য ইমামপরাজিতাং পরমবৈষ্ণবীং পঠতি বিদ্যাং স্মরতি সিদ্ধাং মহাবিদ্যাং জপতি স্মরতি শৃণোতি স্মারয়তি ধার-য়তি কীর্ত্তয়তি বাচয়তি বা গৃহীত্বা হস্তে পথি গচ্ছতি বা ভক্ত্যা লিখিত্বা গৃহে স্থাপয়তি বা তস্য নাগ্নিবায়ুবজ্রোপলাশনিভয়ং ন বর্ষভয়ং ন শত্রুভয়ং ন চৌরভয়ং ন গ্রহভয়ং ন সর্পভয়ং ন শ্বাপদভয়ং ন সমুদ্রভয়ং ন রাজভয়ং বা ভবেৎ। ক্বচিৎ রাত্র্যন্ধকার-স্ত্রী-রাজকুল-বিষোপবিষ—(গরল) গরদ-দহন-বশীকরণ-বিদ্বেষণোচ্চাটন-বধ-বন্ধন-ভয়ং বা ভবেৎ। এভির্ম্মন্ত্রৈরুদাহৃতৈঃ সিদ্ধৈঃ সংসিদ্ধপূজিতৈঃ। তদ্‌যথা—ওঁ নমস্তেঽস্তু অভয়ে অনঘে অজিতে অমিতে অপরে অপরাজিতে পঠতি সিদ্ধে (বিদ্যে) স্মরতি সিদ্ধে মহাবিদ্যে একানংশে উমে ধ্রুবে অরুন্ধতি সাবিত্রি গায়ত্রি জাতবেদসি মানস্তোকে সরস্বতি ধমনি ধামনি রমণি রামণি ধরণি ধারণি তপনি তাপনি সৌদামিনি অদিতি দিতি বিনতে গৌরি শৌরি গান্ধারি শবরি কিরাতি মাতঙ্গি কৃষ্ণে যশোদে সত্য-বাদিনি ব্রহ্মবাদিনি কালি কপালিনি করালিনি করালনেত্রে ভীমনাদিনি বিকরালনেত্রে সদ্যোপঘাতনকরি সদ্যোপচয়কারিণি মাতঃ সর্ব্ববাচনবরদে শুভদে অর্থদে সাধিনি অপমৃত্যুং নাশয় নাশয় পাপং হর হর জলগতং স্থলগতং অন্তরিক্ষগতং মাং রক্ষ রক্ষ সর্ব্বভূতসর্ব্বোপদ্রবেভ্যো মহাভূতেভ্যঃ স্বাহা॥ ওঁ যস্যাঃ প্রণশ্যতে পুষ্পং গর্ভো বা পততে যদি। ম্রিয়ন্তে বালকা

যস্যাঃ কাকবন্ধ্যা চ যা ভবেৎ॥ ভূর্জ্জপত্রে ত্বিমাং বিদ্যাং লিখিত্বা ধারয়েদ্ যদি। এভির্দ্দোষৈর্ন লিপ্যেত সুভগা পুত্রিণী ভবেৎ॥ ভূর্জ্জপত্রে কুঙ্কুমেন লিখিত্বা ধারয়েত্তু যঃ। রণে রাজকুলে দ্যূতে সংগ্রামে রিপুসংকুলে। অগ্নিচৌরভয়ে ঘোরে নিত্যং তস্য জয়ো ভবেৎ॥ শস্ত্রঞ্চ বারয়ত্যেষা সমরে কাণ্ডধারিণী। গুল্মশূলাক্ষিরোগাণাং ক্ষিপ্রং নাশয়তে ব্যথাম্॥ শিরোরোগজ্বরাণাঞ্চ নাশিনীং সর্ব্বদেহিনাম্। তদ্‌যথা। ঐকাহিক-দ্ব্যাহিক-ত্র্যাহিক-চাতুর্থিক-মাসিক-দ্বৈমাসিক--ত্রৈমাসিক-চাতুর্ম্মাসিক-ষাণ্মাসিক-মৌহূর্ত্তিক--বাতিক--পৈত্তিক-শ্লৈষ্মিক-সান্নিপাতিক-আমজ্বর-সততজ্বরবিষমজ্বর-গ্রহনক্ষত্রদোষান্ গ্রহাংশ্চান্যান্ হর হর কালি শর শর গৌরি ধম ধম বিদ্যে আলে তালে গন্ধে (বন্ধে) পচ পচ বিদ্যে মথ মথ বিদ্যে নাশয় নাশয় পাপং হর হর দুঃস্বপ্নং বিধ্বংসয় বিঘ্নবিনাশিনি অরিনাশিনি রজনি সন্ধ্যে দুন্দুভিনাদে মর্দ্দয় মর্দ্দয় মানস্তোকে মানসবেগে শঙ্খিনি চক্রিণি বজ্রিণি গদিনি (চাপিনি) শূলিনি অপমৃত্যুবিনাশিনি বিশ্বেশ্বরি দ্রবিড়ি দ্রাবিড়ি কেশব-দয়িতে পশুপতি-সহিতে দুঃখদুরন্তে দুন্দুভিনাদে ভীমমর্দ্দিনি দমনি দামনি শবরি কিরাতি মাতঙ্গি মাহেশ্বরি ইন্দ্রাণি ব্রহ্মাণি বারাহি মাহেন্দ্রি কৌমারি চণ্ডি চামুণ্ডে নমোঽস্তু তে ওঁ হ্রাঁ হ্রীং হ্রূং হ্রৈঁ হ্রৌঁ হ্রঃ ক্ষ্রোং গ্রূং তুরু তুরু স্বাহা। যে মাং দ্বিষন্তি প্রত্যক্ষং পরোক্ষং বা তান্ সর্ব্বান্ হন হন দম দম পচ পচ মর্দ্দয় মর্দ্দয় তাপয় তাপয় শোষয় শোষয় উৎসাদয় উৎসাদয় ব্রহ্মাণি মাহেশ্বরি বারাহি কৌমারি বৈনায়কি বৈষ্ণবি ঐন্দ্রি আগ্নেয়ি চণ্ডি চামুণ্ডে বারুণি বায়ব্যে সর্ব্বকামফলপ্রদে রক্ষ রক্ষ প্রচণ্ডবিদ্যে ইন্দ্রোপেন্দ্রভগিনি জয়ে বিজয়ে শান্তি স্বস্তি—পুষ্টি-তুষ্টি-কীর্ত্তি-ধৃতি-বিবর্দ্ধিনি কামাঙ্কুশে কামদুঘে সর্ব্বকাম-বরপ্রদে সর্ব্বভূতেষু মাং প্রিয়ং কুরু কুরু স্বাহা। ওঁ হ্রাঁ হ্রী হ্রূঁ হ্রূঁ হ্রঃ ওঁ আকর্ষিণি আবেশিনি জ্বালাংশুমালিনি রমণি রামণি ধমনি ধামনি ধরণি ধারণি তপনি তাপনি মদোন্মাদিনি সংশোষিণি সম্মোহিনি মহাকালি মহানীলে নীলপতাকে মহারাত্রি মহাগৌরি মহামায়ে মহাশ্রিয়ে মহাচান্দ্রি মহাসৌরি মহামযূরি আদিত্যরশ্মি জাহ্নবি যমঘণ্টে ওঁ আং কিলি কিলি চিন্তামণি সুরভি সুরোৎপন্নে সর্ব্বকামদুঘে যথাভিলষিতং কার্য্যং তন্মে সিদ্ধ্যতু স্বাহা। ওঁ অজিতে স্বাহা। ওঁ অপরাজিতে স্বাহা। ওঁ ভূঃ স্বাহা। ওঁ ভুবঃ স্বাহা। ওঁ স্বঃ স্বাহা। ওঁ ভূর্ভুবঃ স্বঃ স্বাহা। ওঁ যত এবাগতং পাপং তত্রৈব প্রতিগচ্ছতু স্বাহা। ওঁ বলে বলে মহাবলে অসিদ্ধ্যসাধিনি স্বাহা।

ইতি বিষ্ণুধর্ম্মোত্তরে ত্রৈলোক্যবিজয়াপরাজিতা-স্তোত্রম্॥

পুরোহিত-দর্পণ।

চতুর্থ খণ্ড।

সামবেদীয়-পার্ব্বণ-শ্রাদ্ধ-সূত্র।

শ্রাদ্ধপূর্ব্বদিনে মাংসস্ত্রীত্যাগশ্চৈকভোজনম্। শ্রাদ্ধাহে দন্তকাষ্ঠস্য ত্যাগঃ স্নানং তথোষসি। ততো নিত্যক্রিয়াং কুর্য্যাৎ মৃদা তিলকপূর্ব্বকম্। পূর্ব্বাস্য উপবিশ্যাথ আচামেদ্বিধিপূর্ব্বকম্। দর্ভপাণিঃ কুরুক্ষেত্রং পঠিত্বা দানমুৎসৃজেৎ॥ দক্ষিণাচ্ছিদ্রবাক্যঞ্চ কৃত্বা দানং সমাপ্য চ। দক্ষিণামুখ আচম্য কুরুক্ষেত্রং পুনঃ পঠেৎ॥ শালগ্রামেঽথবা তোয়ে বাস্বর্চ্চা বিষ্ণুকীর্ত্তনম্। তস্মৈ পূজা মূল্য-দানং পরভূস্বামিনেঽথবা॥ তৎপিতৃভ্যশ্চাগ্রদানং রক্ষাদীপকুশদ্বিজাঃ। শ্রাদ্ধানুজ্ঞা চ গায়ত্রী দেবতাভ্য ইতি ত্রিধা॥ মৃজ্জলপ্রোক্ষণং রক্ষাজলস্থাপনমেকতঃ। পূর্ব্বং বিপ্র-করে তোয়ং কুশাসনমনন্তরম্॥ দক্ষিণে দেববিপ্রস্য পিতৃবিপ্রস্য বামতঃ। আবাহনার্ঘ্যং ন্যুব্জঞ্চ ততো গন্ধাদি-পঞ্চকম্॥ মণ্ডলং দৈবে পৈত্র্যে চ পাত্রন্যাসোঽগ্নিহোমকঃ॥ ঐশানীক্রমতো রেখা প্রাগগ্রা দেবমণ্ডলে। নৈঋর্তীক্রমতো রেখা দক্ষাগ্রা পিতৃমণ্ডলে। পাত্রাণাং তেষু বিন্যাসো হোমপ্রশ্নাগ্নিহোমকঃ। হুতশেষ-প্রদানঞ্চ পাত্রপাতোঽন্নবেশনম্॥ ইদমিত্য-ঙ্গুলিক্ষেপস্তূষ্ণীং দৈবে যবস্য চ। পৈত্র্যে মন্ত্রেণ নিক্ষেপস্তিলস্যাপহতা ইতি। মধুনোঽন্নে চ নিক্ষেপো গায়ত্র্যাস্ত্রির্জ্জপস্ততঃ। মধুবাতেত্র্যৃচা চৈব মধুশব্দ-ত্রয়েণ চ। অন্নাভিমন্ত্রণং তস্য দানং জলনিবেদনম্॥ গায়ত্র্যাদি-ত্রিকজপ-শ্চান্নহীনজপস্তথা। দ্বিজাভাবেঽপি তৃপ্ত্যর্থং গায়ত্র্যাদিত্রিকস্য চ॥ পুণ্যা-খ্যানস্য চ জপঃ সতিলপ্রোক্ষিতে কুশে। অগ্নিদগ্ধেতি মন্ত্রাভ্যাং সতিলান্ন-নিবেদনম্। হস্তপ্রক্ষালনাচামৌ হরিস্মৃতির্জ্জলস্য চ। পিত্রাদি ক্রমতো দানং গায়ত্র্যাদিজপঃ পুনঃ॥ শেষান্নপিণ্ডয়োঃ প্রশ্নৌ নিহন্মীতি চ মণ্ডলে। অপহতা-নিহন্মিভ্যাং রেখাযুগ্মং পিতৃক্রমাৎ। আন্তরো দেবতেত্যস্য জপ আবাহনং তিলৈঃ॥ অবনেজনদানঞ্চ মধুবাতাদিকং তথা। অক্ষন্নমীপিণ্ডদানং দর্ভলেপাপঘর্ষণম॥ আচমনং স্মৃতির্ব্বিষ্ণোঃ পাত্রক্ষালাবনেজনম্। অত্রেত্যাদি

জপো বামাবর্ত্তেনোদঙ্মুখস্ততঃ॥ আবৃত্যামীজপশ্চৈব শ্বাসত্যাগোঽঞ্জলিস্ততঃ। নম ইত্যাদিকজপো বাসোদানঞ্চ পূজনম্॥ বসন্তায় জপশ্চৈব দ্বিজাগ্র-ভূমিসেচনম্। দৈবাদ্বিব্রাহ্মণে দানং জলাদিত্রিতয়স্য চ। শিবা ইত্যাদিনা-ক্ষয্যমঘোরা গোত্রমিত্যপি। সপবিত্রঃ কুশঃ পিণ্ডে স্বধাবাচনমূর্জ্জকম্॥ ন্যুব্জোত্তানং পিতুঃ পক্ষে দক্ষিণাদানমগ্রতঃ। বিশ্বেদেবাশ্চ দাতারোদেব-তাভ্যো জপস্ত্রিধা। বিসর্জ্জনং বাজ ইতি আমাবেতি প্রদক্ষিণম্। অন্নাদেঃ প্রতিপত্তিশ্চ বামদেব্যজপস্ত্রিধা॥ দীপপ্রচ্ছাদনং হস্তক্ষালনাচমনে তথা। অচ্ছিদ্রবাচনং বিষ্ণোঃ স্মরণং শেষভোজনম্। আদিত্যস্য নমস্কারঃ কুশত্যাগস্ততঃ পরম্॥ তদ্দিনে মৈথুনত্যাগঃ শ্রাদ্ধকৃচ্ছ্রাদ্ধভোজিনোঃ॥

ভাষাসূত্র।

শ্রাদ্ধ পূর্ব্বদিনে কর্ত্তা হবিষ্য করিবে। ইন্দ্রিয় স্ববশে রাখি রজনী যাপিবে॥
শ্রাদ্ধদিনে বিনা কাষ্ঠে দন্তসম্মার্জ্জন। প্রাতঃস্নান নিত্যকর্ম্ম করি সমাপন॥
গঙ্গাদিমৃত্তিকা দ্বারা তিলক ধারণ। পূর্ব্বাস্যে বসিয়া যথাবিধি আচমন॥
কুশহস্তে কুরুক্ষেত্র পড়িয়া দানাদি। দক্ষিণা অচ্ছিদ্রবাক্য করি যথাবিধি॥
দক্ষিণাস্য আচমন কুরুক্ষেত্র পুনঃ। শালগ্রামে জলে কিংবা বাস্তুর পূজন॥
বিষ্ণু ও ভূস্বামী পূজি অগ্রভাগ দিবে। পরভূমি হ'লে কিঞ্চিৎ মূল্য দিতে হবে॥
সহস্রে ব্রাহ্মণস্নান পূজন স্থাপন। ব্রাহ্মণে গণ্ডূষজল অনুজ্ঞাকরণ॥
গায়ত্রী দেবতামন্ত্র পড়ি তিনবার। মৃজ্জলে প্রোক্ষণ রক্ষা হেতু জল আর॥
বিপ্রকরে জল দিয়া কুশাসন দান। আবাহন অর্ঘ্য ন্যুব্জ গন্ধাদি অর্পণ॥
মণ্ডল উভয়পক্ষে শাস্ত্র অনুসারে। পাত্রন্যাস অগ্নিহোম জলের উপরে॥
হুতশেষ দিয়া পাত্রে অন্ন সংস্থাপন। ইদং বিষ্ণুঃ বলি কর অঙ্গুষ্ঠক্ষেপণ।
বিনামন্ত্রে দৈবপক্ষে যব বিতরিবে। অপহতামন্ত্রে তিল পিতৃপক্ষে দিবে॥
মধুমন্ত্রে পরে মধু গায়ত্রী তিনবার। মধুমন্ত্র পড়ি মধু মধু মধু আর॥
অন্নাভিমন্ত্রণ করি অন্ন কর দান। বিপ্রে জল গায়ত্রী আর বিষ্ণুমন্ত্র গান॥
অন্নহীন গায়ত্রী আর মধু ত্রিধা পড়ি। শ্রাব্য অগ্নিদগ্ধা দিয়া স্মরিবে শ্রীহরি॥
বিপ্রে জল গায়ত্রী আবারও মধু পড়ি। শেষবার বলিয়া নিহন্মি মণ্ডল করি॥
অপহতা নিহন্মিতে রেখার কর্ত্তন। কুশাপাতি দেবতাভ্যঃ ত্রিধা উচ্চারণ॥
এহি পিতঃ মন্ত্র পড়ি তিলদান করি। অবনেজন মধুবাতা অক্ষন্নমী পড়ি॥
পিণ্ডদান দর্ভদ্বারা লেপ বিতরণ। আচমন করি কর বিষ্ণুর স্মরণ॥

পাত্রক্ষালনে পুনরবনেজন করি। অত্রেত্যাদি জপ বামাবর্ত্তে শ্বাস ধরি ॥
অমী জপ শ্বাসত্যাগ অঞ্জলিকরণ। নম ইত্যাদিক জপ বাস বিতরণ ॥
পূজন বসন্ত জপ দ্বিজাগ্রসেচন। দৈবাদি ব্রাহ্মণে শিরা আদি বিতরণ ॥
অক্ষয্য অঘোরা গোত্র সপবিত্র কুশে। পিণ্ড দিয়া স্বধা উর্জ্জে উচ্চারিবে শেষে ॥
ন্যুব্জোত্তান পিতৃপক্ষে দক্ষিণাকরণ। বিশ্বেদেবা দাতারো নো দেবতাকথন ॥
বিসর্জ্জন বাজে বাজে আমা প্রদক্ষিণ। অন্নক্ষেপ শান্তিদান বিপ্রবিমোচন ॥
হস্তধৌত আচমন দীপ আচ্ছাদন। অচ্ছিদ্রবৈগুণ্য করি বিষ্ণুর স্মরণ ॥
পিতা স্বর্গে প্রণমিয়া সূর্য্য নমস্কার। শ্রাদ্ধশেষ খাবে হরি বলি বার বার ॥

শ্রাদ্ধদিনে বর্জ্জনীয়।

"যাত্রাং যুদ্ধং নদীপারং পুনঃ স্নানং দ্বিভোজনম্। দ্যূতক্রীড়াং রতিং নার্য্যা শ্রাদ্ধং কৃত্বা চ বর্জ্জয়েৎ ॥ শ্রাদ্ধং কৃত্বা পরশ্রাদ্ধে ভুঞ্জতে যে চ বিহ্বলাঃ। পতন্তি নরকে ঘোরে লুপ্তপিণ্ডোদকক্রিয়াঃ ॥ বর্জ্জ্যানি কুর্ব্বতা শ্রাদ্ধং কোপোঽধ্বগমনং ত্বরা। ভোক্তুরপ্যত্র রাজেন্দ্র ত্রয়মেতন্ন শস্যতে ॥ পুনর্ভোজনমধ্বানং দ্যূতা-ধ্যয়নমৈথুনম্। দানং প্রতিগ্রহং সন্ধ্যাং শ্রাদ্ধং কৃত্বাষ্ট বর্জ্জয়েৎ।"

শ্রাদ্ধকর্ত্তা শ্রাদ্ধদিনে বিদেশযাত্রা, যুদ্ধ, নদীর পরপারগমন, পুনর্ব্বার স্নান ও ভোজন, পাশাক্রীড়া প্রভৃতি, স্ত্রীসহবাস, পরশ্রাদ্ধভোজন, অধ্যয়ন, দান, প্রতিগ্রহ, সন্ধ্যা এইগুলি বর্জ্জন করিবে। এই সকলের অনুষ্ঠান করিলে শ্রাদ্ধকারী ও পিতৃলোকের নরক গমন হয় এবং শ্রাদ্ধ নিষ্ফল হইয়া থাকে।

সামবেদীয় পার্ব্বণশ্রাদ্ধপ্রয়োগ।

পার্ব্বণের পূর্ব্বদিনে একবেলামাত্র নিরামিষ ভোজন করিয়া সংযত থাকিবে। পরদিন পার্ব্বণ করা নিশ্চয় না থাকিলে উক্তমরূপে সংযত না থাকিয়া দুইবার মাত্র স্নান করিয়া পার্ব্বণ করিতে পারিবেক। পরদিনে নিত্যক্রিয়া সমাপনপূর্ব্বক দুইখানি কাপড় (পরিধেয় ও উত্তরীয়) ধারণপূর্ব্বক দক্ষিণদিকে ক্রমনিম্ন স্থানে দক্ষিণাভিমুখী হইয়া পাদধৌত করিয়া হস্তে কুশ ধারণপূর্ব্বক উত্তরাভিমুখ বা পূর্ব্বাভিমুখ হইয়া উপবেশনপূর্ব্বক আচমনবিধি অনুসারে দুইবার আচমন করতঃ পাষাণ, হাড়, কাকর, ইষ্টক, কর্দ্দম, কীট, দুর্গন্ধ, অনিষ্ট শব্দযুক্ত ও উচ্চ নীচহেতুক সঙ্কট ভুমি ত্যাগ করিয়া গোময়লিপ্ত স্থানে কুশাসনে বসিয়া তিলক ধারণপূর্ব্বক ঘৃত বা তিলতৈল দ্বারা প্রদীপ জ্বালিয়া নারায়ণ পূজা করিয়া আমান্ন ভোজ্য দান করিবে।

ভোজ্যোৎসর্গ যথা,—"ওঁ কুরুক্ষেত্রং গয়াগঙ্গা--প্রভাসপুষ্করাণি চ। তীর্থান্যেতানি পুণ্যানি দানকালে ভবন্ত্বিহ" এই মন্ত্র পাঠ করিয়া বামপার্শ্বস্থ বামান্ন বামহস্তে ধারণ করিয়া দক্ষিণ হস্তে গন্ধপুষ্প নিয়া "এতে গন্ধপুষ্পে ওঁ সোপকরণামান্নায় নমঃ" এই বলিয়া তিনবার, "এতদধিপতয়ে শ্রীবিষ্ণবে নমঃ" এই বলিয়া একবার, "এতৎসম্প্রদানায় ব্রাহ্মণায় নমঃ" এই বলিয়া একবার আমান্নের উপর গন্ধপুষ্প দিয়া "ওঁ শ্রীবিষ্ণুঃ পুণ্ডরীকাক্ষঃ পুনাতু" এই বলিয়া নখ ভিন্ন অঙ্গুষ্ঠ দ্বারা আমান্ন স্পর্শ করিবে। তৎপরে তাম্রাদিপাত্রে কুশত্রিপত্র সহিত জল গ্রহণ পূর্ব্বক "বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রস্য পিতুঃ অমুকস্য, অমুকগোত্রস্য পিতামহস্য অমুকস্য, অমুকগোত্রস্য প্রপিতামহস্য অমুকস্য, অমুকগোত্রস্য মাতামহস্য অমুকস্য, অমুকগোত্রস্য প্রমাতামহস্য অমুকস্য, অমুকগোত্রস্য বৃদ্ধপ্রমাতামহস্য অমুকস্য অমুকনিমিত্তক-পার্ব্বণবিধিকশ্রাদ্ধবাসরে অমুকগোত্রস্য পিতুঃ অমুকস্য, অমুক-গোত্রস্য পিতামহস্য অমুকস্য, অমুকগোত্রস্য প্রপিতামহস্য অমুকস্য, অমুক-গোত্রস্য মাতামহস্য অমুকস্য, অমুকগোত্রস্য প্রমাতামহস্য অমুকস্য অমুকগোত্রস্য বৃদ্ধপ্রমাতামহস্য অমুকস্য স্বর্গকামঃ এতৎ সোপকরণামান্নমর্চ্চিতং শ্রীবিষ্ণুদৈবতং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং দদানি" এই মন্ত্র পাঠপূর্ব্বক কুশত্রিপত্রের দ্বারা আমান্নের উপরে জলের অভ্যুক্ষণ দিবে। পরে একটী ফলের উপর দক্ষিণা করিবে। যথা—"বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুক-তিথৌ কৃতৈতদামান্নদানকর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং দক্ষিণামিদং ফলং শ্রীবিষ্ণুদৈবতং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং দদানি" এই বলিয়া দক্ষিণার জন্য দেয় ফলের উপর জল দিবে। পরে আমান্নদানের ন্যায় ভোজ্যদান করিবে ও আমান্নদানের ন্যায় পূর্ব্ববৎ অর্চ্চনাদি করিতে হইবে, কেবল "আমান্ন" স্থানে "ভোজ্য" বলিবে। পরে হাতে জল লইয়া "কৃতৈতৎ সোপকরণামান্নভোজ্যদানকর্ম্মাচ্ছিদ্রমস্তু" বলিয়া জল ত্যাগ করিয়া অচ্ছিদ্রাবধারণ করিবে। পরে পুনরায় কুরুক্ষেত্র মন্ত্র পাঠ করিবে। বিশেষ এই যে, 'দানকালে ভবন্ত্বিহ' স্থলে 'অমুকনিমিত্তক-পার্ব্বণ-বিধিক-শ্রাদ্ধকালে ভবন্ত্বিহ' বলিবে। পরে বাস্তুপূজা করিবে, যথা—"এতৎ পাদ্যং ওঁ বাস্তুপুরুষায় নমঃ" ইত্যাদিক্রমে দশোপচারে বা কেবল গন্ধপুষ্প দ্বারা পূজা করিয়া শ্রাদ্ধীয়াগ্রভাগ প্রদান করিবে। প্রণামমন্ত্র—"ওঁ সর্ব্বে বাস্তুময়া দেবাঃ সর্ব্বং বাস্তুময়ং জগৎ। পৃথ্বীধরস্তং দেবেশ বাস্তুদেব নমোঽস্তু তে।"

-"ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ। দিবীব চক্ষুরাততম্"

বলিয়া বিষ্ণুস্মরণপূর্ব্বক "ওঁ তৎসৎ" উচ্চারণ করিয়া "ওঁ যজ্ঞেশ্বরায় শ্রীবিষ্ণবে নমঃ" বলিয়া পাদ্যাদি দশোপচারে পূজা করিয়া শ্রাদ্ধীয়াগ্রভাগ দান করিবে। যথা;—পূর্ব্ববৎ আমান্নের ন্যায় অর্চ্চনা করিয়া "এতৎ শ্রাদ্ধীয়াগ্রভাগসঘৃতোপ-করণামান্নভোজ্যং ওঁ যজ্ঞেশ্বরায় শ্রীবিষ্ণবে নমঃ" বলিয়া উৎসর্গ করিবে।

অনন্তর যে স্থানে পার্ব্বণ করিবে, সেই স্থানের অধিষ্ঠাত্রী দেবতা ও গঙ্গার পূজা এবং স্তব করিয়া অন্যের ভূমিতে পার্ব্বণ করিলে ভূমিমূল্য দিবে, অথবা "ইদমন্নং ওঁ এতদভূস্বামিপিতৃভ্যঃ স্বধা" বলিয়া অন্ন উৎসর্গ করিবে। নিজের ভূমিতে বা অস্বামিক ভূমিতে পার্ব্বণ করিলে ভূমির মূল্য দিতে হইবে না।

অস্বামিক ভূমিসকল যথা;—বন, পর্ব্বত, নদীপ্রবাহের দুই ধারে চারিহাত পরিমাণে ভূমি, পুণ্যময় পুরুষোত্তমাদির গৃহ, গয়াদিক্ষেত্র, দণ্ডকাদি অরণ্য, গঙ্গা প্রভৃতি মহানদীর গর্ভ এবং তাহার উভয়পার্শ্বে দেড়শত হস্ত পর্য্যন্ত তীর, তীরের উভয় পার্শ্বে দুই ক্রোশ পর্য্যন্ত ক্ষেত্র, এই সকল স্থান রাজাদির বশবর্ত্তী থাকিলেও অস্বামিক।

পিত্রাদিকে বস্বাদি আকারে ধ্যান করিবে। সকল দৈবকৃত্য উত্তরাভি-মুখ পাতিত দক্ষিণজানু উপবীতী হইয়া এবং সকল পিতৃকৃত্য দক্ষিণাভিমুখ পাতিত বামজানু ও প্রাচীনাবীতী হইয়া করিবে।

ব্রাহ্মণস্থাপন।—প্রথমতঃ দৈবপক্ষে একটী পাত্রে কিছু যবমিশ্রিত জল ও পিতৃপক্ষে একটী পাত্রে তিলমিশ্রিত জল স্থাপন করিবে। দৈবপক্ষে একখানি আসনে পূর্ব্বমুখ দুইগাছি কুশ যবোদক দ্বারা প্রোক্ষণ করিয়া পশ্চিমদিকে রাখিবে। পিতৃপক্ষে ও মাতামহপক্ষে দুইখানি আসনে দক্ষিণাগ্র এক এক গাছি কুশ তিলোদক দ্বারা প্রোক্ষণ করিয়া দক্ষিণদিকে স্থাপন করিবে। পরে সাত বা পাঁচ গাছা কুশ দিয়া ওঁকার উচ্চারণপূর্ব্বক আড়াইপেঁচ দিয়া অগ্রগুলি ঊর্দ্ধদিকে রাখিয়া তিনটী কুশময় ব্রাহ্মণ প্রস্তুত করিয়া "ওঁ সহস্রশীর্ষা পুরুষঃ সহস্রাক্ষঃ সহস্রপাৎ। স ভূমিং সর্ব্বতঃ স্পৃষ্ট্বা অত্যতিষ্ঠদ্দশাঙ্গুলম্" এই মন্ত্রে স্নান করাইবে। "ওঁ দর্ভময়-ব্রাহ্মণেভ্যো নমঃ" মন্ত্রে পাদ্যাদি দশোপচারে পূজা করিয়া দৈবপক্ষের আসনে পশ্চিমাগ্ররূপে পূর্ব্বমুখ করিয়া একটী এবং পিতৃ ও মাতামহ পক্ষের আসনে দক্ষিণাগ্ররূপে উত্তরাভিমুখ করিয়া দুইটী ব্রাহ্মণ স্থাপন পূর্ব্বক শ্রাদ্ধানুজ্ঞা গ্রহণ করিবে। যথা,—প্রথমতঃ দৈবপক্ষে দক্ষিণহাঁটু পাতিয়া উত্তরাভিমুখী উপবীতী হইয়া দৈব ব্রাহ্মণে জল দিয়া "বিষ্ণুরোমতৎ অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ

অমুকগোত্রস্য পিতুঃ অমুকস্য, অমুকগোত্রস্য পিতামহস্য অমুকস্য, অমুকগোত্রস্য প্রপিতামহস্য অমুকস্য; অমুকগোত্রস্য মাতামহস্য অমুকস্য, অমুকগোত্রস্য প্রমাতামহস্য অমুকস্য, অমুকগোত্রস্য বৃদ্ধপ্রমাতামহস্য অমুকস্য, অমুকনিমিত্তক-পার্ব্বণবিধিকশ্রাদ্ধে কর্ত্তব্যে ওঁ পুরূরবো মাদ্রবসো বিশ্বেষাং দেবানাং অমুক-নিমিত্তক-পার্ব্বণবিধিকশ্রাদ্ধং দর্ভময়ব্রাহ্মণেঽহং করিষ্যে" বলিয়া দৈবব্রাহ্মণের দক্ষিণপার্শ্বে সরল একটী কুশপত্র দানানন্তর কৃতাঞ্জলিপুটে প্রশ্ন করিলে "ওঁ কুরুষ্ব" এই প্রতিবচন পুরোহিত বলিবেন।

মতান্তরে দৈবপক্ষে ২টী ব্রাহ্মণ স্থাপন করিতে হয়, সে স্থলে অনুজ্ঞাবাক্যে "ব্রাহ্মণয়োরহং" বলিবে।

দক্ষিণাভিমুখ প্রাচীনাবীতী হইয়া, বামহাঁটু পাতিয়া পিতৃপক্ষের ব্রাহ্মণে জলদানপূর্ব্বক "বিষ্ণুরোমতৎ অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুক-গোত্রস্য পিতুঃ অমুকস্য, অমুকগোত্রস্য পিতামহস্য অমুকস্য, অমুকগোত্রস্য প্রপিতামহস্য অমুকস্য, অমুকনিমিত্তকপার্ব্বণবিধিকশ্রাদ্ধং দর্ভময়ব্রাহ্মণেঽহং করিষ্যে" বলিয়া কুশের মোটক পিতৃব্রাহ্মণের বামপার্শ্বে দিবে। "ওঁ কুরুষ্ব" এই প্রতিবচন ব্রাহ্মণ বলিবেন। অনন্তর মাতামহপক্ষের ব্রাহ্মণে গণ্ডূষ জল দিয়া "বিষ্ণুরোমতৎ অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রস্য মাতামহস্য অমুকস্য, অমুকগোত্রস্য প্রমাতামহস্য অমুকস্য, অমুকগোত্রস্য বৃদ্ধ-প্রমাতামহস্য অমুকস্য, অমুকনিমিত্তক-পার্ব্বণবিধিকশ্রাদ্ধং দর্ভময়ব্রাহ্মণেঽহং করিষ্যে" এই বলিয়া কুশের মোটক মাতামহপক্ষে ব্রাহ্মণের বামপার্শ্বে দানানন্তর প্রশ্ন করিলে পুরোহিত "ওঁ কুরুষ্ব" বলিয়া অনুমতি করিবেন।

মহালয়া অমাবস্যায় পার্ব্বণ করিলে "অমুকনিমিত্তক" স্থানে "মহালয়ামা-বস্যানিমিত্তক" বলিতে হইবে। এইরূপ দীপান্বিতায় "দীপান্বিতামাবস্যানিমিত্তক" নবান্নে "শুভনবান্নাগমনিমিত্তক" ইত্যাদি বাক্য প্রয়োগ করিতে হইবে।

পরে প্রণবব্যাহৃতি সহিত প্রণবান্ত গায়ত্রী জপ করিয়া "ওঁ দেবতাভ্যঃ পিতৃভ্যশ্চ মহাযোগিভ্য এব চ। নমঃ স্বধায়ৈ স্বাহায়ৈ নিত্যমেব ভবন্ত্বিতি।" এই মন্ত্র তিনবার পাঠ করিবে। পরে "ওঁ তদ্বিষ্ণোঃ" ইত্যাদি মন্ত্রে বিষ্ণুস্মরণ করিয়া তুলসীপত্র মৃত্তিকায় ঘসিয়া একটী পাত্রে ঐ মৃত্তিকা জলে মিশাইয়া ঐ জলদ্বারা শ্রাদ্ধীয়দ্রব্যে অভ্যুক্ষণ করিবে। অনন্তর একটী পাত্রে দৈবব্রাহ্মণের দক্ষিণপার্শ্বে আর একটী পাত্রে পিতৃব্রাহ্মণের বামপার্শ্বে আর একটী পাত্রে মাতামহপক্ষের ব্রাহ্মণের বামপার্শ্বে রক্ষার্থ কিছু কিছু জল রাখিবে।

পরে উত্তরাভিমুখ উপবীতী হইয়া হাঁটু পাতিয়া দৈবব্রাহ্মণের হস্তে জল দিয়া "ওঁ পুরূরবো মাদ্রবসৌ বিশ্বেদেবা এতদ্বো দর্ভাসনং নমঃ" মন্ত্র পাঠ করিয়া দৈবব্রাহ্মণের দক্ষিণপার্শ্বে সরল একটী কুশপত্র দিবে। পরে দক্ষিণাভিমুখ প্রাচীনাবীতী হইয়া বামহাঁটু পাতিয়া পিতৃব্রাহ্মণের হস্তে জল দিয়া "ওঁ অমুকগোত্র পিতঃ অমুক, অমুকগোত্র পিতামহ অমুক, অমুকগোত্র প্রপিতামহ অমুক, এতত্তে দর্ভাসনং ওঁ যে চাত্র ত্বামনু যাংশ্চ ত্বমনু তস্মৈ তে স্বধা" মন্ত্র পাঠ পূর্ব্বক কুশের মোটক পিতৃব্রাহ্মণের বামপার্শ্বে দিবে। এইরূপ মাতামহপক্ষের ব্রাহ্মণহস্তে জল দিয়া পূর্ব্বোক্তরূপে গোত্র ও নাম উল্লেখপূর্ব্বক "এতত্তে" ইত্যাদি পাঠ করিয়া মাতামহপক্ষের ব্রাহ্মণের বামপার্শ্বে কুশের মোটক দিবে।

আবাহন যথা।—উত্তরাভিমুখ উপবীতী পাতিত-দক্ষিণজানু হইয়া যব গ্রহণপূর্ব্বক "ওঁ বিশ্বান্ দেবান্ আবাহয়িষ্যে" বলিলে পুরোহিত "ওঁ আবাহয়" বলিবেন। পরে "ওঁ বিশ্বেদেবাস আগত শৃণুতাম ইমং হবং ইদং বর্হির্নিষীদত" বলিয়া আবাহন করিয়া অমন্ত্রক যবগুলি দৈবব্রাহ্মণে নিক্ষেপ করিবে। পরে কৃতাঞ্জলি হইয়া "ওঁ বিশ্বেদেবাঃ শৃণুতেমং হবং যে মে অন্তরীক্ষে য উপস্থবি ষ্ঠ। যে অগ্নিজিহ্বা উত বা যজত্রা আসাদ্যাস্মিন্ বর্হিষি মাদয়ধ্বম্। ওঁ ওষধয়ঃ সমবদন্ত সোমেন সহ রাজ্ঞা যস্মৈ কৃণোতি ব্রাহ্মণস্তং রাজন্ পারয়ামসি" মন্ত্র জপ করিয়া দক্ষিণাভিমুখ পাতিত বামজানু প্রাচীনাবীতী হইয়া তিল গ্রহণ পূর্ব্বক "ওঁ পিতন্ আবাহয়িষ্যে" বলিলে পুরোহিত "ওঁ আবাহয়" বলিবেন। পরে "ওঁ এত পিতরঃ সোম্যাসো গম্ভীরেভিঃ পথিভিঃ পূর্ব্বিণেভিঃ। দত্তাস্মভ্যং দ্রবিণেহ ভদ্রং রয়িঞ্চ নঃ সর্ব্ববীরং নিযচ্ছত। ওঁ উশন্তস্ত্বা নিধীমহ্যুশন্তঃ সমিধীমহি। উশন্নুশত আবহ পিতৄন্ হবিষে অত্তবে" মন্ত্রে আবাহনপূর্ব্বক কৃতাঞ্জলি হইয়া "ওঁ আয়ান্তু নঃ পিতরঃ সোম্যাসোঽগ্নিষ্বাত্তাঃ পথিভির্দ্দেবযানৈঃ। অস্মিন্ যজ্ঞে স্বধয়া মদন্তোঽধিব্রুবন্তু তে অবন্ত্বস্মান্" মন্ত্র জপ করিয়া "ওঁ অপহতাসুরা রক্ষাংসি বেদিষদঃ" বলিয়া পিতৃ ও মাতামহপক্ষের ব্রাহ্মণে নিক্ষেপ করিবে।

অর্ঘ্যদান যথা।—জলস্পর্শ করিয়া প্রথমে দৈবব্রাহ্মণের সম্মুখে দক্ষিণাগ্র কুশের উপর একটী পাত্র, পরে পিতৃপক্ষের ব্রাহ্মণের সম্মুখে দক্ষিণাগ্র কুশের উপর তিনটী, তদনন্তর মাতামহপক্ষের ব্রাহ্মণের সম্মুখে দক্ষিণাগ্র কুশের উপর তিনটী, এই সাতটী পাত্র স্থাপন করিয়া দুই দুই গাছি কুশ নিয়া এক একটী পবিত্র করিয়া "ওঁ পবিত্রে স্থো বৈষ্ণব্যৌ" মন্ত্রে প্রাদেশমাত্র রাখিয়া নখ ভিন্ন কোন বস্তু দ্বারা ছেদনপূর্ব্বক "ওঁ বিষ্ণোর্ম্মনসা পূতে স্থঃ" মন্ত্রে অভ্যুক্ষণ

করিয়া দৈবাদি ক্রমে সাতটী পাত্রে সাতটী পবিত্র স্থাপনপূর্ব্বক "ওঁ শন্নো দেবীরভিষ্টয়ে শন্নো ভবন্তু পীতয়ে। শং যোরভিস্রবন্তু নঃ" মন্ত্র পড়িয়া দৈবাদি-ক্রমে ঐ সাতটী পবিত্রে জল দিবে। "ওঁ যবোঽসি যবয়াস্মদ্দ্বেষো যবয়ারাতীঃ। দিবে ত্বা অন্তরীক্ষায় ত্বা পৃথিব্যৈ ত্বা শুন্ধন্তাং লোকাঃ পিতৃসদনাঃ পিতৃসদনমসি" মন্ত্রে দৈবপক্ষের অর্ঘ্যপাত্রে যব বিকিরণ করিবে। ওঁ তিলোঽসি সোমদেবত্যো গোসবো দেবনির্ম্মিতঃ। প্রত্নবদ্ভিঃ প্রত্তঃ স্বধয়া পিতৃন্ লোকান্ প্রীণাহি নঃ স্বাহা" এই মন্ত্র পড়িয়া পিতৃ ও মাতামহপক্ষের প্রত্যেক অর্ঘ্যপাত্রে তিল নিক্ষেপ করিবে। পরে দৈবাদিক্রমে সাতটী অর্ঘ্যপাত্রে অমন্ত্রক গন্ধপুষ্প দিয়া অন্য এক গাছি কুশদ্বারা আচ্ছাদন করিয়া "ওঁ অচ্ছিদ্রমিদমর্ঘ্যপাত্রমস্তু" বলিলে পুরোহিত "ওঁ অস্তু" বলিবেন। পরে উদ্‌ঘাটন করিবে। উত্তরাভিমুখ, পাতিতদক্ষিণজানু উপবীতী হইয়া দৈবব্রাহ্মণের হস্তে অর্ঘ্যপাত্রের প্রাগগ্র পবিত্র দিয়া অর্ঘ্যজল ও পুষ্প দিয়া আর একটী পুষ্পদ্বারা "ওঁ শিরঃ প্রভৃতি সর্ব্বগাত্রেভ্যো নমঃ" বলিয়া পূজা করিয়া ঐ অর্ঘ্যপাত্র বামহস্তে নিয়া দক্ষিণহস্তদ্বারা চিৎভাবে আচ্ছাদন করিয়া "ওঁ যা দিব্যা আপঃ পয়সা সম্বভূবুর্যা অন্তরীক্ষ্যা উত পার্থিবীর্যা হিরণ্যবর্ণা যজ্ঞিয়াস্তা ন আপঃ শিবাঃ সংশ্যোনাঃ সুহবা ভবন্তু" মন্ত্র পড়িয়া পাত্র ভূমিতে রাখিয়া বামহস্ত দ্বারা দক্ষিণ বাহুমূল স্পর্শ করিয়া "ওঁ পুরূরবো মাদ্রবসৌ বিশ্বেদেবা এতদ্বোঽর্ঘ্যং নমঃ" মন্ত্র পড়িয়া দক্ষিণহস্তদ্বারা দৈবব্রাহ্মণে অর্ঘ্য দিবে। পরে দক্ষিণাভিমুখ পাতিতবামজানু প্রাচীনাবীতী হইয়া পূর্ব্ববৎ অর্ঘ্য-পাত্র কুশদ্বারা আচ্ছাদন, পরে উদ্‌ঘাটন করিয়া পিতৃব্রাহ্মণে দক্ষিণাগ্র পবিত্রদান করিয়া অমন্ত্রক অন্য কিছু জল ও পুষ্প দিয়া, আর একটী পুষ্পদ্বারা "ওঁ শিরঃ-প্রভৃতি সর্ব্বগাত্রেভ্যো নমঃ" এই মন্ত্রে পূজা করিয়া বামহস্তে অর্ঘ্যপাত্র নিয়া দক্ষিণহস্তদ্বারা চিৎভাবে আচ্ছাদন করিয়া "ওঁ যা দিব্যা" ইত্যাদি মন্ত্র পাঠপূর্ব্বক পাত্র ভূমিতে রাখিয়া বামহস্তদ্বারা দক্ষিণবাহুমূল স্পর্শ করিয়া "বিষ্ণুরোম্ অমুকগোত্র পিতরমুকদেবশর্ম্মন্নেতত্তেঽর্ঘ্যং ওঁ যে চাত্র ত্বামনু যাংশ্চ ত্বমনু তস্মৈ তে স্বধা" মন্ত্র পড়িয়া দক্ষিণহস্তদ্বারা পিতৃব্রাহ্মণে অর্ঘ্য দিয়া পাত্রে শেষ যে জল থাকিবে, সেই জলসহিত পূর্ব্বস্থানে পাত্রটী রাখিয়া দিবে, এইরূপ পিতৃব্রাহ্মণে পিতামহ ও প্রপিতামহের, মাতামহপক্ষের ব্রাহ্মণে মাতামহ প্রমাতামহ ও বৃদ্ধপ্রমাতামহের অর্ঘ্যদান করিয়া পূর্ব্বস্থানে জলসহ পাত্রকয়েকটী রাখিয়া দিবে। মন্ত্র পিতৃ-অর্ঘ্যদানের ন্যায়, কেবলমাত্র নাম পৃথক্ পৃথক্ উল্লেখ করিতে হইবে। এক একটী অর্ঘ্য দিয়া একবার জলস্পর্শ করিতে হইবে।

পরে পিতৃপাত্রে পিতামহ, প্রপিতামহ, মাতামহ, প্রমাতামহ, বৃদ্ধপ্রমাতামহ-পাত্রের জল ক্রমান্বয়ে লইয়া, প্রপিতামহপাত্রদ্বারা আচ্ছাদিত করিয়া বামদিকে সমূল কুশের উপর "ওঁ পিতৃভ্যঃ স্থানমসি" বলিয়া ন্যুব্জ করিবে—অর্থাৎ যাহাতে নীচেরটী উপরে, উপরেরটী নীচে যায় এরূপভাবে স্থাপন করিবে।

গন্ধাদি দান।—উত্তরাভিমুখ পাতিত দক্ষিণজানু উপবীতী হইয়া "ওঁ পুরূরবো মাদ্রবসৌ বিশ্বেদেবা এতানি বো গন্ধপুষ্পধূপদীপাচ্ছাদনানি নমঃ" এই বলিয়া গন্ধপুষ্প ধূপদীপ আচ্ছাদন উৎসর্গ করিয়া "এষ বো গন্ধঃ" বলিয়া গন্ধ, "এতদ্বঃ পুষ্পং" বলিয়া পুষ্প দৈবব্রাহ্মণে এবং "এষ বো ধূপঃ" বলিয়া ধূপ, "এষ বো দীপঃ" বলিয়া দীপ, ব্রাহ্মণসমীপে এবং "এতদ্ব আচ্ছাদনং" বলিয়া বস্ত্র দৈবব্রাহ্মণে দিবে। পরে দক্ষিণাভিমুখ পাতিতবামজানু প্রাচীনাবীতী হইয়া "অমুকগোত্র পিতরমুক, অমুকগোত্র পিতামহ অমুক, অমুকগোত্র প্রপিতামহ অমুক, এতানি তে গন্ধপুষ্প-ধূপদীপাচ্ছাদনানি "ওঁ যে চাত্র ত্বামনু যাংশ্চ ত্বমনু তস্মৈ তে স্বধা" এই বলিয়া উৎসর্গ করিয়া "এষ তে গন্ধঃ" বলিয়া গন্ধ, এতত্তে পুষ্পং" বলিয়া পুষ্প, পিতৃব্রাহ্মণে "এষ তে ধূপঃ" বলিয়া ধূপ, "এষ তে দীপঃ" বলিয়া দীপ পিতৃব্রাহ্মণসমীপে এবং "এতত্তে আচ্ছাদনং" বলিয়া বস্ত্র পিতৃব্রাহ্মণে দিবে। এইরূপ মাতামহ, প্রমাতামহ, বৃদ্ধপ্রমাতামহের নামোল্লেখ করিয়া গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, আচ্ছাদন উৎসর্গ করিয়া, মাতামহপক্ষের ব্রাহ্মণে গন্ধ, পুষ্প, বস্ত্র এবং ব্রাহ্মণসমীপে ধূপ দীপ দিবে, ইহার মধ্যে কোন দ্রব্যের অভাব হইলে যব দিবে।

অন্নদান।—প্রথমে দৈবব্রাহ্মণের, পরে পিতৃব্রাহ্মণের, তৎপরে মাতামহ পক্ষের ব্রাহ্মণের সম্মুখের কুশাদি ফেলিয়া পরিষ্কার করিয়া, জলধারা দ্বারা দৈবপক্ষে ঈশান কোণ হইতে আরম্ভ করিয়া দক্ষিণাবর্ত্তক্রমে পূর্ব্বাগ্ররেখা-বিশিষ্ট করিয়া একটী এবং পিতৃ ও মাতামহপক্ষে নৈঋর্ত কোণ হইতে আরম্ভ করিয়া বামাবর্ত্তক্রমে দক্ষিণাগ্ররেখাবিশিষ্ট করিয়া এক একটী চতুষ্কোণ মণ্ডল ব্রাহ্মণের সম্মুখে অঙ্কিত করিয়া, তাহার উপর তিনখানি ভোজনপাত্র স্থাপন করিবে। পরে একটী পাত্রে ঘৃতসহ কিছু অন্ন গ্রহণ করিয়া "ওঁ অগ্নৌ করিষ্যামি" বলিলে, পুরোহিত বলিবেন, "ওঁ কুরুষ্ব"। "ওঁ স্বাহা" এই বলিয়া একটী পাত্রস্থিত জলে কিঞ্চিৎ অন্ন দিবে। পরে "সোমায় পিতৃমতে" ইহা বলিবে, "ওঁ স্বাহা" বলিয়া আর কিঞ্চিৎ অন্ন দিয়া পরে "অগ্নয়ে কব্যবাহনায়" বলিবে। পরে অমন্ত্রক দুইবার ঐ জলে কিঞ্চিৎ অন্ন দিয়া, দৈবপাত্রে দুইবার,

পিতৃপাত্রে ও মাতামহপাত্রে তিন তিন বার দিয়া দৈবপক্ষে অনুত্তানহস্ত দ্বারা (অধোমুখভাবে বামহস্ত নীচে, দক্ষিণহস্ত উপরে রাখিয়া) উক্ত পাত্র ধরিয়া "ওঁ পৃথিবী তে পাত্রং দ্যৌঃ পিধানং ব্রাহ্মণস্য মুখেঽমৃতেঽমৃতং জুহোমি স্বাহা।" এই মন্ত্র পাঠ করিবে। পিতৃপক্ষের পাত্র ও মাতামহপক্ষের পাত্র উত্তান (চিৎভাবে বামহস্ত নীচে, দক্ষিণহস্ত উপরে রাখিয়া) হস্তে ধরিয়া ঐ মন্ত্র পাঠ করিবে। পরে আর একটী পাত্র হইতে দুই হাত দ্বারা পত্নী বা নিজে প্রথমে দৈবপাত্রে পরে পিতৃপাত্রে, তৎপরে মাতামহপাত্রে অন্ন পরিবেশন করিবে। দৈবপাত্রে দুই ভাগ, পিতৃ ও মাতামহপাত্রে তিন তিন ভাগ করিয়া দিবে, উপকরণ আর একটী পাত্রে করিয়া দিবে, অন্যপাত্র না থাকিলে অন্নপাত্রের উপর দিবে, অন্য পাত্রে করিয়া ভোজন পাত্রের উপর দিবে না।

পাত্রাদিবিচার।—সীসা, লৌহ, প্রস্তর, অষ্ট অঙ্গুলের কম, ভগ্ন, মৃণ্ময় এই সকল পাত্রে অন্ন দিবে না, কিন্তু তাম্রপাত্র ভগ্ন হইলেও তাহাতে দিতে পারিবে। রৌপ্য পাত্র আট অঙ্গুলির কম হইলেও গ্রাহ্য।

এইরূপে পরিবেশন করিয়া দৈবাদিক্রমে বামহস্তে অন্নপাত্র ধরিয়া উহার সহিত জল দিয়া দৈবে "ওঁ বিষ্ণো হব্যমিদং রক্ষস্ব" পিতৃপক্ষে "ওঁ কব্যমিদং রক্ষস্ব" পাঠ করিয়া "ওঁ ইদং বিষ্ণুর্ব্বি চক্রমে ত্রেধা নি দধে পদং। সমূঢ়মস্য পাংশুলে" মন্ত্র পাঠ করিবে। পরে "ইদমন্নং ইমা আপঃ ইদং হবিঃ" এই বলিয়া অন্নাদিতে নখ ভিন্ন অঙ্গুষ্ঠ স্পর্শ করিবে। পরে দৈবপক্ষের অন্নে অমন্ত্রক যব বিকীর্ণ করিবে। পিতৃ ও মাতামহপক্ষের অন্নে "ওঁ অপহতাসুরা রক্ষাংসি বেদিষদঃ" এই বলিয়া তিল নিক্ষেপ করিবে। দৈবাদিক্রমে ব্রাহ্মণকে জল দিবে। অন্নে মধু, তদভাবে গুড় দিয়া প্রণব ব্যাহৃতিসহ গায়ত্রী পাঠ করিয়া "ওঁ মধুবাতা ঋতায়তে মধু ক্ষরন্তি সিন্ধবঃ। মাধ্বীর্নঃ সন্ত্বোষধীঃ। ওঁ মধু নক্তমুতোষসো মধুমৎ পার্থিবং রজঃ। মধু দ্যৌরস্তু নঃ পিতা॥ ওঁ মধুমান্নো বনস্পতির্ম্মধুমাঁ। অস্তু সূর্য্যঃ। মাধ্বীর্গাবো ভবন্তু নঃ। ওঁ মধু মধু মধু" জপ করিবে।

পরে উত্তরাভিমুখ পাতিতদক্ষিণজানু উপবীতী হইয়া অনুত্তান (অধোভাবে) বামহস্তে দৈব-অন্নপাত্র ধরিয়া দৈবব্রাহ্মণে জল দিয়া "ওঁ পুরূরবো মাদ্রবসৌ বিশ্বেদেবা এতদ্বোঽন্নং সোপকরণং সযবোদকং নমঃ" এই বলিয়া উৎসর্গ করিয়া "ইদমন্নং ইমা আপঃ ইদং হবিঃ এতানি উপকরণানি যথাসুখং বাগ্‌যতৌ স্বদেতাম্" বলিবে। পরে দক্ষিণাভিমুখ পাতিত বামজানু প্রাচীনাবীতী হইয়া উত্তানবামহস্তে অন্নপাত্র ধরিয়া পিতৃব্রাহ্মণে জলগণ্ডূষ দিয়া অন্নে জলের

প্রোক্ষণ দিয়া "ওঁ ইদং বিষ্ণুর্ব্বি চক্রমে ত্রেধা নি দধে পদং। সমূঢ়মস্য পাংশুলে" এই মন্ত্র জপ করিয়া "ওঁ অমুকগোত্র পিতরমুক, অমুকগোত্র পিতামহ অমুক, অমুকগোত্র প্রপিতামহ অমুক এতত্তেঽন্নং সোপকরণং ওঁ ·যে চাত্র ত্বামনু যাংশ্চ ত্বমনু তস্মৈ তে স্বধা" এই বলিয়া উৎসর্গ করিবে। পরে "ইদমন্নং ইমা আপঃ ইদং হবিঃ এতানি উপকরণানি যথাসুখং বাগ্‌যতাঃ স্বদত" এই মন্ত্র পাঠ করিবে। ঐরূপ মাতামহপক্ষের অন্ন মাতামহ, প্রমাতামহ, বৃদ্ধপ্রমাতামহের নাম উল্লেখ করিয়া উৎসর্গ করিয়া "ইদমন্নং" ইত্যাদি মন্ত্র পাঠ করিবে। পরে প্রত্যেক ব্রাহ্মণে জল দিয়া প্রণব ব্যাহৃতি সহ গায়ত্রী পাঠ করিয়া "ওঁ মধু বাতা ঋতায়তে মধু ক্ষরন্তি সিন্ধবঃ। মাধ্বীর্নঃ সন্ত্বোষধীঃ। ওঁ মধু নক্তমুতোষসো মধুমৎ পার্থিবং রজঃ। মধু দ্যৌরস্তু নঃ পিতা। ওঁ মধুমান্নো বনস্পতির্ম্মধুমাঁ অস্তু সূর্য্যঃ। মাধ্বীর্গাবো ভবন্তু নঃ। ওঁ মধু মধু মধু" জপ করিয়া কৃতাঞ্জলি হইয়া "ওঁ অন্নহীনং ক্রিয়াহীনং বিধিহীনঞ্চ যদ্ভবেৎ। তৎসর্ব্বমচ্ছিদ্রমস্তু" পাঠ করিবে। প্রণব-ব্যাহৃতিসহিত গায়ত্রী পাঠ করিয়া "ওঁ মধুবাতা—ওঁ মধু মধু মধু। ওঁ যজ্ঞেশ্বরো হব্যসমস্তকব্য-ভোক্তাব্যয়াত্মা হরিরীশ্বরোঽত্র। তৎসন্নিধানাদপযান্তু সদ্যো রক্ষাংস্যশেষাণ্যসুরাশ্চ সর্ব্বে। ওঁ যোগীশ্বরং যাজ্ঞবল্ক্যং সম্পূজ্য মুনয়োঽব্রুবন্। বর্ণাশ্রমেতরাণান্নো ব্রূহি ধর্ম্মানশেষতঃ। ওঁ মন্বত্রিবিষ্ণু-হারীত-যাজ্ঞবল্ক্যোশনোঽঙ্গিরাঃ। যমাপস্তম্বসম্বর্ত্তাঃ কাত্যায়নবৃহস্পতী। পরাশরব্যাস-শঙ্খলিখিতা দক্ষগোতমৌ। শাতাতপো বশিষ্ঠশ্চ ধর্ম্মশাস্ত্রপ্রযোজকাঃ॥ ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ। দিবীব চক্ষুরাততম্। ওঁ দুর্য্যোধনো মন্যুময়ো মহাদ্রুমঃ স্কন্ধঃ কর্ণঃ শকুনিস্তস্য শাখা। দুঃশাসনঃ পুষ্পফলে সমৃদ্ধে মূলং রাজা ধৃতরাষ্ট্রোঽমনীষী॥ ওঁ যুধিষ্ঠিরো ধর্ম্মময়ো মহাদ্রুমঃ স্কন্ধোঽর্জ্জুনো ভীমসেনোঽস্য শাখা। মাদ্রীসুতৌ পুষ্পফলে সমৃদ্ধে মূলং কৃষ্ণো ব্রহ্ম চ ব্রাহ্মণাশ্চ॥ ওঁ সপ্ত ব্যাধা দশার্ণেষু মৃগাঃ কালঞ্জরে গিরৌ। চক্রবাকাঃ শরদ্বীপে হংসাঃ সরসি মানসে। তেঽভিজাতাঃ কুরুক্ষেত্রে ব্রাহ্মণা বেদপারগাঃ। প্রস্থিতা দূরমধ্বানং যূয়ং তেভ্যোঽবসীদত" এই শ্রাব্য মন্ত্র পাঠ করিয়া সমর্থ হইলে রুচিস্তব পাঠ করিবে, অসমর্থ হইলে, ওঁ বৃদ্ধোঽহং সাম্প্রতং কো মে পিতরঃ সম্প্রদাস্যতি। ভার্য্যাং তথা দরিদ্রস্য দুষ্করো দারসংগ্রহঃ। পিতরঃ উচুঃ। অস্মাকং পতনং বৎস ভবতশ্চাপ্যধোগতিঃ। নূনং ভাবি ভবিত্রী চ নাভিনন্দসি নো বচঃ। ইত্যুক্ত্বা পিতরস্তস্য পশ্যতো মুনিসত্তম! বভূবুঃ সহসাদৃশ্যা দীপা বাতহতা ইব॥ ওঁ রুচিঃ ওঁ রুচিঃ ওঁ রুচিঃ"

এই মন্ত্র তিনবার পাঠ করিয়া "ওমিত্যেকাক্ষরং ব্রহ্ম ব্যাহরন্ মামনুস্মরন্। যঃ প্রয়াতি ত্যজন্ দেহং স যাতি পরমাং গতিম্॥ নমস্তভ্যং বিরূপাক্ষ নমস্তে দিব্যচক্ষুষে। নমঃ পিনাকহস্তায় বজ্রহস্তায় বৈ নমঃ॥" পাঠ করিবে।

অগ্নিদগ্ধা পিণ্ডদান।—দেব ও পিতৃপক্ষের মধ্যে দক্ষিণাগ্র কুশ আস্তরণ করিয়া তিলের সহিত জল দ্বারা অভ্যুক্ষণ করিয়া সকল প্রকার অন্ন উঠাইয়া— অর্থাৎ পিণ্ডদানের জন্য যে তণ্ডুলাদি রাখা হয়, তাহা হইতে কিঞ্চিৎ নিয়া তাহাতে জল দিয়া একটী পিণ্ড প্রস্তুত করিয়া "ওঁ অগ্নিদগ্ধাশ্চ যে জীবা যেঽপ্যদগ্ধাঃ কুলে মম। ভূমৌ দত্তেন তৃপ্যন্তু তৃপ্তা যান্তু পরমাং গতিম্॥ ওঁ যেষাং ন মাতা ন পিতা ন বন্ধুর্নৈবান্নসিদ্ধির্ন তথান্নমস্তি। তত্তৃপ্তয়েঽন্নং ভুবি দত্তমেতৎ প্রয়ান্তু লোকায় সুখায় তদ্বৎ"। এই মন্ত্র পাঠ করিয়া কুশের উপর পিণ্ড দিবে।

অনন্তর দুই হস্ত প্রক্ষালন ও আচমন করিয়া দক্ষিণ কর্ণ স্পর্শ করিয়া "ওঁ তদ্বিষ্ণোঃ" ইত্যাদি পাঠ করিয়া বিষ্ণুস্মরণপূর্ব্বক পিণ্ডদান করিবে।

পিণ্ডদান।—প্রত্যেক ব্রাহ্মণে জল দিয়া প্রণবব্যাহৃতিসহিত গায়ত্রী পাঠ করিয়া "ওঁ মধুবাতা" ইত্যাদি মন্ত্র জপ করিয়া "ওঁ শেষমন্নমপ্যস্তি, ক দেয়ং" বলিলে পুরোহিত বলিবেন—"ইষ্টেভ্যো দীয়তাং"—"ওঁ পিণ্ডদানমহং করিষ্যে" বলিলে পুরোহিত বলিবেন—"ওঁ কুরুষ্ব"। "ওঁ নিহন্মি সর্ব্বং যদমেধ্যবদ্ভবেদ্ধতাশ্চ সর্ব্বেঽসুরদানবা ময়া। রক্ষাংসি যক্ষাঃ সপিশাচসঙ্ঘা হতা ময়া যাতুধানাশ্চ সর্ব্বে।" এই মন্ত্র পড়িয়া পিতৃব্রাহ্মণের সম্মুখে একটী, মাতামহব্রাহ্মণের সম্মুখে একটী নৈর্ঋতকোণ হইতে আরম্ভ করিয়া বামাবর্ত্তক্রমে চতুষ্কোণ মণ্ডল অঙ্কিত করিয়া অগ্রের সহিত প্রাদেশ প্রমাণ দুইগাছি কুশ বাম হস্ত হইতে দক্ষিণ হস্তে নিয়া "ওঁ অপহতাসুরা রক্ষাংসি বেদিষদঃ"। ওঁ নিহন্মি সর্ব্বং যদমেধ্যবদ্ভবেদ্ধতাশ্চ সর্ব্বেঽসুরদানবা ময়া। রক্ষাংসি যক্ষাঃ সপিশাচসঙ্ঘা হতা ময়া যাতুধানাশ্চ সর্ব্বে।" এই দুইটী মন্ত্র পাঠ করিয়া পূর্ব্বোক্ত মণ্ডল দুইটীর মধ্যে দুইটী দক্ষিণাগ্র রেখা অঙ্কিত করিয়া কুশপত্রদ্বয় উত্তরদিকে ফেলিয়া দিবে। পরে ঐ রেখার উপরে মূল অগ্রসহিত কুশ আস্তরণ করিয়া "ওঁ দেবতাভ্যঃ পিতৃভ্যশ্চ মহাযোগিভ্য এব চ। নমঃ স্বধায়ৈ স্বাহায়ৈ নিত্যমেব ভবন্ত্বিতি।" এই মন্ত্র তিনবার পাঠ করিবে, "ওঁ এত পিতরঃ সোম্যাসো গম্ভীরেভিঃ পথিভিঃ পূর্ব্বিণেভিঃ। দত্তাস্মভ্যং দ্রবিণেহ ভদ্রং রয়িঞ্চ নঃ সর্ব্ববীরং নিযচ্ছত।" এই মন্ত্র পাঠ করিয়া আস্তীর্ণ কুশে তিল বিকিরণ করিবে। তিলের সহিত পুষ্প দিয়া "ওঁ অমুকগোত্র পিতঃ অমুক

অবনেনিক্ষ ওঁ যে চাত্র ত্বামনু যাংশ্চ ত্বমনু তস্মৈ তে স্বধা” এই বলিয়া আস্তীর্ণ কুশের মূলদেশে জলের ছিটা দিবে। অনন্তর প্রত্যেকবার জলস্পর্শপূর্ব্বক পিতামহ ও প্রপিতামহের নাম উল্লেখ করিয়া আস্তীর্ণ কুশের মধ্যে ও অগ্রভাগে জলের অভ্যুক্ষণ করিবে। এইরূপে মাতামহপক্ষেও আস্তীর্ণ কুশের মূল মধ্যে ও অগ্রভাগে মাতামহাদিত্রয়ের নামোল্লেখপূর্ব্বক জলের অভ্যুক্ষণ করিবে। পরে আহুতির শেষ ও অন্নাদির অবশিষ্ট সকল একত্র করিয়া বিল্বপরিমাণ ৬টী পিণ্ড প্রস্তুত করিয়া ঘৃত মধু প্রভৃতি এবং একটী তুলসীপত্র ও এক একটী মোটক, এক একটী পিণ্ডে দিয়া বামহস্ত গৃহীত পাত্র হইতে দক্ষিণহস্তে একটী পিণ্ড নিয়া “ওঁ মধুবাতা” মন্ত্র “ওঁ মধু মধু মধু”। “ওঁ অক্ষন্নমীমদন্ত হ্যব প্রিয়া অধূষত। অস্তোষত স্বভানবো বিপ্রা নবিষ্ঠয়া মতী যোজা ন্বিন্দ্র তে হরী।” ওঁ অমুকগোত্র পিতঃ অমুক এষ তে পিণ্ডঃ ওঁ যে চাত্র ত্বামনু যাংশ্চ ত্বমনু তস্মৈ তে স্বধা” বলিয়া পিতৃপক্ষের আস্তীর্ণ কুশের মূলে দিবে। ঐরূপ “ওঁ মধুবাতা” ইত্যাদি মন্ত্র পাঠ করিয়া পিতামহ নাম উল্লেখ করিয়া কুশের মধ্যে, প্রপিতামহ নাম উল্লেখ করিয়া কুশের অগ্রে; মাতামহ নাম উল্লেখ করিয়া মাতামহপক্ষের আস্তীর্ণ কুশের মূলে, প্রমাতামহ নাম উল্লেখ করিয়া মধ্যে, বৃদ্ধপ্রমাতামহ নাম উল্লেখ করিয়া অগ্রে, আর ৫টী পিণ্ড দিবে। পিণ্ড দিবার পর এক একবার জল স্পর্শ করিয়া লইতে হইবে। পাত্রে পিণ্ডের অবশিষ্ট অংশ যাহা থাকিবে, পিণ্ডের উপর কিছু কিছু দিবে। হাতে পিণ্ডের যাহা লাগিয়া থাকিবে, এক-গাছি কুশের মূলদ্বারা “ওঁ লেপভুজঃ পিতরঃ প্রীয়ন্তাং” এই মন্ত্রে ঘসিয়া পিণ্ডে দিবে। উভয় হস্ত প্রক্ষালন, আচমন ও হরিস্মরণপূর্ব্বক পিণ্ডপাত্র প্রক্ষালন করিয়া ঐ পাত্র বাম হস্ত হইতে দক্ষিণ হস্তে নিয়া প্রক্ষালন জলদ্বারা “ওঁ অমুকগোত্র পিতরমুক অবনেনিক্ষ ওঁ যে চাত্র ত্বামনু যাংশ্চ ত্বমনু তস্মৈ তে স্বধা” এই মন্ত্র পড়িয়া পিতৃপিণ্ডে অবনেজন করিবে। ঐরূপ ক্রমান্বয়ে পিতামহ, প্রপিতামহ, মাতামহ, প্রমাতামহ, বৃদ্ধপ্রমাতামহপিণ্ডে দিবে। অনন্তর “ওঁ অত্র পিতরো মাদয়ধ্বং ওঁ যথাভাগমাবৃষায়ধ্বং” জপ করিবে। পরে আচমন করিয়া বামাবর্ত্তক্রমে উত্তরাভিমুখী হইয়া শ্বাস বন্ধ করিয়া ঐ পথে প্রত্যাবর্ত্তন পূর্ব্বক সকল পিতৃপুরুষকে ভাস্কর-মূর্ত্তি চিন্তা করিতে করিতে “ওঁ অমীমদন্ত পিতরো যথাভাগমাবৃষায়ধ্বং” এই মন্ত্র জপ করিবে। পরে শ্বাস ত্যাগ করিবে।

অনন্তর কৃতাঞ্জলি হইয়া “ওঁ নমো বঃ পিতরঃ পিতরো নমো বঃ” পাঠ করিবে। ওঁ গৃহান্নঃ পিতরো দত্ত” এই মন্ত্র পাঠ করিয়া গৃহিণীকে দেখিবে।

"ওঁ সদো বঃ পিতরো দেশ্ম" এই মন্ত্র পড়িয়া পিণ্ড দেখিবে। নূতন কাপড়ের দশা হইতে সূতা লইয়া বামহস্ত হইতে দক্ষিণহস্তে নিয়া "এতদ্বঃ পিতরো বাসঃ। ওঁ অমুকগোত্র পিতঃ অমুক এতত্তে বাসঃ ওঁ যে চাত্র ত্বামনু যাংশ্চ ত্বমনু তস্মৈ তে স্বধা" এই মন্ত্র পড়িয়া বামহস্ত দক্ষিণ বাহুমূলে স্পর্শ করিয়া পিতৃপিণ্ডে, পরে ঐ মন্ত্রে পিতামহ, প্রপিতামহ, মাতামহ, প্রমাতামহ, বৃদ্ধপ্রমাতামহ নাম উল্লেখ করিয়া প্রত্যেকবার জল স্পর্শ করিয়া প্রত্যেক পিণ্ডে দিবে। পরে তুষ্ট পিতৃপুরুষ উদ্দেশ করিয়া অমন্ত্রক গন্ধপুষ্প দ্বারা পিণ্ডপূজা করিবে। কৃতাঞ্জলি হইয়া "ওঁ বসন্তায় নমস্তুভ্যং গ্রীষ্মায় চ নমো নমঃ। বর্ষাভ্যশ্চ শরৎ-সংজ্ঞঋতবে চ নমঃ সদা॥ হেমন্তায় নমস্তুভ্যং নমস্তে শিশিরায় চ। মাসসংবৎ-সরেভ্যশ্চ দিবসেভ্যো নমো নমঃ।" এই বলিয়া ষড়্‌ঋতুরূপ পিতৃপুরুষকে নমস্কার করিবে। "ওঁ সুপ্রোক্ষিতমস্তু" এই বলিয়া ব্রাহ্মণের অগ্রভূমি সেচন করিবে; পুরোহিত বলিবেন—"ওঁ অস্তু"। দৈবব্রাহ্মণে "ওঁ শিবা আপঃ সন্তু" বলিয়া জল দিলে পুরোহিত বলিবেন—"ওঁ সন্তু"। "ওঁ সৌমনস্যমস্তু" এই বলিয়া পুষ্প দিলে পুরোহিত বলিবেন—"ওঁ অস্তু"। "ওঁ অক্ষতঞ্চারিষ্টঞ্চাস্তু" বলিয়া দূর্ব্বাক্ষত দিলে পুরোহিত বলিবেন—"ওঁ অস্তু"। ঐরূপ পিতৃ ও মাতামহপক্ষের ব্রাহ্মণেও জল, পুষ্প, দূর্ব্বা ও আতপ চাউল দিবে।

অক্ষয্যদান।—তিল, ঘৃত ও মধুযুক্ত জল দিয়া "ওঁ অদ্যেত্যাদি অমুক-গোত্রস্য পিতুঃ অমুকস্য কৃতেঽস্মিন্ পার্ব্বণবিধিকশ্রাদ্ধে দত্তমিদমন্নপানাদিক-মক্ষয্যমস্তু" বলিয়া পিণ্ডের উপর দিলে পুরোহিত বলিবেন—"ওঁ অস্তু" ঐরূপ পিতামহ, প্রপিতামহ, মাতামহ, প্রমাতামহ, বৃদ্ধপ্রমাতামহ নাম উল্লেখ পূর্ব্বক অন্য পাঁচটী পিণ্ডের উপর দিবে।

"ওঁ অঘোরাঃ পিতরঃ সন্তু" বলিলে পুরোহিত বলিবেন "ওঁ সন্তু"। "ওঁ গোত্রং নো বর্দ্ধতাং" পুরোহিত বলিবেন "ওঁ বর্দ্ধতাং"। পরে পবিত্রের সহিত কুশ পিণ্ডের উপর আস্তরণ করিয়া "ওঁ স্বধাং বাচয়িষ্যে" বলিলে পুরোহিত বলিবেন "ওঁ বাচ্যতাং।" "ওঁ পিতৃভ্যঃ স্বধোচ্যতাং" বলিলে পুরোহিত বলিবেন "ওঁ অস্তু স্বধা" "ওঁ পিতামহেভ্যঃ স্বধোচ্যতাং" বলিলে পুরোহিত বলিবেন "ওঁ অস্তু স্বধা" "ওঁ প্রপিতামহেভ্যঃ স্বধোচ্যতাং" বলিলে পুরোহিত বলিবেন "ওঁ অস্তু স্বধা" "ওঁ মাতামহেভ্যঃ স্বধোচ্যতাং" বলিলে পুরোহিত বলিবেন "ওঁ অস্তু স্বধা" "ওঁ প্রমাতামহেভ্যঃ স্বধোচ্যতাং" বলিলে পুরোহিত বলিবেন "ওঁ অস্তু স্বধা" "ওঁ বৃদ্ধপ্রমাতামহেভ্যঃ স্বধোচ্যতাং" বলিলে পুরোহিত

বলিবেন "ওঁ অস্তু স্বধা"। "ওঁ উর্জ্জং বহন্তীরমৃতং ঘৃতং পয়ঃ কীলালং পরিস্রুতং। স্বধা স্থ তর্পয়ত মে পিতৃন্" এই মন্ত্র পাঠ করিয়া সপবিত্র কুশ সহিত পিণ্ডের উপর জলধারা দ্বারা সেক করিবে। (যদি পুত্রার্থিনী স্ত্রী ঋতুস্নাতা হয়, তবে "ওঁ আধত্ত পিতরো গর্ভং কুমারং পুষ্করস্রজং। যথেহ পুরুষঃ স্যাৎ" এই মন্ত্র পড়িয়া পিতামহ পিণ্ডটী স্ত্রীকে দিবে, ভোজনকালে কথা না বলিয়া ভোজন করিবে। এইটী ভট্টনারায়ণের মত)।

দক্ষিণা।—নিজের বামদিকে যে ন্যুব্জপাত্র ছিল, তাহা উঠাইয়া দক্ষিণা করিবে। প্রথমতঃ পিতৃপক্ষে দক্ষিণা করিবে, যথা—"বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুক তিথৌ অমুকগোত্রস্য পিতুঃ অমুকস্য, অমুকগোত্রস্য পিতামহস্য অমুকস্য, অমুকগোত্রস্য প্রপিতামহস্য অমুকস্য, কৃতৈতৎ পার্ব্বণবিধিকশ্রাদ্ধকর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং দক্ষিণামিদং রজতং (তন্মূল্যং বা) বিষ্ণুদৈবতং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং দদানি" এই বাক্য পড়িয়া দক্ষিণা করিবে। রৌপ্য দিলে "রজতং" রৌপ্য না দিয়া পয়সা দিলে "রজতমূল্যং" বলিতে হইবে। এইরূপে মাতামহপক্ষেও দক্ষিণা করিবে। পরে দৈবপক্ষে দক্ষিণা করিবে। যথা—"বিষ্ণুরোমদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ পুরূরবোমাদ্রবসোর্বিশ্বেষাং দেবানাং কৃতৈতৎ পার্ব্বণবিধিকশ্রাদ্ধকর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং দক্ষিণামিদং কাঞ্চনং (কাঞ্চনমূল্যং বা) বিষ্ণুদৈবতং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং দদানি" এই বলিয়া দক্ষিণা করিবে। দক্ষিণার জন্য স্বর্ণ দিলে "কাঞ্চনং" এবং টাকা পয়সা দিলে "কাঞ্চনমূল্যং" বলিতে হইবে। অনন্তর করযোড় করিয়া বলিবে—"অনয়া দক্ষিণয়া শ্রাদ্ধমিদং সদক্ষিণমস্তু।" পুরোহিত বলিবেন "ওঁ অস্তু"। "ওঁ বিশ্বেদেবাঃ প্রীয়ন্তাং" বলিলে পুরোহিত বলিবেন "প্রীয়ন্তাং।" পরে ওঁ দেবতাভ্যঃ পিতৃভ্যশ্চ মহাযোগিভ্য এব চ। নমঃ স্বধায়ৈ স্বাহায়ৈ নিত্যমেব ভবন্ত্বিতি। এইটী তিনবার পাঠ করিবে। দক্ষিণামুখ কৃতাঞ্জলি এবং স্থিরতদ্গতচিত্ত হইয়া দক্ষিণদিকে দৃষ্টিনিক্ষেপ করতঃ পিতৃপুরুষের নিকট বর প্রার্থনা করিবে, "ওঁ আশিষো মে দীয়ন্তাং" বলিলে পুরোহিত বলিবেন—"ওঁ আশিষঃ প্রতিগৃহ্যন্তাং"। "ওঁ দাতারো নোঽভিবর্দ্ধন্তাং বেদাঃ সন্ততিরেব চ। শ্রদ্ধা চ নো মা ব্যগমদ্বহু দেয়ঞ্চ নোঽস্ত্বিতি॥ অন্নঞ্চ নো বহু ভবেদতিথীংশ্চ লভেমহি। যাচিতারশ্চ নঃ সন্তু মা চ যাচিষ্ম কঞ্চন॥ অন্নং প্রবর্দ্ধতাং নিত্যং দাতা শতং জীবতু। যেভ্যঃ সঙ্কল্পিতা বিজাস্তেষামক্ষয়া তৃপ্তিরস্তু। এতাঃ সত্যা আশিষঃ সন্তু। পিতৃবরপ্রসাদোঽস্তু।" এই প্রার্থনা করিলে পুরোহিত বলিবেন

ওঁ সন্তু”। “ওঁ দেবতাভ্যঃ পিতৃভ্যশ্চ মহাযোগিভ্য এব চ। নমঃ স্বধায়ৈ স্বাহায়ৈ নিত্যমেব ভবন্ত্বিতি” এই মন্ত্র তিনবার পাঠ করিবে। “ওঁ বাজে বাজেঽবত বাজিনো নো ধনেষু বিপ্রা অমৃতা ঋতজ্ঞাঃ। অস্য মধ্বঃ পিবত মাদয়ধ্বং তৃপ্তা যাত পথিভির্দেবযানৈঃ। এই মন্ত্র পড়িয়া তিনগাছি কুশদ্বারা ব্রাহ্মণস্থ পিতৃপুরুষগণকে বিসর্জ্জন করিয়া উপবীতী হইয়া, ঐ মন্ত্রে ব্রাহ্মণস্থ দেবগণকে বিসর্জ্জন করিবে, “ওঁ আ মা বাজস্য প্রসবো জগম্যাদিমে দ্যাবাপৃথিবী বিশ্বরূপে। আ মা গন্তাং পিতরা মাতরা যুবমা মা সোমোঽমৃতত্বায় গম্যাৎ,” এই মন্ত্রে দক্ষিণাবর্ত্তক্রমে জলধারা দ্বারা ব্রাহ্মণ বেষ্টন করিয়া প্রণাম করিবে। “এতে গন্ধপুষ্পে ওঁ জলনারায়ণায় নমঃ” বলিয়া জলে একটী গন্ধপুষ্প দিয়া “ওঁ যেষাং শ্রাদ্ধং কৃতমিদং তেষামক্ষয়ায়ৈ তৃপ্তয়ে ত্বয়ি জলে পাত্রীয়ান্নাদিকং সমর্পিতম্,” এই মন্ত্র পাঠ করিয়া পিতা ও মাতামহপাত্রের কিঞ্চিৎ অন্ন জলে দিবে। এবং “ওঁ যয়োঃ শ্রাদ্ধং কৃতমিদং তয়োরক্ষয়ায়ৈ তৃপ্তয়ে ত্বয়ি জলে পাত্রীয়ান্নাদিকং সমর্পিতম্” এই মন্ত্র পড়িয়া দৈবপাত্রের কিঞ্চিৎ অন্ন জলে দিবে। পিণ্ডসকল তুলিয়া সূত্র ফেলিয়া পরিষ্কার করিয়া গরু ছাগ বা ব্রাহ্মণকে দিবে অথবা অগ্নি কিম্বা জলে নিক্ষেপ করিবে।

পরে শান্তি আশীর্ব্বাদ করিবে। যথা উপবীতী হইয়া পুষ্পের সহিত জল নিয়া ব্রাহ্মণগুলির গ্রন্থি খুলিয়া “মহাবামদেব্য ঋষির্বিরাড়্ গায়ত্রীচ্ছন্দ ইন্দ্রো দেবতা শান্তিকর্ম্মণি জপে বিনিয়োগঃ। ওঁ কয়া নশ্চিত্র আ ভুবদূতী সদাবৃধঃ সখা। কয়া শচিষ্ঠয়া বৃতা। ওঁ কস্ত্বা সত্যো মদানাং মংহিষ্ঠো মৎসদন্ধসঃ। দৃঢ়া চিদারুজে বসু। ওঁ অভীষূণঃ সখীনামবিতা জরিতৄণাং। শতং ভবাস্যূতয়ে,” এই মন্ত্র তিনবার পাঠ করিয়া “ওঁ স্বস্তি ন ইন্দ্রো ইত্যাদি ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি,” এই মন্ত্র তিনবার পড়িয়া পুরোহিত মাথায় জলের প্রোক্ষণ দিয়া আশীর্ব্বাদ করিবেন। অচ্ছিদ্রাবধারণ যথা—দক্ষিণহস্ত দ্বারা প্রদীপ আচ্ছাদন করিয়া, হস্তদ্বয় প্রক্ষালনপূর্ব্বক আচমন করিয়া জল হাতে লইয়া “কৃতৈতৎ পার্ব্বণবিধিকশ্রাদ্ধ-কর্ম্মাচ্ছিদ্রমস্তু” বলিয়া জলত্যাগ করিবে।

পরে বৈগুণ্যসমাধান, যথা—“বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা কৃতৈতৎ পার্ব্বণবিধিকশ্রাদ্ধকর্ম্মণি যদ্বৈগুণ্যং জাতং তদ্দোষপ্রশমনায় শ্রীবিষ্ণুস্মরণমহং করিষ্যে” বলিয়া “ওঁ তদ্বিষ্ণোঃ” ইত্যাদি মন্ত্র পাঠ করিয়া “ওঁ বিষ্ণুঃ” দশবার জপ করিবে।

সামবেদীয় পার্ব্বণশ্রাদ্ধবিধি সমাপ্ত।

ষোড়শ পিণ্ডদান-প্রয়োগ।

ঊনবিংশতি পিণ্ডকে ষোড়শ পিণ্ড কহে। দক্ষিণাগ্র পাঁচটী রেখার উপর পশ্চিমাগ্র ছয়টী রেখা অঙ্কিত করিলে কুড়িটী ঘর হইবে, তদুপরি কুশ বিস্তার করিয়া দিবে। পরে আস্তৃত কুশার উপর তিলযুক্ত জলদ্বারা পিতৃপুরুষের অর্চ্চনা করিবে। মন্ত্র যথা,—"ওঁ অস্মৎকুলে মৃতা যে চ গতির্যেষাং ন বিদ্যতে। আবাহয়িষ্যে তান্ সর্ব্বান্ দর্ভপৃষ্ঠে তিলোদকৈঃ॥ ওঁ মাতামহকুলে যে চ গতির্যেষাং ন বিদ্যতে। আবাহয়িষ্যে তান্ সর্ব্বান্ দর্ভপৃষ্ঠে তিলোদকৈঃ॥ ওঁ বন্ধুবর্গকুলে যে চ গতির্যেষাং ন বিদ্যতে। আবাহয়িষ্যে তান্ সর্ব্বান্ দর্ভপৃষ্ঠে তিলোদকৈঃ॥"

তৎপরে সতিল জলাঞ্জলি লইয়া এই মন্ত্রে কুশার উপরে দিবে।—"ওঁ আব্রহ্মস্তম্বপর্য্যন্তং দেবর্ষিপিতৃমানবাঃ। তৃপ্যন্তু পিতরঃ সর্ব্বে মাতৃমাতামহাদয়ঃ॥ অতীতকুলকোটীনাং সপ্তদ্বীপনিবাসিনাম্। আব্রহ্মভুবনাল্লোকাদিদমস্তু তিলোদকম্॥" পরে কুশার মূলস্থান হইতে ক্রমশঃ একটী একটী মন্ত্র পাঠ করিয়া পিতৃরীতিক্রমে পাঁচটী করিয়া তিনপঙ্‌ক্তিস্থিত পনরটী ঘরে পনরটী এবং নৈঋ্‌র্তকোণস্থিত ঘরটী বাদ দিয়া পশ্চিম পার্শ্বস্থিত শেষ পঙ্‌ক্তির চারি ঘরে চারিটী, এই ঊনবিংশতি পিণ্ড দিবে।

মন্ত্র যথা—"ওঁ অস্মৎকুলে মৃতা যে চ গতির্যেষাং ন বিদ্যতে। তেষামুদ্ধরণার্থায় ইমং পিণ্ডং দদাম্যহম্॥ ১॥ ওঁ বন্ধুবর্গকুলে যে চ গতির্যেষাং ন বিদ্যতে। তেষামুদ্ধরণার্থায় ইমং পিণ্ডং দদাম্যহম্॥ ২॥ ওঁ মাতামহকুলে যে চ গতির্যেষাং ন বিদ্যতে। তেষামুদ্ধরণার্থায় ইমং পিণ্ডং দদাম্যহম্॥ ৩॥ ওঁ অজাতদন্তা যে কেচিৎ যে চ গর্ভপ্রপীড়িতাঃ। তেষামুদ্ধরণার্থায় ইমং পিণ্ডং দদাম্যহম্॥ ৪॥ ওঁ অগ্নিদগ্ধাশ্চ যে কেচিৎ নাগ্নিদগ্ধাস্তথাপরে। বিদ্যুচ্চৌরহতা যে চ তেভ্যঃ পিণ্ডং দদাম্যহম্॥ ৫॥ ওঁ দাবদাহে মৃতা যে চ সিংহব্যাঘ্রহতাশ্চ যে। দংষ্ট্রিভিঃ শৃঙ্গিভির্ব্বাপি তেভ্যঃ পিণ্ডং দদাম্যহম্॥ ৬॥ ওঁ উদ্বন্ধনমৃতা যে চ বিষ-শস্ত্রহতাশ্চ যে। আত্মোপঘাতিনো যে চ তেভ্যঃ পিণ্ডং দদাম্যহম্॥ ৭॥ ওঁ অরণ্যে বর্ত্মনি বনে ক্ষুধয়া তৃষ্ণয়া হতাঃ। ভূতপ্রেতপিশাচাশ্চ তেভ্যঃ পিণ্ডং দদাম্যহম্॥ ৮॥ ওঁ রৌরবে চান্ধতামিস্রে কালসূত্রে চ যে স্থিতাঃ। তেষামুদ্ধরণার্থায় ইমং পিণ্ডং দদাম্যহম্॥ ৯॥ ওঁ অনেকযাতনাসংস্থাঃ প্রেতলোকে চ যে গতাঃ। তেষামুদ্ধরণার্থায় ইমং পিণ্ডং দদাম্যহম্॥ ১০॥ ওঁ অনেকযাতনাসংস্থা যে নীতা যমকিঙ্করৈঃ। তেষামুদ্ধরণার্থায় ইমং পিণ্ডং দদাম্যহম্॥ ১১॥ ওঁ নরকেষু সমস্তেষু যাতনাসু চ যে স্থিতাঃ। তেষামুদ্ধরণার্থায়

ইমং পিণ্ডং দদাম্যহম্॥ ১২॥ ওঁ পশুযোনিগতা যে চ পক্ষিকীটসরীসৃপাঃ। অথবা বৃক্ষযোনিস্থাস্তেভ্যঃ পিণ্ডং দদাম্যহম্॥ ১৩॥ ওঁ জাত্যন্তরসহস্রেষু ভ্রমন্তঃ স্বেন কর্ম্মণা। মানুষ্যং দুর্ল্লভং যেষাং তেভ্যঃ পিণ্ডং দদাম্যহম্॥ ১৪॥ ওঁ দিব্যন্তরীক্ষভূমিষ্ঠাঃ পিতরো বান্ধবাদয়ঃ। মৃতা অসংস্কৃতা যে চ তেভ্যঃ পিণ্ডং দদাম্যহম্॥ ১৫॥ ওঁ যে কেচিৎ প্রেতরূপেণ বর্ত্তন্তে পিতরো মম। তে সর্ব্বে তৃপ্তিমায়ান্তু পিণ্ডদানেন সর্ব্বদা॥ ১৬॥ ওঁ যেঽবান্ধবা বান্ধবা বা যেঽন্যজন্মনি বান্ধবাঃ। তেষাং পিণ্ডো ময়া দত্তোঽপ্যক্ষয্যমুপতিষ্ঠতাম্॥ ১৭॥ ওঁ পিতৃবংশে মৃতা যে চ মাতৃবংশে চ যে মৃতাঃ। গুরুশ্বশুরবন্ধূনাং যে চান্যে বান্ধবা মৃতাঃ। যে মে কুলে লুপ্তপিণ্ডাঃ পুত্রদারবিবর্জ্জিতাঃ। ক্রিয়ালোপগতা যে চ জাত্যন্ধাঃ পঙ্গবস্তথা। বিরূপা আমগর্ভাশ্চ জ্ঞাতাজ্ঞাতাঃ কুলে মম। তেষাং পিণ্ডো ময়া দত্তোঽপ্যক্ষয্যমুপতিষ্ঠতাম্॥ ১৮॥ ওঁ আব্রহ্মণো যে পিতৃবংশজাতা মাতুস্তথা বংশভবা মদীয়াঃ। কুলদ্বয়ে যে মম দাসভূতা-ভৃত্যাস্তথৈবাশ্রিতসেবকাশ্চ। মিত্রাণি সখ্যঃ পশবশ্চ কীটা দৃষ্টা হ্যদৃষ্টাশ্চ কৃতোপকারাঃ। জন্মান্তরে যে মম দাসভূতাস্তেভ্যঃ স্বধা (সদা) পিণ্ডমহং দদানি॥ ১৯॥

উল্কাদান-প্রয়োগ।

নারিকেলপত্র বা পেঁকাটি দ্বারা মসালের ন্যায় উল্কা নির্ম্মাণ করিয়া পিতৃরীতিক্রমে গ্রহণ করিবে।

উল্কাগ্রহণ মন্ত্র—ওঁ শস্ত্রাশস্ত্রহতানাঞ্চ ভূতানাং ভূতদর্শয়োঃ। উজ্জ্বলজ্যোতিষা দেহং দহেয়ং ব্যোমবহ্নিনা॥

উল্কা ভূমিতে স্থাপন করিবার মন্ত্র,—"ওঁ অগ্নিদগ্ধাশ্চ যে জীবা যেঽপ্যদগ্ধাঃ কুলে মম। উজ্জ্বলজ্যোতিষা দগ্ধাস্তে যান্তু পরমাং গতিম্॥

ভেলায় করিয়া ঐ উল্কা জলাশয়ে ভাসাইবার মন্ত্র,—ওঁ যমলোকং পরিত্যজ্য আগতা যে মহালয়ে। উজ্জ্বলজ্যোতিষা বর্ত্ম প্রপশ্যন্তো ব্রজন্তু তে।

মঘা-ত্রয়োদশী শ্রাদ্ধ।

এক সংসারের অর্থাৎ একান্নবর্ত্তি ভ্রাতৃগণ প্রেতপক্ষের মঘা-ত্রয়োদশীতে নিম্নলিখিতরূপে বাক্য করিয়া শ্রাদ্ধ করিবে।

"বিষ্ণুরোমতৎ আশ্বিনে মাসি কৃষ্ণে পক্ষে ত্রয়োদশ্যান্তিথৌ মঘায়াং অমুক-গোত্রস্য পিতুরমুকদেবশর্ম্মণঃ (ইত্যাদি নামোল্লেখ করিয়া) পার্ব্বণবিধিকশ্রাদ্ধং দর্ভময় ব্রাহ্মণেঽহং করিষ্যে।"

গ্রহণ-শ্রাদ্ধ।

"অদ্যেত্যাদি—রাহুগ্রস্তে নিশাকরে (দিবাকরে বা) অমুকগোত্রস্য পিতুর-মুকদেবশর্ম্মণঃ (ইত্যাদি নামোল্লেখ করিয়া) পার্ব্বণবিধিকশ্রাদ্ধং দর্ভময়-ব্রাহ্মণেঽহং করিষ্যে।" এই মন্ত্র পাঠ করিয়া গ্রহণশ্রাদ্ধ করিবে। ইহার কালাকাল নাই, রাত্র্যাদিতেও এই শ্রাদ্ধ করিতে পারা যায়।

অষ্টকাশ্রাদ্ধ।

"অদ্যেত্যাদি—পৌষে মাসি কৃষ্ণে পক্ষে অষ্টম্যান্তিথৌ অষ্টকায়াং অমুক-গোত্রস্য পিতুরমুকদেবশর্ম্মণঃ [ছয় পুরুষের নাম উল্লেখ করিবে] পার্ব্বণশ্রাদ্ধে কর্ত্তব্যে ওঁ পুরূরবোমাদ্রবসোর্বিশ্বেষাং দেবানাং পার্ব্বণশ্রাদ্ধং দর্ভময়ব্রাহ্মণেঽহং করিষ্যে।" এই মন্ত্র পাঠ করতঃ পৌষমাসের কৃষ্ণাষ্টমীতে পিষ্টক (অন্নপায়সাদি) দ্বারা, মাঘমাসের কৃষ্ণাষ্টমীতে মাংসের দ্বারা এবং ফাল্গুনমাসের কৃষ্ণাষ্টমীতে শাকদ্বারা অষ্টকাশ্রাদ্ধ করিবে।

পঞ্চপাত্র শ্রাদ্ধ।

সঙ্কল্প—"ওঁ অদ্যেত্যাদি—অমুকগোত্রস্য পিতুরমুকদেবশর্ম্মণঃ অমাবস্যাক্ষয়-নিমিত্তক-পার্ব্বণবিধিক-সাংবৎসরিক-শ্রাদ্ধার্থং অমুকগোত্রস্য পিতুরমুকদেবশর্ম্মণঃ (তিন পুরুষের নাম করিবে) পার্ব্বণবিধিনা শ্রাদ্ধে কর্ত্তব্যে ওঁ পুরূরবো-মাদ্রবসোর্বিশ্বেষাং দেবানাং পার্ব্বণবিধিকশ্রাদ্ধং দর্ভময়ব্রাহ্মণয়োরহং করিষ্যে।"

"ওঁ অদ্যেত্যাদি—পিতুরমাবস্যাক্ষয়নিমিত্তক–পার্ব্বণ-বিধিক–সাংবৎসরিক-শ্রাদ্ধার্থং অমুকগোত্রস্য পিতুরমুকদেবশর্ম্মণঃ (তিন পুরুষের নাম করিবে) পার্ব্বণবিধিনা শ্রাদ্ধং দর্ভময়ব্রাহ্মণেষ্বহং করিষ্যে। এই দুইটী মন্ত্র পাঠ করতঃ অমাবস্যা কিম্বা অপর পক্ষের কোন তিথিতে মৃত জনক জননীর সাংবৎসরিক শ্রাদ্ধ পার্ব্বণবিধিতে করিবে। এই শ্রাদ্ধ ঔরস-পুত্র কিংবা দত্তক পুত্র করিতে পারে।

প্রায়শ্চিত্তাঙ্গক পার্ব্বণ।

"ওঁ অদ্যেত্যাদি—অমুকতিথৌ অমুকগোত্রস্য পিতুরমুকদেবশর্ম্মণঃ (ইত্যাদি নামোল্লেখ করিয়া) শুদ্ধি-নিমিত্তকপার্ব্বণবিধিকশ্রাদ্ধং দর্ভময়ব্রাহ্মণেঽহং করিষ্যে" মন্ত্রে শুদ্ধিহেতু প্রায়শ্চিত্ত করিয়া গোগ্রাসের পূর্ব্বে শ্রাদ্ধ করিবে।

প্রেতপক্ষীয় পার্ব্বণ।

ভাদ্রমাসের পূর্ণিমার পর প্রতিপদ্ হইতে পনের দিন, ষষ্ঠী হইতে দশ দিন, একাদশী হইতে পাঁচ দিন, অথবা ত্রয়োদশী হইতে তিন দিন শক্তাশক্ত ও ফলাধিক্য জানিয়া শ্রাদ্ধ করিবে।

তীর্থযাত্রা শ্রাদ্ধ।

তীর্থে গমন করিবার নির্দ্দিষ্ট দিনের দুই দিন পূর্ব্বে হবিষ্যাদি করিয়া সংযত হইবে। তীর্থগমনের অব্যবহিত পূর্ব্বদিনে মস্তকমুণ্ডন ও উপবাস করিবে। পরে গণেশ প্রভৃতি ও ইষ্টদেবতার পূজা সমাপন করিয়া, নিম্নলিখিত মন্ত্রে আভ্যুদয়িক শ্রাদ্ধ করিবে। অনন্তর ব্রাহ্মণভোজন করাইয়া শুভক্ষণে তীর্থযাত্রা করিবে।

সংকল্প মন্ত্র—"অদ্যামুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা তীর্থযাত্রাকর্ম্মাভ্যুদয়ার্থং সগণাধিপগৌর্য্যাদি-ষোড়শমাতৃকা-পূজাবসোর্ধারাসম্পাতনায়ুষ্যসূক্ত-জপাভ্যুদয়িকশ্রাদ্ধান্যহং করিষ্যে।"

আভ্যুদয়িক শ্রাদ্ধের সঙ্কল্প মন্ত্র—"ওঁ অদ্যেত্যাদি অমুকতিথৌ তীর্থযাত্রা-কর্ম্মাভ্যুদয়ার্থং অমুকগোত্রস্য নান্দীমুখস্য পিতুরমুকদেবশর্ম্মণঃ (ইত্যাদি নামো-ল্লেখ করিয়া) আভ্যুদয়িকশ্রাদ্ধং দর্ভময়ব্রাহ্মণয়োরহং করিষ্যে।"

তীর্থশ্রাদ্ধ।

তীর্থে উপস্থিত হইলেই শ্রাদ্ধ করা উচিত। তবে রাক্ষসী বেলা ও রাত্রিতে উহা অপ্রশস্ত।

তীর্থশ্রাদ্ধসংকল্প মন্ত্র—"ওঁ অদ্যেত্যাদি অমুকতিথৌ অমুকগোত্রস্য পিতুরমুক-দেবশর্ম্মণঃ (ইত্যাদি নামোল্লেখ করিয়া) তীর্থপ্রাপ্তিনিমিত্তকপার্ব্বণবিধিকশ্রাদ্ধং দর্ভময়ব্রাহ্মণেঽহং করিষ্যে।"

এই শ্রাদ্ধ সম্যক্ করা অসম্ভব হইলে তীর্থে কেবলমাত্র পিণ্ডদান করিলেই যথেষ্ট হইবে।

তীর্থ-প্রত্যাগত ব্যক্তির কর্ত্তব্য।

তীর্থস্থান হইতে ফিরিয়া আসিয়া দেবতাব্রাহ্মণপূজা করিয়া নিম্নলিখিত মন্ত্রে বৃদ্ধিশ্রাদ্ধ করিবে।

"ওঁ অদ্যেত্যাদি অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা তীর্থপ্রত্যাগমনোত্তর-স্বগৃহ-প্রবেশকর্ম্মাভ্যুদয়ার্থং সগণাধিপ--গৌর্য্যাদিষোড়শমাতৃকাপূজা--বসোর্ধারাসম্পাতনায়ুষ্যসূক্তজপাভ্যুদয়িকশ্রাদ্ধান্যহং করিষ্যে।"

আভ্যুদয়িক শ্রাদ্ধের সঙ্কল্প মন্ত্র—"ওঁ অদ্যেত্যাদি অমুকতিথৌ তীর্থপ্রত্যাগমনোত্তরগৃহপ্রবেশকর্ম্মাভ্যুদয়ার্থং অমুকগোত্রস্য পিতুরমুকদেবশর্ম্মণঃ (ইত্যাদি নামোল্লেখ পূর্ব্বক) আভ্যুদয়িকশ্রাদ্ধং দর্ভময়ব্রাহ্মণয়োরহং করিষ্যে।"

অঙ্গ-প্রায়শ্চিত্ত।

অশৌচের পর দ্বিতীয় দিনে স্নান করিয়া নিম্নলিখিত মন্ত্রে কাঞ্চনদানরূপ প্রায়শ্চিত্ত করিতে হয়।—"ওঁ অদ্যেত্যাদি অমুকগোত্রঃ শ্রীঅমুকঃ এতদশৌচ-কালোৎপন্ন-পঞ্চসূনাজনিত-পাপ-ক্ষয়কামঃ ইদং কাঞ্চনং (কাঞ্চনান্বিতভোজ্যং বা) বিষ্ণুদৈবতং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং দদে।" পরে কুশতিলজল ত্যাগ সহকারে দক্ষিণা দিবে।

হেমগর্ভ-তিলদান।

"ওঁ সবস্ত্রতাম্রাধারহেমগর্ভতিলেভ্যো নমঃ" এই মন্ত্রে তিনবার পুষ্প দিয়া তিলের পূজা করিবে। "এতদধিপতয়ে শ্রীবিষ্ণবে নমঃ" এই মন্ত্রে বিষ্ণুপূজা করিবে। পরে "এতৎসম্প্রদানায় ব্রাহ্মণায় নমঃ" এই বলিয়া ব্রাহ্মণের উদ্দেশে গন্ধপুষ্প দিবে। পরে বামহস্তে তিলস্পর্শ ও দক্ষিণহস্তে কুশত্রয় তিল জল গ্রহণ করিয়া নিম্নলিখিত মন্ত্রে উৎসর্গ করিবে,—"ওঁ অদ্যেত্যাদি অমুকগোত্রস্য প্রেতস্য অমুকদেবশর্ম্মণোঽশৌচান্তাদ্দ্বিতীয়েঽহ্নি অমুকগোত্রস্য প্রেতস্য অমুকদেবশর্ম্মণঃ এতত্তিলসমসংখ্যক-বর্ষাবচ্ছিন্ন-স্বর্গাধিকরণক-মোদমানত্বকামঃ এতান্ সবস্ত্রতাম্রাধারহেমগর্ভতিলান্ শ্রীবিষ্ণুদেবতাকান্ অর্চ্চিতান্ যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং দদানি।" পরে "ওঁ যথা মধুবধে বিষ্ণোর্ঘর্ম্ম-বিন্দুসমুদ্ভবাঃ। তিলাঃ কুশাশ্চ সমিধস্তস্মাচ্ছান্তা ভবন্তিমাঃ॥ ওঁ বিষ্ণুদেহোদ্ভবাঃ

পুণ্যাস্তিলাঃ পাপপ্রণাশকাঃ। প্রেতস্বর্গং প্রযচ্ছন্তু সংসারার্ণবতারকাঃ॥" এই মন্ত্রদ্বয় পাঠ করিবে। ব্রাহ্মণ সাক্ষাৎ থাকিলে "অমুকগোত্রায় অমুকদেবশর্ম্মণে ব্রাহ্মণায় তুভ্যমহং দদানি" এই বলিয়া কুশ ও তিল তাঁহার হাতে দিবে। গ্রহীতা এক মুষ্টি তিল লইয়া 'ওঁ স্বস্তি' বলিবেন ও গায়ত্রী পাঠ করিয়া বলিবেন,—"এতে সবস্ত্রতাম্রাধারহেমগর্ভতিলাঃ বিষ্ণুদেবতাকাঃ।" পরে কামস্তুতি পাঠ করিয়া পরবর্ত্তী দক্ষিণাবাক্যে দক্ষিণা দান করিবে।

দক্ষিণাবাক্য এইরূপ—"ওঁ অদ্যেত্যাদি—কৃতৈতৎ সবস্ত্রতাম্রাধারহেমগর্ভ-তিলদানকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনং (কাঞ্চনমূল্যং বা) শ্রীবিষ্ণুদৈবতং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং দদানি।"

বৈতরণী।

"আসন্নমৃত্যুনা দেয়া গৌঃ সবৎসা চ পূর্ব্ববৎ। তদভাবে চ গৌরেকা নরকোদ্ধারণায় বৈ॥ তদা যদি ন শক্নোতি দাতুং বৈতরণীঞ্চ গাম্। শক্তোঽন্যোঽরুক্ তদা দত্ত্বা শ্রেয়ো দদ্যান্মৃতস্য চ॥ ইতি স্মার্ত্তঃ।

মনুষ্যের আসন্নমৃত্যু সময়ে প্রাণবিয়োগের পূর্ব্বে নরকনিবৃত্তির নিমিত্ত বৈতরণী করিতে হয়। সবৎসা কৃষ্ণবর্ণা গাভীদানকে বৈতরণী কহে। সবৎসা গাভীদানে অশক্ত ব্যক্তি একটী মাত্র গাভী দান করিলেও হইতে পারে। রুগ্ন ব্যক্তি যদি অসমর্থতাহেতু স্বয়ং বৈতরণী করিতে না পারে, তবে তাহার প্রতিনিধি তৎপুত্রাদি বৈতরণী করিতে পারে।

গোদানে অশক্ত হইলে গোমূল্য এক কাহন কড়ি বা তাহার মূল্য চারি আনা উৎসর্গ করিবে। যদি মৃত্যুর পূর্ব্বে বৈতরণী করা না হয়, তবে আদ্য-শ্রাদ্ধ দিনে করিবে।

"অত্র মৃতস্য চেতি শ্রবণাদেকাদশাহেঽপি বৈতরণীদানাচারঃ॥"—শুদ্ধিতত্ত্বে।

মরণের অব্যবহিত পূর্ব্বে বৈতরণী করা না হইয়া থাকিলে, আদ্যশ্রাদ্ধ দিবসে বৈতরণী করিবে।

বৈতরণীতে সবৎসা ধেনু দান করিবার সময়ে স্বর্ণশৃঙ্গ, রজতক্ষুর, কাংস্যক্রোড়, তাম্রপৃষ্ঠ ও বস্ত্র, মাল্য এবং সিন্দুরাদি দ্বারা অলঙ্কৃত করিয়া উৎসর্গ করিবে।

উৎসর্গবাক্য যথা—"ওঁ অদ্যেত্যাদি—অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা সর্ব্ব-পাপবিমুক্তিপূর্ব্বক-যমদ্বারাবস্থিত-তপ্ত-বৈতরণীনদী-সুখ-সন্তরণকামঃ ইমাং সবস্ত্রাং সালঙ্কৃতাং কৃষ্ণাং গাং গন্ধাদ্যর্চ্চিতাং রুদ্রদেবতাকাং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং দদানি"।

যদি গাভীর অভাবে মূল্য উৎসর্গ করা হয়, তবে "কৃষ্ণগবীমূল্যান্ একককার্যাপণীবরাটকান্" এইরূপ বলিবে। উৎসর্গান্তে কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবে—"ওঁ যমদ্বারে মহাঘোরে তপ্তা বৈতরণী নদী। তান্তু তর্ত্তুং দদাম্যেনাং কৃষ্ণাং বৈতরণীঞ্চ গাম্॥"

অনন্তর দক্ষিণা দান করিবে। সঙ্কল্পমন্ত্র যথা—"ওঁ অদ্যেত্যাদি—যমদ্বারাবস্থিত-তপ্তবৈতরণীনদীসুখসন্তরণকামনয়া কৃতৈতৎকৃষ্ণগবীদানকর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং সম্প্রদদে"॥ গোমূল্য দান হইলে—"কৃষ্ণগবীমূল্য-দানকর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং"—এইরূপ বলিবে।

অন্ত্যেষ্টি পদ্ধতি।

বিগতপ্রাণ দেহকে দাহাধিকারী নিজে স্নান করিয়া মৃতদেহকে ঘৃত মাখাইয়া স্নান করাইবে। * মন্ত্র যথা—

"ওঁ গয়াদীনি চ তীর্থানি যে চ পুণ্যাঃ শিলোচ্চয়াঃ। কুরুক্ষেত্রঞ্চ গঙ্গাঞ্চ যমুনাঞ্চ সরিদ্বরাম্॥ কৌশিকীং চন্দ্রভাগাঞ্চ সর্ব্বপাপপ্রণাশিনীম্। ভদ্রাবকাশাং সরযুং পনসং গণ্ডকীং তথা॥ বৈণবঞ্চ বরাহঞ্চ তীর্থং পিণ্ডারকং তথা। পৃথিব্যাং যানি তীর্থানি সরিতঃ সাগরাস্তথা। ধ্যাত্বা তু মনসা সর্ব্বে কৃতস্নানং গতায়ুষং॥"

অনন্তর বস্ত্র পরাইয়া উত্তরীয় ও চন্দনাদি সপ্তছিদ্রে † সপ্তখণ্ড স্বর্ণ বা কাংস্য প্রদানপূর্ব্বক কয়েকগাছি কুশা পাতিয়া মৃতদেহকে দক্ষিণশিরা করিয়া শয়ন করাইবে। তৎপরে শ্মশানভূমিতে পিণ্ডপাক করিয়া অর্দ্ধেক পরিত্যাগ করিবে। অবশিষ্ট পিণ্ডদানার্থ রাখিবে। পরে গোময় লেপনপূর্ব্বক বামজানু ভূপাতিত করিয়া ও বিপরীত উপবীতী হইয়া—"ওঁ অপহতাসুরা রক্ষাংসি বেদিষদঃ॥" এই মন্ত্রে একটী চতুষ্কোণ রেখা করিয়া তদুপরি কুশাচ্ছাদন করিবে। তৎপরে নিম্নোক্ত মন্ত্রে প্রেতের আবাহন করিবে। (সামবেদী ভিন্ন অন্য বেদিগণ প্রেতের আবাহন করিবে না।)

আবাহন মন্ত্র—"ওঁ এহি প্রেত সোম্য গম্ভীরেভিঃ পথিভিঃ পূর্ব্বিণেভিঃ। দেহ্যস্মভ্যং দ্রবিণেহ ভদ্রং রয়িঞ্চ নঃ সর্ব্ববীরং নিযচ্ছ॥" অনন্তর আস্তীর্ণ

---

* কোন কোন স্থলে অমন্ত্রক একবার স্নান করাইয়া বস্ত্রাদি পরিধান করাইয়া পুনরায় মন্ত্র পাঠ করিয়া স্নান করাইবার রীতি আছে।

† সপ্তছিদ্র যথা—দুই চক্ষু, দুইকর্ণ, দুই নাসিকা ও মুখ।

কুশোপরি তিল ছড়াইয়া দিবে, বামহস্তে কুশমূল ও দক্ষিণহস্তে তিল সহিত জল-গণ্ডুষ গ্রহণপূর্ব্বক পাতিত কুশোপরি প্রদান করিবে। মন্ত্র যথা—

"অমুকগোত্র প্রেত অমুকদেবশর্ম্মন্নবনেনিক্ষ্ব"।

বামহস্তে গৃহীত কাঁচাপাত্রে তিল সহিত জল লইয়া পিণ্ডে দিবে এবং নিম্নোক্ত মন্ত্রে কুশোপরি অবশিষ্ট অন্নার্দ্ধ দান করিবে। যথা—

"ওঁ অমুকগোত্র প্রেত অমুকদেবশর্ম্মন্নেতত্তেঽন্নমুপতিষ্ঠতাম্॥"

অন্নপাত্র ধুইয়া জল পিণ্ডের উপর দিবে।

অতঃপর দাহাধিকারী পুনরায় স্নান করিয়া বস্ত্রযুগাচ্ছাদিত শবকে চিতায় তুলিয়া দিবে। সামবেদীয়গণ শবকে দক্ষিণশিরা করিয়া রাখিবে এবং অন্যান্য বেদীয়েরা উত্তরশিরা করিয়া রাখিবে। পুরুষকে উপুড় ও স্ত্রীকে চিৎ করিয়া শায়িত করিবে। মন্ত্র যথা,—"ওঁ দেবাশ্চাগ্নিমুখা এনং দহন্তু।"

উক্ত মন্ত্র পাঠপূর্ব্বক অগ্নি লইয়া চিতা প্রদক্ষিণ করিতে করিতে নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবে। যথা—

"ওঁ কৃত্বা তু দুষ্কৃতং কর্ম্ম জানতা বাপ্যজানতা। মৃত্যুকালবশং প্রাপ্য নরং পঞ্চত্বমাগতম্॥ ধর্ম্মাধর্ম্মসমাযুক্তং লোভমোহসমাবৃতম্। দহেয়ং সর্ব্বগাত্রাণি দিব্যান্ লোকান্ স গচ্ছতু॥"

উক্ত মন্ত্র পাঠপূর্ব্বক দক্ষিণমুখ হইয়া শবের শিরঃস্থলে অগ্নি সংযোগ করিবে।

তৎপরে দাহকার্য্য শেষ হইলে, দ্বাদশাঙ্গুলি পরিমিত সপ্তকাষ্ঠিকা লইয়া এক একবার চিতা প্রদক্ষিণ করিবে ও এক একটী কাষ্ঠিকা চিতায় দিবে, এইরূপে ক্রমে সাতবার সাতটী কাষ্ঠিকা প্রদান করিবে।

"ক্রব্যাদায় নমস্তুভ্যং"—এই মন্ত্রে কুঠার দ্বারা চিতায় সাতবার আঘাত করিবে। পরে অগ্নিদাতা সাতকলসী এবং অন্যান্য দাহকারিগণ এক এক কলসী জলের দ্বারা চিতাগ্নি নির্ব্বাণ ও ধৌত করিয়া এক কলসী জল চিতার উপর রাখিয়া যাহাতে চিতাগ্নিদর্শন না হয় এরূপভাবে স্নানাদি করিতে গমন করিবে।

স্নানান্তে মৃতব্যক্তির বাড়ী গিয়া অগ্নির তাপ গ্রহণ ও ঘৃত, তণ্ডুল, নিম্বপত্র প্রভৃতি দন্তে কর্ত্তন করিবে।

সূতিকা বা ঋতুমতী স্ত্রী মরিলে,—"আপো হি ষ্ঠা ময়োভুবস্তা ন উর্জ্জে দধাতন। মহে রণায় চক্ষসে।"—এই মন্ত্র ও "মহাবামদেব্য ঋষিঃ"—ইত্যাদি শান্তিমন্ত্র পাঠ পূর্ব্বক দাহ করিতে হয়। গর্ভবতী স্ত্রী মরিলে গর্ভস্থ সন্তানকে

বাহির করিয়া পুঁতিবে এবং প্রসূতিকে দাহ করিবে। দুই বৎসরের কম বয়স্ক ব্যক্তিকে দাহ করিতে হয় না, ভূগর্ভে প্রোথিত করিতে হয়।

পর্ণনরদাহ।

যাহার দাহ হয় নাই বা মুখাগ্নি পর্য্যন্ত হয় নাই—এবং যাহার অস্থি পাওয়া যায় নাই, তাহার দাহকার্য্য জন্য পর্ণনর দাহ বা কুশপুত্তলিকা দাহ করিতে হয়।

শরের পাতার দ্বারা একটী পুত্তলিকা প্রস্তুত করিয়া, ঐ পুত্তলিকার মস্তকে চল্লিশটী, গ্রীবাদেশে দশটী, বক্ষঃস্থলে ত্রিশটী, উদরে কুড়িটী, দুই বাহুতে পঞ্চাশটী করিয়া একশতটী, দুই উরুতে পঞ্চাশটী করিয়া একশতটী, হাতের প্রতি অঙ্গুলিতে একটী করিয়া দশটী, অণ্ডদ্বয়ে তিনটী করিয়া ছয়টী, উপস্থে চারিটী, উভয় জানু ও জঙ্ঘায় পনরটী করিয়া ত্রিশটী, দুই পায়ের অঙ্গুলির প্রতি অঙ্গুলিতে একটী করিয়া দশটী—এই সর্ব্ব সমেত তিন শত ষাইটটী পলাশপত্র সাজাইয়া দিবে এবং মেষলোমের সূত্র বেষ্টন করিয়া যবপিষ্ট দ্বারা পরিলেপন করিয়া পুত্তলিকার মস্তকে একটী লালবর্ণের নারিকেল দিয়া, পূর্ব্ববৎ দাহ করিবে। শরপত্রের মধ্যে কোন দেশে শণপাকাটি দেওয়ার প্রথা আছে, কিন্তু শাস্ত্রে তাহার কোন উল্লেখ দেখিতে পাওয়া যায় না। তবে প্রথা থাকিলে দেওয়া কর্ত্তব্য।

মৃত্যুর পর অশৌচ-কালের মধ্যে পর্ণনর দাহ করিলে, অশৌচের অবশিষ্ট দিনের পরেই পুত্রাদির শুদ্ধি হইবে, আর যদি অশৌচদিনের পরে দাহ করে, তবে ত্রিরাত্র অশৌচ হয়।

সামবেদীয় চতুৰ্দ্ধাশান্তি।

স্নানান্তে প্রদীপ জ্বালিয়া, পূর্ব্বাভিমুখে বসিবে। পরে আচমন করিয়া বৈষ্ণবী গায়ত্রী পাঠ করিয়া, চারিটী জলপূর্ণ পাত্রের প্রথম পাত্রে হাত দিয়া গায়ত্রী পাঠান্তে "ওঁ অগ্নিমীলে পুরোহিতং যজ্ঞস্য দেবমৃত্বিজং। হোতারং রত্ন-ধাতমম্" এই মন্ত্র পাঠ করতঃ আবার গায়ত্রী পড়িবে। ইহাই প্রথমা শান্তি। দ্বিতীয় পাত্রে হাত দিয়া গায়ত্রী পাঠ করতঃ "ওঁ ইষে ত্বোর্জ্জে ত্বা বায়বঃ স্থ দেবো বঃ সবিতা। প্রার্পয়তু শ্রেষ্ঠতমায় কর্ম্মণে" এই মন্ত্র পাঠ করিয়া পুনর্গায়ত্রী পড়িবে। ইহাই দ্বিতীয়া শান্তি। তৃতীয় পাত্রে হাত দিয়া

গায়ত্রী পাঠান্তে "ওঁ অগ্ন আ য়াহি বীতয়ে গৃণানো হব্যদাতয়ে। নি হোতা সৎসি বর্হিষি" এই মন্ত্র পাঠ করিয়া আবার গায়ত্রী পাঠ করিবে। ইহাই তৃতীয়া শান্তি। অনন্তর চতুর্থ পাত্রে হাত দিয়া গায়ত্রী পাঠ করতঃ "ওঁ শন্নোদেবীরভিষ্টয়ে শন্নো ভবন্তু পীতয়ে। শং যোরভিস্রবন্তু নঃ" এই মন্ত্র পড়িবে ও আবার গায়ত্রী পাঠ করিবে।

পরে বামদেব্য গান করিবে। যাহারা গানে অশক্ত, তাহাদিগকে বামদেব্য ঋক্ তিনবার পাঠ করিতে হইবে। "মহাবামদেব্য ঋষিঃ বিরাড়্-গায়ত্রীচ্ছন্দ ইন্দ্রো দেবতা শান্তিকর্ম্মণি জপে বিনিয়োগঃ। ওঁ কয়া নশ্চিত্র আ ভুবদূতী সদা বৃধঃ সখা। কয়া শচিষ্ঠয়া বৃতা। ওঁ কস্ত্বা সত্যো মদানাং মংহিষ্ঠো মৎসদন্ধসঃ। দৃঢ়া চিদারুজে বসু। ওঁ অভীষুণঃ সখীনামবিতা জরিতৃণাম। শতং ভবাস্যূতয়ে। ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ। স্বস্তি ন স্তার্ক্ষ্যো অরিষ্টনেমিঃ স্বস্তি নো বৃহস্পতির্দ্দধাতু॥ দ্যৌঃ শান্তিরন্তরীক্ষং শান্তিঃ পৃথিবী শান্তিঃ আপঃ শান্তিঃ ওষধয়ঃ শান্তিঃ শান্তিরেব শান্তিঃ।" ব্রাহ্মণগণ সর্ব্বত্র মন্ত্রের আদ্যন্তে প্রণব যোগ করিয়া পাঠ করিবেন। স্ত্রীগণ 'নমঃ' বলিবেন এবং পুরোহিত মন্ত্র পাঠ করিবেন।

গঙ্গায় অস্থিক্ষেপ।

স্নানান্তে উত্তরমুখে প্রাচীনাবীতী হইয়া আচমন করতঃ পাঠ করিবে—

অদ্যেত্যাদি—অমুকগোত্রস্য প্রেতস্য অমুকদেবশর্ম্মণঃ এতদস্থিসমসংখ্যক-বর্ষসহস্রাবচ্ছিন্ন—স্বর্গাধিকরণমহিতত্বকামোঽমুকস্য এতান্যস্থিখণ্ডানি গঙ্গায়াং নিক্ষেপয়ামি।

পরে অস্থিখণ্ডকে পঞ্চগব্য ও হিরণ্যোদকে অভিষিঞ্চিত করিয়া তিলযুক্ত করতঃ মৃত্তিকামধ্যে পূরিয়া দক্ষিণহস্তে করিয়া দক্ষিণদিকে "নমোঽস্তু ধর্ম্মায়"—এই মন্ত্র পাঠ করিয়া "স মে প্রীতো ভবতু"—এই মন্ত্র পাঠ করিয়া নাভি পর্য্যন্ত জলে প্রবেশ করিয়া অস্থি নিক্ষেপ করিবে।

দাহাধিকারী-নিরূপণ।

জ্যেষ্ঠপুত্রঃ কনিষ্ঠশ্চ ততঃ পৌত্রপ্রপৌত্রকৌ। অপুত্রা চ ততঃ পত্নী সপুত্রা তদনন্তরম্॥ অদত্তা বাপি বাগ্দত্তা প্রদত্তা কন্যকা নৃণাং। দৌহিত্রোঽথ কনিষ্ঠশ্চ

সোদরো জ্যেষ্ঠসোদরঃ॥ এবং বিমাতৃজৌ জ্ঞেয়ৌ সোদরস্য সুতস্ততঃ। বৈমাত্রেয়স্য পুত্রশ্চ পিতা মাতা স্নুষা ততঃ॥ পৌত্রী পৌত্রস্য ভার্য্যাথ প্রপৌত্রস্য ততঃ পরম্। প্রপৌত্রী চ সপিণ্ডশ্চ সমানোদক-গোত্রজৌ। মাতামহো মাতুলশ্চ ভাগিনেয়স্ততঃ পরম্। মাতামহ-সপিণ্ডশ্চ তৎসমানোদকস্ততঃ॥ বাগ্দান-নিশ্চিতা ভার্য্যা শ্বশুরো দুহিতুঃ পতিঃ। ততঃ পিতামহী-ভ্রাতা শিষ্যাচার্য্যাস্ততঃ সখা। পিতুর্ম্মিত্রং সজাতীয়ং পুংসাং দাহাধিকারকঃ॥" ইতি স্মার্ত্তঃ।

জ্যেষ্ঠপুত্রই পিতার মৃত্যু হইলে দাহাদিকার্য্যের অধিকারী। দাহাদিকার্য্য উল্লেখ থাকায় এই আদিশব্দে অন্ত্যেষ্টিক্রিয়া হইতে প্রেতশ্রাদ্ধ পর্য্যন্ত বুঝিতে হইবে। কেবল সপিণ্ডীকরণে পুত্র ভিন্ন অন্যের অধিকার নাই।

জ্যেষ্ঠপুত্রের অভাবে কনিষ্ঠপুত্র, তদভাবে ক্রমে পর পর—পৌত্র, প্রপৌত্র, অপুত্রপত্নী, পুত্রবতী পত্নী, অদত্তা কন্যা, বাগ্দত্তা কন্যা, দত্তা কন্যা, দৌহিত্র, কনিষ্ঠ সহোদর, জ্যেষ্ঠ সহোদর, কনিষ্ঠ বৈমাত্রেয়, জ্যেষ্ঠ বৈমাত্রেয়, কনিষ্ঠ-সহোদর-পুত্র, জ্যেষ্ঠ সহোদর-পুত্র, কনিষ্ঠ বৈমাত্রেয় পুত্র, জ্যেষ্ঠ বৈমাত্রেয় পুত্র, তদভাবে পিতা, মাতা, পুত্রবধূ, বিমাতা, পৌত্রবধূ, পৌত্রী, দত্তা-পৌত্রী, প্রপৌত্র বধূ, প্রপৌত্রী, দত্তা-প্রপৌত্রী, পিতামহ, পিতামহী, পিতৃব্যাদি সপিণ্ড, সমানোদক, গোত্রজ, তদভাবে মাতামহ, মাতুল, ভাগিনেয়, মাতামহসপিণ্ড, সমানোদক বিশেষভাবে বাগ্দত্তা অপরিণীতা স্ত্রী, শ্বশুর, জামাতা, পিতামহী-ভ্রাতা, শিষ্য, গুরু, পুরোহিত, মিত্র, পিতৃ-মিত্র, একগ্রামবাসী স্বজাতি কিম্বা বেতনগ্রাহী স্বজাতি, অভাবে পর পর ব্যক্তি পুরুষের দাহাদিকার্য্যে অধিকারী হয়।

স্ত্রীজাতির দাহাধিকারী।

"স্ত্রীণাস্ত্বেব প্রপৌত্রান্তঃ কন্যাস্তিস্রস্তথা নৃপ। দৌহিত্রোঽথ সপত্নীজঃ পতিঃ স্নুষা সপিণ্ডকঃ॥ সমানোদক এবাথ সগোত্রশ্চ পিতা ততঃ। ভ্রাতাথ ভগিনীপুত্রো ভর্ত্তুশ্চ ভগিনীসুতঃ॥ ভ্রাতুষ্পুত্রোঽথ জামাতা ভর্ত্তুর্মাতুল-শিষ্যকৌ। পিত্রোর্ব্বংশৌ স্বজাতীয়ৌ স্ত্রীণাং দাহাধিকারকঃ॥" ইতি স্মার্ত্তঃ।

জ্যেষ্ঠপুত্র, তদভাবে কনিষ্ঠপুত্র, পৌত্র, প্রপৌত্র, কন্যা, বাগ্দত্তা কন্যা, দত্তা-কন্যা, দৌহিত্র, সপত্নীপুত্র, পতি, পুত্রবধূ, স্বামীর সপিণ্ড ও সমানোদক, সগোত্র, পিতা, ভ্রাতা, ভগিনীপুত্র, স্বামীর ভাগিনেয়, ভ্রাতুষ্পুত্র, জামাতা, স্বামীর মাতুল, পতির বা নিজের শিষ্য, পিতৃবংশ এবং মাতৃবংশ ক্রমে পর পর দাহাদির অধিকারী।

পূরকপিণ্ড-দানাধিকারী।

"অসগোত্রঃ সগোত্রো বা যদি স্ত্রী যদি বা পুমান্। যশ্চাগ্নিদাতা প্রেতস্য পিণ্ডং দদ্যাৎ স এব হি॥" ইতি স্মার্ত্তঃ।

অসগোত্র কিম্বা সগোত্র স্ত্রী কিম্বা পুরুষ যিনিই মৃতের অগ্নিদান করিবেন (মুখাগ্নি করিবেন), তিনিই পূরকপিণ্ডদান করিবেন।

"দাহকস্য ত্বসামর্থ্যে পিণ্ডং দেয়ং সুতাদিনা"॥ ইতি স্মার্ত্তঃ।

দাহক যদি পূরকপিণ্ডদানে অসমর্থ হয়, তবে শ্রাদ্ধাধিকারী পুত্রাদি পূরকপিণ্ড দিবে।

সপিণ্ডাদি বিচার।

"লেপভাজশ্চতুর্থাদ্যাঃ পিত্রাদ্যাঃ পিণ্ডভাগিনঃ। পিণ্ডদঃ সপ্তমস্তেষাং সাপিণ্ড্যং সাপ্তপৌরুষম্॥" ইতি মৎস্য-পুরাণম্।

আপনা হইতে গণনা করিয়া ঊর্দ্ধ তিন পুরুষ পিণ্ডভাগী এবং তদূর্দ্ধ তিন পুরুষ লেপভুক্। পিতা, পিতামহ, প্রপিতামহ এই তিন পুরুষ পিণ্ডভাগী এবং বৃদ্ধপ্রপিতামহ, অতিবৃদ্ধপ্রপিতামহ ও অত্যতিবৃদ্ধপ্রপিতামহ এই তিন পুরুষ লেপভুক্ অর্থাৎ পিণ্ডদান করিয়া হস্তে যাহা লাগিয়া থাকে, সেই হস্ত-লেপ পিণ্ডের উপরে দিতে হয়। আপনা হইতে এই সাত পুরুষ সপিণ্ড।—অর্থাৎ যে পিণ্ড দেয়, তাহার সহিত তাহার অত্যতিবৃদ্ধপ্রপিতামহ পর্য্যন্ত সাত পুরুষের সপিণ্ডত্ব আছে।

"সপিণ্ডতা তু পুরুষে সপ্তমে বিনিবর্ত্ততে। সমানোদকভাবস্তু জন্মনাম্নো-রবেদনে। সমানোদকভাবস্তু নিবর্ত্তেতাচতুর্দ্দশাৎ॥" ইতি মনুসংহিতা।

সপ্তম পুরুষের পর সপিণ্ডতার নিবৃত্তি হয়, তৎপরে যাহাদিগের জন্মনাম জানা যায়, তাহারা পর্য্যন্ত সমানোদক। কিন্তু চতুর্দ্দশ পুরুষের পর সমানোদক সম্বন্ধও নিবৃত্তি হয়। কেহ কেহ বলেন, সপিণ্ডের পর তিন পুরুষ সাকুল্য, এবং তৎপরে চতুর্দ্দশ পুরুষ পর্য্যন্ত সমানোদক।

এক্ষণে কথা হইতেছে, পিণ্ড ও পিণ্ডলেপ যাঁহাদিগকে দেওয়া যায়, তাঁহারাই যদি সপিণ্ড হইলেন, তবে ভ্রাতা, খুল্লতাত, জ্যেষ্ঠতাত প্রভৃতি সপিণ্ড হইলেন কি প্রকারে? এতৎসম্বন্ধে বৌধায়ন লিখিলেন,—

"প্রপিতামহঃ পিতামহঃ স্বয়ং সোদর্য্যা ভ্রাতরঃ সবর্ণায়াঃ পুত্রঃ পৌত্রঃ প্রপৌত্রঃ এতান্ বিভক্তদায়াদান্ সপিণ্ডান্ প্রচক্ষতে। বিভক্তদায়াদান্ সাকু-ল্যান্ প্রচক্ষতে সৎস্বঙ্গজেষু। তদ্গ্রামী হ্যর্থো ভবতি॥ ইতি বৌধায়নঃ।

বৌধায়নের এই বচনাদির অর্থ, স্মার্ত্ত ভট্টাচার্য্য মহাশয়কৃত অর্থানুসারে লেখা হইল,—পিতা, পিতামহ ও প্রপিতামহ এই তিন পুরুষ পিণ্ডভোজন করেন, এবং পুত্র, পৌত্র ও প্রপৌত্র ইহারাই সপিণ্ডনে পিণ্ড প্রদান করিবে। আর ইহাদের মধ্যে জীবিতাবস্থায় যে পিণ্ডদান করে, সে মরণান্তে সেই পিণ্ড-ভাগী হয়। এইরূপ সিদ্ধান্ত হইল,—মধ্যস্থিত পুরুষ জীবিতাবস্থায় পিণ্ডদান করিয়া মরণান্তে অবশ্যই সে পিণ্ডভাগী হইবে, এবং ঐ ব্যক্তি জীবিতকালে অপরেরও পিণ্ডদাতা ছিল, সুতরাং মরণান্তে তাহাদিগের সহিত দৌহিত্রাদির দত্ত পিণ্ডেরও ভাগী হইবে। অতএব যে যে ব্যক্তি পিতৃগণের পিণ্ড প্রদান করিতে পারে, তাহারা অবিভক্তরূপে পিণ্ডরূপ দায় গ্রহণ করে। এই নিমিত্ত অবিভক্ত ভ্রাতাদি দায়াদগণ সকলেই সপিণ্ড।

"সপিণ্ডতা তু কন্যায়াং সবর্ণানাং ত্রিপৌরুষী।"

যাহারা স্বামীর সপিণ্ড, তাহারাই স্ত্রীলোকের সপিণ্ড; আর অবিবাহিতা কন্যার পিতৃবংশে তিন পুরুষ পর্য্যন্ত সপিণ্ডতা থাকে। পরে যখন সেই কন্যার বিবাহ হয়, তখন হইতে তাহার স্বামী-কুলে সপিণ্ডতা জন্মে।

"অপ্রত্তানাং তথা স্ত্রীণাং সাপিণ্ড্যং সাপ্তপৌরুষম্। প্রত্তানাং ভর্তৃসাপিণ্ড্যং প্রাহ দেবঃ পিতামহঃ॥"

বিবাহবিষয়ে অনূঢ়া কন্যার পিতৃকুলে সপ্তমপুরুষ পর্য্যন্ত সপিণ্ডতা থাকে। পরে যখন সেই কন্যার বিবাহ হয়, তখন হইতেই স্বামী-কুলে সপিণ্ডতা জন্মে।

পূরকপিণ্ডদান।

"ত্র্যহাশৌচে প্রদাতব্যং প্রথমে ত্বেকমেব হি। দ্বিতীয়েঽহনি চত্বারি তৃতীয়ে পঞ্চ চৈব হি॥ অথবা প্রথমে দেয়াস্ত্রয়ঃ পিণ্ডাঃ সমাহিতৈঃ। দ্বিতীয়ে চতুরো দদ্যাৎ ত্রীংস্তু দদ্যাৎ তৃতীয়কে॥ সদ্যঃশৌচে তু দাতব্যা দশপিণ্ডাস্তথৈ-কদা। পিণ্ডং শূদ্রায় দাতব্যং নবসু দিবসেষু চ। অশৌচান্তদিনে দেয়ং দশমং পিণ্ডমেব চ॥" ইতি পরাশরঃ।

পূরকপিণ্ডে দশ পিণ্ড দিতে হয়, সেই জন্য উহাকে দশপিণ্ডও বলে। যেখানে ত্রিরাত্র অশৌচ হইবে, সেখানে প্রথম দিনে এক পিণ্ড, দ্বিতীয় দিবসে চারি পিণ্ড এবং তৃতীয় দিনে পাঁচ পিণ্ড, এই সমুদয়ে দশপিণ্ড দিবে। অথবা প্রথম দিবসে তিন, দ্বিতীয় দিবসে চারি এবং তৃতীয় দিবসে তিন, সর্ব্বসমেত এই দশ পিণ্ড দিবে।

চারিদিন অশৌচ হইলে প্রথম দিনে দুই পিণ্ড, দ্বিতীয় দিনে তিন পিণ্ড, তৃতীয় দিনে তিন পিণ্ড এবং চতুর্থ দিনে দুই পিণ্ড দিবে।

পাঁচ রাত্রি অশৌচ হইলে, প্রথম দিনে এক, দ্বিতীয় দিনে দুই, তৃতীয় দিনে চারি, চতুর্থ দিনে দুই এবং পঞ্চম দিনে এক পিণ্ড দিবে।

ছয়রাত্রি অশৌচ হইলে, প্রথম দিনে এক, দ্বিতীয় দিনে তিন, তৃতীয় দিনে এক, চতুর্থ দিনে তিন, পঞ্চম দিনে এক এবং ষষ্ঠ দিনে এক পিণ্ড দান করিবে।

সপ্তাহ অশৌচ হইলে, প্রথম দিনে এক, দ্বিতীয় দিনে এক, তৃতীয় দিনে এক, চতুর্থ দিনে চারি, পঞ্চম দিনে এক, ষষ্ঠ দিনে এক, সপ্তম দিনে এক পিণ্ড দিবে।

অষ্টাহ অশৌচ হইলে, প্রথম দিনে এক, দ্বিতীয় দিনে এক, তৃতীয় দিনে এক, চতুর্থ দিনে দুই, পঞ্চম দিনে দুই, ষষ্ঠ দিনে এক, সপ্তম দিনে এক এবং অষ্টম দিনে এক পিণ্ড দিবে।

নয়দিন অশৌচ হইলে, প্রথম দিন এক, দ্বিতীয় দিন এক, তৃতীয় দিন এক এবং চতুর্থ দিন এক, পঞ্চম দিন দুই, ষষ্ঠ দিন এক, সপ্তম দিন এক, অষ্টম দিন এক এবং নবম দিনে এক পিণ্ড দিবে।

দশাহ অশৌচ স্থলে প্রত্যহ একটী করিয়া পিণ্ড দিবে।

পক্ষিণী অশৌচে ও দ্ব্যহাশৌচে এক একদিন পাঁচটী করিয়া দশ পিণ্ড দিবে।

শূদ্র, বৈশ্য ও ক্ষত্রিয়গণ অশৌচের প্রথম দিন হইতে নবম দিন পর্য্যন্ত নয়টী পিণ্ড দিবে, এবং অশৌচান্ত দিনে অবশিষ্ট একটী পিণ্ড দিবে। সদ্যঃশৌচ ও একাহাশৌচে এক দিনেই দশ পিণ্ড দিবে। অশক্ত স্থলে অশৌচান্তদিনে দশ পিণ্ডই দেওয়া যায়।

পূরক-পিণ্ডদানপদ্ধতি।

দুই মুষ্টি তণ্ডুল গ্রহণ করিয়া দুইবার প্রক্ষালন করতঃ যে স্থলে পিণ্ডদান করা হইবে, তাহার ঈশান কোণে অন্ন পাক করিবে। তদনন্তর একহস্ত-পরিমিত ও চারি অঙ্গুল উন্নত ও দক্ষিণদিকে নিম্ন একটী মৃত্তিকার বেদী প্রস্তুত করিবে। পরে দক্ষিণস্কন্ধে উত্তরীয় ধারণ করিয়া বামজানু ভূমিতে পাতিয়া দক্ষিণহস্তে কুশ লইয়া, সেই কুশ দ্বারা জলগ্রহণ করিয়া ঐ বেদীতে সেই জলের ছিটা দিবে। তৎপরে সতিল জল দিবে। মন্ত্র যথা—

"অমুকগোত্র প্রেত অমুকদেবশর্ম্মন্ এতদবনেনিক্ষ্ব।"

তিল, মধু ও ঘৃতমিশ্রিত বিল্বপ্রমাণ তণ্ডুপিণ্ড গ্রহণপূর্ব্বক নিম্ন মন্ত্র পাঠ করিয়া পূর্ব্বকৃত স্থানে কুশোপরি প্রদান করিবে। মন্ত্র যথা ;—

"অমুকগোত্রস্য প্রেতস্য অমুকদেবশর্ম্মণঃ প্রথম পিণ্ডং পূরকম্।"

এইরূপে "দ্বিতীয় পিণ্ডং পূরকং" "তৃতীয় পিণ্ডং পূরকং" প্রভৃতি দশম পিণ্ড পর্য্যন্ত বলিয়া দিবে। সমস্ত পিণ্ডদান হইয়া গেলে "অবনেনিক্ষ" মন্ত্রে হস্ত-প্রক্ষালিত জল পিণ্ডের উপর দিয়া নিম্ন মন্ত্র পাঠ করিয়া পিণ্ডের উপরি ঊর্ণাতন্তু বাস (মেষাদি লোম নির্ম্মিত বাস, অপ্রাপ্তে মেষলোম দেওয়ার ব্যবহার আছে) প্রদান করিবে। মন্ত্র যথা,—

"অমুকগোত্র প্রেত অমুকদেবশর্ম্মন্নেতত্তে ঊর্ণাতন্তুময়ং বাসঃ।"

অনন্তর কাঁচা মাটির পাত্রে করিয়া জল পিণ্ডের কাছে রাখিয়া যতক্ষণ পর্য্যন্ত পিণ্ডে বাষ্প দেখা যাইবে, ততক্ষণ পর্য্যন্ত সেইস্থানে থাকিবে। যদি সায়ংকালে দেওয়া অসুবিধা হয়, তবে পিণ্ডদানের পরেই নীর-ক্ষীর দান করিয়া, পিণ্ডগুলি জলে নিক্ষেপ করিয়া স্নানান্তে প্রত্যাগমন করিবে। অনুপনীত বালক ও অবিবাহিতা কন্যার পিণ্ড কুশোপরি দিবে না।

নীর-ক্ষীর-পদ্ধতি।

কাষ্ঠের ত্রিপদী প্রস্তুত করিয়া তাহার উপর মাটির কাঁচা পাত্রে জল এবং আর একটী মাটির কাঁচা পাত্রে দুগ্ধ লইয়া নিম্ন মন্ত্র পাঠ করিয়া পিণ্ডের উপরি প্রদান করিবে। কোন কোন স্থলে কেবল নিম্ন মন্ত্রে নিবেদন করিয়া দেওয়ারও প্রচলন আছে। প্রত্যেক পিণ্ডে ক্ষীরপাত্র একটী, নীরপাত্র পিণ্ডসমসংখ্যক। যথা—প্রথম পিণ্ডে একটী, দ্বিতীয় পিণ্ডে দুইটী, তৃতীয় পিণ্ডে তিনটী, এইরূপ দশপিণ্ডে পঞ্চান্নটী জলপাত্র দিবে। কাঁচামাটির পাত্রের অভাব হইলে, তাহার পরিবর্ত্তে ঐ বেদীর একপার্শ্বে পঞ্চান্নটী ক্ষুদ্র ক্ষুদ্র গর্ত্ত করিয়া তাহাতে নীর-ক্ষীর দেওয়া যায়।

মন্ত্র যথা—"প্রেতাত্র স্নাহি পিব চেদং ক্ষীরম্।" পরে কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবে। "ওঁ শ্মশানানলদগ্ধোঽসি পরিত্যক্তোঽসি বান্ধবৈঃ। ইদং নীরমিদং ক্ষীরমত্র স্নাহি ইদং পিব॥ আকাশস্থো নিরালম্বো বায়ুভূত-নিরাশ্রয়ঃ। ইদং নীরমিদং ক্ষীরং স্নাত্বা পীত্বা সুখী ভব॥"

"ন স্বধাঞ্চ প্রযুঞ্জীত প্রেতপিণ্ডে দশাহিকে॥ ভাবিন্যৈতচ্চ পিণ্ডং বৈ দেব-দত্তস্য পূরকম॥"

প্রেতের উদ্দেশ্যে যে দশাহ পর্য্যন্ত পূরকপিণ্ড দান করিতে হয়, তাহাতে স্বধা পদ প্রয়োগ করিবে না।

"আদ্যশ্রাদ্ধে পূরকে চ মাসিকে প্রেততর্পণে। নোচ্চরেৎ পিতৃ-তৃপ্ত্যর্থং কদাচিদপি সামগঃ।"

আদ্যশ্রাদ্ধে, পূরক-পিণ্ডদানে, প্রেততর্পণে ও মাসিক শ্রাদ্ধে সামবেদীয়েরা "স্বধা" পদ প্রয়োগ করিবে না। সামেতর বেদীয়গণ করিবে।

"কুর্য্যাদবিধবা শ্রাদ্ধং যবেনাপ্যথ দূর্ব্বয়া॥ ন স্পৃশেৎ তিলদর্ভাংশ্চ যা স্যাদ্ভর্ত্তৃবিভূষিতা।"

সধবা স্ত্রীলোক শ্রাদ্ধকার্য্যে কুশ, কাশ এবং তিল ব্যবহার করিবে না। কুশ বা কাশ স্থলে দূর্ব্বা এবং তিল স্থলে যব ব্যবহার করিবে।

অশৌচমধ্যে কর্ত্তব্যতা।

"সন্ধ্যাং পঞ্চ মহাযজ্ঞান্ নৈত্যিকং স্মৃতিকর্ম্ম চ। তন্মধ্যে হাপয়েত্তেষাং দশাহান্তে পুনঃ ক্রিয়া॥" ইতি স্মার্ত্তঃ।

অশৌচমধ্যে বৈদিক সন্ধ্যা, অধ্যয়ন, হোম, অতিথিসৎকার, তর্পণ ও বৈশ্বদেববলি—এই পঞ্চমহাযজ্ঞ, বেদোক্ত নিত্যকর্ম্ম এবং স্মৃতির ব্যবস্থাপিত ক্রিয়া সকল করিবে না। অশৌচান্ত হইলে পুনরায় করিবে।

"নাশুচির্ন জল্পন্ দৈবপৈত্র্যং কর্ম্ম কুর্ব্বীত।"

অশৌচকালে দেব বা পিতৃতর্পণ অথবা যে কোন দৈব বা পৈত্র কর্ম্ম করিবে না।

"অপ্রয়তায় অপ্রয়তো ন প্রত্যভিবাদয়েৎ।"

অশৌচকালে ব্রাহ্মণদিগকে প্রণাম করিবে না এবং অশুচি ব্যক্তির প্রণাম গ্রহণও করিবে না।

"অথ সূতকিনঃ পূজাং বক্ষ্যাম্যাগমচোদিতাম্। স্নাত্বা নিত্যঞ্চ নির্ব্বর্ত্ত্য মানসক্রিয়য়াতু বৈ॥ বাহ্যপূজাক্রমেণৈব ধ্যানযোগেন পূজয়েৎ। যদা কামী ন চেৎ কামী নিত্যং পূর্ব্ববদাচরেৎ॥" ইতি আগমঃ।

অশৌচকালে স্নানান্তে ইষ্টদেবতার পূজা কেবল মানসোপচারে ধ্যানযোগেই করিতে হয়, বাহ্যিক উপচারে করিতে নাই। কিন্তু যদি কোন ব্যক্তি দীক্ষাকালে যাবজ্জীবন প্রতিদিন পূজা করিবে, এইরূপ সঙ্কল্প করিয়া থাকেন, তবে তিনি বাহ্যিক পূজাও করিতে পারেন।

অশৌচ-ব্যবস্থা।

"দশাহেন সপিণ্ডাস্তু শুদ্ধ্যন্তি প্রেতসূতকে। ত্রিরাত্রেণ সাকুল্যাস্তু স্নাত্বা শুদ্ধ্যন্তি গোত্রজাঃ॥"

মৃতব্যক্তির সহিত যাহাদিগের সপিণ্ডতা আছে, তাহাদিগের দশরাত্রি অশৌচ হইবে, যাহারা সাকুল্য, তাহাদের ত্রিরাত্রি, আর যাহারা গোত্রজ, তাহারা স্নানান্তেই শুদ্ধ হইবে। দশাহ বলায় পূর্ণাশৌচ জানিতে হইবে—ব্রাহ্মণের দশাহ এবং ক্ষত্রিয়াদির তত্তৎ জাত্যুক্ত পূর্ণাশৌচ বুঝিতে হইবে।

চতুর্ব্বর্ণের অশৌচ।

"শুদ্ধ্যেদ্বিপ্রো দশাহেন দ্বাদশাহেন ভূমিপঃ। বৈশ্যঃ পঞ্চদশাহেন শূদ্রো মাসেন শুদ্ধ্যতি॥" ইতি মনুঃ।

জন্ম বা মরণে ব্রাহ্মণের দশদিন, ক্ষত্রিয়ের দ্বাদশ দিন, বৈশ্যের পঞ্চদশ দিন এবং শূদ্রের একমাস অর্থাৎ ত্রিশদিন অশৌচ থাকে;—ইহার পর শুদ্ধ হয়। যদি সূর্য্যোদয়ের পূর্ব্বে অশৌচপাত হয়, তবে পূর্ব্বদিন হইতে অশৌচ গণনা করিবে।

বিগতন্তু বিদেশস্থং শৃণুয়াদ্যো হ্যনির্দ্দশম্। যচ্ছেষং দশরাত্রস্য তাবদেবা-শুচির্ভবেৎ।" ইতি মনুঃ।

প্রথম দিনে অশৌচ না শুনিয়া, যদি কতিপয় দিবস পরে শুনিতে পাওয়া যায়, তবে অবশিষ্ট দিন অশৌচ গ্রহণ করিবে, অর্থাৎ যে দিনে শ্রবণ করিবে, সেই দিন হইতে অশৌচের অবশিষ্ট কাল পর্য্যন্ত অশৌচ গ্রহণ করিবে।

"অতিক্রান্তে দশাহে তু ত্রিরাত্রমশুচির্ভবেৎ। সংবৎসরব্যতীতে তু সদ্যঃ শৌচং বিধীয়তে॥" ইতি শঙ্খঃ।

অশৌচদির সমস্তই অতিক্রান্ত হইয়া গেলে যদি শুনিতে পায়, তবে যে দিন শুনিতে পাইবে সেই দিন হইতে ত্রিরাত্র অশৌচ গ্রহণ করিবে। আর এক বৎসর পরে যদি শুনিতে পায়, তবে সদ্যশৌচ হয়। কিন্তু ইহা সপিণ্ডগণের পক্ষে; মহাগুরু—অর্থাৎ পিতা, মাতা ও ভর্ত্তার মরণের পর এক বৎসর পরে শ্রুত হইলেও ত্রিরাত্র অশৌচ ভোগ করিবে।

"নির্দ্দশং জ্ঞাতিজননং শ্রুত্বা পুত্রস্য জন্ম চ। সবাসা জলমাপ্লুত্য শুদ্ধো ভবতি মানবঃ॥"

জ্ঞাতির জননাদ্যশৌচ উত্তীর্ণ হইয়া গেলে যদি শুনিতে পায়, তবে সবস্ত্র স্নান করাইলেই শুদ্ধ হইতে পারে। স্বীয় পুত্রজননের অশৌচ অন্ত হইয়া সংবাদ পাইলেও সবস্ত্র স্নান করিলে শুদ্ধ হইবে।

বালকাদি মরণে অশৌচ।

"জাতমাত্রস্য বালস্য যদি স্যান্মরণং পিতুঃ। মাতুশ্চ সূতকং তৎ স্যাৎ পিতা ত্বস্পৃশ্য এব চ॥ সদ্যঃশৌচং সপিণ্ডানাং কর্ত্তব্যং সোদরস্য চ। ঊর্দ্ধং দশাহা-দেকাহং সোদরো যদি নির্গুণঃ॥"

গর্ভে নবম কিংবা দশম মাসে সন্তান জন্মিলে জ্ঞাতিমাত্রেরই সম্পূর্ণ অশৌচ হয়,—অর্থাৎ স্ব স্ব জাতির পূর্ণাশৌচ পাত হয়। আর যদি জন্মের পর অশৌচকালের মধ্যে সেই বালক কিংবা বালিকার মৃত্যু হয়, তবে পিতা মাতার অশৌচ থাকিবে, অপর জ্ঞাতিবর্গের অশৌচ থাকিবে না। পিতা মাতা জননাশৌচ পালন করিবে। আর যদি অশৌচান্তে সেই বালকের মৃত্যু হয়, তবে সোদর ভ্রাতার একাহ অশৌচ থাকিবে।

"গর্ভে যদি বিপত্তিঃ স্যাদ্দশাহং সূতকং ভবেৎ॥" ইতি মিতাক্ষরা।

সন্তান যদি গর্ভে মরিয়া প্রসূত হয়; তাহা হইলে জ্ঞাতিমাত্রেরই পূর্ণাশৌচ ভোগ করিতে হয়।

"অজাতদন্তমরণে পিত্রোরেকাহমিষ্যতে। জাতে দন্তে ত্রিরাত্রং স্যাদ্যদি স্যাতাঞ্চ নির্গুণৌ॥"

জননাশৌচের পর অজাতদন্ত বালক বা বালিকার মৃত্যু হইলে, পিতা মাতার একরাত্রি অশৌচ হয়। আর দন্তজননের পর যদি মৃত্যু হয়, তবে তিন রাত্রি অশৌচ থাকে।

"আদন্তজননাৎ সদ্যঃ আচূড়াদেকরাত্রকম্। ত্রিরাত্রঞ্চোপনয়নাৎ সপিণ্ডা-নামুদাহৃতম্॥"

দন্তজননের কাল (ছয়মাস) মধ্যে শিশুর মৃত্যু হইলে, সপিণ্ড জ্ঞাতির সদ্যঃশৌচ ও ছয়মাসের পর চূড়াকাল অর্থাৎ দুই বৎসরের মধ্যে মৃত্যু হইলে সপিণ্ড জ্ঞাতিগণের এক দিবস অশৌচ হয়। আর দুই বৎসরের উপরে উপনয়নের কাল—অর্থাৎ ছয় বৎসর তিন মাসের মধ্যে যদি মৃত্যু হয়, তবে সপিণ্ডগণের তিন রাত্রি অশৌচ হয়। বালকাদি মরণের অশৌচ সম্বন্ধে পূর্ব্বে যাহা লিখিত হইয়াছে, তাহা শূদ্রের পক্ষে নহে।

"ত্রিরাত্রস্তু ভবেচ্ছূদ্রে ষণ্মাসোনশিশৌ মৃতে ॥" ইতি মৎস্তপুরাণম্।

কোন শূদ্রশিশুর ছয়মাস বয়স পূর্ণ না হইতে তাহার মৃত্যু হইলে, সেই বালকের পিতা, মাতা ও সপিণ্ডবর্গ সকলেরই ত্রিরাত্র অশৌচ হইবে।

শূদ্রে ত্রিবর্ষান্ন্যূনে তু মৃতে শুদ্ধিস্তু পঞ্চভিঃ। অত ঊর্দ্ধং মৃতে শূদ্রে দ্বাদশাহো বিধীয়তে॥ ষড়্বর্ষান্তমৃতো যস্তু শূদ্রঃ সংম্রিয়তে যদি। মাসিকস্তু ভবেচ্ছৌচমিত্যাঙ্গিরসভাষিতম্॥"

তিন বৎসর কম বয়স্ক বালকের মৃত্যু হইলে জ্ঞাতিবর্গের পাঁচ দিন অশৌচ হয়। তিন বৎসর হইতে ছয় বৎসর বয়স্ক শূদ্র-বালকের মৃত্যুতে দ্বাদশ রাত্রি এবং ছয় বৎসর উত্তীর্ণে পূর্ণাশৌচ হয়।

"বিবাহমাত্রং সংস্কারং শূদ্রোঽপি লভতে সদা। শৌচাশৌচং প্রকুর্ব্বীরন্ যে মাতৃবর্ণসঙ্করাঃ॥"

যদি কোন শূদ্রবালকের ছয় বৎসর বয়সের মধ্যে বিবাহ হইয়া তাহার মৃত্যু হয়, তবে একমাস অশৌচ হইবে। যেহেতু ব্রাহ্মণের যেমন উপনয়ন সংস্কার প্রধান, সেইরূপ শূদ্রের বিবাহই প্রধান সংস্কার। বর্ণসঙ্করদিগের শূদ্রের ন্যায়ই বিধি। কেন না, উহাদিগের মাতৃবৎ ব্যবহার আছে,—প্রায় সমুদয় বর্ণসঙ্করই শূদ্রাসম্ভূত, অতএব শূদ্রবৎ ব্যবহারই হইবে।

"আজন্মনস্তু চূড়ান্তং যত্র কন্যা বিপদ্যতে। সদ্যঃশৌচং ভবেত্তত্র সর্ব্ববর্ণেষু নিত্যশঃ॥"

জন্মের পর চূড়াকাল পর্য্যন্ত এই সময়ের মধ্যে কন্যার মৃত্যু হইলে, মাতা পিতা ও জ্ঞাতিবর্গ সকলের পক্ষেই সদ্যঃশৌচ;—ইহা সকল বর্ণের পক্ষেই জানিবে।

ব্রাহ্মণী, ক্ষত্রিয়া ও বৈশ্যা ইহাদের পুত্র জন্মিলে একবিংশতি দিন পর্য্যন্ত অশৌচ থাকে। আর উহাদিগের কন্যা জন্মিলেই একমাস অশৌচ থাকে।

শূদ্রাণীর পক্ষে পুত্র কন্যা উভয় জন্মিলেই একমাস অশৌচ থাকে।

গর্ভস্রাবাশৌচ।

"অর্ব্বাক্ ষণ্মাসতঃ স্ত্রীণাং যদি স্যাদ্‌গর্ভসংস্রবঃ। তদা মাসসমৈস্তাসাং দিবসৈঃ শুদ্ধিরিষ্যতে॥"

আটমাস পর্য্যন্ত গর্ভস্রাবের কাল, ইহার পর প্রসবের কাল। ছয়মাসের মধ্যে যদি গর্ভস্রাব হয়, তবে যত মাসের গর্ভ, ততদিন অশৌচ হয়। স্মার্ত্ত

ভট্টাচার্য্য মহাশয় বলেন, ইহাতে লৌকিক কর্ম্ম করিতে পারিবে, কিন্তু মাস সমসংখ্যক দিনের পর ব্রাহ্মণী এক দিন, ক্ষত্রিয়া দুই দিন, বৈশ্যা তিন দিন এবং শূদ্রা ছয় দিন পরে দৈবাদিকার্য্যে অধিকারিণী হয়।

"অত উর্দ্ধন্তু পতনে স্ত্রীণাং স্যাদ্দশরাত্রকম্। সদ্যঃশৌচং সপিণ্ডানাং গর্ভস্রাবাচ্চ বা ততঃ॥ গর্ভচ্যুতাবহোরাত্রং সপিণ্ডেঽত্যন্তনির্গুণে। যথেচ্ছাচরণে জ্ঞাতৌ ত্রিরাত্রমিতি নিশ্চয়ঃ॥"

ছয়মাসের পরে আটমাসের মধ্যে গর্ভপাত হইলে, প্রসূতির স্ব স্ব জাত্যুক্ত পূর্ণ অশৌচ এবং সগুণ সপিণ্ডজ্ঞাতিগণের সদ্যঃশৌচ, নির্গুণ জ্ঞাতির একাহ ও যথেচ্ছাচারী জ্ঞাতির ত্রিরাত্র অশৌচ হয়।

অশৌচ-সঙ্কর-ব্যবস্থা।

"অন্তর্দ্দশাহে স্যাতাঞ্চেৎ পুনর্ম্মরণজন্মনী। তাবৎ স্যাদশুচির্ব্বিপ্রো যাবত্তৎ স্যাদনির্দ্দশম্॥"

স্বজাতির উক্ত জননাশৌচ বা মরণাশৌচ মধ্যে যদি অপর কোন জননাশৌচ অথবা মরণাশৌচ হয়, তবে যেদিন পূর্ব্বাশৌচের নিবৃত্তি হইবে, সেই দিনেই দ্বিতীয় অশৌচেরও অন্ত হইবে।

"সমানাশৌচং প্রথমে প্রথমেন সমাপয়েৎ। অসমানং দ্বিতীয়েন ধর্ম্মরাজবচো যথা॥"

পূর্ব্বে যাহা বলা হইয়াছে, তাহাতে আবার গুরুতা ও লঘুতা আছে। তিন প্রকারে অশৌচের গুরুত্ব ও লঘুত্ব স্থির হয়। ইহা ধর্ম্মশাস্ত্র-প্রণেতা শঙ্খ বলিয়াছেন (১) জননাশৌচ হইতে মরণাশৌচ গুরু, (২) জ্ঞাতির পুত্রকন্যার জননাশৌচ হইতে নিজের পুত্রকন্যার জননাশৌচ গুরু, (৩) সপিণ্ডের মরণাশৌচ হইতে স্বীয় পিতামাতা বা স্বামীর মরণাশৌচ গুরু। পূর্ব্বে বলা হইয়াছে, এক অশৌচের মধ্যে অপর অশৌচপাত হইলে পূর্ব্ব অশৌচেই দ্বিতীয় অশৌচ যাইবে, কিন্তু তাহার মধ্যে লঘু ও গুরু বিবেচনা করিতে হইবে। সমানজাতীয় অশৌচ হইলে ঐরূপ হইবে, গুরু অশৌচের সহিত লঘু অশৌচও যাইবে, কিন্তু লঘু অশৌচের সহিত গুরু অশৌচ যাইবে না।

"অথ বৃদ্ধিমদাশৌচমূর্দ্ধঞ্চেত্তেন শুদ্ধ্যতি। অথ চেৎ পঞ্চমীং রাত্রিমতীত্য পরতো ভবেৎ। অথ বৃদ্ধিমদাশৌচং তদা পূর্ব্বেণ শুদ্ধ্যতি॥"

যদি লঘু অশৌচের মধ্যে গুরু অশৌচ পতিত হয়, তবে গুরু অশৌচের

সহিত লঘু অশৌচের নিবৃত্তি হইবে। ইহার মধ্যে বিশেষ বিধি এই যে, যদি স্ব স্ব জাত্যুক্ত অশৌচের পূর্ব্বার্দ্ধে পূর্ব্বকথিত গুরু অশৌচ পাত,—অর্থাৎ সপিণ্ডের জননাশৌচ হইয়াছে, তাহার পূর্ব্বার্দ্ধেই নিজের পুত্রাদির জননাশৌচ হয়, কিংবা সপিণ্ডাদির মরণাশৌচ হইয়াছে তাহার পূর্ব্বার্দ্ধে পিতা মাতা কিম্বা ভর্ত্তার মরণজনিত গুরু অশৌচ হয়, তাহা হইলে পূর্ব্বের লঘু অশৌচের অন্ত-দিবসে উভয় অশৌচের অন্ত হইবে। আর শেষার্দ্ধে পতিত হইলে, দ্বিতীয় অশৌচের অন্তদিনে—অর্থাৎ গুরু অশৌচের পূর্ণকাল ভোগ হইবে।

"জননাশৌচমধ্যে তু যত্তপরং জননং স্যাত্তদা পূর্ব্বাশৌচব্যপগমে শুদ্ধিঃ॥"

রাত্রিশেষে দিনদ্বয়েন, প্রভাতে দিনত্রয়েণ। মরণাশৌচমধ্যে জ্ঞাতিমরণে-ঽপ্যেবমেব শুদ্ধিঃ॥"

যদি এক জননাশৌচের পূর্ব্বার্দ্ধে কি পরার্দ্ধে অন্য জননাশৌচ পাত হয়, তাহা হইলে দুই অশৌচের তুল্যতাহেতু, প্রথম অশৌচের শেষ দিনেই দ্বিতীয় অশৌচের শেষ হইবে; পরন্তু, যদি এক অশৌচের শেষ দিনে রাত্রি শেষে অপর সমান জাতীয় অশৌচ পতিত হয়, তবে আর দুই দিন অশৌচ থাকিবে এবং অশৌচান্ত দিনের রাত্রি প্রভাত হইবার পর, অন্য সমানজাতীয় অশৌচ উপস্থিত হয়, তবে আর তিনদিন অশৌচ বৃদ্ধি পাইবে।

"ততস্তু পুত্রবত্যাঃ স্বপুত্রজননিমিত্তবিংশতিরাত্রাশৌচান্তদিনে পত্যুর্ম্মরণে বহুকালীনাশৌচকালেন যথা শুদ্ধিস্তথা সপিণ্ডদ্বয়জননজাতত্বাৎ দশাহান্তদিনে পিতুর্ম্মাতুর্ভর্ত্তুর্ব্বা মরণে তেনৈব শুদ্ধিঃ এবমন্যত্র॥"

স্ত্রীজাতির পুত্রজননাশৌচের মধ্যে যদি স্বামীর মৃত্যু হয়, তাহা হইলে স্বপুত্র জন্ম জন্য বিংশতিরাত্রি অশৌচের দীর্ঘকালীনতাহেতু গুরুত্বপ্রযুক্ত জননা-শৌচের শেষ দিনেই স্বামীর মরণাশৌচ নিবৃত্তি পাইবে। আর যদি সপিণ্ড-মরণাশৌচের অন্তদিনে পিত্রাদির মৃত্যু হয়, তাহা হইলে পিতার মরণাশৌচের অন্ত দিনে অশৌচান্ত হইবে। যদি সপিণ্ডদ্বয়জননাশৌচের মধ্যে মাতা, পিতা বা ভর্ত্তার মৃত্যু হয়, তবে পূর্ব্বাশৌচের শেষ দিনেই অশৌচ শেষ হইবে।

খণ্ডাশৌচ।

"মাতৃস্বস্মাতুলয়োঃ শ্বশ্রূ-শ্বশুরয়োর্গুর্ব্বৌ। ঋত্বিজি বৈ চোপরতে ত্রিরাত্র-মিতি শিষ্যকে॥"

মাতার সহোদরা ভগিনী, মাতুল, শ্বশুর, শাশুড়ী, আচার্য্য, গুরু, পুরোহিত

এবং শিষ্য ইহাদিগকে যদি নিজগৃহে—অর্থাৎ অশৌচ-গ্রহীতার গৃহে মৃত্যু হয়, তাহা হইলে ত্রিরাত্র অশৌচ হয়।

"শ্বশুরয়োর্ভগিন্যাঞ্চ মাতুলান্যাঞ্চ মাতুলে। পিত্রোঃ স্বসরি তদ্বচ্চ পক্ষিণীং ক্ষপয়েন্নিশাম্॥"

শ্বশুর, শাশুড়ী, ভগিনী, মাতুলানী, মাতুল ও পিতামাতার ভগিনী, ইহারা যদি স্বগ্রামে বা আপনার নিকটে না মরিয়া গ্রামান্তরে বহু দূরদেশে মরে, তাহা হইলে পক্ষিণী অশৌচ—অর্থাৎ দুই দিন একরাত্রি অশৌচ হয়।

বিবাহিতা কন্যার পিতামাতার মরণে ত্রিরাত্র অশৌচ হয়।

"অনশনমৃতানামশনিহতানামগ্নিজলপ্রবিষ্টানাং ভৃগুসংগ্রামদেশান্তরমৃতানাং জাতদন্তানাং ত্রিরাত্রম্॥"

অনাহারে, বিদ্যুৎপাতে, অগ্নিদাহে, জল-পতনে, উচ্চস্থান হইতে পতনে, সংগ্রামে এবং বহু দূরদেশে মরিলে কিম্বা অন্যপ্রকারে অপঘাত মৃত্যু হইলে ত্রিরাত্র অশৌচ হয়।

অশৌচসঙ্কর ও খণ্ডাশৌচ—ইহা অত্যন্ত শাস্ত্রবিচার করিয়া স্থির করিতে হয়; যাহা সাধারণতঃ, তাহাই এস্থলে লিখিত হইল। সেরূপ ঘটিলে স্মৃতি-শাস্ত্র পারদর্শী পণ্ডিতের নিকট ব্যবস্থা লওয়াই কর্ত্তব্য।

প্রেতশ্রাদ্ধকাল-নির্ণয়।

মৃতব্যক্তির মৃত্যুর দিন হইতে এক বৎসরের "বার মাসের" প্রত্যেক মাসে সেই মৃততিথিতে একটী করিয়া মাসিক-শ্রাদ্ধ করিতে হয়। ষষ্ঠ ও দ্বাদশ মাসিকের পূর্ব্বতিথিতে প্রথম ও দ্বিতীয় ষাণ্মাসিক শ্রাদ্ধ করিতে হয়। ইহাদের প্রথমটীর নাম প্রথম ষাণ্মাসিকৈকোদ্দিষ্ট ও দ্বিতীয়টীর নাম দ্বিতীয় ষাণ্মাসিকৈ-কোদ্দিষ্ট শ্রাদ্ধ। এই চতুর্দ্দশটী শ্রাদ্ধব্যতীত আদ্যশ্রাদ্ধ ও সপিণ্ডীকরণ কর্ত্তব্য। কারণ, পূর্ব্বোক্ত ষোলটী শ্রাদ্ধ না করিলে মৃতব্যক্তি প্রেতত্ব হইতে মুক্তিলাভ করিতে পারে না। তবে যদি মৃতব্যক্তির মৃত্যুর দিন হইতে এক বৎসরের মধ্যে কোন মাস মলমাস থাকে, তাহা হইলে একটী মাসিক-শ্রাদ্ধ বৃদ্ধি হইবে। এরূপ হইলে মোট সপ্তদশটী শ্রাদ্ধ করিতে হইবে এবং দ্বিতীয় ষাণ্মাসিক-শ্রাদ্ধ দ্বাদশ মাসিকের পূর্ব্বতিথিতে না হইয়া ত্রয়োদশ মাসিকের

পূর্ব্বতিথিতে করিতে হইবে। যদি মৃত ব্যক্তির মরিবার বৎসরের মধ্যে শেষ মাস মলমাস হয়, তাহা হইলে আর মাসিক বৃদ্ধি হয় না।

মাসিক মাসে মাসে করিতে না পারিলে, এক মাস অন্তর দুইটী করিয়া মাসিক শ্রাদ্ধ করিতে হয়।

বিঘ্নপতিত-শ্রাদ্ধকাল-নির্ণয়।

ষোড়শশ্রাদ্ধ কিংবা সাংবৎসরিক শ্রাদ্ধে যদি বিঘ্ন হয় অর্থাৎ অজ্ঞানহেতু স্বকালে না হয়, তবে কৃষ্ণৈকাদশীতে কিংবা অমাবস্যাতে করিবে।

যদি পতিত শ্রাদ্ধ কৃষ্ণৈকাদশীতে বা অমাবস্যায় না হইয়া থাকে, তবে পরের মাসিকশ্রাদ্ধকালে করা উচিত।

এই শ্রাদ্ধ যদি জনন বা মরণাশৌচ বিঘ্ন দ্বারা পতিত হয়, তাহা হইলে ঐ অশৌচান্ত দ্বিতীয় দিনে করিতে হইবে। যদি ঐ সময়ে রোগাদি বিঘ্নজন্য শ্রাদ্ধ না হয়, তবে পরবর্ত্তী কালে অথবা একাদশী বা অমাবস্যায় হইবে।

রজস্বলাশৌচবিঘ্নে পত্নী কেবল পঞ্চমদিনে স্বামীর শ্রাদ্ধ করিতে পারেন।

অশৌচান্ত দিন যদি মলমাসে হয়, তবে মলমাস শেষে শুদ্ধমাসীয় কৃষ্ণৈকাদশী বা অমাবস্যায় ঐ পতিত শ্রাদ্ধ করিতে হইবে। এইরূপ মাসিকাদির পতিত শ্রাদ্ধ পরবর্ত্তী শুদ্ধমাসীয় একাদশী বা অমাবস্যাতেই করিবে। কিন্তু শেষমাস মলমাস হইলে, তন্মাসীয় সপিণ্ডীকরণ মলমাসে করা যায়। মলমাসীয় মাসিক ও সপিণ্ডীকরণ এবং সাংবৎসরিক শ্রাদ্ধ পতিত হইলেও ঐ মালমাসীয় কৃষ্ণৈকাদশী বা অমাবস্যায় করিতে পারা যায়।

অবিজ্ঞাতমৃতাহ-শ্রাদ্ধকাল-নির্ণয়।

মৃতব্যক্তি যে তিথিতে মরিয়াছেন, সেই তিথি না জানিলে, কেবল মাস জানা থাকিলে, সেই মৃতমাসীয় একাদশী কিংবা অমাবস্যা শ্রাদ্ধের দিন নির্দ্দিষ্ট হইবে।

যদি মাস না জানিয়া কেবল তিথি জানা থাকে, তবে আষাঢ়, ভাদ্র, অগ্রহায়ণ ও মাঘ এই চারি মাসের মধ্যে আন্দাজে যে কোন মাসের সেই তিথিতে শ্রাদ্ধ করিবে।

যদি উভয়ই অজ্ঞাত হয়, তবে প্রস্থানমাসীয় অমাবস্যাদিরও গ্রহণ হইবে এবং তিথিমাত্র জ্ঞানে নিকটস্থ আষাঢ়াদির সেই তিথি গ্রহণ করিবে।

আর যদি নিরুদ্দিষ্ট ব্যক্তি মৃত কি না, ঠিক নিশ্চয় না হয়, তাহা হইলে প্রস্থান দিন হইতে দ্বাদশবর্ষ মধ্যে কোনরূপ সংবাদ না পাইলে, তাহাকে মৃত বলিয়া নিশ্চয় করিয়া প্রস্থানমাসীয় মাস ও তিথির গ্রাহ্যতা হইবে।

যদি ইহাও কোনরূপে স্মরণ না থাকে, তবে যে মাসীয় যে তিথিতে মরণ সমাচার শুনিয়াছে, সেই মাসীয় সেই তিথিকেই মৃততিথি জানিবে এবং পূর্ব্ববৎ শ্রবণ-মাসীয় একাদশী বা অমাবস্যার গ্রহণ হইবে এবং তিথিমাত্রজ্ঞানে আষাঢ়াদিতে ঐ তিথিতে শ্রাদ্ধ করিবে।

সাধারণ শ্রাদ্ধবেলা-নিরূপণ।

দিবামানকে ১৫ ভাগে বিভক্ত করিলে, তাহার এক এক ভাগের নাম মুহূর্ত্ত। সচরাচর মুহূর্ত্তের পরিমাণ দুই দণ্ড ধরা হয়। রাত্রি মুহূর্ত্তেরও এই নিয়ম।

দিবামানকে তিন ভাগ করিলে, ক্রমশঃ পূর্ব্বাহ্ন, মধ্যাহ্ন এবং অপরাহ্ন এই তিন ভাগ হয়। এইরূপ পাঁচভাগ করিয়া প্রাতঃকাল, সঙ্গব, মধ্যাহ্ন, অপরাহ্ন ও সায়াহ্ন এই পাঁচ নাম হয়।

বিবাহ ও পুত্র-জন্ম জন্য বৃদ্ধিশ্রাদ্ধ এবং গ্রহণ ও সংক্রান্ত্যাদি জন্য শ্রাদ্ধ ভিন্ন প্রাতঃকালে প্রথম দেড় মুহূর্ত্ত মধ্যে ও সায়াহ্নে শেষ দুই মুহূর্ত্তে এবং রাত্রিকালে অন্য শ্রাদ্ধ করিবে না।

শুক্লপক্ষের তত্তৎ তিথিবিহিত পার্ব্বণশ্রাদ্ধ পূর্ব্বাহ্নে করিবে, দুই দিবস সঙ্গবকালে তিথি পাইলে বা না পাইলে পরদিন করিবে। কিন্তু পূর্ব্বদিন রৌহিণান্ত গৌণ পূর্ব্বাহ্ন পাইয়া পরদিন সঙ্গব না পাইলে পূর্ব্বদিনেই শ্রাদ্ধ হইবে। প্রাতঃকালই বৃদ্ধিশ্রাদ্ধের মুখ্য কাল। তবে দেড় মুহূর্ত্ত মধ্যে করিবে না।

সপিণ্ডীকরণ ও কৃষ্ণপক্ষজন্য সমুদয় পার্ব্বণশ্রাদ্ধ এবং মৃতাহজন্য ত্রৈপুরুষিক পার্ব্বণের সময় অপরাহ্ন। রাত্র্যাদিভিন্ন কাল কুতপাদি মুহূর্ত্তপঞ্চক, রৌহিণাদি মুহূর্ত্তচতুষ্টয় দশমাদি মুহূর্ত্তত্রয়। অপরাহ্নশ্রাদ্ধ এই কাল চতুষ্টয় বিহিত ও প্রশস্ত জানিবে। আপরাহ্নিক শ্রাদ্ধীয় তিথি উভয় দিবস পাইলে, প্রশস্ততর মুখ্যকালে পূর্ব্বদিনে শ্রাদ্ধ হইবে। উভয়দিন মুখ্যকাল না পাইলে পরদিনে শ্রাদ্ধ হইবে।

অমাবস্যাশ্রাদ্ধকাল।

একাদশ ও দ্বাদশ মুহূর্ত্তই অমাবস্যাশ্রাদ্ধের প্রধান সময়। চতুর্দ্দশী যত বেলা পর্য্যন্ত থাকিবে, পরদিন অমাবস্যা তাহা হইতে অল্পকালস্থায়ী হইলে

তাহাকে ক্ষীণা অমাবস্যা বলে। চতুর্দ্দশীর সমানকালব্যাপিনী অমাবস্যা পরদিন থাকিলে সেই অমাবস্যাকে স্তম্ভিতা বলে। পূর্ব্বদিবসীয় চতুর্দ্দশী বেলা অপেক্ষা পরদিনে অমাবস্যা অধিককাল স্থায়ী হইলে অমাবস্যাকে বর্দ্ধমানা বলে।

পূর্ব্বদিনে কিছু কম দ্বাদশ মুহূর্ত্ত প্রাপ্ত হইয়া পরদিনে সম্পূর্ণ একাদশ মুহূর্ত্ত কাল পাইলেও অমাবস্যার শ্রাদ্ধ পূর্ব্বদিনেই হইবে।

অগ্রহায়ণ ও জ্যৈষ্ঠমাসীয় অমাবস্যাশ্রাদ্ধে পরদিন শ্রাদ্ধ হইবে, কিন্তু এই বৎসরে যদি মলমাস হয়, তাহা হইলে ঐ দুই মাসীয় অমাবস্যার শ্রাদ্ধে পূর্ব্ববৎ সাধারণ ক্ষীণার ব্যবস্থাই হইবে।

পূর্ব্বদিন দ্বাদশ মুহূর্ত্ত পাইয়া যদি পরদিন একাদশ মুহূর্ত্তকালব্যাপিনী অমাবস্যা হয়, তাহা হইলে ঋগ্বেদীয়দিগের পূর্ব্বদিন ও যজুর্ব্বেদীয়গণের পরদিন এবং সামবেদীয়দিগের ইচ্ছানুযায়িক পূর্ব্বদিন বা পরদিন এক দিবসে শ্রাদ্ধ হইবে। উভয়দিন মুখ্যকাল পাইলে, বর্দ্ধমানা অমাবস্যাশ্রাদ্ধ পরদিনেই হইবে।

সাংবৎসরিকশ্রাদ্ধ।

প্রথম বৎসরের পর প্রতিবৎসরই মৃততিথিতে শ্রাদ্ধ করিবে। পুত্র, পৌত্র, প্রপৌত্র, কন্যা, পত্নী, দৌহিত্র, ভ্রাতা, ভ্রাতৃপুত্র, ইহারাই সাংবৎসরিক শ্রাদ্ধের অধিকারী।

যিনি শ্রাদ্ধ করিবেন, তিনি প্রাতঃস্নানাদি করিয়া, খোলা, কুশাদি এবং অন্নাদি প্রস্তুত করিবেন। বাস্তুপুরুষদিগের জন্য অন্ন একপাত্রে চারিভাগ ও অন্য পাত্রে দুইটী পিণ্ডের জন্য এবং অপর পাত্রে ব্রাহ্মণের জন্য শেষ উপকরণ সংযুক্ত অন্ন রাখিয়া হস্তের নিকট রাখিবে। পূর্ব্বদিকে পিতৃ ও বাস্তুপুরুষাদির জন্য পাঁচটী ভোজ্য এবং তাহার পার্শ্বে অন্য পাত্রে উপকরণ রাখিবে।

পরে দক্ষিণমুখ কর্ত্তার সমীপে একটী জলপাত্র, তাহার নিকট জলশূন্য পাত্রে ব্রাহ্মণটী দক্ষিণাগ্র করিয়া রাখিবে; তন্নিকটে দক্ষিণাগ্র একটী মোটক তাম্বুল ও একগাছা কুশযুক্ত ব্রাহ্মণের আসন রাখিয়া, উহার উপরিভাগে রক্ষার্থ একটী জলপাত্র রাখিবে। পরে উপকরণাদি উহার শিরোদেশে কিঞ্চিৎ ব্যবধানপূর্ব্বক অন্যান্য পাত্রে রাখিবে।

পরে পূর্ব্বমুখ হইয়া উত্তরীয় লইয়া তিলকবিশিষ্ট ও কুশহস্ত হইয়া আচমন করতঃ "সর্ব্বমঙ্গলমঙ্গল্যং" ইত্যাদি মন্ত্র পড়িয়া, গণেশাদিকে গন্ধপুষ্প দ্বারা পূজা করিয়া "ওঁ কুরুক্ষেত্রং" ইত্যাদি পাঠানন্তর পরবর্ত্তী মন্ত্রে ভোজ্যোৎসর্গ করিবে।

অত্যামুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রস্থ পিতুরমুক-দেবশর্ম্মণ একোদ্দিষ্টবিধিকসাংবৎসরিকশ্রাদ্ধবাসরে, অমুকগোত্রস্থ পিতুরমুক-দেবশর্ম্মণোঽক্ষয়স্বর্গকাম ইদং সঘৃতোপকরণামান্নভোজ্যমর্চ্চিতং শ্রীবিষ্ণুদৈবতং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং দদানি।

অতঃপর "অদ্যেত্যাদি অমুকতিথৌ কৃতৈতৎ সোপকরণামান্নভোজ্যদানকর্ম্মণঃ সাঙ্গতার্থং"—ইত্যাদি মন্ত্রে দক্ষিণান্ত করিবে।

পরে পুনরায় 'কুরুক্ষেত্র' পাঠ করিয়া বাস্তুপুরুষ এবং যজ্ঞেশ্বর বিষ্ণু, ইহা-দিগকে শালগ্রামে পঞ্চোপচারে পূজা করিয়া, অন্ন ও একটী ভোজ্য উৎসর্গ করিয়া দিবে। পরে বিপরীত উত্তরীয়ক হইয়া পিতৃরীতিক্রমে সতিলমোটক ও তুলসী লইয়া,—"এতৎ শ্রাদ্ধীয়াগ্রভাগং সঘৃতোপকরণামান্নভোজ্যং ওঁ এতদ্‌ভূস্বামিপিতৃভ্যঃ স্বধা" ভূস্বামীর উদ্দেশে এই মন্ত্রে ভোজ্যের উপর দিবে। এই ক্রমে একভাগ অন্নও দিবে। প্রকৃতোত্তরীয়ক হইয়া—"ওঁ সহস্রশীর্ষা"—মন্ত্রে ব্রাহ্মণকে স্নান করাইয়া "ওঁ দর্ভময়ব্রাহ্মণায় নমঃ" এই মন্ত্রে গন্ধপুষ্পাদি দিয়া পূজা পূর্ব্বক পুনশ্চ শ্রাদ্ধশেষ পর্য্যন্ত পিতৃরীতি হইয়া, দক্ষিণাগ্র ব্রাহ্মণকে আসনে বসাইয়া জল দিবে।

পরে কুশ লইয়া "অদ্যামুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রস্থ পিতুরমুকদেবশর্ম্মণঃ একোদ্দিষ্টবিধিকসাংবৎসরিকশ্রাদ্ধং দর্ভময়ব্রাহ্মণেঽহং করিষ্যে" (ওঁ কুরুষ্ব, প্রতিবাক্য)।

পরে গায়ত্রী পাঠপূর্ব্বক, "দেবতাভ্যঃ পিতৃভ্যশ্চ মহাযোগিভ্য এব চ। নমঃ স্বধায়ৈ স্বাহায়ৈ নিত্যমেব ভবন্তিতি।" এই মন্ত্র তিনবার পড়িবে এবং বিষ্ণু স্মরণ করিয়া, গঙ্গামৃত্তিকা জলে গুলিয়া ঐ জল সমুদয় দ্রব্যে ছিটাইয়া— "ওঁ রক্ষোঘ্নমুদকমসি যজ্ঞরক্ষাং কুরুষ্ব" এই মন্ত্রে ব্রাহ্মণের শিরঃস্থানীয় পাত্রে জল রাখিবে ও ব্রাহ্মণকে জল দিবে।

আসন দান—ব্রাহ্মণকে আসনস্থ মোটক অন্বারব্ধ বামহস্ত দ্বারা ধরিয়া নিম্নলিখিত মন্ত্রে উৎসর্গ করিবে—

"ওঁ অমুকগোত্র পিতরমুকদেবশর্ম্মন্নেতত্তে দর্ভাসনং স্বধা।"

"ওঁ অপহতাসুরা রক্ষাংসি বেদিষদঃ॥" এই মন্ত্রে ব্রাহ্মণের আসনে তিল ছড়াইয়া দিবে।

অর্ঘ্য—ব্রাহ্মণের সম্মুখস্থ ডোঙাটী ধৌত করিয়া দক্ষিণাগ্র একটী কুশার উপর রাখিয়া,—"ওঁ পবিত্রাসি বৈষ্ণবী" এই মন্ত্রে একটী প্রাদেশ প্রমাণ সাগ্রকুশ

নখব্যতিরেকে কাটিয়া "ওঁ বিষ্ণোর্ম্মনসা পূতমসি" এই মন্ত্রে জলদ্বারা ধৌত ঐ কুশাটী দক্ষিণাগ্র করিয়া ঐ ডোঙাটীতে রাখিবে। পরে "শন্নো দেবীরভিষ্টয়ে" মন্ত্রে উহার উপর একটু জল দিবে। এবং "ওঁ তিলোঽসি সোমদৈবত্যো গোসবো দেবনির্ম্মিতঃ প্রত্নমদ্ভিঃ পৃক্তঃ স্বধয়া পিতৃন্ লোকান্ প্রীণাহি নঃ স্বাহা॥" এই মন্ত্রে তিল দিয়া অমন্ত্রক গন্ধ, পুষ্প, দূর্ব্বা, তুলসী ও আতপচাউল দ্বারা অর্ঘ্য দিবে। একগাছা কুশ দ্বারা, "ওঁ অচ্ছিদ্রমিদমর্ঘ্যপাত্রমস্তু" (ওঁ অস্তু" প্রতিবাক্য) বলিয়া অর্ঘ্য ঢাকিয়া ঐ কুশা আপনার বামদিকে ছড়াইবে।

"ব্রাহ্মণহস্তে পবিত্রং স্বধা" বলিয়া অর্ঘ্যপাত্র হইতে দক্ষিণাগ্র পবিত্র ব্রাহ্মণকে দিয়া, অন্যস্থান হইতে "জলান্তরং" বলিয়া জল ও পুষ্পান্তরং বলিয়া পুষ্প ব্রাহ্মণকে দিবে, "এতে গন্ধপুষ্পে ওঁ শিরঃ প্রভৃতি সর্ব্বগাত্রেভ্যো নমঃ" বলিয়া একটী গন্ধপুষ্প দিবে এবং বামহস্তে অর্ঘ্যপাত্র উঠাইয়া দক্ষিণহস্ত দ্বারা ঢাকিয়া "ওঁ যা দিব্যা আপঃ পয়সা সংবভূবুর্ষা অন্তরীক্ষ্যা উত পার্থিবীর্ষা হিরণ্যবর্ণা যজ্ঞিয়াস্তা ন আপঃ শিবাঃ সংশ্যোনাঃ সুহবা ভবন্তু।" এই মন্ত্র পাঠ করিয়া ভূমিসংলগ্ন করতঃ অন্বারব্ধ বামহস্ত দিয়া ধরিয়া—"ওঁ অমুকগোত্র পিতরমুকদেবশর্ম্মন্নেতত্তে অর্ঘ্যং স্বধা" এই মন্ত্র পাঠ করতঃ উৎসর্গ করিয়া ব্রাহ্মণকে অর্ঘ্য দান করিবে।

গন্ধাদি দান—অন্য পাত্রে বস্ত্র রাখিয়া তাহার উপর তুলসী করিয়া চন্দন ও পুষ্প রাখিয়া ঐ বস্ত্র লইয়া—"ওঁ অমুকগোত্র পিতরমুকদেবশর্ম্মন্নেতানি তে গন্ধ-পুষ্পধূপ-দীপাচ্ছাদনানি স্বধা।" এই মন্ত্র পাঠ করিয়া উৎসর্গ করিবে। পরে এষ তে গন্ধঃ, এতত্তে পুষ্পং, এষ তে ধূপঃ, এষ তে দীপঃ, এতত্তে আচ্ছাদনং বলিয়া এক একটী করিয়া ব্রাহ্মণকে দিবে। "ওঁ অমুকগোত্র পিতরমুকদেবশর্ম্মন্নেতত্তে যজ্ঞোপবীতার্থসূত্রং স্বধা" বলিয়া যজ্ঞোপবীত দিবে। পরে ঘৃত তিল ও তুলসীযুক্ত জলপাত্র ব্রাহ্মণের দক্ষিণদিকে রাখিবে।

অন্ন দান—ব্রাহ্মণের নিকট কুশাদি সরাইয়া জল ছিটাইয়া জলদ্বারা নৈর্ঋত কোণ হইতে বামাবর্ত্তে একটী চতুষ্কোণ মণ্ডল আঁকিয়া তাহার উপরে অন্নপাত্র রাখিয়া অন্ন, ব্যঞ্জন, ঘৃত ও পায়সাদি বামহস্তসংযুক্ত দক্ষিণহস্ত দিয়া পরিবেশন করিয়া, অন্নের উপর ঊর্দ্ধমুখ দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠ মধ্যভাগ পরবর্ত্তী মন্ত্রে রাখিবে।

"ওঁ বিষ্ণো কব্যং রক্ষ" অথবা—"ইদং বিষ্ণুর্ব্বি চক্রমে ত্রেধা নি দধে পদম্। সমূঢ়মস্য পাংসুলে ইদং হবিঃ। ওঁ অপহতাসুরারক্ষাংসি বেদিষদঃ।" এই মন্ত্রে অন্নে তিল দিবে।

পরে মধু দিয়া, গায়ত্রীপাঠ এবং "ওঁ মধুবাতা ঋতায়তে মধু ক্ষরন্তি সিন্ধবঃ। মাধ্বীর্নঃ সন্ত্বোষধীঃ॥ ওঁ মধু নক্তমুতোষসো মধুমৎ পার্থিবং রজঃ। মধু দ্যৌরস্তু নঃ পিতা। ওঁ মধুমান্নো-বনস্পতির্মধুমাঁ অস্তু সূর্য্যঃ। মাধ্বীর্গাবো ভবন্তু নঃ। "ওঁ মধু ওঁ মধু ওঁ মধু" এই মন্ত্র পাঠ করিয়া অন্নে জলের ছিটা দিয়া ব্রাহ্মণকে জল দিয়া তিল তুলসী মোটকযুক্ত অন্নপাত্র ধারণ করিয়া,—"ওঁ অমুকগোত্র পিতরমুক-দেবশর্ম্মন্নেতত্তেঽন্নং সোপকরণং সতিলোদকং স্বধা" এই মন্ত্রে উৎসর্গ করিবে।

পরে বদ্ধাঞ্জলি হইয়া বলিবে,—ইদমন্নং ইমা আপঃ ইদং হবিঃ এতানি উপকরণানি যথাসুখং বাগ্‌যতঃ স্বদ।

পরে আবার গায়ত্রী ও মধুবাতা মন্ত্র পাঠ করিবে। পরে ব্রাহ্মণকে একটু জল দিয়া কৃতাঞ্জলি হইয়া পরবর্ত্তী মন্ত্র পড়িবে—"ওঁ অন্নহীনং ক্রিয়াহীনং বিধি-হীনঞ্চ যদ্ভবেৎ। তৎসর্ব্বমিদমচ্ছিদ্রমস্তু।"

পরে গায়ত্রী ও মধুবাতা—মন্ত্র পড়িয়া "ওঁ যজ্ঞেশ্বরো হব্য" ইত্যাদি—"যূয়ং তেভ্যোঽবসীদত" পর্য্যন্ত মন্ত্র পড়িয়া—"ওঁ বৃদ্ধোঽহং সাম্প্রতং কো মে পিতরঃ সম্প্রদাস্যতি। ভার্য্যাং তথা দরিদ্রস্য তুষ্করো দারসংগ্রহঃ॥" এই শ্রাব্য মন্ত্র পড়িবে; এবং অবশিষ্ট সঘৃত অন্নগুলি লইয়া দধি মধু ও ঘৃতাদি মাখিয়া রাখিবে।

ব্রাহ্মণের বামদিকে কতকগুলি কুশ ছড়াইয়া ইহাতে পিতৃরীতিক্রমে এবং একটু জলের ছিটা দিয়া তিল-তুলসী মোটকযুক্ত একটী পিণ্ড লইয়া বামহস্তে জলপাত্র লইয়া "ওঁ অগ্নিদগ্ধাশ্চ যে জীবা যেঽপ্যদগ্ধাঃ কুলে মম। ভূমৌ দত্তেন তৃপ্যন্তু তৃপ্তা যান্তু পরাং গতিম্॥ ওঁ যেষাং ন মাতা ন পিতা ন বন্ধুর্নৈবান্ন-সিদ্ধির্ন তথান্নমস্তি। তত্তৃপ্তয়েঽন্নং ভুবি দত্তমেতৎ প্রয়াস্তু লোকায় সুখায় তদ্বৎ॥" এই মন্ত্র পাঠ করিয়া সজল পিণ্ড পিতৃতীর্থ দ্বারা ঐ কুশার উপর দিবে। পরে 'গয়াগঙ্গা হরিঃ' বলিয়া পিণ্ড একটু চাপিয়া দিবে ও হস্ত ধৌত করিবে।

পিণ্ডদান—আচমন করিয়া, দক্ষিণকর্ণ স্পর্শ করিয়া ব্রাহ্মণকে জল দিবে, পরে গায়ত্রী ও মধুবাতা মন্ত্র পড়িবে।

"ওঁ শেষমন্নং ক দেয়ং" (জিজ্ঞাসা করিবে) "ওঁ ইষ্টায় দীয়তাম্" (প্রত্যুত্তর) "ওঁ পিণ্ডদানমহং করিষ্যে" "ওঁ কুরুষ" (প্রতিবাক্য)।

পরে ব্রাহ্মণের অন্নপাত্রের সম্মুখে স্থান পরিষ্কার করিয়া "ওঁ নিহন্মি সর্ব্বং যদমেধ্যবস্তবেদ্ধতাশ্চ সর্ব্বেঽসুরদানবা ময়া। রক্ষাংসি যক্ষাঃ সপিশাচসঙ্ঘা

হতা ময়া যাতুধানাশ্চ সর্ব্বে॥” এই মন্ত্রে নৈর্ঋতকোণ হইতে বামাবর্ত্তে চতুষ্কোণ মণ্ডল করিয়া “ওঁ অপহতাসুরা রক্ষাংসি বেদিষদঃ।” পুনশ্চ “ওঁ নিহন্মি সর্ব্বং”—এই মন্ত্র পড়িয়া সাগ্র কুশাদ্বয় দিয়া মণ্ডলের মধ্যে দক্ষিণাগ্র একটী রেখা টানিবে। পরে ঐ কুশাদ্বয় উত্তরদিকে ছড়াইবে।

তৎপরে ঐ মণ্ডলের উপর কতকগুলি দক্ষিণাগ্র কুশা বিস্তার করিয়া জলের ছিটা দিয়া, “দেবতাভ্যঃ” মন্ত্র তিনবার পড়িবে।

“ওঁ এহি পিতঃ সৌম্য গম্ভীরেভিঃ পথিভিঃ পূর্ব্বিণেভিঃ। দেহ্যস্মভ্যং দ্রবিণেহ ভদ্রং রয়িঞ্চ নঃ সর্ব্ববীরং নিযচ্ছ”। এই মন্ত্রে কুশার উপর তিল দিয়া ও কুশা বাম হাত দিয়া ধরিয়া—“ওঁ অমুকগোত্র পিতরমুকদেবশর্ম্মন্নবনেনিক্ষ্ব স্বধা” এই মন্ত্র পড়িয়া জলের ছিটা দিবে।

পরে—“মধুবাতা ঋতায়তে” “অক্ষন্নমীমদন্ত হ্যবপ্রিয়া অধূষত। অস্তোষত স্বভানবো বিপ্রা নবিষ্ঠয়া মতী যোজা ন্বিন্দ্র তে হরী।” মন্ত্র পড়িয়া ঘৃত ও মধুযুক্ত পিণ্ডে তিল, তুলসী ও মোটক দিয়া, পিণ্ড দক্ষিণ হস্তে লইয়া অন্বারব্ধ বাম হাত দিয়া জলপাত্র লইয়া—“ওঁ অমুকগোত্র পিতরমুকদেবশর্ম্মন্নেষ তে সতিলোদকপিণ্ডঃ স্বধা।” এই মন্ত্রে সেই কুশার উপরে পিতৃতীর্থ দিয়া পিণ্ডদান করতঃ জল দিবে। অবশিষ্ট অন্নগুলি পিণ্ডের চারিদিকে ছড়াইয়া আস্তৃত কুশমূল দিয়া অমন্ত্রক বাঁকাইয়া পিণ্ডের উপর দিবে।

পরে হরিস্মরণ ও জলস্পর্শ করিয়া পিণ্ডপাত্রে জল দান করতঃ “ওঁ অমুক-গোত্র পিতরমুকদেবশর্ম্মন্নবনেনিক্ষ্ব স্বধা।” এই মন্ত্রে অন্নপাত্রধৌত ঐ জল পিণ্ডের উপর দিবে।

পরে রুদ্ধশ্বাস হইয়া পিতৃদিগের তেজোময় মূর্ত্তি চিন্তা করিয়া বদ্ধাঞ্জলি হইয়া মস্তকোপরি বামাবর্ত্তে পরিভ্রমণ করাইতে করাইতে উত্তরমুখ হইয়া নিম্নলিখিত মন্ত্রটী পাঠ করিবে।

“ওঁ অত্র পিতর্ম্মাদয়স্ব। যথাভাগমাবৃষায়স্ব। ওঁ অমীমদৎ পিতা যথাভাগ-মাবৃষায়িষ্ট।” পরে পিতৃপ্রণাম—“ওঁ নমস্তে পিতঃ পিতর্নমস্তে। গৃহান্নঃ পিত-র্দ্দেহি। সদস্তে পিতর্দ্দেশ্ম।”

তৎপরে একটু সূত্র লইয়া,—“ওঁ এতদ্বঃ পিতরো বাসঃ” বলিয়া পিণ্ডের উপর দিয়া অন্বারব্ধ হস্ত দ্বারা ধরিয়া এই মন্ত্রে নিবেদন করিবে,—“অমুক-গোত্র পিতরমুকদেবশর্ম্মন্নেতত্তে বাসঃ স্বধা।”

তৎপরে, পুষ্প ও তাম্বুলদ্বারা পিণ্ডপূজা করিয়া, “ওঁ বসন্তায় নমস্তুভ্যং গ্রীষ্মায়

চ নমো নমঃ। বর্ষাভ্যশ্চ শরৎসংজ্ঞ-ঋতবে চ নমঃ সদা॥ হেমন্তায় নমস্তভ্যং নমস্তে শিশিরায় চ। মাসসংবৎসরেভ্যশ্চ দিবেসেভ্যো নমো নমঃ॥" এই মন্ত্র পাঠ করিবে। অনন্তর "ওঁ সুস্রুপ্রোক্ষিতমস্তু" বলিয়া মাটিতে জল দিবে। ("ওঁ অস্তু" প্রতিবাক্য)। "ওঁ শিবা আপঃ সন্তু" ব্রাহ্মণকে জল দিবে। ("ওঁ সন্তু" প্রতিবাক্য) "ওঁ সৌমনস্যমস্তু" পুষ্প দিবে। ("ওঁ অস্তু" প্রতিবাক্য) "ওঁ অক্ষতঞ্চারিষ্টঞ্চাস্তু" ("ওঁ অস্তু" প্রতিবাক্য) দুর্ব্বা ও তণ্ডুল দিবে। পরে তিল মধু ও ঘৃতমিশ্রিত জল লইয়া—"অমুকগোত্রস্য পিতুরমুকদেবশর্ম্মণঃ কৃতেঽস্মিন্ শ্রাদ্ধে দত্তমিদমন্নপানাদিকমুপতিষ্ঠতাম্।" ("ওঁ উপতিষ্ঠতাং" প্রতিবাক্য) "ওঁ অঘোরঃ পিতাস্তু" (ওঁ অস্তু) "ওঁ গোত্রং নো বর্দ্ধতাম্" (ওঁ বর্দ্ধতাং) পিণ্ডের উপর দুইটী কুশ দিয়া "ওঁ উর্জ্জং বহন্তীরমৃতং ঘৃতং পয়ঃ কীলালং পরিস্রুতং। স্বধা স্থ তর্পয়ত মে পিতরম্" মন্ত্রে জলাঞ্জলি দ্বারা পিণ্ডোপরি তর্পণ করিবে।

দক্ষিণান্ত—"বিষ্ণুরোঁ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রস্য পিতুরমুকদেবশর্ম্মণঃ কৃতৈতদেকোদ্দিষ্টবিধিকসাংবৎসরিকশ্রাদ্ধ-কর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং রজতমর্চ্চিতং (কিংবা রজতমূল্য-হরীতকীফল-মর্চ্চিতং) শ্রীবিষ্ণুদৈবতং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং দদানি।" "অনয়া দক্ষিণয়া শ্রাদ্ধমিদং সদক্ষিণমস্তু" ("ওঁ অস্তু" প্রতিবাক্য)।

অনন্তর বদ্ধাঞ্জলি হইয়া দক্ষিণদিক্ দেখিয়া বর যাচ্ঞা করিবে, মন্ত্র যথা—"ওঁ দাতারো নোঽভিবর্দ্ধন্তাম্"—ইত্যাদি মন্ত্রে একটী ফুল আঘ্রাণ করিয়া মস্তকে দিবে।

পরে 'ওঁ দেবতাভ্যঃ'—মন্ত্র তিনবার পড়িয়া—"ওঁ অভিরম্যতাং ক্ষমস্ব" "ওঁ অভিরতোঽস্মি" প্রতিবাক্য বলিলে ব্রাহ্মণকে জল দান করিয়া বিসর্জ্জন করিবে। "ওঁ আ মা বাজস্য প্রসবো জগম্যাদিমে দ্যাবাপৃথিবী বিশ্বরূপে। আ মা গন্তাং পিতরা মাতরা যুবমা মা সোমোঽমৃতত্বায় গম্যাৎ।" এই মন্ত্রে ব্রাহ্মণকে বেষ্টন করিয়া জল দিয়া "ওঁ পিতা স্বর্গঃ"—মন্ত্র বলিয়া পিতৃপ্রণাম করিবে। "যস্য শ্রাদ্ধং কৃতং তস্য অক্ষয়ায়ৈ তৃপ্তয়ে পাত্রীয়ান্নং জলে (গঙ্গায় "গঙ্গাজলে") সমর্পয়ামি, পিণ্ডমপি জলে সমর্পয়ামি" বলিয়া দুই স্থানের অন্ন লইয়া সমীপস্থ জলে দিবে। "মহাবামদেব্য-ঋষি" ইত্যাদি শান্তিমন্ত্র পাঠ করিয়া, ব্রাহ্মণ খুলিয়া, হস্ত ধৌত করিয়া দীপাচ্ছাদন, অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্যপ্রশমন করিয়া, "ওঁ প্রীয়তাং পুণ্ডরীকাক্ষঃ"—মন্ত্রে ক্ষমাপ্রার্থনা করিবে। "এতৎকর্ম্ম শ্রীকৃষ্ণায় অর্পিতমস্তু" বলিয়া জল দিবে, পরে অবশিষ্ট দ্রব্য অর্দ্ধগ্রাসমাত্র ভোজন করিবে।

মাসিকৈকোদ্দিষ্ট-শ্রাদ্ধ।

ইহার প্রকরণ ঠিক সাংবৎসরিক শ্রাদ্ধের ন্যায়। যে যে স্থানে প্রভেদ আছে তাহাই লিখিত হইল। একার্য্যে প্রায় সর্ব্বত্রই "পিতৃ" পদ স্থানে "প্রেত" পদের উল্লেখ হইবে। কেবল 'দেবতাভ্যঃ পিতৃভ্যশ্চ'—'মধুবাতা ঋতায়তে'—'আ মা বাজস্য'—এই কয়েকটী মন্ত্রস্থ "পিতৃ" পদস্থানে "প্রেত" শব্দোচ্চারণ হইবে না।

প্রেতশ্রাদ্ধে,—ওঁ দাতারো নোঽভিবর্দ্ধন্তাং—এই আশীঃ—প্রার্থনা মন্ত্র পাঠ নাই।

প্রেতশ্রাদ্ধীয় ব্রাহ্মণের অন্নে ও পিণ্ডে আমিষ দিতে হয় এবং উৎসর্গকালে "এতত্তে সামিষান্নং" এবং "এষ তে সামিষপিণ্ডঃ" বলিয়া মন্ত্র পড়িতে হয়।

প্রেতশ্রাদ্ধীয় শেষদ্রব্য ভোজন করিতে নাই। শ্রাদ্ধীয় দ্রব্য ভোজন করা নিষিদ্ধ।

"বিষ্ণুরোমিত্যাদি—অমুকগোত্রস্য প্রেতস্য অমুকদেবশর্ম্মণঃ প্রথমমাসিকৈকোদ্দিষ্টশ্রাদ্ধং দর্ভময়ব্রাহ্মণেঽহং করিষ্যে।" এইরূপে দ্বিতীয় মাসিকাদির অনুজ্ঞা করিবে।

আদ্যৈকোদ্দিষ্ট-শ্রাদ্ধ।

অশৌচের পর দ্বিতীয় দিনে চতুর্দ্ধা শান্তি এবং অঙ্গ প্রায়শ্চিত্তাদি সমাধা করিয়া আমিষাদি সংগ্রহ করতঃ অন্ন পাক করিবে এবং সাংবৎসরিক শ্রাদ্ধোক্ত ক্রমে মন্ত্রাদি পাঠ করিবে। শ্রাদ্ধের পূর্ব্বেই ষোড়শদানাদি করিবে। মাসিক শ্রাদ্ধ করিতে যে যে দ্রব্য ও মন্ত্রাদি প্রয়োজন হয়, ইহাতেও সেইরূপ। বিশেষ দ্রব্য ও মন্ত্রগুলি এখানে প্রদত্ত হইল।

ইহাতে আসনার্থ পিঁড়ি, ছত্র, খড়ম বা পাদুকা, পিলসুজ বা হানা সহ প্রদীপ ও ভোজনার্থ অন্নপাত্র এবং সোপকরণ শয্যা আবশ্যক।

ভোজ্যোৎসর্গ করিয়া বাস্তুপুরুষাদির এবং ব্রাহ্মণের পূজা করিয়া নিম্ন লিখিত বাক্যে সঙ্কল্প করিবে।

অদ্যামুকে মাসি অমুকে পক্ষেঽমুকতিথৌ অমুকগোত্রস্য প্রেতস্য অমুক দেবশর্ম্মণঃ আদ্যৈকোদ্দিষ্টশ্রাদ্ধং দর্ভময়ব্রাহ্মণেঽহং করিষ্যে।

পরে আসনার্থ পিঁড়ি ধরিয়া,—"ওঁ অমুকগোত্র প্রেত অমুকদেবশর্ম্মন্নেতত্তে আসনং স্বধা" বলিয়া উৎসর্গ করতঃ মন্ত্র পড়িবে,—"ওঁ অত্রাসনে দেবরাজাভ্যনুজ্ঞাতো বিশ্রাম্যতাং দ্বিজবর্য্যানুগ্রহায়। প্রসাদয়ে ত্বাসনং গৃহ্ণ পূতং জ্ঞানাগ্নিপূতেন করেণ বিপ্র।"

পরে ছত্র লইয়া,—"ওঁ অমুকগোত্র প্রেত অমুকদেবশর্ম্মন্নেতত্তে ছত্রং স্বধা" বলিয়া উৎসর্গ করিবে।

পরে পাদুকা (চর্ম্ম নির্ম্মিত বা কাষ্ঠ নির্ম্মিত) লইয়া, "ওঁ অমুকগোত্র প্রেত অমুকদেবশর্ম্মন্নেতত্তে পাদুকাযুগলং স্বধা" উৎসর্গপূর্ব্বক পরবর্ত্তী মন্ত্র পড়িবে,—"ওঁ সন্তপ্তবালুকাং ভূমিমসিকণ্টকিতাং তথা। সন্তারয়তি দুর্গাণি প্রেতং দদদুপানহৌ ॥"

পরে গায়ত্রী পড়িয়া মৃত্তিকা ও জল দিয়া শ্রাদ্ধীয় দ্রব্য সকল ধৌত করিয়া দর্ভাসনাদি দিবে।

পরে, অর্ঘ্যদান করিয়া পরবর্ত্তী মন্ত্রে আবাহন করিবে,—"ওঁ ইহলোকং পরিত্যজ্য গতোঽসি পরমাং গতিম্।"

অনন্তর বস্ত্রোপরি গন্ধাদি লইয়া, "ওঁ অমুকগোত্র প্রেত অমুকদেবশর্ম্মন্নেতানি তে গন্ধপুষ্পধূপতৈজসাধারদীপাচ্ছাদনানি স্বধা" এই মন্ত্রে উৎসর্গ করিবে এবং নিম্নলিখিত বিশেষ বিশেষ মন্ত্রে প্রত্যেক দ্রব্য ব্রাহ্মণকে উৎসর্গ করিবে। যথা—

"ওঁ সর্ব্বঃ সুগন্ধ এবায়ং শীতলঃ সুমনোহরঃ। ময়া নিবেদিতো ভক্ত্যা গন্ধোঽয়ং প্রতিগৃহ্যতাম্।"—এষ তে গন্ধঃ,—বলিয়া গন্ধ দিবে। "ওঁ শ্রিয়া দেব্যা সমাযুক্তং দেবৈশ্চ শিরসা ধৃতম্। ময়া নিবেদিতং ভক্ত্যা পুষ্পমেতৎ প্রগৃহ্যতাম্।" এতত্তে পুষ্পম্। "ওঁ বনস্পতিরসো দিব্যো গন্ধাঢ্যঃ সুমনোহরঃ। আঘ্রেয়ঃ সর্ব্বগন্ধানাং ধূপোঽয়ং প্রতিগৃহ্যতাম্।" এষ তে ধূপঃ। "ওঁ সুপ্রকাশো মহাদীপঃ সর্ব্বতস্তিমিরাপহঃ। সবাহ্যাভ্যন্তরজ্যোতির্দীপোঽয়ং প্রতিগৃহ্যতাম্॥" এষ তে তৈজসাধারদীপঃ। এইরূপ বস্ত্র লইয়া "এতত্তে আচ্ছাদনং" বলিয়া দিবে।

পরে "এতত্তে তৈজসাধারমন্নং সোপকরণং তৈজসাধারগঙ্গাজলসহিতং স্বধা" মন্ত্রে অন্ন দিবে। পরে শয্যা ধরিয়া "ওঁ অমুকগোত্র প্রেত অমুকদেবশর্ম্মন্নেষা তে সোপকরণশয্যা স্বধা।"

আভ্যুদয়িক-শ্রাদ্ধ।

নান্দীমুখ ও বৃদ্ধিশ্রাদ্ধ ইহারই নামান্তর। প্রাতঃকৃত্য সমাধা করিয়া পবিত্র হইয়া খোলা কুশাদি সংগ্রহ করিবে। ধৌত তণ্ডুল ও অখণ্ড উপকরণ দিবে। পরে পূর্ব্বদিকে গণেশের একটী এবং ষোড়শ মাতৃকার ষোলটী, পিত্রাদির ছয়টী ও বাস্তুপুরুষাদির চারিটী এই সাতাইশটী ভোজ্য, কলার পাতায় সাজাইয়া, প্রত্যেক ভোজ্যে বাতাসা, রম্ভা, পান ও সুপারি দিবে।

পরে হস্ত-কুশাদি লইয়া সর্ব্বমঙ্গলমঙ্গল্যম্—ইত্যাদি মন্ত্র পাঠ করিয়া গণেশাদিকে গন্ধপুষ্প দিয়া স্বস্তিবাচন করিবে।

অনন্তর উত্তরমুখ হইয়া আতপ চাউল লইবে এবং "কর্ত্তব্যেষু এষু কর্ম্মসু ওঁ পুণ্যাহং ভবন্তোঽধিব্রুবন্তু"—ইত্যাদি মন্ত্র পড়িয়া পরে তিল তুলসী ত্রিপত্র গন্ধ পুষ্প ও হরীতকী জলপূর্ণ তাম্রপাত্রে লইয়া পরবর্ত্তী মন্ত্রে সংকল্প করিবে।

"বিষ্ণুরোমতত্সদমুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণোঽমুককর্ম্মাভ্যু-দয়ার্থং সগণাধিপগৌর্য্যাদিষোড়শমাতৃকাপূজাবসোর্ধারাসম্পাতনায়ুষ্যসূক্তজপাভ্যু-দয়িকশ্রাদ্ধান্যহং করিষ্যে।"

পুনশ্চ তিল ও তুলসী লইয়া—"অদ্যেত্যাদি অমুকতিথৌ অমুকগোত্রস্য অমুকদেবশর্ম্মণোঽমুককর্ম্মাভ্যুদয়ার্থং ষষ্ঠীমার্কণ্ডেয়পূজাপূর্ব্বক শুভগন্ধাদ্যধিবাসন-কর্ম্মাহং করিষ্যে।"

পরে ধ্যান করিয়া ষষ্ঠী ও মার্কণ্ডেয়ের পূজা করিবে।

তৎপরে অধিবাসকারীকে বামে পিঁড়ির উপরি উপবেশন করাইয়া চন্দন লইয়া গায়ত্রী পাঠ করিয়া,—"অনেন গন্ধেন অস্য শুভাধিবাসনমস্তু" বলিয়া ঐ চন্দন নারায়ণে, ভূমিতে ও বালকের কপালে স্পর্শ করাইয়া বরণপাত্রে রাখিবে।

সকল দ্রব্যেই গায়ত্রী পড়িয়া "অনয়া মহ্যা অস্য শুভাধিবাসনমস্তু" পুনশ্চ 'অনেন গন্ধেন' এবং 'অনয়া শিলয়া' ইত্যাদি প্রত্যেক দ্রব্য এইরূপে দিয়া বরণ-পাত্রে রাখিবে।

দ্রব্য—মহী গন্ধঃ শিলা ধান্যং দূর্ব্বা পুষ্পং ফলং দধি। ঘৃতং স্বস্তিকসিন্দূরং শঙ্খ-কজ্জল-রোচনাঃ (গোরোচনা অভাবে হরিদ্রা)। সিদ্ধার্থং (শ্বেতসর্ষপ) কাঞ্চনং রৌপ্যং তাম্রো দীপশ্চ দর্পণম্ বা (তাম্রশ্চামরদর্পণম্)।

আক প্রভৃতি মাঙ্গল্য দ্রব্য দিয়াও "অনেন মাঙ্গল্যদ্রব্যেণ অস্য শুভাধি-বাসনমস্তু" অধিবাস করাইয়া শেষে সকল দ্রব্যের সহিত বরণপাত্র লইবে।

"ওঁ উন্নম্রোঁ কান্নরোচয় ইমাম্লোঁ কান্নরোচয় প্রজাস্তুতমরোচয় বিশ্বভূত-মরোচয়। অনেন প্রশস্তিপাত্রেণ অস্য শুভাধিবাসনমস্তু।"

এই মন্ত্রে নারায়ণ-স্পর্শাদি তিনবার করাইবে। অতঃপর পুরুষের দক্ষিণ-হস্তে, স্ত্রীদিগের বাম হস্তে হলদে সূতা, ৩।৫ বা ৭ খেয়া দূর্ব্বার সহিত বান্ধিবে।

তৎপরে শালগ্রাম-আধারে গণেশ পূজা এবং "এষ গন্ধঃ ওঁ গৌর্য্যৈ মাত্রে নমঃ," "ওঁ পদ্মায়ৈ মাত্রে নমঃ" এইরূপে ষোড়শমাতৃকাপূজা করিবে, প্রত্যেকের পূজার পর "ইদং সঘৃত-সোপকরণামান্নভোজ্যং ওঁ গণেশায় নমঃ" এই ক্রমে পৃথক্ পৃথক্ ভোজ্য দিবে।

গৌর্য্যাদি-ষোড়শ-মাতৃকা যথা—গৌরী। ১। পদ্মা। ২। শচী। ৩। মেধা। ৪। সাবিত্রী। ৫। বিজয়া। ৬। জয়া। ৭। দেবসেনা। ৮। স্বধা। ৯। স্বাহা। ১০। শান্তি। ১১। পুষ্টি। ১২। ধৃতি। ১৩। তুষ্টি। ১৪। আত্মদেবতা। ১৫। কুলদেবতা। ১৬। পূজাক্রম এই—"আদৌ বিনায়কঃ পূজ্যো হ্যন্তে চ কুলদেবতাঃ।

বসুধারা।—পূর্ব্ব ও উত্তর দিকের দেওয়ালের, পূর্ব্ব বা উত্তরমুখী কর্ত্তা নাভিপর্য্যন্ত উচ্চে পাঁচ বা সাতটা সিন্দুরের ও চন্দনের দাগ দিয়া, কুশী দ্বারা ঘৃত লইয়া প্রত্যেক পরবর্ত্তী মন্ত্রে এরূপে পাঁচ বা সাতটা ধারা দিবে, যাহাতে সে গুলি ভূমিতে সংলগ্ন হয়।

মন্ত্র,—"ওঁ যদ্বর্চ্চো হিরণ্যস্য যদ্বা বর্চ্চো গবামুত। সত্যস্য ব্রহ্মণো বর্চ্চস্তেন মা সং সৃজামসি॥"

"ওঁ চেদিরাজবসো ইহাগচ্ছাগচ্ছ"—আবাহন করিয়া—"ওঁ চেদিরাজবসবে নমঃ" মন্ত্রে যথাশক্তি পূজা করিবে। পরে নিম্ন লিখিত মন্ত্রে প্রণাম করিবে। "ওঁ চেদিরাজ নমস্তভ্যং শাপগ্রস্ত মহামতে। ক্ষুৎপিপাসামুদে দাস্ত চেদিরাজ নমোঽস্তু তে॥" অতঃপর কৃতাঞ্জলি হইয়া আয়ুষ্য সূক্ত জপ করিবে।

"ওঁ আয়ুর্ব্বিশ্বায়ুর্ব্বিশ্বং বিশ্বমায়ুরসীমহি। প্রজাস্ত্বষ্টরধিনিধেহস্মৈ শতং জীবেম শরদো বয়ন্তে"। ১।

"ওঁ আয়ুষো মে পবস্ব বর্চ্চসো মে পবস্ব বিদুঃ পৃথিব্যা দিবো জনিত্র্যাঃ শৃণ্বন্ত্বাপোঽধঃ ক্ষরন্তী সোমো হোদগায় মমায়ুষে, মম ব্রহ্মবর্চ্চসায় যজমানস্য শ্রীঅমুকদেবশর্ম্মণো (সংস্কার্য্যের নাম করিয়া) অমুককর্ম্মণো রাজ্যায়"। ২।

পরে শ্রাদ্ধীয় পাত্রাদি পার্ব্বণের ন্যায় সজ্জিত করিবে। কেবল অগ্নিকোণ নিকটে পিতৃপক্ষ এবং নৈঋতকোণ সমীপে মাতামহপক্ষ হইবে। ইহাতে তিন পক্ষেই দুই জন করিয়া ব্রাহ্মণের আসন দুইখানি করিয়া ছয় খানি এবং আসনের উপরিভাগে তিনপক্ষে তিনটী জলপূর্ণ পাত্র ও তাহার উপরিস্থ স্থানে উপকরণ পাত্র রাখিয়া দৈবপক্ষ-নিকটে ও পূর্ব্বদিকে আপনার নিকট দুইটী জলপাত্র রাখিবে।

ইহাতে দৈবপক্ষের কার্য্য উত্তরমুখ এবং পিতৃপক্ষীয় কর্ম্ম সকল পূর্ব্বমুখ হইয়া করিতে হইবে। উৎসর্গে ত্রিপত্রযুক্ত দ্রব্য অধোমুখ বামহস্ত দ্বারা ধরিবে; এবং "স্বধা" স্থলে "নমঃ" বলিবে, কিন্তু মন্ত্রস্থ 'স্বধা' স্থানে 'পুষ্টি'র প্রয়োগ হইবে এবং 'পিতৃশব্দের' ঠিক পূর্ব্বে 'নান্দীমুখ' শব্দ প্রয়োগ করিবে।

ভোজ্যোৎসর্গ।—ছয়টী ভোজ্য করিয়া "অগ্যামুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ শুভ অমুক-কর্ম্মাভ্যুদয়ার্থং অমুকগোত্রস্য নান্দীমুখস্য পিতুরমুকদেবশর্ম্মণঃ (ষট্পুরুষের নাম করিবে) আভ্যুদয়িকশ্রাদ্ধবাসরে—পুনশ্চ ষট্পুরুষের নাম করিয়া অক্ষয় স্বর্গকাম-ইদং সঘৃতোপকরণামান্নভোজ্যমর্চ্চিতম্।" ইত্যাদিরূপ বাক্য করিবে, পরে "কৃতৈতৎ-ভোজ্যদান-কর্ম্মণঃ সাঙ্গতার্থং" ইত্যাদিরূপে দক্ষিণান্ত করিবে।

তৎপরে বাস্তুপুরুষ এবং যজ্ঞেশ্বর বিষ্ণু ও গঙ্গাকে পূজা করতঃ ভূস্বামীকে অগ্রভাগ দিয়া ব্রাহ্মণদিগকে স্নান করাইয়া ও পূজা করিয়া ছয় আসনে স্থাপন করিবে।

অনুজ্ঞা।—দৈবব্রাহ্মণে জল দিয়া উত্তরমুখ হইয়া—"বিষ্ণুরোম্ তৎসদগ্যা-মুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ শুভ-অমুককর্ম্মাভ্যুদয়ার্থং, অমুকগোত্রস্য নান্দীমুখস্য পিতুঃ অমুকদেবশর্ম্মণঃ অমুকগোত্রস্য নান্দীমুখস্য পিতামহস্য অমুকদেবশর্ম্মণঃ (দুই পক্ষের ছয়পুরুষের নাম করিবে) আভ্যুদয়িক-শ্রাদ্ধে কর্ত্তব্যে ওঁ বসুসত্যয়ো-র্বিশ্বেষাং দেবানাং আভ্যুদয়িক-শ্রাদ্ধং দর্ভময়ব্রাহ্মণয়োরহং করিষ্যে।"

পিতৃপক্ষে দক্ষিণাবর্ত্তে আসিয়া, পূর্ব্বমুখ হইয়া জলগণ্ডূষ ব্রাহ্মণকে দিয়া,—"বিষ্ণুরোম্ অদ্যেত্যাদি অমুকদেবশর্ম্মণঃ শুভ-অমুককর্ম্মাভ্যুদয়ার্থং অমুক-গোত্রস্য নান্দীমুখস্য পিতুরমুকদেবশর্ম্মণঃ অমুকগোত্রস্য নান্দীমুখস্য পিতামহস্য অমুকদেবশর্ম্মণঃ অমুকগোত্রস্য নান্দীমুখস্য প্রপিতামহস্য অমুকদেবশর্ম্মণঃ আভ্যুদয়িকশ্রাদ্ধং দর্ভময়ব্রাহ্মণয়োরহং করিষ্যে।"

এইরূপে ব্রাহ্মণে জল দিয়া, 'অদ্যেত্যাদি' মন্ত্র বলিয়া মাতামহাদিত্রয়ের নাম করতঃ অনুজ্ঞা লইবে।

পরে গায়ত্রী পড়িয়া—"ওঁ দেবতাভ্যঃ পিতৃভ্যশ্চ মহাযোগিভ্য এব চ। নমঃ পুষ্ট্যৈ স্বাহায়ৈ নিত্যমেব ভবন্ত্বিতি॥" এই মন্ত্র তিনবার পড়িবে এবং গঙ্গামৃত্তিকাযুক্ত জল শ্রাদ্ধীয় দ্রব্যে ছিটা দিয়া,—"ওঁ রক্ষোঘ্নমুদকমসি যজ্ঞরক্ষাং কুরুষ" এই মন্ত্র পাঠ করিয়া ব্রাহ্মণের মস্তকস্থ পাত্রে রক্ষার্থ জল রাখিবে।

আসন দান—দেবব্রাহ্মণে জল দিয়া উহার দক্ষিণদিকে আসনার্থ একটী ত্রিপত্র রাখিয়া—"ওঁ বসুসত্যৌ বিশ্বেদেবা এতদ্বো দর্ভাসনং নমঃ" এই মন্ত্রপাঠ করিবে।

পিতৃপক্ষে ব্রাহ্মণকে জল দান করিয়া, বামদিকে একটী ত্রিপত্র রাখিয়া,—"ওঁ অমুকগোত্র নান্দীমুখ পিতরমুকদেবশর্ম্মন্নমুকগোত্র নান্দীমুখ পিতামহ অমুকদেবশর্ম্মন্নমুকগোত্র নান্দীমুখ প্রপিতামহ অমুকদেবশর্ম্মন্নেতত্তে দর্ভাসনং ওঁ যে চাত্র ত্বামনু যাংশ্চ ত্বমনু তস্মৈ তে নমঃ" এই বলিয়া উৎসর্গ করিবে।

মাতামহপক্ষেও এইরূপ গোত্রসম্বন্ধ নামোচ্চারণ করিয়া উৎসর্গ করিবে।

তৎপরে দৈবে,—"ওঁ বিশ্বান্ দেবানাবাহয়িষ্যে?" জিজ্ঞাসা করিয়া,—"ওঁ আবাহয়" (প্রতিবাক্য)। "ওঁ বিশ্বে দেবাস আগত" ইত্যাদি আবাহন মন্ত্র পড়িবে ও যব ছড়াইয়া দিবে এবং কৃতাঞ্জলি হইয়া,—"ওঁ বিশ্বে দেবাঃ শৃণুতেমং হবং"—এই মন্ত্র পাঠ করিবে।

অতঃপর যব লইয়া জল স্পর্শ করতঃ পিতৃপক্ষে—"ওঁ নান্দীমুখান্ পিতৄনাবাহয়িষ্যে?" জিজ্ঞাসা করিয়া,—"ওঁ আবাহয়" (অনুজ্ঞা লাভ করিয়া) "ওঁ এত নান্দীমুখাঃ পিতরঃ সোম্যাসো গম্ভীরেভিঃ—ইত্যাদি "আবহ নান্দীমুখান্ পিতন্ হবিষে অত্তবে" ইত্যন্ত দুইটী মন্ত্র পড়িয়া আবাহন করিয়া কৃতাঞ্জলি হইয়া,—"ওঁ আয়ান্তু নো নান্দীমুখাঃ পিতরঃ সোম্যাসোঽগ্নিষ্বাত্তাঃ পথিভির্দ্দেবযানৈঃ। অস্মিন্ যজ্ঞে পুষ্ট্যা মদন্তোঽধিব্রুবন্তু তেঽবন্ত্বস্মান্ ওঁ অপহতাসুরা রক্ষাংসি বেদিষদঃ" মন্ত্রে যব ছড়াইবে।

অর্ঘ্য।—দৈবাদিক্রমে, দৈবব্রাহ্মণ-নিকটে পশ্চিমাগ্রে কুশার উপর দুইটী এবং আপনার নিকটে পূর্ব্বাগ্রে কুশার উপর পিতৃপক্ষে তিনটী এবং তাহার দক্ষিণে মাতামহপক্ষে তিনটী সর্ব্বসমেত আটটী অর্ঘ্যপাত্র রাখিয়া—"ওঁ পবিত্রে স্থো বৈষ্ণব্যৌ, ওঁ বিষ্ণোর্ম্মনসা পূতে স্থঃ" মন্ত্রে একটু জলের ছিটা দিবে এবং এই ক্রমে স্থাপন করিবে।

পরে "ওঁ শন্নোদেবীরভিষ্টয়ে"—এই মন্ত্রে সকল পবিত্রের উপরই জল দিবে। দৈবে,—"ওঁ যবোঽসি যবয়াস্মদ্দ্বেষো" মন্ত্রে অর্ঘ্যপাত্রে যব দিবে। আবার যব লইয়া—"ওঁ যবোঽসি সোমদেবত্যো গোযবো দেবনির্ম্মিতঃ। প্রত্নমদ্ভিঃ পৃক্তঃ পুষ্ট্যা নান্দীমুখান্ পিতৄন্ লোকান্ প্রীণাহি নঃ স্বাহা।" এই মন্ত্র পাঠ করিয়া পিতৃপক্ষীয় প্রত্যেক পাত্রে যব দিবে।

পরে অমন্ত্রকগন্ধ-পুষ্প ও দূর্ব্বাদি দিয়া অর্ঘ্য সজ্জিত করিয়া এক এক গাছা

কুশ দ্বারা ঢাকিয়া দেবে—"ওঁ অচ্ছিদ্রেঽর্ঘ্যপাত্রে স্তাম্"; পিতৃপক্ষে—"ওঁ অচ্ছিদ্রাণ্যর্ঘ্যপাত্রাণি সন্তু।" মাতামহপক্ষেও এই মন্ত্র বলিয়া অর্ঘ্যপাত্রের উপরিস্থ কুশাত্রয় বামপার্শ্বে প্রক্ষেপ করিবে। "ব্রাহ্মণহস্তে পবিত্রম্" বলিয়া দেবব্রাহ্মণহস্তে পূর্ব্বাগ্রে দুইটী পবিত্র দিয়া জলান্তর দিবে এবং এতে গন্ধপুষ্পে ওঁ শিরঃ প্রভৃতি সর্ব্বগাত্রেভ্যো নমঃ—বলিয়া ব্রাহ্মণকে পূজা করিবে।

অতঃপর বামহস্তে দৈব অর্ঘ্যপাত্র দুইটী উপরি উপরি করতঃ উঠাইয়া লইবে এবং "ওঁ যা দিব্যা" ইত্যাদি পাঠ করিয়া মাটিতে রাখিয়া ধরিয়া,—"ওঁ বসুসত্যৌ বিশ্বেদেবা এতে বোঽর্ঘ্যো নমঃ" বলিয়া উৎসর্গ করতঃ অর্ঘ্য দৈবপক্ষীয় ব্রাহ্মণকে দিবে।

তৎপরে পিতৃব্রাহ্মণের হাতে উত্তরাগ্র তিনটী পবিত্র ও জলান্তর এবং পুষ্পান্তর দিয়া "ওঁ যা দিব্যা" মন্ত্র পড়িয়া ত্রিপত্রযুক্ত অর্ঘ্য লইয়া "ওঁ অমুকগোত্র নান্দীমুখ পিতরমুকদেবশর্ম্মন্নেতত্তেঽর্ঘ্যং, ওঁ যে চাত্র ত্বামনু যাংশ্চ ত্বমনু তস্মৈ তে নমঃ" এই মন্ত্রে একটী অর্ঘ্য দিবে। পিতামহ, প্রপিতামহকেও 'ওঁ যা দিব্যা' মন্ত্রে পৃথক্ পৃথক্ অর্ঘ্য উৎসর্গ করিবে। মাতামহপক্ষেও পবিত্রদান জলান্তর ও পুষ্পান্তর দিয়া, "ওঁ যা দিব্যা" মন্ত্রপাঠপূর্ব্বক পৃথক্ পৃথক্ উৎসর্গ করিবে।

অতঃপর আপনার বামদিকে একটী কুশ রাখিয়া, পিতামহাদি পঞ্চ-পাত্রের অর্ঘ্যাবশিষ্ট জল পিতৃপাত্রে একত্রে রাখিয়া, প্রপিতামহ-পাত্র দ্বারা আবৃত করিয়া বামপার্শ্বস্থ কুশার উপর রাখিবে।—মন্ত্র,—"ওঁ নান্দীমুখেভ্যঃ পিতৃভ্যঃ স্থানমসি।"

গন্ধাদিদান।—দৈবে দুই যোড়া বস্ত্রের উপর তুলসী করিয়া চন্দন ও পুষ্প রাখিবে ও ধূপ দীপ জ্বালিয়া বস্ত্র লইয়া,—"ওঁ বসুসত্যৌ বিশ্বেদেবা এতানি বো গন্ধপুষ্পধূপদীপাচ্ছাদনানি নমঃ" এই বলিয়া উৎসর্গ করতঃ "ওঁ এষ বো গন্ধঃ, ওঁ এতদ্বঃ পুষ্পং, ওঁ এষ বো ধূপঃ, ওঁ এষ বো দীপঃ, ওঁ এতদ্বঃ আচ্ছাদনম্।" এই মন্ত্রে সকল দ্রব্যই ঐ পক্ষীয় ব্রাহ্মণকে দিবে। পিতৃপক্ষে ঐরূপ তিন যোড়া বস্ত্রাদি ধরিয়া "অমুকগোত্র নান্দীমুখ পিতরমুক দেবশর্ম্মন্নমুক-গোত্র নান্দীমুখ পিতামহ অমুকদেবশর্ম্মন্নমুকগোত্র নান্দীমুখ প্রপিতামহ অমুক-দেবশর্ম্মন্নেতানি তে গন্ধপুষ্প-ধূপদীপাচ্ছাদনানি, ওঁ যে চাত্র ত্বামনু যাংশ্চ ত্বমনু তস্মৈ তে নমঃ" এই মন্ত্রে উৎসর্গ করিবে ও 'এষ তে গন্ধঃ'—এই ক্রমে দিবে। মাতামহপক্ষেও এইরূপ তিন যোড়া বস্ত্রাদি লইয়া গোত্র সম্বন্ধ নামোল্লেখ করতঃ উৎসর্গ করিবে।

অন্নদান।—দৈবাদিক্রমে ব্রাহ্মণ নিকটস্থ পবিত্রস্থানে ঈশান কোণ হইতে দক্ষিণাবর্ত্তে জলধারা মণ্ডল করিয়া, তিনটী ভোজনপাত্র যথাক্রমে রাখিবে।

সঘৃত অন্ন লইয়া, দৈব ও পৈত্র ব্রাহ্মণের মধ্যে রক্ষিত পাত্রস্থিত জলে পরবর্ত্তী মন্ত্রে হোম করিবে—"ওঁ অগ্নৌ করিষ্যামি" ("ওঁ কুরুষ্ব" প্রতিবাক্য) "ওঁ স্বাহা" আহুতি দিয়া,—"ওঁ সোমায় পিতৃমতে" বলিবে। "ওঁ স্বাহা" আবার আহুতি দিয়া,—"ওঁ অগ্নয়ে কব্যবাহনায়" বলিবে। আরও দুইবার অমন্ত্রক হোম করিয়া, দৈবপাত্রে দুইবার, পিতৃ ও মাতামহপক্ষীয় পাত্রে তিনবার করিয়া অমন্ত্রক অন্ন দিবে। পিণ্ডার্থ হুতশেষ রাখিবে।

দৈবাদিক্রমে অন্নপাত্র তিনটীর প্রত্যেকের উপর হস্তদ্বয় ঢাকিয়া "ওঁ পৃথিবী তে পাত্রম্"—ইত্যাদি মন্ত্র পাঠ করিবে। পরে সোপকরণ অন্নাদি দৈবাদিপাত্র-ক্রমে পরিবেশন করিয়া, জলের ছিটা দিয়া প্রোক্ষণ করতঃ "ওঁ বিষ্ণো হব্যমিদং রক্ষ মদীয়ম্" বলিবে, পিতৃপক্ষে,—ওঁ বিষ্ণো কব্যং রক্ষ" অথবা তিন পক্ষেই —"ওঁ ইদং বিষ্ণুর্ব্বি চক্রমে ত্রেধা নি দধে পদং। সমূঢ়মস্য পাংসুলে ইদং হবিঃ" বলিয়া অন্নে অধোমুখ হস্তের অঙ্গুষ্ঠ মধ্যদেশ রাখিবে। মাতামহপক্ষেও ঐরূপ।

অতঃপর দৈবে, অমন্ত্রক এবং পিতৃপক্ষে,—"ওঁ অপহতাসুরা রক্ষাংসি বেদিষদঃ"। এই মন্ত্রে অন্নের উপর যব ছড়াইবে। দৈব-অন্নে মধু দিয়া গায়ত্রী পাঠ করতঃ "ওঁ মধু ওঁ মধু ওঁ মধু" এই মাত্র বলিয়া অন্নের উপর ত্রিপত্র যব ও তুলসী দিয়া, উত্তরমুখ হইয়া অন্বারব্ধ বামহস্ত দ্বারা অন্নপাত্র ধরিবে ও—"ওঁ বসুসত্যৌ বিশ্বেদেবা এতদ্বোঽন্নং সোপকরণং সযবোদকং নমঃ" মন্ত্রে অন্ন উৎসর্গপূর্ব্বক "ওঁ ইদমন্নং ইমা আপঃ"—এই মন্ত্র পাঠ করিবে।

তৎপরে পিতৃপক্ষে গায়ত্রী পড়িয়া "ওঁ মধু" তিনবার বলিয়া, যব ত্রিপত্র ও তুলসী দিয়া অন্নপাত্র ধরিয়া "ওঁ অমুকগোত্র নান্দীমুখ পিতরমুকদেবশর্ম্মন্নমুক-গোত্রনান্দীমুখ পিতামহ অমুকদেবশর্ম্মন্নমুকগোত্র নান্দীমুখ প্রপিতামহ অমুক-দেবশর্ম্মন্নেতত্তেঽন্নং সোপকরণং সযবোদকং ওঁ যে চাত্র ত্বামনু যাংশ্চ ত্বমনু তস্মৈ তে নমঃ।" 'ওঁ ইদমন্নং'—ইত্যাদি পড়িবে। মাতামহপক্ষেও ঐরূপ।

পরে, দৈবাদিক্রমে প্রত্যেককে জল দিয়া, গায়ত্রী পড়িয়া, "ওঁ মধু ওঁ মধু ওঁ মধু "ওঁ অন্নহীনং ক্রিয়াহীন"—এই মন্ত্র বলিবে। পুনরায় গায়ত্রী ও ওঁ মধু ওঁ মধু ওঁ মধু "যজ্ঞেশ্বরোহব্য"—ইত্যাদি শ্রাব্যমন্ত্র পাঠ করিবে। অনন্তর ব্যঞ্জন, ঘৃত, দধি, যব ও বদরযুক্ত পিণ্ড মাখিবে।

পরে, পিতৃব্রাহ্মণের ডানদিকে কতিপয় পূর্ব্বাগ্র কুশা রাখিয়া,—"ওঁ

অগ্নিদগ্ধাশ্চ যে জীবা” ইত্যাদি দুইটী মন্ত্র পাঠ করতঃ যব, তুলসী, ত্রিপত্র ও জলের সহিত একটী পিণ্ডদান করিবে। “ওঁ সম্পন্নম্” এইটী জিজ্ঞাসা করিবে (“ওঁ সুসম্পন্নম্” প্রত্যুত্তর)।

পরে হস্তধৌত, আচমন এবং দক্ষিণ কর্ণ স্পর্শ করিয়া ব্রাহ্মণদিগকে জল দিয়া, গায়ত্রী ও ওঁ মধু ওঁ মধু ওঁ মধু মন্ত্র পাঠ করিবে।

“ওঁ শেষমন্নং ক দেয়ং” জিজ্ঞাসা করিবে। (“ওঁ ইষ্টেভ্যো দীয়তাম্”) প্রতিবাক্য। “ওঁ পিণ্ডদানমহং করিষ্যে” জিজ্ঞাসা করিবে। (“ওঁ কুরুষ”) প্রতিবাক্য। তৎপরে পূর্ব্বমুখ কর্ত্তার সমীপে “ওঁ নিহন্মি সর্ব্বং” মন্ত্রে ঈশানকোণের নিকটে কোন স্থানে দক্ষিণাবর্ত্তে ঐশানীক্রমে পূর্ব্বাগ্র মণ্ডল তিনটী এবং তদ্দক্ষিণে অগ্নিকোণ নিকটস্থ স্থানে ঐরূপ অপর তিনটী মণ্ডল করিয়া—“ওঁ অপহতাসুরা রক্ষাংসি বেদিষদঃ” “ওঁ নিহন্মি সর্ব্বং”—ইত্যাদি মন্ত্রে ঐ মণ্ডল মধ্যে পবিত্র দ্বারা পূর্ব্বাগ্র রেখা অঙ্কিত করিয়া, কুশা উত্তরদিকে ফেলিবে।

পরে ঐ ছয় মণ্ডলের উপর প্রাগগ্র কতকগুলি কুশা ছড়াইয়া—“ওঁ দেবতাভ্যঃ পিতৃভ্যঃ” মন্ত্র তিনবার পড়িবে।

“এত নান্দীমুখাঃ পিতরঃ সোম্যাসো” এই মন্ত্রে আবাহন করিয়া, আস্তৃত কুশার উপর যব ছড়াইবে।

আস্তৃত কুশার মূলদেশে দৈবী-রীতিক্রমে, ধরিয়া পরবর্ত্তী মন্ত্রে জল দিবে—“ওঁ অমুকগোত্র নান্দীমুখ পিতরমুকদেবশর্ম্মন্নবনেনিক্ষ ওঁ যে চাত্র ত্বামনু যাংশ্চ ত্বমনু তস্মৈ তে নমঃ।

এইরূপে পিতামহাদি পঞ্চকের প্রত্যেকের গোত্র সম্বন্ধ ও নামোচ্চারণ পূর্ব্বক আস্তৃত কুশার মূল, মধ্য ও অগ্রদেশ ধারণ করিয়া ঐ ঐ স্থানে ভিন্ন ভিন্ন সযব জল দিবে।

পরে ত্রিপত্র, তুলসী এবং ঘৃত-যবযুক্ত হুতশেষ মিশ্রিত পিণ্ড লইয়া কেবল “ওঁ মধু ওঁ মধু ওঁ মধু”—এবং “ওঁ অক্ষন্নমীমদন্ত”—ইত্যাদি মন্ত্র পাঠ করিয়া পূর্ব্বমুখ হইয়া দৈবতীর্থ দ্বারা,—“অমুকগোত্র নান্দীমুখ পিতরমুকদেবশর্ম্মন্নেষ তে সযবোদকপিণ্ডঃ ওঁ যে চাত্র ত্বামনু যাংশ্চ ত্বমনু তস্মৈ তে নমঃ” এই ক্রমে ওঁ মধু ওঁ মধু ওঁ মধু—এবং ওঁ অক্ষন্নমী মন্ত্র পড়িয়া আস্তৃত কুশার মূল, মধ্য ও অগ্রদেশে এক এক করিয়া উভয়পক্ষে পরস্পর ঈষৎ সংলগ্ন করিয়া ছয়টী পিণ্ডদান করিবে।

পিতৃপক্ষীয় আস্তৃত কুশার মূলে, “ওঁ লেপভুজো নান্দীমুখাঃ পিতরঃ প্রীয়ন্তাম্” এই মন্ত্রে হস্তঘর্ষণ করিয়া দিবে।

পরে আচমনপূর্ব্বক পিণ্ডপাত্র-ধৌত জল লইয়া—"ওঁ অমুকগোত্র নান্দীমুখ পিতরমুকদেবশর্ম্মন্নবনেনিক্ষ্ব ওঁ যে চাত্র ত্বামনু যাংশ্চ ত্বমনু তস্মৈ তে নমঃ" এই মন্ত্রে পিণ্ডের উপর জল দিবে। পিতামহাদি-পঞ্চকেও এই ক্রমে গোত্র সম্বন্ধ ও নাম করতঃ ভিন্ন ভিন্ন জল দিবে।

"ওঁ অত্র নান্দীমুখাঃ পিতরো মাদয়ধ্বং যথাভাগমাবৃষায়ধ্বং ওঁ অমীমদন্ত নান্দীমুখাঃ পিতরো যথাভাগমাবৃষায়িষত।" এই মন্ত্রে বামাবর্ত্তে মস্তকের উপর যুক্তহস্ত ঘুরাইবে।

তৎপরে বদ্ধাঞ্জলি হইয়া পরবর্ত্তী মন্ত্রে প্রণাম করিবে,—"ওঁ নমো বো নান্দীমুখাঃ পিতরো নমো বঃ। ওঁ গৃহান্নো নান্দীমুখাঃ পিতরো দত্ত। ওঁ সদো বো নান্দীমুখাঃ পিতরো দেশ্ম।"

পরে, "ওঁ এতদ্বো নান্দীমুখাঃ পিতরো বাসঃ" এই মন্ত্রে প্রত্যেক পিণ্ডের উপর সূত্র দিয়া ধরিয়া,—"ওঁ অমুকগোত্র নান্দীমুখ পিতরমুকদেবশর্ম্মন্নেতত্তে বাসঃ ওঁ চাত্র ত্বামনু যাংশ্চ ত্বমনু তস্মৈ তে নমঃ।" এই ক্রমে পিতামহাদি-পঞ্চকেও ভিন্ন ভিন্ন সূত্র দিবে।

অনন্তর পিণ্ডের উপর গন্ধ পুষ্প ও তাম্বুল দিয়া তেজোময় পিতৃমূর্ত্তি চিন্তা পূর্ব্বক বদ্ধাঞ্জলি হইয়া "ওঁ বসন্তায় নমস্তভ্যং" ইত্যাদি মন্ত্র পাঠ করিবে।

তৎপরে, "ওঁ সুসুপ্রোক্ষিতমস্ত্ত" (সর্ব্বত্র 'ওঁ অস্তু' প্রতিবাক্য) এই মন্ত্রে মাটিতে জল দিয়া, "ওঁ শিবা আপঃ সন্তু" ('ওঁ সন্তু' প্রতিবাক্য) মন্ত্রে ব্রাহ্মণকে জল দিবে এবং "ওঁ অক্ষতঞ্চারিষ্টঞ্চাস্তু" ('ওঁ অস্তু' প্রতিবাক্য) মন্ত্রে ব্রাহ্মণকে দূর্ব্বা সহ যব দিবে।

নিকটস্থ পাত্র হইতে ঘৃতযুক্ত জল লইয়া,—"ওঁ অদ্যেত্যাদি—অমুক-গোত্রস্য নান্দীমুখস্য পিতুরমুকদেবশর্ম্মণঃ কৃতেঽস্মিন্ শ্রাদ্ধে দত্তমিদমন্নপানাদিক-মক্ষয্যমস্তু" বলিয়া ঐ পক্ষীয় ব্রাহ্মণকে দিবে। এই ক্রমে পিতামহাদি পঞ্চকেও গোত্র, সম্বন্ধ ও নাম বলিয়া ঐ পাত্র হইতে পৃথক্ পৃথক্ জল দিবে।

"ওঁ অঘোরা নান্দীমুখাঃ পিতরঃ সন্তু" ('ওঁ সন্তু' প্রতিবাক্য)। "ওঁ গোত্রং নো বর্দ্ধতাং" ('ওঁ বর্দ্ধতাং' প্রতিবাক্য)। পরে পিত্রাদিক্রমে পবিত্র ও কুশা প্রতি পিণ্ডের উপর দিয়া দেবপক্ষে,—"ওঁ নান্দীমুখাঃ পিতর প্রীয়ন্তাম্" ('ওঁ প্রীয়ন্তাং') প্রতিবাক্য বলিলে, পিতৃপক্ষে—"ওঁ নান্দীমুখেভ্যঃ পিতৃভ্যঃ প্রীয়ন্তাং, ওঁ নান্দী-মুখেভ্যঃ পিতামহেভ্যঃ প্রীয়ন্তাং, ওঁ নান্দীমুখেভ্যঃ প্রপিতামহেভ্যঃ প্রীয়ন্তাং" বলিবে। মাতামহপক্ষেও এইরূপ বলিবে। সর্ব্বত্র 'ওঁ প্রীয়ন্তাং' প্রতিবাক্য বলিবে।

পরে সেই উভয়পক্ষীয় সপবিত্রকুশাবৃত পিণ্ডের উপর "ওঁ উর্জ্জং বহন্তী"—এই মন্ত্রে অঞ্জলি করিয়া জল দিয়া তর্পণ করিবে এবং বামপার্শ্বস্থ ন্যুব্জ পাত্র খুলিবে।

দক্ষিণান্ত পিতৃপক্ষে,—"ওঁ অদ্যেত্যাদি অমুকগোত্রস্য নান্দীমুখস্য পিতুরমুকদেবশর্ম্মণঃ অমুকগোত্রস্য নান্দীমুখস্য পিতামহস্য অমুকদেবশর্ম্মণঃ অমুকগোত্রস্য নান্দীমুখস্য প্রপিতামহস্য অমুকদেবশর্ম্মণঃ কৃতৈতৎ আভ্যুদয়িকশ্রাদ্ধকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং দ্রাক্ষামলক-যব-মূলকমূল্যং শ্রীবিষ্ণুদৈবতং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং দদানি।" মাতামহপক্ষেও এইরূপ হইবে।

দৈবে,—"অদ্যেত্যাদি (ষট্‌পুরুষের নাম করিয়া) আভ্যুদয়িকশ্রাদ্ধে কৃতে ওঁ বসুসত্যয়োর্ব্বিশ্বেষাং দেবানাং কৃতৈতদাভ্যুদয়িকশ্রাদ্ধকর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং শ্রীবিষ্ণুদৈবতং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং দদানি।"

দৈবব্রাহ্মণে একটু জল দান করিয়া বলিবে,—"ওঁ বিশ্বেদেবাঃ প্রীয়ন্তাং" ("ওঁ প্রীয়ন্তাং" প্রত্যুত্তর)।

কৃতাঞ্জলি পূর্ব্বমুখ হইয়া "ওঁ দাতারো নোঽভিবর্দ্ধন্তাম্"—এই মন্ত্র পাঠ করিয়া, আঘ্রাতপুষ্প মস্তকে রাখিবে—"ওঁ দেবতাভ্যঃ পিতৃভ্যশ্চ" এই মন্ত্র তিনবার পড়িবে। "ওঁ বাজে বাজেঽবত বাজিনো"—এই মন্ত্রে অগ্রে পিতৃপক্ষীয় পরে মাতামহপক্ষীয় ব্রাহ্মণদিগকে ত্রিপত্র দ্বারা স্পর্শ করিয়া বিসর্জ্জন করিবে ও তৎপরে বিসর্জ্জন দিবে।

"ওঁ আ মা বাজস্য"—ইত্যাদি মন্ত্র পড়িয়া, কৃতাঞ্জলি হইয়া জলধারা দ্বারা কুশময় ব্রাহ্মণদিগকে দক্ষিণাবর্ত্তে বেষ্টন করিবে।

পরে "ওঁ পিতা স্বর্গঃ পিতা ধর্ম্মঃ"—মন্ত্রে প্রণাম করিয়া—"ওঁ যেষাং শ্রাদ্ধং কৃতং তেষামক্ষয়ায়ৈ তৃপ্তয়ে পাত্রীয়ান্নং জলে সমর্পয়ামি, পিণ্ডানপি সমর্পয়ামি।"

পরে "মহাবামদেব্যঋষি"—মন্ত্রে শান্তিদান করিয়া অচ্ছিদ্রাবধারণ এবং বৈগুণ্য শেষ করিবে।

আভ্যুদয়িকশ্রাদ্ধান্তে সন্ধ্যা এবং দানাদি অষ্টকার্য্যকরণে নিষেধ নাই।

পিণ্ডহীন আভ্যুদয়িক।

অশক্ততা নিবন্ধন যদি কেহ সম্পূর্ণ আভ্যুদয়িক করিতে না পারে, তবে শ্রাদ্ধ-তত্ত্বোক্ত পিণ্ডরহিত শ্রাদ্ধও করিতে পারে।

পূর্ব্বোক্ত অধিবাসাদির পরে বাস্তুপুরুষাদির পূজা হইতে আসনদানান্ত কার্য্য

করিয়া গন্ধাদি দান করিয়া অন্নপরিবেশন হইতে 'ওঁ অন্নহীনং ক্রিয়াহীনং'— মন্ত্রান্ত পর্য্যন্ত কার্য্য করিবে। পরে পিতৃপক্ষীয় দক্ষিণান্ত হইতে অবশিষ্ট কার্য্য গুলি করিতে হইবে।

শ্রাদ্ধানুকল্প-ভোজ্যোৎসর্গ।

পূর্ব্বোক্ত প্রকারে পিণ্ডহীন আভ্যুদয়িক করিতেও সমর্থ না হইলে, অভাবতঃ পিত্রাদির উদ্দেশে ভোজ্যোৎসর্গ করিয়াও ব্রাহ্মণকে দান করিবে।

প্রকরণ যথা—অর্চ্চনাদি করিয়া, "অদ্যেত্যাদি অমুকতিথৌ অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণোঽমুককর্ম্মাভ্যুদয়ার্থং অমুকগোত্রস্য নান্দীমুখস্য পিতুরমুক-দেবশর্ম্মণঃ (ষট্‌পুরুষের নাম করিয়া) আভ্যুদয়িকশ্রাদ্ধানুকল্পভোজ্যোৎসর্গ-বাসরে (পুনশ্চ পূর্ব্ববৎ ষট্‌পুরুষের নাম করিয়া) অক্ষয়স্বর্গকাম ইদং আভ্যু-দয়িকশ্রাদ্ধানুকল্পসঘৃতোপকরণামান্নভোজ্যমর্চ্চিতং শ্রীবিষ্ণুদৈবতং যথাসম্ভব-গোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং দদানি।"

স্ত্রীদিগের মুখ্য নান্দীমুখশ্রাদ্ধে অধিকার নাই, সুতরাং অনুকল্পও নাই, কিন্তু তাঁহারা তীর্থাদি প্রত্যাগত হইয়া পিতৃ উদ্দেশে ভোজ্যোৎসর্গাদি করিয়া থাকেন, উহাও সাধারণ ভোজ্যোৎসর্গের ন্যায়,—"অদ্যেত্যাদি—অমুকতিথৌ অমুকগোত্রস্য পিতুরমুকদেবশর্ম্মণোঽক্ষয়স্বর্গকামা ইদং সোপকরণামান্ন-ভোজ্যমর্চ্চিতং ইত্যাদি।"

সপিণ্ডীকরণ-শ্রাদ্ধ।

সপিণ্ডীকরণের জন্য খোলা-কুশাদি অর্থাৎ সপিণ্ডীকরণে ব্রাহ্মণ পবিত্র পাঁচটী, হস্তকুশ আটটা, মোটক পাঁচগণ্ডা, ত্রিপত্র পাঁচটা, লম্বা কুশা দুই গাছা ও আস্তরণার্থ প্রাদেশ-প্রমাণ কুশা লাগিবে। ডোঙ্গা প্রায় পাঁচ গণ্ডা, ব্রাহ্মণের আসন ছয় খানা, থালি প্রায় আটখানা ও পুষ্পপাত্র দুইখানা প্রস্তুত করিয়া, নিত্যকর্ম্ম সমাধা করতঃ মাসিকের এবং সপিণ্ডীকরণের জন্য নিরামিষ অন্ন (প্রেতের জন্য দগ্ধমৎস্য) ভিন্ন ভিন্ন পাত্রে পাক করিয়া ভিন্ন ভিন্ন স্থানে রাখিবে।

অন্ন বাস্তুপুরুষাদির নিমিত্ত পিতৃপক্ষে ও প্রেতপক্ষে চারি চারি ভাগ দুই স্থানে রাখিবে। প্রেতপক্ষের অন্ন হইতেই প্রেতপক্ষীয় পিণ্ডাদি দিবে।

মাসিক করিবার পূর্ব্বে মাসিকের ভোজ্যাদি উৎসর্গ করিয়া সপিণ্ডীকরণের ভোজ্য তিনভাগ করিয়া, পিতামহাদির উদ্দেশে দিবে। পরে তৈজসাধার-সবস্ত্র ভোজ্যাদি প্রেতের স্বর্গ উদ্দেশে উৎসর্গ করিবে। এই সময়ে সপিণ্ডী-করণার্থ বাস্তুপুরুষাদির জন্য আটটী ভোজ্য সাজাইবে।

পিতৃপক্ষীয় ভোজ্যোৎসর্গ।—কর্ত্তা পূর্ব্বমুখ হইয়া, ভোজ্য তিনটী লইয়া "অদ্যামুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রস্য প্রেতস্য অমুক-দেবশর্ম্মণঃ সপিণ্ডীকরণার্থং অমুকগোত্রস্য পিতামহস্য অমুকদেবশর্ম্মণঃ (ইত্যাদি ক্রমে তিন পুরুষের নাম করিবে) পার্ব্বণবিধিকশ্রাদ্ধবাসরে অমুকগোত্রস্য পিতামহস্য অমুকদেবশর্ম্মণঃ (ইত্যাদি ক্রমে পুনশ্চ তিন পুরুষের নাম করিবে) অক্ষয়স্বর্গকাম ইদং সঘৃতোপকরণামান্নভোজ্যমর্চ্চিতং শ্রীবিষ্ণুদৈবতং যথাসম্ভব-গোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং দদানি।"

প্রেতের ভোজ্য ধরিয়া,—"অদ্যেত্যাদি অমুকগোত্রস্য প্রেতস্য অমুক-দেবশর্ম্মণঃ সপিণ্ডীকরণৈকোদ্দিষ্টশ্রাদ্ধবাসরে, অমুকগোত্রস্য প্রেতস্য অমুকদেব-শর্ম্মণোঽক্ষয়স্বর্গকাম ইদং তৈজসাধার-সবস্ত্র সোপকরণং ইত্যাদি"—

পরে শেষমাসিক করণানন্তর পার্ব্বণোক্ত স্থানে নারায়ণ নিকটে বসিয়া দক্ষিণমুখে কর্ত্তার দক্ষিণহস্তের নিকট পশ্চিমাগ্র করিয়া দৈবব্রাহ্মণ দুইটীর আসনদ্বয় ও শ্রাদ্ধকর্ত্তার সম্মুখে দক্ষিণাগ্র করিয়া পিতামহাদি ব্রাহ্মণত্রয়ের আসনত্রয় এবং পিতৃপক্ষের নিকটে অগ্নিকোণ সমীপে প্রেতপক্ষীয় ব্রাহ্মণের আসন একখানি দক্ষিণাগ্র রাখিবে।

দেবপক্ষীয় আসনে ত্রিপত্র এবং পিতৃপক্ষীয় আসনে মোটক ও প্রেত পক্ষীয় আসনে মোটক এবং সর্ব্বত্র একগাছি প্রাদেশ-প্রমাণ কুশা দিবে। ছয় আসনেই তাম্বুল দিতে হইবে। আসনের উপরে জলপূর্ণ তিনটী পাত্র রাখিয়া তাহার উপরি যথাক্রমে উপকরণ পাত্র তিনভাগে তিনপক্ষে রাখিবে এবং তিনপক্ষেই আসনসমীপে জলপাত্র রাখিবে। প্রেতপক্ষীয় জলপাত্রে স্বতন্ত্র হস্তকুশ রাখিবে।

স্বীয় বামে প্রেত ও পিতৃপক্ষের মধ্যভাগে একটী জলের স্বতন্ত্র রেখা দিয়া তাহার উপর লম্বমান কুশ রাখিয়া পৃথক্ করতঃ ঐ স্থানে ত্রিপত্রযুক্ত একটী জলপাত্র রাখিবে।

পরে আচমন করিয়া, গণেশাদিকে গন্ধপুষ্প দিয়া পিতৃপক্ষে বাস্তুপুরুষাদির পূজা করিয়া প্রেতপক্ষে বাস্তুপুরুষাদির পূজা ও ভোজ্য দিবে।

দৈবপক্ষ-সমীপে ব্রাহ্মণপঞ্চকের স্নান-পূজা সমাপন করিয়া, আপন আপন আসনে রাখিয়া, প্রেতপক্ষীয় ব্রাহ্মণের স্নান-পূজা সমাপন করিবে॥

অগ্রে দৈবপক্ষের কার্য্য, পরে পিতৃপক্ষের কার্য্য, অবশেষে প্রেতপক্ষের কার্য্য করিবে।

দৈবপক্ষে ব্রাহ্মণে জল দিয়া—"অদ্যামুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রস্য প্রেতস্য অমুকদেবশর্ম্মণঃ সপিণ্ডীকরণার্থং অমুকগোত্রস্য পিতামহস্য অমুকদেবশর্ম্মণঃ (তিন পুরুষের নাম করিবে) পার্ব্বণবিধিকশ্রাদ্ধে কর্ত্তব্যে, ওঁ পুরূরবোমাদ্রবসোর্বিশ্বেষাং দেবানাং পার্ব্বণবিধিকশ্রাদ্ধং দর্ভময়ব্রাহ্মণয়ো-রহং করিষ্যে।"

পিতামহাদিপক্ষে ব্রাহ্মণে জল দিয়া—"অদ্যেতাদি অমুকগোত্রস্য প্রেতস্য অমুকদেবশর্ম্মণঃ সপিণ্ডীকরণার্থং অমুকগোত্রস্য পিতামহস্য অমুকদেবশর্ম্মণঃ (তিন পুরুষের নাম করিবে) পার্ব্বণবিধিকশ্রাদ্ধং দর্ভময়ব্রাহ্মণেষ্বহং করিষ্যে।"

প্রেতপক্ষে ব্রাহ্মণে জল দিয়া—"অদ্যেত্যাদি অমুকগোত্রস্য প্রেতস্য অমুকদেবশর্ম্মণঃ সপিণ্ডীকরণৈকোদ্দিষ্ট-শ্রাদ্ধং দর্ভময়ব্রাহ্মণেঽহং করিষ্যে।" সর্ব্বত্র "ওঁ কুরুষ্ব" প্রতিবাক্য।

পরে দৈবাদিক্রমে গায়ত্রী ও "দেবতাভ্যঃ"—মন্ত্র পড়িবে এবং গঙ্গামৃত্তিকা জলে গুলিয়া ঐ জল উপকরণাদিতে ছিটাইয়া রক্ষার্থ জল রাখিবে।

প্রেতপক্ষ হইতে দৈবপক্ষে আসিবার সময় প্রতিবারে প্রেতপক্ষীয় জল-পাত্রে হস্তকুশ খুলিবেন। রেখার উপর রক্ষিত জল ত্রিপত্র দ্বারা মস্তকে দিয়া বিষ্ণু স্মরণ করিবেন। পিতৃপক্ষের কার্য্য পার্ব্বণ বিধানে ও প্রেতপক্ষের মাসিক কার্য্য একোদ্দিষ্ট শ্রাদ্ধের বিধানে করিবে।

পরে দৈবপক্ষের ব্রাহ্মণে জল দিয়া—"ওঁ পুরূরবোমাদ্রবসৌ বিশ্বেদেবা এতে বো দর্ভাসনে নমঃ" বলিয়া সরল কুশত্রয় দেবব্রাহ্মণের দক্ষিণ পার্শ্বে দিবে।

পিতামহাদিপক্ষের ব্রাহ্মণ হস্তে জল দিয়া দর্ভাসন ধরিয়া, "ওঁ অমুক-গোত্র পিতামহ অমুকদেবশর্ম্মন্নমুকগোত্র প্রপিতামহ অমুকদেবশর্ম্মন্নমুকগোত্র বৃদ্ধপ্রপিতামহ অমুকদেবশর্ম্মন্নেতত্তে দর্ভাসনং ওঁ যে চাত্র ত্বামনু যাংশ্চ ত্বমনু তস্মৈ তে স্বধা" বলিয়া পিতামহাদিপক্ষীয় ব্রাহ্মণের বামপার্শ্বে মোটক দিবে।

প্রেতপক্ষের ব্রাহ্মণ-হস্তে জল দানানন্তর দর্ভাসন ধরিয়া,—"অমুকগোত্র প্রেত অমুকদেবশর্ম্মন্নেতত্তে দর্ভাসনং স্বধা" এই মন্ত্র পাঠ করিয়া মোটক প্রেত-পক্ষীয় ব্রাহ্মণের বামপার্শ্বে দিবে। সর্ব্ব দ্রব্যই এইরূপে উৎসর্গ করিবে।

পরে দৈবাদিক্রমে—"ওঁ বিশ্বান্ দেবান্ আবাহয়িষ্যে" ইত্যাদি মন্ত্রে যব দ্বারা আবাহন করিবে। পিতৃপক্ষে,—"ওঁ পিতৄন্ আবাহয়িষ্যে" ইত্যাদি মন্ত্রে তিল দ্বারা আবাহন করিবে। প্রেতপক্ষে—"ওঁ অপহতাসুরা রক্ষাংসি বেদিষদঃ" এই মন্ত্রে তিল দ্বারা আবাহন করিবে। পরে অর্ঘ্যপাত্র দৈবে দুইটী পিতৃপক্ষে তিনটী এবং প্রেতপক্ষে একটী জল, রেখার উপর এক একগাছি কুশার উপরে উপর্য্যধঃক্রমে রাখিবে। পরে দৈবাদিক্রমে "ওঁ পবিত্রে স্থো বৈষ্ণব্যৌ" মন্ত্রে পবিত্র ছেদন করিয়া—"ওঁ বিষ্ণোর্মনসা পূতে স্থঃ" এই মন্ত্র পড়িয়া জলের ছিটা দিয়া, পাঁচটী পাত্রে রাখিবে।

প্রেতপক্ষে যাইয়া, "ওঁ পবিত্রাসি বৈষ্ণবী" মন্ত্রে পবিত্র ছেদন করিয়া "ওঁ বিষ্ণোর্মনসা পূতমসি" মন্ত্রে পবিত্র অর্ঘ্যপাত্রের উপর দক্ষিণাগ্র করিয়া রাখিবে। প্রতি পাত্রের উপর, "ওঁ শন্নো দেবী"—ইত্যাদি মন্ত্রে জল দিবে।

দৈবে—"ওঁ যবোঽসি"—মন্ত্রে যব দিয়া, পিতামহাদি পাত্রে "ওঁ তিলোঽসি সোম দৈবত্যো" মন্ত্রে তিল দিবে। প্রেতপক্ষেও এই মন্ত্রে তিল দিবে। কেবল "পিতন লোকান্" এই স্থলে "প্রেতান্ লোকান্" বলিবে। এই মাত্র বিশেষ।

তৎপরে, দৈব হইতে আরম্ভ করিয়া অর্ঘ্যপাত্রে অমন্ত্রক গন্ধ পুষ্পাদি দ্বারা অর্ঘ্য সাজাইবে। দৈবে কুশদ্বারা, "ওঁ অচ্ছিদ্রে ইমে অর্ঘ্যপাত্রে স্তাং" এই মন্ত্রে অর্ঘ্যপাত্রদ্বয় ঢাকিবে। পিতৃপক্ষে—"ওঁ অচ্ছিদ্রাণ্যেতান্যর্ঘ্যপাত্রাণি সন্তু" মন্ত্রে অর্ঘ্যপাত্রত্রয় কুশদ্বারা ঢাকিবে।—প্রেতপক্ষে "ওঁ অচ্ছিদ্র-মিদমর্ঘ্যপাত্রমস্তু" মন্ত্রে অর্ঘ্যপাত্র ঢাকিবে।

পরে, দৈবপক্ষে—"উদ্ঘাটনং" বলিয়া, আচ্ছাদিত কুশা তুলিয়া ফেলিয়া ব্রাহ্মণ-হস্তে প্রাগগ্র পবিত্রদ্বয় দিয়া জলান্তর ও পুষ্পান্তর দিবে। এবং "ওঁ শিরঃ প্রভৃতি সর্ব্বগাত্রেভ্যো নমঃ" এই মন্ত্রে ব্রাহ্মণে গন্ধপুষ্প দিয়া অর্ঘ্যপাত্র-দ্বয় বাম করতলে তুলিয়া দক্ষিণ হস্তদ্বারা আচ্ছাদন পূর্ব্বক "ওঁ যা দিব্যা"—এই মন্ত্র পড়িয়া, মাটিতে রাখিয়া ধারণপূর্ব্বক "বিষ্ণুরোঁ পুরূরবোমাদ্রবসৌ বিশ্বেদেবা এতে বোঽর্ঘ্যে নমঃ" এই মন্ত্র পাঠ করিয়া, দুই অর্ঘ্যই দৈবব্রাহ্মণকে দিবে। পরে প্রেতপক্ষে—"ওঁ উদ্ঘাটনং" বলিয়া অর্ঘ্যপাত্রাবৃত কুশটী তুলিয়া ফেলিয়া ব্রাহ্মণ হস্তে পবিত্র এবং জলান্তর পুষ্পান্তর দিয়া ও অর্ঘ্যপাত্র লইয়া—"ওঁ যা দিব্যা" এই মন্ত্র পড়িয়া, মাটিতে রাখিয়া "ওঁ অমুকগোত্র প্রেত অমুকদেবশর্ম্মন্নেতত্তেঽর্ঘ্য স্বধা" বলিয়া উৎসর্গ করিবে। কেবল পুষ্পাদি প্রেত ব্রাহ্মণকে দিবে।

পরে দুই গাছি কুশা গ্রহণপূর্ব্বক,—

"ওঁ যে সমানাঃ সমনসঃ পিতরো যমরাজ্যে, তেষাং লোকঃ স্বধা নমো যজ্ঞো দেবেষু কল্পতাম্।" "ওঁ যে সমানাঃ সমনসো জীবা জীবেষু মামকাঃ। তেষাং শ্রীর্ময়ি কল্পতামস্মিন্ লোকে শতং সমাঃ॥"—এই মন্ত্র দুইটী প্রতিবারে পড়িয়া হস্তস্থিত কুশাদ্বারা প্রেতের অর্ঘ্যপাত্রীয় জল তিনটী দাগ দিয়া চারিভাগ করিয়া, একভাগ প্রেত ব্রাহ্মণকে দিবে ও বাকী তিনভাগ রাখিবে।

পরে পিতামহাদির অর্ঘ্যপাত্রের আবৃত কুশা তুলিয়া, ব্রাহ্মণের হস্তে পবিত্র এবং জলান্তর ও পুষ্পান্তর দিয়া, পিতামহের অর্ঘ্যপাত্র লইয়া "ওঁ যা দিব্যা"—এই মন্ত্র পাঠ করিয়া "ওঁ অমুকগোত্র পিতামহ অমুকদেব-শর্ম্মন্নেতত্তেঽর্ঘ্যং ওঁ যে চাত্র ত্বামনু যাংশ্চ ত্বমনু তস্মৈ তে স্বধা" এই মন্ত্রে উৎসর্গ করিয়া—ওঁ যে সমানাঃ সমনসঃ—ইত্যাদি মন্ত্র দুইটী পাঠ করিয়া সেই প্রেতার্ঘ্যপাত্রীয় জলের একভাগ ঐ অর্ঘ্যে মিশাইয়া পিতামহ-ব্রাহ্মণের হস্তে দিবে। প্রপিতামহ এবং বৃদ্ধপ্রপিতামহেরও অর্ঘ্যপাত্র এই ক্রমেই করতলে লইয়া "ওঁ যা দিব্যা" ইত্যাদি মন্ত্র পড়িয়া অর্ঘ্য উৎসর্গাদি করিবে।

অতঃপর হস্তপ্রক্ষালন ও আচমন পূর্ব্বক অর্ঘ্যপাত্র ন্যুব্জ করিয়া স্বীয় বামে কুশার উপর—"ওঁ পিতৃভ্যঃ স্থানমসি" এই মন্ত্রে রাখিবে।

পরে উত্তরমুখ হইয়া বিশ্বদেব পক্ষে গন্ধাদি দিবে, পিতৃপক্ষে এবং তৎপরে প্রেতপক্ষে গন্ধাদি দিবে। দৈবে যব-যুক্ত এবং পিতৃপক্ষে ও প্রেতপক্ষে তিল-তুলসীযুক্ত জল ব্রাহ্মণের পার্শ্বে রাখিবে।

পরে দৈবাদিক্রমে তিনপক্ষে তিনটী মণ্ডল করিয়া অন্নপাত্রত্রয় রাখিয়া 'অগ্নৌকরণ' হোম হইতে—বাস দান পর্য্যন্ত তাবৎ কর্ম্ম পার্ব্বণের প্রণালীতে করিবে; কিন্তু স্বতন্ত্ররূপে একোদ্দিষ্ট বিধানে প্রেতপক্ষের কার্য্য শেষ করিবে।

প্রেতপক্ষে পিণ্ডপূজার পর প্রেতপিণ্ডের উপরিস্থ বাসসূত্রাদি অপসারণ পূর্ব্বক, "ওঁ যে সমানাঃ সমনসঃ ইত্যাদি পূর্ব্বোল্লিখিত মন্ত্রদ্বয়ে কুশদ্বারা প্রেতের পিণ্ডটী দুইবার করিয়া তিনখণ্ডে কাটিয়া, "ওঁ যে সমানাঃ"—এই মন্ত্র-দ্বয়ে প্রথম খণ্ড পিতামহ-পিণ্ডমধ্যে মিশাইয়া, পিতামহের পিণ্ডস্থানেই রাখিবে। এইরূপ প্রত্যেকবার মন্ত্র পড়িয়া মধ্যখণ্ড প্রপিতামহের পিণ্ডমধ্যে এবং শেষ খণ্ড বৃদ্ধপ্রপিতামহের পিণ্ডমধ্যে মিশাইয়া যথাস্থানে রাখিবে। তৎপরে গন্ধ পুষ্পাদিদ্বারা পিণ্ডত্রয় অমন্ত্রক পূজা করিয়া করযোড়ে "ওঁ বসন্তায় নমস্তুভ্যং— এই মন্ত্রে ঋতুর নমস্কার করিবে। প্রেতপক্ষেও ঋতুর নমস্কার করিবে।

পরে "ওঁ সুসুপ্রোক্ষিতমস্তু" ইত্যাদি মন্ত্রে জলদানাদি তিন পক্ষেই করিবে। অক্ষয্যোদকাদিও তিন পক্ষেই করিবে। কেবল পিতামহাদির পক্ষেই পিণ্ডের উপর সপবিত্র কুশা দিয়া স্বধাবাচন করিবে। "ওঁ উর্জ্জং বহন্তী" ইত্যাদি মন্ত্রে পিণ্ডসেচন ও ন্যুব্জোত্তোলন করিবে। পিণ্ডসেচন প্রেতপক্ষেও করিতে হইবে। কেবল 'পিতন্ স্থলে 'প্রেতং' এই মাত্র বিশেষ॥

দক্ষিণান্ত।—পিতামহাদিপক্ষে, "অদ্যেত্যাদি—অমুক-তিথৌ অমুকগোত্রস্য প্রেতস্য অমুকদেবশর্ম্মণঃ সপিণ্ডীকরণার্থং অমুকগোত্রস্য পিতামহস্য অমুকদেব-শর্ম্মণঃ (তিন পুরুষের নাম করিবে) কৃতৈতৎ পার্ব্বণবিধিকশ্রাদ্ধকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামেতৎ রজতমূল্যং শ্রীবিষ্ণুদৈবতং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং দদানি।"

প্রেতপক্ষে দক্ষিণা।—"অদ্যেত্যাদি—অমুকগোত্রস্য প্রেতস্য অমুকদেবশর্ম্মণঃ কৃতৈতৎ সপিণ্ডীকরণৈকোদ্দিষ্টশ্রাদ্ধকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামেতৎ রজতমূল্যং"—ইত্যাদি।

দৈবে দক্ষিণা।—অদ্যেত্যাদি—অমুকগোত্রস্য প্রেতস্য অমুকদেবশর্ম্মণঃ সপিণ্ডীকরণার্থং অমুকগোত্রস্য পিতামহস্য অমুকদেবশর্ম্মণঃ (তিন পুরুষের নাম করিবে) পার্ব্বণবিধিকশ্রাদ্ধে কৃতে পুরূরবোমাদ্রসোর্ব্বিশ্বেষাং দেবানাং কৃতৈতৎপার্ব্বণবিধিকশ্রাদ্ধকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং শ্রীবিষ্ণুদৈবতং যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং দদানি।"

পরে, "ওঁ বিশ্বেদেবাঃ প্রীয়ন্তাং" এই মন্ত্রে দৈবে জল দিয়া পুষ্প আঘ্রাণ পূর্ব্বক "ওঁ দাতারো"—মন্ত্র পাঠ এবং "ওঁ দেবতাভ্যঃ" ও অন্যান্য মন্ত্রে পিতৃ-বিসর্জ্জন করিয়া, 'ওঁ আ মা বাজস্য মন্ত্রে ব্রাহ্মণপ্রদক্ষিণ ও "ওঁ পিতা স্বর্গঃ"—মন্ত্রে প্রণাম এবং জলে পিণ্ডার্পণ করিয়া, মহাবামদেব্যঋষিঃ ইত্যাদি মন্ত্র পাঠ—শান্তিদান, অচ্ছিদ্রাবধারণাদি অবশিষ্ট কর্ম্ম পার্ব্বণবিধিতে শেষ করিবে এবং প্রেতপক্ষে একোদ্দিষ্ট-বিধিতেই কার্য্য সমাধা করিবে।

যজুর্ব্বেদীয় সপিণ্ডীকরণ স্বতন্ত্র লিখিলাম না; কারণ যজুর্ব্বেদীয় পার্ব্বণে যজুর্ব্বেদীয় মন্ত্রাদি যাহা বিশেষ, তাহা লেখা হইয়াছে, সুতরাং এই সামবেদীয় সপিণ্ডীকরণ হইতে সপিণ্ডন প্রকরণের যাহা বিশেষ, তাহা দেখিয়া শিক্ষা করিয়া লইবে।

সামবেদীয় বৃষোৎসর্গ প্রয়োগ।

শ্রাদ্ধকর্ত্তা স্নান করিয়া জলাশয় বা বেদীর নিকটে পূর্ব্বাভিমুখে চতুর্দ্ধাশান্তি অঙ্গপ্রায়শ্চিত্ত, বৈতরণী ও তিলকাঞ্চন করিয়া মধ্যাহ্নসন্ধ্যা ও নিত্যপূজা করিবে।

স্বস্তিবাচন।—"ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ সোপকরণ-বৎসতরী-চতুষ্টয়সহিত-সোপকরণবৃষোৎসর্গকর্ম্মণি ওঁ পুণ্যাহমিত্যাদি"—"ওঁ সোমং রাজানং বরুণমগ্নিমন্বারভামহে। আদিত্যং বিষ্ণুং সূর্য্যং ব্রহ্মাণঞ্চ বৃহস্পতিম্॥" "ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি" বলিয়া আতপ চাউল বিকিরণ করিবে। পরে "ওঁ সূর্য্যঃ সোমঃ" ইত্যাদি পাঠ করিয়া সঙ্কল্প করিবে।

সঙ্কল্প।—বেদী-সমীপে কুশতিল জলাদি লইয়া উত্তরমুখী হইয়া, বীরাসনে বসিয়া সঙ্কল্প করিবে, যথা,—"বিষ্ণুরোঁ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রস্য প্রেতস্য অমুকদেবশর্ম্মণোঽশৌচান্তাদ্বিতীয়েঽহ্নি অমুকগোত্রস্য প্রেতস্য অমুকদেবশর্ম্মণঃ প্রেতলোক-পরিত্যাগপূর্ব্বক স্বর্গলোকগমনকামঃ সোপকরণ-বৎসতরী-চতুষ্টয়সহিত-সোপকরণবৃষোৎসর্গমহং করিষ্যামি॥" ওঁ দেবো বো দ্রবিণোদাঃ পূর্ণাং বিবষ্ট্বাসিচম্। উদ্বা সিঞ্চধ্বমুপ বা পৃণধ্বমাদিদ্বো দেব ওহতে॥" পরে যজমান কুশতিলাদি লইয়া, "অদ্যেত্যাদি—মৎসঙ্কল্পিতসোপকরণ—বৎসতরী-চতুষ্টয়সহিত- সোপকরণবৃষোৎসর্গাঙ্গ হোমীয়হবিরক্ষয়ত্বকামো দশধা-মহাভারত-নামোচ্চারণমহং করিষ্যে।"

সঙ্কল্পান্তে দশবার 'মহাভারত' এই কথা উচ্চারণ করিবে।

পুনশ্চ যজমান তিল জলাদি লইয়া, "অদ্যেত্যাদি—মৎসঙ্কল্পিত-সোপকরণ-বৎতরী-চতুষ্টয়সহিত-সোপকরণবৃষোৎসর্গাঙ্গ-হোমীয়হবিরক্ষয়ত্বকামঃ শ্রীকৃষ্ণ-দ্বৈপায়নাভিধান-মহর্ষিবেদব্যাসপ্রোক্ত-জয়াখ্যমহাভারতান্তর্গত-জনমেজয় উবাচ কথং বিরাটনগরে মম পূর্ব্বপিতামহা ইত্যাদি নগরং মৎস্যরাজস্য শুশুভে ভরতর্ষভ ইত্যন্তং বিরাটপর্ব্ব-পাঠনামহং করিষ্যামি।" কতিপয় শ্লোকপাঠে, 'জনমেজয় উবাচ কথং বিরাটনগরে মম পূর্ব্বপিতামহা—ইত্যাদি বিরাটপর্ব্বীয় কতিপয়-শ্লোকপাঠনামহং করিষ্যামি'।

বরণ।—পূর্ব্বমুখী যজমান উত্তরাভিমুখ ব্রহ্মাকে বলিবে, "ওঁ সাধু ভবানাস্তাম্" ব্রহ্মা বলিবেন, "ওঁ সাধ্বহমাসে"। যজমান "ওঁ অর্চ্চয়িষ্যামো ভবন্তম্" ব্রহ্মা "ওঁ অর্চ্চয়"। যজমান ব্রহ্মাকে গন্ধপুষ্পবস্ত্র দিয়া দূর্ব্বাতণ্ডুল দ্বারা ব্রহ্মার জানুদেশ ধরিয়া বলিবেন,—অদ্যেত্যাদি—অমুকগোত্রস্য প্রেতস্য অমুকদেবশর্ম্মণোঽশৌচান্তাদ্বিতীয়েঽহ্নি মৎসঙ্কল্পিত-সোপকরণ-বৎসতরী-চতুষ্টয়সহিত-সোপকরণ-বৃষোৎসর্গাঙ্গহোমকর্ম্মণি ব্রহ্মকর্ম্মকরণায় অমুকগোত্রং শ্রীঅমুকদেবশর্ম্মাণং গন্ধাদিভিরভ্যর্চ্চ্য ভবন্তমহং বৃণে।" ব্রহ্মা 'ওঁ বৃতোঽস্মি'। কর্ত্তা—'ওঁ যথাবিহিতং ব্রহ্মকর্ম্ম কুরু'। ব্রহ্মা—'ওঁ যথাজ্ঞানং করবাণি'। এই ক্রমে অন্যান্য বরণ করিবে,

হোত্রাদিকর্ম্মকরণায়, তন্ত্রধারককর্ম্মকরণায়, সদস্যকর্ম্মকরণায়” বিরাট পর্ব্ব-পাঠনাকর্ম্মণি পাঠককর্ম্মকরণায়” যজমান-ব্যবহার নিমিত্ত উদ্দিষ্ট ব্যক্তিদিগকে যথা-নির্দ্দিষ্ট কার্য্যে এইরূপ বাচনিক নিয়োগ করিবেন।

পরে, হোতা আপন আসনে বসিয়া পঞ্চগব্য শোধন করিবেন, যথা—গায়ত্রী পড়িয়া, গোমূত্র। ১। “ওঁ গাবশ্চিদ্‌ঘা”—মন্ত্রে গোময়। ২। “ওঁ গব্যো ষু ণো”—মন্ত্রে দুগ্ধ। ৩। “ওঁ দধিক্রাব্ণো”—মন্ত্রে দধি। ৪। “ওঁ ঘৃতবতী”—মন্ত্রে ঘৃত। ৫। “ওঁ দেবস্য ত্বা সবিতুঃ প্রসবেঽশ্বিনোর্বাহুভ্যাং পূষ্ণো হস্তাভ্যাং হস্তমাদধে। ৬। শেষোক্ত মন্ত্রে পঞ্চগব্যে কুশোদক দিয়া পঞ্চগব্য সংযোগ করিয়া ত্রিপত্রাগ্র দিয়া লইবে ও এই মন্ত্রে বেদী অভ্যুক্ষণ করিবে,—“ওঁ বেদ্যা বেদীঃ সমাপ্যতে বর্হিষা বর্হিরিন্দ্রিয়ং। যূপেন যূপ আপ্যায়তাং প্রণীতো অগ্নিরগ্নিনা।”

তৎপরে “ওঁ মহি ত্রীণামবরস্তু দ্যুক্ষং—ইত্যাদি মন্ত্রে ঘট রাখিবে। ঘটস্থাপন ক্রম—“ভূমিং ধান্যং ঘটঞ্চৈব সিন্দুর পল্লবং তথা। জলং ফলং তথা পুষ্পং স্থিরীকরণমেব চ॥” (১ম খণ্ড ২৭ পৃঃ দেখ)

তৎপরে যথাশক্তি সামান্যার্ঘ্য হইতে ন্যাসাদি করিয়া ঘটে আবাহনপূর্ব্বক গণেশাদির পূজা করিবে; যথা—গণেশ। শিব। দুর্গা। সূর্য্য। অগ্নি। কেশব। নবগ্রহ। ইন্দ্রাদি দশদিক্‌পাল।

তৎপরে, বিষ্ণুর ধ্যান করিবে:—ওঁ বিষ্ণুং শারদচন্দ্রকোটিসদৃশং শঙ্খং রথাঙ্গং গদা-মম্ভোজং দধতং সিতাব্জনিলয়ং কান্ত্যা জগন্মোহনম্। আবদ্ধাঙ্গদ-হারকুণ্ডলমহামৌলিং স্ফুরৎ কঙ্কণং, শ্রীবৎসাঙ্কমুদারকৌস্তভধরং বন্দে মুনীন্দ্রৈঃ স্তুতম্॥ বিষ্ণুর ষোড়শোপচারে পূজা করিয়া, “ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং” মন্ত্রে তিনবার পুষ্পাঞ্জলি দিবে। পরে লক্ষ্মীর এবং রুদ্রের ষোড়শোপচারে পূজা করিবে। রুদ্রধ্যান, যথা—“ওঁ মুক্তা-পীত-পয়োদমৌক্তিকজবাবর্ণৈর্ম্মুখৈঃ পঞ্চভি-স্ত্র্যক্ষৈরঞ্চিতমীশমিন্দুমুকুটং পূর্ণেন্দুকোটিপ্রভম্। শূলং টঙ্ককৃপাণবজ্রদহনা-ন্নাগেন্দ্রঘণ্টাকুশান্ পাশং ভীতিহরং দধানমমিতাকল্পোজ্জ্বলাঙ্গং ভজে।”

হোমাদি।

পূজাদ্রব্যাদি অপসারণ করিয়া বহ্নি স্থাপন জন্য স্থণ্ডিল করিয়া রেখা-করণ উৎকরনিরসন, কাংস্যপাত্র বা নবশরাবস্থিত অগ্নি হইতে ক্রব্যাদংশ ত্যাগ, অগ্নিস্থাপন এবং “অগ্নে ত্বং সাহসনামাসি” নামকরণ ও আবাহনাদি করিয়া সমিধ ছড়াইয়া ব্রহ্মস্থাপন করিবে।

চরুপাক—অগ্নির উত্তরে চরুপাত্র স্রুক্ স্রুব মেক্ষণ ঘৃতপাত্র ও সমিধ্ এবং দক্ষিণ পশ্চিমে উদূখল মুষল ও সূর্পাদি সংগ্রহ করিয়া চমসস্থ জলদ্বারা ধৌত তণ্ডুল প্রত্যেকের জন্য এক এক কোষার্দ্ধ প্রমাণ উদূখলে লইয়া পরবর্ত্তী মন্ত্রে যথাক্রমে অবঘাত করিবে। 'ওঁ অগ্নয়ে ত্বা জুষ্টং নির্ব্বপামি'। ১। 'ওঁ পূষ্ণে ত্বা জুষ্টং নির্ব্বপামি'। ২। 'ওঁ ইন্দ্রায় ত্বা জুষ্টং নির্ব্বপামি'। ৩। 'ওঁ ঈশ্বরায় ত্বা জুষ্টং নির্ব্বপামি'। ৪। অমন্ত্রক আর দুই কোষার্দ্ধ প্রমাণ তণ্ডুলও পূর্ব্বের ন্যায় অবঘাত করিবে। পরে সূর্পদ্বারা তিনবার প্রস্ফোটন করিয়া তিনবার ধুইয়া উত্তরাগ্র পবিত্র ও দুগ্ধসমন্বিত চরুস্থালীতে ঐ তণ্ডুল কিঞ্চিৎ জল দিয়া পাক করিবে। দক্ষিণাবর্ত্তে অবঘট্টন দিয়া পাক হইলে, অগ্নির জ্বলন্ত কাষ্ঠের আলোক দ্বারা স্থালীমধ্য দেখিয়া ঘৃতধারা দিবে। অগ্নির উত্তরে কুশার উপর রাখিয়া, পুনরায় স্থালীমধ্য দেখিয়া ঘৃতধারা দিবে। তৎপরে ভূমিজপ, ভূমিমার্জ্জন, দশদিকে তণ্ডুলক্ষেপ, ঘৃতসংস্কার উদকাঞ্জলি সেক এবং বিরূপাক্ষ-জপান্ত কুশণ্ডিকা শেষ করিবে।

তৎপরে প্রকৃতকর্ম্মারম্ভে ঘৃতম্রক্ষিত সমিধ অমন্ত্রক অগ্নিকে দিয়া কুশী দ্বারা চারিবার ঘৃতবিন্দু লইয়া,—"ওঁ অগ্নয়ে স্বাহা" মন্ত্রে অগ্নির উত্তরভাগে পূর্ব্বাভিমুখী ঘৃতধারা দিবে। পুনরায় কুশী দিয়া ঘৃতবিন্দু- চতুষ্টয় লইয়া "ওঁ সোমায় স্বাহা" মন্ত্রে অগ্নির দক্ষিণভাগে পূর্ব্বাভিমুখে ঘৃতধারা দিবে।

চরুহোম।—প্রথমে কুশীতে ঘৃতবিন্দু দিয়া চরু মধ্যে ঘৃত দিয়া মেক্ষণ দ্বারা ঐ ঘৃতমিশ্রিত অন্ন লইয়া কুশীতে রাখিবে। পরে স্থালীমধ্যে যে স্থান হইতে চরু লওয়া হইয়াছে, তথায় ঘৃত দিয়া কুশীর উপরিস্থিত চরুর উপর ঘৃত দিবে। ঐরূপ চারিবার করিবে।

হোমমন্ত্র যথা,—ওঁ অগ্নয়ে স্বাহা। ১। (পূর্ব্বক্রমে ঘৃত ও চরু লইয়া) ওঁ পূষ্ণে স্বাহা। ২। ওঁ ইন্দ্রায় স্বাহা। ৩। ওঁ ঈশ্বরায় স্বাহা। ৪। এই চারিটী চরুহোম করিয়া পরে কুশীতে কেবল ঘৃতবিন্দু চারিবার (ভৃগু গোত্রের পাঁচবার) লইয়া—"ওঁ সোমং রাজনাং বরুণমগ্নিমন্বারভামহে। আদিত্যং বিষ্ণুং সূর্য্যং ব্রহ্মাণঞ্চ বৃহস্পতিং স্বাহা।"

পুনরায় পূর্ব্বমত কুশাতে চারিবার করিয়া ঘৃত লইয়া প্রত্যেক মন্ত্রে হোম করিবে॥ যথা,—"ওঁ শুক্রং তে অন্যদ্ যজতং তে অন্যদ্বিষুরূপে অহনী দ্যৌরিবাসি। বিশ্বা হি মায়া অবসি স্বধাবন্ ভদ্রা তে পূষন্নিহ রাতিরস্তু স্বাহা"। ১। "ওঁ ইন্দ্রা-পর্ব্বতা বৃহতা রথেন বামীরিষ আ বহতং সুবীরাঃ।

বীতং হব্যান্যধ্বরেষু দেবা বর্দ্ধেথাং গীর্ভিরিড়য়া মদন্তা স্বাহা"। ২। "ওঁ আ বো রাজানমধ্বরস্য রুদ্রং হোতারং সত্যযজং রোদস্যোঃ। অগ্নিং পুরা তনয়িত্নোরচিত্তা-দ্ধিরণ্যরূপমবসে কৃণুধ্বং স্বাহা" । ৩।

পরে কুশীতে একবার ঘৃতবিন্দু দিয়া মেক্ষণ দ্বারা স্থালীর ঈশানকোণ হইতে প্রচুর চরু লইয়া কুশীতে রাখিয়া উহার উপর ঘৃতস্রুবদ্বয় দিয়া—"ওঁ অগ্নয়ে স্বিষ্টিকৃতে স্বাহা" মন্ত্রে অগ্নির ঈশানকোণে হোম করিবে।

তৎপরে প্রাদেশ-প্রমাণ ঘৃতাক্ত সমিধ্ অমন্ত্রক অগ্নিতে দিয়া, ঘৃতদ্বারা মহাব্যাহৃতি হোম করিবে, যথা,—প্রজাপতিঋর্ষিগায়ত্রীচ্ছন্দোহগ্নির্দ্দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ ভূঃ স্বাহা। প্রজাপতিঋর্ষিরুষ্ণিকছন্দো বায়ুর্দ্দেবতা মহাব্যাহৃতিহোমে বিনিয়োগঃ। ওঁ ভুবঃ স্বাহা। প্রজাপতিঋর্ষিরনুষ্টুপ্ ছন্দঃ সূর্য্যো দেবতা মহাব্যাহৃতি হোমে বিনিয়োগঃ। ওঁ স্বঃ স্বাহা।" পরে প্রকৃত কর্ম্মোক্ত হোম হইলে অগ্নিতে সমিধ্ দিয়া মেক্ষণ অগ্নিতে ফেলিবে।

প্রকৃতকর্ম্ম।—বৎসতরী চতুষ্টয় সহিত বৃষকে পূর্ব্বাভিমুখে অগ্নির নিকট আনিয়া বৃষের দক্ষিণপদের মূলদেশে দণ্ডোৎপল, কুস্কুম (অভাবে হরিদ্রা) লইয়া পরবর্ত্তী মন্ত্রে ত্রিশূল অঙ্কিত করিবে, মন্ত্র যথা,—

ওঁ মা ন স্তোকে তনয়ে মা ন আয়ুষি মা নো গোষু মা অশ্বেষু রীরিষঃ। বীরান্মা নো রুদ্র ভামিতো বধীর্হবিষ্মন্তঃ সদমিত্বা হবামহে।

বৃষের বামপাদমূলে পূর্ব্বতন হরিদ্রা দিয়া চক্রাকার আঁকিবে, মন্ত্র যথা,—
ওঁ বৃষা হ্যসি ভানুনা দ্যুমন্তং ত্বা হবামহে। পবমান স্বর্দৃশম্।

পরে উত্তপ্ত লৌহ দিয়া হরিদ্রাঙ্কিত ত্রিশূল ও চক্রচিহ্ন গোপালক দ্বারা পরিষ্কার করিয়া অঙ্কিত করাইবে। যজমান বেদীর ঈশানকোণ নিকটে হস্ত-প্রমাণ গর্ত্তের চারিদিকে চারি উপযূপ-কাষ্ঠিকা দিয়া যূপকে রোপণ করিবে। পরে, কলসস্থ সর্ব্বৌষধি জলে ধৌত করিয়া বৃষকে স্নান করাইবে। মন্ত্র যথা ;—
ওঁ একো বৃষা বিরাজতি। ওঁ য এক ইদ্বিদয়তে বসুমর্ত্তায় দাশুষে। ঈশানো অপ্রতিষ্কুত ইন্দ্রো অঙ্গ।

পরে সর্ব্বৌষধি জল দ্বারা বৎসতরী-চতুষ্টয়কে অমন্ত্রক স্নান করাইয়া, শুক্ল বস্ত্রযুগদ্বারা বৃষকে আবৃত করিয়া, সালঙ্কৃত বৃষ-নিকটে শ্রাব্য মন্ত্র পাঠ করিবে।

"ওঁ সত্যমিত্থা বৃষেদসি বৃষজূতির্নোঽবৃতঃ। বৃষা হ্যুগ্র শৃণ্বিষে পরাবতি বৃষো অর্বাবতি শ্রুতঃ॥ ওঁ বৃষো সোম দ্যুমাং অসি বৃষা দেব বৃষব্রতঃ। বৃষা ধর্ম্মাণি দধিষে॥"

বৃষকে একবার অগ্নিবেষ্টন করাইবে এবং ঐ বৃষের পশ্চাৎ লোহিতবর্ণের বৎসতরীটীকেও বেষ্টন করাইবে এবং পশ্চাল্লিখিত নামাষ্টক দ্বারা গোদিগকে সম্বোধন করিবে,—"ওঁ কাম্যাসি প্রিয়াসি হব্যাসি ইড়াসি রন্তাসি সরস্বত্যাসি মহ্যসি বিশ্রুতিরসি॥"

প্রদক্ষিণীকৃত ও বৃষাভরণযুক্ত বৃষকে যূপে পূর্ব্বাভিমুখে বস্ত্র দিয়া বাঁধিবে এবং অলঙ্কারযুক্ত চারিটী বৎসতরীকে যূপসংলগ্ন উপযূপচতুষ্টয়ে বাঁধিয়া রাখিবে।

পরে মাল্যাভরণাদিযুক্ত বৎসতরীসহিত বৃষকে পাদ্যাদি দ্বারা নিম্নলিখিত মন্ত্রে পূজা করিবে; যথা—"এতৎ পাদ্যং সোপকরণ-বৎসতরী-চতুষ্টয়সহিত-সোপকরণ-বৃষায় নমঃ।" পরে বৃষকর্ণে মন্ত্র পাঠ করিবে; যথা—"ওঁ বৃষোহসি ভগবান্ ধর্ম্মশ্চতুষ্পাদঃ প্রকীর্ত্তিতঃ। বৃণোমি ত্বামহং ভক্ত্যা স মাং রক্ষতু সর্ব্বদা॥

হে বৎসতর্য্যো বো যুষ্মাকং এনং যুবানং পতিং স্বামিনং দদানি ত্যজামি ত্যক্তুং প্রার্থয়ামি তেন বৃষেণ প্রিয়েণ সহ ক্রীড়ন্ত্যঃ খেলন্ত্যঃ সুভগা লোকস্য প্রিয়াশ্চরথ তৃণানি ভক্ষয়থ ভ্রমথ। হে বৎসতর্য্যো যূয়মপি মা নঃ নাস্মৎ-সম্ববিষয়া ভবিষ্যথ কিন্তু ময়া ত্যক্তব্যা বয়ং বৃষস্য ভবতীনাঞ্চ ত্যাগেন রায়-স্পোষেণ ধনসমৃদ্ধ্যা সাপ্ত-জন্বুষা সপ্তজন্মব্যাপকেন ইষা অন্নেন চ সংমদেম হৃষ্টা ভবেম সুভগা লোকস্য প্রিয়াঃ। এনং যুবানমিত্যস্য যাজ্ঞবল্ক্যঋষিস্ত্রিষ্টুপ্ ছন্দো গাবো দেবতা বৃষোৎসর্গে বিনিয়োগঃ। ওঁ এনং যুবানং পতিং বো দদানি তেন ক্রীড়ন্তীশ্চরথ প্রিয়েণ মা নঃ সাপ্তজন্মুষা সুভগা রায়স্পোষেণ সমিষা মদেম॥

তৎপরে যজমান কুশ তিল-গন্ধ-পুষ্পাদিযুক্ত জলপাত্রে হস্ত রাখিয়া বৃষ-সংস্পৃষ্ট বস্ত্র বামহস্তে ধরিয়া বৃষ উৎসর্গ করিবে, যথা—বিষ্ণুরোঁ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রস্য প্রেতস্য অমুকদেব-শর্ম্মণোহশৌচান্তাদ্দ্বিতীয়েহহ্নি অমুকগোত্রস্য প্রেতস্যামুকদেবশর্ম্মণঃ প্রেতলোক-বিমুক্তিপূর্ব্বকস্বর্গলোকগমনকাম এনং রুদ্রদৈবতং সোপকরণ-বৎসতরী-চতুষ্টয়-সহিতসোপকরণ-বৃষমহমুৎসৃজে॥

পরে শ্রাভ শ্রৌষ্ট প্রভৃতি রৌদ্রী সংহিতাদি মন্ত্র বিশেষ যথাক্রমে বৃষকে শ্রবণ করাইবে।

শ্রাভ যথা—ওঁ উপ ত্বা জাময়ো গিরো দেদিশতীর্হবিষ্কৃতঃ। বায়োরনীকে অস্থিরন্॥ ১॥

শ্রৌষ্ট যথা,—ওঁ (অয়া) পবা পবস্বৈনা বসূনি মাংশ্চত্ব ইন্দ্রো সরসি প্র ধন্ব। ব্রধ্নশ্চিদত্র বাতো ন জূতিং পুরুমেধাশ্চিত্তকবে নরং ধাৎ॥ ২॥

পাদ্য যথা,—ওঁ সম্রাজং চর্ষণীনামিন্দ্রং স্তোতা নব্যং গীর্ভিঃ। নরং নৃষাহং মংহিষ্ঠম্ ॥ ৩ ॥

বার্ষাহরাস্থ যথা,—ওঁ অচিক্রদদ্ বৃষা হরির্ম্মহান্ মিত্রো ন দর্শতঃ। সংসূর্য্যেণ দিদ্যুতে ॥ ৪ ॥

সৌমাপৌষ যথা,—ওঁ সোমঃ পূষা চ চেততুর্ব্বিশ্বাসাং সুক্ষিতীনাম্। দেবত্রা রথ্যোর্হিতা ॥ ৫ ॥

গবাংব্রত যথা,—ওঁ তে মন্বত প্রথমং নাম গোনাং ত্রিঃ সপ্ত পরমং নাম জানন্। তা জানতীরভ্যনূষতক্ষা আবির্ভুবন্নরুণীর্যশসা গাবঃ ॥ ৬ ॥

সাম যথা,—ওঁ অগ্নিমীলে পুরোহিতং যজ্ঞস্য দেবমৃত্বিজং। হোতারং রত্ন-ধাতমম্ ॥ ৭ ॥

রুদ্রাধ্যায় ঋক্‌চতুষ্টয় যথা,—ওঁ আ বো রাজানমধ্বরস্য রুদ্রং হোতারং সত্য-যজং রোদস্যোঃ। অগ্নিং পুরা তনয়িত্নোরচিত্তাদ্ধিরণ্যরূপমবসে কৃণুধ্বম ॥ ৮—১ ॥ ওঁ তদ্বো গায় সুতে সচা পুরুহূতায় সত্বনে। শং যদ্‌গবে ন শাকিনে ॥ ৯—২ ॥ ওঁ মূর্দ্ধানং দিবো অরতিং পৃথিব্যা বৈশ্বানরমৃত আ জাতমগ্নিম্। কবিং সম্রাজম-তিথিং জনানামাসন্নঃ পাত্রং জনয়ন্ত দেবাঃ ॥ ১০—৩ ॥ ওঁ অধিপতে মিত্রপতে ক্ষত্রপতে স্বঃপতে ধনপতে নমঃ ॥ ১১—৪ ॥

বামদেব্য যথা—ওঁ কয়া নশ্চিত্র আ ভুবদূতী সদা বৃধঃ সখা। কয়া শচিষ্ঠয়া বৃতাঃ ॥ ১২ ॥ ওঁ কস্ত্বা সত্যো মদানাং মংহিষ্ঠো মৎসদন্ধসঃ। দৃঢ়া চিদারুজে বসু ॥ ১৩ ॥ ওঁ অভী যুঃ ণঃ সখীনামবিতা জরিতণাম্। শতং ভবাস্যূতয়ে ॥ ১৪ ॥ ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ। স্বস্তি নস্তার্ক্ষ্যো অরিষ্টনেমিঃ স্বস্তি নো বৃহস্পতির্দধাতু ॥ ১৫ ॥

"যথেষ্টং যূথং পর্য্যট" এই মন্ত্রে বৎসতরী চারিটীর সহিত বৃষকে যূপ হইতে মোচন করিয়া ঈশানকোণের দিকে কিঞ্চিৎ সঞ্চালন করিবে।

যজমান কৃতাঞ্জলি হইয়া বলিবে,—ওঁ ন খাদেঃ পরশস্যানি নাক্রামে গর্ভিণীঞ্চ গাম্ ॥

পরে বৃষকে বেষ্টন করিয়া কৃতাঞ্জলি হইয়া এই মন্ত্র বলিবে,—ওঁ ধর্ম্মোঽসি ত্বং চতুষ্পাদশ্চতস্রস্তে প্রিয়াস্ত্বিমাঃ। চতুর্ণাং পোষণার্থায় ময়োৎসৃষ্টাস্ত্বয়া সহ ॥ দেবানাঞ্চ পিতৄণাঞ্চ মনুষ্যাণাঞ্চ যোষিতঃ। ভূতানাং তৃপ্তিজননাস্ত্বয়া সার্দ্ধং ব্রজন্ত্বিমাঃ ॥ নমো ব্রহ্মণ্যদেবেশ পিতৃভূতর্ষিপোষক। ত্বয়ি মুক্তেঽক্ষয়া লোকা মম সন্তু নিরাময়াঃ ॥ মা মে ঋণোঽস্তু দৈবোঽথ পৈত্রো ভৌতোঽথ

মানুষঃ। ধর্ম্মস্ত্বং ত্বৎপ্রপন্নস্য যা গতিঃ সাস্তু মে ধ্রুবা॥ যৎকিঞ্চিদ্ দুষ্কৃতং কর্ম্ম লোভমোহকৃতং ভবেৎ। তস্মাদুদ্ধৃত্য দেবেশ পিতুঃ স্বর্গং প্রযচ্ছ মে॥ যাবন্তি তব রোমাণি শরীরে সম্ভবন্তি চ। তাবদ্বর্ষসহস্রাণি স্বর্গে বাসোঽস্তু মে পিতুঃ॥ পুণ্যক্ষয়াদিহাগত্য পিতা মে সর্ব্বধর্ম্মবিৎ। দশজন্মনি বিপ্রত্বং প্রাপ্য শ্রৌত-ক্রিয়ারতঃ॥ ততঃ প্রক্ষীণকর্ম্মাসৌ মোক্ষমাপ্নোত্বসংশয়ম্॥

পরে, আচার বশতঃ প্রাচীনাবীতী উত্তরীয়বিহীন ও পাতিতবামজানু এবং দক্ষিণমুখ হইয়া, কুশময় মোটক ও তিলযুক্ত বৃষপুচ্ছ-সংস্পৃষ্ট জল তাম্রাদি পাত্রে লইয়া, দক্ষিণাগ্র কুশত্রয়ের উপর এই মন্ত্রে তিনবার তর্পণ করিবে,— "বিষ্ণুরোঁ অমুকগোত্রং প্রেতং অমুকদেবশর্ম্মাণং বৃষপুচ্ছগলিতসতিলোদকেন (সতিলগঙ্গোদকেন বা) তর্পয়ামি।"

পরে, বিপরীত উত্তরীয় ধারণ করিয়া পশ্চাল্লিখিত মন্ত্রে ঐ জল দ্বারা তিন বার তর্পণ করিবে, যথা—"ওঁ স্বধা পিতৃভ্যো মাতৃভ্যো বন্ধুভ্যশ্চাপি তৃপ্তয়ে। মাতৃপক্ষাশ্চ যে কেচিৎ যে চান্যে পিতৃপক্ষজাঃ॥ গুরুশ্বশুরবন্ধূনাং যে কুলেষু সমুদ্ভবাঃ। যে প্রেতভাবমাপন্না যে চান্যে শ্রাদ্ধবর্জ্জিতাঃ॥ বৃষোৎসর্গেণ তে সর্ব্বে লভন্তাং প্রীতিমুত্তমাম্" ॥ ৩ ॥

উদীচ্য কর্ম্ম।—প্রকৃত কর্ম্ম বৃষোৎসর্গ শেষ হইলে হোতা অগ্নিতে অমন্ত্রক সমিধ্ দিয়া মহাব্যাহৃতি হোম করিয়া, উদীচ্য কর্ম্ম করিবে। সঙ্কল্প যথা— কুশতিলাদি যুক্ত জলে হস্ত রাখিয়া "অদ্যেত্যাদি—অশৌচান্তাদ্দ্বিতীয়েঽহ্নি অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ সঙ্কল্পিত সোপকরণ-বৎসতরী-চতুষ্টয়সহিত সোপকরণ-বৃষোৎসর্গাঙ্গহোমকর্ম্মণি যদ্বৈগুণ্যং জাতং তদ্দোষপ্রশমনায় ব্যস্ত-সমস্ত-মহাব্যাহৃতিভিঃ প্রায়শ্চিত্তহোমমহং করিষ্যামি।"

কৃতাঞ্জলি হইয়া—"অগ্নে ত্বং বিধুনামাসি" "বিধুনামাগ্নে ইহাগচ্ছাগচ্ছ" ইত্যাদিক্রমে আবাহন করিয়া পূজা করিবে। পরে মহাব্যাহৃতি হোম করিয়া পরবর্ত্তী মন্ত্রে হোম করিবে। যথা—

"প্রজাপতির্ঋষির্গায়ত্রীছন্দোঽগ্নির্দ্দেবতা মহাব্যাহৃতিভিঃ প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ। ওঁ ভূঃ স্বাহা। প্রজাপতির্ঋষিরুষ্ণিক্‌ছন্দো বায়ুর্দ্দেবতা মহা-ব্যাহৃতিভিঃ প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ। ওঁ ভুবঃ স্বাহা। প্রজাপতির্ঋষি-রনুষ্টুপ্ ছন্দঃ সূর্য্যোদেবতা মহাব্যাহৃতিভিঃ প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ। ওঁ স্বঃ স্বাহা। প্রজাপতির্ঋষির্বৃহতীচ্ছন্দঃ প্রজাপতির্দ্দেবতা ব্যস্তসমস্তমহাব্যাহৃতিভিঃ প্রায়শ্চিত্তহোমে বিনিয়োগঃ। ওঁ ভূর্ভুবঃ স্বঃ স্বাহা" ॥"

অতঃপর পূর্ব্ববৎ সমিধ্ ছড়াইয়া মহাব্যাহৃতি হোম করতঃ নবগ্রহ হোম করিয়া দশদিক্‌পাল হোম ও প্রত্যঙ্গদেবতা হোম শেষ করিয়া, জলাঞ্জলিদ্বারা অগ্নিপর্য্যুক্ষণ ও উদকাঞ্জলিসেক এবং দর্ব্বজুটিকা-হোম পর্য্যন্ত কার্য্য শেষ করিবে।

পূর্ণাহুতি।—'ওঁ অগ্নে ত্বং মৃড়নামাসি, অগ্নির নামকরণ, আবাহন ও পূজা করতঃ যজমান কর্তৃক আরব্ধ-হস্ত দ্বারা বাহুমূলসংস্পৃষ্ট হোতা ফল-তাম্বূলযুক্ত প্রচুর ঘৃত লইয়া পরবর্ত্তী মন্ত্রে পূর্ণাহুতি দিবে। মন্ত্র যথা—

প্রজাপতির্ঋষির্ব্বিরাড্‌গায়ত্রীচ্ছন্দঃ ইন্দ্রো দেবতা যশস্কামস্য যজনীয় প্রয়োগে বিনিয়োগঃ। ওঁ পূর্ণহোমং যশসে জুহোমি যোঽস্মৈ জুহোতি বরমস্মৈ দদাতি বরং বৃণে যশসা ভামি লোকে স্বাহা।

পূর্ণপাত্রদক্ষিণা ব্রহ্মাকে দিয়া, 'ব্রহ্মন্ ক্ষমস্ব' জলদ্বারা ব্রহ্মা বিসর্জ্জন এবং অগ্নিতে জল দিয়া 'অগ্নে ত্বং সমুদ্রং গচ্ছ, পৃথ্বি ত্বং শীতলা ভব' মন্ত্রে দুগ্ধাদি স্থণ্ডিলের ঈশানকোণে দিবে। পরে হুতশেষ দ্বারা তিলক দিয়া, শান্তিদান করিবে।

বরণদক্ষিণান্ত।—যজমান মুদ্রাদি অর্চ্চনাপূর্ব্বক অদ্যেত্যাদি—অশৌচান্তা-দ্বিতীয়েঽহ্নি কৃতৈতৎ মৎসঙ্কল্পিত-সোপকরণবৎসতরীচতুষ্টয়-সহিত সোপ-করণবৃষোৎসর্গাঙ্গ-হোমকর্ম্মণি ব্রহ্মকর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং দক্ষিণামেতৎ কাঞ্চনমূল্যং রজতখণ্ডমর্চ্চিতং শ্রীবিষ্ণুদৈবতং অমুকগোত্রায় শ্রীঅমুকদেবশর্ম্মণে ব্রহ্মণে তুভ্যমহং সম্প্রদদানি। পরে "হোমাদি-কর্ম্মণঃ সাঙ্গতার্থং" এই ক্রমে তন্ত্রধারক ও সদস্য সম্প্রদানক দক্ষিণা দিবে। হোতা প্রভৃতি 'ওঁ স্বস্তি' বলিয়া দক্ষিণা লইবেন। পরে বিরাটের ও মহাভারত জপের দক্ষিণান্ত করিবে।

মূল দক্ষিণা।—অদ্যেত্যাদি—কৃতৈতৎ মৎসঙ্কল্পিত-সোপকরণ-বৎসতরীচতুষ্টয়-সহিত-সোপকরণ-বৃষোৎসর্গকর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং দক্ষিণামেতৎকাঞ্চনমূল্যং ইত্যাদি।

যজমান এই বাক্যগুলি ব্রাহ্মণদিগকে শুনাইবেন; যথা—

অস্মিন্ কর্ম্মণি যৎকিঞ্চিৎ ময়োৎসৃষ্টঞ্চ নির্জ্জনে। তৎকশ্চিদন্যো ন নয়েদ্-বিভাজ্যঞ্চ যথাক্রমম্। ন বাহ্যং ন চ তৎক্ষীরং পাতব্যং কেনচিৎ কচিৎ।

তৎপরে অচ্ছিদ্রাবধারণ করিয়া, বৈগুণ্য শেষ করিয়া "প্রীয়তাং পুণ্ডরী-কাক্ষ"—ইত্যাদি বিষ্ণুর স্মরণ করিবে।

আদ্যশ্রাদ্ধ দিন হইলে, এই সময় প্রেতের আদ্যশ্রাদ্ধ করিবে এবং ব্রাহ্মণাদি ভোজন করাইবে।

চন্দন-ধেনুদান-প্রয়োগ।

যজমান চতুর্দ্ধা শান্তি প্রভৃতি অশৌচান্ত দ্বিতীয় দিনের কার্য্য ও নিত্যকর্ম্ম শেষ করিয়া, বেদীর নিকট উত্তরাভিমুখে বসিয়া গণেশাদিকে গন্ধ পুষ্প দিয়া,—"কর্ত্তব্যেঽস্মিন্ চন্দনাঙ্কিত-ধেনুদানকর্ম্মণি ওঁ পুণ্যাহং ভবন্তোঽধিব্রুবন্তু,—"ওঁ পুণ্যাহং"—ইত্যাদিক্রমে স্বস্তি বাচন করিবে।

সঙ্কল্প—বিষ্ণুরোঁ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুক-গোত্রায়াঃ প্রেতায়াঃ অমুকীদেব্যাঃ অশৌচান্তাদ্দ্বিতীয়েঽহ্নি অমুকগোত্রায়াঃ প্রেতায়াঃ অমুকীদেব্যাঃ প্রেতলোক-বিমুক্তিপূর্ব্বকস্বর্গলোকগমনকামঃ সোপ-করণচন্দনাঙ্কিত-ধেনুদানমহং করিষ্যামি।

পুনরায় কুশ জলাদি লইয়া, অদ্যেত্যাদি—চন্দনাঙ্কিতধেনুদানজন্যহোমীয়-হবিরক্ষয়ত্বকামো দশধা মহাভারত-নামোচ্চারণমহং করিষ্যে। "মহাভারত" এই বাক্য দশবার জপ করিবে। তৎপরে বিরাটের সঙ্কল্প করিবে।

বরণ—যজমান উত্তরমুখী ব্রহ্মাকে গন্ধ পুষ্প বস্ত্রাদি দিয়া অর্চ্চনা করিয়া উহার জানু ধরিয়া বলিবে,—"অদ্যেত্যাদি—অমুকগোত্রায়াঃ প্রেতায়াঃ অমুকী দেব্যাঃ অশৌচান্তাদ্দ্বিতীয়েঽহ্নি মৎসঙ্কল্পিত-সোপকরণ-চন্দনাঙ্কিত-ধেনুদান-কর্ম্মাঙ্গহোমকর্ম্মণি ব্রহ্মকর্ম্মকরণায় অমুকগোত্রং শ্রীঅমুকদেবশর্ম্মাণমেভির্গন্ধা-দিভিরভ্যর্চ্চ্য ভবন্তমহং বৃণে।" ব্রহ্মা,—'ওঁ বৃতোঽস্মি' বলিবেন। যজমান—'ওঁ যথাবিহিতং ব্রহ্মকর্ম্ম কুরু'। ব্রহ্মা—'ওঁ যথাজ্ঞানং করবাণি'। এইরূপে হোতা, তন্ত্রধারক ও সদস্যকে বরণ করিবে।

পরে পঞ্চগব্য শোধন, ঘটস্থাপন ও গণেশাদির পূজা করতঃ বিষ্ণু, লক্ষ্মী ও রুদ্রের পূজা করিবে। পরে অগ্নিস্থাপন করিয়া বৃষোৎসর্গপদ্ধতি মত হোমাদি শেষ করিবে।

প্রকৃত-কর্ম্ম।—সবৎসা ধেনুকে বেদীর নিকটে পূর্ব্বাভিমুখী করিয়া রাখিবে। তৎপরে হোতা কুশদ্বারা শ্বেতচন্দন লইয়া—'ওঁ মা ন স্তোকে তনয়ে মা ন আয়ুংষি মা নো গোষু মা নো অশ্বেষু রীরিষঃ। বীরান্মা নো রুদ্র ভামিতো বধীর্হবিষ্মন্তঃ সদমিত্বা হবামহে।' এই মন্ত্রে ধেনুর বামপদ-মূলস্থানে ষড়ঙ্গুল প্রমাণ ত্রিশূল অঙ্কিত করিবে। পুনরায় কুশ দিয়া চন্দন লইয়া,—"ওঁ বৃষা হ্যসি ভানুনা দ্যুমন্তং ত্বা হবামহে। পবমান স্বর্দৃশম্।" এই মন্ত্রে ধেনুর দক্ষিণ পদ-মূলে পাঁচ অঙ্গুলি প্রমাণ গোলাকার চক্র আঁকিবে। যজমান বেদীর ঈশান-কোণ স্থিত সবৎসা-ধেনুচিহ্নিত যূপ আরোপণ করাইবে।

তৎপরে যজমান বৃষোৎসর্গোক্ত বৃষস্নানমন্ত্রে ধেনুকে স্নান করাইবে। মন্ত্র যথা—"ওঁ একো বৃষা বিরাজতি। ওঁ য এক ইদ্বিদয়তে বসুমর্ত্তায় দাশুষে। ঈশানো অপ্রতিষ্কুত ইন্দ্রো অঙ্গ।" পরে বস্ত্র দ্বারা ধেনুর গাত্র মার্জ্জন করিয়া গন্ধদ্রব্য, চন্দন, পুষ্পাঞ্জলি, সিন্দুর, গোরোচনা, স্বর্ণশৃঙ্গদ্বয়, রৌপ্যক্ষুর, কাংস্য-ক্রোড়, তাম্রপৃষ্ঠ, ঘণ্টা, চামর, বস্ত্র, প্রবাল, মণিমাণিক্যাদির দ্বারা ধেনুকে সাজাইয়া—'এতৎ পাদ্যং ওঁ ধেনবে নমঃ' পাদ্যাদি দ্বারা ধেনুর পূজা করতঃ বৃষোৎসর্গোক্ত শ্রাব্য মন্ত্র তিনটী পড়িবে। যথা—ওঁ সত্বমিখা বৃষেদসি। ওঁ বৃষা সোম দ্যুমাং অসি—ওঁ কাম্যাসি প্রিয়াসি। ইত্যাদি।

পরে, ধেনুকে পূর্ব্বমুখী করিয়া, বস্ত্র দ্বারা যুপে বাঁধিবে। পরে যজমান উত্তরমুখী হইয়া ধেনুর মস্তকাদিক্রমে অঙ্গদেবতার পূজা করিবে, যথা—শিরসি ওঁ ব্রহ্মণে নমঃ। (এই ক্রমে) ললাটে বৃষধ্বজায়। কর্ণয়োঃ অশ্বিনীকুমারাভ্যাং। চক্ষুষোঃ শশিভাস্করাভ্যাং। জিহ্বায়াং সরস্বত্যৈ। দন্তে বসুভ্যঃ। ওষ্ঠয়োঃ সন্ধ্যায়ৈ। গ্রীবায়াং নীলকণ্ঠায়। হৃদি স্কন্দায়। রোমকূপেষু ঋষিভ্যঃ। দক্ষিণ-পার্শ্বে কুবেরায়। বামপার্শ্বে বরুণায়। রোমাগ্রে রশ্মিভ্যঃ। উরুষু ধর্ম্মায়। জঙ্ঘাসু অধর্ম্মায়। শ্রোণিতটে পিতৃভ্যঃ। খুরমধ্যে গন্ধর্ব্বেভ্যঃ। খুরাগ্রে অপ্সরোভ্যঃ। লাঙ্গুলে দ্বাদশাদিত্যেভ্যঃ। গোময়ে মহালক্ষ্ম্যৈ। গোমূত্রে গঙ্গায়ৈ। পয়োধরেষু চতুঃসাগরায়।

করযোড়ে বলিবে,—"ওঁ ইন্দ্রস্য চ ত্বমিন্দ্রাণী বিষ্ণোর্লক্ষ্মীশ্চ যা স্থিতা। রুদ্রস্য গৌরী যা দেবী সা দেবী বরদাস্তু মে॥ ওঁ যা লক্ষ্মীর্লোকপালানাং যা চ দেবেষ্বব-স্থিতা। ধেনুরূপেণ সা দেবী তস্যাঃ পাপং ব্যপোহতু॥ দেহস্থা যা চ রুদ্রাণী শঙ্করস্য সদা প্রিয়া। ধেনুরূপেণ সা দেবী তস্যাঃ শান্তিং প্রযচ্ছতু॥ ওঁ সর্ব্বদেবময়ী দোগ্ধ্রী সর্ব্বলোকময়ী তথা। ধেনুরূপেণ সা দেবী তস্যাঃ স্বর্গং প্রযচ্ছতু॥"

পরে যজমান "ওঁ আচার্য্যায় নমঃ" বলিয়া পাদ্যাদি দ্বারা সম্প্রদানীয় হোমকর্ত্তা আচার্য্যকে পূজা করিবে।

"ওঁ রুদ্রায় নমঃ" বলিয়া অধিপতি দেবতাকে পূজা করিয়া ত্রিপত্র দ্বারা ধেনুর গাত্রে জলের ছিটা দিয়া ধেনুদান করিবে। যথা—

"সবস্ত্রালঙ্কৃত-সবৎসচন্দনাঙ্কিতধেনবে নমঃ" এইরূপে তিনবার প্রোক্ষণ ও অর্চ্চনা করিয়া "এতদধিপতয়ে ওঁ রুদ্রায় নমঃ, এতৎ সম্প্রদানায় ওঁ আচার্য্যায় নমঃ" গন্ধপুষ্প দিয়া,—"বিষ্ণুরোঁ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুক-তিথৌ অমুকগোত্রায়াঃ প্রেতায়াঃ অমুক্যাঃ অশৌচান্তাদ্দ্বিতীয়েঽহ্নি অমুক-

গোত্রায়াঃ প্রেতায়াঃ অমুক্যাঃ প্রেতলোক-বিমুক্তি-পূর্ব্বক-স্বর্গলোকগমনকামঃ এতাং সবস্ত্রালঙ্কৃত-চন্দনাঙ্কিতবৎসাং ধেনুং রুদ্রদেবতাকাং অমুকগোত্রায় শ্রীঅমুকদেবশর্ম্মণে আচার্য্যায় ব্রাহ্মণায় তুভ্যমহং সম্প্রদদানি।” কর্ত্তা আচার্য্যহস্তে জল দিবে। গ্রহীতা ধেনুর পুচ্ছ ধরিয়া সপ্রণব গায়ত্রীপাঠ পূর্ব্বক “ধেনুরিয়ং রুদ্রদেবতাকা” বলিবে এবং কামস্তুতি মন্ত্র পাঠ করিবে; যথা,—

ওঁ ক ইদং কস্মা অদাৎ কামঃ কামায়াদাৎ কামোদাতা কামঃ প্রতিগ্রহীতা কামঃ সমুদ্রমাবিশৎ। কামেন ত্বাং প্রতিগৃহ্নামি কামৈতত্তে।

তৎপরে, যজমান দক্ষিণমুখ বিপরীতোত্তরীয়ক হইয়া ধেনুপুচ্ছ-গলিত সতিল জলদ্বারা তিনবার তর্পণ করিবে, যথা—“ওঁ অমুকগোত্রাং প্রেতাং অমুকীদেবীং এতৎ-সতিলচন্দনাঙ্কিত-ধেনুপুচ্ছগলিতোদকেন তর্পয়ামি।” পুনরায় ঐরূপ পশ্চাল্লিখিত মন্ত্রে তিনবার তর্পণ করিবে, যথা—

“ওঁ স্বধা পিতৃভ্যো মাতৃভ্যো বন্ধুভ্যশ্চাপি তৃপ্তয়ে। মাতৃপক্ষাশ্চ যে কেচিৎ যে চান্যে পিতৃপক্ষজাঃ॥ গুরুশ্বশুরবন্ধূনাং যে কুলেষু সমুদ্ভবাঃ। যে প্রেতভাবমাপন্না যে চান্যে শ্রাদ্ধবর্জ্জিতাঃ। ধেনূৎসর্গেণ তে সর্ব্বে লভন্তাং প্রীতিমুত্তমাম্॥”

ধেনুদানের দক্ষিণান্ত।—দক্ষিণা অর্চ্চনা করিয়া, অদ্যেত্যাদি—কৃতৈতৎ-সালঙ্কৃত-চন্দনাঙ্কিত-সবৎসধেনুদানকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামেতৎ গোমূল্য-কাঞ্চনমর্চ্চিতং শ্রীবিষ্ণুদৈবতং অমুকগোত্রায় শ্রীঅমুকদেবশর্ম্মণে আচার্য্যায় ব্রাহ্মণায় তুভ্যমহং সম্প্রদদানি। আচার্য্য ওঁ স্বস্তি বলিয়া দক্ষিণা লইবেন।

পরে শ্রাভ শ্লোষ্ট প্রভৃতি ও রুদ্রাধ্যায় ঋকৃচতুষ্টয়, বামদেব্যমন্ত্র ইত্যাদি শ্রাব্য মন্ত্রসকল পাঠ করিবে।

পরে, হোতা প্রকৃত কর্ম্ম শেষ করিয়া উদীচ্য কর্ম্ম করিবেন। সঙ্কল্প—“অদ্যেত্যাদি—অমুকগোত্রায়াঃ প্রেতায়াঃ অমুক্যাঃ অশৌচান্তাদ্দ্বিতীয়েঽহ্নি অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ (যজমানের নামোল্লেখ করিবে) সঙ্কল্পিত-সোপকরণচন্দনাঙ্কিতধেনুদানকর্ম্মাঙ্গ-হোমকর্ম্মণি যদ্বৈগুণ্যং জাতং তদ্দোষ-প্রশমনায় ব্যস্তসমস্তমহাব্যাহৃতিভিঃ প্রায়শ্চিত্ত-হোমমহং করিষ্যামি॥”

উদীচ্য কর্ম্ম শেষ হইলে যজমান বরণ-দক্ষিণা করিয়া—অদ্যেত্যাদি—কৃতৈতৎ-মৎসঙ্কল্পিত-সোপকরণ-চন্দনাঙ্কিত-ধেনুদানকর্ম্মণঃ সাঙ্গতার্থং—ইত্যাদি মন্ত্রে মূল দক্ষিণা করিয়া অচ্ছিদ্রাবধারণ, বৈগুণ্য সমাধানও বিষ্ণু স্মরণ করিবে॥

যজুর্ব্বেদীয়-আভ্যুদয়িক শ্রাদ্ধ।

তত্র প্রথমং স্বস্তিবাচনপূর্ব্বকং সূর্য্যঃ সোমঃ ইতি পঠিত্বা সঙ্কল্পং কুর্য্যাৎ। "অদ্যেত্যাদি অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ শুভামুককর্ম্মাভ্যুদয়ার্থং সগণাধিপ গৌর্য্যাদিষোড়শমাতৃকাপূজাবসোর্ধারাসম্পাতনায়ুষ্যসূক্ত জপাভ্যুদয়িকশ্রাদ্ধান্যহং করিষ্যে। ইতি সঙ্কল্প্য অঙ্গন্যাসপূর্ব্বকং ভূতশুদ্ধিং কৃত্বা গণেশাদিষোড়শ-মাতৃকাপূজাং কুর্য্যাৎ॥"

তথা ছন্দোগপরিশিষ্টে কাত্যায়নঃ। কর্ম্মাদিষু চ সর্ব্বেষু মাতরঃ সগণাধিপাঃ। পূজনীয়াঃ প্রযত্নেন পূজিতাঃ পূজয়ন্তি তাঃ॥ প্রতিমাসু চ শুভ্রাসু লিখিত্বা বা পটাদিষু। অপি বাক্ষতপুঞ্জেষু নৈবেদ্যৈশ্চ পৃথক্ পৃথক্। শুভকর্ম্মাদৌ বিহিতা মাতৃকাপূজা কিন্ত্বকরণে দুঃখাদিকং ভবেৎ। তথা চ গৃহ্যপরিশিষ্টম্—অকৃত্বা মতৃযাগন্তু যঃ শ্রাদ্ধং পরিবেশয়েৎ। তস্য ক্রোধ-সমাবিষ্টা হিংসাং কুর্ব্বন্তি মাতরঃ॥ মাতৄশ্চ স এবাহ,—গৌরী পদ্মা শচী মেধা সাবিত্রী বিজয়া জয়া। দেবসেনা স্বধা স্বাহা মাতরো লোকমাতরঃ। শান্তিঃ পুষ্টি র্ধৃতিস্তুষ্টিরাত্মদেবতয়া সহ। আদৌ বিনায়কঃ পূজ্যো হ্যন্তে চ কুলদেবতা॥ ততো যবপুঞ্জে আবাহয়েৎ। প্রথমং দ্বিতীয়ান্তমাবাহ্য পশ্চাৎ সম্বোধ্য চ যথা,—গৌরীং মাতরমহমারোপয়ামি। ওঁ গৌরি মাতরিহাগচ্ছ-ইহাবহ ওঁকারাদিচতুর্থ্যন্তেন পাদ্যাদীন্ নমোঽন্তেন দদ্যাৎ। যথা,—"ওঁ গৌর্য্যৈ মাত্রে নম ইতি ক্রমেণ সর্ব্বত্র পূজয়েৎ। গৃহভিত্তৌ ঘৃতেন সপ্ত পঞ্চ বা ধারা-অনতিহ্রস্বা অনতিদীর্ঘাঃ প্রকর্ত্তব্যাঃ। তথা চ ছন্দোগপরিশিষ্টে কাত্যায়নঃ—কুড্যলগ্নাং বসোর্ধারাং সপ্তধারাং ঘৃতেন তু। কারয়েৎ পঞ্চধারাং বা নাতিহ্রস্বাং নচোচ্ছ্রিতাম্॥ তস্যায়ং মন্ত্রঃ—ওঁ বসোঃ পবিত্রমসি শতধারং বসোঃ পবিত্র-মসি সহস্রধারং। দেবস্ত্বা সবিতা পুনাতু বসোঃ পবিত্রেণ শতধারেণ সুপ্বা কামধুক্ষঃ॥ ইত্যনেন বসোর্ধারাং দত্বা ওঁ চেদিরাজ বসবে নমঃ ইতি সংপূজ্য প্রণমেৎ। ওঁ চেদিরাজ নমস্তুভ্যং শাপগ্রস্ত মহামতে। ক্ষুৎপিপাসাম্বুদে দান্ত চেদিরাজ নমোঽস্তু তে॥ ততঃ আয়ুষ্যসূক্তং পঠেৎ। ওঁ আয়ুষ্যং বর্চ্চস্যং রায়স্পোষমৌদ্ভিদং ইদং হিরণ্যং বর্চ্চস্বজ্জৈত্রায়াবিশতাদ্‌ মাং। ন তদ্রক্ষাংসি ন পিশাচাশ্চরন্তি দেবানামোজঃ প্রথমজং হ্যেতৎ। যো বিভর্ত্তি দাক্ষায়ণা-হিরণ্যং স দেবেষু কৃণুতে দীর্ঘমায়ুঃ স মনুষ্যেষু কৃণুতে দীর্ঘমায়ুঃ। যদাবধ্নন্দা-ক্ষায়ণা হিরণ্যং শতানীকায় সুমনস্যমানাঃ। তন্ম আ বধ্নামি শতসারদায়া-য়ুষ্মাঞ্জরদষ্টির্যথাসৎ॥ ইতি জপ্ত্বা বৃদ্ধিশ্রাদ্ধং কুর্য্যাৎ। তস্যেয়ং ব্যবস্থা।

বিষ্ণুপুরাণে ;—কন্যাপুত্রবিবাহে তু প্রবেশে নববেশ্মনঃ। নামকর্ম্মণি বালানাং চূড়াকর্ম্মাদিকে তথা॥ সীমন্তোন্নয়নে চৈব পুত্রাদিমুখদর্শনে। নান্দীমুখং পিতৃগণং পূজয়েৎ. প্রযতো গৃহী॥ চূড়াকর্ম্মাদিক ইত্যাদিশব্দাদুপনয়না-দীনাং গ্রহণম্। সীমন্তোন্নয়নেচেতি চকারাৎ গর্ভাধানপুংসবনাদীনাং গ্রহণম্॥ পুত্রাদিমুখদর্শনে পুত্রস্যাদ্যমুখদর্শনে ইত্যর্থঃ। নত্বাদিশব্দাৎ পুত্রপৌত্রয়োরুপ-সংগ্রহঃ॥ তথা নিমিত্তান্তরমুক্তং মৎস্যপুরাণে,—উৎসবানন্দসন্তানে যজ্ঞোদ্বাহাদি-মঙ্গলে। মাতরঃ প্রথমং পূজ্যাঃ পিতরস্তদনন্তরম্॥ ততো মাতামহা রাজন্ বিশ্বেদেবাস্ততঃ পরম্॥ উৎসবঃ পুত্রজন্ম, আনন্দঃ পুংসবনাদয়ঃ, যজ্ঞো জ্যোতিষ্টোমাদিঃ। মাতরঃ প্রথমমিতি মাতৃণাং পিত্রাদিশ্রাদ্ধাগ্রতঃ শ্রাদ্ধং কার্য্যমিত্যর্থঃ বিশ্বেদেবা ইতি পূজনে ক্রমপরম্। কিন্তু সর্ব্ববিপ্রাণা-মুত্তরতঃ প্রথমং বিশ্বেদেবাঃ পূজনীয়াঃ। তদা প্রদক্ষিণমুপচারো ভবত্যেব অন্যথা প্রদক্ষিণাভাবঃ। তথাচ শাতাতপঃ,—যুগ্মাংশ্চ প্রাঙ্মুখশ্চৈব ভোজ-য়েদ্ব্রাহ্মণান্ শুচিঃ। প্রদক্ষিণস্তু সব্যেন প্রদদ্যাদ্দৈবপূর্ব্বকম্॥ ইতি তু শাতাতপবচনাদ্বিপ্রাণামুত্তরতো বিশ্বেদেবাঃ পূজ্যাঃ। কিন্তু বৃদ্ধিশ্রাদ্ধং সর্ব্বথা পূর্ব্বাহ্ণে ঋজুদর্ভেণ কর্ত্তব্যমেব। তথা চ শাতাতপঃ—পূর্ব্বাহ্ণে বৈদিকং কর্ম্ম শ্রাদ্ধমভ্যুদয়াত্মকম্। সব্যেন চোপবীতেন ঋজুদর্ভেণ ধীমতা॥ অত্র ঋজবো দর্ভা যবৈঃ কার্য্যম্। কিন্তু পূর্ব্বাহ্ণে চাচরেদ্বৃদ্ধিং বিনা জন্মনিমিত্তকাৎ। ইতি ব্রহ্মপুরাণবচনাৎ সর্ব্বথা প্রাতরেব বৃদ্ধিশ্রাদ্ধং কর্ত্তব্যং কিন্তু প্রাচীনাবীতী বৃদ্ধিশ্রাদ্ধং ন কুর্য্যাৎ। তথা চ শাতাতপঃ—অপসব্যঞ্চ যো দদ্যাদ্বৃদ্ধিশ্রাদ্ধমতিক্রমাৎ। ন তস্য দেবাস্তৃপ্যন্তি পিতরশ্চ যথাবিধি। পিতৃণাং রূপমাস্থায় দেবা হ্যন্নং সমশ্নুতে। তস্মাৎ সব্যেন দাতব্যং বৃদ্ধশ্রাদ্ধেষু নিত্যশঃ। অথবা অনিষ্ট্বা তু পিতন্ শ্রাদ্ধৈঃ কার্য্যং বৈদিকমারভেৎ। ইতি শাতাতপ-বচনাৎ, বিবাহাদিকর্ম্মসু বৃদ্ধিশ্রাদ্ধং কর্ত্তব্যমেব। তচ্চ শ্রাদ্ধং নিরামিষেণ কর্ত্তব্যং, তথা চ ছন্দোগপরিশিষ্টে কাত্যায়নঃ—বশিষ্ঠোক্তো বিধিঃ কৃৎস্নো দ্রষ্টব্যোঽত্র নিরামিষঃ। ইতি ব্যবস্থা।

অথ শ্রাদ্ধং কুর্য্যাৎ। তস্যায়ং ক্রমঃ—আভ্যুদয়িকে যুগ্মান্ ব্রাহ্মণান্ আহূয় মূলদর্ভান্ প্রাঙ্মুখেভ্য উদঙ্মুখো দদ্যাৎ। ইত্যাশ্বলায়নগৃহ্যবচনাৎ। সর্ব্বথা প্রাঙ্মুখেভ্যঃ প্রত্যঙ্মুখো ন দদ্যাৎ। তত্র প্রথমতো যজ্ঞেশ্বরং সম্পূজ্য যুগ্মান্ প্রাঙ্মুখান্ বিপ্রান্ স্নাপয়িত্বা পাদ্যাদিভিরভ্যর্চ্চ্য সর্ব্বত্র উপবীতী দৈবপূর্ব্বকং বাক্যং কুর্য্যাৎ। অদ্যেত্যাদি—অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ

পরে, দেবীর আসন স্পর্শ করিয়া পাঠ করিবে—ওঁ চণ্ডিকে চল চল চালয় চালয় শীঘ্রং পূজালয়ং প্রবিশ॥ ওঁ প্রবিশ্য তিষ্ঠ যজ্ঞেঽস্মিন্ যাবৎ পূজাং করোম্যহম্। পূজাং গৃহাণ সুমুখি নমস্তে শঙ্করপ্রিয়ে॥ আগচ্ছ মদ্‌গৃহে দেবি সর্ব্বসম্পত্তিহেতবে। বলিপূজাং যথা শক্ত্যা গৃহাণ হরবল্লভে॥ গম্যতাং মদ্‌গৃহে দেবি অষ্টাভিঃ শক্তিভিঃ সহ। পূজাং গৃহাণ সুমুখি সর্ব্বকল্যাণহেতবে। ত্বং পরা পরমা শক্তিস্ত্বমেব শিববল্লভা। ত্রৈলোক্যোদ্ধারহেতুস্ত্বমবতীর্ণা যুগে যুগে॥ ওঁ ঐঁ হ্রীং স্থাং স্থীং ত্বমম্বিকে স্থিরা ভব।

তদনন্তর দুর্গা, লক্ষ্মী ও সরস্বতীর মস্তকে গন্ধদ্রব্য, কপালে সিন্দুর প্রভৃতি দিয়া ঘৃতকজ্জল প্রস্তুত করিয়া গায়ত্রীপাঠপূর্ব্বক প্রতিমাস্থ সমস্ত দেবতার চক্ষুর্দান করিয়া প্রাণপ্রতিষ্ঠা করিবে। দেবীর হৃদয়ে পঞ্চমন্ত্র পাঠ করিবে, যথা—ওঁ হংসঃ শুচিসদ্বসুরন্তরিক্ষসদ্ধোতা বেদিষদতিথির্দুরোণসৎ। নৃষদ্বরসদৃতসদ্ব্যোমসদব্জা গোজা ঋতজা অদ্রিজা ঋতং বৃহৎ॥ ১॥ ওঁ প্র তদ্বিষ্ণুঃ স্তবতে বীর্য্যেণ মৃগো ন ভীমঃ কুচরো গিরিষ্ঠাঃ। যস্যোরুষু ত্রিষু বিক্রমণেষ্বধিক্ষিয়ন্তি ভুবনানি বিশ্বা॥ ২॥ ওঁ বিষ্ণুর্যোনিং কল্পয়তু ত্বষ্টা রূপাণি পিংশতু। আ সিঞ্চতু প্রজাপতির্ধাতা গর্ভং দধাতু তে॥ ৩॥ গায়ত্রী পাঠ করিবে॥ ৪॥ ওঁ ত্র্যম্বকং যজামহে সুগন্ধিং পুষ্টিবর্দ্ধনম্। উর্ব্বারুকমিব বন্ধনান্মৃত্যোর্মুক্ষীয় মা মৃতাৎ॥ ৫॥ অতঃপর দূর্ব্বা ও আতপতণ্ডুল দেবতা হৃদয়ে পঞ্চাঙ্গুলি সহযোগে স্থাপন করিয়া—ওঁ যত্তে মরীচীঃ প্রবতো মনো জগাম দূরকম্।

তত্ত্ব আ বর্ত্তয়ামসীহ ক্ষয়ায় জীবসে॥ ওঁ যত্তে দিবং যৎ পৃথিবীং মনো জগাম দূরকম্। তত্ত্ব আ বর্ত্তয়ামসীহ ক্ষয়ায় জীবসে॥ হ্রাং হৃদয়ায় নমঃ, হ্রীং শিরসে স্বাহা, হ্রূং শিখায়ৈ বষট্, হ্রৈং কবচায় হুং, হ্রৌং নেত্রত্রয়ায় বৌষট্, হ্রঃ অস্ত্রায় ফট্॥ দেবীর গণ্ডদ্বয় স্পর্শ করিয়া ওঁ আং হ্রীং ক্রোং মন্ত্রে প্রাণপ্রতিষ্ঠা করিবে। তৎপরে "হ্রীং দুর্গায়ৈ নমঃ" মন্ত্রে দেবীকে পঞ্চপুষ্পাঞ্জলি প্রদানপূর্ব্বক 'আং হ্রীং ক্রোং' ইত্যাদি মন্ত্রে প্রতিমাস্থ গণেশাদি দেবতার প্রাণপ্রতিষ্ঠা করিবে।

তদনন্তর বেদোক্তমন্ত্রে অষ্টদলপদ্মমধ্যে দেবীঘট স্থাপন করিবে। (প্রথম খণ্ড দেখ) সর্ব্বাপেক্ষা দেবীঘট প্রধামত এবং সুগন্ধি জলপূর্ণ করিবে, তাহার মধ্যে পঞ্চরত্ন, বহির্দ্দেশে দধি আতপ চাউল প্রভৃতিতে এবং বস্ত্র পুষ্পাদিতে সুশোভিত করিবে ও পঞ্চপল্লব এবং ধান্য সরাব সংযুক্ত ও বিচিত্রিত হইবে। পরে স্ব স্ব বেদোক্ত মন্ত্রে ঘটস্থাপন করিয়া অবশেষে পাঠ করিবে,—ওঁ সর্ব্ব-তীর্থময়ং বারি সর্ব্বদেবসমন্বিতম্। ইমং ঘটং সমারুহ্য তিষ্ঠ দেবি গণৈঃ সহ॥ অঙ্কুশমুদ্রাদ্বারা তীর্থ আবাহন করিয়া পাঠ করিবে,—ওঁ গঙ্গাদ্যাঃ সরিতঃ সর্ব্বাঃ সমুদ্রাশ্চ সরাংসি চ। সর্ব্বে সমুদ্রাঃ সরিতঃ সরাংসি চ নদা হ্রদাঃ। আয়াস্তু যজমানস্য দুরিতক্ষয়কারকাঃ।

সপ্তমৃত্তিকা (প্রথম খণ্ড দেখ) সর্ব্বৌষধি ও গন্ধপুষ্প দূর্ব্বা তণ্ডুলাদি লইয়া ঘট মধ্যে প্রদান করিয়া—"ওঁ গঙ্গে চ যমুনে চৈব" মন্ত্র পাঠ করিবে। কোণ-চতুষ্টয়ে তীরচতুষ্টয় আরোপণ করিয়া "হ্রাং হূং ফট্' মন্ত্রে পুষ্পনৈবেদ্যাদি দর্শন করিবে।

তদনন্তর, সামান্যার্ঘ্য ও আসনশুদ্ধি করিয়া গুর্ব্বাদি প্রণাম করিবে, যথা,—বামে—ওঁ গুরুভ্যো নমঃ, দক্ষিণে—ওঁ গণেশায় নমঃ, মধ্যে—ওঁ হ্রীং দুর্গায়ৈ নমঃ। পরে পুষ্পশুদ্ধি ও করশুদ্ধি করিয়া (শ্বেতসর্ষপ বিকিরণ করতঃ) ভূতাপসারণ করিবে। মন্ত্র যথা,—ওঁ বেতালাশ্চ পিশাচাশ্চ রাক্ষসাশ্চ সরীসৃপাঃ। অপসর্পন্তু তে সর্ব্বে দুর্গাস্ত্রেণৈব তাড়িতাঃ॥ ঊর্দ্ধোর্দ্ধতালত্রয় দিয়া তুড়িদ্বারা দশদিগ্বন্ধনপূর্ব্বক ভূতশুদ্ধি করিবে। (প্রথম খণ্ড দেখ)।

পরে মাতৃকান্যাস এবং পুনর্ম্মধ্যে "বজ্রনখদংষ্ট্রায়ুধায় মহাসিংহাসনায় হুং ফট্ নমঃ" মন্ত্র পাঠ করিয়া পীঠন্যাস করিবে। এবং গণেশাদি দেবতাকে গন্ধ পুষ্প দিয়া হ্রীং এই বীজমন্ত্রে প্রাণায়াম করিয়া ঋষ্যাদি ন্যাস করিবে। যথা—নারদ ঋষির্গায়ত্রীচ্ছন্দো দুর্গা দেবতা চতুর্ব্বর্গসিদ্ধয়ে বিনিয়োগঃ। শিরসি—নারদঋষয়ে নমঃ। মুখে—গায়ত্রীচ্ছন্দসে নমঃ। হৃদি—দুর্গায়ৈ দেবতায়ৈ নমঃ।

অতঃপর করন্যাস করিবে,—যথা—হ্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, হ্রীং তর্জ্জনীভ্যাং স্বাহা, হ্রূং মধ্যমাভ্যাং বষট্, হ্রৈং অনামিকাভ্যাং হুং, হ্রৌং কনিষ্ঠাভ্যাং বৌষট্, হ্রঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্। এই ক্রমে অঙ্গন্যাস করিবে। হ্রীং মন্ত্রে ব্যাপকন্যাস করিয়া—জটাজূট ইত্যাদি ধ্যান করিবে।

ধ্যানের পুষ্প স্বীয় মস্তকে দিয়া মানসোপচারে পূজাপূর্ব্বক বিশেষার্ঘ্য স্থাপনানন্তর ঘটস্থাপন-মন্ত্রাদিতে গণেশের সম্মুখে গণেশঘট স্থাপন করতঃ তাহাতে গণেশের পূজা করিয়া পুষ্পাঞ্জলি দিবে—ওঁ সর্ব্ববিঘ্নহরো দেব একদন্তো গজাননঃ। দেবীগৃহেঽর্চ্চিতঃ প্রীত্যা সর্ব্ববিঘ্নং বিনাশয়॥ তৎপরে গণেশঘটে বিষ্ণু, ব্রহ্মা, শিবাদি পঞ্চদেবতা, আদিত্যাদিনবগ্রহ, ইন্দ্রাদিদশ-দিক্পাল প্রভৃতি দেবতার পূজাপূর্ব্বক পীঠন্যাসোক্ত আধারশক্তি আদির পূজা করিয়া "হ্রীং" এই বীজমন্ত্রে করন্যাস অঙ্গন্যাস করতঃ পুনরায় দেবীর ধ্যান করিয়া আবাহন করিবে, যথা—

ওঁ আগচ্ছ মদ্গৃহে দেবি অষ্টাভিঃ শক্তিভিঃ সহ। পূজাং গৃহাণ বিধিবৎ সর্ব্বকল্যাণকারিণি॥ এহ্যেহি ভগবত্যম্ব শত্রুক্ষয়জয়প্রদে। ভক্তিতঃ পূজয়ামি ত্বাং নবদুর্গে সুরার্চ্চিতে॥ দুর্গে দেবি সমাগচ্ছ সান্নিধ্যমিহ কল্পয়। যজ্ঞভাগান্ গৃহাণ ত্বমষ্টাভিঃ শক্তিভিঃ সহ॥ শারদীয়ামিমাং পূজাং করোমি কমলেক্ষণে। আজ্ঞাপয় মহাদেবি দৈত্যদর্পনিসূদিনি॥ সংসারার্ণবদুষ্পারে সর্ব্বাশুভবিনাশিনি। ত্রায়স্ব বরদে দেবি নমস্তে শঙ্করপ্রিয়ে॥ যে দেবা যাশ্চ দেব্যশ্চ চলিতা যাশ্চলন্তি যে। আবাহয়ামি তান্ সর্ব্বান্ চণ্ডিকে পরমেশ্বরি॥ প্রাণান্ রক্ষ যশো রক্ষ পুত্রদারধনং সদা। সর্ব্বরক্ষাকরী যস্মাৎ ত্বং হি দেবি জগৎ-প্রিয়ে॥ প্রবিশ্য তিষ্ঠ যজ্ঞেঽস্মিন্ যাবৎ পূজাং করোম্যহম্। যেনানন্দকরে দেবি সর্ব্বসিদ্ধিঞ্চ দেহি মে॥ আগচ্ছ মদ্গৃহে দেবি সর্ব্বকল্যাণহেতবে। পূজাং গৃহাণ সুমুখি নমস্তে শঙ্করপ্রিয়ে॥ আবাহয়ামি দেবি ত্বাং মৃণ্ময়ে শ্রীফলেঽপি চ। কৈলাসশিখরাদ্দেবি বিন্ধ্যাদ্রের্হিমপর্ব্বতাৎ। আগত্য বিল্বশাখায়াং চণ্ডিকে কুরু সন্নিধিম্॥ স্থাপিতাসি ময়া দেবি পূজাং গৃহ্ণ প্রসীদ মে। আয়ু-রারোগ্যমৈশ্বর্য্যং দেহি দেবি নমোঽস্তু তে॥ দেবি চণ্ডাত্মিকে চণ্ডি চণ্ডবিগ্রহ-কারিণি। বিল্বশাখাং সমাশ্রিত্য তিষ্ঠ দেবগণৈঃ সহ॥ দেবি ত্বং জগতাং মাতঃ সৃষ্টিসংহারকারিণি। পত্রিকাসু সমস্তাসু সান্নিধ্যমিহ কল্পয়॥ পল্লবৈশ্চ ফলো-পেতৈঃ শাখাভিঃ সুরনায়িকে। পল্লবে সংস্থিতে দেবি পূজাং গৃহ্ণ প্রসীদ মে॥ আবাহিতাসি দেবি ত্বং মৃণ্ময়ে শ্রীফলেঽপি চ। স্থিরাত্যন্তং হি নো ভূত্বা

গৃহে কামপ্রদা ভব॥ চণ্ডি ত্বং চণ্ডরূপাসি চণ্ডবিগ্রহকারিণি। প্রবিশ্য তিষ্ঠ যজ্ঞেঽস্মিন্ যাবৎ পূজাং করোম্যহম্॥ যজ্ঞভাগং গৃহাণ ত্বমষ্টাভিঃ শক্তিভিঃ সহ। সর্ব্বমঙ্গল-মঙ্গল্যে শিবে সর্ব্বার্থসাধিকে॥ বিল্বপত্রকৃতাবাসে সুরতেজো-মহাবলে। প্রবিশ্য তিষ্ঠ যজ্ঞেঽস্মিন্ যাবৎ পূজাং করোম্যহম্॥

অতঃপর যথাশক্তি দ্রব্যাদির দ্বারা দেবীর ষোড়শোপচারে পূজা করিবে।

ষোড়শোপচারে পূজা,—"রং রজতাসনায় নমঃ" বলিয়া তিনবার অর্চ্চনা করিয়া এতে গন্ধপুষ্পে রং রজতাসনায় নমঃ। এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ দেবায় বিষ্ণবে নমঃ। এতে গন্ধপুষ্পে এতৎসম্প্রদানৈ ওঁ হ্রীং দুর্গায়ৈ নমঃ—ইদং রজতাসনং ওঁ দক্ষযজ্ঞবিনাশিন্যৈ মহাঘোরায়ৈ যোগিনীকোটিপরিবৃতায়ৈ ভদ্রকাল্যৈ হ্রীং দুর্গায়ৈ নমঃ—ওঁ আসনং গৃহ্ণ চার্ব্বঙ্গি চণ্ডিকে সর্ব্বমঙ্গলে। আসনং সর্ব্বকার্য্যেষু প্রশস্তং ব্রহ্মনির্ম্মিতম্॥

এইরূপে সমস্ত দ্রব্যাদি নিবেদন করিয়া বিশেষ মন্ত্র পাঠ করিবে। কেবল বিশেষমন্ত্র লিখিত হইল।—কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবে,—ওঁ হ্রীং ভগবতি দুর্গে দেবি স্বাগতং, সুস্বাগতম্॥

পাদ্য—ওঁ পাদ্যং গৃহ্ণ মহাদেবি সর্ব্বদুঃখাপহারিণি॥ ত্রায়স্ব বরদে দেবি নমস্তে শঙ্করপ্রিয়ে॥ অর্ঘ্য—ওঁ দূর্ব্বাক্ষতসমাযুক্তং বিল্বপত্রং তথা পরম্। শোভনং শঙ্খপাত্রস্থং গৃহাণার্ঘ্যং হরপ্রিয়ে॥ আচমনীয়—ওঁ মন্দাকিন্যাস্ত যদ্বারি সর্ব্বপাপহরং শুভম্। গৃহাণাচমনীয়ং ত্বং ময়া ভক্ত্যা নিবেদিতং॥ মধুপর্ক—ওঁ মধুপর্কং মহাদেবি ব্রহ্মাদ্যৈঃ পরিকল্পিতম্। ময়া নিবেদিতং ভক্ত্যা গৃহাণ পরমেশ্বরি। পুনরাচমনীয়—ওঁ মন্দাকিন্যাস্ত যদ্বারি সর্ব্বপাপ-হরং শুভম্। গৃহাণাচমনীয়ং ত্বং ময়া ভক্ত্যা নিবেদিতম্॥ স্নানীয়—ওঁ জলঞ্চ শীতলং স্বচ্ছং নিত্যং শুদ্ধং মনোহরম্। স্নানার্থং তে ময়া ভক্ত্যা কল্পিতং প্রতিগৃহ্যতাম্॥ আচমনীয় পূর্ব্বোক্ত মন্ত্রে॥ বস্ত্র—ওঁ বহুতন্তুসমাযুক্তং পট্ট-সূত্রাদিনির্ম্মিতম্। বসনং দেবি সূক্ষ্মঞ্চ গৃহাণ বরবর্ণিনি। ওঁ তন্তুসন্তানসম্বদ্ধং রঞ্জিতং রাগবস্তুনা। দুর্গে দেবি ভজ প্রীতিং বাসস্তে পরিধীয়তাম্॥ পূর্ব্বের ন্যায় আচমনীয় দিবে॥ আভরণ—ওঁ দিব্যরত্নসমাযুক্তা বহ্নিভানু-সমপ্রভাঃ। গাত্রাণি শোভয়িষ্যন্তি অলঙ্কারাঃ সুরেশ্বরি॥ শঙ্খাভরণ—ওঁ শঙ্খোঽয়ং বিবিধৈশ্চিত্রং করয়োর্ভূষণং তব। দীয়তে চ ময়া ভক্ত্যা গৃহ্যতাং পরমেশ্বরি॥ সিন্দুর—ওঁ শিরোভূষণসিন্দুরং ভর্ত্তুরায়ুর্ব্বিবর্দ্ধনম্। সর্ব্বরত্না-করং দিব্যং সিন্দুরং প্রতিগৃহ্যতাম্॥ চন্দন—ওঁ শরীরং তে ন জানামি চেষ্টাং

নৈব চ নৈব চ। মাং রক্ষ সর্ব্বতো দেবি গন্ধানেতান্ গৃহাণ চ॥ পুষ্প—ওঁ পুষ্পং মনোহরং দিব্যং সুগন্ধি দেবসেবিতম্। হৃত্তমত্তুতমাত্রেয়ং দেবি দত্তং প্রগৃহ্যতাম্॥ মাল্য—ওঁ সূত্রেণ গ্রথিতং মাল্যং নানাপুষ্পসমন্বিতং। গন্ধ-চন্দনসংযুক্তং গৃহাণ পরমেশ্বরি। ধূপ—ওঁ বনস্পতিরসো দিব্যো গন্ধাঢ্যঃ সুমনোহরঃ। আঘ্রেয়ঃ সর্ব্বদেবানাং ধূপোহয়ং প্রতিগৃহ্যতাম্॥ দীপ—ওঁ অগ্নিজ্যোতী রবিজ্যোতিশ্চন্দ্রজ্যোতিস্তথৈব চ। জ্যোতিষামুত্তমো দুর্গে দীপোহয়ং প্রতিগৃহ্যতাম্॥ কজ্জল—ওঁ অঞ্জনং পরমং রম্যং নেত্রয়োর্ভূষণং মহৎ। গৃহাণ বরদে দুর্গে প্রসীদ বরবর্ণিনি॥ নৈবেদ্য—ওঁ আমান্নং ঘৃতসংযুক্তং ফলতাম্বূলসংযুতম্॥ ময়া নিবেদিতং ভক্ত্যা গৃহাণ পরমেশ্বরি॥ আচমনীয় পূর্ব্ববৎ দিবে॥ রচনা—ওঁ নানাফলসমাযুক্তাং নানাবস্তুসুশোভিতাম্। রচনাস্তে প্রযচ্ছামি গৃহাণ পরমেশ্বরি॥ পানার্থোদক—ওঁ জলঞ্চ শীতলং স্বচ্ছং নিত্যং শুদ্ধং মনোহরম্। পানার্থং তে প্রযচ্ছামি গৃহাণ হরবল্লভে॥ পুনরাচমনীয় দিবে॥ তাম্বুল—ওঁ ফলপত্রসমাযুক্তং কর্পূরেণ সুবাসিতম্। ময়া নিবেদিতং ভক্ত্যা তাম্বুলং প্রতিগৃহ্যতাম্॥

অনন্তর দেবীকে পুষ্পাঞ্জলি প্রদান করতঃ তৈজসাধার অন্ন জল বস্ত্র এবং ভোজ্যাদি দেবীসম্প্রদানক উৎসর্গবাক্যে উৎসর্গ করিয়া দিয়া প্রাণায়াম করতঃ যথাশক্তি জপ করিয়া পুনঃ প্রাণায়াম করতঃ "গুহ্যাতি" মন্ত্রে জপ সমর্পণ পূর্ব্বক সর্ব্বমঙ্গলমঙ্গল্যে মন্ত্রে সাষ্টাঙ্গে প্রণাম করিয়া আবরণ পূজা করিবে।

আবরণ পূজা—"হ্রাং হৃদয়ায় নমঃ" এইরূপে গন্ধপুষ্পদ্বারা ষড়ঙ্গের পূজা করিয়া পঞ্চোপচারে পূর্ব্বদিক্‌ক্রমে লোকপালের পূজা করিবে। যথা—ওঁ ইন্দ্রায় সবজ্রায় সবাহনপরিবারায় নমঃ। (এই ক্রমে)—অগ্নয়ে সশক্তয়ে, যমায় সদণ্ডায়, নৈর্ঋতায় সখড়্গায়, বরুণায় সপাশায়, বায়বে সাঙ্কুশায়, সোমায় সগদায়, ঈশানায় সশূলায়, অনন্তায় সচক্রায়, ব্রহ্মণে সপদ্মায়।

নবপত্রিকা পূজা,—রম্ভাধিষ্ঠাত্রী ব্রহ্মাণীকে আবাহন করিয়া "ওঁ হ্রীং রম্ভাধিষ্ঠাত্র্যৈ ব্রহ্মাণ্যৈ নমঃ" এই ক্রমে পাদ্যাদি দ্বারা পূজা করিয়া প্রণাম করিবে—ওঁ দুর্গে দেবি সমাগচ্ছ সান্নিধ্যমিহ কল্পয়। রম্ভারূপেণ সর্ব্বত্র শান্তিং কুরু নমোহস্তু তে॥ ১॥ কচুতে কালিকার আবাহন করিয়া "ওঁ হ্রীং কচ্ব্যধিষ্ঠাত্র্যৈ কালিকায়ৈ নমঃ" এই ক্রমে পাদ্যাদিদ্বারা পূজা করিয়া প্রণাম করিবে,—ওঁ মহিষাসুরযুদ্ধেষু কচ্বীভূতাসি সুব্রতে। মম চানুগ্রহার্থায় আগতাসি হরপ্রিয়ে॥ ২॥ হরিদ্রায় দুর্গার আবাহন করিয়া "ওঁ হ্রীং হরিদ্রা-

ধিষ্ঠাত্র্যৈ দুর্গায়ৈ নমঃ” এই ক্রমে পাদ্যাদি দ্বারা পূজা করিয়া প্রণাম করিবে—ওঁ হরিদ্রে হররূপাসি উমারূপাসি সুব্রতে। মম বিঘ্নবিনাশায় পূজাং গৃহ্ণ প্রসীদ মে॥ ৩॥ জয়ন্তীতে কার্ত্তিকীর আবাহন করিয়া “ওঁ হ্রীং জয়ন্ত্যধিষ্ঠাত্র্যৈ কার্ত্তিক্যৈ নমঃ”। এই ক্রমে পূজা করিয়া প্রণাম করিবে,—ওঁ নিশুম্ভশুম্ভমথনে সেন্দ্রৈর্দ্দেবগণৈঃ সহ। জয়ন্তি পূজিতাসি ত্বমস্মাকং বরদা ভব॥ ৪॥ বিল্বে শিবাকে আবাহন করিয়া “ওঁ হ্রীং বিল্বাধিষ্ঠাত্র্যৈ শিবায়ৈ নমঃ” এই ক্রমে পূজা করিয়া প্রণাম করিবে,—ওঁ মহাদেবপ্রিয়করো বাসুদেবপ্রিয়ঃ সদা। উমাপ্রীতিকরো বৃক্ষো বিল্বরূপো নমোঽস্তু তে॥ ৫॥ দাড়িমে রক্তদন্তিকার আবাহন করিয়া “ওঁ হ্রীং দাড়িম্যধিষ্ঠাত্র্যৈ রক্তদন্তিকায়ৈ নমঃ” এই ক্রমে পূজা করিয়া প্রণাম করিবে,—ওঁ দাড়িমি ত্বং পুরা যুদ্ধে রক্তবীজস্য সম্মুখে। উমাকার্য্যং কৃতং যস্মাদস্মাকং বরদা ভব॥ ৬॥ অশোকে শোকরহিতার আবাহন করিয়া “ওঁ হ্রীং অশোকাধিষ্ঠাত্র্যৈ শোকরহিতায়ৈ নমঃ” এই ক্রমে পূজা করিয়া প্রণাম করিবে,—ওঁ হরপ্রীতিকরো বৃক্ষো-ঽশোকঃ শোকনাশনঃ। দুর্গাপ্রীতিকরো যস্মান্মামশোকং সদা কুরু॥ ৭॥ মানে চামুণ্ডার আবাহন করিয়া “ওঁ হ্রীং মানাধিষ্ঠাত্র্যৈ চামুণ্ডায়ৈ নমঃ” এই ক্রমে পূজা করিয়া প্রণাম করিবে,—ওঁ যস্য পত্রে বসেদ্দেবী মানবৃক্ষঃ শচীপ্রিয়ঃ। মম চানুগ্রহার্থায় পূজাং গৃহ্ণ প্রসীদ মে॥ ৮॥ ধান্যে লক্ষ্মীর আবাহন করিয়া,—“ওঁ ধান্যাধিষ্ঠাত্র্যৈ লক্ষ্ম্যৈ নমঃ” এই ক্রমে পূজা করিয়া প্রণাম করিবে,—ওঁ জগতঃ প্রাণরক্ষার্থং ব্রহ্মণা নির্ম্মিতং পুরা। উমাপ্রীতিকরং ধান্যং তস্মাত্ত্বং রক্ষ মাং সদা ৯॥ নবপত্রিকায় দুর্গার আবাহন করিয়া “ওঁ হ্রীং নবপত্রিকাবাসিন্যৈ দুর্গায়ৈ নমঃ” এই ক্রমে পূজা করিয়া প্রণাম করিবে,—ওঁ পত্রিকে নবদুর্গে ত্বং মহাদেবমনোরমে। পূজাং সমস্তাং সংগৃহ্য রক্ষ মাং ত্রিদশেশ্বরি।

তৎপরে মহিষাসুরাদি প্রতিমাস্থ দেবতার পূজা করিবে। পরে ওঁ বাসুদেবায় নমঃ এই ক্রমে নীলকণ্ঠায়, দশাবতারেভ্যঃ, একাদশরুদ্রেভ্যঃ, দ্বাদশাদিত্যেভ্যঃ, পার্ব্বত্যৈ, অষ্টবসুভ্যঃ, ব্যাসায়, গঙ্গায়ৈ, যমুনায়ৈ, পূতনায়ৈ, চতুর্ব্বেদেভ্যঃ, অস্ত্রেভ্যঃ, সর্ব্বেভ্যো দেবেভ্যঃ, সর্ব্বাভ্যো দেবীভ্যঃ, চিত্রিত-দেবেভ্যঃ এই সকল দেবতাদিগের পাদ্যাদিদ্বারা পূজা করিবে,—অতঃপর বলিদান (পূজান্তে দেখ) করিয়া দুর্গামন্ত্র জপ, চণ্ডীপাঠাদি করিবে ও পূজান্তে ভোগ দিবে।

এই দিন অবকাশমতে সর্ব্বতোভদ্রমণ্ডল অঙ্কিত করিয়া তাহার উপরে পূর্ব্বাদি আটদিকে ও মধ্যস্থলে নবঘট সাজাইয়া তাহার উপরে শ্বেত, পীত, কৃষ্ণ, নীল, ধূম্র, কর্ব্বুর, লোহিত, শ্যাম আটটী, এবং নানাবর্ণ-মিশ্রিত একটী, এই নয়টী পতাকা উড়াইয়া দিবে।

সর্ব্বতোভদ্রমণ্ডল।

বিল্বপত্রচূর্ণ, হরিদ্রাচূর্ণ, তণ্ডুলচূর্ণ, কুসুম্ভচূর্ণ, শস্যহীন ধান্য দগ্ধ করিয়া তাহার চূর্ণ এই পাঁচটী চূর্ণ প্রথমতঃ সংগ্রহ করিবে। এই পঞ্চগুড়িকা দ্বারা নিম্নলিখিত প্রণালীতে সর্ব্বতোভদ্রমণ্ডল অঙ্কিত করিতে হইবে।

একটী চতুরস্র অঙ্কিত করিয়া কর্ণসূত্র পাত করতঃ তাহাকে চারিকোষ্ঠে বিভক্ত করিবে। পুনর্ব্বার ঐ চতুঃকোষ্ঠের মধ্যে কর্ণসূত্র পাত করিয়া যাহাতে ঐ সকল কোষ্ঠ মধ্যে সকল কর্ণরেখা অঙ্কিত হইতে পারে, এই প্রকার করিবে। পরে পূর্ব্ব পশ্চিমে ও উত্তর দক্ষিণে দুইটী করিয়া রেখা পাত করিবে। যাবৎ পর্য্যন্ত ২৫৬ দুইশত ছাপ্পান্ন কোষ্ঠ না হয়, তাবৎ কাল ঐ নিয়মে সূত্রপাত ও কোণসূত্রপাত করিয়া রেখাঙ্কিত করিবে। অতঃপর মধ্যস্থিত ষট্‌ত্রিংশৎ কোষ্ঠে সুলক্ষণ পদ্ম অঙ্কিত করিয়া তদ্বাহ্যে এক পংক্তিতে

পীঠ ও পংক্তিদ্বয়ে বীথি, তদ্বাহ্যে পংক্তিদ্বয়ে দ্বার, শোভা ও উপশোভা অঙ্কিত করিবে। তৎপরে সাধক শাস্ত্রোক্ত বিধানে পদ্ম আঁকিবে।

পদ্মক্ষেত্রের দ্বাদশাংশ পরিত্যাগ করিয়া অবশিষ্ট ক্ষেত্রকে সমান তিন অংশে বিভক্ত করিবে। ইহার আদ্যভাগ কর্ণিকাস্থান, দ্বিতীয় ভাগ কেশর স্থান ও তৃতীয় ভাগ পত্রস্থান কল্পিত করিয়া, আদ্যভাগে কর্ণিকা, দ্বিতীয় ভাগে কেশর এবং তৃতীয় ভাগে পদ্মপত্র লিখিবে। বাহ্যবৃত্তের অন্তরাল পরিমাণে চতুর্দ্দিকে দলাগ্র সকল আঁকিবে। প্রত্যেক পত্রের মূলে দুইটী কেশর কল্পনা করিবে। পদ্মবেত্তা পণ্ডিতগণ ইহাকে সাধারণ পদ্ম বলিয়াছেন। এই রূপ পদ্ম অঙ্কিত করিয়া পীঠক্ষেত্রের চারিকোণে তিন তিনটী কোষ্ঠে চারিটী পীঠকোণ নির্ম্মাণ করিবে। পীঠক্ষেত্রের অবশিষ্ট পীঠগাত্র কল্পনা করিয়া তদ্বাহ্যে পংক্তিদ্বয় বীথিস্থান মার্জ্জনা করিবে।

অনন্তর চতুর্দ্দিকে সর্ব্ববাহ্য পংক্তিদ্বয়ের মধ্যস্থলে বাহ্য পংক্তির চারিকোষ্ঠ এবং তদুপরি পংক্তির দুইকোষ্ঠ এই ছয় কোষ্ঠে দ্বার, ঐরূপ এক কোষ্ঠ ও তিন কোষ্ঠ এই চারি কোষ্ঠে শোভা এবং শোভাদ্বয়ের পার্শ্বে এক কোষ্ঠ ও তিন কোষ্ঠ এই চারিকোষ্ঠে উপশোভা অঙ্কিত করিবে। অবশিষ্ট ছয় ছয় কোষ্ঠে চারিটী কোণ সম্মার্জ্জনা করিবে। এইরূপে চারিদিকে চারিদ্বার, দ্বারের উভয় পার্শ্বে দুইটী করিয়া শোভা এবং শোভাদ্বয়ের পার্শ্বে দুইটী করিয়া উপশোভা মার্জ্জনা করিবে।

ইহাতে চারি দ্বার ও আটটী শোভা ও উপশোভা হইবে। পরে এই মনোহর মণ্ডল, পঞ্চবর্ণ গুঁড়িকা দ্বারা চিত্রিত করিবে॥

এক অঙ্গুলি উৎসেধ বেধ পরিমাণে শুক্লবর্ণ দ্বারা সীমা রেখা সকল চিত্রিত করিয়া পীতবর্ণ দ্বারা কর্ণিকা, রক্তবর্ণ দ্বারা কেশর ও শুভ্রবর্ণ দ্বারা পত্র সকল রঞ্জিত করিয়া শ্যামল বর্ণে সমস্ত সন্ধিস্থান চিত্রিত করিবে।

প্রকারান্তর। কর্ণিকা রক্তবর্ণ, কেশর সকল পীতবর্ণ বা রক্তবর্ণ, পত্র সকল রক্তবর্ণ, সন্ধিস্থান কৃষ্ণবর্ণ, পীঠগর্ভ শুভ্র বা কৃষ্ণবর্ণ, পীঠপাদ রক্তবর্ণ, পীঠগাত্র শুক্লবর্ণ করিয়া বীথিচতুষ্টয়ে পত্র ও পুষ্প সহিত কল্পলতিকা চিত্রিত করিবে। এই কল্পলতিকা সকল বর্ণ দ্বারা রঞ্জিত করিবে। এই কল্পলতিকা দর্শন মনোহর করিবে। এবং দ্বার শ্বেতবর্ণ, শোভা রক্তবর্ণ, উপশোভা পীতবর্ণ ও কোণচতুষ্টয় কৃষ্ণবর্ণ করিবে। মণ্ডলের বহির্দ্দেশে শ্বেত, রক্ত ও কৃষ্ণবর্ণ তিনটী রেখা চিত্রিত করিবে।

মহাষ্টমী-পূজা।

কৃতনিত্যক্রিয় পুরোহিত সপ্তমীপূজাবিহিত দন্তকাষ্ঠ নিবেদন হইতে, নব পত্রিকা পূজা পর্য্যন্ত সমস্তই করিবে। কেবল প্রাণপ্রতিষ্ঠা, আবাহন প্রভৃতি করিবে না। অধিকন্তু সপ্তমীবিহিত আবরণ পূজা করিবে না। অষ্টমী দিনের আবরণ পূজা এই—

আবরণ পূজা—"হ্রাং হৃদয়ায় নমঃ" এই ক্রমে ষড়ঙ্গের পূজা করিয়া মণ্ডলের আটদিকে ও মধ্যে নবঘট স্থাপন করতঃ নবশক্তির আবাহন করিয়া পূজা ও প্রণাম করিবে, যথা—ওঁ হ্রীং শ্রীং উগ্রচণ্ডায়ৈ নমঃ। প্রণাম—ওঁ উগ্রচণ্ডা তু বরদা মধ্যাহ্নার্কসমপ্রভা। সা মে সদাস্তু বরদা তস্যৈ নিত্যং নমো নমঃ॥ ১॥ ওঁ হ্রীং প্রচণ্ডায়ৈ নমঃ। প্রণাম—ওঁ প্রচণ্ডে পুত্রদে নিত্যং প্রচণ্ডগণসংস্থিতে। সর্ব্বানন্দকরে দেবি তুভ্যং নিত্যং নমো নমঃ॥ ২॥ ওঁ হ্রীং চণ্ডোগ্রায়ৈ নমঃ। প্রণাম—ওঁ লক্ষ্মীস্ত্বং সর্ব্বভূতানাং সর্ব্বভূতাভয়প্রদা। দেবি ত্বং সর্ব্বকার্য্যেষু বরদা ভব শোভনে॥ ৩॥ ওঁ হ্রীং চণ্ডনায়িকায়ৈ নমঃ। প্রণাম—ওঁ যা সিদ্ধিরিতিনামা চ দেবেশবরদায়িনী। কলিকল্মষনাশায় নমামি চণ্ডনায়িকাম্॥ ৪॥ ওঁ হ্রীং চণ্ডায়ৈ নমঃ। প্রণাম—ওঁ দেবি চণ্ডাত্মিকে চণ্ডি চণ্ডারিবিজয়প্রদে। ধর্ম্মার্থমোক্ষদে দেবি নিত্যং মে বরদা ভব॥ ৫॥ ওঁ হ্রীং চণ্ডবত্যৈ নমঃ। প্রণাম—ওঁ যা সৃষ্টিস্থিতিসংহার-গুণত্রয়সমন্বিতা। যা পরাঃ শক্তয়স্তস্যৈ চণ্ডবত্যৈ নমো নমঃ॥ ৬॥ ওঁ হ্রীং চণ্ডরূপায়ৈ নমঃ। প্রণাম—ওঁ চণ্ডরূপাত্মিকা চণ্ডা চণ্ডনায়কনায়িকা। সর্ব্বসিদ্ধিপ্রদা দেবি তস্যৈ নিত্যং নমো নমঃ॥ ৭॥ ওঁ হ্রীং অতিচণ্ডিকায়ৈ নমঃ। প্রণাম—ওঁ বালার্কারুণনয়না সর্ব্বদা ভক্তবৎসলা। চণ্ডাসুরস্য মথনী বরদাস্ত্বতিচণ্ডিকা॥ ৮॥ ওঁ হ্রীং রুদ্রচণ্ডায়ৈ নমঃ। প্রণাম—ওঁ রুদ্রচণ্ডে নমস্তভ্যং চণ্ডবৈরিবিনাশিনি। সর্ব্বপাপহরে দেবি বরদা ভব সর্ব্বদা॥ ৯॥

চতুঃষষ্টি যোগিনীর পূজা,—পদ্মের প্রতিদলে আটটী করিয়া যোগিনীর পূজা ও প্রণাম করিবে। যথা—হ্রীং শ্রীং ব্রহ্মাণ্যৈ নমঃ। (এই ক্রমে)—চণ্ডিকায়ৈ, রৌদ্র্যৈ, গৌর্য্যৈ, ইন্দ্রাণ্যৈ, কৌমার্য্যৈ, ভৈরব্যৈ, দুর্গায়ৈ, নারসিংহ্যৈ, কালিকায়ৈ, চামুণ্ডায়ৈ, শিবদূত্যৈ, বারাহ্যৈ, কৌশিক্যৈ, মাহেশ্বর্য্যৈ, শঙ্কর্য্যৈ, জয়ন্ত্যৈ, সর্ব্বমঙ্গলায়ৈ, কাল্যৈ, মেধায়ৈ, শিবায়ৈ, শাকম্ভর্য্যৈ, ভীমায়ৈ, শান্তায়ৈ, ভ্রামর্য্যৈ, রুদ্রাণ্যৈ, অম্বিকায়ৈ, ক্ষমায়ৈ, ধাত্র্যৈ, স্বাহায়ৈ,

স্বধায়ৈ, অপর্ণায়ৈ, মহোদর্য্যৈ, ঘোররূপায়ৈ, মহাকাল্যৈ, ভদ্রকাল্যৈ, কপালিন্যৈ, ক্ষেমঙ্কর্য্যৈ, উগ্রচণ্ডায়ৈ, চণ্ডোগ্রায়ৈ, চণ্ডনায়িকায়ৈ, চণ্ডায়ৈ, চণ্ডবত্যৈ, চণ্ড্যৈ, মহামোহায়ৈ, প্রিয়ঙ্কর্য্যৈ, বলপ্রমথিন্যৈ, বলবিকরিণ্যৈ, মনোন্মন্যৈ, সর্ব্বভূতদমন্যৈ, উমায়ৈ, তারায়ৈ, মহানিদ্রায়ৈ, বিজয়ায়ৈ, জয়ায়ৈ, শৈলপুত্র্যৈ, চণ্ডিকায়ৈ, চণ্ড-ঘণ্টায়ৈ, যোগিন্যৈ, কুষ্মাণ্ড্যৈ, স্কন্দমাত্রে, কাত্যায়ন্যৈ, কালরাত্র্যৈ, মহাগৌর্য্যৈ ॥

"হ্রীং শ্রীং কোটিযোগিনীভ্যো নমঃ" মন্ত্রে কোটিযোগিনীর পাদ্যাদিদ্বারা পূজা করিয়া দেবীঘটে মণ্ডলের নবঘটস্থ নবদুর্গার আবাহন পূর্ব্বক ওঁ হ্রীং শ্রীং ব্রহ্মাণ্যৈ নমঃ এই ক্রমে পূজা করিয়া প্রণাম করিবে—ওঁ চতুর্মুখীং জগদ্ধাত্রীং হংসারূঢ়াং বরপ্রদাম্। সৃষ্টিরূপাং মহাভাগাং ব্রহ্মাণীং তাং নমাম্যহম্॥ ১ ॥ (এই ক্রমে)—ওঁ মাহেশ্বর্য্যৈ নমঃ। প্রণাম,—ওঁ বৃষারূঢ়াং শুভাং শুভ্রাং ত্রিনেত্রাং বরদাং শিবাম্। মাহেশ্বরীং নমাম্যদ্য সৃষ্টিসংহারকারিণীম্॥ ২॥ ওঁ কৌমার্য্যৈ নমঃ। প্রণাম,—ওঁ কৌমারীং পীতবসনাং ময়ূরবরবাহনাম্। শক্তিহস্তাং সিতাঙ্গীং তাং নমামি বরদাং শুভাম্॥ ৩॥ ওঁ বৈষ্ণব্যৈ নমঃ। প্রণাম,—ওঁ শঙ্খচক্রগদা-পদ্মধারিণীং কৃষ্ণরূপিণীম্। স্থিতিরূপাং খগেন্দ্রস্থাং বৈষ্ণবীং তাং নমাম্যহম্॥৪॥ ওঁ বারাহ্যৈ নমঃ। প্রণাম,—ওঁ বরাহরূপিণীং দেবীং দংষ্ট্রোদ্ধৃতবসুন্ধরাম্। শুভদাং পীতবসনাং বারাহীং তাং নমাম্যহম্॥ ৫॥ ওঁ নারসিংহ্যৈ নমঃ। প্রণাম,—ওঁ নৃসিংহরূপিণীং দেবীং দৈত্যদানবদর্পহাম্। শুভাং শুভপ্রদাং শুভ্রাং নারসিংহীং নমাম্যহম্॥ ৬॥ ওঁ ইন্দ্রাণ্যৈ নমঃ। প্রণাম,—ওঁ ইন্দ্রাণীং গজকুম্ভস্থাং সহস্রনয়নো-জ্জ্বলাম্। নমামি বরদাং দেবীং সর্ব্বদেবনমস্কৃতাম্॥ ৭॥ ওঁ চামুণ্ডায়ৈ নমঃ। প্রণাম,—ওঁ চামুণ্ডাং মুণ্ডমথনীং মুণ্ডমালাবিভূষিতাম্। অট্টাট্টহাসমুদিতাং নমা-ম্যাত্মবিভূতয়ে॥ ৮॥ ওঁ কাত্যায়ন্যৈ নমঃ। প্রণাম,—ওঁ কাত্যায়নীং দশভুজাং মহিষাসুরমর্দ্দিনীম্। প্রসন্নবদনাং দেবীং বরদাং তাং নমাম্যহম্॥ ৯॥ ওঁ হ্রীং শ্রীং নবদুর্গায়ৈ নমঃ। প্রণাম,—ওঁ চণ্ডিকে নবদুর্গে ত্বং মহাদেবমনোরমে। পূজাং সমস্তাং সংগৃহ্য রক্ষ মাং ত্রিদশেশ্বরি॥

আবাহনপূর্ব্বক "ওঁ হ্রীং শ্রীং জয়ন্ত্যৈ নমঃ" বলিয়া পূজা করিবে। (এই ক্রমে) মঙ্গলায়ৈ, কাল্যৈ, ভদ্রকাল্যৈ, কপালিন্যৈ, দুর্গায়ৈ, শিবায়ৈ, ক্ষমায়ৈ, ধাত্র্যৈ, স্বাহায়ৈ, স্বধায়ৈ।

অনন্তর দেবীর অস্ত্রসমূহের পূজা ও প্রণাম করিবে। ওঁ ত্রিশূলায় নমঃ। প্রণাম,—ওঁ সর্ব্বায়ুধানাং প্রথমো নির্ম্মিতত্ত্বং পিনাকিনা। শূলাৎ সারং সমাকৃষ্য মুষ্টিগ্রাহং কৃতং শুভম্॥ ১॥ ওঁ খড়্গায় নমঃ। প্রণাম,—ওঁ অসির্ব্বিশসনঃ

খড়্গাস্তীক্ষ্ণধারো দুরাসদঃ। শ্রীগর্ভো বিজয়শ্চৈব ধর্ম্মপাল নমোঽস্তু তে॥ ২॥ ওঁ চক্রায় নমঃ। প্রণাম,—ওঁ চক্র ত্বং বিষ্ণুরূপোঽসি বিষ্ণুপাণৌ সদা স্থিতঃ॥ দেবী-হস্তস্থিতো নিত্যং সুদর্শন নমোঽস্তু তে॥ ৩॥ ওঁ তীক্ষ্ণবাণায় নমঃ। প্রণাম,—ওঁ সর্ব্বায়ুধানাং শ্রেষ্ঠোঽসি দৈত্যসেনানিসূদনঃ। ভয়েভ্যঃ সর্ব্বতো রক্ষ তীক্ষ্ণবাণ নমোঽস্তু তে॥ ৪॥ ওঁ শক্তয়ে নমঃ। প্রণাম,—ওঁ শক্তিস্ত্বং সর্ব্বদেবানাং গুহস্য চ বিশেষতঃ। শক্তিরূপেণ সর্ব্বত্র রক্ষাং কুরু নমোঽস্তু তে॥ ৫॥ ওঁ পূর্ণচাপায় নমঃ। প্রণাম,—ওঁ সর্ব্বায়ুধ-মহামাত্র সর্ব্বদেবারিসূদন। চাপ মাং সর্ব্বতো রক্ষ সাকং সায়কসত্তমৈঃ॥ ৬॥ ওঁ পাশায় নমঃ। প্রণাম—ওঁ পাশ ত্বং নাগরূপোঽসি বিষপূর্ণো বিষোদরঃ। শত্রূণাং দুঃসহো নিত্যং নাগপাশ নমোঽস্তু তে॥ ৭॥ ওঁ অঙ্কুশায় নমঃ। প্রণাম,—ওঁ অঙ্কুশোঽসি নমস্তুভ্যং গজানাং নিয়মঃ সদা। লোকানাং সর্ব্বরক্ষার্থং বিধৃতঃ পার্ব্বতীকরে॥ ৮॥ ওঁ ঘণ্টায়ৈ নমঃ। প্রণাম,—ওঁ হিনস্তি দৈত্যতেজাংসি স্বনেনাপূর্য্য যা জগৎ। সা ঘণ্টা পাতু নো দেবি পাপেভ্যোঽনঃ সুতানিব॥ ৯॥ ওঁ পরশবে নমঃ॥ প্রণাম,—ওঁ পরশো ত্বং মহাতীক্ষ্ণঃ সর্ব্বদেবারিসূদনঃ। দেবীহস্তে স্থিতো নিত্যং শত্রুক্ষয় নমোঽস্তু তে॥ ১০॥

ওঁ সর্ব্বায়ুধধারিণ্যৈ দুর্গায়ৈ নমঃ। প্রণাম,—ওঁ সর্ব্বায়ুধানাং শ্রেষ্ঠানি যানি যানি ত্রিপিষ্টপে। তানি তানি দধত্যৈ তে চণ্ডিকায়ৈ নমোঽম্বিকে। ওঁ কিরীটাদিভ্যো দেব্যঙ্গভূষণেভ্যো নমঃ। ওঁ বজ্রনখদংষ্ট্রায়ুধায় মহাসিংহাসনায় নমঃ। প্রণাম,—ওঁ আসনঞ্চাসি ভূতানাং নানালঙ্কারভূষিতং। মেরুশৃঙ্গপ্রতীকাশ-সিংহাসন নমোঽস্তু তে। ওঁ মহিষাসুরায় নমঃ। ওঁ দেশবাসিন্যৈ নমঃ।

নিম্নলিখিত দেবতাগণের আবাহন পূর্ব্বক পূজা করিবে, যথা—ওঁ শ্রীং সিদ্ধপুত্রবটুকায় নমঃ। (এই ক্রমে) জ্ঞানপুত্রবটুকায়, সহজপুত্রবটুকায়, শেষপুত্রবটুকায়, সময়পুত্রবটুকায়। পরে "ওঁ হেতুকায় ক্ষেত্রপালায় নমঃ" এই ক্রমে—ত্রিপুরঘ্নায়, অগ্নিজিহ্বায়, অগ্নিবেতালায়, কালায়, করালায়, একপাদায়, ভীমনাথায়।—(মণ্ডলের চতুর্দ্দিকে)—ওঁ অসিতাঙ্গায় ভৈরবায় নমঃ (এই ক্রমে)—রুরবে, চণ্ডায়, ক্রোধায়, উন্মত্তায়, ভয়ঙ্করায়, কপালিনে, ভীষণায়, সংহারায়। তদনন্তর সপ্তমীপূজাবিহিত পূর্ব্বদিকে লোকপালের পূজা করিয়া সর্ব্বাধারস্বরূপিণী দেবীকে বিশেষরূপে চিন্তা করিয়া, পুষ্পাঞ্জলিত্রয় প্রদানপূর্ব্বক মহিষাসুরাদি প্রতিমাস্থ দেবগণের পূজা করতঃ ছাগাদি বলিদান করিয়া আরাত্রিক, প্রাণায়াম, জপ, জপসমর্পণ ও পুনঃ প্রাণায়াম করিয়া স্তব ও কবচ পাঠ ও কুমারী পূজাদি করিবে।

সন্ধিপূজা।

অষ্টমী নবমীর সন্ধিক্ষণে কৃতাচমন পুরোহিত সামান্যার্ঘ্যাদি করিয়া দেবীকে চামুণ্ডারূপিণী চিন্তাপূর্ব্বক—ওঁ নীলোৎপলদলশ্যামা চতুর্ব্বাহুসমন্বিতা। খট্টাঙ্গং চন্দ্রহাসঞ্চ বিভ্রতী দক্ষিণে করে॥ বামে চর্ম্ম চ পাশঞ্চ ঊর্দ্ধাধোভাগতঃ পুনঃ। দধতী মুণ্ডমালাঞ্চ ব্যাঘ্রচর্ম্মধরাম্বরা॥ কৃশোদরী দীর্ঘদংষ্ট্রা অতিদীর্ঘাতি-ভীষণা। লোলজিহ্বা নিম্নরক্ত-নয়না রাবভীষণা॥ কবন্ধবাহনাসীনা বিস্তার-শ্রবণাননা। এষা কালী সমাখ্যাতা চামুণ্ডা ইতি কথ্যতে।

এই ধ্যান করিয়া ষোড়শোপচারে পূজা করিবে। তৎপরে, তৈজসাধারাদি উৎসর্গ করিয়া চতুঃষষ্টিযোগিনী ও চামুণ্ডার পূজা করিবে। অনন্তর নবমীর প্রথম দণ্ডে বলিদান করিয়া জপাদি করিবে এবং দীপমালা উৎসর্গ করিয়া দিবে।

অর্দ্ধরাত্রিপূজা,—কাহারও কাহারও কৌলিক নিয়ম আছে,—সপ্তমী, অষ্টমী ও সন্ধি এবং নবমী ব্যতিরেকে অর্দ্ধরাত্রি পূজা হইয়া থাকে। পদ্ধতিতে তাহা কিছু লেখা নাই—উহা কৌলিক পূজা। ঐ পূজা উভয়দিনে অর্দ্ধ-রাত্রিতে অষ্টমী প্রাপ্ত না হইলে পরদিন নবমীতে অর্দ্ধরাত্রিতে পূজা করিবে। সন্ধিপূজার ন্যায় কেবল দেবীর ষোড়শোপচারে পূজা ও বলিদান করিবে।

মহানবমী পূজা।

সমস্তই মহাষ্টমীর ন্যায়। কেবল যে সকল দেবতার অষ্টমীতে আবাহন করা হইয়াছে, নবমীতে আর তাঁহাদিগকে আবাহন করিতে হইবে না। পূজাদি সমাপ্ত করিয়া, নবমীর দিন নবমীবিহিত পূজান্তে কুশণ্ডিকোক্ত-বিধানে 'বরদ' নামক অগ্নিস্থাপনপূর্ব্বক "ওঁ অম্বে অম্বিকে অম্বালিকে ন মানয়তি কশ্চন। শশস্ত্যশ্বকঃ সুভদ্রিকাং কাম্পীল্যবাসিনীং স্বাহা।" এই মন্ত্রে সতিল-ঘৃতাক্ত বিল্বপত্রদ্বারা হোম করিবে। হোমান্তে তিলক ও দক্ষিণা করিবে।

দক্ষিণাবাক্য যথা—বিষ্ণুরোম্ তৎসদদ্য আশ্বিনে মাসি শুক্লে পক্ষে মহা-নবম্যান্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা কৃতৈতদ্‌বার্ষিক-শরৎকালীন-শ্রীভগবদ্দুর্গামহাপূজাকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং রজতখণ্ডমর্চ্চিতং শ্রীবিষ্ণুদৈবতং শ্রীভগবদ্দুর্গায়ৈ তুভ্যমহং সম্প্রদদে।

প্রদক্ষিণস্তোত্র।

ওঁ দুর্গাং শিবাং শান্তিকরীং ব্রহ্মাণীং ব্রহ্মণঃ প্রিয়াম্। সর্ব্বলোকপ্রণেত্রীঞ্চ প্রণমামি সদা শিবাম্॥ মঙ্গলাং শোভনাং শুদ্ধাং নিষ্কলাং পরমাং কলাম্। বিশ্বেশ্বরীং বিশ্বমাতাং চণ্ডিকাং প্রণমাম্যহম্॥ সর্ব্বদেবময়ীং দেবীং সর্ব্বরোগ-ভয়াপহাম্। ব্রহ্মেশবিষ্ণুনমিতাং প্রণমামি সদা শিবাম্॥ বিন্ধ্যস্থাং বিন্ধ্যনিলয়াং দিব্যস্থাননিবাসিনীম্। যোগিনীং যোগমাতাঞ্চ চণ্ডিকাং প্রণমাম্যহম্॥ ঈশানমাতরং দেবীমীশ্বরীমীশ্বরপ্রিয়াং। প্রণতোঽস্মি সদা দুর্গাং সংসারার্ণব-তারিণীম্॥ য ইদং পঠতি স্তোত্রং শৃণুয়াদপি যো নরঃ। স মুক্তঃ সর্ব্ব-পাপেভ্যো মোদতে দুর্গয়া সহ॥ ওঁ মহিষঘ্নি মহামায়ে চামুণ্ডে মুণ্ডমালিনি। আয়ুরারোগ্যবিজয়ং দেহি দেবি নমোঽস্তু তে॥ ভূতপ্রেতপিশাচেভ্যো রক্ষোভ্যশ্চ মহেশ্বরি। দেবেভ্যো মানুষেভ্যশ্চ ভয়েভ্যো রক্ষ মাং সদা॥ সর্ব্বমঙ্গলমঙ্গল্যে শিবে সর্ব্বার্থসাধিকে। উমে ব্রহ্মাণি কৌমারি বিশ্বরূপে প্রসীদ মে॥ ভগবতি ভয়োচ্ছেদে কাত্যায়নি চ কামদে। কালকৃৎ কৌশিকি ত্বং হি কাত্যায়নি নমোঽস্তু তে॥ প্রচণ্ডে পুত্রদে নিত্যং সুপ্রীতে সুরনায়িকে। কুলদ্যোতকরে চোগ্রে জয়ং দেহি নমোঽস্তু তে॥ রুদ্রচণ্ডে প্রচণ্ডাসি প্রচণ্ড-গণনাশিনি। রক্ষ মাং সর্ব্বতো দেবি বিশ্বেশ্বরি নমোঽস্তু তে॥ দুর্গোত্তারিণি দুর্গে ত্বং সর্ব্বাশুভবিনাশিনি। ধর্ম্মার্থকামমোক্ষায় নিত্যং মে বরদা ভব॥ প্রচণ্ডে চণ্ডমুণ্ডারে মুণ্ডমালাবিভূষিতে। নমস্তভ্যং নিশুম্ভারে শুম্ভভীষণ-কারিণি॥ দুর্গে দুর্গে মহাভাগে ত্রাহি মাং শঙ্করপ্রিয়ে। মহিষাসুরসংমদো-ন্মত্তে প্রণতোঽস্মি প্রসীদ মে॥ হর পাপং হর ক্লেশং হর শোকং হরাশুভম্। হর রোগং হর ক্ষোভং হর দেবি হরপ্রিয়ে॥ কালি কালি মহাকালি কালিকে কালরাত্রিকে। ধর্ম্মার্থকামসম্পত্তিং দেহি দেবি নমোঽস্তু তে॥ মহিষঘ্নি মহামায়ে চামুণ্ডে মুণ্ডমালিনি। আয়ুরারোগ্যবিজয়ং দেহি দেবি নমোঽস্তু তে॥ আয়ুর্দ্দদাতু মে কালী পুত্রান্ দেহি সদাশিবে। ধনং দেহি মহামায়ে নারসিংহি যশো মম॥ শিরো মে চণ্ডিকা পাতু কণ্ঠং পাতু মহেশ্বরী। হৃদয়ং পাতু চামুণ্ডা সর্ব্বতঃ পাতু কালিকা॥ আন্ধ্যং কুষ্ঠঞ্চ দারিদ্র্যং রোগং শোকঞ্চ দারুণম্। বন্ধুস্বজনবৈরাগ্যং দুর্গে ত্বং হর দুর্গতিম্॥ রাজ্যং তস্য প্রতিষ্ঠা চ লক্ষ্মীস্তস্য সদা স্থিরা। প্রভুত্বং তস্য সামর্থ্যং যস্য ত্বং মস্তকোপরি॥ নির্বীর্য্যো-ঽপ্যগুণবান্ বাপি সত্যাচারবিবর্জ্জিতঃ। নরঃ পৌরুষমাপ্নোতি যস্য ত্বং হৃদয়ে স্থিতা॥ জয়ং দেহি মহামায়ে জগতশ্চাপরাজিতে। ত্রৈলোক্যস্বামিনী ত্বং হি

ক্ষুৎপিপাসার্ত্তিনাশিনী॥ ধন্যোঽহং কৃতকৃত্যোঽহং সফলং জীবিতং মম। আগতাসি যতো দুর্গে মাহেশ্বরি মদাশ্রমম্॥ অর্ঘ্যং পুষ্পঞ্চ নৈবেদ্যং মাল্যং মলয়বাসিনি। গৃহাণ বরদে দেবি কল্যাণং কুরু মে সদা॥ কৃতা পূজা ময়া ভক্ত্যা নবদুর্গে সুরার্চ্চিতে। ভুক্ত্বা ভোগান্ বরান্ দত্ত্বা কুরু ক্রীড়াং যথাসুখম্॥ ইয়ং সাংবৎসরী পূজা যা কৃতা দেবি তে ময়া। সাঙ্গং ভবতু তৎ সর্ব্বং ত্বৎপ্রসাদাৎ সুরেশ্বরি॥ মন্ত্রহীনং ক্রিয়াহীনং ভক্তিহীনং সুরেশ্বরি। যৎ পূজিতং ময়া দেবি পরিপূর্ণং তদস্তু মে॥ কায়েন মনসা বাচা কর্ম্মণা যৎ কৃতং ময়া। তৎ সর্ব্বং পরিপূর্ণং মে ত্বৎপ্রসাদাৎ সুরেশ্বরি॥

বিজয়া-দশমী।

প্রাতঃকৃত্যাদি সমাপনপূর্ব্বক আচমন ও যথাশক্তি ন্যাসাদি করিয়া দশোপচারে দেবীর পূজা করিয়া গণেশাদি দেবতাগণের পঞ্চোপচারে পূজা করিবে। তৎপরে, "ওঁ দুর্গাং শিবাং শান্তিকরীং"—ইত্যাদি দেবীর স্তব পাঠ করিয়া প্রদক্ষিণ করিবে। তৎপরে পর্য্যুষিতান্ন ও চিপিটকাদি এবং ভোজ্যোৎসর্গ করিয়া দিয়া আরাত্রিক ও নমস্কার করিবে।

হাত যোড় করিয়া পাঠ করিবে,—"ওঁ বিধিহীনং ভক্তিহীনং ক্রিয়াহীনং যদর্চ্চিতম্। সাঙ্গং ভবতু তৎসর্ব্বং ত্বৎপ্রসাদান্মহেশ্বরি॥

অনন্তর দেবী-অঙ্গে সমস্ত আবরণ দেবতাকে লীন চিন্তা করিয়া ঘটে একটু জল দিয়া পাঠ করিবে—ওঁ হ্রীং দুর্গে ক্ষমস্ব।

ত্রিকোণমণ্ডলে সংহারমুদ্রাদ্বারা ঘট হইতে পুষ্প আনিয়া যোনিমুদ্রা দেখাইয়া নির্ম্মাল্যবাসিনীর পূজা করিবে। ওঁ নির্ম্মাল্যবাসিন্যৈ নমঃ। ওঁ চণ্ডেশ্বর্য্যৈ নমঃ।

পরে দেবীর আসন ধরিয়া পাঠ করিবে,—ওঁ কৃতা পূজা ময়া ভক্ত্যা কল্যাণং কুরু মে সদা। ভুক্ত্বা ভোগান্ বরান্ দত্ত্বা কুরু ক্রীড়াং যথাসুখম্॥ ওঁ উত্তিষ্ঠ দেবি চামুণ্ডে শুভাং পূজাং প্রগৃহ্য চ। কুরুষ্ব মম কল্যাণমষ্টাভিঃ শক্তিভিঃ সহ॥ গচ্ছ গচ্ছ পরং স্থানং স্বস্থানং দেবি চণ্ডিকে। যৎ পূজিতং ময়া দেবি পরিপূর্ণং তদস্তু মে॥ গচ্ছ গচ্ছ পরং স্থানং যত্র দেবো মহেশ্বরঃ। সংবৎসরব্যতীতে তু পুনরাগমনায় চ॥ গৃহীত্বা শারদীং পূজাং সমস্তাং শঙ্কর-প্রিয়ে। গচ্ছ দেবি মহামায়ে অষ্টাভিঃ শক্তিভিঃ সহ॥ যথাশক্তি কৃতা পূজা ভক্ত্যা কমললোচনে। সাঙ্গং ভবতু তৎসর্ব্বং ত্বৎপ্রসাদান্মহেশ্বরি॥ উত্তিষ্ঠ

দেবি চামুণ্ডে শুভাং পূজাং প্রগৃহ্ন চ। ব্রজ স্রোতোজলে বৃদ্ধ্যৈ স্থাপিতাসি জলেত্বিহ। নিমজ্জাম্ভসি সম্পূজ্য পত্রিকা বর্জ্জিতা জলে। পুত্রায়ুর্ধনবৃদ্ধ্যর্থং স্থাপিতাসি জলে ময়া॥

অনন্তর নির্ম্মাল্যজলপূর্ণ আধারে দর্পণ বিসর্জ্জন, অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্য সমাধান করিয়া প্রণাম করিবে।

"ওঁ উত্তিষ্ঠ ব্রহ্মণস্পতে দেবয়ন্তস্ত্বেমহে। উপ প্র যন্তু মরুতঃ সুদানব ইন্দ্র প্রাশূর্ভবা সচা।" এই মন্ত্র পাঠ পূর্ব্বক দেবীঘট তুলিয়া লইয়া উহার জলে পল্লবদ্বারা শান্তি করিবে। ওঁ সুরাস্ত্বামভিষিঞ্চন্তু—এই তান্ত্রিক শান্তিমন্ত্র অগ্রে পাঠ করিয়া, তৎপরে স্ব স্ব বেদোক্ত শান্তিমন্ত্র পাঠ করিয়া শান্তি করিবে। (প্রথম খণ্ড ৪৯ পৃষ্ঠা দেখ)

দেবীপুরাণোক্ত—

দুর্গাপূজা।

বোধন।

সায়ংকালে বিল্ববৃক্ষ সমীপে গমন করিয়া বোধন করিবে। কৃতনিত্যক্রিয় যজমান শুদ্ধাসনে উপবিষ্ট হইয়া স্বস্তিবাচন করিবে, পরে "ওঁ সূর্য্যঃ সোমো" ইত্যাদি মন্ত্রপাঠ করিয়া পাপাপনোদন করিবে। যথা—অদ্যেত্যাদি অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা (পূজকের নাম ও গোত্র বলিতে হইবে) কর্ত্তব্যবার্ষিক-শরৎকালীন-শ্রীভগবদ্দুর্গাবোধন—কর্ম্মাধিকারপ্রতিবন্ধক—পাপাপনোদনকাম ওঁ দেবি ত্বমিত্যাদি মন্ত্রদ্বয়-জপমহং করিষ্যে।

এইরূপে বাক্য করিয়া করযোড়ে নিম্নলিখিত মন্ত্রদ্বয় পাঠ করিবে যথা—"ওঁ দেবি ত্বং প্রাকৃতং চিত্তং পাপাক্রান্তমভূন্মম। তন্নিঃসারয় চিত্তং মে পাপং হুং ফট্ চ তে নমঃ॥ ওঁ সূর্য্যঃ সোমো যমঃ কালো মহাভূতানি পঞ্চ বৈ। এতে শুভাশুভস্যেহ কর্ম্মণো নব সাক্ষিণঃ॥"

অতঃপর উর্দ্ধ অধঃ ও পার্শ্বদ্বয় ক্রোধ দৃষ্টিতে অবলোকন করিয়া স্থিরচিত্ত হইবে। পরে কুশ-তিল-ফল-পুষ্পান্বিত জলপূর্ণ তাম্রপাত্র গ্রহণ করিয়া নিম্নলিখিত প্রকারে সংকল্প করিবে।

বিষ্ণুরোঁ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ

শ্রীঅমুকদেবশর্ম্মা সর্ব্ববাধাপ্রশমনপূর্ব্বকদীর্ঘায়ুষ্ট্বাতুলধনধান্য—পুত্রপৌত্রাদি-সম্পত্তিকামঃ (শ্রীদুর্গাপ্রীতিকামো বা) দেবীপুরাণোক্ত-বিধিনা বিল্ববৃক্ষে বার্ষিক-শরৎকালীন-শ্রীভগবদ্দুর্গা-পূজাঙ্গভূত-নানা-দেবতা-পূজা-পূর্ব্বক-শ্রীদুর্গায়া-বোধনমহং করিষ্যে।

এইরূপ সঙ্কল্প করিয়া স্বশাখোক্ত সূক্ত মন্ত্র পাঠ করিবে। অনন্তর স্বশাখোক্ত বিধানে ঘটস্থাপন করিয়া সামান্যার্ঘ্য স্থাপন, ভূতশুদ্ধি, মাতৃকান্যাস, পীঠন্যাস ও "হ্রীং" মন্ত্রে প্রাণায়াম করিয়া "ওঁ খর্ব্বং স্থূলতনুং" ইত্যাদি ধ্যান করিয়া "ওঁ গাং গণেশায় নমঃ" বলিয়া পাদ্যাদিদ্বারা গণেশের পূজা করতঃ শিবাদি পঞ্চদেবতা, আদিত্যাদি নবগ্রহ, ইন্দ্রাদি দশদিক্‌পাল, মৎস্যাদি দশ অবতার, গঙ্গা, যমুনা, মনসা, লক্ষ্মী ও সরস্বতীর পাদ্যাদিদ্বারা পূজা করিবে।

পরে শ্বেতসর্ষপ গ্রহণ করিয়া "ওঁ বেতালাশ্চ পিশাচাশ্চ রাক্ষসাশ্চ সরীসৃপাঃ। অপসর্পন্তু তে সর্ব্বে যে চান্যে বিঘ্নকারকাঃ॥ বিনায়কা বিঘ্নকরা মহোগ্রা যজ্ঞদ্বিষো যে পিশিতাশনাশ্চ। সিদ্ধার্থকৈর্ব্বজ্রসমানকল্পৈর্ম্ময়া নিরস্তা বিদিশঃ প্রয়ান্তু॥"

এই মন্ত্র পাঠ করিয়া গৃহীত সর্ষপ বিকীর্ণ করিয়া বিঘ্নাপসারণ করিবে। অনন্তর "হ্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ" ইত্যাদি ক্রমে দেবীর করাঙ্গন্যাস করতঃ "ওঁ জটাজূট" ইত্যাদি ধ্যান করিয়া স্বীয় মস্তকে পুষ্প প্রদান করতঃ মানসোপচারে পূজা করিবে। পরে বিশেষার্ঘ্য স্থাপন করতঃ "হ্রীং ভগবতি দুর্গে দেবি ইহাগচ্ছাগচ্ছ, ইহ তিষ্ঠ তিষ্ঠ অত্রাধিষ্ঠানং কুরু, মম পূজাং গৃহাণ।" ইহা বলিয়া আবাহন করতঃ "ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা হ্রীং দুর্গায়ৈ নমঃ" মন্ত্রে দেবীর পূজা করিবে। পরে "ওঁ বিল্ববৃক্ষায় নমঃ" বলিয়া পাদ্যাদিদ্বারা বিল্ববৃক্ষের পূজা করিয়া মাষভক্ত বলি প্রদান করিবে। যথা—

প্রথমতঃ করযোড়ে পাঠ করিবে, ওঁ ক্ষেত্রপালাদয়ঃ সর্ব্বে সর্ব্বশান্তি-ফলপ্রদাঃ। পূজাবিঘ্নবিনাশায় মম গৃহ্নন্ত্বিমং বলিম্॥" পরে "এষ মাষভক্ত-বলিঃ ওঁ ক্ষেত্রপালাদিভ্যো নমঃ" বলিয়া প্রদান করিবে। এই ক্রমে "ওঁ ভূতদৈত্যপিশাচাশ্চ গন্ধর্ব্বা রক্ষসাং গণাঃ। সিদ্ধিং কুর্ব্বন্তু তে সর্ব্ব মম গৃহ্নন্ত্বিমং বলিং॥ এষ মাষভক্তবলিঃ ওঁ ভূতাদিভ্যো নমঃ।" এবং "ওঁ ডাকিনী যোগিনী চৈব মাতরো দেবযোনয়ঃ। নানারূপধরা নিত্যং মম গৃহ্নন্ত্বিমং বলিম্॥ এষ মাষভক্তবলিঃ ওঁ ডাকিন্যাদিভ্যো নমঃ।" এবং "ওঁ

আদিত্যাদিগ্রহা যে চ কুষ্মাণ্ডা রাক্ষসাশ্চ যে। ইন্দ্রাদ্যাশ্চৈব দিক্‌পালা মম গৃহ্নন্ত্বিমং বলিম্॥ এষ মাষভক্তবলিঃ ওঁ আদিত্যাদিভ্যো নমঃ।” বলিয়া বলি প্রদান করিবে।

অনন্তর পঞ্চগব্য ও পঞ্চামৃত দ্বারা পূর্ব্বদিগ্‌বর্ত্তিনী বিল্বশাখাকে তত্তন্মন্ত্রে অভিমন্ত্রিত করিয়া সেই শাখায় দেবীর বোধনার্থ নিম্নলিখিত মন্ত্রে করযোড়ে পাঠ করিবে। যথা—“ঐঁ রাবণস্য বধার্থায় রামস্যানুগ্রহায় চ। অকালে ব্রহ্মণা বোধো দেব্যাস্ত্বয়ি কৃতঃ পুরা॥ অহমপ্যাশ্বিনে তদ্‌বদ্বোধয়ামি সুরেশ্বরীম্। শক্রেণাপি চ সংবোধ্য প্রাপ্তং রাজ্যং সুরালয়ে॥ তস্মাদহং ত্বাং প্রতিবোধয়ামি বিভূতিরাজ্য-প্রতিপত্তিহেতোঃ। যথৈব রামেণ হতো দশাস্যস্তথৈব শত্রূন্ বিনিপাতয়ামি॥ তস্মাৎ তিষ্ঠ মহাভাগে যাবৎ পূজাং করোম্যহম্। মূলে সমাগতে শুক্লসপ্তম্যামাগমিবাসি॥ দেবি চণ্ডাত্মিকে চণ্ডি চণ্ডবিগ্রহকারিণি। বিল্বশাখাং সমাশ্রিত্য তিষ্ঠ দেবি যথাসুখম্॥”

যদি ষষ্ঠীতে বোধন হয়, তবে “তদ্বদ্বোধয়ামি সুরেশ্বরীং” স্থলে “ষষ্ঠ্যাং সায়াহ্নে বোধয়ামি বৈ” এইরূপ পাঠ করিবে।

অনন্তর নিম্নলিখিত মন্ত্র পাঠ করিয়া বিল্বতরুকে আমন্ত্রণ করিবে। যথা— “ওঁ মেরুমন্দর-কৈলাস-হিমবচ্ছিখরে গিরৌ। জাতঃ শ্রীফলবৃক্ষ ত্বমম্বিকায়াঃ সদা প্রিয়ঃ। শ্রীশৈলশিখরে জাতঃ শ্রীফলঃ শ্রীনিকেতনঃ। নেতব্যোঽসি ময়াগচ্ছ পূজ্যো দুর্গাস্বরূপতঃ॥” তৎপরে “ওঁ কাণ্ডাৎ কাণ্ডাৎ” ইত্যাদি মন্ত্রে কাণ্ডচতুষ্টয় আরোপণ করিয়া “ওঁ সুত্রামাণং পৃথিবীং” ইত্যাদি মন্ত্রে (৫ম খণ্ড, ৭৬০ পৃঃ দেখ) সাতবার সূত্র আবেষ্টন করিবে।

পরে দক্ষিণা ও অচ্ছিদ্রাবধারণাদি পূর্ব্ববৎ করিবে।

অধিবাস।

কৃতনিত্যক্রিয় যজমান শুদ্ধাসনে উপবেশন করিয়া আচমনপূর্ব্বক স্বস্তিবাচন করতঃ “সূর্য্যঃ সোমো” ইত্যাদি মন্ত্র পাঠ করিয়া পূর্ব্ববৎ পাপাপনোদন করতঃ ফল তিল জলান্বিত তাম্রপাত্র গ্রহণ করিয়া সংকল্প করিবে। যথা—

বিষ্ণুরোম্ তৎসদদ্যাশ্বিনে মাসি শুক্লে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা সর্ব্ববাধাপ্রশমনপূর্ব্বক-দীর্ঘায়ুষ্ট্বাতুল-ধনধান্য-পুত্র-পৌত্রাদ্যনবচ্ছিন্ন-সন্ততিপ্রাপ্তিকামঃ (শ্রীভগবদ্দুর্গাপ্রীতিকামো বা) কর্ত্তব্যবার্ষিক-শরৎকালীন-শ্রীভগবদ্দুর্গা-মহাপূজাঙ্গভূত-শ্রীভগবদ্দুর্গায়াঃ শুভাধিবাসনকর্ম্মাহং করিষ্যে।

এই প্রকার সঙ্কল্প করিয়া স্বশাখোক্ত সূক্ত পাঠ করিয়া ঘটস্থাপনপূর্ব্বক পূর্ব্ববৎ শ্বেতসর্ষপ দ্বারা "ওঁ বেতালাশ্চ" ইত্যাদি মন্ত্রে ভূতাপসারণ করিয়া "এতৎ পাদ্যং ওঁ ভূতগণেভ্যো নমঃ" বলিয়া ভূতগণের পাদ্যাদি দ্বারা পূজা করিয়া মাষভক্তবলি গ্রহণ করতঃ "ওঁ ভূতাঃ প্রেতাঃ পিশাচাশ্চ যে বসন্ত্যত্র ভূতলে। তে গৃহ্নন্তু ময়া দত্তো বলিরেষ প্রসাধিতঃ॥ পূজিতা গন্ধপুষ্পাদ্যৈ-র্ব্বলিভিস্তর্পিতাস্তথা। দেশাদস্মাদ্ বিনিঃসৃত্য পূজাং পশ্যন্তু মৎকৃতাম্॥ এষ মাষভক্তবলিঃ ওঁ ভূতেভ্যো নমঃ" বলিয়া বলি প্রদান করিবে।

তৎপরে আসন শোধন, ভূতাপসারণ, ভূতশুদ্ধি আদি করিয়া সামান্যার্ঘ্য স্থাপন করিবে এবং পীঠ পূজা করতঃ গণেশাদি দেবতাগণের পূজা করিয়া পূর্ব্ববৎ করন্যাস করতঃ "ওঁ জটাজূট" ইত্যাদি ধ্যান করিয়া স্বীয় মস্তকে পুষ্প প্রদান করিতঃ মানসোপচারে দেবীর পূজা করিবে।

পরে বিশেষার্ঘ্য স্থাপনপূর্ব্বক পুনঃ করাঙ্গন্যাসাদি করিয়া পূর্ব্ববৎ দেবীর ধ্যান ও আবাহনাদি করিয়া অর্চ্চনা করিবে। পূজান্তে দেবীর মন্ত্র জপ করিয়া জপ সমর্পণ করতঃ "ওঁ সর্ব্বমঙ্গলমঙ্গল্যে" ইত্যাদি মন্ত্রে দেবীকে প্রণাম করিবে।

অতঃপর পাদ্যাদিদ্বারা বিল্ববৃক্ষের অর্চ্চনা করিবে। পরে করযোড়ে নিম্ন লিখিত মন্ত্র পাঠ করিবে। যথা—"ওঁ অদ্য প্রাপ্তাসি দেবি ত্বং নমস্তে শঙ্কর-প্রিয়ে। দুর্গে দেবি সমুত্তিষ্ঠ অহং ত্বামধিবাসয়ে॥"

পরে প্রশস্তিবন্দনোক্ত দ্রব্যাদি দ্বারা বিল্ববৃক্ষে ও ঘটে দেবীকে অধিবাস করতঃ মণ্ডপে প্রত্যাগমন করিবে। পরে পুনঃ ঐ সকল দ্রব্য দ্বারা দেবীর নবপত্রিকার ও খড়্গ দর্পণের অধিবাস করিবে।

পরে প্রতিমার আসনের চতুর্দ্দিকে কাণ্ডচতুষ্টয় আরোপণ ও সূত্র বেষ্টন করিবে।

সপ্তমী পূজা।

সপ্তমীদিনে কৃতনিত্যক্রিয় যজমান প্রথমতঃ মৃণ্ময়ী দেবীর সমীপে গমন করিয়া দেবীর বামহস্তে দেবীগায়ত্রী পাঠ করিয়া সূত্র বন্ধন করিবে। পরে শুদ্ধাসনে উপবিষ্ট হইবে। প্রতিনিধি দ্বারা পূজা করাইতে হইলে এই সময় ব্রাহ্মণকে বরণ করিয়া লইতে হইবে (১ম খণ্ড ৮৭ পৃঃ দেখ)।

পরে স্বশাখোক্ত স্বস্তিবাচন করিয়া, "সূর্য্যঃ সোমো" ইত্যাদি পাঠ করতঃ প্রতিবন্ধক পাপাপনোদন করিয়া সঙ্কল্প করিবে। যথা—

"বিষ্ণুরোম্ তৎসদদ্য আশ্বিনে মাসি কন্যারাশিস্থে ভাস্করে শুক্লে পক্ষে সপ্তম্যাং তিথাবারভ্য মহানবমীং যাবৎ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা সর্ব্বাপচ্ছান্তি-পূর্ব্বক দীর্ঘায়ুষ্ট্ব--পরমৈশ্বর্য্যাতুল--ধনধান্যপুত্রপৌত্রাদ্যনবচ্ছিন্নসন্ততিমিত্র--বর্দ্ধন--শত্রুক্ষয়োত্তরোত্তর-রাজসম্মানাদ্যভীষ্টসিদ্ধয়ে পরত্র দেবীলোক-প্রাপ্তয়ে চ (শ্রীদুর্গাপ্রীতি-কামো বা) যথোপকল্পিতোপহারৈর্দ্দেবীপুরাণোক্ত-বিধিনা সপ্তমী-বিহিত-রম্ভাদি-নবপত্রিকা-স্নান-প্রবেশ-মৃণ্ময়- শ্রীদুর্গাপ্রবেশ-মহাস্নান-গণপত্যাদি--নানাদেবতাপূজা-পূর্ব্বক--বার্ষিক--শরৎকালীন-শ্রীভগবদ্দুর্গাপূজা--চ্ছাগপশু--বলিদান-- মহাষ্টমীবিহিত মৃণ্ময়--শ্রীদুর্গামহাস্নানগণপত্যাদিনানাদেবতা--পূজাপূর্ব্বক---শ্রীভগবদ্দুর্গাপূজাচ্ছাগ-পশু--বলিদান--মহাষ্টমী--মহানবমীসন্ধিকালবিহিতগণপত্যাদিনানাদেবতা --পূজা-পূর্ব্বক-শ্রীভগবদ্দুর্গাপূজা--চ্ছাগপশুবলিদান-মহানবমীবিহিত--মৃণ্ময়- শ্রীদুর্গামহাস্নান-গণপত্যাদি--নানাদেবতা-পূজা--চ্ছাগপশুবলিদান--পূর্ব্বক---শ্রীভগবদ্দুর্গা--পূজনমহং করিষ্যে।"

উপরোক্ত প্রকারে সংকল্প করিয়া তজ্জল ঈশানকোণে ত্যাগ করতঃ স্বশাখোক্ত সূক্ত মন্ত্র পাঠ করিবে। পরে পূর্ব্ববোধিত বিল্ববৃক্ষ সমীপে গমন করতঃ পূর্ব্ববৎ পাদ্যাদিদ্বারা বিল্ববৃক্ষের অর্চ্চনা করিয়া কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবে। যথা—"ওঁ বিল্ববৃক্ষ মহাভাগ সদা ত্বং শঙ্করপ্রিয়ঃ। গৃহীত্বা তব শাখাঞ্চ দুর্গাপূজাং করোম্যহম্॥ শাখাচ্ছেদোদ্ভবং দুঃখং ন চ কার্য্যং ত্বয়া প্রভো। দেবৈর্গৃহীত্বা তে শাখাং পূজ্যা দুর্গেতি বিশ্রুতিঃ।"

অনন্তর খড়্গ গ্রহণ করিয়া "ছিন্ধি ছিন্ধি ফট্ ফট্ স্বাহা" এই মন্ত্রে পূর্ব্বাভিমন্ত্রিত শাখা ছেদন করিয়া করযোড়ে পড়িবে—"ওঁ পুত্রায়ুর্ধনবৃদ্ধ্যর্থং নেষ্যামি চণ্ডিকালয়ম্। বিল্বশাখাং সমাশ্রিত্য লক্ষ্মীং রাজ্যং প্রযচ্ছ মে॥ আগচ্ছ চণ্ডিকে দেবি সর্ব্বকল্যাণহেতবে। পূজাং গৃহাণ সুমুখি নমস্তে শঙ্করপ্রিয়ে॥"

এই মন্ত্র পড়িয়া বাদ্যধ্বনি সহকারে বিল্বশাখা দেবীগৃহে আনয়ন করতঃ রম্ভাদি নবপত্রিকার পীঠোপরি স্থাপন করিবে। পরে রম্ভাদি নির্ম্মিত নব-পত্রিকাতে "ওঁ কোঽসি কতমোঽসি কস্মৈ ত্বা কায় ত্বা। সুশ্লোক সুমঙ্গল সত্য রাজন্।" "ওঁ নানারূপধরে দেবি দিব্যবস্ত্রাবগুণ্ঠিতে। তবালেপনমাত্রেণ সর্ব্বপাপং বিনশ্যতি॥" এই মন্ত্র পাঠ করিয়া তৈলহরিদ্রা ম্রক্ষণ করিয়া প্রথমতঃ শোধিত পঞ্চগব্য দ্বারা অঙ্গমন্ত্র পাঠ করিয়া স্নান করাইবে। পরে শুদ্ধ জলদ্বারা "ওঁ কদলীতরুসংস্থাসি" ইত্যাদি মন্ত্রে স্নান করাইয়া—"ওঁ দেবাস্ত্বা-মভিষিঞ্চন্তু" ইত্যাদি মন্ত্রে অষ্ট ঘটজলদ্বারা স্নান করাইবে। অনন্তর নূতন

শুক্ল বস্ত্র দ্বারা স্নান-জল অপনোদন ও নূতন বস্ত্র পরিধান করাইয়া ভদ্রপীঠে স্থাপন করিবে।

অতঃপর দর্পণে দেবীর প্রতিবিম্ব অবলোকন করতঃ মূলমন্ত্রে দন্তকাষ্ঠ নিবেদন করিয়া মহাস্নান করাইবে। প্রথমতঃ তণ্ডুলচূর্ণদ্বারা দর্পণে দেবীর সর্ব্বশরীর উদ্বর্ত্তন করিবে। মন্ত্র যথা—ওঁ উদ্বর্ত্তয়ামি দেবি ত্বাং মৃণ্ময়ে শ্রীফলেঽপি চ। স্থিরাত্যন্তং হি নো ভূত্বা গৃহে কামপ্রদা ভব।

পরে শোধিত পঞ্চগব্য দ্বারা পূর্ব্ববৎ স্নান করাইয়া নদী জল দ্বারা ভৃঙ্গারে করিয়া স্নান করাইবে। যথা,—ওঁ আত্রেয়ী ভারতী গঙ্গা যমুনা চ সরস্বতী। সরযূর্গণ্ডকী পুণ্যা শ্বেতগঙ্গা চ কৌশিকী॥ ভোগবতী চ পাতালে স্বর্গে মন্দাকিনী তথা॥ সর্ব্বাঃ সুমনসো ভূত্বা ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্তু তাঃ। পরে "ওঁ সুরাস্ত্বামভিষিঞ্চন্তু" ইত্যাদি মন্ত্রে স্নান করাইয়া "ওঁ সিন্ধুভৈরবশোণাদ্যা যে নদা ভুবি সংস্থিতাঃ। সর্ব্বে সুমনসো ভূত্বা ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্তু তে॥" অনন্তর শঙ্খস্থ জল দ্বারা—"ওঁ সর্ব্বেষামধিপো দেব ঈশানো নাম নামতঃ। শূলপাণির্মহাদেবো ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্ত্বিমাম্॥" গঙ্গাজলদ্বারা "ওঁ মন্দাকিন্যাস্তু যদ্বারি সর্ব্বপাপহরং শুভম্। স্বর্গস্রোতশ্চ বৈষ্ণব্যং স্নানং ভবতু তেন তে॥" উষ্ণজল দ্বারা—"ওঁ পবিত্রং পরমঞ্চোষ্ণং বহ্নিজ্যোতিঃ সমন্বিতম্। জীবনং সর্ব্বপাপঘ্নং ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্ত্বিমাম্॥" অনন্তর "ওঁ আপো হি ষ্ঠা" ইত্যাদি মন্ত্রে স্নান করাইয়া বৈদিক মন্ত্রচতুষ্টয় দ্বারা স্নান করাইবে। পরে গায়ত্রী পড়িয়া গোমূত্রদ্বারা, "ওঁ গন্ধদ্বারাং" ইত্যাদি মন্ত্রে গোময় দ্বারা, "ওঁ দধিক্রাবো অকারিষং" ইত্যাদি মন্ত্রে দধি দ্বারা, "ওঁ আ প্যায়স্ব" ইত্যাদি মন্ত্রে দুগ্ধ দ্বারা, "ওঁ তেজোঽসি" ইত্যাদি মন্ত্রে ঘৃত দ্বারা, "ওঁ মধু বাতা" ইত্যাদি মন্ত্রে মধু দ্বারা স্নান করাইয়া "ওঁ অশ্বিনোর্ভৈষজ্যেন তেজসা ব্রহ্মবর্চ্চসা ত্বাভিষিঞ্চামি। সরস্বত্যৈ ভৈষজ্যেন বীর্য্যায়ান্নাদ্যায়াভিষিঞ্চামি। ইন্দ্রস্যেন্দ্রিয়েণ বলায় শ্রিয়া যশসেঽভিষিঞ্চামি" বলিয়া স্নান করাইবে।

পরে স্বর্ণোদক দ্বারা—"ওঁ পৃথিব্যাং স্বর্ণরূপেণ দেবাস্তিষ্ঠন্তি বৈ সদা। সর্ব্বদোষবিনাশার্থং স্নাপয়ামি মহেশ্বরীম্॥" রজতোদকে—"ওঁ অম্বিকে ত্বং মহাভাগে শারদে শত্রুনাশিনি। স্নানেনানেন দেবি ত্বং বরদা ভব সুব্রতে।" সামান্য জলে—"ওঁ যা আপঃ সর্ব্বভূতানাং প্রাণিনাং সিদ্ধি-হেতবে। পাবনীঃ সর্ব্বভূতানাং তাভিস্ত্বাং স্নাপয়াম্যহম্। পুষ্পোদকে—"ওঁ দেবস্য ত্বা সবিতুঃ" ইত্যাদি, ফলোদকে—"ওঁ অগ্ন আ যাহি বীতয়ে গৃণানো হব্যদাতয়ে। নি হোতা

সংসি বর্হিষি॥” ইক্ষুরস ও সাগরোদকে—“ওঁ নারায়ণ্যৈ বিদ্মহে ভগবত্যৈ ধীমহি। তন্নো গৌরী প্রচোদয়াৎ। অগুরু কর্পূর ও গঙ্গামৃত্তিকামিশ্রিত জল দ্বারা “ওঁ নারায়ণ্যৈ বিদ্মহে” ইত্যাদি বলিয়া স্নান করাইয়া পরে স্বতন্ত্র ভাবে প্রত্যেক দ্রব্য দ্বারা স্নান করাইবে।

তিল-তৈল দ্বারা “হ্রীং” বিষ্ণুতৈলে “ওঁ হ্রীং চামুণ্ডায়ৈ নমঃ।” মূল মন্ত্রে পঞ্চকষায়োদকদ্বারা। নির্ঝরোদকে ওঁ চণ্ডবত্যৈ নমঃ। নারিকেলোদক, পঞ্চকষায়, শিশির ও সাগরোদক দ্বারা প্রত্যেকতঃ দেবীর গায়ত্রী পাঠ করিয়া স্নান করাইবে। সর্ব্বৌষধি জল দ্বারা,—ওঁ যা ওষধীঃ সোমরাজ্ঞীর্ব্বহ্বীঃ শতবিচক্ষণাঃ॥ তাসাং ত্বমস্যুত্তমারং কামায় শং হৃদে।” সহস্রধারাজল দ্বারা—“ওঁ সাগরাঃ সরিতঃ সর্ব্বাঃ সর্গস্রোতো নদস্তথা। সর্ব্বৌষধিভিঃ পাপঘ্নাঃ সহস্রৈঃ স্নাপয়ন্তু তে। ওঁ লবণেক্ষুসুরাসর্পির্দধিদুগ্ধজলান্তকাঃ। সহস্রধারয়া দেবীং স্নাপয়ন্তু মহেশ্বরীম্। এবং “ওঁ অগ্নিমীলে পুরোহিতং” ইত্যাদি মন্ত্র চতুষ্টয় দ্বারা স্নান করাইয়া পুনরায় অষ্টঘট জল দ্বারা “ওঁ সুরাস্ত্বা-মভিষিঞ্চন্তু” ইত্যাদি মন্ত্রে স্নান করাইয়া দর্পণস্থ জল শুদ্ধ শুক্র বস্ত্র দ্বারা অপনোদন করিয়া মধ্যস্থলে সিন্দুর দ্বারা বৃত্ত আঁকিয়া তন্মধ্যে হ্রীং বীজ লিখিয়া ভদ্র পীঠে স্থাপন করিবে।

অনন্তর “ভূতেভ্যো নমঃ” বলিয়া পাদ্যাদি দ্বারা পূজা করিয়া “ওঁ ঘোর-রূপেভ্যো ঘোরতরেভ্যঃ সিদ্ধিভ্যঃ সাধ্যাদিভ্যো ভূতেভ্যো নমঃ” বলিয়া ইহাদের পূজা করিয়া “ওঁ ভূতাঃ প্রেতাঃ পিশাচাশ্চ যে বসন্ত্যত্র ভূতলে। তে গৃহ্নন্তু ময়া দত্তং বলিমেতং প্রসাধিতং। পূজিতা গন্ধপুষ্পাদ্যৈর্ব্বলিভিস্তর্পিতাস্তথা। দেশাদস্মাদ্ বিনিঃসৃত্য পূজাং পশ্যন্তু মৎকৃতাম্॥” ইহা পাঠ করিয়া “এষ মাষভক্তবলিঃ ওঁ ভূতেভ্যো নমঃ” বলিয়া প্রদান করিবে।

অনন্তর লাজ, চন্দন, শ্বেতসর্ষপ, ভস্ম, দূর্ব্বা, কুশ ও আতপতণ্ডুল গ্রহণ করিয়া ‘ফট্’ মন্ত্রে সাতবার অভিমন্ত্রিত করতঃ “ওঁ অপসর্পন্তু তে ভূতা যে ভূতা ভূমিপালকাঃ। ভূতানামবিরোধেন দুর্গাপূজাং করোম্যহম্॥ ওঁ বেতালাশ্চ পিশাচাশ্চ রাক্ষসাশ্চ সরীসৃপাঃ। অপসর্পন্তু তে সর্ব্বে চণ্ডিকাস্ত্রেণ তাড়িতাঃ॥” এই মন্ত্রদ্বয় পাঠ করতঃ হস্তস্থিত লাজাদি ছড়াইয়া দিয়া ভূতাপসারণ করিবে।

অনন্তর পত্রিকাতে “ওঁ বিল্বশাখাবাসিন্যৈ দুর্গায়ৈ নমঃ” এই মন্ত্রে পাদ্যাদি দ্বারা পূজা করিয়া উহাকে দেবীরূপে চিন্তা করতঃ দেবীর মস্তকে দূর্ব্বাক্ষত প্রদানপূর্ব্বক দেবীর আসন ধরিয়া পাঠ করিবে, যথা—“ওঁ চণ্ডিকে

চল চল চালয় চালয় দুর্গে পূজালয়ং প্রবিশ। ওঁ গম্যতাং মদ্গৃহে দেবি অষ্টাভিঃ শক্তিভিঃ সহ। পূজাং গৃহাণ সুমুখি সর্ব্বকল্যাণহেতবে॥

অতঃপর দেবীর সম্মুখে একটী ঘট আনয়ন করতঃ তাহা দধ্যক্ষতযুক্ত করিয়া ঘটমধ্যে পঞ্চরত্ন প্রদান করিবে। পরে স্বশাখোক্ত মন্ত্রে ঘটস্থাপন করিয়া "ওঁ গঙ্গাদ্যাঃ সরিতঃ সর্ব্বাঃ সাগরাশ্চ সরাংসি চ। সর্ব্বে সমুদ্রাঃ সরিতঃ সরাংসি চ নদা হ্রদাঃ। আয়ান্তু যজমানস্য দুরিতক্ষয়কারকাঃ॥" পরে "ওঁ গঙ্গে চ যমুনে চৈব" ইত্যাদি মন্ত্রে অঙ্কুশমুদ্রা দ্বারা ঘটস্থ জলে তীর্থাবাহন করিবে।

অনন্তর গণেশাদি দেবতাগণের পাদ্যাদি দ্বারা পূজা করিয়া সামান্যার্ঘ্য স্থাপন করিবে। পরে "হ্রাং হ্রীং হ্রূং ফট্" ইহা উচ্চারণ করতঃ নৈবেদ্যাদি দর্শন করিবে। তৎপরে পূর্ব্ববৎ লাজ চন্দনাদি গ্রহণ করিয়া—"ওঁ অপসর্পন্তু তে ভূতা" ইত্যাদি মন্ত্রে ভূতাপসারণ করিয়া বামপার্ষ্ণিঘাতত্রয় দ্বারা ভৌমবিঘ্ন দূরীকরণ করিয়া তালত্রয় দ্বারা অন্তরীক্ষগত বিঘ্ন উৎসারণ করিয়া আসন শোধন করিবে। পরে গুরুপঙ্ক্তি নমস্কার করিয়া ঋষ্যাদিন্যাস করিবে। যথা—অস্য দুর্গামন্ত্রস্য নারদঋষির্গায়ত্রীচ্ছন্দো দুর্গা দেবতা মম সর্ব্বাভীষ্ট-সিদ্ধ্যর্থং দুর্গাপূজনে বিনিয়োগঃ॥ শিরসি ওঁ নারদঋষয়ে নমঃ। মুখে ওঁ গায়ত্রীচ্ছন্দসে নমঃ, হৃদি ওঁ হ্রীং দুর্গায়ৈ নমঃ। অতঃপর গন্ধপুষ্পদ্বারা করদ্বয় সংশোধন করিয়া ঊর্দ্ধোর্দ্ধে তালত্রয় দিয়া ছোটিকা দ্বারা দশদিক্ বন্ধন করিবে।

পরে মাতৃকান্যাস হ্রীং বীজে প্রাণায়াম ও করন্যাস করিয়া পীঠন্যাস করিবে। যথা—হৃদয়ে, "ওঁ আধারশক্তয়ে নমঃ" এই ক্রমে—কূর্ম্মায়, অনন্তায়, পৃথিব্যৈ, ক্ষীরসমুদ্রায়, রত্নদ্বীপায়, মণিমণ্ডপায়, কল্পবৃক্ষায়, রত্নবেদিকায়ৈ। দক্ষিণাংসে—ধর্ম্মায়, বামাংসে—জ্ঞানায়। বাম উরুতে—বৈরাগ্যায়। দক্ষিণ উরুতে—ঐশ্বর্য্যায়। মুখে—অধর্ম্মায়। বাম পার্শ্বে—অজ্ঞানায়। নাভিতে—অবৈরাগ্যায়। দক্ষিণ পার্শ্বে—অনৈশ্বর্য্যায়। পুনরায় হৃদয়ে—শেষায়, পদ্মায়, অং অর্কমণ্ডলায় দ্বাদশকলাত্মনে, উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে, মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে, সং সত্বায়, রং রজসে, তং তমসে, আং আত্মনে, অং অন্তরাত্মনে, পং পরমাত্মনে, হ্রীং জ্ঞানাত্মনে। হৃদয়ে ও অষ্টদিকে "আং প্রভায়ৈ, ঈং মায়ায়ৈ, উং জয়ায়ৈ, এং সূক্ষ্মায়ৈ, ঐং বিশুদ্ধায়ৈ, ওঁ নন্দিন্যৈ, ঔং সুপ্রভায়ৈ, অং বিজয়ায়ৈ, অঃ সর্ব্বসিদ্ধিপ্রদায়ৈ" প্রণবাদি নমোঽন্ত করিয়া প্রত্যেকের পূজা করিতে হইবে। পরে "ওঁ বজ্রনখদংষ্ট্রায়ুধায় মহাসিংহায় হুঁ ফট্ নমঃ" বলিয়া পূজা করিবে।

পরে "ওঁ জটাজূটসমাযুক্তাং" ইত্যাদি দেবীর ধ্যান করিবে। এইরূপ ধ্যান করিয়া স্বীয় মস্তকে পুষ্প প্রদান করতঃ মানসোপচারে পূজা করিয়া বিশেষার্ঘ্য স্থাপন করিবে। পরে ঈশানকোণে গণেশঘট স্থাপনপূর্ব্বক "গাং হৃদয়ায় নমঃ" ইত্যাদি ক্রমে অঙ্গন্যাস ও করন্যাস করিয়া "ওঁ খর্ব্বং স্থূলতনুং" ইত্যাদি ধ্যান করতঃ গণেশের আবাহন করিয়া পূজা করতঃ "ওঁ সর্ব্ববিঘ্নহরো দেব একদন্তো গজাননঃ। দেবীগৃহেঽর্চ্চিতঃ প্রীত্যা সর্ব্ববিঘ্নং বিনাশয়" বলিয়া নমস্কার করিবে। পরে ঐ ঘটে শিবাদিপঞ্চদেবতা, ব্রহ্মা, দিক্পাল ও নবগ্রহের আবাহন করিয়া পূজা করিবে। এবং দুর্গাঘটে "ওঁ আধারশক্তয়ে" ইত্যাদি পীঠন্যাসোক্ত ক্রমে দেবতাগণের পূজা করিয়া পুনর্ব্বার দেবীর করন্যাসাদি করিয়া পুনশ্চ "ওঁ জটাজূট" ইত্যাদি ধ্যান করিয়া ষড়ঙ্গের পূজা করিবে, যথা—"ওঁ দুর্গে হৃদয়ায় নমঃ, ওঁ দুর্গে শিরসে স্বাহা, ওঁ রক্ষণি শিখায়ৈ বষট্, ওঁ স্বাহা কবচায় হুঁ, ওঁ দুর্গে দুর্গে রক্ষণি নেত্রত্রয়ায় বৌষট্, ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা অস্ত্রায় ফট্।" অতঃপর "ভূর্ভুবস্বর্ভগবতি দুর্গে দেবি স্বগণ-সহিতে ইহাগচ্ছা-গচ্ছ" ইত্যাদি ক্রমে আবাহনাদি পঞ্চমুদ্রা প্রদর্শন করাইয়া আবাহন করিয়া মূলমন্ত্রে সকলীকরণ ও ষড়ঙ্গন্যাস করিয়া প্রতিমায় হস্ত প্রদান করিয়া পাঠ করিবে। যথা,—

"ওঁ আগচ্ছ মদ্গৃহে দেবি অষ্টাভিঃ শক্তিভিঃ সহ। পূজাং গৃহাণ বিধিবৎ সর্ব্বকল্যাণকারিণি॥ ওঁ এহেহি ভগবদ্দুর্গে শত্রুক্ষয়-জয়প্রদে। ভক্তিতঃ পূজয়ামি ত্বাং নবদুর্গে সুরার্চ্চিতে॥ ওঁ দুর্গে দেবি সমাগচ্ছ সান্নিধ্যমিহ কল্পয়। যজ্ঞভাগং গৃহাণ ত্বমষ্টাভিঃ শক্তিভিঃ সহ॥ ওঁ শারদীয়ামিমাং পূজাং করোমি কমলেক্ষণে। আজ্ঞাপয় মহাদেবি দৈত্যদর্পনিসূদনি॥ ওঁ সংসারার্ণবদুষ্পারে সর্ব্বাসুরনিকৃন্তনি। ত্রায়স্ব বরদে দেবি নমস্তে শঙ্করপ্রিয়ে॥ ওঁ যে দেবা যা হি দেব্যশ্চ চলিতা যাশ্চলন্তি হি। আবাহয়ামি তান্ সর্ব্বান্ চণ্ডিকে পরমেশ্বরি॥ প্রাণান্ রক্ষ যশো রক্ষ পুত্রদারধনং সদা। সর্ব্বরক্ষাকরী যস্মাৎ তস্মাত্ত্বয়ি জগৎ-প্রিয়ে॥ ওঁ প্রবিশ্য তিষ্ঠ যজ্ঞেঽস্মিন্ যাবৎ পূজাং করোম্যহম্। শৈলানন্দকরে দেবি সর্ব্বসিদ্ধিঞ্চ দেহি মে॥ ওঁ আগচ্ছ চণ্ডিকে দেবি সর্ব্বকল্যাণহেতবে। পূজাং গৃহাণ সুমুখি নমস্তে শঙ্করপ্রিয়ে॥ ওঁ আবাহয়ামি দেবি ত্বাং মৃণ্ময়ে শ্রীফলেঽপি চ। কৈলাসশিখরাদ্দেবি বিন্ধ্যাদ্রের্হিমপর্ব্বতাৎ॥ আগত্য বিল্ব-শাখায়াং চণ্ডিকে কুরু সন্নিধিং॥ স্থাপিতাসি ময়া দেবি পূজয়ে ত্বাং প্রসীদ মে।

আয়ুরারোগ্যমৈশ্বর্য্যং দেহি দেবি নমোঽস্তু তে॥ ওঁ দেবি চণ্ডাত্মিকে চণ্ডি চণ্ডবিগ্রহকারিণি। বিল্বশাখাং সমাশ্রিত্য তিষ্ঠ দেবগণৈঃ সহ॥ ওঁ দেবি ত্বং জগতাং মাতঃ সৃষ্টিসংহারকারিণি। পত্রিকাসু সমস্তাসু সান্নিধ্যমিহ কল্পয়॥ পল্লবৈশ্চ ফলোপেতৈঃ শাখাভিঃ সুরনায়িকে। পল্লবে সংস্থিতে দেবি পূজাং গৃহ্ণ প্রসীদ মে॥ ওঁ আবাহয়ামি দেবি ত্বাং মৃণ্ময়ে শ্রীফলেঽপি চ। স্থিরাত্যন্তং হি নো ভূত্বা গৃহে কামপ্রদা ভব॥ ওঁ চণ্ডিকে চণ্ডরূপাসি সুরতেজোমহাবলে। প্রবিশ্য তিষ্ঠ যজ্ঞেঽস্মিন্ যাবৎ পূজাং করোম্যহম্॥" অনন্তর পঞ্চমন্ত্র জপ করিবে। যথা—"ওঁ হংসঃ শুচিসদ্বসুরন্তরিক্ষসদ্ধোতা বেদিষদতিথির্দুরোণসৎ। নৃষদ্বরসদৃতসদ্ব্যোমসদব্জা গোজা ঋতজা অদ্রিজা ঋতং বৃহৎ॥ ১॥ ওঁ প্র তদ্বিষ্ণুঃ স্তবতে বীর্য্যেণ মৃগো ন ভীমঃ কুচরো গিরিষ্ঠাঃ। যস্যোরুষু ত্রিষু বিক্রমণেষ্বধি-ক্ষিয়ন্তি ভুবনানি বিশ্বাঃ॥ ২॥ ওঁ বিষ্ণুর্যোনিং কল্পয়তু ত্বষ্টা রূপাণি পিংশতু। আ সিঞ্চতু প্রজাপতির্ধাতা গর্ভং দধাতু তে॥ ৩॥ গায়ত্রী॥ ৪॥ ওঁ ত্র্যম্বকং যজামহে সুগন্ধিং পুষ্টিবর্দ্ধনম্। উর্ব্বারুকমিব বন্ধনান্মৃত্যোর্মুক্ষীয় মা মৃতাৎ॥ ৫॥ এই প্রকার আবাহন করিয়া চক্ষুর্দ্দান করিবে।

প্রথমতঃ দক্ষিণচক্ষু—গায়ত্রী পাঠ করতঃ—"ওঁ চিত্রং দেবানামুদগা-দনীকং চক্ষুর্মিত্রস্য বরুণস্যাগ্নেঃ। আ প্রা দ্যাবাপৃথিবীং দ্যামুতেমাং কস্মৈ দেবায় হবিষা বিধেম"। বামচক্ষু,—"ওঁ আপ্যায়স্ব" ইত্যাদি। উর্দ্ধচক্ষু—গায়ত্রী পাঠ করতঃ—"ওঁ কয়া নশ্চিত্র আ ভুবদূতী সদা বৃধঃ সখা। কয়া শচিষ্ঠয়া বৃতা স্বাহা। এই সকল মন্ত্র পাঠ করিয়া বিল্বপত্রবৃন্তে কজ্জল গ্রহণ করিয়া তদ্দ্বারা চক্ষুর্দ্দান করিবে।

অনন্তর "ওঁ আং হ্রীং ক্রোং যং রং" ইত্যাদি মন্ত্রে প্রাণপ্রতিষ্ঠা করিয়া মূলমন্ত্র তিনবার পাঠ করিবে। পরে দেবীশরীরে পুষ্পাঞ্জলিত্রয় প্রদান করিবে। তারপর প্রতিমাঘটিত দেবতাগণের "ওঁ মনো জ্যোতিঃ" ইত্যাদি মন্ত্রে প্রাণ প্রতিষ্ঠা করিবে। পরে ষোড়শোপচারে পূজা করিবে। যথা—

"বং" এই বীজমন্ত্রে অর্ঘ্যজলদ্বারা দেয়দ্রব্য প্রোক্ষণ করিয়া—"অমুক-দ্রব্যায় নমঃ" বলিয়া গন্ধপুষ্প দ্বারা অর্চ্চনা করিয়া "ইদং অমুক দ্রব্যং ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা হ্রীং দুর্গায়ৈ দেব্যৈ নমঃ।" এই বলিয়া দেয়দ্রব্যোপরি জলদান। এইরূপ সমস্ত উপচার সম্বন্ধে জানিবে।

প্রথমতঃ আসন অর্চ্চনা ও নিবেদন করিয়া—"ওঁ আসনং গৃহ্ণ চার্ব্বঙ্গি নানারত্নবিনির্ম্মিতম্। গৃহাণেদং জগন্মাতঃ প্রসীদ ভগবত্যুমে॥ ১॥ মূলমন্ত্র

(দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা) উচ্চারণপূর্ব্বক "দুর্গে ইহ স্বাগতং" ইহা বলিয়া স্বাগত প্রশ্ন করিবে॥ ২॥ পরে পাদ্য—ওঁ পাদ্যং গৃহ্ন মহাদেবি সর্ব্বদুঃখাপ-হারকম্। ত্রায়স্ব বরদে দেবি নমস্তে শঙ্করপ্রিয়ে॥ ৩॥ অর্ঘ্য—ওঁ দূর্ব্বাক্ষত-সমাযুক্তং বিল্বপত্রং তথাপরম্। শোভনং শঙ্খপাত্রস্থং গৃহাণার্ঘ্যং হরপ্রিয়ে॥ নানাতীর্থোদ্ভবং বারি কুঙ্কুমাদিসুশীতলম্। গৃহাণার্ঘ্যমিদং দেবি বিশ্বেশ্বরি নমোঽস্তু তে॥ ৪॥ আচমনীয়—ওঁ মন্দাকিন্যাস্তু যদ্বারি সর্ব্বপাপহরং শুভম্। গৃহাণাচমনীয়ং ত্বং ময়া ভক্ত্যা নিবেদিতম্॥ ইদমাপো ময়া ভক্ত্যা তব পাণি-তলেঽর্পিতম্। আচাময় মহাদেবি প্রীতা শান্তিং প্রযচ্ছ মে॥ ৫॥ মধুপর্ক—ওঁ মধুপর্কং মহাদেবি ব্রহ্মাদ্যৈঃ পরিকল্পিতম্। ময়া নিবেদিতং ভক্ত্যা গৃহাণ পরমেশ্বরি॥ ৬॥ আচমনীয়—পূর্ব্ববৎ॥ ৭॥ স্নানীয়—ওঁ জলঞ্চ শীতলং স্বচ্ছমিদং শুদ্ধং মনোহরম্। স্নানার্থং তে ময়া ভক্ত্যা কল্পিতং প্রতিগৃহ্যতাম্॥ ৮॥ আচমনীয়—পূর্ব্ববৎ। বস্ত্র—ওঁ বহুতন্তুসমাযুক্তং পট্টসূত্রাদিনির্ম্মিতম্। বাসো দেবি সুশুক্লঞ্চ গৃহাণ বরবর্ণিনি॥ তন্তুসন্তানসংযুক্তং রঞ্জিতং রাগবস্তুনা। দুর্গে দেবি ভজ প্রীতিং বাসস্তে পরিধীয়তাম্॥ ৯॥ পূর্ব্ববৎ আচমনীয় দিবে। অলঙ্কার—ওঁ দিব্যরত্নসমাযুক্তা বহ্নিভানুসমপ্রভাঃ। গাত্রাণি শোভয়িষ্যন্তি অলঙ্কারাঃ সুরেশ্বরি॥ শঙ্খালঙ্কার—ওঁ শঙ্খঞ্চ বিবিধং চিত্রং বাহুনাঞ্চ বিভূষণম্। ময়া নিবেদিতং ভক্ত্যা শঙ্খঞ্চ প্রতিগৃহ্যতাম্॥ ১০॥ গন্ধ—ওঁ শরীরন্তে ন জানামি চেষ্টাং নৈব চ নৈব চ। মাং রক্ষ সর্ব্বতো দেবি গন্ধানেতান্ গৃহাণ চ॥ ১১॥ পুষ্প—ওঁ পুষ্পং মনোহরং দিব্যং সুগন্ধি দেব-নির্ম্মিতম্। হৃদ্যমদ্ভুতমাঘ্রেয়ং দেবি দত্তং প্রগৃহ্যতাম্॥ ১২॥ ধূপ—ওঁ বন-স্পতিরসো দিব্যো গন্ধাঢ্যঃ সুমনোহরঃ। ময়া নিবেদিতো ভক্ত্যা ধূপোঽয়ং প্রতিগৃহ্যতাম্॥ ১৩॥ দীপ—ওঁ অগ্নির্জ্যোতী রবির্জ্যোতিশ্চন্দ্রজ্যোতিস্তথৈব চ। জ্যোতিষামুত্তমো দুর্গে দীপোঽয়ং প্রতিগৃহ্যতাম্॥ ১৪॥ সিন্দুর—ওঁ চন্দনেন সমাযুক্তং সিন্দুরং ভালভূষণম্॥ রূপদ্যোতিকরং দেবি চণ্ডিকে গৃহ্ন মস্তকে। ওঁ চণ্ডিকায়ৈ বিদ্মহে ভগবত্যৈ ধীমহি। তন্নো গৌরী প্রচোদয়াৎ। ইদং সিন্দুর-তিলকং ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা হ্রীং দুর্গায়ৈ দেব্যৈ নমঃ। অঞ্জন—ওঁ নমস্তে সর্ব্বদেবেশি নমস্তে শঙ্করপ্রিয়ে। চক্ষুষামঞ্জনং হৃদ্যং দেবি দত্তং প্রগৃহ্যতাম্॥ ১৫॥ নৈবেদ্য—ওঁ আমান্নং ঘৃতসংযুক্তং ফলতাম্বুলসংযুতম্। ময়া নিবেদিতং ভক্ত্যা আমান্নং প্রতিগৃহ্যতাম্॥ ১৬॥ ফলাদি—ওঁ ফলমূলানি সর্ব্বাণি গ্রাম্যারণ্যানি যানি চ। নানাবিধসুগন্ধীনি গৃহ্ন দেবি মমাচিরম্॥

ওঁ যন্ময়া ভক্তিযোগেন পত্রং পুষ্পং ফলং জলম্। নিবেদিতঞ্চ নৈবেদ্যং তদ্ গৃহাণানুকম্পয়া॥ ত্বদীয়ং বস্তু গোবিন্দ তুভ্যমেব সমর্পয়ে। গৃহাণ সুমুখো ভূত্বা প্রসীদ পুরুষোত্তম॥ মন্ত্রহীনং ক্রিয়াহীনং ভক্তিহীনং জনার্দ্দন। যৎপূজিতং ময়া দেব পরিপূর্ণং তদস্তু বৈ॥ অমোঘং পুণ্ডরীকাক্ষং নৃসিংহং দৈত্যসূদনম্। হৃষী-কেশং জগন্নাথং বাগীশং বরদায়কম্॥ সর্ব্বগুণং গুণাতীতং গোবিন্দং গরুড়ধ্বজম্। জনার্দ্দনং জনানন্দং জানকী-জীবনং হরিম্॥ প্রণমামি সদা ভক্ত্যা নারায়ণ-মনাময়ম্। দুর্গমে বিষমে ঘোরে শত্রুণা পরিপীড়িতে। নিস্তারয়তু সর্ব্বেষু তথা-নিষ্টভয়েষু চ। নামান্যেতানি সংকীর্ত্ত্য ঈপ্সিতং ফলমাপ্নুয়াৎ॥ সত্যনারায়ণং দেবং বন্দেঽহং কামদং প্রভুম্। লীলয়া বিততং বিশ্বং যেন তস্মৈ নমো নমঃ॥

অনন্তর দক্ষিণান্ত করিয়া ভক্তিপূর্ণহৃদয়ে বন্ধুবান্ধবগণের সহিত লীলাময় ভগবান্ সত্যদেবের উপাখ্যান শ্রবণ করিবে।

ব্রত-কথা।—"ওঁ নারায়ণং নমস্কৃত্য নরঞ্চৈব নরোত্তমম্। দেবীং সরস্বতীঞ্চৈব ততো জয় মুদীরয়েৎ॥"

ঋষয় ঊচুঃ।—ব্রতেন তপসা বাপি প্রাপ্যতে বাঞ্ছিতং ফলম্। সর্ব্বেষাং প্রষ্টুমিচ্ছামি কথয়স্ব মহামুনে॥

শ্রীসূত উবাচ।—নারদেনৈবমুক্তঃ স ভগবান্ কমলাপতিঃ। সুরর্ষয়ো যথা প্রাহুস্তৎ শৃণুধ্বং সমাহিতাঃ॥ একদা নারদো যোগী পরানুগ্রহকাম্যয়া। পর্য্যটন্ বিবিধান্ লোকান্ মর্ত্তলোকমুপাগতঃ॥ তত্র দৃষ্ট্বা জনাঃ সর্ব্বে নানাদুঃখ-সমন্বিতাঃ। নানাযোনিসমুৎপন্নাঃ ক্লিশ্যন্তে পাপকর্ম্মভিঃ॥ কেনোপায়েন চৈতেষাং দুঃখনাশো ভবেদ্ ধ্রুবম্। ইতি সঞ্চিন্ত্য মনসা বিষ্ণুলোকং গতস্তদা॥ তত্র নারায়ণং দেবং শুক্লবর্ণং চতুর্ভুজম্। শঙ্খ-চক্র-গদা-পদ্ম-বনমালাবিভূষিতম্। দৃষ্ট্বা তং দেবদেবেশং বক্তুং সমুপচক্রমে॥

নারদ উবাচ।—ওঁ নমস্তে বাঙ্মনোঽতীত-রূপায়ানন্তশক্তয়ে। আদি-মধ্যান্তহীনায় নির্গুণায় গুণাত্মনে॥ সর্ব্বেষামাদিভূতায় ভক্তানামার্ত্তিনাশিনে। শ্রুত্বা স্তোত্রং ততো বিষ্ণুর্নারদং প্রত্যভাষত॥

শ্রীভগবানুবাচ।—কিমর্থমাগতোঽসি ত্বং কিং তে মনসি বর্ত্ততে। কথয়স্ব মহাভাগ তৎ সর্ব্বং কথয়ামি তে॥

নারদ উবাচ।—মর্ত্ত্যলোকে জনাঃ সর্ব্বে নানাক্লেশসমন্বিতাঃ। নানাযোনি-সমুৎপন্নাঃ পচ্যন্তে পাপকর্ম্মভিঃ॥ তৎসর্ব্বং শময়েন্নাথ লঘূপায়েন তদ্বদ। শ্রোতুমিচ্ছামি তৎসর্ব্বং কৃপাস্তি যদি তে ময়ি॥

শ্রীভগবানুবাচ।—সাধু পৃষ্টং ত্বয়া বৎস লোকানুগ্রহকাম্যয়া। যৎ কৃত্বা মুচ্যতে মোহাৎ তৎ শৃণুষ্ব বদামি তে॥ ব্রতমস্তি মহাপুণ্যং স্বর্গে ভুবি সুদুর্ল্লভম্। তব স্নেহান্ময়া বিপ্র প্রকাশং ক্রিয়তেঽধুনা॥ সত্যনারায়ণস্যৈতদ্ ব্রতং সম্যক্ বিধানতঃ। কৃত্বা নরঃ সুখং ভুক্ত্বা পরে মোক্ষমবাপ্নুয়াৎ॥ তচ্ছ্রুত্বা ভগবদ্-বাক্যং নারদঃ পুনরব্রবীৎ॥

নারদ উবাচ।—কিং ফলং কিং বিধানঞ্চ কৃতং বা কেন তদ্ব্রতম্। তৎ সর্ব্বং বিস্তরাদ্ ব্রূহি কদা কার্য্যং ব্রতং হি তৎ॥

শ্রীভগবানুবাচ।—দুঃখশোকাদিশমনং ধনধান্য-বিবর্দ্ধনম্। সৌভাগ্যসন্ততি-করং সর্ব্বত্র বিজয়-প্রদম্॥ যস্মিন্ কস্মিন্ দিনে মর্ত্ত্যো ভক্তিশ্রদ্ধাসমন্বিতঃ। সত্যনারায়ণং দেবং যজেত্তুষ্টো নিশামুখে॥ বান্ধবৈর্ব্রাহ্মণৈশ্চৈব সহিতো ধর্ম্মতৎপরঃ। নৈবেদ্যং ভক্তিতো দদ্যাৎ সপাদং ভক্ষ্যমুত্তমম্॥ রম্ভাফলং ঘৃতং ক্ষীরং গোধূমস্য চ চূর্ণকম্। অভাবে শালিচূর্ণং বা শর্করাং বা গুড়ং তথা॥ সপাদং সর্ব্বভক্ষ্যাণি একীকৃত্য নিবেদয়েৎ। বিপ্রায় দক্ষিণাং দদ্যাৎ কথাং শ্রুত্বা জনৈঃ সহ॥ ততশ্চ বন্ধুভিঃ সার্দ্ধং বিপ্রেভ্যঃ প্রতিপাদয়ন্। প্রসাদং ভক্ষ-য়েদ্ভক্ত্যা নৃত্যগীতাদিকং চরেৎ॥ ততস্তত্বা গৃহং গচ্ছেৎ সত্যনারায়ণং স্মরন্। এবং কৃতে মনুষ্যাণাং বাঞ্ছাসিদ্ধির্ভবেদ্ধ্রুবম্॥ বিশেষতঃ কলিযুগে নান্যো-পায়োঽস্তি ভূতলে। কথামস্য প্রবক্ষ্যামি কৃতকৃত্যো ভবেদ্ দ্বিজঃ॥

কশ্চিৎ কাশীপুরে গ্রামে আসীদ্বিপ্রশ্চ নির্দ্ধনঃ। ক্ষুৎতৃষ্ণাব্যাকুলো ভূত্বা সততং ভ্রমতে মহীম্॥ দুঃখিতং ব্রাহ্মণং দৃষ্ট্বা ভগবান্ ব্রাহ্মণপ্রিয়ঃ। বৃদ্ধব্রাহ্মণ-রূপেণ পপ্রচ্ছ দ্বিজমাদরাৎ॥

বৃদ্ধব্রাহ্মণ উবাচ।—কিমর্থং ভ্রমসে বিপ্র মহীং কৃৎস্নাং সুদুঃখিতঃ। তৎ-সর্ব্বং শ্রোতুমিচ্ছামি কথ্যতাং যদি রোচতে॥

ব্রাহ্মণ উবাচ।—ব্রাহ্মণোঽতিদরিদ্রোঽহং ভিক্ষার্থং ভ্রমণং মম। উপায়ং যদি জানাসি কৃপয়া কথয় প্রভো॥

বৃদ্ধব্রাহ্মণ উবাচ।—সত্যনারায়ণো বিষ্ণুর্ব্বাঞ্ছিতার্থফলপ্রদঃ। তস্য ত্বং দ্বিজশার্দ্দূল কুরুষ্ব ব্রতমুত্তমম্॥ যৎ কৃত্বা সর্ব্বদুঃখেভ্যো মুক্তো ভবতি মানবঃ॥

শ্রীভগবানুবাচ। বিধানঞ্চ ব্রতস্যাস্য বিপ্রায়াভাষ্য যত্নতঃ। সত্যনারায়ণো

বৃদ্ধস্তত্রৈবান্তরধীয়ত॥ ততোঽসৌ মনসা বিপ্রশ্চিন্তয়ামাস ঈশ্বরম্। ব্রতং নারায়ণেনোক্তং বিদিত্বা মন্দিরং যযৌ॥ ততোঽহং তৎ করিষ্যামি ব্রতং মনসি নিশ্চিতম্। ইতি নিশ্চিত্য বিপ্রোঽসৌ রাত্রৌ নিদ্রাং ন লব্ধবান্। ততঃ প্রাতঃ সমুত্থায় সত্যনারায়ণ-ব্রতম্। করিষ্যেঽহঞ্চ সংকল্প্য ভিক্ষার্থমগমদ্দ্বিজঃ॥ তস্মিন্নেব দিনে বিপ্রঃ প্রচুরং দ্রব্যমাপ্তবান্॥ তেনৈব বন্ধুভিঃ সার্দ্ধং সত্যস্য ব্রতমাচরন্। সর্ব্বদুঃখ-বিনির্ম্মুক্তঃ সর্ব্বসম্পৎসমন্বিতঃ॥ বভূব স দ্বিজশ্রেষ্ঠো ব্রতস্যাস্য প্রসাদতঃ। ততঃ প্রভৃতি কালঞ্চ মাসি মাসি ব্রতং কৃতম্॥ এবং নারায়ণাদেতদ্ব্রতং জ্ঞাত্বা দ্বিজোত্তমঃ। সর্ব্বপাপবিনির্ম্মুক্তো দুর্ল্লভং মোক্ষমাপ্তবান্॥ ব্রতমেতদ্ তদা বিপ্র পৃথিব্যাং সঞ্চরিষ্যতি। তদৈব সর্ব্বদুঃখং হি মানবানাং বিনশ্যতি॥ সূত উবাচ।—এবং নারায়ণেনোক্তং নারদায় মহাত্মনে। ময়াপি কথিতং বিপ্রাঃ কিমন্যৎ কথয়ামি বঃ॥ ইতি শ্রীস্কন্দপুরাণে রেবাখণ্ডে সত্যনারায়ণ-ব্রতকথায়াং বিপ্রসংবাদোনাম প্রথমোঽধ্যায়ঃ॥

ঋষয় উচুঃ—তস্মাদ্ বিপ্রাদ্ ব্রতং কেন পৃথিব্যাং চরিতং মুনে। তৎসর্ব্বং শ্রোতুমিচ্ছামঃ শ্রদ্ধাস্মাকং প্রজায়তে॥

সূত উবাচ।—শৃণুধ্বং মুনয়ঃ সর্ব্বে তস্মাদ্ যেন কৃতং ভুবি। একদা স দ্বিজবরো যথা বিভববিস্তরৈঃ॥ বন্ধুভিঃ স্বজনৈঃ সার্দ্ধং ব্রতং কর্ত্তুং সমুদ্যতঃ। এতস্মিন্নন্তরে কালে কাষ্ঠকেতুঃ সমাগতঃ॥ বহিঃ কাষ্ঠঞ্চ সংস্থাপ্য বিপ্রস্য মন্দিরং যযৌ। তৃষ্ণয়া পীড়িতো ভূত্বা বিপ্রং দৃষ্ট্বা তথাবিধম্। প্রণিপত্য দ্বিজং প্রাহ কিমিদং ক্রিয়তে ত্বয়া। কৃতে কিং ফলমাপ্নোতি বিস্তরাদ্ বদ মে প্রভো॥

বিপ্র উবাচ।—সত্যনারায়ণস্যেদং ব্রতং সর্ব্বেপ্সিত-প্রদম্। দুঃখদারিদ্র্য-শমনং পুত্রপৌত্রবিবর্দ্ধনম্॥ তস্য প্রসাদান্মে সর্ব্বং ধনধান্যাদিকং মহৎ। ততস্তদ্বচনং শ্রুত্বা কাষ্ঠহর্ত্তাতিহর্ষিতঃ। পপৌ জলং প্রসাদঞ্চ ভুক্ত্বা তন্নগরং যযৌ। সত্যনারায়ণং দেবং চিন্তয়ন্ স্থিরমানসঃ॥ কাষ্ঠং বিক্রীয় নগরে প্রাপ্স্যামি চাদ্য যদ্ধনম্। তেনৈব সত্যদেবস্য করিষ্যে ব্রতমুত্তমম্॥ ইতি সঞ্চিন্ত্য মনসা কাষ্ঠং কৃত্বা তু মস্তকে। জগাম নগরং রম্যং ধনিনাং যত্র সংস্থিতিঃ॥ তদ্দিনে কাষ্ঠমূল্যঞ্চ দ্বিগুণং প্রাপ্তবানসৌ॥ ততঃ প্রসন্ন-হৃদয়ঃ সুপক্বং কদলীফলম্। শর্করাং ঘৃতদুগ্ধঞ্চ গোধূমস্য চ চূর্ণকম্॥ প্রত্যেকন্তু সপাদঞ্চ গৃহীত্বা স্বপুরং যযৌ॥ ততো বন্ধূন্ সমাহূয় চকার বিধিনা ব্রতং। তদ্ব্রতস্য প্রসাদেন ধনপুত্রান্বিতোঽভবৎ॥ ইহলোকে সুখং ভুক্ত্বা চান্তে সত্যপুরং যযৌ॥ ইতি শ্রীস্কন্দপুরাণে রেবাখণ্ডে সত্যনারায়ণ-

ব্রতকথায়াং কাষ্ঠকেতু-সংবাদোনাম দ্বিতীয়োঽধ্যায়ঃ॥ সূত উবাচ—পুনরন্যৎ প্রবক্ষ্যামি শৃণুধ্বং মুনিপুঙ্গবাঃ॥ আসীদুল্কামুখো নাম নৃপতির্বলিনাং বরঃ। জিতেন্দ্রিয়ঃ সত্যবাদী যযৌ দেবালয়ং প্রতি॥ দিনে দিনে ধনং দত্ত্বা দ্বিজান্ সন্তোষয়েৎ সুধীঃ। তস্য ভার্য্যা প্রমুগ্ধা চ সরোজবদনা সতী॥ ভদ্রশীলা ব্রতং সত্যং সিন্ধুতীরেঽকরোন্মুনে। এতস্মিন্নেব সময়ে সাধুরেকঃ সমাগতঃ॥ বাণিজ্যার্থং বহুবিধৈ রত্নাদ্যৈঃ পরিপূরিতাম্। নাবং সংস্থাপ্য তত্তীরে জগাম তত্তটং প্রতি॥ দৃষ্ট্বা তত্র ব্রতং সম্যক্ পপ্রচ্ছ বিনয়ান্বিতঃ॥ সাধুরুবাচ।—কিমিদং ক্রিয়তে রাজন্ ভক্তিযুক্তেন চেতসা। প্রকাশং কুরু তৎ সর্ব্বং শ্রোতু-মিচ্ছামি সাম্প্রতম্॥ রাজোবাচ।—পূজনং ক্রিয়তে সাধো বিষ্ণোরতুলতেজসঃ। ব্রতঞ্চ স্বজনৈঃ সার্দ্ধং পুত্রাদিপ্রাপ্তয়ে মুদা॥ প্রত্যুবাচ ততো নত্বা রাজানং সাদরং বচঃ। সাঙ্গং কথয় মে রাজন্ ব্রতমেতৎ করোম্যহম্॥ মমাপি সন্ততির্নাস্তি এতস্মাদ্ভবিতা ধ্রুবম্। ততো নিবৃত্য বাণিজ্যাৎ সানন্দং গৃহমাযযৌ॥ কিয়দ্দিনে তস্য ভার্য্যাভবদ্গর্ভবতী সতী। গর্ভযুক্তানন্দচিত্তাভবদ্ধর্ম্মপরায়ণা॥ পূর্ণে গর্ভে ততো জাতা বালিকা চাতিসুন্দরী। দিনে দিনে বর্দ্ধমানা শুক্লপক্ষে যথা শশী॥ ততো বণিক্সুতায়াশ্চ জাতকাদীন্ সমাপ্য চ। নাম্না কলাবতী চেতি তন্নামকরণং কৃতম্॥ ততো লীলাবতী প্রাহ স্বামিনং মধুরং বচঃ। ন করোষি কিমর্থং বা পুরা যচ্চ প্রতিশ্রুতম্॥

সাধুরুবাচ।—বিবাহসময়েঽপ্যস্যাঃ করিষ্যামি ব্রতং প্রিয়ে। ইতি—ভার্য্যাং সমাশ্বাস্য জগাম তত্তটং প্রতি॥ ততঃ কলাবতী কন্যা বর্দ্ধিতা পিতৃবেশ্মনি। দৃষ্ট্বা কন্যাং ততঃ সাধুর্নগরে বন্ধুভিঃ সহ॥ মন্ত্রয়িত্বা দ্রুতং দূতং প্রেষয়ামাস ধর্ম্মবিৎ। বিবাহার্থঞ্চ কন্যায়া বরং শ্রেষ্ঠং বিচারয়ন্॥ তেনাজ্ঞপ্তস্ততঃ সোঽসৌ কাঞ্চনং নগরং যযৌ। তস্মাদেকং বণিক্পুত্রং সমাদায়াগতো হি সঃ। দৃষ্ট্বা তু সুন্দরং বালং বণিক্পুত্রং গুণান্বিতম্॥ জ্ঞাতিভির্বন্ধুভিঃ সার্দ্ধং পরিতুষ্টেন চেতসা। দত্তবান্ সাধুপুত্রায় কন্যাং বিধি-বিধানতঃ॥ ততোভাগ্যবশাত্তেন বিস্মৃতং ব্রতমুত্তমম্। বিবাহসময়ে-ঽপ্যস্যাস্তেন রুষ্টোঽভবদ্বিভুঃ॥ ততঃ কালেন কিয়তা নিজধর্ম্মবিশারদঃ। বাণিজ্যার্থং ততঃ শীঘ্রং জামাত্রা সহিতো বণিক্॥ পুরীং নির্ম্মায় নগরে চন্দ্রকেতোর্নৃপস্য চ॥ এতস্মিন্নেব কালে তু সত্যনারায়ণঃ প্রভুঃ। ভ্রষ্ট-প্রতিজ্ঞমালোক্য শাপং তস্মৈ প্রদত্তবান॥ অদ্যারভ্য কিয়ৎকালং দুঃখন্তেঽত্র ভবিষ্যতি। তস্মিন্নেব দিনে রাজ্ঞো ধনমাদায় তস্করঃ॥ তেনৈব বর্ত্মনা যাতঃ

পৃষ্ঠদেশং বিলোকয়ন্। তৎপশ্চাদ্ ধাবতো দূতান্ দৃষ্ট্বা ভীতেন চেতসা॥ ধনং সংস্থাপ্য তত্রৈব গতঃ শীঘ্রমলক্ষিতঃ॥ ততো দূতাঃ সমায়াতা যত্রাস্তে সজ্জনো বণিক্। দৃষ্ট্বা ভূপধনং তত্র বদ্ধা দূতা বণিক্‌সুতৌ॥ হর্ষযুক্তা ধাবমানা উচুর্নৃপসমীপতঃ। তস্করৌ দ্বৌ সমানীতৌ বিলোক্যাজ্ঞাপয় প্রভো॥ তেনাজ্ঞপ্তেস্ততঃ শীঘ্রং দৃঢ়ং বদ্ধা তু তাবুভৌ। স্থাপিতৌ দ্বৌ মহাদুর্গে কারাগারে বিচারতঃ॥

সূত-উবাচ।—মায়য়া সত্যদেবস্য ন শ্রুতঞ্চ তয়োর্বচঃ। ততস্তয়োর্ধনং যচ্চ গৃহীতং চন্দ্রকেতুনা॥ তচ্ছাপাচ্চ তয়োর্গেহে ভার্য্যাপি দুঃখিতাভবৎ। চৌরেণাপহৃতং সর্ব্বং গেহে যচ্চ স্থিতং ধনম্॥ আধিব্যাধিসমাযুক্তা ক্ষুৎপিপাসা-প্রপীড়িতা। অন্নচিন্তাপরা ভূত্বা ভ্রমতে চ গৃহে গৃহে। তথা কলাবতী কন্যা ভ্রমতে প্রতিবাসরম্॥ একদা সা তু ভবনাৎ ক্ষুধার্ত্তা দ্বিজমন্দিরম্। গত্বাপশ্যদ্‌ব্রতং তত্র সত্যনারায়ণস্য চ॥ উপবিশ্য কথাং শ্রুত্বা বরং সম্প্রার্থ্য বাঞ্ছিতম্। প্রসাদভক্ষণং কৃত্বা যযৌ রাত্রৌ গৃহং প্রতি॥ ততে লীলাবতী কন্যাং ভর্ৎসয়ামাস তাং ভৃশম্। পুত্রি রাত্রৌ স্থিতা কুত্র কিন্তে মনসি বর্ত্ততে॥

কলাবত্যুবাচ।—দ্বিজালয়ে ব্রতং মাতদৃ‍ষ্টং বাঞ্ছিতসিদ্ধিদম্। তচ্ছ্রুত্বা কন্যকা-বাক্যং ব্রতং কর্ত্তুং সমুদ্যতা॥ সম্ভূতা সা বণিগ্‌ভার্য্যা সত্যনারায়ণস্য চ। ব্রতং চক্রে চ বৈ সাধ্বী বন্ধুভিঃ স্বজনৈঃ সহ॥ ভর্ত্তৃজামাতরৌ ক্ষিপ্রমাগচ্ছেতাং মমাশ্রমম্। ইতি দেবং বরং যাচে সত্যদেবং পুনঃ পুনঃ॥ অপরাধস্তু ভর্ত্তুর্মে জামাতুঃ ক্ষন্তুমর্হসি। ব্রতেন তস্যাস্তুষ্টোঽসৌ সত্যনারায়ণঃ প্রভুঃ॥ দর্শয়ামাস স্বপ্নং হি চন্দ্রকেতুং নৃপোত্তমম্। দেয়ং ধনঞ্চ তৎসর্ব্বং বিধিনা দ্বিগুণীকৃতম্॥ নো চেৎ ত্বাং নাশয়িষ্যামি সরাজ্য-ধন-পুত্রকম্। এবমাভাষ্য রাজানং ধ্যানগম্যোঽভবৎ প্রভুঃ॥ ততঃ প্রভাতসময়ে রাজা চ স্বজনৈঃ সহ। উপবিশ্য সভামধ্যে প্রাহ দূতজনং প্রতি॥ বদ্ধৌ মহাজনৌ ক্ষিপ্রমানয়-স্বান্তিকং মম। ততো দূতা দ্রুতং গত্বা সমানিন্যুর্ব্বণিকসুতৌ॥ তৌ চ নত্বা বণিক্‌পুত্রৌ চন্দ্রকেতুং নৃপোত্তমম্। স্মৃত্বা চ পূর্ব্ববৃত্তান্তং বিস্ময়াদ্ভয়বিহ্বলৌ॥ রাজা বণিকসুতৌ বীক্ষ্য প্রোবাচ সাদরং বচঃ। দৈবাৎ প্রাপ্তং মহৎ কষ্টমিদানীং নাস্তি তদ্ভয়ম্॥ ইদানীমেব মুক্তস্ত্বং ক্ষুরকর্ম্মাদিকং চর। ততো নৃপবরঃ শ্রীমান্ স্বর্ণরত্নবিভূষণৈঃ॥ অলঙ্কৃত্য বণিক্‌পুত্রৌ বচসাপ্রীণয়দ্ভৃশম্। পুরা নীতঞ্চ যদ্দ্রব্যং দ্বিগুণীকৃত্য দত্তবান্॥ প্রোবাচ তৌ ততো রাজা গচ্ছ

সাধো নিজাশ্রমম্। রাজানং প্রণিপত্যাহ গন্তব্যং ত্বৎপ্রসাদতঃ॥ যাত্রাং কৃত্বা ততঃ সাধুর্মঙ্গলাচারপূর্ব্বকম্। ব্রাহ্মণেভ্যো ধনং দত্ত্বা সহর্ষো নগরং যযৌ॥ কিয়দ্দূরে গতে সাধৌ সত্যনারায়ণঃ প্রভুঃ। জিজ্ঞাসাং কৃতবান্ সাধো কিমস্তি তরণৌ তব॥ ততো মহাজনৌ মত্তো হেলয়া চ প্রহস্য চ। কথং পৃচ্ছসি ভো দণ্ডিন্ মুদ্রাং কিং লব্ধু মিচ্ছসি॥ লতাপত্রাদিকঞ্চৈব বর্ত্ততে তরণৌ মম। নিষ্ঠুরঞ্চ বচঃ শ্রুত্বা সত্যং ভবতু তে বচঃ॥ এবমুক্ত্বা গতঃ শীঘ্রং দণ্ডী তস্য সমীপতঃ। কিয়দ্দূরে ততো গত্বা স্থিতঃ সিন্ধুসমীপতঃ॥ গতে দণ্ডিনি সাধুশ্চ কৃতনিত্যক্রিয়স্তদা। উত্থিতাং তরণীং দৃষ্ট্বা বিস্ময়ং পরমং যযৌ॥ লতাপত্রাদিকং দৃষ্ট্বা মূর্চ্ছিতো ন্যপতদ্‌ভুবি॥ লব্ধসংজ্ঞো বণিক্‌পুত্রস্ততশ্চিন্তা-পরোঽভবৎ। শ্বশুরং দুহিতুঃ কান্তো বচনঞ্চেদমব্রবীৎ॥

জামাতোবাচ।—কিমর্থং কুরুষে শোকং শাপাদেতচ্চ দণ্ডিনঃ। শক্যতে তেন সর্ব্বং হি কর্ত্তুং হর্ত্তুং ন সংশয়ঃ॥ ততস্তচ্ছরণং যামো বাঞ্ছিতার্থো ভবিষ্যতি। জামাতুশ্চ বচঃ শ্রুত্বা তৎসকাশং গতস্তদা॥ দৃষ্ট্বা চ দণ্ডিনং ভক্ত্যা নত্বা প্রোবাচ সত্বরম্। ক্ষমস্ব চাপরাধং মে যদুক্তং তব সন্নিধৌ॥ ময়া দুরাত্মনা দেব মুগ্ধোঽহং তব মায়য়া। যদুক্তং তদ্বচো নাথ দুষ্টং মে ক্ষন্তুমর্হসি॥ যতঃ পরহিতাঃ সর্ব্বে ক্ষমাসারা হি সাধবঃ। পুনঃপুনস্ততো নত্বা রুরোদ শোকবিহ্বলঃ॥ তমুবাচ ততো দণ্ডী বিলপন্তং বিলোক্য চ। মা রোদীঃ শৃণু মে বাক্যং ভূত্বা পূজাপরাঙ্মুখঃ॥ মামবজ্ঞায় দুর্ব্বুদ্ধে লব্ধং দুঃখং মুহুর্ম্মুহুঃ। তচ্ছ্রুত্বা ভগবদ্বাক্যং স্তুতিং কর্ত্তুং সমুদ্যতঃ॥

সাধুরুবাচ।—ত্বন্মায়ামোহিতাঃ সর্ব্বে ব্রহ্মাদ্যাস্ত্রিদিবৌকসঃ। ন জানন্তি গুণং রূপং তবাশ্চর্য্যমিদং প্রভো॥ মূঢ়োঽহং ত্বাং কথং জানে মোহিতস্তব মায়য়া। প্রসীদ পূজয়িষ্যামি যথা-বিভববিস্তরৈঃ॥ পুত্রং বিত্তঞ্চ মচ্চিত্তং পাহি মাং শরণাগতম্। শ্রুত্বা ভক্তিযুতং বাক্যং পরিতুষ্টো জনার্দ্দনঃ॥ বরঞ্চ বাঞ্ছিতং দত্ত্বা তত্রৈবান্তরধীয়ত। ততোঽসৌ নাবমারুহ্য দৃষ্ট্বা রত্নাদি-পূরিতাম্॥ কৃপয়া সত্যদেবস্য যৎফলং বাঞ্ছিতং মম। ইত্যুক্ত্বা স্বজনৈঃ সার্দ্ধং পূজাং কৃত্বা যথাবিধি॥ হর্ষেণ মহতা সাধুঃ প্রয়াণমকরোদ্দ্বিজঃ। নাবং সংযোজ্য বেগেন স্বদেশমগমত্তদা॥ ততো জামাতরং প্রাহ পশ্য বৎস পুরীং মম। দূতঞ্চ প্রেষয়ামাস নিজবিত্তস্য রক্ষকম্॥ ততোঽসৌ নগরং গত্বা সাধুভার্য্যাং বিলোক্য চ। উবাচ বাঞ্ছিতং বাক্যং নত্বা বদ্ধাঞ্জলিস্তদা॥ নিকটে নগরস্যৈব জামাত্রা সহিতো বণিক্। আগতো বন্ধুবর্গৈশ্চ ধনৈর্ব্বহু-

বিধেস্তথা॥ শ্রুত্বা দূতমুখাদ্ বাক্যং মহাহর্ষযুতা সতী। সত্যপূজাং ততঃ কৃত্বা প্রোবাচ তনুজাং প্রতি॥ ব্রজামি শীঘ্রমাগচ্ছ সাধুসন্দর্শনায় চ। ইতি মাতৃবচঃ শ্রুত্বা ব্রতং কৃত্বা সমাপ্য চ॥ প্রসাদং সম্পরিত্যজ্য গতা সা চ পতিং প্রতি। তেন রুষ্টঃ সত্যদেবো ভর্ত্তারং তরণীং তথা॥ সংহৃত্য চ ধনৈঃ সার্দ্ধং জলে তস্মিন্ সমার্পয়ৎ। ততঃ কলাবতী কন্যা নালোক্য বণিজং পতিম্॥ শোকেন মহতা তত্র রুদতী চাপতদ্ভুবি। দৃষ্ট্বা তথাবিধাং কন্যাং ন দৃষ্ট্বা তৎপতিং তরীম্॥ ভীতেন মহতা সাধুঃ কিমাশ্চর্য্যমিদং মহৎ। বিচিন্ত্যমানাস্তে সর্ব্বে বভূবুস্তরিবাহকাঃ॥ ততঃ কলাবতী সাধ্বী দৃষ্ট্বা তদ্বিহ্বলা সতী। বিললাপাতিদুঃখেন ভর্ত্তারঞ্চেদমব্রবীৎ॥ ইদানীং নৌকয়া সার্দ্ধমদৃশ্যোঽভূদলক্ষিতম্। ন জানে কেন দৈবেন হেলয়া বাপহারিতঃ॥ সত্যদেবস্য মাহাত্ম্যং কিং জ্ঞাতুং নহি শক্যতে। ইত্যুক্ত্বা বিললাপাথ তত্রস্থস্বজনৈঃ সহ॥ ততো লীলাবতী কন্যাং ক্রোড়ে কৃত্বা রুরোদ চ। ততঃ কলাবতী কন্যা নষ্টে স্বামিনি দুঃখিতা॥ গৃহীত্বা পাদুকাং তস্য অনুগন্তুং মনো দধে। কন্যায়াশ্চরিতং দৃষ্ট্বা সভার্য্যঃ স্বজনো বণিক্॥ অতিশোকেন সন্তপ্তশ্চিন্তয়ামাস ধর্ম্মবিৎ। হৃতো হি সত্যদেবেন জামাতা সত্যমায়য়া॥ সত্যপূজাং করিষ্যামি যথাবিভববিস্তরৈঃ। ইতি সর্ব্বান্ সমাহূয় কথিতঞ্চ মনোরথম্॥ নত্বা চ দণ্ডবদ্ভূমৌ সত্যদেবং পুনঃপুনঃ। ততস্তুষ্টঃ সত্যদেবো গগনাদ্বণিজং প্রতি॥ জগাদ বচনঞ্চেদং নৈবেদ্যমবমন্য চ। আগতা স্বামিনং দ্রষ্টুমতোঽদৃশ্যোঽভবৎ প্রভুঃ॥ গৃহং গত্বা প্রসাদঞ্চ ভুক্ত্বা চায়াতু সা পুনঃ। লব্ধভর্ত্তৃসুখা সাধো ভবিষ্যতি ন সংশয়ঃ॥ ততশ্চ প্রাণদং বাক্যং শ্রুত্বা গগনমণ্ডলাৎ॥ ক্ষিপ্রংতদা গৃহং গত্বা প্রসাদং প্রতিভুজ্য চ॥ অপশ্যৎ পুনরাগত্য পতিং নাবং জনৈঃ সহ। ততঃ কলাবতী তুষ্টা জগাদ পিতরং প্রতি॥ এহি তাত গৃহং যাহি বিলম্বং কুরুষে কথম্। তৎশ্রুত্বা কন্যকাবাক্যং সন্তুষ্টোঽভূদ্বণিক্-সুতঃ॥ পূজনং সত্যদেবস্য কৃত্বা বিধিবিধানতঃ। ধনৈর্বন্ধুজনৈঃ সার্দ্ধং জগাম নিজমন্দিরম্॥ পৌর্ণমাস্যাঞ্চ সংক্রান্ত্যাং পূজাং কৃত্বা যথাবিধি। ইহলোকে সুখী ভূত্বা চান্তে সত্যপুরং যযৌ॥

ইতি শ্রীস্কন্দপুরাণে রেবাখণ্ডে শ্রীসত্যনারায়ণব্রতকথায়াং বণিক্-
সাধুমোক্ষবর্ণনো নাম তৃতীয়োঽধ্যায়ঃ॥

সূত উবাচ।—অথ চান্যৎ প্রবক্ষ্যামি শৃণুধ্বং মুনিসত্তমাঃ। আসীদ্বংশধ্বজো রাজা প্রজাপালনতৎপরঃ॥ প্রসাদং সত্যদেবস্য ত্যক্ত্বা দুঃখমবাপ

সঃ। একদা স বনং গত্বা হত্বা চ বিবিধান্ মৃগান্॥ আগত্য বটমূলে চ দৃষ্ট্বা সত্যস্য পূজনম্। গোপাঃ কুর্ব্বন্তি সন্তুষ্টা ভক্তিযুক্তাঃ সবান্ধবাঃ॥ রাজা দৃষ্ট্বা তু দর্পেণ নাগতো ন ননাম সঃ। ততো গোপগণাঃ সর্ব্বে প্রসাদং নৃপসন্নিধৌ॥ সংস্থাপ্য পুনরাগত্য ভুক্তাঃ সর্ব্বে যথেপ্সিতম্। ততঃ প্রসাদং সন্ত্যজ্য রাজা দুঃখমবাপ সঃ॥ তস্য পুত্রশতং নষ্টং ধনধান্যাদিকঞ্চ যৎ। সত্যদেবেন তৎসর্ব্বং নাশিতং মম নিশ্চিতম্॥ অতস্তত্রৈব গচ্ছামি যত্র দেবস্য পূজনম্। মনসেতি বিনিশ্চিত্য যযৌ গোপালসন্নিধিম্॥ ততোঽসৌ সত্যদেবস্য পূজাং গোপগণৈঃ সহ। ভক্তিশ্রদ্ধান্বিতো ভূত্বা চকার বিধিবন্নৃপঃ॥ সত্যদেবপ্রসাদেন ধনপুত্রান্বিতোঽভবৎ। ইহ লোকে সুখী ভূত্বা চান্তে বিষ্ণুপুরং যযৌ॥ য ইদং কুরুতে সত্য-ব্রতং পরমদুর্ল্লভম্। শৃণোতি চ কথাং পুণ্যাং ভুক্তিমুক্তিফলপ্রদাম্॥ ধনধান্যাদিকং তস্য ভবেৎ সত্যপ্রসাদতঃ। দরিদ্রো লভতে বিত্তং বদ্ধো মুচ্যেত বন্ধনাৎ॥ ভীতো ভয়াৎ প্রমুচ্যেত সত্যমেতন্ন সংশয়ঃ। ঈপ্সিতঞ্চ ফলং ভুক্ত্বা চান্তে সত্যপুরং ব্রজেৎ॥ ইতি বঃ কথিতং বিপ্রাঃ সত্যনারায়ণব্রতম্। যৎ কৃত্বা সর্ব্বদুঃখেভ্যো মুক্তো ভবতি মানবঃ॥ বিশেষতঃ কলিযুগে সত্যপূজা মহাফলা। সত্যনারায়ণং কেচিৎ সত্যদেবং তথাপরে॥ নানারূপধরো ভূত্বা সর্ব্বেষামীপ্সিতপ্রদঃ। ভবিষ্যতি কলৌ সত্যব্রতরূপী সনাতনঃ॥ য ইদং পঠতে নিত্যং শৃণোতি মুনিসত্তমাঃ॥ তস্য নশ্যন্তি পাপানি সত্যদেব-প্রসাদতঃ॥

ইতি শ্রীস্কন্দপুরাণে রেবাখণ্ডে সত্যনারায়ণ-কথা-নাম চতুর্থোঽধ্যায়ঃ।

শ্রীসত্যনারায়ণ-ব্রতকথা সমাপ্তা।

সত্যনারায়ণ-পাঁচালী।

সিদ্ধিদাতা গণপতি করি নমস্কার। আদিত্যাদি নবগ্রহ দিক্‌পাল আর॥ নারায়ণ পাদ-পদ্ম হৃদয়ে স্মরিয়া। হরি হরি বল সবে বদন ভরিয়া॥

একদিন লোকহিতে রত মুনিগণ। নৈমিষ কাননে শোভা করে সুশোভন॥ এমন সময়ে তথা ব্যাস-শিষ্য সূত। স্মরি হরি শিষ্যসহ আসি উপনীত॥ দেখিয়া তাঁহারে বহু করিয়া গৌরব। হৃষ্টচিত্তে উঠিলেন শৌনকাদি সব॥ পরম বৈষ্ণব মুনিগণ দরশনে। প্রণাম করেন সূত ভূমি আলিঙ্গনে॥ অনন্তর মুনিগণ-দত্ত বরাসনে। বসিলেন শিষ্যসহ আনন্দিত মনে॥ আসনে বসিলে সূত হয়ে বদ্ধাঞ্জলি। শৌনক জিজ্ঞাসে মনে বড় কুতূহলী॥

বলহ ধর্ম্মজ্ঞ সূত কলি আগমনে। কি উপায়ে হরিভক্তি পাবে নরগণে॥ কলিতে হইবে সবে পাপকর্ম্মে রত। যাগ-যজ্ঞ ধর্ম্মহীন প্রাণ অন্নগত॥ তেকারণে পীড়াদিতে হইবে পীড়িত। অল্পবিত্ত অল্পধন সুপথ বর্জ্জিত॥ ধর্ম্ম ত্যজি যেই জন পাপে রত হয়। সবংশেতে ভুঞ্জি দুঃখ নরকেতে যায়॥ অল্পশ্রমে অল্পধনে অল্পকালে হয়। এমন ব্রতের কথা কহ মহাশয়॥ যার উপদেশে লোকে পাপ পুণ্য করে। শাস্ত্রে কহে পাপ-পুণ্যভাগী সেই নরে॥ পুণ্য উপদেষ্টা আর কলুষ বর্জ্জিত। পাপপন্থা বিরোধী যে কেশবে গণিত॥ জ্ঞান প্রাপ্ত হয়ে লোকে নাহি দিলে জ্ঞান। জ্ঞানরূপী হরি কভু প্রসন্ন না হন॥ পৃথিবীতে বহুরত্ন আছে বিদ্যমান। সে সবার শ্রেষ্ঠ হয় মহারত্ন জ্ঞান॥ জ্ঞান দান যেই করে সে পরমদাতা। নারায়ণ সম সেই অধমের ত্রাতা॥ তুমি সূত ব্যাস শিষ্য বেদার্থ-বিদিত। সত্যবক্তা ধর্ম্মদাতা বৈষ্ণব-পূজিত॥ কহ কৃপা বিতরণে ওহে মহাশয়। অনায়াসে যেই ব্রতে বাঞ্ছা সিদ্ধি হয়॥ কলির মানব সদা পাপে হয় রত। তাহাদের উদ্ধারের কহ মুনি পথ॥

শুনিয়া শৌনক-বাণী, আনন্দিত সূত মুনি, কহে ধন্য ধন্য মহাশয়। তুমি বৈষ্ণবের শ্রেষ্ঠ, নাশিতে জীবের কষ্ট, নিরন্তর তোমার আশয়॥ পরহিতে রত যেই, ধার্ম্মিকের শ্রেষ্ঠ সেই, নররূপে তিনি নারায়ণ। জিজ্ঞাসিলে যেই কথা, বলিতেছি জানি যথা, বন্দিয়া শ্রীব্যাসের চরণ॥ বীণাযন্ত্রে তুলি তান, মুখে হরি গুণগান, প্রেমানন্দে হইয়া মগন। একদা নারদ যোগী, প্রাণিগণ হিত লাগি, মর্ত্ত্যলোকে করেন ভ্রমণ॥ দেখে তথা নিজ দোষে, ভুঞ্জি দুঃখ অবশেষে, যায় জীব অধম যোনিতে। কেহ বা রোগেতে পড়ি, যাইতেছে গড়াগড়ি, কেহ অন্ন না পায় খাইতে॥ শোকের সাগরে ফেলি, কার পুত্র যায় চলি, অকালেতে কালের ভবনে। কষ্টের সঞ্চিত ধন, হরয়ে তস্করগণ, পায় দুঃখ বিধির বিধানে॥ নিজ কর্ম্মদোষে হায়, জীবগণে কষ্ট পায়, কি উপায়ে পায় পরিত্রাণ। ভাবিতে ভাবিতে মনে, চলিলা বৈকুণ্ঠধামে, যথায় বসেন পাপিত্রাণ॥ শুক্লবর্ণ চারিকর, শঙ্খ-চক্র-গদাধর, গলদেশে শোভে বনমালা। পীতাম্বর লক্ষ্মীশ্বরে, দেখি প্রেমভক্তি ভরে, নারদ সুস্তব আরম্ভিলা॥ প্রণমামি নারায়ণ, সর্ব্বেশ্বর সনাতন, নমস্তে বাঙ্মনো অগোচর। নমঃ শ্রীমধুসূদন, নমঃ দানবদলন, সৃষ্টি-স্থিতি-প্রলয়-ঈশ্বর॥ তুমি আদি অন্ত হীন, তুমি রাজা তুমি দীন, তুমি প্রভু সগুণ নির্গুণ। তব অনন্ত মহিমা, বেদ নারে দিতে

সীমা, জয় জয় জগতজীবন॥ তুমি পাপ-তাপ-হারী, নমস্তে শ্রীঅসুরারি, কর ভক্তের লালসা পূরণ। নারদের শুনি স্তব, হাসি কহেন কেশব, বল বৎস কি তব মনন॥

মুনি কহে যে মননে আসিয়াছি হেথা। জান না কি তুমি প্রভু সর্ব্বচিত্ত জ্ঞাতা॥ লোক শিক্ষা দিতে যদি জিজ্ঞাস হে হরি। বলিতেছি যে কারণে এসেছি এ পুরী॥ ভ্রমণ করিতে মর্ত্ত্যলোকে আজি আমি। বহু কষ্টে আছে দেখিলাম সব প্রাণী॥ মর্ত্ত্যলোকে নর সব নানা পাপে রত। বহু শোকাচ্ছন্নমতি মোক্ষ-জ্ঞানে হত॥ অল্পশ্রমে অল্পধনে যেই ব্রত করি। ইহ কালে সুখ ভুঞ্জি অন্তে যায় তরি॥ এমন ব্রতের কথা কহ জনার্দ্দন। মানুষে সহজে পারে করিতে পালন॥ নারদের কথা শুনি কৃপার নিধান। কহেন সুধন্য তুমি বৈষ্ণব-প্রধান॥ বড় তুষ্ট হইয়াছি তব কথা শুনি। মনোরম ব্রত এক আছে ওহে মুনি॥ স্বর্গে কি ধরাতে তার তুল্য নাহি আর। বাঞ্ছা পূর্ণ হয় তূর্ণ সর্ব্বসিদ্ধি সার॥ করিলে সত্যের সেবা মহাশুভ হয়। ইহলোকে সুখ অন্তে বৈকুণ্ঠ লভয়॥ প্রভুবাক্য শুনি মুনি করি যোড় হাত। কহে ।ক বিধান তার কহ জগন্নাথ॥ কি ফল করিলে ব্রত কিসে প্রকাশিল। পুরাকালে সেই ব্রত কে বা আচরিল॥ কৃষ্ণ কহেন সে বিধান শুন তপোধন। যাহা আচরিলে হয় সৌভাগ্য বর্দ্ধন॥ মহামান্য ধন ধান্য আদি বৃদ্ধিকর। সৌভাগ্য-সন্ততি কর অতি শ্রেয়স্কর॥ তিথি বা নক্ষত্র বার না আছে বিচার। যে সে দিনে হয় ব্রত করিলে আচার॥ সন্ধ্যাকালে সত্যপূজা করিবে সাদরে। শুন বলি যেই দ্রব্য লাগে ব্রতবরে॥ গোধূম-চূর্ণক ঘৃত ক্ষীর রম্ভা ফল। গোধূম অভাবে দিবে আতপ তণ্ডুল॥ শর্করা বা গুড় দিবে সব সওয়া ভাগে। একীকৃত করি নিবেদিবে সত্য-আগে॥ ব্রাহ্মণে দক্ষিণা দিবে ভক্তিযুক্ত হয়ে। শুনিবে ব্রতের কথা বন্ধুগণ লয়ে॥ প্রসাদ পাইয়া নৃত্য গীত আচরিবে। স্তব করি সত্যনারায়ণে গৃহে যাবে॥ এ বিধানে করে যেই সত্যের পূজন। যাহা বাঞ্ছা লভে তাই শাস্ত্রের লিখন॥ পুরাকালে সত্যনারায়ণ-ব্রত সার। যেইরূপে মর্ত্ত্যভূমে হইল প্রচার॥ তোমার নিকটে তাহা কহি বিস্তারিয়া। সুরেন্দ্রমোহন ভণে ভাষাতে রচিয়া॥ যেই শুনে এই কথা বাঞ্ছাসিদ্ধি হয়। হরি হরি বল সবে যাবে যম-ভয়॥

কাশীপুর নামে গ্রাম মনোহর অতি। সদানন্দ দ্বিজ তথা করয়ে বসতি॥

অতীব দরিদ্র সেই উদরের দায়। ভ্রমণ করয়ে মহী ভিক্ষার আশায়॥ ব্রাহ্মণের দুঃখ দেখি প্রভু নারায়ণ। বৃদ্ধদ্বিজ-রূপ ধরি করি আগমন॥ কহেন ব্রাহ্মণে তুমি দেশে দেশে ফির। কিবা তব বাঞ্ছা মোরে বল ওহে ধীর॥ ব্রাহ্মণ কহেন প্রভু অন্য আশা নাই। দরিদ্রতা হেতু আমি বড় কষ্ট পাই॥ জান যদি তুমি কিছু ইহার উপায়। বলি দাও করি তাই ওহে মহাশয়॥ বৃদ্ধ দ্বিজ বলে শুন দরিদ্র ব্রাহ্মণ। বাঞ্ছাসিদ্ধি হবে পূজ সত্যনারায়ণ॥ অপুত্র লভয়ে পুত্র নির্ধনেতে ধন। সর্ব্ববাঞ্ছাপূর্ণকারী প্রভু নারায়ণ॥ অতঃপর বিধানাদি বলিয়া তাহারে। অন্তর্দ্ধান হন প্রভু ব্রাহ্মণ-গোচরে॥ অদৃশ্য দেখিয়া তাঁরে বিপ্র চমৎকৃত। বিধি নিধি মিলাইল না হইল ধৃত॥ যে হোক সে হোক আমি আচরিব ব্রত। গৃহে গেল দ্বিজ ইহা করিয়া নিশ্চিত॥ অনিদ্রায় নিশি যাপি প্রভাতে উঠিল। সত্যপূজা হেতু ভিক্ষা করিতে চলিল॥ সত্যদেব প্রসাদেতে মিলে বহু ধন। তাহা দিয়া পূজা দ্রব্য করয়ে গ্রহণ॥ সন্ধ্যাকালে নিমন্ত্রিয়া আনি বন্ধুগণে। যথাবিধি পূজে দ্বিজ সত্যনারায়ণে॥ সত্যের প্রসাদে হয় দারিদ্র্য মোচন। পুত্রপৌত্রে বাড়ে হয় সর্ব্ব সুলক্ষণ॥ সত্যনারায়ণ ব্রত সর্ব্বশ্রেষ্ঠ হয়। ইহকালে সুখ অন্তে বৈকুণ্ঠ লভয়॥ পৃথিবীতে যেই নর এই ব্রত করে। সর্ব্বসুখ পায় দুঃখ যায় সত্যবরে॥ নারদে কহিলা যাহা দেব দামোদর। তোমার নিকটে কহিলাম মুনিবর॥ সুরেন্দ্র মোহন ভণে পয়ারে রচিয়া। হরি হরি বল সবে বদন ভরিয়া॥

সূত-মুখে এত শুনি শৌনক কহিল। কহ সূত সত্যব্রত আর কে করিল। সূত কহে মুনিগণ করহ শ্রবণ। সত্যনারায়ণে পূজে সেই ত ব্রাহ্মণ॥ দৈব-যোগে একদিন এক কাঠুরিয়া। ব্রাহ্মণ আলয়ে যায় তৃষ্ণাতুর হৈয়া॥ বন্ধুগণ লয়ে দ্বিজ সত্যব্রত করে। কাঠুরিয়া কহে দ্বিজ পূজা কর কারে॥ কি ফল ইহাতে কিবা ব্রতের বিধান। শুনিতে বাসনা বড় কহ কৃপাবান॥ দ্বিজ কহে পূজি সত্য বাঞ্ছাফলপ্রদ। দুঃখ যায় সুখ হয় পুত্রাদি সম্পদ॥ সত্য-ব্রত করি মম দুঃখ হইল দূর। দাসদাসী রত্নাদিতে পরিপূর্ণ পুর॥ ব্রত-কথা শুনি কাঠুরিয়া সুখী মন। জলপান করে আর প্রসাদ ভক্ষণ॥ সত্যে স্মরি কাষ্ঠভার মস্তকে করিল। বিক্রয় কারণে লয়ে নগরে চলিল॥ মনে ভাবে কাষ্ঠ বেচি যে কড়ি পাইব। তাহা দিয়া সত্যব্রত নিশ্চয় করিব॥ সেই দিনে কাষ্ঠ মূল্য দ্বিগুণ পাইল। বিধিমতে পূজাদ্রব্য বাছিয়া কিনিল॥ সন্ধ্যা-কালে সবান্ধবে সত্যনারায়ণে। পূজা করি তুষ্ট হয় প্রসাদ ভক্ষণে॥ ব্রতের

প্রভাবে তার দুঃখ হৈল নাশ। বিবিধ সম্পদ লাভ পূর্ণ অভিলাষ॥ ইহ লোকে সুখ ভুঞ্জি অন্তে মোক্ষ পায়। হরি হরি বল সবে বৃথা দিন যায়॥

সূত কহে অবধান কর মুনিগণ। পুনঃ অন্য কথা বলি শুন দিয়া মন॥ ছিল বলি-শ্রেষ্ঠ নৃপ উল্কামুখনামা। ভদ্রশীলা ভার্য্যা তার অতি প্রিয়তমা॥ সরোজ-বদনা সতী পরমা সুন্দরী। চলনীলোৎপলনিভ নয়ন-মাধুরী॥ রত্ন আদি অলঙ্কারে অঙ্গ করে শোভা। মালতীর মালা গলে অতি মনোলোভা॥ ভার্য্যার সহিত রাজা অতি ভক্তিভরে। সত্যনারায়ণ-ব্রত করে সিন্ধুতীরে॥ বাণিজ্য কারণে সাধু নৌকা বাহি যায়। তীরে হইতেছে পূজা দেখিবারে পায়॥ নৌকা বাঁধি তীরে আসি করিয়া প্রণাম। জিজ্ঞাসে কাহারে পূজ বল গুণধাম॥ রাজা বলে পূজা করি সত্যনারায়ণ। পূজিলে সবার হয় অভীষ্ট পূরণ॥ শুনি সওদাগর কহে হ'য়ে হৃষ্টমন। ব্রতের বিধান কিবা বলহ রাজন॥ পুত্র-কন্যা হীন আমি অতি দুরাশয়। অবশ্য করিব ব্রত যদি তাহা হয়॥ উপবিষ্ট হয়ে সাধু প্রসাদ লইয়া। বাণিজ্যে গেল না, গেল গৃহেতে ফিরিয়া॥ লীলাবতী নামে ভার্য্যা আছিল গৃহেতে। ব্রতকথা বলে সাধু তাহার সাক্ষাতে॥ সত্যবরে যদি পুত্র কিম্বা কন্যা হয়। বিবিধ বিধানে তাঁরে পূজিব নিশ্চয়॥ কিছুদিন মধ্যে সাধুভার্য্যা লীলাবতী। সত্যদেব প্রসাদেতে হৈল গর্ভবতী॥ সর্ব্বসুলক্ষণ গর্ভ দশমাস হৈল। সাধুর রমণী এক কন্যা প্রসবিল॥ অতীব নির্ম্মলা বালা পরমা রূপসী। দিনে দিনে বাড়ে যথা শুক্লপক্ষে শশী। আনন্দিত হৈয়া সাধু জাতকর্ম্ম সারি। কলাবতী নাম তার রাখিল বিচারি॥ সাধুভার্য্যা কহে নাথ গিয়াছ ভুলিয়া। সত্যদেব না পূজিলে মানস করিয়া॥ হাসি সাধু কহে প্রিয়ে কি ভাবনা কর। মানসা করিব শোধ বিবাহে কন্যার॥ ক্রমে বিবাহের কাল হইয়া উঠিল। দেখি সাধু পাত্র জন্য দূত পাঠাইল॥ কাঞ্চন নগরে এক বণিকের পুত্র। বিশুদ্ধ বংশেতে জন্ম উপযুক্ত পাত্র॥ বন্ধুসহ হর্ষচিত্ত হয়ে সদাগর॥ কন্যাদান কৈল তারে করি সমাদর॥ কিন্তু নিজ ভাগ্যদোষে বিপাকে পড়িল। সত্যনারায়ণ পূজা নাহিক করিল॥ প্রতিজ্ঞা করিয়া এবে না করে পূরণ। হইলেন প্রভু তাহে অতি রুষ্ট মন॥ কিছুদিন অন্তে সাধু লয়ে জামাতারে। বাণিজ্য কারণে যায় রত্নসার পুরে॥ বসতি করয়ে তথা রাজা চন্দ্রকেতু। সাধু পোষে দুষ্টে রোষে যেন ধূমকেতু॥ চন্দ্রকেতু গুণসিন্ধু সিন্ধুতীরে পুর। অশ্ব গজ ধন রত্ন আছয়ে প্রচুর॥ বিকি কিনি করে সাধু

রাজ আজ্ঞা মতে॥ সহসা বিপদ ঘটে সত্যের অপ্রীতে। রজনীতে রাজগৃহ হইতে হরি ধন। চোর যায় দ্রুত পায় নিজ নিকেতন॥ কোটাল দেখিয়া চোরে পিছু পিছু যায়। সাধুঘর-সীমা গিয়া চোর ফিরে চায়॥ আসিছে কোটাল দ্রুত যমদূত প্রায়। দেখি ভয়ে ধন ফেলি অমনি পলায়॥ জামাতার সহ সাধু আছিল অঙ্গনে। পড়িল যে হৃত ধন তাদের সদনে॥ কোটাল আসিয়া পিছু দেখি সেই ধন। রাজধনহারী এই চোর দুইজন॥ এতেক ভাবিয়া দোঁহে বন্ধন করিল। রাজার নিকটে দ্রুত লইয়া চলিল॥ নৃপবরে কোতোয়াল করে নিবেদন। ধন সহ আনিয়াছি তস্কর দুজন॥ জামাতার সহ সাধু করি প্রণিপাত। কহে সুবিচার কর পৃথিবীর নাথ॥ বিদেশী বণিক্ মোরা বাণিজ্যার্থ আসা। বহু ধন রত্ন লৈয়া করিয়াছি বাসা॥ ঘরে থাকি বিকি কিনি করি মাত্র এই। যে হরিল রাজধন পলাইল সেই॥ বরঞ্চ জিজ্ঞাসা কর প্রতিবেশীগণে। বাসা ছাড়ি অন্যত্র না যাই দুই জনে॥ ইত্যাদি করিল দোঁহে বহু কাতরতা। সত্যের কোপেতে রাজা না শুনিল কথা॥ আজ্ঞা দিল কোতোয়ালে শুনরে কোটাল। কারাগারে রাখ দোঁহে আজীবন কাল॥ যত রত্ন ধন ওর আছয়ে ভাণ্ডারে। আইস লইয়া সব আমার সংসারে॥ রাজ-আজ্ঞা পেয়ে দূত তাহাই করিল। কারাগারে পড়ি সাধু কাঁদিতে লাগিল॥ হায় হায় কি হইল আসিয়া বিদেশে। পোড়া ভালে এই কিরে ছিল অবশেষে॥ বড় আশা ছিল মনে জামাতারে লয়ে। শিখাইব ব্যবসায় বিদেশে আসিয়ে॥ নাহি মম পুত্র এই জামাতাই সব। সে সাধে বিষাদ হ'ল একি অসম্ভব॥ কোথা মোর আদরের কন্যা কলাবতী। কোথা রৈলে প্রিয় তমা ভার্য্যা লীলাবতী॥ কি দুর্গতি পাই হেথা জান না তোমরা। এতদিনে অনাথিনী হইলে তোমরা॥ মনে মনে কত আশা আছ যে করিয়া। বাণিজ্য হইতে যাব ধন রত্ন লইয়া॥ আর না যাইব ফিরি আর না দেখিব। তোমাদের মুখচন্দ্র যাবৎ বাঁচিব॥ ইত্যাদি বিবিধ ছাঁদে কাঁদে কাতরিয়া। ক্রমে ক্রমে কত দিন যায় বাহিরিয়া। সাধু রহে বিদেশেতে বন্দী কারাগারে। গৃহের বারতা সবে শুন অতঃপরে॥ নারায়ণ-কোপে লক্ষ্মী সাধুরে ছাড়িল। গৃহেতে যে ধন ছিল তস্করে হরিল॥ দহনোপযোগী গৃহ দহিত হইল। বেতন বিহনে দাস দাসী না রহিল॥ স্ত্রী-কন্যা সাধুর ক্রমে অন্ন নাহি পায়। নগরে করয়ে ভিক্ষা উদর জ্বালায়॥ এক দিন সন্ধ্যাকালে ক্ষুধার পীড়নে। কলাবতী উপনীত ব্রাহ্মণ-ভবনে॥ সত্য-

পূজা করে দ্বিজ বন্ধুগণ লয়ে। বসি কলা শুনে কথা ভক্তিযুক্তা হয়ে॥ পূজান্তে প্রণাম করি প্রসাদ লইল। আপন অভীষ্ট বর প্রার্থনা করিল॥ অনাথিনী অবলায় দেব কৃপা কর। স্বামী সহ বাপে মোর আনি দেহ ঘর॥ মনেতে প্রার্থনা করি প্রসাদ লইয়া। দ্রুতপদে গেল কলা গৃহেতে চলিয়া॥ যামিনী অধিক করি কন্যা ঘরে আসে। সন্দেহ করিয়া তার মাতা কটু ভাষে॥ এত রাত্রে কোথা ছিলে বল কলাবতী। স্বামী তোর ঘরে নাই একি লো দুর্ম্মতি॥ কি তোমার মনে আছে কিছু নাহি জানি। কুলের কলঙ্ক হয় অসতী রমণী॥ স্বামীর বিহনে নারী না যাইবে কোথা। স্বামী সহচর বন্ধু স্বামী সে দেবতা॥ স্বামী ভিন্ন গতি অন্য নাহি নারীগণে। ব্রত তীর্থ পূজা হোম পতির চরণে॥ স্বামী পদ ত্যজে যেই অন্য বাঞ্ছা করে। কোটী কল্প থাকে সেই নরক ভিতরে॥ কলাবতী বলে মাগো তব কথা সার। কিন্তু পতিপদ ভিন্ন নাহি জানি আর। যে কারণে আমার বিলম্ব তাহা শুন। সত্যব্রত হতেছিল ব্রাহ্মণভবন॥ প্রসাদ পাইনু শুনি সে ব্রতের কথা। মাগিলাম স্বামীসহ আন ঘরে পিতা॥ এত বলি সত্যের প্রসাদ মাকে দিল। হর্ষ হয়ে লীলাবতী প্রসাদ খাইল॥ পর দিন ভিক্ষা করি যা কিছু পাইল। তাহা দিয়ে মায়ে ঝিয়ে সত্যেরে পূজিল॥ প্রার্থনা করিল ভক্তিভরে যোড়করে। আন দেব স্বামী সহ গৃহে জামাতারে॥ ব্রতের প্রভাবে তুষ্ট সত্যনারায়ণ। চন্দ্রকেতু নৃপতিরে দেখান স্বপন॥ যে দুটী বণিকে রাজা রেখেছ বাঁধিয়া। প্রত্যূষে তাদের দিবা বিমুক্ত করিয়া॥ অতঃপর তাহাদের যত্ন রত্ন ধন। দ্বিগুণ করিয়া তাহা করিবে অর্পণ॥ অন্যথা করিলে তুমি সবংশে মজিবে। দারা-পুত্র-রাজ্য ধন সকলি হারাবে॥ স্বপন দেখিয়া রাজা উঠিল চমকি। যামিনী হয়েছে ভোর ডাকে নানা পাখী॥ গাত্রোত্থান করি রাজা সভয় অন্তরে। সভায় গমন করি বলিল মন্ত্রীরে॥ ত্বরায়ে মোচন কর সাধু দুই জনে। রাজ আজ্ঞা পেয়ে মুক্ত করে সেই ক্ষণে॥ বন্ধন মোচন করি ক্ষৌর করাইল। স্নান করাইয়া শুভ্র বস্ত্র পরাইল॥ চর্ব্ব্য চুষ্য লেহ্য পেয় বিবিধ প্রকারে। ভোজন করায় দোঁহে মিত্র ব্যবহারে॥ অনন্তর বলে রাজা সাধুর সদন। অপরাধ ক্ষম মোর বণিক নন্দন॥ অদৃষ্টে আছিল দুঃখ তাতে পেলে ক্লেশ। এবে শুভক্ষণে যাও আপনার দেশ॥ বণিকের যেই ধন রাজা নিয়েছিল। তাহার দ্বিগুণ করি সব সমর্পিল॥ শুভক্ষণে শুভদিনে সাধু দুই জন। নৃপবরে মিষ্টভাবে করি সম্ভাষণ॥ ইষ্টদেব স্মরি করি মঙ্গল আচার। দ্বিজগণে দান করি বিভব বিস্তর॥

ধনরত্নে নৌকা পূর্ণ করিয়া সত্বর। হরি হরি বলি চলি গেল নিজ ঘর॥ যাঁহার কৃপায় ঘুচে সংসার-বন্ধন। ডাকরে তাঁহারে সদা সুরেন্দ্রমোহন॥ হরি হরি বল সবে বদন ভরিয়া। কর্ম্মের বন্ধন যাবে আপনি খুলিয়া॥

নৌকারোহি যায় সাধু নিজ দেশ প্রতি। স্নানাহার জন্য করে মধ্যে মধ্যে স্থিতি॥ একদা আছয়ে সাধু তরণী বাঁধিয়া। লীলাময় সত্যদেব ছলনা করিয়া॥ দণ্ডী-বেশ ধরি কহে বল মহাজন। তরণী মাঝারে তব আছে কোন্ ধন॥ ধনমদগর্ব্বে সাধু হাসিতে হাসিতে। কহে দণ্ডী মুদ্রা কিছু ইচ্ছা কর নিতে॥ লতা পাতা প্রভৃতিতে পূর্ণ মোর তরি। পূরিবে না বাঞ্ছা তব যাও গৃহে ফিরি॥ ছল করি যেই হরি বলি বদ্ধ করে। সাধুর ক্ষমতা কি যে চিনিবে তাঁহারে॥ সাধুর বচন শুনি দণ্ডী চলি গেল। লতা-পত্রাদিতে তার তরি পূর্ণ হৈল॥ নিত্যক্রিয়া সারি সাধু নৌকাতে উঠিল। ধন রত্ন নাই লতা-পত্রাদি দেখিল। বিস্ময় পাইয়া সাধু পড়িল আছাড়ি। হায় কি হইল বলি যায় গড়াগড়ি॥

কাঁদে সাধু উচ্চৈঃস্বরে, বক্ষে করাঘাত করে, বলে হায় কিবা হৈল দায়। কি কুক্ষণে যাত্রা করি, এবার ভাসানু তরি, বিপদ আপদ পায় পায়॥ বিনা দোষে কারাগারে, ভুঞ্জি লয়ে জামাতারে, কতদিনে রাজদয়া হৈল। মুক্ত করি যত ধন, করে দ্বিগুণ অর্পণ, এবে লতা পাতা হয়ে গেল॥ গৃহে মোর কন্যা দারা, কত কষ্ট পায় তারা, যাব ত্বরা তাদের উদ্দেশে। ধন হৈল লতা পাতা নাহি জানি পোড়া ধাতা, ভালে কি ঘটায় অবশেষে॥ সাধুর ক্রন্দন শুনি, জামাতা কহিল বাণী, কেন বৃথা করিছ রোদন। দণ্ডিশাপে ধনরত্ন, হইয়া গেল এমন, চল যাই তাঁহার সদন॥ যুক্তিযুক্ত মনে করি, জামাতারে সঙ্গে করি, ছুটে সাধু দণ্ডীর উদ্দেশে। প্রাণের পিপাসা হলে, সে দণ্ডী নিকটে মিলে, পায় দেখা তীরের সকাশে॥ গললগ্নীকৃতবাসে, চক্ষুজলে বক্ষঃ ভাসে, স্তব করে বাক্য গদগদ। ধনমদে হয়ে মত্ত, না বুঝিয়া তব তত্ত্ব, করিয়াছি বিষম প্রমাদ॥ সাধু কহে কৃপাময়, সাধু সদা কৃপাময়, চিরকাল পরহিতে রত। ক্ষমা কর মোর দোষ, হও এ দাসে সন্তোষ, তুমি প্রভু দীন-জন-নাথ॥ সাধু ভাসে আঁখিজলে, কৃপা করি দণ্ডী বলে, তুমি মম পূজা বহির্ম্মুখ। তেঁই রত্নসার পুরে, রাখে রাজা কারাগারে, জামাতার সহ পেলে দুখ॥ তোমার বনিতা সতী, হয়ে অতি ভক্তিমতী, তব লাগি পূজিল আমায়। তাহার পূজার ফলে, রাজাকে স্বপন ছলে, কারামুক্ত করায়

তোমায়॥ সদাগর এত শুনি, দিব্য জ্ঞানে হয়ে জ্ঞানী, জানিল কে দণ্ডি-রূপধর। পুলক পূর্ণিত কায়, প্রেম অশ্রুধারা বয়, নতজানু যুক্ত দুই কর॥ পাপ তাপ দূরে যায়, মায়া মোহ ছিন্ন হয়, ভাবে ভোর সাধুর অন্তর। ভক্তিভরে করে স্তব, জয় জয় হে কেশব, জয় প্রভু শঙ্খ-চক্রধর॥ ব্রহ্মাদি দেবতাগণ, তব মায়ায় মুগ্ধ হন, না জানেন গুণ রূপ আদি॥ পঞ্চানন পঞ্চমুখে, তব নাম গান সুখে, তুমি দেব বিধাতার বিধি॥ ভবে প্রকাশিতে লীলা, এ সব তোমার খেলা, নিরাকার তুমি লক্ষ্মীপতি। পতিতে প্রসন্ন হও, চরণের ছায়া দাও, তুমি নাথ অগতির গতি। সুহৃদগণের সনে, যথা সম্ভাবিত ধনে, পূজিব তোমারে নারায়ণ। সাধু প্রতি প্রীত হয়ে, বর দেন ধন লয়ে, কর সাধু গৃহেতে গমন॥ ছায়ার মতন করি, অন্তর্দ্ধান হন হরি, সাধু যায় নৌকার উপরি। দেখে নৌকাভরা ধন, আছে পূর্ব্বের মতন, আনন্দেতে বলে হরি হরি॥

আনন্দিত মনে সাধু ছাড়িল তরণী। বাজার পাইয়া দ্রব্য কিনিল তখনি॥ সন্ধ্যাকালে দ্রুত পূজে সত্যনারায়ণ। বন্ধুগণ সহ করে প্রসাদ ভক্ষণ॥ সাধুর পূজাতে তুষ্ট হন নারায়ণ। বর দেন হোক তব অভীষ্ট পূরণ॥ সাধু বলে শুন সবে নিশ্চিত বচন। সর্ব্বসিদ্ধি ফলপ্রদ সত্যনারায়ণ॥ বিশেষতঃ কলি-যুগে অন্য গতি নাই। সত্যনারায়ণ ব্রত কর সবে ভাই॥ অনন্তর গেল সাধু তরণী ছাড়িয়া। কিছুদিনে উপনীত স্বপুরে যাইয়া॥ সাধু কহে জামাতারে শুন বাছাধন। *ঐ দেখ দেখা যায়* আমার ভবন॥ ভার্য্যা কন্যা আন ত্বরা দূত পাঠাইয়া। ঘরে নিবে ধন-রত্ন বরণ করিয়া॥ আজ্ঞা পেয়ে গেল দূত সাধুর ভবনে। প্রণাম করেন লীলাবতীর চরণে॥ কহে দূত জামাতা সহিত সদাগর। বাণিজ্য করিয়া এল ঘাটের উপর॥ কন্যা সহ গিয়া তথা বরণ করিয়া। আন ধন-রত্ন আদি গৃহেতে তুলিয়া॥ এত শুনি আনন্দিতা সতী লীলাবতী। সত্যপূজা সমাপিয়া কহে কন্যা প্রতি। ত্বরা যাই সজামাতা পতির সদনে। পাছু এস তুমি সত্য প্রসাদ ভক্ষণে॥ এতেক বলিয়া ত্বরা বণিক্-সুন্দরী। ঘাটে যায় মনে মনে সত্যদেব স্মরি॥

শুনি কলাবতী সতী নাথ-আগমন। ব্যাকুল হইল বড় মন উচাটন॥ মেঘ দরশনে যথা চাতকিনী ধায়। নাথ দরশন-আশে যায় সেই প্রায়॥ সত্যের প্রসাদ ভুলি মাটিতে ফেলিল। দ্রুতপদে কলাবতী ঘাটেতে চলিল॥ প্রসাদ অমান্য হেতু রুষ্ট ভগবান। জলমাঝে হয় তার স্বামী অন্তর্দ্ধান॥ নৌকাসহ

জামাতারে না দেখিয়া তথা। ভার্য্যা সহ কান্দে সাধু কোথায় জামাতা॥ ঘাটে গিয়া কলাবতী শুনিতে পাইল। স্বামী তার অকস্মাৎ জলেতে ডুবিল॥ পতির বারতা শুনি কাঁদিয়া উঠিল। হা নাথ বলিয়া ভূমে আছাড়ি পড়িল।

কাঁদে কন্যা কলাবতী, না দেখিয়া প্রাণপতি, ধূলায় ধূসর কলেবর। কপালে কঙ্কণ হানে, বারি বহে দুনয়নে, বলে কোথা গেলে প্রাণেশ্বর॥ আলু থালু কেশ-পাশ, নাহি সম্বরয়ে বাস, বলে আর কি কাজ জীবনে। চাহিয়া নাথের মুখ, সহিয়া সকল দুখ, রহিয়াছি সংসার প্রাঙ্গনে॥ আর কিবা আশা করি, থাকিব জীবন ধরি, নাথ মোর ডুবিয়াছে জলে। আর ত পাব না দেখা, হৃদি-নিধি প্রাণসখা, সম্বল যে ইহ পরকালে॥ করিয়াছি কিবা পাপ, কেন হেন মনস্তাপ, কি দোষেতে হইলাম দোষী। কিছুই না জানি আমি, জানেন অন্তরযামী, কেন মোর এ দুঃখের রাশি॥

এইরূপে নানা ছাঁদে কান্দিয়া কান্দিয়া। কলাবতী কন্যা পরে বসিল উঠিয়া॥ স্বামীর পাদুকা ছিল পূজিয়া যতনে। করে স্থির যাইবার স্বামী-সমরণে॥ কন্যার দুর্দ্দশা দেখি কাঁদে কলাবতী। বলে সাধু কোথা গেল দুহিতার পতি॥ সাধু কহে এই ছিল সমুদ্র কিনারে। আর নাহি দেখি নৌকাসহ জামাতারে॥ কি জানি দৈবের মায়া বুঝিতে না পারি। সত্যদেব দয়া কর করুণা বিতরি॥ পূজিব তোমারে প্রভু বিভব-বিস্তারে। মিলাইয়া দেহ দেব মোর জামাতারে॥ কৃপাময় কমলেশ সত্যনারায়ণ। সাধুর উপরে তবে কৃপাবান হন॥

হইল আকাশবাণী, শুন সাধু গুণমণি, পতি দরশনের আশাতে। কলাবতী তব বালা, আমার প্রসাদে হেলা, করি দুঃখ পায় সে পাপেতে॥ সত্বর গৃহেতে গিয়া, প্রসাদ কুড়ায়ে নিয়া, ভক্তিভাবে করুক ভক্ষণ। সহ নৌকা রত্ন ধন, পাইবেক পতিধন, মনোবাঞ্ছা হইবে পূরণ॥ শুনি কলা ছুটি যায়, প্রসাদ কুড়ায়ে খায়, সত্যদেবে করি নমস্কার। বলে প্রভু দয়া কর, অবলার দোষ হর, তুমি দেব জগতের সার॥ অতঃপর ঘাটে গিয়া, দেখে কলা নিরখিয়া, স্বামী আছে নৌকার উপরে। সবে হয় হর্ষমতি, সত্যনারায়ণে স্তুতি, করে সাধু সভয় অন্তরে॥

আমি প্রভু দীন হীন, ক্রিয়াকাণ্ড সব হীন, কেমনে জানিব তব মহিমা অপার। তুমি সত্ত্ব রজস্তম, তুমি আগম নিগম, তুমি যাগ যজ্ঞ বেদ পুরাণের

সার॥ তরিবারে জীবগণে, কত লীলা মর্ত্ত্যধামে, করুণায় কমলেশ করহ প্রকাশ। বাক্য-মন-অগোচর, তব রূপ নিরাকার, নতুবা কেমনে জীবে হইতে বিকাশ॥ না জানিয়া এই তত্ত্ব, ভ্রান্তি মদে হয়ে মত্ত, কত জনে লীলাকথা হাসিয়া উড়ায়। বুঝে না তাহারা মনে, কর্ম্ম ভিন্ন ধর্ম্ম ধনে, লাভ করিবার আশা খ-পুষ্পের প্রায়॥ সৃজন পালন লয়, যথা তব খেলাচয়, সেইরূপ জীবগণে কর্ম্ম-শিক্ষা দিতে। কৃপার সাগর হরি, যুগে যুগে অবতরি, নানারূপে লীলাখেলা কর পৃথিবীতে॥ পতিত জনের ত্রাণ, কর তুমি ভগবান, পতিতপাবন নামে বিখ্যাত ধরণী। নামের সাফল্য তবে, পতিত উদ্ধার হবে, সুরেন্দ্রমোহন পতিতের শিরোমণি॥

অতঃপর বলে কলা করিয়া বিনয়। ঘরে চল সজামাতা পিতা মহাশয়॥ সাধু বলে সত্যব্রত করি সমাপন। জামাতারে লয়ে গৃহে করিব গমন॥ অনন্তর সন্ধ্যাকালে বান্ধবে লইয়া। সত্যব্রত করে সাধু ভক্তিযুক্ত হৈয়া॥ শুনিয়া ব্রতের কথা প্রসাদ পাইল। ধন-রত্ন আদি সব লয়ে গৃহে গেল॥ মাসে মাসে সংক্রান্তি ও পৌর্ণমাসী দিনে। ভক্তি ভরে পূজে সাধু সত্যনারায়ণে॥ ইহ লোকে ভুঞ্জি সুখ বিবিধ-বিধানে। জীবনান্তে যায় সাধু বৈকুণ্ঠভবনে॥ স্কন্দ-পুরাণের রেবাখণ্ড মূল লৈয়া। সুরেন্দ্রমোহন ভণে পাঁচালী করিয়া॥ হরি হরি বল সবে ভরিয়া বদন। মনোবাঞ্ছা পূর্ণ হবে সৌভাগ্য বর্দ্ধন॥

সূত বলে অন্য কথা শুন মুনিগণ। বৃষধ্বজ নামে রাজা ছিল একজন॥ পুত্রনির্ব্বিশেষে প্রজাগণেরে পালিত। নিজ বাহুবলে সদা পৃথিবী শাসিত॥ একদা মৃগয়া করি শান্তির কারণে। উপনীত হন রাজা বটবৃক্ষাশ্রমে॥ গোপ-গণে পূজে তথা সত্যনারায়ণ। দেখিয়া না প্রণমিল দর্পিত রাজন॥ পূজা সাঙ্গ করি গোপগণ সমাদরে। প্রসাদ আনিয়া দিল রাজার গোচরে॥ অহঙ্কারে অবহেলে প্রসাদ রাখিয়া। বৃষধ্বজ রাজা গেল গৃহেতে চলিয়া॥ সত্যদেব রুষ্ট হন তার আচরণে। শত পুত্র মরে রাজ্য লয় শত্রুগণে॥ বুঝিল তখন রাজা সত্য কোপ হইল। ত্বরান্বিত গোপগণ সদনে চলিল॥ তাহাদের সঙ্গে মিশি সত্যেরে পূজিল। যথাবিধি আচরণ প্রসাদ খাইল॥ ভক্তাধীন ভগবান করুণা আধার। সুপ্রসন্ন হইলেন ভক্তিতে রাজার॥ হৃত রাজ্য পায় পুনঃ সুপুত্র জন্মায়। নানা সুখ ভুঞ্জি অন্তে সত্যপুরে যায়॥

পরম দুর্ল্লভ সত্যব্রত আচরিয়া। কথা শুনে যেই জন ভক্তিযুক্ত হইয়া॥ মনোবাঞ্ছা পূর্ণ করে সত্যনারায়ণ। দরিদ্র লভয়ে বিত্ত বন্ধের মোচন॥ ভীত

পায় ভয়ে ত্রাণ নাহিক সংশয়। নানা সুখ ভুঞ্জি অন্তে বৈকুণ্ঠেতে যায়॥ সূত কহে মুনিগণ করিয়া বিস্তার। কহিলাম সত্য-ব্রত সর্ব্বব্রত সার॥ যাহা আচরিলে সর্ব্ব দুঃখ দূরে যায়। অপুত্র লভয়ে পুত্র রোগী মুক্তি পায়॥ বিশেষতঃ কলিযুগে সত্যনারায়ণ। সর্ব্ববাঞ্ছা ফলপ্রদ পাপ-বিনাশন॥ এই কথা যে বা নিত্য করয়ে পঠন। শুনয়ে বা ভক্তিভরে হ'য়ে এক মন॥ সূর্য্যোদয়ে অন্ধকার যথা দূরে যায়। তেমতি তাহার পাপ-তাপ নাশ পায়॥ যে যাহা করয়ে বাঞ্ছা হ'য়ে একমন। পূরণ করেন তাহা সত্যনারায়ণ॥ স্কন্দ পুরাণের রেবাখণ্ড মূল ধরি। সুরেন্দ্রমোহন রচে বঙ্গভাষা করি॥ তের শত এক সালে আশ্বিন মাসেতে। সাঙ্গ হৈল এই গ্রন্থ সত্যের কৃপাতে॥ বদন ভরিয়া সবে বল হরিবোল। যত দেখ ধন জন সবই গণ্ডগোল॥ রাখ মতি-গতি হরি-চরণ-পঙ্কজে। যদি ফাঁকি দিতে চাও সূর্য্যের আত্মজে॥ হরি বিনা গতি নাহি সর্ব্বসার হরি। বদন ভরিয়া সবে বল হরি হরি॥

ইতি স্কন্দপুরাণে রেবাখণ্ডে সত্যনারায়ণ-পাঁচালী সমাপ্ত।

রামেশ্বরী-সত্যনারায়ণ-পাঁচালী।

ওঁ নমঃ সত্যনারায়ণায় নমঃ। সত্য সত্য সত্যপীর সর্ব্বসিদ্ধি দাতা। বাঞ্ছা বড় বাড়িল বর্ণিতে ব্রত কথা॥ রসাল রসিক প্রিয় রমাই বিরাগে। বৃন্দারক-বৃন্দকে বন্দনা করি আগে॥ গুরুগণ গণেশে করিয়া প্রণিপাত। বন্দ বহ্নি বিপ্র বিধি বিষ্ণু বিশ্বনাথ॥ সাবিত্রী সিন্ধুপুত্রী সরস্বতী শিবা। ত্রিসন্ধ্যা নক্ষত্র চন্দ্র সূর্য্য রাত্রি দিবা॥ কামিন্নরে ক'রে স্তুতি ধর্ম্মরাজসুতা। সসর্প মনসা মন্দ মহেশের সুতা॥ অষ্টবসু নবগ্রহ দশদিক্ পাল। বন্দ বহ্নি পঞ্চাশৎ পরম রসাল॥ প্রণমিব পরাৎপর প্রদীপ যুগল। কূর্ম্মানন্ত অবনী অম্বুধি চলাচল॥ ত্রৈলোক্যতারিণী বন্দ তুলসী সুন্দরী। গোলোক প্রভৃতি বন্দ চতুর্দ্দশ পুরী॥ গঙ্গা আদি তীর্থক্ষেত্রে হইয়া দণ্ডবৎ। কামরূপ আদি বন্দ পীঠ পঞ্চাশৎ॥ সায়ুধবাহন আবরণ পরিবার। দশ মহাবিদ্যা বন্দ দশ অবতার॥ গোকুলে গোবিন্দ বন্দ গোবর্দ্ধনধারী। প্রণমিব প্রভুর প্রেয়সী যত নারী॥ বলরাম আদি ব্রজ-বালক সকল। বৃন্দাবন আদি বন্দ বিহারের স্থল॥ ষষ্ঠী মহাকাল ক্ষেত্রপাল আদি যত। উপদেব-বৃন্দকে বন্দনা শত শত॥ নম্র হইয়া নবদ্বীপে বন্দিব নিমাই। পতিত-পাবন প্রভু আর কেহ নাই॥ বন্দ বীরভদ্র বীর নিত্যানন্দ

নাম। প্রেমধন দান দিয়ে পূর্ণ কৈল কাম॥ প্রণমিব নদ নদী ন'দের নিমাই। বীরভদ্র নিত্যানন্দ শ্রীরূপ গোঁসাঞি॥ অপ্সরী কিন্নরী বন্দ ডাকিনী যোগিনী। ছয় রাগ ছয় ঋতু ছত্রিশ রাগিণী॥ বন্দ বেদ বেদান্ত বেদাঙ্গ বিদ্যাগণ। সত্য ব্রহ্ম ঋষিদেব মুনির চরণ॥ অতঃপর বন্দিব রহিম রামরূপ। ত্রিদশের চতুর্দ্দশ ভুবনের ভূপ॥ কোরাণ কেতাব কিয়া কলিমে সংহতি। সুপিখাঁ পীরের পায় প্রচুর প্রণতি॥ সাতশত আওলিয়া বন্দি যোড় করে। ফণীন্দ্র নগেন্দ্র ইন্দ্র কাঁপে যাঁর ডরে॥ পরে সত্যপীর বন্দ বলে দ্বিজরাম। সাকিম বরদা বাটী যদুপুর গ্রাম॥ জয় জয় সত্যপীর, সনাতন দস্তগীর, দেব দেব জগতের নাথ। কে জানে তোমার তত্ত্ব, তুমি রজঃ তমঃ সত্ত্ব, তোমার চরণে প্রণিপাত॥ সর্ব্বভূতে সর্ব্বময়, চারু চরাচর ময়, চন্দ্রচূড়-চিন্ত্য চিন্তামণি। পূর্ব্বে হ'য়ে দশমূর্ত্তি, করিলে অকথ্য কীর্ত্তি, সত্য পীর হ'লেন এদানি॥ ছয় দরশনে কয়, এক ব্রহ্ম দুই নয়, জন্ম জন্ম ভিন্ন ভিন্ন নাম। কলিতে যবন দুষ্ট, হৈন্দবী করেন নষ্ট, দেখি রহিম শেষ হৈল রাম॥ ব্রহ্মাদি দেবতা যত, সকলের সেই মত, দুষ্ট দেখি দূরে পরিহার। ব্রাহ্মণ বলিয়া বেদ, ঘুচালে মনের খেদ, রক্ষা কৈল সৃষ্টি আপনার॥ এক মনে অল্প ধনে, যে তোমারে সিন্নি মানে, হাসিল করহ তার কাম। আমি অতি অল্প মতি, কি করিব স্তুতি নুতি, নিজগুণে উদয় গুণধাম॥ দরিদ্র দ্বিজের কাছে, পূর্ব্বকালে সত্য আছে, আত্মবাক্য পালিবে আপনি। নায়কে হইয়া তুষ্টি, সিন্নিতে করহ দৃষ্টি, শুন আপনার ব্রতবাণী॥ ভুবন পালন যথা, তোমার মঙ্গল কথা, যে গায় যে গাওয়ায় কিম্বা শুনে। তুমি পীর কর তারে, মহামারে মহাঘোরে, রণে বনে রিপুজন-স্থানে॥ দৃঢ় ভক্তি হৈলে তার, পাতক না থাকে আর, মনোরথ সিদ্ধি হাতে হাতে। ভণে দ্বিজ রামেশ্বর, শুদ্ধভাবে শুন নর, হরি বল পীরের পীরিতে॥ সর্ব্বলোক শুন শুন সর্ব্বলোক শুন। সত্যপীর স্মরি সিন্নি দেহ পুনঃ পুনঃ॥ প্রবল প্রতাপ প্রভু পাপ-তাপ-হারী। যেরূপে জাহির পীর নিবেদন করি॥ দিল্লীর দক্ষিণ দেশে মথুরের পুর। তাহে এক বিপ্র ছিল বড়ই বিদুর॥ খাইতে তার চাউল নাই চালে নাই খড়। তেঁই প্রভু পীর পুত্র তাঁর পায়ে গড়॥ আপনি অত্যন্ত যতী সতী সীমন্তিনী। দামোদরে দৃঢ় ভক্তি দিবস রজনী॥ লঙ্ঘনে বঞ্চন কভু ভিক্ষায় ভক্ষণ। কৃষ্ণসখা সুদামার সকলি লক্ষণ॥ আপনি অতিথি-প্রিয় ততোধিক প্রিয়া। অদ্য উপবাস জন্য অন্ন জল দিয়া॥ জঠরের জ্বালায়

যখন জীউ যায়। তখন মগন মন গোবিন্দের পায়॥ কতদিনে কৃষ্ণ পাব ভাবে দিবা রাতি। বান্ধিব প্রেমের পাশে অখিলের পতি॥ তবে প্রভু মায়া কৈল ব্রাহ্মণের সঙ্গ। কদাচিৎ ভজনের ভক্তির নহে ভঙ্গ॥ নানারূপে বিড়ম্বিয়া হারিলেন হরি। ভক্ত বটে কলিতে কিরূপে কৃপা করি॥ ভিক্ষা মাগি ভক্তি বুঝি ভ্রমি সাথে সাথে। পীর হইয়া পশ্চাৎ প্রত্যক্ষ হব পথে॥ ব্রাহ্মণ ভিক্ষাতে যেতে তাতে হৈল মায়া। যত দাতা জীবে হরি হরিলেন দয়া॥ ঘরে ঘরে ফিরে দ্বিজ ডাকে কলস্বনে। কেহ ঘরে নাহি কেহ থাকিয়া না শোনে॥ কেহ বলে ফিরে যাগো প্রসবেছে নারী। কেহ বলে নিত্য কি তোমার ধার ধারি॥ কেহ গালি দেয় কেহ বলে দূর দূর। মারিতে চলিল কেহ হইয়া নিষ্ঠুর॥ প্রতি ঘরে ভ্রমি ভিক্ষা না পেয়ে নগরে। দাতা কৃষ্ণ কোথায় বলে কান্দে কলস্বরে॥ বাটী বাটে গিয়া মাঠে অপরাহ্ন কালে। বিষাদে বসিল বিপ্র বট-বৃক্ষতলে॥ কি করিব আশ্বাস নিশ্বাস ঘন ছাড়ে। ছল ছল চক্ষে জল টস্ টস্ পড়ে॥ ধৈরয না ধরে দ্বিজ ধৈরয না ধরে। বাড়িল বিবেক বড় ব্রাহ্মণীর তরে॥ বুভুক্ষিতা বনিতা বাটীতে বাট চাইয়া। কেন কৃষ্ণ হেন কৈলে দীনবন্ধু হইয়া॥ সত্ত্ব-গুণে সবার পালন কর্ত্তা তুমি। অবনীতে অপাল্য অধম মাত্র আমি॥ মাগিলে না মেলে ভিক্ষা রিক্ত হস্তে যাই। পূর্ব্বকৃত পাপে এত পরিতাপ পাই॥ এ পাপ শরীর আর না রাখিব আমি। পরলোকে প্রভু পরিত্রাণকারী তুমি॥ আপনাতে আরোপিয়া অধমতা ভ্রম। তিতিক্ষাতে কৈল তনুত্যাগ উপক্রম॥ পতিত জনারে যদি দয়া না করিবে। জগন্নাথ নাম তবে কেমনে ধরিবে॥ দাস-দুঃখ দেখি দামোদরের হইল দয়া। সর্ব্বদা সাক্ষাৎ হব দিব পদছায়া॥ ফকির ফিকিরে উরে নবঘনশ্যাম। হুকুম মাফিক হন্দ বিরচিল রাম॥ দ্বিজবরে দিতে বর, কলি হেতু সত্বর, মাধব হইয়া পীর। ফকিরের সাজে, জগতি বিরাজে, অদ্ভুত কৃষ্ণ শরীর॥ যুবত্ব বয়সে, মনোহর বেশে, মুখে মধুরিম হাসি। মস্তক উপর, পাগ মনোহর, নানাভরণ বিলাসী॥ বড়ি বড়ি কৌড়ি, গ্রন্থিত গুধড়ি, ছাগছাল থলি থালিদণ্ড। প্রবাল তাড়ি ফল, মুক্তা ঝলমল, মালা মণ্ডিত চণ্ড॥ ঘণ্টা রণ রণ, জিজির ঘন ঘন, ঝঞ্জন জিজিরের শব্দ। রামেশ্বর বলে, বসিয়া বৃক্ষতলে, ব্রাহ্মণ হইল স্তব্ধ॥ কপটে করুণাময় দ্বিজে কন বাওয়া। মেঁই ভুখা ফকির হুঁ লাগে মেরা দোয়া॥ তেই বাওয়া বক্তার ধর্ম্মাত্মা দেখাও তুখে। মেঁই ভুখা ফকির হুঁ খেলাও কুচ মুখে॥ তামাম

দুনিয়া দেখা সবই ইমান ঝুটা। কাঁহা কোহি খয়রাৎ না করে এক মুটা॥ দ্বিজ বলে দেওয়ান ও কথা কহ কাকে। মনস্তাপে মরিতে বসেছি ঐ পাকে॥ কলি হৈল প্রবল মজিল ধর্ম্মপথ। দেওয়ান কহেন বার্ত্তা কহ হকিকৎ॥ নিজ দুঃখ কহি দ্বিজ করয়ে রোদন। নারিলাম খাওয়াতে আমি বড় অভাজন॥ ধর মোর বসন অশন কর ব্যাচা। মৃত্যুকালে মোর ধর্ম্ম মজাইলে মিছা॥ বিশ্বনাথ বিশ্বাস বুঝিয়া বলে বাছা। দুনিয়ামে এসাভি আদ্মি নাহি সাচা॥ ভাল বাওয়া কাহে তেরা মৃত্যুকাল আছে। রাতি দিন যেষা তেষা সুখ দুঃখ আছে॥ কাহাকো মারেগা তেরা কাহে এসাবাৎ। কাপড়া ওতো লেও ভেলা আও মেরা সাৎ॥ যাওতে সত্যপীর মেরা যাওতে সত্যপীর। তেরা দুঃখ দূর করঙে তেঙ হাম ফকরি। এসা কুচ হমুর বাতাও দেঙ তোয়। ফিরে পিছে সেতাব খয়ের খুব হোয়॥ সত্যপীর পাঁওমে একিদা করো দিল। সাহেব করেগা তেরা নিয়তো হাসিল॥ আপসে চলায় দেও সিন্নিকা সদা। কহি তেরা হুক্ ধন না করো রদ্॥ যেস্কে তোঞি যে কহেগা সোহি হোগা সহি। পীর বরাবর হোকে করো যাকে এহি॥ দ্বিজ বলে কহিলে দেওয়ান মহাশয়। যবনের কার্য্য সে তো ব্রাহ্মণের নয়॥ ইষ্ট ছেড়ে অনিষ্ট ভজিব কেন অন্য। ডুবাইব পরকাল ইহকাল জন্য॥ দেওয়ান কহেন শুন গেয়ান্কি বাত। রাম রহিম দুই নাম ধরে এক সাত॥ অভেদ তোমারে কহি শাস্ত্র কহি সার। তুমি ভেদ ভালা নাহি করো এখ্তেয়ার॥ এত শুনি মনে মনে বিস্ময় ব্রাহ্মণ। আপাদ পর্য্যন্ত তাঁর করে নিরীক্ষণ॥ চকিতে চকিতে মূর্ত্তি ধরেন অশেষ। দেখিতে দেখিতে হৈল ব্রাহ্মণের বেশ॥ নিদান বুঝিলা প্রভু ভকতবৎসল। ধরণী লোটায়ে ধরে চরণ কমল॥ পুলকে উদ্গত তনু সকরুণে কয়। ছাড় মায়া কর দয়া দেহ পরিচয়॥ হাসিতে হাসিতে হরি দ্বিজে কন তবে। নিদান আমার তুমি পরিচয় লবে॥ বিধি বড় ভাই মোর মহেশ অনুজ। শঙ্খচক্রগদাপদ্মধারী চতুর্ভুজ॥ কৃষ্ণকেশি মথনে কেশব মোর নাম। মক্কায় রহিম আমি অযোধ্যায় রাম॥ পরাপর চরাচর আমি সে যাবন্ত। সুরপুরে শক্র আমি পাতালে অনন্ত॥ ফকির হইয়া আসি তোমার কারণ। কলিতে সম্প্রতি সত্যপীর নারায়ণ॥ দ্বিজ বলে যত কহ ভাল বিপরীত। পীরের সিন্নিতে বা বিষ্ণুর কেন প্রীত॥ যেঁই প্রভু পরমাত্মা তেঁই কেন পীর। তুমি বা ফকির কেন ব্রাহ্মণ শরীর॥ প্রভু কহে ভাল জিজ্ঞাসিলে দ্বিজ

ধন্য। সাধু সাধু বলি প্রভু করে ব্রত জন্য॥ রাম বলে ভাল জিজ্ঞাসিলে শুন বলি। মোক্ষ স্বর্গ মারা গেল কাল হৈল কলি॥ কালের মাহাত্ম্য বাছা শুন তবে বলি। পরীক্ষিৎ পতনে প্রবল হৈল কলি॥ এককালে সেই পরীক্ষিৎ ক্ষিতি-নাথ। মৃগয়াতে কলি ক্রিয়া দেখিল সাক্ষাৎ॥ ধরাতে গোরূপ ধর্ম্ম কলি হয় নর। নির্ঘাত প্রহার করে গরুর উপর॥ তিন পা ভেঙ্গেছে আছে এক পায় উবু। সেই পায়ে নির্ঘাত প্রহার করে তবু॥ দেখি কোপে কাঁপে রাজা না জানি বিশেষ। গরু মেরে পাপিষ্ঠ পতিত কৈল দেশ॥ খড়্গ হাতে কাটিতে চলিল মহাবল। ব্যক্ত হইয়া কলি তখন হাসে খল খল॥ শুনরে নির্ব্বুদ্ধি রাজা বুদ্ধি নাহি তোর। ইহাতে ঈশ্বরদত্ত অধিকার মোর॥ গরু নহে ধর্ম্ম এই কলিকাল আমি। বধিব ইহারে আজি কি করিবে তুমি॥ রাজা বলে কি বলিলে তোমার নাম কলি। অল্পদিনে এখনি এতেক ঠাকুরালী॥ বাঞ্ছা ছিল ভাল হ'ল পেলাম তোর দেখা। দুর্জনে তর্জ্জনে আমি সুজনের সখা॥ যার দত্ত অধিকারে ধর্ম্মে হিংস তুমি। সেই কৃষ্ণ-চন্দ্রের কিঙ্কর হই আমি॥ সতত ভারতকথা সভাতে আমার। মোর অধিকারে কি তোমার অধিকার।! শুকমুখে শুনেছি সকল বিবরণ। কলি ব্যাধি হেতু কৃষ্ণ বড় রসায়ন॥ এত শুনি কলি করিলেন হেট মাথা। কহ তবে আমার ভোগের স্থান কোথা॥ বুঝিয়া ভূপতি চারি স্থান দেন তারে। সুরা সুনা সুবর্ণবণিক স্বর্ণকারে॥ ধর্ম্মের নিস্তার করি রাজা গেল ঘর। সেই হতে ধর্ম্ম ছাড়া এই চারি নর॥ ব্রাহ্মণে ভারত-কথা ভগবান ক'য়ে। পুনঃ পুনঃ কহে শুন সাবধান হ'য়ে॥ এখন দমন-দাতা পরীক্ষিৎ নাই। ধর্ম্মনাশে কলির বিস্তর হলো ঠাঁই॥ ততকাল কলি করিবেন একাকার। যবনান্ত জাতিভেদ না থাকিবে আর॥ আজি কত অনীত হইল উপস্থিত। ব্রহ্ম বৈশ্য ক্ষত্রিয় শূদ্র স্বধর্ম্ম বর্জ্জিত॥ পুণ্য পথে কদাচিৎ আছে কোন নর। পরদারে পরদ্রোহে প্রবৃত্ত বিস্তর॥ যে জন দুর্জ্জন তার পূজা সর্ব্ব ঠাঁই। নিস্পৃহের অনাদর অন্ন জুটে নাই। সুজন সর্ব্বদা নিন্দে দুর্জ্জনের যশ। বাপ মায় তুচ্ছ বুদ্ধি বনিতার বশ॥ পুত্র পিতা বধূ মাতা বিনিময়ে লাভ। শাশুড়ী বধূতে দ্বন্দ্ব দুসতীনের ভাব॥ ভাগিনী ভগিনী ভ্রাতৃবধূ খুড়ি জেঠী। মাসী পিসী মাসীর্তে তৎপর পরিপাটী॥ বিধবা ফেলিছে বেধ বৎসরে দুবার। একাদশী ছাড়ি মবস্য কর্কট সংহার॥ কহিতে কলির কথা কাঁপে কলেবর। অগম্যাতে গমন করিবে কত নর॥ সংক্ষেপে সে সব কথা মাহাত্ম্য নির্ণয়।

দেখহ সকল লোকে ব্রাহ্মণ তনয়॥ আর সিদ্ধি শুদ্ধি নহে বুদ্ধি স্ফূর্ত্তি পাপে। প্রভু হইয়া পীরত্ব হইলাম ঐ তাপে॥ নাম মাত্র তাহাতে নৈবেদ্য মাত্র ভেদ। পীর বলে না জানিবে না ছাড়িবে বেদ॥ প্রকারে পাপিষ্ঠ নরে করিতে নিস্তার। আইলাম তোমার কাছে কর অঙ্গীকার॥ তুমি ভক্ত দৈন্যমুক্ত অনুরক্ত মোরে। প্রকাশিয়া পরিত্রাণ কর কত নরে॥ জীবের যন্ত্রণা যত অধর্ম্মের ফল। পৃথিবীতে অল্প শস্য মেঘে অল্প জল॥ অল্প বুদ্ধি অল্প আয়ু অল্প ঋতু আসে। নষ্ট বুদ্ধি নর সিদ্ধি লভিবেক কিসে॥ শ্রুতি স্মৃতি পুরাণ আগম শাস্ত্র মত। ভুক্তি মুক্তি লভিতে অনেক আছে পথ॥ তা করিতে বিস্তারিতে বুদ্ধি নাহি খাট। তারে লয়ে কালক্রমে লঘু পথে রট॥ অতি অভাজন জড় মূঢ় বুদ্ধি যারা। সিন্নি দিয়া কৃতকৃত্য হোক্ গিয়া তারা॥ তুমি আগে দেহ সিন্নি যাই নিজালয়। পৃথিবীতে পূজার প্রচার যেন হয়॥ আজি হৈতে আর ভিক্ষা না মাগিও তুমি। হের ধর ধনরত্ন দিয়ে যাই আমি॥ প্রভু দিল রত্ন দ্বিজ যত্ন করি লয়। বহু স্তুতি নুতি করি করপুটে কয়॥ কোথা দিব কিবা সিন্নি কিবা আবাহনে। কিবা ঋদ্ধি হয় সিদ্ধি মহিমা কেমনে॥ সবিশেষ উপদেশ বিশ্বনাথ বলে। বান্ধিবে বিচিত্রবেদী মনোহর স্থলে॥ গোময়ে সুন্দর সংস্করণ করে স্থান। আলিপনা আদি ধ্বজা পতাকা নিসান॥ বেদীতে পাতিবে পীঠ তাতে দিব্য বাস। তাতে ছুরি কাটারি কিম্বা খড়্গ চন্দ্রহাস॥ তারি চারি তরফে সুচারু চারি তীর। তারি মধ্যে অবগত আমি সত্যপীর॥ পঞ্চদেব পূজা পূর্ব্ব পঞ্চ উপহারে। বিষ্ণু বিধি ধ্যান আদি জ্ঞান অনুসারে॥ উদঙ্মুখে বসিবে বেষ্টিত বন্ধুগণে। সিন্নির সামগ্রী বলি শুন ক্রমে ক্রমে॥ দুগ্ধ গুড় আটা রম্ভা ফল পান গুয়া। সম্ভব বিভব লবে সব সওয়া সওয়া॥ আবির্ভাব চতুষ্টয় করিয়া সংযোগ। নমঃ সত্যপীরায় বলিয়া দিবে ভোগ॥ কাঁচার এ মত মতান্তরে শুন পাকা। আনা মাসা আদি করি কড়ি কিম্বা টাকা॥ সওয়া সংখ্যক মূল্য যদি সুমিষ্টান্ন হয়। সত্যপীরে সমর্পিলে কার্য্য সিদ্ধি হয়॥ যুগলে যাঁহার ইচ্ছা কর এক মত। ব্রতকথা শুনি সবে হবে দণ্ডবত॥ পীরকে সে মজুরা করিবে পুনর্ব্বার। সত্যপীর নারায়ণ বিংশতি প্রকার॥ বিপ্র বলে নামের তাৎপর্য্য শুন আগে। মিথ্যার নৈরাশ হেতু সত্য পুরোভাগে॥ নারায়ণ নামে সিন্নি না হয় সম্ভব। পীর বলে প্রাণ গেলে না পূজে হিন্দব॥ অতএব সত্যপীর নারায়ণ নাম। হুকুম মাফিক হন্দ বিরচিল রাম॥ শুন সিন্নি দানের মহিমা অতঃপর। পূজিলে পীরের পদ

নিরাপদ নয়।। না থাকে দুর্গতি তার না থাকে দুর্গতি। শত্রুকে দমন দাতা ধনে ধনপতি ॥ স্বচ্ছন্দে পীরের ঘরে করে নানা ভোগ। চক্রপাণি চিনিতে চিত্তের হয় না বিয়োগ ॥ স্থানে যদি মাগে সিন্নি হয়ে শুদ্ধ ভাব। সিদ্ধ এক মাস মধ্যে মনোভীষ্ট লাভ ॥ সঙ্কটে পড়িয়া যদি জপে সত্যপীর। ত্রিভুবনে নির্ভয় সে অব্যয় শরীর ॥ নিরবধি বলে যদি সত্যনারায়ণ। তারে কলি কাঁপে হস্তী সিংহের যেমন ॥ ব্রতকথা শ্রবণ মাহাত্ম্য কথা নয়। এত শুনি কহে দ্বিজ করিয়া বিনয় ॥ ঘুচিল সংশয় প্রভু সিন্নি দিব আমি। চতুর্ভুজ মূর্ত্তিটী দেখাও যদি তুমি ॥ ভক্তের ভাষণে চতুর্ভুজ হৈল হরি। গরুড়স্থ শঙ্খ-চক্র-গদাপদ্মধারী ॥ মহাতেজোময় মূর্ত্তি দেখি দ্বিজবর। আনন্দ-সাগরে যেন ডুবিল বিস্তর ॥ পুলকে প্রেমের সিন্ধু উথলিয়া উঠে। অবাক্ হয়ে অমনি রহিল করপুটে ॥ কত কষ্টে কহিল চরণে দেহ স্থান। স্বীকার করিয়া হরি হৈলা অন্তর্দ্ধান ॥ হাহাকার করি দ্বিজ পড়ে ভূমিতলে। অধমে বঞ্চিত করি কৃষ্ণ কোথা গেলে ॥ কৃষ্ণ কৃষ্ণ করি কৈলা বিস্তর রোদন। হইল আকাশ-বাণী যাও নিকেতন ॥ উদ্দেশে প্রণাম করি চলে দ্বিজ ধাম। হুকুম মাফিক ছন্দ বিরচিল রাম ॥ হেথা বিষ্ণু গেলা বিষ্ণুশর্ম্মার মন্দিরে। ব্রাহ্মণীর বাপ হয়ে বোঝা লয়ে শিরে ॥ কন্যা ভাবে জিজ্ঞাসে কি কর বিষ্ণুপ্রিয়া। বিভুক্ত জামাতা পথে রাঁধ বাড় গিয়া। হের ধর তোমার মায়ের আয়োজন। বস্ত্র আভরণ পর আইস বাছাধন ॥ ভিক্ষুকে পড়িয়া দুঃখ পাইলে প্রচুর। আমি কি করিব বাছা বিধাতা নিষ্ঠুর ॥ যে হৈল সে হৈল দুঃখ গেল অতঃপর। অদ্য লক্ষেশ্বরী হয়ে সুখে কর ঘর ॥ বাপ বুঝে ব্রাহ্মণী হইল প্রণিপাত। সাবিত্রী সদৃশী ভব বলে জগন্নাথ ॥ রোদনমুখী হয়ে বামা দিল জল স্থল। জিজ্ঞাসিল কহ বাবা ঘরের মঙ্গল ॥ প্রভু কহে সত্যপীর প্রসাদে আনন্দ। লক্ষ্মী সরস্বতী ঘরে সকলে স্বচ্ছন্দ ॥ বাপে ঝিয়ে অনেক দিবস দেখা নাই। লোক-মুখে শুনি ভিক্ষা মাগেন জামাই ॥ সত্যপীর নামে এক দয়াল ঠাকুর। তাঁরে সিন্নি দিয়া সব দুঃখ গেছে দূর ॥ অতএব আসিয়াছি দিতে নানাধন। পথে জামাতার সনে হৈল দরশন ॥ দুঃখনাশ উপদেশ কহিয়াছি তাঁরে। তেঁই কি কিনিতে গেলা পাঠাইয়া মোরে ॥ শাকাদি পাকের দ্রব্য আনিয়াছি আমি। বস্ত্র আভরণ পরি রান্ধ গিয়া তুমি ॥ আমি দেখি জামাই আইসেন কতদূরে। এত বলি গেলা হরি বৈকুণ্ঠ নগরে ॥ ব্রাহ্মণী সাদরে পরে বস্ত্র আভরণ। কুলুপী দুবাই শঙ্খ শ্রীরাম লক্ষ্মণ ॥ রতি জিনি রূপে ধনি আলো

কৈল ঘর। রান্ধিল সত্বর ভণে দ্বিজরামেশ্বর॥ হেনকালে কুতূহলে শীঘ্র দ্বিজবর। সিন্নির সামগ্রী লৈয়া সুখে আইল ঘর॥ হেথা পথে লৈয়া দ্বিজ পূজার আয়োজন। আনন্দে মন্দিরে আইল গোবিন্দ যেমন॥ দেখি পতি উঠে সতী করি যোড়হাত। কহ এতক্ষণ কোথা ছিলে প্রাণনাথ॥ পদ প্রক্ষালনে জল দিলেন হরিষে। আসনে বসিয়া দ্বিজ সতী বাম পাশে॥ সালঙ্কারা সীমন্তিনী দেখিয়া বিস্ময়। জিজ্ঞাসিতে জায়া জনকের কথা কয়॥ বনিতা-বচনে বিপ্র বারিপূর্ণ আঁখি। চক্রপাণি চিনিতে নারিলে চন্দ্রমুখী॥ প্রভু এসেছিল সাধ্বী হয়ে তোর পিতা। তুমি ধন্যা পীর-কন্যা কীর্ত্তি কল্পলতা॥ প্রেয়সীরে প্রশংসিয়া কহিলেন কথা। কেশবের সে সব এ সব সব কথা॥ পতি কহে সতী মোহে শুনি বিবরণ। মহোল্লাসে করিল পূজার আয়োজন। পরম উৎসাহে দ্বিজ ব্রাহ্মণীরে কয়। সিন্নি দেহ সর্ব্বথা বিলম্ব বিধি নয়॥ ঈশ্বরে অর্পিয়া অন্য লোকে ডাক তুমি। সিন্নি দিয়া পশ্চাৎ প্রসাদ পাব আমি॥ পার্শ্ববর্ত্তিগণে সতী আমন্ত্রিয়া আনে। বিষ্ণু শর্ম্মা বসে বিশ্বনাথ আরাধনে॥ প্রভু-পদ-পঙ্কজ পূজিয়া তপোধন। বন্দনা করিয়া শেষে ব্রত কথা কন॥ প্রভু-মুখশ্রুত যত করিয়া সংযোগ। নমঃ সত্যপীরায় বলিয়া দিল ভোগ॥ অন্তরীক্ষে অনন্তপাতিয়া নিল হাত। শঙ্কর পাইল যেন শ্রীফলের পাত॥ অপার আনন্দ উপজিল নারায়ণে। পাণ্ডব পূজিল যেন পূর্ণ আয়োজনে॥ যে প্রকারে কৃপা করি কহিলেন ঠাকুর। আদ্য অন্ত সেই সব কহিলা প্রচুর॥ ক্ষমস্ব বলিয়া ঘটে কৈল বিসর্জ্জন। আপনি বাটিতে সিন্নি করিল পত্তন॥ বিপ্রভাগে দিতে আগে আজ্ঞা মাগে এসে। ব্রাহ্মণ সকল সে বিকল হয় হেসে॥ তার পর সিন্নি দিতে কেহ ত না লয়। সবে হেসে বিবিধ বিদ্রূপ কথা কয়॥ রাম রাম বলি কেহ কর্ণে দিল হাত। যবন হইল বলি কহিল নির্ঘাত॥ কেহ বলে গলসূত্র ফেল পুড়াইয়া। মাথা মুড়াইয়া মুখে দাড়ি রাখ গিয়া॥ কেহ বলে দাড়ি রাখ মোজা পর পায়। নেড়া মাথা হলে সিন্নি অতি শোভা পায়॥ কেহ বলে নামাজ করিতে ভাল জানে। কৃষ্ণচন্দ্র ভজি মুক্ত হৈল এতদিনে॥ সার্ব্বভৌম বলে বিষ্ণুশর্ম্মার মাতুল। ওরে কুলাঙ্গার তুই হইলি বাতুল॥ বিষ্ণুশর্ম্মা বলে সবে বলিলে বিস্তর। ভাল যদি চাও সিন্নি খাও অতঃপর॥ হরির হুকুম কার বাপে করে রদ। এইরূপে বাড়িল বিস্তর বদাবদ॥ নিদান কহিল সবে তবে সিন্নি খাই। তোরে তাঁর কৃপায় প্রত্যয় যদি পাই॥ তোর হরি তোরে

বলি পীর হৈলা মাঠে। মোরা দেখি কেরামৎ তবে জানি বটে॥ প্রভু যার সখা তার ঋদ্ধি সিদ্ধি বলে। তুঞি যদি তেঙ কেন তৃণ নাই চালে॥ অন্ন বস্ত্র নাই ঘরে ভিক্ষায় ভক্ষণ। কৃপার কি চিহ্ন এ তো ক্ষেপার লক্ষণ॥ কেরামৎ দেখাও যদি সখা পেগাম্বর। দেখি কুঁড়্যা যাক পুড়ে হোক দিব্য ঘর॥ বেড়া অগ্নি দিয়ে ঘরে প্রবেশিলে তায়। তাতে যদি জীয়ে সিন্নি খাব সর্ব্বদায়॥ না জ্বলে অনলে কভু পীর সখা যার। কেশরী কুঞ্জরে কি করিতে পারে তার॥ যেই কহ সেই বটে তবে পরিত্রাণ। তার সাক্ষী পুরাণে প্রহ্লাদ উপাখ্যান॥ এত শুনি বিষ্ণুশর্ম্মা সত্যপীরে স্মরে। ব্রাহ্মণেভ্যো নমঃ বলি প্রবেশিল ঘরে॥ নরনারী হেরাহেরি ঠেরাঠেরি সব। কেহ বলে প্রবন্ধে পাইল পরাভব॥ এত শুনি বিষ্ণুশর্ম্মা বসিলেন যোগে। পতিব্রতা সতী শোভা পাইল বামভাগে॥ হরি হরি হরি বলে সবে উচ্চৈঃস্বরে। অনল আনিয়া কেহ দ্রুত দেয় ঘরে॥ কেহ বলে রাম রাম কেহ বলে শিব। প্রতাপে উঠুক অগ্নি মোরা কেন দিব॥ বিষ্ণুশর্ম্মা বলে যদি সত্য সত্যপীর। দহ দহ দহ কুঁড়্যা দেহ সুমন্দির॥ বহ্নি বীজ জপে দ্বিজ ডাকে ওষ্ঠ পুটে। পীরের প্রতাপে অগ্নি চাল ফুটে উঠে॥ দাক্ষিণাত্য পবন পাবক হৈল সখা। পাবক ব্যাপক যেন দাহকের লেখা॥ লোকে হাহাকার চমৎকার উচ্চরোল। রাওয়ারাই ধাওয়াধাই মহাগণ্ডগোল॥ চক্ষুর নিমিষে অগ্নি হৈল ঘরময়। প্রভু আসি দাসদাসী কোলে করি রয়॥ যেমন জৈয়ের ঘরে জনকনন্দিনী। পৃথ্বীপতি কোলে করি রহিলা আপনি॥ তেমন ব্রাহ্মণ বিষ্ণুশর্ম্মা মহাশয়। পাইয়া পীরের অঙ্ক নিরাতঙ্কে রয়॥ সর্ব্ব অঙ্গ পুড়ে ভস্ম হইল যখন। ইন্দ্র আসি সুধাবৃষ্টি করিল তখন॥ হেনকালে যোগবলে প্রকাশিলা পীর। দিব্য অট্টালিকা ঘর বেষ্টিত প্রাচীর॥ বাহির হৈল বিষ্ণুশর্ম্মা বামে আসোয়ার। দেখিয়া সকল লোকে লাগে চমৎকার॥ কর পুটে কহে সবে তুমি সত্যপীর। মহীতলে মিছে মায়া মনুষ্য শরীর॥ জাহির হইল তবে জানিল সবাই। ক্ষম অপরাধ প্রভু দেহ সিন্নি খাই॥ কাকুতি প্রণতি স্তুতি করিয়া বিস্তর। পীরের প্রসাদ পাইয়া সবে গেলা ঘর॥ ভোজন করিলা শেষে ব্রাহ্মণ ব্রাহ্মণী। কহে রামেশ্বর সবে কর হরিধ্বনি॥ * ॥ আচমন মুখশুদ্ধি করি দুই জনে। রাত্রিকালে কুতুহলে রহিল শয়নে॥ প্রভাতে উঠিয়া স্মরে সত্যনারায়ণ। প্রিয়া করে পুষ্পাদি পূজার আয়োজন॥ পীর বিনা দোঁহাকার অন্য নহে মন। সিন্নি দিয়া

নিত্য পূজে লয়ে গ্রাম্য জন॥ প্রেমে বদ্ধ হয়ে পীর রহিলেন ঘরে। ঘুচাইয়া বিপদ সম্পদ দিল তারে॥ বিষ্ণুশর্ম্মা ছিল হৈল সত্যপীর নাম। দাস দাসী হস্তী ঘোড়া ধনে জোড়া ধাম॥ এমত জাহির পীর পূজে দ্বিজাগারে। কাছে কত নর নারী আছে যোড় করে॥ কি দিব ধনের লেখা কি কহিব আর। আপনাকে কুবের করয়ে তিরস্কার॥ দুয়ারে দুন্দুভি বাজে ফুকারে নিশান। আকাশে আলাম উড়ে পীরের নিশান॥ কার কোন কথা দ্বিজ অগোচর নয়। বাক্‌সিদ্ধি যারে যা বলেন তাই হয়॥ দেশে দেশে প্রতাপ জাহির হইল বাঁড়া। দশ বিশ হাজার হুজুরে রহে খাড়া॥ ভিড়ে কেহ দেখে কেহ দেখিতে না পায়। তবে উচ্চ মঞ্চ করি বসিলেন তায়॥ বামভাগে বিরাজে বনিতা অনুক্ষণ। দরশনে সিদ্ধি মনোরথ কতজন॥ আমির উমরাও জমীদার ভৃত্যবৎ। হাজার লাখের সিন্নি হুজুরে খয়রাৎ॥ হাতে হাতে লক্ষ লক্ষ লোক নাগেজাত। ভিতরে ত্রিভাগে সিন্নি না হয় সাক্ষাৎ॥ নিদান বিধান সে হুকুম হৈল শেষে। কষ্ট পেয়ে বিদেশী এদেশে কেন আসে॥ সত্যপীর সাহেব আছেন সর্ব্ব ঠাঁই। যথা তথা দেহ সিন্নি যাহ পাব ভাই॥ পূজার পদ্ধতি ভাষা বান্ধ্যা দিল তবে। নকল লিখিয়া লোক লয়ে গেল সবে॥ কতজন আশ্রয় করিতে সেই ছায়া। বিরচিল বিস্তর যাহারে যেমন দয়া॥ দেশে দেশে দিল সিন্নি যার যথা ধাম। বিঘ্ন দূর হৈল কৈল পূর্ণ মনস্কাম॥ পরম্পর কত নর পাইয়া উপদেশ। সত্যপীরে সিন্নি দিয়া দূর কৈল ক্লেশ॥ কাষ্ঠ কেটে কষ্ট পেতো কাঠুরিয়াগণ। সিন্নি দিয়া সবে তারা পাইল নানাধন॥ কতজন ইসাদ রাখিয়া সিন্নি মানে। শুদ্ধভাবে কার্য্যসিদ্ধি হয় অল্প দিনে॥ মানিলেই যশ নহে বড় দৃঢ় কথা। পাসরণে পরিণামে অবশ্য বিতথা॥ সদানন্দ নামে এক ছিল সওদাগর। সপ্ত পুত্রবান্ সপ্ত তরীর ঈশ্বর॥ ধনে জনে মহাসাধু কন্যা নাহি ছিল। সত্যপীরে সিন্নি মেনে কন্যা তার হ'ল॥ সিন্নি দিতে পাসরিল সেই সদওদাগর। তার দুঃখ কহে রাম শুন সর্ব্ব নর॥ শুন লোক জন দেবে না করিহ হেলা। লভিতে আশ্রয় করি কল্পতরু তলা॥ বিষ্ণুশর্ম্মা উপাখ্যান শুনিলে সকল। উপস্থিত হইলে পূজা করস্থিত ফল॥ সিন্নি দিয়া দেখ গিয়া দ্বিধা থাকে যার। হাতে সাড়া পাবে বাড়া কি বলিব আর॥ কিন্তু যদি জন্তু হয় নির্ব্বিকল্প মনা। পূজ্য পূজকের ধর্ম্ম কার্য্যে বিঘ্ন নানা॥ আর সবিশেষ উপদেশ বলি শুন। বিস্মৃত না হও শেষে সিন্নি যদি মান॥ (সাধু শুভক্ষণে) কন্যার কারণে সত্যপীরে সিন্নি মেনে। পাসরি পেয়েছে

দুঃখ সদানন্দ বেণে॥ তার কন্যা চন্দ্রকলা পীর ব্রতে দাসী। ফেলেছিল প্রসাদ পেয়েছে দুঃখ রাশি॥ সংক্ষেপে সে সব কথা কহে রামেশ্বর। সদানন্দ দুঃখ ক্রমে শুন সর্ব্ব নর॥ সাধু শুভক্ষণে, কন্যার কারণে, সত্যপীরে সিন্নি মেনে। চন্দ্রকলা সুতা, পাত্র হয়ে দাতা, পীরে পাসরিল বেণে॥ দক্ষিণ সহরে, নৌকার ব্যাপারে, জামাতা সহিত গেলা। কলানিধি ভূপে, ভেটিয়া কৌতুকে, বিকিকিনি আরম্ভিলা॥ চামর চন্দন, আদি নানা ধন, বদলে রাজার সনে। তথা হৈল ভূষা, ভূপে দিয়া বাসা, পীরের দুঃখ উঠে মনে॥ সাধু সুতা পেলে, আমা পাসরিলে, প্রমাদে পাড়িব তারে। করিয়া মানন, যেন কোন জন, আর না এমন করে॥ স্বর চোর পীর, রোষে নৃপতির, কোষে করাইয়া চুরি। রাজধন লয়ে, রাতারাতি বয়ে, পূরিল সাধুর তরী॥ কোটাল বিহানে, রাজার তর্জ্জনে, চোরের চেষ্টায় ফিরে। নায়ে নৃপ ঢাল, দেখিয়া কোটাল, যুগল সাধুরে ধরে॥ মারিল বিস্তর, বান্ধিল সত্বর, অভ্রম ভূপের পাশে। গেল ভারিভুরি, লুট হৈল তরি, বন্দি হ'ল কর্ম্মদোষে॥ কত দিন গেল, বন্ধনে রহিল, অস্থিচর্ম্ম হৈল সার। কহে রামেশ্বর, এ ভবসাগর, সত্যপীর কর পার॥ ঘরে ঝুরে সাধুর যুবতী আর ঝি। সাধু লইয়া বিদেশে না জানি হৈল কি॥ চন্দ্রকলা বলে মা মরিব বিষ খেয়ে। অভাগিনী জীব আর কার মুখ চেয়ে॥ স্বামি-শোকে শরীর যৌবন হৈল কাল। বিরহে বিদরে বুক স্মর শরজাল। প্রত্যহ দুঃস্বপ্ন দেখি কত উঠে মনে। চিরদিন গেল দোঁহে মজিল পাটনে॥ মায়ে-ঝিয়ে গলাগলি কান্দে উভরায়। বিপ্রবাড়ী শীঘ্র খড়ি গণাইতে যায়॥ যেই দ্বিজপুত্র বার বৎসরের পরে। বিদেশে বিদ্বান্ হয়ে আসিয়াছে ঘরে॥ বালকের বিলম্বে বিরহিণী তার মাতা। পীরে সিন্নি মেনে পুত্র পেয়েছেন তা॥ হেনকালে চন্দ্রকলা গেল সেই স্থানে। ব্রত কথা শুনি সিন্নি খাইল সবা সনে॥ ব্রাহ্মণ বালকের আজ্ঞা চন্দ্রকলা পেয়ে। সত্যপীরে সিন্নি মানে শুদ্ধভাব হয়ে॥ কহে তাত সহ নাথ আনিয়ে দিবে ঘরে। সেই ক্ষণে সিন্নি আমি দিব সত্যপীরে॥ ব্রাহ্মণীরে ইসাদ রাখিয়া গেলা ঘরে। সদয় হইয়া পীর সাধুর উদ্ধারে॥ অর্দ্ধরাত্রি কালে হয় প্রচণ্ড ফকির। স্বপ্ন কহে বুকে বসি নৃপতি অস্থির॥ কাঁহারে কুট্‌নূগির্দ্দি মউত লাগা তেরা। ছোড় সদানন্দকী সেবক হয় মেরা॥ নহি চোর মারেগা রাখেগা কোন চাচা। ও লোকভি চোর হায় তোম্ লোকভি সাচা॥ তকসীর খাতিরে উস্কে পীর এত্তা কিয়া। এ নহিতো তেরা মাত্তা ও কাঁহেসে লিয়া॥ যাও তেহি লেত্তা মাত্তা যাও তেহি

লেত্তা। বেহানকো খালাস হয়েগা রাতকো চলে যাতা॥ তেরা ওস্কা গুণা নহি সবি গুণা মেরা। ছোড় সদানন্দকে সে চলে যাকা ডেরা॥ আউর এক হিসাবকো বাত কহি শুন। জেত্তা মাত্তা লেয়া তেস্কো দেগা দশগুণ॥ যাওত বেণিয়াকো তেঁই লুট নহি লেতা। বরাবর গিয়ে পিছে বার গুণভি হোতা॥ সাহা মহাজনকো দস্তুর কুছ বুঝে। থাড়া খাড়া দেলায়দে গুণা মাপকিয়ে তুঝে॥ বিহানকো খালাস করেগা কহে বেরবের। মেরা বাৎ না রাখেগা মারেগা আখের॥ এত করে অমঙ্গল দেখাইলা শেষে। রক্তবৃষ্টি উল্কাপাত অগ্নি লাগে দেশে॥ নিদ্রাগত চুলে ধরি বসাইল পীর। স্বস্থানে প্রস্থান কৈল নৃপতি অস্থির॥ ভয়ে ব্যগ্র হয়ে রাজা চৌদিক নেহালে। রাম রাম গোবিন্দ গোবিন্দ ঘন বলে॥ প্রভাতে সপুত্র পরিবার নরপতি। পড়িয়া সাধুর পায় করে স্তুতি নুতি॥ রচিল লক্ষ্মণাত্মজ দ্বিজ রামেশ্বর। সনাতনে শুদ্ধমতি শম্ভু সহোদর॥ * ॥

রাজা খালাস করিয়া দুইজনে। কলানিধি মহারাজা, করিল সাধুর পূজা, ঘোড়া দোলা বসন ভূষণে। পীরের হুকুম মত, দশগুণ পরিমিত, ধন দিলা আর দশ তরি॥ শ্বশুর জামাতা রঙ্গে, লোকজন লয়ে সঙ্গে, মহানন্দে কোলাহল করি॥ লোক বলে সাধু শিরোমণি। কুড়ি ডিঙ্গা পেয়ে সুখে, বেয়ে চলে ঘর মুখে, অবিশ্রান্ত দিবস রজনী॥ হেথা পীর ভাবেন অন্তরে। করিলাম হিত যত, না বুঝিল সাধু সুত, ভালমতে জানাইব তারে। ফকির শরীর হয়ে, সাধুর সমীপে গিয়ে, জিজ্ঞাসেন ক্যা লে যাও বাওয়া। আধা চিজ্ দেও মুঝে, পীরকা দোহাই তুঝে, করে যে বহুত কুছ দোয়া॥ পীরের বচন শুনে, পরিহাসে কহে বেণে, কেত্তা দিন ভেওহে ফকির। কামাই তো খুব দেখা, ওকুফভি নহি লেখা, কেরামত ক্যা কিও জাহির। এক কৌড়ি লেজা চলা, পীর বলে পায়ে উভদলা, ক্যা চিজ বাতাউ মুঝে। শুনি কহে কেয়া মাত্তা, সাধু কহে লতাপাত্তা, কেত্তা বাতাওঙ্গে তুঝে॥ কহে সাধুর জামাই, খাক লে-যাতেহঁা, তল্লাস মে তেরা কোন্ কাম। শুনে পীর মৌনে রয়, তৎক্ষণে তদ্রূপ হয়, দোঁহাতে যাহার নিল নাম॥ দেখে সাধু হৈল সর্ব্বনাশ। নায়ে হৈতে নেমে পড়ে, ফকিরের পায়ে পড়ে, রক্ষ রক্ষ বলে দুই দাস॥ কান্দে সাধু হইয়া কাতর। পীরে বুদ্ধি শুদ্ধি করে, দুজনে দুই পায়ে ধরে, স্তুতি নুতি করিল বিস্তর॥ পীর বলে এ তো নয়, তুমি সাধু মহাশয়, কেন ধর ফকীরের পায়। মর্য্যাদা হবেক খাট, কেহ পাছে দেখে উঠ, ছাড় পদ

চড় গিয়া নায়॥ কড়ার ভিখারী আমি, এই যে বলিলে তুমি, তবে কেন কর উপহাস। দূর দাগাবাজ বেণে কারে কি না দিলি মেনে, তেঁই তোর হৈল সর্ব্বনাশ॥ দৈব অবঘাত তোরে, কি করিতে বল মোরে, আপনার মন নহে ভাল। পীরের আজ্ঞায় রাজা, করিল তোমার পূজা, দশগুণ ধন পুনঃ দিল॥ ভাগ্যে ছিল চন্দ্রকলা, সে সিন্নি মানিল বালা, তেঁই তোর বাঁচিল জীবন। পীরের কৃপায় রঙ্গে, জামাতারে লয়ে সঙ্গে, ঘর মুখে ক'রেছ গমন॥ সে ঠেঁটি বেটির তরে, সিন্নি মেনে ছিলি পীরে, দিলি নাই কোন্ অহঙ্কারে। যা দোষ ক্ষমিলাম তোকে, ভাল যদি সাধ থাকে, সিন্নি দিয়া পূজ গিয়া পীরে॥ শুনি সাধু মোহ যায়, পূর্ব্বদ্রব্য হৈল নায়, ফিরে দেখে নাহিক ফকির। কহে দ্বিজ রামেশ্বর, সজামাতা সওদাগর, সিন্নি মেনে আনন্দে অস্থির॥ নায়ে চড়ি সাধু করে পীর জয়ধ্বনি। পবনে পবন তুল্য ত্বরায় তরণী॥ কুতূহলে জলে চলে পীর যার সখা। এড়াইয়া নানাদেশ দেশে দিল দেখা॥ নায়ে ছিল বাদ্যভাণ্ড তাতে দিল কাটি। কামানে পলিতা দিয়া কাঁপাইল মাটি॥ সাধু আইল দেশে ঘোষে যত নর নারী। সদানন্দ দূতে দ্রুত পাঠাইল পুরী॥ শুনে সমাচার সাধ্বী দূতে দিল ঘোড়া। দুয়ারে দুন্দুভি বাজে মহোৎসব যোড়া॥ হেনকালে চন্দ্রকলা পরম সাদরে। দ্রুত গিয়া সিন্নি দিয়া পূজা কৈল পীরে॥ তরণী উথিতে তরুণীর হৈল ত্বরা। খেতে ছিল প্রসাদ ফেলে অগ্রসরা॥ পতি প্রতি সতী ধায় পিছে ধায় মা। গায়ের গরবে ভূমে নাহি পড়ে পা॥ প্রসাদ ফেলে ছিল তাতে পীরের পূর্ণ কোপ। দর্পচূর্ণ অবলার অহঙ্কার লোপ॥ সদ্য দিল প্রতিফল দেখে গিয়া সতী। বাপ বন্ধু কান্দে ঘাটে ডুবে মলো পতি॥ হায় হায় কি হল কি হল লোকে বলে। মায়ে ঝিয়ে মূর্চ্ছাগত পড়ে ভূমি-তলে॥ মুখে জল দিয়া কেহ করিল চেতন। কহে রামেশ্বর কন্যা করেন রোদন॥ ধরিয়া মায়ের গলা, কান্দে কন্যা চন্দ্রকলা, স্বামী-শোকে হইয়া কাতর। ম্লান হৈল মুখশশী, মনোরমা চন্দ্রকেশী, না সম্বরে অঙ্গের অম্বর॥ হাহাকার মনদুঃখে, চাপড় মারিছে বুকে, সুকপালে কঙ্কণ আঘাত। ধৈরয ধরিতে নারে, কান্দে কহে কলস্বরে, কোথাকারে গেলে প্রাণনাথ॥ প্রভু এঁকবার দরশন দাও। না দেখিয়া তুয়া মুখ, বিদরিয়া যায় বুক, অভাগীরে সঙ্গে লও॥ দেশে আইলে বহুদিনে, বড় সাধ ছিল মনে, আঁখি ভরি দেখিব তোমারে। তাহাতে হাতের নিধি, হরিল দারুণ বিধি,

বড় খেদ রহিল অন্তরে ॥ মদন মরণে যেন, রতির বিলাপ হেন, কান্দে কন্যা করিয়া বিলাপ। মায়ের বিদরে বুক, বাপে দশগুণ দুঃখ, ইতরে সবার মনস্তাপ ॥ অশ্রুমুখে কর যুড়ি, বিষম সঙ্কটে পড়ি, মনে ভাবে পীরের চরণ। করিল অনেক স্তুতি, না হইল অবগতি, মরিতে চলিল তিনজন ॥ ঝাঁপ দিতে যায় জলে, পীর আসি হেনকালে, বৃদ্ধ বিপ্রবেশে তারে কয়। বলি সাধু শুন সতি, তোমার দুহিতা পতি, মরে নাই মোর মনে লয় ॥ আমি জ্যোতির্ব্বিদ বড়, গণে পড়ে কই দড়, এই কর্ম্মে পাকাইলাম দাড়ি। তোমার জামাই বটে, ডুবিয়াছে এই ঘাটে, দেবদ্বারে দেখি বড় ডরি ॥ এই যে তোমার কন্যা, রূপে গুণে এক ধন্যা, বয়োধর্ম্মে বুদ্ধি নহে ভাল। পীরের প্রসাদ ফেলে ভূমে, ছুটে এল গর্ব্ব মনে, সেই অপরাধে এত হ'ল ॥ তখন শুনিয়া সাধু কন্যা পানে চায়। চন্দ্রকলা বলে বটে, বাপে ঝিয়ে করপুটে, কান্দে পড়ে ব্রাহ্মণের পায় ॥ বিপ্র বলে যাও যাও, সেই সিন্নি খুঁজে খাও, পতি পাবে না কান্দ সুন্দরী ॥ শুনে ধনি ধায় তথা, খুঁজে পাইল সিন্নি তথা, ভেসে উঠে পতি সহ তরী। দেখিয়া বিস্ময় লোক, ঘুচিল দারুণ শোক, খুঁজে সাধু দ্বিজ নাই কাছে ॥ বুঝে মায়া সদানন্দ, ভাবে পীর পদদ্বন্দ্ব, আনন্দে গদগদ হয়ে নাচে ॥ মায়ে ঝিয়ে চন্দ্রকলা, ডিঙ্গা মঙ্গলিতে গেলা, আগে পিছে শত সীমন্তিনী। আনন্দে নাহিক ওর, শঙ্খ ঘণ্টা ঘন ঘোর, হুলাহুলি জয় জয় ধ্বনি ॥ শ্বশুর জামাতা রঙ্গে, ইষ্ট মিত্র করি সঙ্গে, শুভক্ষণে প্রবেশিল ঘর। বাণিজ্যের সজ্জা যত, সাধুর ভাণ্ডারে দ্রুত, বহে যত নায়ের নফর ॥ সাধু সওয়া সহস্রের, সিন্নি আনি দ্রুততর, পূজিলেন পীরের চরণ। পূর্ণ হইল মনোরথ, পীর প্রতি সাধু সুত, খৈরাত করিল নানাধন ॥ দেখনিয়া লোক যত, সাধু সঙ্গে অবিরত, সবে পূজে পারের কদম। শত্রু তুল্য ধনে জনে, বাড়িলেক অল্পদিনে, পরলোকে জিনিলেক যম ॥ এ কথা শ্রবণ কালে, যেবা অন্য কথা বলে, আর যেবা করে উপহাস। লাঞ্ছিত সে সর্ব্ব ঠাঁই, তাহার নিষ্কৃতি নাই, অকস্মাৎ হয় সর্ব্বনাশ ॥ সিন্নি দিলে শুদ্ধভাবে, শুনিলে বাঞ্ছিত লভে, পুত্র দারা অর্থ ঘোড়া দোলা। কহে দ্বিজ রামেশ্বর, বুঝে কার্য্য কর নর, শুন প্রভুর অষ্টমঙ্গলা॥ কলির প্রথম তত্ত্ব ফকিরত্ব কায়া। দ্বিতীয়ে দরিদ্র দ্বিজে দিলে পদছায়া॥ তৃতীয়ে ত্রিবিধ লোকে করিলে নিস্তার। চতুর্থে উৎকট কষ্ট নষ্ট কাঠুরার॥ কন্যা জন্য মাননে পঞ্চমে পরাৎপর। সদানন্দ সাধুরে সংকটে দিলে বর॥ পাসরণে প্রতিফল বন্ধন বিদেশে। ষষ্ঠে তুষ্ট হয়ে কষ্ট দূর

কৈলা শেষে॥ সপ্তমে সাধুর সনে পথে দরশন। অষ্টমে অবলার অহঙ্কার বিমোচন॥ কত ঠাঁই ঠাকুরালী করিয়া প্রচুর। দরিদ্রের দুঃখ ক্লেশ কত কৈলা দূর॥ পুত্রার্থীরে পুত্র দিলে ধনার্থীরে ধন। দারার্থী সদাই সেবে তোমার চরণ॥ তোমারে যে পূজে তার চতুর্ব্বর্গ আগে। কুবুদ্ধি বন্ধনে মুক্ত রোগী মুক্ত রোগে॥ শুদ্ধভাবে শুনে যে তোমার উপাখ্যান। কত শত পাপে পাপী পায় পরিত্রাণ॥ এমন মহত্ত্ব প্রভু মহিমাসাগর। কি বলিতে জানি আমি তুচ্ছ বুদ্ধি নর॥ আপনি রচিলা প্রভু আপন কীর্ত্তন। মোর দোষ ক্ষম নাথ চরণে শরণ॥ নায়কে সন্তুষ্ট হও গায়কে সুস্বর। আসল সহিত সত্যপীর দেবে বর॥ গ্রন্থ সাঙ্গ হৈল বিরচিল দ্বিজ রাম। সবে হরিধ্বনি করি মজুরা প্রণাম॥ পীঠ ভাগ পাঠক পূজকে আর দেনা। যতেকের সিন্নি তার চৌথাই দক্ষিণা॥ পুস্তক পড়িতে দিবে পণ্ডিতের ঠাঁই। গবা গুলা গ্রন্থ যেন গোগরায় নাই॥ ভব্য ভাব্য হইলে কাব্য ছাপে নাই তাকে। বসন্ত কোকিল যেন বুকে বসে ডাকে॥

ইতি রামেশ্বরী-সত্যনারায়ণ-ব্রত-কথা সমাপ্তা।

ভ্রাতৃদ্বিতীয়া।

কার্ত্তিক মাসের শুক্লা দ্বিতীয়াতে এই ব্রত করিতে হয়। ভ্রাতৃগণের মঙ্গল কামনায় ভগিনীরা এই ব্রত করিবে। এই ব্রত করিলে ভ্রাতা দীর্ঘায়ু ও সুখ-সৌভাগ্যশালী হইয়া থাকে।

ভগিনী সংযত ও উপবাসী থাকিয়া প্রথমতঃ পুরোহিত দ্বারা যথানিয়মে সংকল্পাদি করত: গণেশাদি-দেবতা পুজান্ত কর্ম্ম করাইয়া যম, যমুনা ও চিত্রগুপ্তের পূজা করাইবে।

পরে ভ্রাতার ললাটে ঘৃত চন্দন ও কজ্জল দ্বারা তিলকদানপূর্ব্বক নানাবিধ গন্ধ মাল্যালঙ্কারে ভ্রাতাকে ভূষিত করতঃ দুধ কলা প্রভৃতির দ্বারা চরু প্রস্তুত করিয়া নিম্নলিখিত মন্ত্র পাঠ করিয়া ভ্রাতার হস্তে ঢালিয়া দিবে। ভ্রাতা উহা ভোজন করিবে। এইরূপে তিনবার মন্ত্র পাঠ করিয়া তিন গ্রাস চরু ভোজন করাইবে, মন্ত্র যথা,—

"ভ্রাতস্তবানুজাতাহং ভুঙ্ক্ষ্ব, ভক্তমিদং শুভম্। প্রীতয়ে যমরাজস্য যমুনায়া বিশেষতঃ॥"

জ্যেষ্ঠা ভগিনী "ভ্রাতস্তবানুজাতাহং" স্থলে "ভ্রাতস্তবাগ্রজাতাহং" বলিবে।

চরু ভোজন করা হইলে ভ্রাতাকে ছয় রস যুক্ত চর্ব্ব্য চূষ্য লেহ্য পেয় এই চতুর্ব্বিধ অন্ন ভোজন করাইতে হয়।

কোন কোন দেশে পূর্ব্বদিনই পূর্ব্বাহ্নে সন্ধ্যার পূর্ব্বে বা পরে, কোথাও বা শ্রীশ্রীশ্যামাদেবী বিসর্জ্জনের পরই তিলক দানের প্রথা আছে। কিন্তু চরু দান সর্ব্বত্রই পরদিন প্রচলিত।

সুবচনী-ব্রত।

প্রাঙ্গণে চতুষ্কোণ ক্ষুদ্র পুকুর কাটিয়া আলপনা দিবে এবং যোড়া যোড়া হংস ও খোঁড়া হাঁস আঁকাইবে, দুগ্ধ ও জল দ্বারা সেই পুকুর পূর্ণ করিবে।

আচমনান্তে স্বস্তিবাচন করিয়া সংকল্প করিবে; "অদ্যেত্যাদি—অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রা শ্রীঅমুকী দেবী (বা দাসী) সর্ব্বাপচ্ছান্তিপূর্ব্বকসুবচনীদুর্গা-পূজনব্রতমহং করিষ্যে।"

অনন্তর সংকল্পসূক্ত পাঠ করিয়া, ঘটস্থাপনপূর্ব্বক গণেশাদি দেবতাগণের পূজা করিয়া করন্যাস, অঙ্গন্যাস, ভূতশুদ্ধি ও মাতৃকান্যাসাদি করিয়া ধ্যান পাঠপূর্ব্বক যথাবিহিত উপচারে পূজা করিবে।

সুবচনী-ধ্যান।—ওঁ রক্তাঙ্গী চ চতুর্ম্মুখী ত্রিনয়না রক্তাম্বরালঙ্কৃতা পীনোত্তুঙ্গকুচা দুকূলবসনা হংসাধিরূঢ়া পরা। ব্রহ্মানন্দময়ী কমণ্ডলুকরাভীতি-প্রদানোৎসুকা, ধ্যেয়া সা শুভকারিণী সুবচনী সর্ব্বাপদুদ্ধারিণী। এই ধ্যান বা "ধ্যায়েৎ সুবচনীং" ইত্যাদি (১ম খণ্ড ৫৪ পৃঃ দেখ) কিম্বা "ওঁ কালাভ্রাভাং" ইত্যাদি ধ্যান করিবে।

পূজান্তে দক্ষিণান্ত করিয়া তৈল হরিদ্রা খৈ মুড়কী প্রভৃতি দেবীকে নিবেদন করিয়া সধবা স্ত্রীগণকে বিতরণ করিয়া দিবে।

অথ-কথা।—কলিঙ্গদেশের অধিপতির অনেকগুলি হাঁস ছিল, তার মধ্যে এক খোঁড়া হাঁস ছিল, রাজা সেই খোঁড়া হাঁসটীকে অত্যন্ত ভাল বাসিতেন।

রাজবাড়ীর নিকটে স্বামিহীনা এক ব্রাহ্মণী একটী বালক পুত্র লইয়া বাস করিত। ব্রাহ্মণী ভিক্ষাদি করিয়া দিন যাপন করিত। পুত্রটী পাঠশালে আর পাঁচ ছেলের সঙ্গে লেখা পড়া করিত। অন্যান্য বালকেরা উত্তম উত্তম খাবার খায়, তাই দেখে ব্রাহ্মণীর পুত্রেরও তা খেতে সাধ গেল,

মার কাছে গিয়ে বল্লে "মা! সবাই ভাল ভাল খাবার খায়, আমিও খাবার খাব। আমার বড় মাংস খেতে ইচ্ছা হয়েছে।" ব্রাহ্মণী উত্তর ক'ল্লেন, "তুমি বড় কাঙ্গালিনীর ছেলে, তুমি খাবার কোথায় পাবে বাবা—বড় হও,— রোজগার কর, তারপরে খেও।" বালক আর কোন কথা কহিল না— চলিয়া গেল।

সেই দিন সন্ধ্যার সময় রাজার হাঁসের পাল নিয়ে হাঁসপালেরা রাজবাড়ী চলিয়া গেল, কেবল খোঁড়া হাঁসটী বেশী হাঁটিতে না পারায় পাছে প'ড়ে গিয়েছিল—ব্রাহ্মণবালক তাই দেখে খোঁড়া হাঁসকে ধরে আছাড় দিয়ে মেরে ফেলে কাপড়ের মধ্যে লুকিয়ে নিয়ে মার কাছে গিয়ে উপস্থিত হ'য়ে ব'ল্লে "আমি হাঁসটী নিয়ে এসেছি মাংস খাব—আমায় রেঁধে দাও।" রাজার খোঁড়া হাঁস দেখে ব্রাহ্মণীর মাথায় আকাশ ভেঙ্গে পড়িল, পুত্রের অমঙ্গল আশঙ্কায় তিনি অনেক দুঃখ, অনেক হা হুতাশ ক'রে শেষে পাখাচোখা গুলি পাঁসগাদায় পুঁতে রেখে পুত্রকে মাংস রেঁধে খাওয়ালেন।

এদিকে রাজা—তাঁর সকল হাঁস ফিরে এল, খোঁড়া হাঁস আসিল না দেখে মহা চিন্তিত ও রাগান্বিত হ'য়ে হাঁস-রক্ষকদের গালাগালি দিতে লাগিলেন এবং ব'ল্লেন, যেখানে হাঁস পাবি এখনি আন্‌বি—কোতোয়ালগণকে ডেকে আদেশ দিলেন, যে হাঁস ধরেছে, তাকে ধ'রে এনে বুকে পাষাণ দিয়ে কয়েদ কর।

সকলে নগরময় হাঁস খুঁজে পায় না, তারপর সেই ব্রাহ্মণীর পাঁসগাদায় খোঁড়া হাঁসের পাখা দেখ্‌তে পেয়ে ব্রাহ্মণ-বালককে ধ'রে রাজার কাছে আন্‌লে। রাজা হুকুম দিলেন, ওর বুকে পাষাণ চাপা দিয়ে কয়েদ কর। তাই করা হল। ব্রাহ্মণী পুত্রের দুর্দ্দশার কথা শুনে, না খেয়ে না দেয়ে কান্তে লাগ্‌লেন। তখন পাড়ার পাঁচ মেয়ে উপস্থিত হ'য়ে কেউ বল্লে রাজার কাছে কেঁদে ছেলের মুক্তির জন্য ধরগে, কেউ বল্লে যে দুষ্ট রাজা তা হবে না।—সুবচনী-ব্রত কর—হারা ছেলে পুনরায় পাবে। এই ব্রত ক'ল্লে হারা ছেলে পাওয়া যায়, ওর পুকুরের জল দিলে মরা ছেলে আবার বাঁচে—অবিবাহিতার বিবাহ হয়, নির্ধনী ধন পায়। ব্রাহ্মণী তাই শুনে সুবচনী-ব্রত ক'ল্লেন, পুকুরের জল নিয়ে যেখানে খোঁড়া হাঁসের হাড় গোড় ছিল, তার উপর ছিটাইয়া দিলেন। মরা হাঁস বেঁচে উঠ্‌লো, সে রাজবাড়ী চলে গেল। রাজা তাই দেখে আশ্চর্য্যান্বিত হ'লেন।

রাত্রে ঘুম ঘোরে রাজা স্বপ্ন দেখিলেন,—সুবচনী মাতা তাঁর শিয়রে গিয়ে ব'ল্লেন হাঁস খেয়েছে ব'লে যে ব্রাহ্মণ-বালককে ধ'রে কয়েদ করেছ, তাকে ছেড়ে দেবে আর তোমার মেয়ের সঙ্গে বিয়ে দেবে—অর্দ্ধেক রাজত্ব দেবে। না দিলে তুমি সবংশে মরিবে।

রাজা ঘুম ভেঙ্গে উঠে তাই ক'ল্লেন। ব্রাহ্মণ-বালককে মুক্ত কল্লেন,—তার পর শুভদিন দেখে কন্যার সঙ্গে বিয়ে দিলেন, অর্দ্ধেক রাজত্ব দিলেন।

ছেলে বধূ নিয়ে, বাজি বাজনা ক'রে বাড়ী চল্লেন। ব্রাহ্মণী তখনও ছেলের শোকে কাতরা—তিনি দাওয়ায় পড়ে কাঁদ্‌ছিলেন। পাড়ার পাঁচ মেয়ে ছুটে গেল, কেউ ব'ল্লে ওঠ্ মা, তোর ছেলে রাজার মেয়ে বিয়ে ক'রে বাড়ী আস্‌ছে—কেউ বল্লে অর্দ্ধেক রাজত্ব পেয়েছে। ব্রাহ্মণী আগে বিশ্বাসই করেন না—শেষে দেখলেন, সত্য।

ছেলে বৌ বরণ ক'রে ঘরে তুলে নিলেন, তার পর পাঁচ মেয়ে নিয়ে সুবচনী পূজা ক'ল্লেন,—পাঁচ মেয়েকে পান সুপারি ও খৈ মুড়কী দিলেন।—এ কথা যে শোনে, যে বলে তার শুভ হয়, সুবচনী মাতা তা-দিগকে সুখে রাখেন।

সুবচনী-ব্রত কথাটী সম্পূর্ণ যোষিৎ-প্রচলিত। ইহার মূল পাওয়া যায় না। স্ত্রীলোকেরা যেমন বলেন তেমনই লেখা হইল। পুরোহিত-দর্পণে ইহা না লিখিলেও চলিতে পারিত, কিন্তু অনেকে বলিলেন, যাহা যাহা চলিত আছে, আর দুদিন পরে থাকিবে না,—লিখিয়া রাখা ভাল।

বৈদ্যনাথ-পূজা।

আচমনপূর্ব্বক স্বস্তিবাচন করতঃ "ওঁ সূর্য্যঃ সোমঃ" ইত্যাদি মন্ত্র পাঠ করিয়া সঙ্কল্প করিবে,—যথা—ওঁ তৎসৎ অদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা শ্রীবৈদ্যনাথপ্রীতিকামনয়া গণ-পত্যাদিদেবতাপূজাপূর্ব্বকশ্রীপার্ব্বতীসহিত শ্রীবৈদ্যনাথপূজা-ছাগপশু-বলিদান-কর্ম্মাহং করিষ্যামি।

পরে ঘটস্থাপন (১ম খণ্ড, ২৭—৩০ পৃঃ দেখ) করিয়া গণেশ, শিবাদি পঞ্চদেবতা, আদিত্যাদি নবগ্রহ, ইন্দ্রাদি দশদিক্‌পাল ও মৎস্যাদি দশ অবতারের পূজা করিয়া প্রাণায়াম ও গুরুপঙ্‌ক্তি নমস্কার করিবে।

পরে বামে "ওঁ গুরুভ্যো নমঃ" এই ক্রমে—দক্ষিণে গণেশায়, বাহুমূলে

ধর্ম্মায়, জ্ঞানায়, ঊরুযুগলে, বৈরাগ্যায়, ঐশ্বর্য্যায়, মুখে অধর্ম্মায়, নাভিতে অবৈরাগ্যায়, উভয় পার্শ্বে অনৈশ্বর্য্যায়, অজ্ঞানায়, হৃদয়ে অনন্তায়, পদ্মায়, অং অর্কমণ্ডলায়, উং সোমমণ্ডলায়, মং বহ্নিমণ্ডলায়, সং সত্বায় রং রজসে, তং তমসে, আং আত্মনে, পং পরমাত্মনে, হ্রীঁ জ্ঞানাত্মনে।

এই ন্যাস করিয়া ভূতশুদ্ধি, মাতৃকান্যাস, ব্যাপকন্যাস, প্রাণায়াম পীঠন্যাস (৩২—৩৯ পৃঃ দেখ) করিবে।

তারপর "বাং হৃদয়ায় নমঃ" এই ক্রমে অঙ্গন্যাস করন্যাসপূর্ব্বক ধ্যান করিবে। যথা,—

ওঁ কোটিচন্দ্রপ্রতীকাশং ত্রিনেত্রং চন্দ্রভূষণম্। আপিঙ্গলজটাজূটং রত্ন-মৌলিবিরাজিতম্॥ নীলগ্রীবমুদারাংসং নাগহারোপভূষিতম্। বরদাভয়-হস্তঞ্চ হরিণঞ্চ পরশ্বধম্। দধানং নাগবলয়ং কেয়ূরাঙ্গদশোভিতম্। ব্যাঘ্র-চর্ম্মপরীধানং রত্নসিংহাসনস্থিতম্।

এইরূপ ধ্যানান্তে স্বীয় মস্তকে পুষ্প-প্রদানপূর্ব্বক আবাহন, প্রাণপ্রতিষ্ঠা মানসোপচারে পূজা করিয়া বিশেষার্ঘ্য স্থাপন (১ম খণ্ড, ৪২ পৃঃ দেখ) করতঃ পুনরায় অঙ্গন্যাস করন্যাস করিয়া পীঠন্যাসক্রমে পীঠপূজা করতঃ "ওঁ বৈদ্য-নাথায় নমঃ" এই মন্ত্রে ষোড়শ উপচারে পূজা করিয়া বৈদ্যনাথের বামভাগে দেবীকে ভাবনা করতঃ "হ্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ" এই ক্রমে করন্যাস অঙ্গন্যাস করিয়া দেবীর ধ্যান করিবে। যথা—

"ওঁ ভাস্বজ্জবাপ্রসূনাভামুদয়ার্কসমপ্রভাম্। বিদ্যুৎপুঞ্জনিভাং তন্বীং মনো-নয়ননন্দিনীম্॥ বালেন্দুশেখরাং স্নিগ্ধাং নীলকুঞ্চিতমূর্দ্ধজাম্। ভ্রূভঙ্গভঙ্গিরুচিরাং লীলালকবিরাজিতাম্॥ মণিকুণ্ডলবিদ্যোত-মুখমণ্ডলবিভ্রমাম্। নবকুঙ্কুমপত্রাঙ্ক-কপোলতলরঞ্জিনীম্॥ মধুরস্মিতবিভ্রাজদরুণাধরপল্লবাম্। কম্বুকণ্ঠীং শিবামুস্ত-দ্ধেম-কাঞ্চীগুণান্বিতাম্। রত্নসিংহাসনারূঢ়াং সর্পরাজপরিচ্ছদাম্॥"

এইরূপ ধ্যানান্তে হস্তস্থিত পুষ্প স্বকীয় মস্তকে দিয়া মানসোপচারে পূজা ও বিশেষার্ঘ্য স্থাপন করিয়া পীঠন্যাসক্রমে পীঠপূজা করিয়া পুনরায় করন্যাস ও অঙ্গন্যাসপূর্ব্বক দেবীর ধ্যান করিয়া "হ্রীং পার্ব্বত্যৈ নমঃ" এই মন্ত্রে ষোড়শ উপচারে দেবীর পূজা করিবে। পরে—

"ওঁ গণেশায় নমঃ" এই ক্রমে—ভাস্করায়, কেশবায়, কৌশিক্যৈ, আদিত্যাদি নবগ্রহেভ্যঃ, ইন্দ্রাদিদশদিক্‌পালেভ্যঃ, নন্দীশ্বরায়, ঈশানায়। পূজা করিবে।

তারপর প্রাণায়াম ও অঙ্গন্যাসাদি করিয়া মূলমন্ত্র যথাশক্তি জপ করিয়া

জপসমর্পণপূর্ব্বক নমস্কার করিয়া প্রার্থনা করিবে। যথা—ওঁ ঋণপাতক-দৌর্ভাগ্য-দারিদ্র্য-বিনিবৃত্তয়ে। অশেষাঘবিনাশায় প্রসীদ মম শঙ্কর। গৃহাণ ভব পার্ব্বত্যা সহ পূজাং ময়া কৃতাম্।

তারপর বলিদান দিবে। যথা—সুলক্ষণ ছাগপশু দেবতার সম্মুখে আনয়ন করতঃ অর্ঘ্যোদক দ্বারা মূলমন্ত্রে প্রোক্ষণ করিয়া ধেনুমুদ্রা দ্বারা অমৃতীকরণ করিয়া নিম্নোক্ত মন্ত্র পাঠপূর্ব্বক শৃঙ্গে ও ললাটে সিন্দূর দিবে। মন্ত্র যথা,—

"ওঁ জবাকুসুমসঙ্কাশে সূর্য্যকোটিসমপ্রভে। সিন্দূরকজ্জলাদীনি গৃহ্ণ গৃহ্ণ যথাসুখম্॥" পরে গন্ধপুষ্প ও অক্ষতদ্বারা পশুর পূজা করিবে এবং পশুর কর্ণে গায়ত্রী পাঠ করিবে। যথা,—

"ওঁ পশুপাশায় বিদ্মহে বিশ্বকর্ম্মণে ধীমহি। তন্নো জীবঃ প্রচোদয়াৎ॥" তারপর পশুর গাত্রে ভৈরবন্যাস করিবে। যথা,—

মস্তকে ক্ষ্রৌঁ অসিতাঙ্গ-ভৈরবায় নমঃ। মুখে ক্ষ্রৌঁ রুরু-ভৈরবায় নমঃ। হৃদয়ে ক্ষ্রৌঁ চণ্ডভৈরবায় নমঃ। নাভিতে ক্ষ্রৌঁ ক্রোধ-ভৈরবায় নমঃ। দক্ষিণপদে ক্ষ্রৌঁ উন্মত্ত-ভৈরবায় নমঃ। বামপদে ক্ষ্রৌঁ কপালি-ভৈরবায় নমঃ। পৃষ্ঠে ক্ষ্রৌঁ ভীষণ-ভৈরবায় নমঃ। গলে ক্ষ্রৌঁ সংহার-ভৈরবায় নমঃ।

অতঃপর তিল কুশ জল হস্তে লইয়া সঙ্কল্পবাক্য করিবে। যথা—

"ওঁ তৎসৎ অদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ শ্রীবৈদ্যনাথস্য দশবর্ষাবচ্ছিন্ন-তৃপ্তিকামনয়া ইমং পশুং শ্রীবৈদ্যনাথায় তুভ্যমহং সম্প্রদদানি"। এইরূপ বাক্য করিয়া পশু উৎসর্গ করিবে। পরে পাঠ করিবে—

"ওঁ যজ্ঞার্থে পশবঃ সৃষ্টা যজ্ঞার্থে পশুঘাতনম্। অতস্ত্বাং ঘাতয়িষ্যামি তস্মাদ্ যজ্ঞে বধোঽবধঃ"॥

তারপর খড়্গ পূজা করিবে। যথা—খড়্গের মূল, মধ্য ও অগ্রভাগে সিন্দুর দ্বারা তিনটী বর্ত্তুলাকার অঙ্কিত করিয়া অগ্রভাগে "হ্রীং" মধ্যে "হূঁ" মূলে "হ্রীং" লিখিয়া ধ্যান করিবে। যথা—

"ওঁ কৃষ্ণং পিনাকপাণিঞ্চ কালরাত্রিস্বরূপিণম্। উগ্রং রক্তাস্যনয়নং রক্ত-মাল্যানুলেপনম্॥ রক্তাম্বরধরঞ্চৈব পাশহস্তং কুটুম্বিনম্। পিবমানঞ্চ রুধিরং ভুঞ্জানং ক্রব্যসংহতিম্॥"

এইরূপ ধ্যান করিয়া পাদ্যাদি দ্বারা "কালি কালি বজ্রেশ্বরি লৌহদণ্ডায়

খড়্গায় নমঃ। এই মন্ত্রে খড়্গের পূজা করিয়া খড়্গের অগ্রভাগে পূজা করিবে,—"হূঁ ব্রহ্ম-বাগীশ্বরীভ্যাং নমঃ।" মধ্যে "হূঁ লক্ষ্মীনারায়ণাভ্যাং নমঃ।" মূলে—হূঁ উমামহেশ্বরাভ্যাং নমঃ।" "ওঁ ব্রহ্ম-বিষ্ণু-শিব-শক্তিযুক্তায় খড়্গায় নমঃ।" গন্ধপুষ্প দ্বারা এই পূজা করিয়া প্রার্থনা করিবে। যথা,—

"ওঁ খড়্গায় খরশাণায় শক্তিকার্য্যার্থ-তৎপর। পশুশ্ছেদ্যস্ত্বয়া শীঘ্রং খড়্গ-নাথ নমোঽস্তু তে॥"

তারপর "ওঁ ঐং হ্রীং শ্রীং ইমং পশুং মহামোক্ষং কুরু কুরু গৃহ্ণ স্বাহা" বলিয়া সমর্পণ করিবে। পরে "ওঁ যথোক্তেন বিধানেন তুভ্যমস্তু সমর্পিতম্" বলিয়া পশুসমর্পণ করিয়া ছেদন করিবে।

পরে পশুর ছিন্ন শিরের উপর ঘৃতাক্ত বর্ত্তিকা জ্বালিয়া "ওঁ অদ্যেত্যাদি শ্রীবৈদ্যনাথস্য দশবর্ষাবচ্ছিন্নতৃপ্তিকামনয়া ইমং সমাংস-সপ্রদীপ-ছাগশিরোবলিং শ্রীবৈদ্যনাথায় তুভ্যমহং সম্প্রদদানি।" এইরূপ বাক্য করিয়া শির উৎসর্গ করিবে।

পরে রুধির পাঁচভাগে বিভক্ত করিয়া পূর্ব্বোক্ত অসিতাঙ্গ প্রভৃতি ভৈরব-দিগকে নিবেদন করিয়া দিবে। তারপর দক্ষিণা ও অচ্ছিদ্রাবধারণাদি করিবে।

বৈদ্যনাথ-পূজা সমাপ্ত।

সূর্য্যস্তব।

বশিষ্ঠ উবাচ। স্তবংস্তত্র ততঃ শাম্বঃ কৃশো ধমনিসন্ততঃ। রাজন্নাম-সহস্রেণ সহস্রাংশুং দিবাকরম্॥ খিদ্যমানন্তু তং দৃষ্ট্বা সূর্য্যঃ কৃষ্ণাত্মজং তদা। স্বপ্নে তু দর্শনং দত্ত্বা পুনর্ব্বচনমব্রবীৎ॥ শ্রীসূর্য্য উবাচ। শাম্ব শাম্ব মহাবাহো শৃণু জাম্ববতীসুত। অলং নামসহস্রেণ পঠস্বেমং স্তবং শুভম্॥ যানি নামানি গুহ্যানি পবিত্রাণি শুভানি চ। তানি তে কীর্ত্তয়িষ্যামি শ্রুত্বা বৎসাবধারয়॥ ওঁ বিকর্ত্তনো বিবস্বাংশ্চ মার্ত্তণ্ডো ভাস্করো রবিঃ। লোক-প্রকাশকঃ শ্রীমাল্লোঁক-চক্ষুর্গ্রহেশ্বরঃ॥ লোকসাক্ষী ত্রিলোকেশঃ কর্ত্তা হর্ত্তা তমিস্রহা। তপনস্তাপন-শ্চৈব শুচিঃ সপ্তাশ্ববাহনঃ॥ গভস্তিহস্তো ব্রহ্মা চ সর্ব্বদেবনমস্কৃতঃ। এক-বিংশতিরিত্যেষ স্তব ইষ্টঃ সদা মম॥ শ্রীরারোগ্যকরশ্চৈব ধনবৃদ্ধির্যশস্করঃ। স্তবরাজ ইতি খ্যাতস্ত্রিষু লোকেষু বিশ্রুতঃ॥ য এতেন মহাবাহো দ্বে সন্ধ্যে-হস্তমনোদয়ে। স্তৌতি মাং প্রণতো ভূত্বা সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে॥ কায়িকং বাচিকঞ্চৈব মানসং যচ্চ দুষ্কৃতম্। একজপ্যেন তৎ সর্ব্বং প্রণশ্যতি মামগ্রতঃ॥

এষ জপ্যশ্চ হোমশ্চ সন্ধ্যোপাসনমেব চ। বলিমন্ত্রোহর্ঘ্যমন্ত্রশ্চ ধূপমন্ত্রস্তথৈব চ॥ অন্নপ্রদানে স্নানে চ প্রণিপাতে প্রদক্ষিণে। পূজিতোঽয়ং মহামন্ত্রঃ সর্ব্বপাপ-হরঃ শুভঃ॥ এবমুক্ত্বা তু ভগবান্ ভাস্করো জগদীশ্বরঃ। আমন্ত্র্য কৃষ্ণতনয়ং তত্রৈবান্তরধীয়ত॥ শাম্বোঽপি স্তবরাজেন স্তুত্বা সপ্তাশ্ববাহনম্। পূতাত্মা নীরুজঃ শ্রীমাংস্তস্মাদ্রোগাদ্বিমুক্তবান্॥

ইতি শাম্বপুরাণে রোগাপনয়নে শ্রীসূর্য্যবক্ত্র-বিনির্গত—
শ্রীসূর্য্যস্তবরাজঃ সমাপ্তঃ।

গ্রহকবচ।

সূর্য্য-কবচ।

শ্রীসূর্য্য উবাচ। শাম্ব শাম্ব মহাবাহো শৃণু মে কবচং শুভম্। ত্রৈলোক্য-মঙ্গলং নাম কবচং পরমাদ্ভুতম্॥ যজ্জ্ঞাত্বা মন্ত্রবিৎ সম্যক্ ফলমাপ্নোতি নিশ্চিতম্। যদ্ধৃত্বা চ মহাদেবো গণানামধিপোঽভবৎ॥ পঠনাদ্ধারণাদ্ বিষ্ণুঃ সর্ব্বেষাং পালকঃ সদা। এবমিন্দ্রাদয়ঃ সর্ব্বে সর্ব্বৈশ্বর্য্যমবাপ্নুয়ুঃ॥ কবচস্য ঋষির্ব্রহ্মা ছন্দোঽনুষ্টুবুদাহৃতম্। শ্রীসূর্য্যো দেবতা চাত্র সর্ব্বদেবনমস্কৃতঃ॥ যশ আরোগ্যমোক্ষেষু বিনিয়োগঃ প্রকীর্ত্তিতঃ। প্রণবো মে শিরঃ পাতু ঘৃণির্মে পাতু ভালকম্॥ সূর্য্যোঽব্যান্নয়নদ্বন্দ্বমাদিত্যঃ কর্ণযুগ্মকম্। অষ্টাক্ষরো মহামন্ত্রঃ সর্ব্বাভীষ্ট-ফলপ্রদঃ॥ হ্রাং বীজং মে মুখং পাতু হৃদয়ং ভুবনেশ্বরী॥ চন্দ্রবীজং বিসর্গাঢ্যং পাতু মে গুহ্যদেশকম্॥ ত্র্যক্ষরোঽসৌ মহামন্ত্রঃ সর্ব্ব-তন্ত্রেষু গোপিতঃ। শিবোবহ্নিসমাযুক্তো বামাক্ষিবিন্দুভূষিতঃ॥ একাক্ষরো মহামন্ত্রঃ শ্রীসূর্য্যস্য প্রকীর্ত্তিতঃ। গুহ্যাদ্‌গুহ্যতরো মন্ত্রো বাঞ্ছাচিন্তামণিঃ স্মৃতঃ॥ শীর্ষাদিপাদপর্য্যন্তং সদা পাতু মনূত্তমঃ। ইতি তে কথিতং দিব্যং ত্রিষু লোকেষু দুর্ল্লভম্॥ শ্রীপ্রদং কান্তিদং নিত্যং ধনারোগ্যবিবর্দ্ধনম্। কুষ্ঠাদি-রোগশমনং মহাব্যাধিবিনাশনম্॥ ত্রিসন্ধ্যং যঃ পঠেন্নিত্যমরোগী বলবান্ ভবেৎ। বহুনা কিমিহোক্তেন যদ্ যন্মনসি বর্ত্ততে॥ তত্তৎ সর্ব্বং ভবত্যেব কবচস্য চ ধারণাৎ। ভূতপ্রেতপিশাচাশ্চ যক্ষগন্ধর্ব্বরাক্ষসাঃ॥ ব্রহ্মরাক্ষস-বেতালা নৈব দ্রষ্টুমপি ক্ষমাঃ। দূরাদেব পলায়ন্তে তস্য সংকীর্ত্তনাদপি॥ ভূর্জ্জপত্রে সমালিখ্য রোচনাগুরুকুঙ্কুমৈঃ। রবিবারে চ সংক্রান্ত্যাং সপ্তম্যাঞ্চ বিশেষতঃ॥ ধারণাৎ সাধকশ্রেষ্ঠস্ত্রৈলোক্যবিজয়ী ভবেৎ। ত্রিলৌহমধ্যগং

কৃত্বা ধারয়েদ্দক্ষিণে ভুজে। শিখায়ামথবা কণ্ঠে সোঽপি সূর্য্যো ন সংশয়ঃ॥ ইতি তে কথিতং শাম্ব ত্রৈলোক্যমঙ্গলাভিধম্। কবচং দুর্লভং লোকে তব স্নেহাৎ প্রকাশিতম্॥ অজ্ঞাত্বা কবচং দিব্যং জপেৎ সূর্য্যমনুত্তমম্। সিদ্ধির্ন জায়তে তস্য কল্পকোটিশতৈরপি॥

ইতি ব্রহ্মযামলে ত্রৈলোক্যমঙ্গলং নাম সূর্য্যকবচং সমাপ্তম্।

সোম-কবচ।

শিব উবাচ। শৃণু দেবি মহাতত্ত্বং সোমস্য কবচং শুভং। অস্য প্রপঠনাদ্দেবি সোমরিষ্টং প্রণশ্যতি॥ অস্য শ্রীচন্দ্রমসঃ কবচস্য অত্রিঋষিস্ত্রিষ্টুপ্ছন্দঃ, শ্রীসোমো দেবতা শ্রীসোমপ্রীত্যর্থং জপে বিনিয়োগঃ॥ কং খং গং ঘং ঙং পাতু হৃদয়ং যামিনীপতিঃ। চং ছং জং ঝং ঞং পাতু মস্তকং মেঽত্রিগোত্রজঃ॥ টং ঠং ডং ঢং ণং পাতু শিখাং মে তাপহা মম। তং থং দং ধং নং পাতু শিখাং মৃগাঙ্কো মে পদ্মভৃৎ। পং ফং বং ভং মং পাতু নেত্রে মে রোহিণীপতিঃ। যং রং লং বং শং ষং সং হং সর্ব্বাঙ্গে পাতু চন্দ্রমাঃ॥ কবচং দ্বিজরাজস্য কথিতং বীরবন্দিতে। যস্য প্রপঠনাদ্দেবি সর্ব্বারিষ্টং বিনশ্যতি॥ কর্পূরচন্দনৈর্যুক্তং কৃত্বা ভূর্জ্জে বরাননে। ক্ষীরিকামূলসংযুক্তং রৌপ্যস্থং ধারয়েদ্ যদি॥ সর্ব্বব্যাধি-প্রশমনং পুত্রদং ধনদং ভবেৎ। সোমবারে মহেশানি কৃতোপবাসনং মুদা॥ যো নরঃ সোমমভ্যর্চ্চ্য কবচং দ্বিঃ পঠেদ্ যদি। মাসমধ্যে মহেশানি পুত্রবান্ স ভবেদ্ধ্রুবং॥

মঙ্গল-কবচ।

শ্রীশিব উবাচ। শৃণু দেব মহেশানি ভৌমস্য কবচং মুদা। পঠনাদ্ধারণাদ্ যস্য ভৌমরিষ্টং প্রণশ্যতি॥ অস্য শ্রীমঙ্গলমহাগ্রহকবচস্য ভরদ্বাজঋষিঃ পঠনাষ্টক-পঙ্ক্তিশ্ছন্দঃ শ্রীমঙ্গলোদেবতা শ্রীমঙ্গলপ্রীত্যর্থং জপে বিনিয়োগঃ। অং আং মে শিরঃ পাতু ইং ঈং পাতু কপালকং॥ উং ঊং কর্ণৌ সদা পাতু ঋং ৠং পাতু ভালং মম। ৯ং ৡং পাতু সদা গণ্ডৌ এং ঐঁ পাতু শ্রুতী মম॥ অং পাতু মম হৃদয়ং অঃ সর্ব্বাঙ্গে মমাবতু। ইদং ভৌমস্য কবচং প্রাতরুত্থায় যঃ পঠেৎ। সর্ব্বব্যাধি-বিনির্ম্মুক্তো গ্রহপীড়া ন দারুণা॥ ভৌমবারে নিশাভাগে উপবাসং করোতি যঃ। ঋণগ্রস্তো ঋণরেখামঙ্গারেণৈব কারয়েৎ। প্রোঞ্ছয়েদ্বামপাদেন ঋণং ত্যক্ত্বা ধনং লভেৎ॥ কবচং ত্রিঃ পঠেদ্দেবি নিশামধ্যে বরাননে। প্রাতঃ স্নাত্বা দ্বিজোঽভ্যর্চ্চ্য পারণঞ্চ স্বয়ঞ্চরেৎ॥ এবং সমাপ্তং দেবেশি যঃ

কুর্য্যাদ্ ভক্তিভাবতঃ। ঋণান্মুক্তো মহেশানি ধনমাপ্নোতি পুষ্কলং॥ ভূর্জ্জপত্রে ত্বিমাং বিদ্যাং রক্তচন্দনমিশ্রিতে। সিংহমূলান্বিতাং কৃত্বা তাম্রস্থাং ধারয়েদ্ যদি। ক্ষত-ব্রণাদি যাবন্তো দোষা নশ্যন্তি পার্ব্বতি॥

বুধ-কবচ।

শ্রীশিব উবাচ। শৃণু দেবি প্রবক্ষ্যামি বুধস্য কবচং প্রিয়ে। যস্য বিজ্ঞান-মাত্রেণ নরঃ শুদ্ধত্বমাপ্নুয়াৎ॥ অস্য শ্রীবুধগ্রহকবচস্য শক্তিঋষিরনুষ্টুপ্ছন্দঃ শ্রীবুধো দেবতা শ্রীবুধপ্রীত্যর্থং জপে বিনিয়োগঃ। হ্রীঁ বীজং মে শিরঃ পাতু হ্রীং হ্রীং পাতু মমোদরং। হূং হূং পাতু মম কণ্ঠং ঋঁ ঋঁ পাতু কটীস্থলং। ওঁ হ্রীং পাতু সদা স্কন্ধৌ হূং ফট্ পাতু স্তনদ্বয়ং। হ্রীঁ হ্রীঁ করঞ্চ মে পাতু হ্রীং ফট্ স্বাহা পদদ্বয়ং॥ আং নাভিং মে বুধঃ পাতু হ্রীঁ হ্রীঁ সৌম্যো গুদন্তথা। অকারাদি-ক্ষকারান্তঃ সর্ব্বাঙ্গং পাতু সোমজঃ॥ ইতি তে কথিতং দেবি কবচং শশি-জস্য চ। ত্রিসন্ধ্যং যঃ পঠেদ্দেবি সৌন্দর্য্যং স সমাপ্নুয়াৎ॥ লিখিত্বা ভূর্জ্জপত্রে তু কুঙ্কুমেন বরাননে। বাট্যালমূলসংযুক্তং স্বর্ণস্থং ধারয়েত্তু যঃ॥ বামে চ দক্ষিণে চৈব স্ত্রিয়াশ্চ পুরুষস্য চ। পুংসঃ স্ত্রী বশমাপ্নোতি স্ত্রিয়াঃ পুমান্ ন সংশয়ঃ॥

বৃহস্পতি-কবচ।

শিব উবাচ। শৃণু দেবি প্রবক্ষ্যামি কবচঞ্চ বৃহস্পতেঃ। যস্য প্রসাদাদ্দেবেশি সর্ব্ববিদ্যানিধির্ভবেৎ॥ অস্য শ্রীবৃহস্পতি-কবচস্য আঙ্গিরসঋষির্গায়ত্রীচ্ছন্দঃ, শ্রীবৃহস্পতির্দ্দেবতা বৃহস্পতিপ্রীত্যর্থং জপে বিনিয়োগঃ। অং কং খং গং ঘং ঙং আং শিরঃ পাতু গুরুঃ সদা। ইং চং ছং জং ছং ঞং ঈং কণ্ঠং পাতু বৃহস্পতিঃ॥ উং টং ঠং ডং ঢং ণং ঊং নাভিং মে সদা গুরুঃ। এং তং থং দং ধং নং ঐং পাতু উদরং মম॥ ওং পং ফং বং ভং মং ঔং পাতু বৃহস্পতির্ম্ম। অং যং রং লং বং শং ষং সং হং অঃ পাতু সর্ব্বাঙ্গং দেবপূজিতঃ॥ নাসাদি চক্ষুর্বদনং হস্তপাদৌ ত্বচং কটিং। পাদাধঃ কেশপর্য্যন্তং পাতু জীবঃ সদৈব হি॥ ইতি তে কথিতং দেবি কবচং গীষ্পতেঃ শুভং। যস্য প্রপঠনাদ্দেবি কবিজ্ঞানী চং সাধকঃ। যস্ত্রিসন্ধ্যং মহেশানি বিদ্যার্থী কবচং পঠেৎ। পঠনাদ্ বর্ষমধ্যে চ বিদ্যা চ বিপুলা ভবেৎ॥

শুক্র-কবচ।

শিব উবাচ। শৃণু দেবি প্রবক্ষ্যামি শুক্রস্য কবচং শুভং। যস্য প্রপঠনান্মর্ত্ত্যো পুত্রপৌত্রান্বিতো ভবেৎ॥ কবচস্য প্রসাদেন বন্ধ্যা চ পুত্রিণী ভবেৎ। অস্য

শ্রীশুক্রকবচস্য ভার্গবঋষিঃ পংক্তিশ্ছন্দঃ শ্রীশুক্রোদেবতা শ্রীশুক্রপ্রীত্যর্থং জপে বিনিয়োগঃ॥ হ্রীং বীজং মে শিরঃ পাতুঃ হ্রীং শিরঃ পাতু মে সদা। হ্রূং বীজং মে শিখাং পাতু হ্রৈং বীজং কবচং মম॥ হ্রৌঁ নেত্রে মে সদা পাতু হ্রঃ সর্ব্বাঙ্গং সুলোচনে। অকারাদিক্ষকারান্তং বর্ণং পঞ্চাশদেব তু॥ ঊর্দ্ধমধশ্চতুর্দ্দিক্ষু সর্ব্বত্র পাতু ভার্গবঃ। ইদং হি কবচং দিব্যং ভৃগুরিষ্টবিনাশনং॥ শতধা পঠনাদ্দেবি শুক্রবৃদ্ধিঃ প্রজায়তে। ধ্বজভঙ্গাদি-রোগাশ্চ ক্ষিপ্রং নশ্যন্তি পার্ব্বতি॥

শনি-কবচ।

শিব উবাচ। শৃণু দেবি প্রবক্ষ্যামি শনেঃ কবচমুত্তমং। শনিপীড়াহরং সর্ব্ব-শুভদং পরমাদ্ভুতং। অস্য কবচস্য গৌতমঋষির্বিরাট্ছন্দঃ, শনৈশ্চরো দেবতা শ্রীশনৈশ্চরপ্রীত্যর্থং জপে বিনিয়োগঃ॥ ওঁ কারং মে শিরঃ পাতু ঐ কারং কণ্ঠদেশকে। হ্রীং মে হৃদি সদা পাতু শ্রীঁ মে পাতু সদা মুখং॥ ওঁ ঐঁ হ্রীঁ শ্রী শনৈশ্চরায় পাতু সর্ব্বতঃ স্থিতঃ। যঃ ইদং কবচং পুণ্যং ধারয়েদ্দক্ষিণে ভুজে॥ কণ্ঠে বা পরমেশানি সর্ব্বত্র বিজয়ী ভবেৎ। চিরজীবী ভবেন্নিত্যমরোগী নাত্র সংশয়ঃ॥ তস্য তুষ্টঃ সদা সৌরিঃ পঠেদ্বা সুসমাহিতঃ। শনৈশ্চরকৃতা পীড়া নাস্তি তস্য কদাচন॥

ইতি গ্রহ-কবচং সমাপ্তং।

গায়ত্রী-কবচ।

ব্রহ্মোবাচ। গায়ত্র্যাঃ কবচং বক্ষ্যে ধর্ম্মকামার্থসিদ্ধিদম্। যদ্ধৃত্বা পঠনাদ্বাপি ত্রৈলোক্যং সাধয়েদ্ধ্রুবম্॥ অস্য গায়ত্রীকবচস্য ব্রহ্ম-বিষ্ণু-মহেশ্বরা ঋষয়ঃ ঋগ্ যজুঃসামানি ছন্দাংসি পরংব্রহ্মপুরুষরূপী পরমাত্মা দেবতা তৎসবিতুর্ব্বরেণ্যং ইতি বীজং, ভর্গো দেবস্য ধীমহি ইতি শক্তিঃ, ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ ইতি কীলকং, মম মোক্ষার্থজপে বিনিয়োগঃ। ওঁ তৎসবিতুর্ব্রহ্মাত্মনে নারায়ণায় হৃদয়ায় নমঃ॥ ওঁ বরেণ্যং বিষ্ণ্বাত্মনে ঐশ্বর্য্যায় শিরসে স্বাহা। ওঁ ভর্গো দেবস্য রুদ্রাত্মনে শক্ত্যৈ শিখায়ৈ বষট্। ওঁ ধীমহি মায়াত্মনে বলায় কবচায় হুং। ওঁ ধিয়ো য়ো নঃ জ্ঞানাত্মনে নেত্রাভ্যাং বৌষট্। ওঁ প্রচোদয়াৎ সত্যাত্মনে সর্ব্বানন্দায় করতল-পৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্। *

ওঁ গায়ত্রী পূর্ব্বতঃ পাতু সাবিত্রী পাতু দক্ষিণে। ব্রহ্মসন্ধ্যা তু মে পশ্চাদুত্তরে

* এই ক্রমে অঙ্গন্যাস করন্যাস করিয়া পরে কবচ পাঠ করিতে হয়।

তু সরস্বতী॥ পাবকী মে দিশঃ পাতু পাবকী জলশায়িনী। যাতুধানী দিশং রক্ষেৎ যাতুধানী ভয়ঙ্করী॥ পাবমানী দিশং রক্ষেৎ পাপানাঞ্চ বিনাশিনী। দিশং রৌদ্রী সদা পাতু রুদ্রাণী রুদ্ররূপিণী॥ ঊর্দ্ধং ব্রহ্মাণী মে রক্ষেদধস্তাদ্বৈষ্ণবী তথা। এবং দশ দিশো রক্ষেৎ সর্ব্বত্র ভুবনেশ্বরী॥ তৎপদং পাতু মে পাদং জঙ্ঘে মে সবিতুঃ পদম্। বরেণ্যং কটিদেশন্তু নাভিং ভর্গস্তথৈব চ॥ দেবস্য পাতু হৃদয়ং ধীমহীতি গলন্তথা। ধিয়ো য়ো ইতি মে নেত্রং নঃ পদস্তু ললাটকম্। এবং পাদাদিমূর্দ্ধান্তং সর্ব্বাঙ্গং মে প্রচোদয়াৎ॥ ওঁ॥

ইদন্তু কবচং পুণ্যং হত্যাকোটিবিনাশনম্। চতুঃষষ্টিকলাবিদ্যা সর্ব্বপাপ-প্রণাশিনী॥ জপারম্ভে চ গায়ত্রীজপান্তে কবচং পঠেৎ॥ গো-স্ত্রী-ব্রহ্মবধাদীনি মিত্রদ্রোহাদিপাতকৈঃ। মুচ্যতে সর্ব্বপাপেভ্যঃ পরং ব্রহ্মাধিগচ্ছতি॥

ইতি শ্রীব্রহ্মনারদসংবাদে গায়ত্রী-কবচং সমাপ্তম্॥

দত্তকপুত্র-গ্রহণবিধি।

শুভকালে বালকের পিতা মাতা আত্মীয়স্বজন গুরুপুরোহিতাদির সহিত বালককে যাগ মণ্ডপে আনয়ন করতঃ ঘটস্থাপন করিবে। গ্রহীতৃপক্ষীয়গণ পূর্ব্বমুখ ও দাতৃপক্ষীয়গণ পশ্চিমমুখ হইয়া বসিবে। উভয়পক্ষে দশজন করিয়া ব্রাহ্মণ স্থাপন করতঃ গন্ধবস্ত্রাদিদ্বারা তাঁহাদের পূজা করিয়া গ্রহীতা কৃতাঞ্জলি হইয়া "ওঁ সাধু ভবন্ত আসতাম্" ইহা বলিবে। ব্রাহ্মণগণ "ওঁ সাধু বয়মাস্মহে" ইহা বলিবেন। গ্রহীতা "ওঁ অর্চ্চয়িষ্যামো ভবতঃ" ব্রাহ্মণগণ "ওঁ অর্চ্চয়" বলিবেন। পরে "ওঁ অদ্যেত্যাদি—দম্পত্যোরাবয়োঃ কর্ত্তব্য-দত্তক-পুত্রগ্রহণকর্ম্মণি শুভং শুভমিত্যাদিবাক্যকথনায় যথাসম্ভবগোত্রনাম্নো দশব্রাহ্মণান্ এভির্গন্ধাদিভিরভ্যর্চ্চ্য ভবত আবাং বৃণীবহে" বলিবে। ব্রাহ্মণগণ ওঁ বৃতাঃ স্মঃ" ইহা বলিবেন। গ্রহীতা—"ওঁ যথাবিহিতং শুভং শুভমিতি বাক্যকথনং কুরুত" ব্রাহ্মণগণ "ওঁ যথাবিহিতং করবাম" বলিবেন। এই প্রকারে দাতাও ব্রাহ্মণদিগকে বরণ করিবেন।

পরে গ্রহীতা সূর্য্যার্ঘ্য প্রদান করতঃ স্বস্তিবাচনপূর্ব্বক সংকল্প করিবেন। যথা—অদ্যেত্যাদি অমুকগোত্রৌ অমুকী—অমুকৌ দম্পতী, দত্তকপুত্রকামৌ দত্তক-পুত্রগ্রহণমাবাং করিষ্যাবহে।" পরে স্বশাখোক্ত সূক্ত পাঠ করিবে। অতঃপর ব্রাহ্মণত্রয়কে বস্ত্রাদিদ্বারা অর্চ্চনা করিয়া—"ওমস্ত অস্মৎসংকল্পিতদত্তক-

পুত্রগ্রহণকর্ম্মণি পুণ্যাহং ভবন্তোঽধিব্রুবন্তু” বলিলে ব্রাহ্মণগণ—“ওঁ পুণ্যাহং” এইরূপ তিনবার বলিবেন। স্বস্তি ও ঋদ্ধিবাচন করাইয়া ব্রহ্মবরণ করাইবে। যথা,—

গ্রহীতা করযোড়ে—“ওঁ সাধুভবানাস্তাম্” ইত্যাদি বলিয়া—“ওঁ অদ্যাস্মৎ-সঙ্কল্পিতদত্তকপুত্রগ্রহণকর্ম্মাঙ্গভূতহোমকর্ম্মণি ব্রহ্মকর্ম্মকরণায় অমুকগোত্রং ইত্যাদি”। এই ক্রমে হোতা, তন্ত্রধারক ও সদস্য বরণ করিবে।

অতঃপর হোতা পঞ্চগব্য শোধন করিয়া স্থান অভ্যুক্ষণপূর্ব্বক পঞ্চঘটাদিস্থাপন করতঃ গণেশ, শিবাদিপঞ্চদেবতা, আদিত্যাদি নবগ্রহ, ইন্দ্রাদি দশদিক্‌পাল, বিষ্ণু এবং লক্ষ্মীর পূজা করিয়া ভূতশুদ্ধ্যাদি করতঃ প্রজাপতির পূজা করিবেন।

প্রজাপতির ধ্যান। “ওঁ ব্রহ্মা সোম্যো ব্রতী কার্য্যো জটিলঃ পিঙ্গলোচনঃ। চতুর্ভুজশ্চতুর্ব্বক্তো লম্বকুর্চ্চো মহোদরঃ॥ হংসারূঢ়ঃ শুক্লপটো যোগপট্টসমন্বিতঃ। চর্ম্মচ্ছদো রক্তবাসাঃ শুক্লযজ্ঞোপবীতকঃ॥ অক্ষমালাস্রুচৌ স্যাতাং বামদক্ষিণহস্তয়োঃ। কমণ্ডলুস্রুবৌ চান্যৌ দর্ভাক্ষতঘটান্বিতে॥ স্কন্ধে কৃষ্ণাজিনং দেয়ং বস্ত্রং বা শোভনস্থিতম্॥” এই প্রকার ধ্যান করতঃ যথাশক্তি উপচারে প্রজাপতির পূজা করিবে। অনন্তর স্বগৃহোক্তবিধানে “প্রগল্‌ভ” নামক অগ্নি স্থাপন করিয়া কুশণ্ডিকা সমাপনপূর্ব্বক নৈমিত্তিক মহাব্যাহৃতিহোম করিবে।

পরে শুক্ল ধান, মৎস্য, মধু, দধি, সিন্দুর, নূতনবস্ত্র, দূর্ব্বা, আতপতণ্ডুল ও ঘৃত সংগ্রহ করিবেন। তদনন্তর গ্রহীতা দেবতা ও ব্রাহ্মণাদি পূজ্যব্যক্তিবর্গকে প্রণামপূর্ব্বক করযোড়ে নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবেন। যথা—“ওঁ পিতৃযজ্ঞো-দৈবযজ্ঞোর্ম্মম জাতঃ সুতো ন হি। পত্নীপাপৈরাত্মপাপৈঃ কর্ম্মভিশ্চ বিশেষতঃ॥ এতৎ সর্ব্বং ন জানামি জানাতি ধর্ম্ম এব চ। সূক্ষ্মাসূক্ষ্মবিচারেণ কিমর্থং বঞ্চিতং ফলম্॥ রক্ষণে পিতৃপিণ্ডেভ্যঃ স্বনামপরিরক্ষণে। গোত্রার্থঞ্চ করিষ্যামি সর্ব্বেষাং সাক্ষিসম্মতিম্॥”

এই বাক্য শ্রবণ করিয়া জ্ঞাতি, বন্ধু ও দ্বিজগণ “ওঁ শুভং শুভং” বলিবেন।

অতঃপর দাতা সকলকে প্রণাম করিয়া বলিবেন—“ওঁ সর্ব্বে তে সাক্ষিণো ভূয়ো বদিষ্যামি পুনঃ পুনঃ। নাভাবেন ন দুঃখেন রৌরবান্নৃপদণ্ডনাৎ॥ ন পোষণাক্ষমাচ্চৈব জ্ঞাতীনাং পরিপীড়নাৎ। ন বাস্যহেতুতো বাপি কুর্ব্বেঽহং কর্ম্ম ঈদৃশম্॥ ধর্ম্মাগ্নি-চন্দ্রসূর্য্যদেববিপ্রা অত্র সাক্ষিণো ভবন্তু।” পরে উভয় পক্ষীয় ব্যক্তবর্গ বলিবেন “দাস্যসি, দাস্যসি।” দাতা “দাস্যামি” তিনবার বলিলে উভয় পক্ষীয় ব্যক্তিগণ “গৃহাণ” তিনবার বলিবেন।

অতঃপর উভয় পক্ষীয় ব্রাহ্মণ ও জ্ঞাতিবন্ধুগণ "তোমার স্ত্রীকে জিজ্ঞাসা কর" ইহা বলিয়া দাতাকে তাহার স্ত্রীর নিকট প্রেরণ করিবেন। দাতার স্ত্রী স্ত্রীদিগকে সাক্ষী করিয়া "দাস্যামি" ইহা বলিয়া লেখনীদণ্ড গ্রহণ করতঃ পতির হস্তে দিয়া "দদস্ব ত্বং দদস্ব ত্বং দদস্ব ত্বং মদীয়োঽয়ং ন পুত্রঃ" ইহা বলিবে। অনন্তর গুরু বা পুরোহিত পত্রিকা লিখিবেন, যথা—

"স্বস্তি সকল-মঙ্গলঞ্চ"—

অমুকগোত্রাভ্যাং অমুকপ্রবরাভ্যাং অমুকী-অমুকাভ্যাং দম্পতীভ্যাং যুবাভ্যাং অমুকগোত্রৌ অমুকপ্রবরৌ অমুকী-অমুকৌ দম্পতী আবাং অমুকগোত্রস্য অমুকস্য প্রপৌত্রং অমুকগোত্রস্য অমুকস্য পৌত্রং অমুকগোত্রয়োরমুকীঅমুকয়োরাবয়োঃ পুত্রমিমং দত্তকপুত্রত্বেন সম্প্রদদ্বহে।

নাস্মিন্ পুত্রে স্বত্বমস্তি নবা পিণ্ডাধিকারিতা। ধর্ম্মে নাপি চ লিপ্তঃ স্যাম-ধর্ম্মে নাপি লিপ্তকঃ॥ ক্রিয়াক্রিয়ায়াং লিপ্তো ন মদ্‌গোত্রে নাস্তি বান্ধবঃ। সুখদুঃখেন ন প্রাপ্তিরিতি সত্যং করোম্যহম্॥

এই প্রকার লিখিয়া দাতার স্ত্রীর হস্তে প্রদান করিবেন। যদি দাতার স্ত্রী লিখিতে অশক্তা হন, তবে পত্রিকাতে তিনটী রেখা পাত করিয়া দিবেন। পতি নিজ হস্তে তাহার নাম লিখিয়া দিবেন। পুনরায় স্ত্রীগণ দাতার স্ত্রীকে জিজ্ঞাসা করিবেন—"অন্যোঽস্তি কিমমুং দদাসি ?"

হৃষ্টচিত্তে দাতার স্ত্রী বলিবে—অন্যোঽস্তি মে পুত্রকঃ হৃষ্টচিত্তপূর্ব্বং দদামি অস্য নাস্তি পুত্রঃ।" পরে পতি ও পুত্রের হস্তধারণ করতঃ শাল-গ্রামশিলা, ব্রাহ্মণ ও অগ্নিসমীপে মঙ্গলধ্বনিপূর্ব্বক নিম্নলিখিত বাক্য বলিবে। যথা,—"অস্য গোত্ররক্ষণায় ধর্ম্মপালনায় দদামি সর্ব্বাসাং স্ত্রীণাং সাক্ষিসম্ভবাঃ। ন লোভেন ন মোহেন ন ক্ষোভেণ ন ক্রোধেন নান্যহেতুনা।"

অতঃপর দাতা পত্নীর সহিত উপবিষ্ট হইয়া উভয় জানুমধ্যে হস্তস্থাপন করতঃ প্রথমতঃ পুত্র এবং পরে পত্রিকা গ্রহণ করিয়া, গ্রহীতৃ-দম্পতীর হস্তে জল দিবে। পরে বালকের বামহস্ত পতি ও দক্ষিণহস্ত পত্নী ধারণ করিয়া গ্রহীতৃ-দম্পতীর ক্রোড়ে পুত্রদান করিবে। এই সময়ে দেবতা ও ব্রাহ্মণদিগকে প্রণামপূর্ব্বক বাদ্যধ্বনি সহকারে মঙ্গলশব্দ করিবে। পরে সকলকে মিষ্টান্ন প্রদান করিয়া একটী ব্রাহ্মণসাক্ষাতে পুত্ররক্ষা করিবে। তৎপরে পিতৃঋণ ও মাতৃঋণ দিবে। যদি সহস্র মুদ্রা দান করে, তবে পুত্রত্বভাব নষ্ট হইয়া ভৃত্যত্ব ভাব জন্মে। শরীর দক্ষিণার্থ স্বর্ণপঞ্চক এবং প্রত্যঙ্গ পরিবর্ত্তনার্থ অন্যান্য দ্রব্য দান করিবে॥

দক্ষিণার্থ স্বর্ণ, মেদোহর্থে মেদিনী, তেজ অর্থে বহ্নি, বাতার্থে ব্যজন, নভোর্থে ঘট ও বরুণার্থে জল—এই পঞ্চতত্ত্ব। নেত্রার্থ দর্পণ, কেশার্থে চামর, নখার্থে রৌপ্যপাত্র, দন্তার্থে মুক্তা, নাসিকার জন্য গন্ধক, চর্ম্ম জন্য রক্তবস্ত্র, কর্ণ জন্য শঙ্খ, মুখের জন্য বস্ত্র, হস্ত জন্য অস্ত্র, পদ জন্য পাদুকা, মাংস জন্য মৃত্তিকা ও সর্ব্বার্থে পূর্ণ কুম্ভ প্রদান করিবে। এই সকল প্রত্যঙ্গ-পরিবর্ত্তন-দ্রব্য।

"স্বর্ণদান-বাক্য—অদ্যেত্যাদি অমুকগোত্রৌ অমুকী—অমুকৌ দম্পতী আবাং অস্মদ্‌গ্রহীতব্য-দত্তকপুত্রস্য শরীরদক্ষিণাং স্বর্ণৈকং অমুকগোত্রাভ্যাং অমুকী-অমুকাভ্যাং (এখানে দাতৃদম্পতীর নামোল্লেখ করিতে হইবে।) অস্মদ্‌গ্রহীতব্য-দত্তকপুত্রজনকাভ্যাং যুবাভ্যাং সম্প্রদদ্বহে।" বলিয়া—পুত্র জনক-জননীর হস্তে দিবে। তাহারা উভয়ে "স্বস্তি" বলিয়া গ্রহণ করিবে।

পঞ্চতত্ত্ব দানবাক্য—"অদ্যেত্যাদি অস্মদ্-গ্রহীতব্য-দত্তকপুত্রশরীরগত-মেদস্তেজো-বায়ু-নভোবরুণার্থানি মেদিন্যগ্নি-ব্যজন-ঘটজলানি অমুকগোত্রাভ্যাং" ইত্যাদি।

প্রত্যঙ্গ পরিবর্ত্তনার্থ দানবাক্য—"অদ্যেত্যাদি অস্মদ্‌গ্রহীতব্য-দত্তক-পুত্র-নেত্র-কেশ-নখদন্তনাসাচর্ম্ম-কর্ণ-বক্ত্র্‌হস্তপদমাংসপ্রত্যঙ্গশরীরপরিবর্ত্তনে দর্পণচামর রৌপ্যপাত্র-মৌক্তিক-গন্ধক—রক্তবস্ত্র-শঙ্খ-যন্ত্রাস্ত্রপাদুকা—মৃৎ-পূর্ণকুম্ভান্ অমুক-গোত্রাভ্যাং অমুকী অমুকাভ্যাং যুবাভ্যাং সম্প্রদদ্বহে।"

উক্ত প্রকারে সমস্ত দ্রব্য দান করিয়া দাতৃদম্পতীর হস্তে সমস্ত দ্রব্য দিবে। তাহারা উভয়ে "স্বস্তি" বলিয়া গ্রহণ করিবে।

অতঃপর বালকের জনক তিল-কুশযুক্ত জল গ্রহণ করতঃ পত্রিকার লিখিতবৎ বাক্য করিয়া পুত্রদান করিবে। পরে দানদক্ষিণার্থ কিঞ্চিৎ স্বর্ণ দান করিবে।

পরে গ্রহীতার হস্ত-পরিমিত স্থণ্ডিল করিয়া প্রজাপতিযজ্ঞ করিবে, যথা—বরদনামা অগ্নির নামকরণ আবাহন ও পূজা করিয়া সংকল্প করিবে, যথা—"অদ্যেত্যাদি অমুকগোত্রৌ অমুকী-অমুকৌ দত্তকপুত্রত্বেন ভবন্তমাবাং বৃণী-বহে" এইরূপ সঙ্কল্প করিয়া দত্তকপুত্রের গাত্রে পুষ্প দিবে। পরে তিল কুশ জল পঞ্চগব্য পঞ্চামৃত সংযুক্ত পাত্র গ্রহণ করিয়া "অদ্যেত্যাদি—অমুকগোত্রঃ অমুকঃ সপত্নীকো ধর্ম্মার্থকামমোক্ষফল-সিদ্ধি-প্রয়োজন-পুত্র-কামো দত্তকপুত্রগ্রহণকর্ম্মাঙ্গভূতং প্রজাপতিযজ্ঞমহং করিষ্যে।" এইরূপ

সঙ্কল্প করিয়া হোতৃবরণ করিবে। পরে হোতা প্রজাপতিযজ্ঞ করিবেন।

অতঃপর অগ্নির উত্তরদিকে পঞ্চবিংশতি অশ্বত্থপল্লবোপরি বালককে উপবেশন করাইয়া কেশবন্ধন ও ভূষণাদি ত্যাগ করাইয়া হরিদ্রাক্ত বস্ত্র পরিধান করাইবে। সম্মুখে দধ্যাদি মাঙ্গলিক দ্রব্যযুক্ত পূর্ণকুম্ভ স্থাপন করিবে। অনন্তর পঞ্চবিংশতি কুশপত্র দ্বারা বিষ্টর রচনা করিয়া তদ্দ্বারা বালকের অভিষেক করিবে। এই নিমিত্ত পঞ্চ গোত্রের পাঁচজন ব্রাহ্মণ বরণ করিয়া তাঁহাদের মধ্যে শাণ্ডিল্যকে বিষ্টর, সাবর্ণকে ঔডুম্বর, কাশ্যপকে পুষ্প, ভরদ্বাজকে অশ্বত্থ সমিধ্ এবং বাৎস্যকে দূর্ব্বা দিবে। তাঁহারা সঙ্কল্পপূর্ব্বক উক্ত দ্রব্য সংযোগে কুম্ভস্থ জলদ্বারা অভিষেক করিবেন। যথা—

অদ্যেত্যাদি অমুকগোত্রঃ সপত্নীকঃ অমুকঃ সাবর্ণ-শাণ্ডিল্য-কাশ্যপ-ভরদ্বাজ-বাৎস্য-পঞ্চগোত্রজৈঃ ব্রাহ্মণৈঃ ধর্ম্মাধর্ম্ম-সমাখ্যাতা হুং হুং যং রং লং বং শং প্রাণান্ শুদ্ধয়ামি স্বাহা। শ্রীং শ্রীং শাং শীং শূং শৈং শৌং শং শঃ বীজং শুদ্ধয়ামি দেহং পবিত্রয় পবিত্রয় নান্যকুলোদ্ভব বিকারদোষজাতঃ পরান্নভক্ষণাৎ পররমণীক্রোড়সংস্থিতাৎ পরগর্ভজাতোঽসি যস্যাঃ স্তনপানং কৃত্বা যস্যাং যোন্যাং নীতোঽসি তস্যাঃ কর্ম্মাণি সর্ব্বাণি ছিন্ধি দংশয় দংশয় নাশয় নাশয় অস্মৎকুলোদ্ভব-মদীয়পুত্রস্ত্বমসি মম রমণ্যাং ময়া জাতোঽসি পরশুক্রে যো জাতমস্মিন্ সর্ব্বং চূর্ণয় চূর্ণয় সর্ব্বং নিপাতয় নিপাতয় তস্য রুধিরাচ্ছরীরং মেদো জাতং তৎসর্ব্বং শোষয় শোষয় অস্মাকং শুক্রস্পর্শনাদস্থি যাতু যাতু ময়া রমণী ঋতুরক্ষিতঃ তৎসলিলে সলিলং যাতু যাতু পূর্ব্বকং গর্ত্ত সলিলং শোষয় শোষয় ওঁ চাং চীং চূং চৈং চৌং চং চঃ চন্দ্রার্থে চন্দ্রো জাতশ্চন্দ্র প্রভবশ্চন্দ্রোদ্ভবো যশ্চন্দ্রঃ স চন্দ্রঃ অহং দদামি অস্মাকঞ্চ পুত্রস্ত্বং ভূয়া মদীয়-পিতৄন্ সর্ব্বান্ মানয় মানয় যাস্ত বর্দ্ধয় বর্দ্ধয় কামান্ কামান্ কাং কীং কূং কৈং কৌং কং কঃ কামাৎ ক্রোধাৎ কুবুদ্ধি কুকর্ম্ম কুক্রিয়া কুলাচারহীন-কৃপণদোষবিবর্জ্জিত কদাচারং ত্যজ ত্যজ নিষ্কামঃ কামভূয় কস্মাজ্জাতং ক-উদ্ভবঃ কস্মিন্ কুলে কুলাশ্রয়ঃ হুং হুং স্বাহা গোহত্যা ব্রহ্মহত্যা স্ত্রীহত্যা স্বমাতৃগমনে গুরুপত্নীলঙ্ঘনে সীমালঙ্ঘনে মিথ্যাবাক্যকথনে জ্ঞাতিনিন্দা জ্ঞাতিহিংসা জ্ঞাতিবাদকরস্য চ দ্বিজহিংসা দ্বিজ নিন্দা দ্বিজবাদকরস্য গুরু-নিন্দা গুরুহিংসা স্ত্রীনিন্দা চ স্ত্রীতাড়নং পিতুর্ম্মাতুশ্চ সেবয়া ধর্ম্মতঃ ক্ষুৎপরি-রক্ষণীয়া পরদারানুগ্রহরতো হস্তং দগ্ধং ন করোষি মিথ্যাবাক্যং ন শৃণোষি

মিথ্যাসাক্ষ্যং ন দদাসি জিহ্বাং দগ্ধাং ন করোষি অপজাতান্নং ন গৃহ্নাসি পাদ-বিক্ষেপণং পরসীমায়াং নাস্তি অন্যদত্তবৃত্তৌ নাস্তি বিপ্রস্য পাদবিক্ষেপঃ। দ্বিজগুরুবিপ্রস্য মধ্যে ন গময় পরপত্নীং ন সেবয় দেহং তত্র ন মগ্নয় কুকর্ম্ম ন কৃতং স্যাৎ কুলং দগ্ধং ন কারয় কঠোরাং বাণীং ন বদ, বিপ্রান্ বান্ধবান্ দরিদ্রান্ শরণাগতান্ ন ত্যজ, স্বজায়াং ন ত্যজ, ধনলোভেন পরান্ ন নষ্টয়, নীচসংসর্গং ন কারয়, ন কারয় দ্বিভার্য্যাং ন কারয় ন কারয় সভায়াং ন পক্ষীপক্ষং দ্বিজেনাপি হতাদরং মা হিংসাঃ প্রাণিবধায় যজ্ঞং বিনা পিতৃকর্ম্ম ন কুর্য্যাঃ পরধনেন মূর্খৈঃ সহ নাস্তি প্রেমা প্রিয়তোষান্বিতানেকাসনা গুর্ব্বিণী নাপি লঙ্ঘিতা পিত্রাজ্ঞা, যবনী ন স্পৃশ্যা, স্বপাকাদির্ন কারয়িতব্যঃ তস্করাণাং ন সঙ্গী স্যাৎ, পরদ্রব্যে মা স্পৃহা ন বা দ্বিজধনে ন ন্যূনে ন বাধিকে ন বা ক্রোধাদিকবশং স্বল্পনিদ্রা সমুচিতা ন দিবা ন সন্ধ্যায়াং ন স্ত্রিয়ো বশো-গোপ্যবাণী বয়োধিকা নারী ন রম্যতাং সকলেন সমতা যস্য তস্য পঙ্‌ক্তৌ ন ভক্ষয়ে নদ্যাং নাস্তি পদবিক্ষেপঃ মাদকদ্রব্যং ন ভক্ষয় গুরু-দ্বিজ-পিতৃ-মাতৃ-ভক্তিতা হৃদীষ্টং সঞ্চিন্তনীয়ং জিহ্বায়াং নাম জপীয়ং করে মালা ভ্রমণীয়া স্মরণাৎ দ্বিজাদর পিতৃতর্পণং পূজনমেব নাকারণং কর্ম্ম কারণৈর্ন তাড়নৈঃ॥

পরবিত্তং ন হারয়েৎ পুষ্পং বিনা পরনিন্দা ন শ্রবণীয়া ন করণীয়া মিত্র-কান্তা পরকান্তা চ ন বিলোকনীয়া শ্বশুরালয়ে ন বহুকালং স্থাতব্যং, দুঃখে মিত্রালয়ে ন গন্তব্যং, পরবিদ্যয়া স্ববিদ্যা পরিরক্ষণীয়া বিদ্যাং বিদেশগামিনীং বিদ্যাং সমাশ্রয় বহুদূরং ন গন্তব্যং তীর্থং বিনা শত্রৌ মিত্রে ন সমতা শত্রুভূর্তলে যমং বিনা ইত্থং ভাবয়িত্বা তদ্ যজ্ঞং করোতি।

কামাৎ ক্রোধাৎ মোহাৎ সর্ব্বং সমুদ্‌ভবতি ন ধৈর্য্যমেতি হুং হুং ফট্ স্বাহা। ইত্থং জন্ম পূর্ব্বং জন্ম প্রপূর্ব্বং জন্ম পরং জন্ম পরাপরং জন্ম যৎ পাপমকার্ষীঃ কিং কর্ম্মগ্রহ বৈলক্ষণ্যাৎ যৎকৃতোঽসি তৎপাপং হন হন পচ পচ দহ দহ নাশয় নাশয় জনকপাপং জননীপাপং ভৃত্যানাং পাপং বৃষলীপাপং বান্ধব-পাপং স্ত্রীণাং পাপং সুতস্যাপি পাপং গ্রামীণস্যাপি পাপং কুলস্যাপি তথা পাপানি সর্ব্বাণি নাশয় নাশয় রোগান্ কর্ম্মজ পাপজ বৈদিক লৌকিক ভৌতিক পৈশাচিক বাতিক পৈত্তিক শ্লৈষ্মিক কায়িক নাড়ীমাংসচর্ম্মাস্থি-ভেদিনো রোগান্ দেবমন্যুতঃ পিতৃমন্যুতঃ জ্ঞাতিমন্যুতঃ বিপ্রমন্যুতঃ স্ত্রীমন্যুতঃ রাশিনক্ষত্রযোগগতানি সর্ব্বাণি হন হন আয়ুষ্মান বলবান্ যশঃ

শ্রী-বুদ্ধি-মেধা-তুষ্টি-পুষ্টি বিদ্যা-জয়যুক্তোঽসি জনাদরৈর্ধনবর্দ্ধনাম্ন্ পতির্ভব, যজ্ঞপতির্ভব, ক্ষিতিপতির্ভব বাণীকণ্ঠ-সমাশ্রিতা হৃদিস্থা গৃহে লক্ষ্মীঃ॥

"উদরে তু উমা পাতু জিহ্বাং পাতু জনার্দ্দনঃ। কপালে চেশ্বরঃ পাতু পৃষ্ঠে চ পর্ব্বতেশ্বরঃ॥ বাহূ পাতু বাসুদেবঃ কন্দর্পঃ পাতু শিশ্নকম্। জানূ নারায়ণঃ পাতু গুহে পাতু প্রজাপতিঃ। পাদয়োঃ পৃথিবী পাতু সর্ব্বাঙ্গে পিতরস্তথা॥"

অনন্তর পঞ্চামৃত, পঞ্চগব্য, পঞ্চশস্য, পঞ্চগন্ধ ও পঞ্চপুষ্পের দ্বারা পঞ্চবিপ্র গায়ত্রী পাঠপূর্ব্বক মস্তক হইতে পাদ পর্য্যন্ত তিনবার মার্জ্জনা করিবেন।

পুনরপি "ওঁ বজ্রেণাপি ন ভেদঃ স্যাচ্ছূলেনাপি ন তাড়নম্। দাত্রেণাপি ন ভেদঃ স্যাৎ খড়্গেনাপি ন তাড়নম্॥ তাড়নং মুদ্গরেণাপি পাশেনাপি ন বন্ধনম্। কর্ম্মপাশৈর্ন বন্ধঃ স্যাৎ পশুপাশৈর্ন লিপ্তকঃ॥ পাপমুক্তো ভব স্বস্থো জয়ী ভব সুনিশ্চিতম্। দীর্ঘায়ুর্ভব সম্পূর্ণো দুহিত্রা চ সুতেন চ॥ অকালে নাপি মৃত্যুঃ স্যান্নাপমৃত্যুশ্চ কর্হিচিৎ। গুর্ব্বাজ্ঞা কুলধর্ম্মঃ স্যাদ্ যজ্জ্ঞাত্বা কুলবর্দ্ধনম্॥ কান্তা ভবতু সাধ্ব্যস্য নহি বিশ্বাসঘাতিকা। পতিসেবানিযুক্তা যা তৎকান্তা মুক্তিরূপিণী॥ দেবকার্য্যে পিতৃকার্য্যে তীর্থে চ মতিমান্ ভব। মহেশ্বরশ্চ বিষ্ণুশ্চ ব্রহ্মা চ পার্ব্বতী তথা॥ সাবিত্রী চাহোরাত্রঞ্চ চন্দ্রিকা চাগ্নিবারুণৌ। তে সর্ব্বে তব রক্ষন্তু সত্যং সত্যং ন সংশয়ঃ"॥ ইত্যাদি মন্ত্রে পূর্ব্ববৎ গাত্রে হস্তমর্ষণ করিয়া ব্রাহ্মণগণ আশীর্ব্বাদ করিবেন।

পরে ব্রাহ্মণগণকে দক্ষিণা দান করিয়া পূর্ণাহুতি প্রদান করিবে; গীত বাদ্যাদি দ্বারা মঙ্গলকার্য্য করিয়া বৃদ্ধিশ্রাদ্ধ করিবে। পরে বালকের ক্ষৌরকর্ম্মাদি করাইয়া পুনরায় স্নান করাইবে এবং অলঙ্কার ও রক্ত-বস্ত্রাদি পরিধান করাইবে।

তদনন্তর বামহস্তে স্ত্রীকে ধারণ করিয়া দক্ষিণ হস্ত স্ত্রীর উদরে স্থাপন করতঃ "ওঁ ক্রীং ক্রীং শ্রীং শ্রীং হ্রীং হুং ফট্। ওঁ গর্ভং ধেহি সিনীবালী গর্ভং ধেহি সরস্বতী॥ গর্ভং ধেহি মহেশশ্চ গর্ভং ধেহি প্রজাপতিঃ। গর্ভং ধেহি চ মে দেবঃ স নো ধর্ম্মঃ সনাতনঃ॥ ধর্ম্মাধর্ম্ম-বহির্দীপ্ত আত্মাগ্নৌ মনসা স্রুচা। সুষুম্নাবর্ত্মনা নিত্যমক্ষবৃত্তির্জুহোম্যহং" এই মন্ত্র পাঠ করতঃ পত্নীর হস্তে বালককে দিবে। পত্নী পতিকে প্রণামপূর্ব্বক সমস্ত দেবতা ও ব্রাহ্মণদিগকে নমস্কার করিবে।

পরে পতি নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবে,—অদ্য মে সফলং জন্ম পঞ্চানি

পুত্রবক্ত্রকম্। নিস্তারং পিতৃকর্ম্মভ্যো নিস্তারং স্ত্রীঋণাত্তথা। সর্ব্বং সম্পূর্ণং পুত্রেঽস্মিন্ যথাধর্ম্মং কুরুষ মে॥

অতঃপর পিতা ব্রাহ্মণ দরিদ্র প্রভৃতিকে দানাদি বিতরণ করিয়া পিতৃনাম-পূর্ব্বাক্ষর দ্বারা বালকের নামকরণ করিবে। পরে পিতা স্বর্ণ ও ভূমি দান, মাতা স্তনদান ও ব্রাহ্মণগণ হৃষ্টচিত্তে ধন দ্বারা আশীর্ব্বাদ করিবেন। তৎপরে মহিলাগণ বালকের মাতাকে "কিং নাম তব পুত্রস্য মুখং পশ্যাম দেহি মে॥" ইহা তিনবার বলিয়া মুখচুম্বনাদি করিবেন।

অতঃপর দক্ষিণা ও অচ্ছিদ্রাবধারণাদি করিবেন।

গন্ধেশ্বরী-পূজা।

কৃতনিত্যক্রিয় যজমান শুদ্ধাসনে উপবেশনপূর্ব্বক কুশহস্তে আচমন করিয়া স্বস্তিবাচনপূর্ব্বক "ওঁ সূর্য্যঃ সোমঃ" এই মন্ত্র পাঠ করিয়া কুশীতে তিল তুলসী হরীতকী লইয়া সঙ্কল্প করিবে, যথা,—

"বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা বাণিজ্য-বৃদ্ধি-পূর্ব্বক-শ্রীগন্ধেশ্বরী-দুর্গা-প্রীতিকামঃ গণপত্যাদি-নানাদেবতা-পূজাপূর্ব্বক-শ্রীগন্ধেশ্বরীদুর্গাপূজাকর্ম্মাহং করিষ্যে।"

সঙ্কল্পান্তে কুশীর জল ঈশান কোণে নিক্ষেপ করতঃ স্বশাখোক্ত সূক্ত পাঠ করিবে। অপরের জন্য পূজা করিতে হইলে "অমুক দেবশর্ম্মার" পর "অমুকগোত্রস্য অমুকস্য" (যজমানের নাম) এবং করিষ্যে" স্থলে "করিষ্যামি" বলিবে।

অনন্তর ঘটস্থাপন (১ম খণ্ড ২৭ পৃঃ দেখ) করিয়া, আসনশুদ্ধি সামান্যার্ঘ্য ভূতশুদ্ধি প্রাণায়ামাদি করিয়া গণেশের ধ্যানপূর্ব্বক পূজা করতঃ শিবাদি পঞ্চদেবতা, আদিত্যাদি নবগ্রহ, ইন্দ্রাদি দশদিক্‌পাল, মৎস্যাদি দশ অবতার, ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর, গঙ্গা, যমুনা, লক্ষ্মী ও সরস্বতীকে পাদ্যাদি উপচারে পূজা করিবে।

তারপর মাতৃকান্যাস করিয়া "হ্রীং" মন্ত্রে প্রাণায়ামত্রয় করিয়া ঋষ্যাদি ন্যাস করিবে। যথা—"অস্য শ্রীদুর্গামন্ত্রস্য নারদঋষির্গায়ত্রীচ্ছন্দো দুর্গা দেবতা মম বাণিজ্যবৃদ্ধয়ে বিনিয়োগঃ। শিরসি ওঁ নারদঋষয়ে নমঃ। মুখে ওঁ গায়ত্রীচ্ছন্দসে নমঃ। হৃদি ওঁ দুর্গায়ৈ দেবতায়ৈ নমঃ।" পরে "হ্রাং অঙ্গুষ্ঠাভ্যাং

নমঃ” এই ক্রমে করন্যাস অঙ্গন্যাস করিয়া কূর্ম্ম মুদ্রায় পুষ্পগ্রহণপূর্ব্বক “ওঁ জটাজূট” ইত্যাদি ধ্যান (৫ম খণ্ড ৭৫৯ পৃঃ দেখ) করিয়া নিজ মস্তকে পুষ্পটী দিয়া মানসোপচারে পূজাপূর্ব্বক বিশেষার্ঘ্য স্থাপন করিবে।

পরে পুনরায় করন্যাস অঙ্গন্যাস করিয়া দেবীর ধ্যানপূর্ব্বক ঘটে পুষ্প প্রদান করিয়া আবাহন করিবে, যথা,—দুর্গে দেবি ইহাগচ্ছাগচ্ছ ইহ তিষ্ঠ তিষ্ঠ, অত্রাধিষ্ঠানং কুরু, মম পূজাং গৃহাণ” আবাহনান্তে যথাশক্তি উপচার দ্বারা “ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা ওঁ দুর্গায়ৈ নমঃ” এই মন্ত্রে পূজা করিবে।

পরে, “ওঁ দুর্গাপরিবারেভ্যো নমঃ” মন্ত্রে পঞ্চোপচারে পরিবার পূজা করিয়া যথাশক্তি মূলমন্ত্র জপপূর্ব্বক জপ সমর্পণান্তে “ওঁ সর্ব্বমঙ্গলমঙ্গল্যে শিবে সর্ব্বার্থসাধিকে। শরণ্যে ত্র্যম্বকে গৌরি নারায়ণি নমোঽস্তু তে” মন্ত্রে প্রণাম করিবে। সমর্থ হইলে “দুর্গাস্তব” (৫ম খণ্ড ৭৮০ পৃঃ দেখ) পাঠ করিবে।

তৎপরে অষ্টোত্তর শত বা অষ্টাবিংশতি হোম করিবে এবং ত্রিরাবৃত্তি চণ্ডী পাঠ করিবে। তারপর “সর্ব্বমঙ্গলমঙ্গল্যে” মন্ত্রে পুষ্পাঞ্জলিত্রয় দিয়া দক্ষিণান্ত করিবে, যথা—বিষ্ণুরোম্ অদ্যেত্যাদি—বাণিজ্যবৃদ্ধিপূর্ব্বক শ্রীগন্ধেশ্বরী-দুর্গা-প্রীতিকামনয়া কৃতৈতৎ গণপত্যাদিনানাদেবতা-পূজা-পূর্ব্বক শ্রীগন্ধেশ্বরী-দুর্গা-পূজাকর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং দক্ষিণামিদং কাঞ্চনং (মূল্যং বা) যথাসম্ভবগোত্রনাম্নে ব্রাহ্মণায়াহং সম্প্রদদে। পরে অচ্ছিদ্রাবধারণ, বৈগুণ্যপ্রশমন ও বিষ্ণু স্মরণাদি করিবে।

ব্রহ্মাপূজা।

তত্র কৃতাহ্নিকো যজমানো ভূতশুদ্ধ্যাদিকং কৃত্বা “ওঁ হৃৎপদ্মকর্ণিকা-মধ্যে শঙ্খচক্রগদাম্বুজান্॥ শ্রীবৎসকৌস্তুভযুতো বনমালী শ্রিয়া যুতঃ॥ নিত্যং শুদ্ধো বুদ্ধিযুক্তঃ সত্যানন্দাহ্বয়ঃ পরঃ। আত্মাহং পরমব্রহ্ম পরমজ্যোতিরেব তু॥” এবং আত্মানং ব্রহ্মরূপং বিচিন্ত্য বেতালাশ্চেতি মন্ত্রেণ শ্বেতসর্ষপৈ-র্ব্বিঘ্নকরানুৎসার্য্য পঞ্চবর্ণগুণ্ডিকয়াষ্টদলপদ্মং নির্ম্মায় তত্র ঘটং সংস্থাপ্য তদ্বিষ্ণোরিতি বিষ্ণুং স্মৃত্বা সামান্যার্ঘ্যং সংস্থাপ্য ওঁ ভূর্ভুবঃ স্বঃ তৎসবিতুর্ব্বরেণ্য-মিত্যাদিনা উত্তরীয় বাসাচ্ছাদিত হৃদ্দেশে গায়ত্রীং দশধা জপ্ত্বা ঘটে পূজা-মারভেত। তৎ “পৌর্ণমাসী তিথির্গ্রাহ্যা পূজাকর্ম্মণি সর্ব্বদা। ক্ষীরেণার্ঘ্যং প্রদদ্যাত্তু সর্ব্বদা ব্রহ্মণে শুভং॥” ইতি প্রমাণং॥ ততঃ সঙ্কল্পং কৃত্বা সূক্তং জপিত্বা

সূর্য্যং গণেশং নবগ্রহান্ দিক্‌পালান্ শিবং বিষ্ণুঞ্চ সম্পূজ্য প্রতিমাচেত্তদা দুর্গায়াঃ পূর্ব্বোক্তক্রমেণ মূলে চ প্রাণপ্রতিষ্ঠাং চক্ষুর্দ্দানঞ্চ কৃত্বা ষড়ঙ্গং বিন্যস্য ঋষ্যাদি-ন্যাসঞ্চরেৎ। ওঁ ভূতাঃ প্রেতাঃ পিশাচাশ্চ যে বসন্ত্যত্র ভূতলে। তে গৃহ্নন্ত ময়াদত্তো বলিরেষঃ প্রসাধিতঃ॥ ইতি ভূতেভ্যো নৈঋর্তকোণে মাষভক্তবলিং দত্ত্বা সংপূজ্য, ওঁ পূজিতা গন্ধপুষ্পাদ্যৈর্ব্বলিভিস্তর্পিতাস্তথা। দেশাদস্মাদ্বিনিঃসৃত্য পূজাং পশ্যন্ত মৎকৃতামিতি কৃতাঞ্জলির্ব্বদেৎ॥ ততঃ "ওঁ ব্রহ্মা কমণ্ডলুধরশ্চতু-র্বক্ত্রশ্চতুর্ভুজঃ। কদাচিৎ রক্তকমলে হংসারূঢ়ঃ কদাচন॥ বর্ণেন রক্তগৌরাঙ্গঃ প্রাংশুস্তুঙ্গাঙ্গ উন্নতঃ। কমণ্ডলুর্ব্বামকরে স্রুবো হস্তে তু দক্ষিণে॥ দক্ষিণাধস্তথা মালা বামাধশ্চ তথা স্রুবঃ। আজ্যস্থালী বামপার্শ্বে বেদাঃ সর্ব্বেঽগ্রতঃ স্থিতাঃ॥ সাবিত্রী বামপার্শ্বস্থা দক্ষিণস্থা সরস্বতী॥ সর্ব্বে চ ঋষয়োহ্যগ্রে কুর্য্যাদেভিশ্চ চিন্তনং॥" ইতি ধ্যাত্বা স্বশিরসি পুষ্পং দত্ত্বা মানসোপচারৈঃ সংপূজ্য পুনর্ধ্যাত্বা-বাহ্য ওঁ ব্রহ্মণে নমঃ ইত্যনেনাথবা মূলেন ষোড়শোপচারৈঃ পূজয়েৎ। তৎ-মূলমন্ত্রো যথা,—পতৃতীয়শ্চ বহ্নিশ্চ শেষস্বরসমন্বিতঃ। চন্দ্রবিন্দুসমাযুক্তো ব্রহ্মমন্ত্রঃ প্রকীর্ত্তিতঃ। তত্র শালগ্রামে ব্রহ্মস্নানং পঞ্চগব্যৈঃ পঞ্চামৃতৈশ্চ তত্তন্মন্ত্রৈঃ স্নাপয়িত্বা সুরাস্ত্বামিত্যাদিনা দুর্গাপূজোক্তমহাস্নানমন্ত্রেণ শীতলজলেন দেবং স্নাপয়িত্বা ঘটে পূজামারভেৎ। ততো ব্রহ্মগায়ত্রীং পঠন্ পুষ্পাঞ্জলিত্রয়ং দদ্যাৎ। তত্র গায়ত্রী যথা, ওঁ পদ্মাসনায় বিদ্মহে হংসারূঢ়ায় ধীমহি। তন্নো ব্রহ্মন্নিতিপদং ততশ্চানু প্রচোদয়াৎ। পূজায়ামুপচারান্তে, নেত্ররঞ্জন রক্তকৌষেয়বস্ত্রাজ্য-পায়স-সর্পিস্তিল-শ্বেতচন্দন-রক্তচন্দনানি, অর্ঘ্যন্তু ক্ষীরেণ দদ্যাৎ। ভোজ্যাদীন্নুৎসৃজেৎ। অষ্টপত্রেষু পদ্মস্যাষ্টৌ দিক্‌পালান্ প্রপূজয়েৎ। পার্শ্বয়োঃ শঙ্করং বিষ্ণুং পূজয়েন্নরঃ। ততঃ পীঠদেবতাং পূজয়েদ্ যথা,—আধারশক্তিপ্রমুখাংস্তথা সর্ব্বাংস্তু পূজয়েৎ॥ স্রুবাদীন্ করসংস্থাংশ্চ মণ্ডলে পরিপূজয়েৎ। সরস্বতীঞ্চ সাবিত্রীং হংসং পদ্মং তথৈব চ॥ পীঠে সম্যক্ পূজয়িত্বা পরং নির্ব্বাণমাপ্নুয়াৎ। তত্র ঋষীন্ দেবাংশ্চ পূজয়েৎ॥ ততশ্ছাগাদি বলিং দত্ত্বা স্বশাখোক্তাং বামদেব্যগানান্ত-কুশণ্ডিকাং কুর্য্যাৎ। প্রকৃতহোমে তু ব্রহ্মগায়ত্র্যা সংকল্পিত-হোমং কুর্য্যাৎ॥ ততো মন্ত্রহীনং ক্রিয়াহীনমিত্যাদিকং পঠিত্বা প্রদক্ষিণী-কৃত্য "ওঁ নমোঽস্তু বিশ্বেশ্বর বিশ্বধাম জগৎ-সবিত্রে ভগবন্নমস্তে। সপ্তার্চ্চির্লোকায় চ ভূতলেশ সর্ব্বান্তরস্থায় নমো নমস্তে॥" ইতি দণ্ডবৎ প্রণমেৎ। ততো দেবদেবং ক্ষমস্বেতি বিসৃজ্য দক্ষিণাং কুর্য্যাৎ॥

ইতি ব্রহ্মাপূজা সমাপ্তা।

সীতানবমী-ব্রত।

তত্র পূর্ব্বদিনে সংযমং কৃত্বা সায়ংসময়ে অধিবাসয়েৎ। ততঃ পরদিনে প্রাতঃস্নানাদিকং কৃত্বা মধ্যাহ্ন সময়ে স্বস্তিবাচন-পূর্ব্বকং সঙ্কল্পং কুর্য্যাৎ। বিষ্ণু-রোমস্ত বৈশাখে মাসি মেষরাশিস্থে ভাস্করে শুক্লে পক্ষে নবম্যান্তিথৌ অমুক-গোত্রা শ্রীঅমুকী দেবী বা দাসী ধনধান্যাবৈধব্য-অন্তে বিষ্ণুলোক-গমনকামা গণপত্যাদি নানা দেবতা পূজাপূর্ব্বক শ্রীজানকীপূজোপবাস-ভবিষ্যপুরণোক্ত-কথা-শ্রবণ-রূপ সীতানবমী-ব্রতমহং করিষ্যে। ইতি সঙ্কল্প্য তৎসূক্তং পঠিত্বা ঘটস্থাপনং কুর্য্যাৎ। আসনশুদ্ধ্যাদিকং কৃত্বা গণেশাদি দেবতাঃ সম্পূজ্য মধ্যাহ্ন সময়ে জানকীং যথোপচারৈঃ সংপূজ্য ধ্যানং পঠেৎ। ওঁ চতুর্ভুজাং সুবর্ণাভাং রামালোকনতৎপরাং॥ শ্রীরাঘবান্বিতাং সীতাং চিন্তয়েদ্ধৃদি সর্ব্বদা। এবং ধ্যাত্বা পূজয়েৎ॥ জনকধ্যানং যথা।—ওঁ দেবী পদ্মালয়া সাক্ষাদবতীর্ণা যদালয়ে। মিথিলাপতয়ে তস্মৈ জনকায় নমো নমঃ। ইতি মন্ত্রেণ পূজয়েৎ॥ মহামতি ধ্যানং যথা।—শ্রীসীতানবমী মাতর্ম্মহিষী জনকস্য চ। পূজাং গৃহাণ মদ্দত্তাং মহামতি নমোঽস্তু তে। ইতি মন্ত্রেণ পূজয়েৎ॥ শতানন্দ ধ্যানং যথা।—নিধানং সর্ব্ববিদ্যানাং বিদ্বৎকুলবিভূষণঃ। জনকস্য পুরোধাস্ত্বং শতানন্দায় তে নমঃ। ইতি মন্ত্রেণ পূজয়েৎ॥ হলপূজা, ধ্যানং যথা ;—দারয়ন্নখিলং বিশ্বং চালয়ন্ বসুধাতলং। প্রাদুর্ভাবয়সে সীতাং সীর তুভ্যং নমোঽস্তু তে। ইতি মন্ত্রেণ পূজয়েৎ॥ সুভগা ধ্যানং যথা ;—ত্বয়ৈ-বোৎপাদিতং সর্ব্বং জগদেতচ্চরাচরং। ত্বমেকাসি মহামায়া মুনীনামপি মোহিনী। ত্বদায়ত্তা ইমে লোকাঃ শ্রীসীতা-বল্লভা পরা। বন্দনীয়াসি দেবানাং সুভগে ত্বাং নমাম্যহং। ইতি মন্ত্রেণ পূজয়েৎ॥ জয়া বিজয়াদি আবরণঞ্চ পূজয়েৎ স্তুত্বা প্রণমেৎ॥ হোমং কুর্য্যাৎ। ততঃ পরদিনে দশম্যাং পূর্ব্ববৎ জানকীং দশোপচারৈঃ পূজয়েৎ। বিসর্জ্জনং কৃত্বা কথাং শৃণুয়াৎ॥ গৌতমং প্রতি শিব উবাচ। বৈশাখে শুক্লপক্ষে তু অষ্টম্যাং সংযমং কুরু। পরেদ্যুর্বিকুরু-ষ্বৈতজ্জানকীজন্মনোব্রতং। সন্তুষ্টা জানকী তেন ভবিষ্যতি ন সংশয়ঃ। এতদ্‌ব্রতং মাধবে তু কর্ত্তব্যং শ্বো দ্বিজোত্তম॥ মাহাত্ম্যং তস্য গদিতুং নাস্তি মে নিশ্চলং মনঃ। অহং ভদ্রসলিলোঽস্মি শক্তস্তদ্‌ গদিতুং নহি॥ তস্মাদেকং বামনং তং মার্কণ্ডেয়াশ্রমেঽধুনা। গত্বা মুনীন্দ্রঃ সকলং মার্কণ্ডেয়োঽনুপৃচ্ছ্যতাং। সর্ব্বং নিবেদিতং তস্মৈ ব্রতমাহাত্ম্যমুত্তমং। বিধানং করিষ্যে কিং তস্য স মুনিস্তাং বদিষ্যতি। মার্কণ্ডেয়োপদিষ্টেন বিধিনাচর তদ্‌ব্রতং। যথাশক্ত্যাপি কুর্ব্বাণো

ব্রতস্যোৎসবমাদরাৎ। লপ্স্যসে সকলান্ কামান্নাত্র কার্য্যা বিচারণা॥ শ্রীমার্কণ্ডেয় উবাচ। ত্রেতাযুগে উত্তরাশাং গতে কমলিনী-পতৌ। সর্ব্বত্র নিকর-শ্রেষ্ঠঋতৌ তু কুসুমাকরে॥ মাসি পুণ্যতমে বিপ্র মাধবে মাধবপ্রিয়ে। নবম্যাং শুক্লপক্ষে চ বাসরে মঙ্গলে শুভে॥ সর্পঋক্ষে চ মধ্যাহ্নে জানকী জনকালয়ে। আবির্ভূতা স্বয়ং দেবী যোগেষু গতিরুত্তমা॥ এতদ্‌যোগে কৃতঞ্চৈতদ্ব্রতং প্রোক্ত-মনন্তকং। অষ্টম্যাং যদি বৃদ্ধিঃ স্যান্নবমী মাধবে সিতে॥ কুর্য্যান্নেদং ব্রতং তস্যা কৃতঞ্চেন্ন্যূনতা ভবেৎ। মধ্যাহ্ন-ব্যাপিনী গ্রাহ্যা ব্রতেহস্মিন্নবমী তিথিঃ। দিনদ্বয়ং গতায়াস্তু তস্যাং কার্য্যাপরা নরৈঃ। এতৈর্যোগৈর্ব্বিনাপি স্যাৎ তদ্দিনং পাপ-নাশনং॥ ব্রতানাং নিত্যমাখ্যাতং কর্ত্তব্যং ব্রতমুত্তমং। যস্তু ন কুরুতে মোহাৎ জানকী-জন্মসম্ভবং। ন্যূনং স পচ্যতে ঘোরে নরকে নাত্র সংশয়ঃ। তস্মিন্নহনি মূঢ়াত্মা ভুনক্ত্যন্নন্তু যো নরঃ॥ মুনে স কৃমিসংঙ্ঘাতং সপূযং খাদতি স্ফুটং। ন করোতি হি যঃ শ্রুত্বা ব্রতানামুত্তমং ব্রতং॥ স মহাপাতকী জ্ঞেয়ঃ সর্ব্বধর্ম্ম বহিস্কৃতঃ। কুরুতে যো ব্রতং সোহপি পৃথ্বীদানফলং লভেৎ॥ মহাষোড়শদানানাং যজ্ঞানাং মুনিপুঙ্গব। প্রাপ্নোতি সর্ব্বতীর্থানাং প্রাপ্নুয়াৎ সকলং ফলং॥ সর্ব্ব-ভূতদয়াং কৃত্বা ফলমাপ্নোতি যজ্জনঃ। তৎ প্রাপ্নোতি ব্রতাদস্মাৎ নাত্র কার্য্যা বিচারণা॥ অষ্টম্যাং প্রাতরুত্থায় কৃত্বা শৌচমতন্দ্রিতঃ। মহানদ্যাং তড়াগে বা কূপে বা পল্বলেহপি বা। স্নাত্বা কুর্য্যান্নিত্যকর্ম্ম প্রাতঃসন্ধ্যাদিবন্দনং। দেবান্ পিতৄংশ্চ সংতর্প্য হবিষ্যাশী চ সংযতঃ॥ পূপভুক্ ব্রহ্মচারী স্যাদ্ভূমিশায়ী চ গৌতমঃ। নবম্যাং প্রাত-রুত্থায় দান্তো ভূত্বা সমাহিতঃ॥ তীর্থাদৌ বিধিবৎ স্নাত্বা কৃতনিত্য-ক্রিয়ো নরঃ। কুর্ব্বীত মণ্ডপং রম্যং ষোড়শস্তম্ভমণ্ডিতং॥ অষ্টস্তম্ভযুতং বাপি চতুঃস্তম্ভমথাপি বা। তোরণং সহিতং কুর্য্যাদ্বিতানবরশোভিতং॥ দ্বারেষু শঙ্খচক্রাদিপতাকাভির্ধ্বজৈস্তথা। অলঙ্কুর্য্যাৎ প্রতিস্তম্ভং স্থাপয়েৎ কলসান্ শুভান্॥ শুদ্ধতণ্ডুলরাশিষু পূর্ণপাত্রৈরলঙ্কৃতান্। মধ্যে তু চত্বরং কুর্য্যাৎ চতুর্হস্ত-প্রমাণতঃ॥ হস্তমাত্রোচ্ছ্রিতং রম্যং চতুরস্রং মৃদা মুনে। পলদ্বয়মিতাং কুর্য্যাৎ জানকী-প্রতিমাং শুভাং। কাঞ্চনীমথবা শক্ত্যা কুর্য্যাদেকপলোন্মিতাং। তদর্দ্ধেন তদর্দ্ধেন কুর্য্যাচ্ছক্ত্যা চতুর্ভুজাং॥ বিত্তশাঠ্যমকৃত্বৈবং রাজতীমপি কারয়েৎ। ঔডুম্বরীং পৈত্তলীং বা মৃণ্ময়ীং বৃক্ষজামুত॥ কুড্যে পটেহথবালেখ্যাং কনকৈঃ প্রতিমাং বরাং। লেখ্যঞ্চ সূতিকাগারং সর্ব্বতশ্চ পটাবৃতং॥ পর্য্যঙ্কশয়নে সুপ্তা তত্র রাজ্ঞী মহামতিঃ। তস্যাঃ সমীপতঃ সুপ্তা মৈথিলী স্তনপায়িনী॥ জন্মকর্ম্ম-করো লেখ্যো জনকশ্চ মহীপতিঃ। শতানন্দঃ পুরোধাশ্চ লেখনীয়ঃ প্রযত্নতঃ।

ইত্যাদি-চরিতং লেখ্যং জানকী-জন্মসম্ভবং। যথাশক্তি হলং কুর্য্যাৎ কাঞ্চনং কিল গৌতম॥ রাজতং ক্ষেত্রমমলং স্বর্ণসিংহাসনং তথা। কুর্য্যাত্তাম্রময়ং কুম্ভং পূর্ণ-পত্রাবৃতং মুখে॥ তন্মধ্যে পঞ্চরত্নাদি-তীর্থাম্বু নিক্ষিপেন্মুনে। আচার্য্যং শাস্ত্র-কুশলং বেদাধ্যয়নকোবিদং॥ বৃণুয়াদ্বিমলাচারমবতংসাঙ্গদাসনৈঃ। অন্তরীয়োত্ত-রীয়ৈশ্চ পঞ্চগোত্রাদিভির্ব্রতী॥ শ্রীফলাদিভিরভ্যর্চ্চ্য গন্ধমাল্যানুলেপনৈঃ। বৃণু-য়াদ্বৈ বিধানেন ততঃ ষোড়শ ঋত্বিজঃ॥ বিদ্যাবতঃ সদাচারান্ অষ্টৌ বা ভক্তি-সংযুতঃ। মধ্যে বেদী সমালেখ্যা বিচিত্রৈর্ব্বর্ণকৈস্ততঃ॥ পদ্মমষ্টদলং তত্র স্থাপ-য়েৎ কলসং ততঃ। রত্নসিংহাসনং রম্যং সংস্থাপ্য বিজিতেন্দ্রিয়ঃ॥ তত্রাধিবাসনং কুর্য্যাদগ্ন্যুত্তারণপূর্ব্বকং। প্রতিমায়াং বিধানেন দেবীমাবাহয়েত্ততঃ॥ প্রাণানাযম্য মূলেন ত্রিরেকাগ্রেণ চেতসা। মূলমন্ত্রস্য জনকং মুনিং বিন্যস্য মূর্দ্ধনি॥ মুখে ছন্দশ্চ গায়ত্রীং সীতাদেবীং হৃদি ন্যসেৎ। নাভৌ তু বিন্যসেদ্ব্রহ্মন্ লক্ষ্মীবীজং সবিন্দুকং॥ পাদয়োশ্চ নমঃ শক্ত্যৈ ততো বিন্যস্য মন্ত্রবিৎ। শ্রীশ্রীমিত্যাদিভির্বীজৈর্দ্দীর্ঘষট্-স্বরসংযুতৈঃ॥ কৃত্বা করষড়ঙ্গেষু ন্যাসং ধ্যায়েত্ততোব্রতী। চতুর্ভুজাং সুবর্ণাভাং রামালোকনতৎপরাং॥ শ্রীরাঘবান্বিতাং সীতাং চিন্তয়েদ্ধৃদি সর্ব্বদা। এবং ধ্যাত্বা সমুচ্চার্য্য মূলমন্ত্রং কৃতাঞ্জলিঃ॥ সবিন্দু কমলাবীজং পূর্ব্বমুচ্চার্য্য গৌতম। সীতায়ৈ ইতি পশ্চাত্তু নমঃ শব্দং বদেৎ কিল॥ সম্পূজ্য প্রতিমাং রাত্রৌ কুর্য্যা-তদধিবাসনং। ব্রহ্মচারী ভূমিশায়ী তস্যাং রাত্রৌ ভবেদ্ব্রতী॥ তস্যাং নবম্যাং বিধিবৎ কৃত্বা শৌচমতন্দ্রিতঃ। নদ্যাদৌ বিমলে স্নাত্বা নিত্যকর্ম্ম বিধায় চ॥ ততস্তু প্রথমে যামে নিত্যপূজা-বিধিং ব্রতী। কৃত্বা দ্বিতীয় প্রহরে গীতবাদ্যপুরঃ-সরং॥ মধ্যাহ্নসময়ে ভক্ত্যা পূজয়েচ্চ বিধানতঃ। অর্চ্চয়েৎ তুলসীপত্রৈঃ কোমলৈ-র্মঞ্জরীযুতৈঃ॥ প্রতিমাং মূলমন্ত্রেণ শতমষ্টোত্তরং জপেৎ। ততঃ সংপূজয়েদ্বিদ্বান্ রাজানং জনকং ব্রতী॥ ততোঽষ্টদলমধ্যস্থা জয়াদ্যা ভক্তিতঃ ক্রমাৎ। সম্পূজয়ে-দ্বিশুদ্ধাত্মা গন্ধপুষ্পাক্ষতাদিভিঃ॥ স্তবৈশ্চেত্থং জানকীং দেবীং গীতবাদ্যাদিভির্ব্রতী। রাত্রৌ জাগরণং কৃত্বা তাং রাত্রিমপবাহয়েৎ॥ ততঃ প্রাতর্দ্দশম্যাঞ্চ পূর্ব্বোক্ত-বিধিনা দ্বিজ। ইত্থং নিগদিতং সর্ব্বং জানকীজন্মনো ব্রতং॥ কুর্ব্বন্তীন্দ্রাদয়ঃ সর্ব্বে সর্ব্বমেতদনুত্তমম্। গন্ধর্ব্বাঃ কিন্নরা যক্ষা গুহ্যকাঃ সিদ্ধচারণাঃ। নাগাশ্চ মুনয়-শ্চাপি প্রকুর্ব্বন্তি ব্রতং দ্বিজ॥ যঃ কুর্য্যাদ্ব্রতমেতদ্ধি জানকীজন্মসম্ভবং। স লভেৎ সকলং ব্রহ্মন্ পৃথ্বীযাত্রাফলং কিল॥ তথা ষোড়শদানানাং ফলমাপ্নোতি মানবঃ॥ অশ্বমেধাদিযজ্ঞানাং তীর্থানামপি গৌতম। অত্যুগ্রতপসা বাপি বেদোক্তায়ুশ্চ বিন্দতি॥ গৌতমেদং ব্রতং তস্মাদবশ্যং কুরু ভক্তিতঃ। নেদং

বক্তুং সমর্থাস্তে ফণীন্দ্রচতুরাননাঃ॥ কৃতাদ্ব্রতোত্তমাদস্মাদ্দীর্ঘায়ুঃ প্রাপ্তবানহং। ব্রতানাং নিত্যমাম্নাতং ভক্তিতঃ কুর্ব্বতাং সতাং॥ সূত উবাচ। মুনয়ে গৌতমায়েত্থং জানকীজন্মসম্ভবম্। ব্রতঞ্চ ব্রতমাহাত্ম্যং বিধানং শ্রুতিচোদিতং॥ জগাদ সকলং ব্যক্তং মার্কণ্ডেয়ো মুনীশ্বরঃ॥ ইতি ভবিষ্যপুরাণে শিবগৌতম সংবাদে শ্রীসীতানবমী ব্রতকথা সমাপ্তা॥ ওঁ তৎসৎ ওঁ তৎসৎ, ওঁ তৎসৎ ওঁ যদক্ষর-পরিভ্রষ্টং মাত্রাহীনঞ্চ যদ্ভবেৎ। পূর্ণং ভবতু তৎ সর্ব্বং ত্বৎ-প্রসাদাজ্জনার্দ্দন॥

ইতি সীতানবমীব্রতং সমাপ্তম্।

নৃসিংহচতুর্দ্দশী-ব্রত।

তত্র পূর্ব্বদিনে সংযমং বিধায় পরদিনে প্রাতঃস্নানাদিকং কৃত্বা সায়ংসময়ে স্বস্তিবাচ্য সংকল্পং কুর্য্যাৎ। শ্রীবিষ্ণুঃ বিষ্ণুরোম্ তৎসৎ ওঁ অদ্য বৈশাখে মাসি মেষরাশিস্থে ভাস্করে শুক্লে পক্ষে চতুর্দ্দশ্যান্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা গণপত্যাদি নানাদেবতা পূজাপূর্ব্বক সলক্ষ্মীক শ্রীভগবন্-নৃসিংহপূজা ব্রতোপবাস বৃহন্নারসিংহপুরাণোক্ত নৃসিংহচতুর্দ্দশী-ব্রতকথা-শ্রবণকর্ম্মাহং করিষ্যে। ইতি সংকল্প্য তৎসূক্তং পঠিত্বা আসনশুদ্ধ্যাদি ন্যাসানন্তরং গণেশাদি নানাদেবতাঃ সংপূজ্য। সলক্ষ্মীক ভগবন্নৃসিংহমাবাহয়েৎ। ততঃ সর্ব্বাগ্রে প্রহ্লাদং পূজয়েৎ। ধ্যানং যথা—প্রহ্লাদ-ক্লেশনাশায় যাহি পুণ্যা চতুর্দ্দশী। পূজয়েৎ তত্র যত্নেন হরেঃ প্রহ্লাদমগ্রতঃ। ইতি মন্ত্রেণ পূজয়েৎ। নৃসিংহং ধ্যাত্বা পূজয়েৎ। ধ্যানং যথা—"মাণিক্যাদ্রি-সমপ্রভং নিজরুচা সন্ত্রস্তরক্ষোগণং, জানুন্যস্ত-করাম্বুজং ত্রিনয়নং রত্নোল্লসদ্ ভূষণং। বাহুভ্যাং ধৃতশঙ্খচক্রমনিশং দংষ্ট্রোগ্রবক্ত্রোল্লসৎ, জ্বালাজিহ্বমুদারকেশরধরং বন্দে নৃসিংহং বিভুং॥" এবং ধ্যাত্বা ষোড়শোপচারৈঃ পূজয়েৎ। চন্দনমন্ত্রঃ। চন্দনং শীতলং দিব্যং চন্দ্র-কুঙ্কুম-মিলিতং। দদামি তে প্রত্যুষ্টয়র্থে নৃসিংহ পরমেশ্বর। পুষ্পমন্ত্রঃ। কালোদ্ভবানি পুষ্পানি তুলস্যাদীনি বৈ প্রভো। পূজয়ামি নৃসিংহেশং লক্ষ্ম্যা সহ নমোঽস্তু তে। ধূপমন্ত্রঃ। কালাগুরুময়ং ধূপং সর্ব্বদেবসুদুর্ল্লভং। করোমি তে মহাবিষ্ণো সর্ব্বকালসমৃদ্ধয়ে। দীপমন্ত্রঃ। দীপঃ পাপহরঃ প্রোক্তস্তমোরাশি-বিনাশনঃ। দীপেনালভ্যতে তেজস্তস্মাদ্দীপং দদামি তে। নৈবেদ্যমন্ত্রঃ। নৈবেদ্যং সৌখ্যদং চাস্তু ভক্ষ্যভোজ্যসমন্বিতং। দদামি তে রমাকান্ত সর্ব্বপাপক্ষয়ং কুরু। অর্ঘ্যমন্ত্রঃ। নৃসিংহাচ্যুত দেবেশ লক্ষ্মীকান্ত জগৎপতে। অনেনার্ঘ্যপ্রদানেন সফলাঃ স্যুর্মনোরথাঃ। পূজামন্ত্রঃ। পীতাম্বর মহাবিষ্ণো প্রহ্লাদভয়নাশকৃৎ।

যথাভূতার্চ্চনেনাথ যথোক্তফলদো ভবেৎ। রাত্রৌ জাগরণং কুর্য্যাৎ গীতবাদ্যৈ-র্নিশাং নয়েৎ॥ ততঃ প্রভাতে স্নানং কৃত্বা পূর্ব্বোক্তবিধানেন পূজয়েৎ। মদ্বংশে যে নরা জাতা যে জনিষ্যন্তি মৎপরম্। তাংস্ত্বমুদ্ধর দেবেশ দুঃসহাদ্ভবসাগরাৎ। পাতকার্ণবমগ্নস্য ব্যাধিদুঃখাম্বুরাশিভিঃ। তীব্রৈস্তু পরিভূতস্য মহাদুঃখং গতস্য মে। করাবলম্বনং দেহি শেষশায়িন্ জগৎপতে॥ শ্রীনৃসিংহ রমাকান্ত ভক্তানাং ভয়নাশন। ক্ষীরাম্বুনিধিবাসস্ত্বং প্রীয়মাণো জনার্দ্দনঃ। ব্রতেনানেন মে দেব ভুক্তিমুক্তিপ্রদো ভব॥ এবং প্রার্থয়েৎ। লক্ষ্মীং, শঙ্খং, চক্রং, গদাং, পদ্মং, গরুড়ং, শঙ্করং, শেষং, শ্রদ্ধাং, ধৃতিং, তুষ্টিং ওঁ আদি নমোঽন্তেন পূজয়েৎ। হোমং কৃত্বা বিসর্জ্জয়েৎ। ততঃ কথাং শৃণুয়াৎ॥ শ্রীপ্রহ্লাদ উবাচ। নমস্তে ভগবন্ বিষ্ণো নৃসিংহবপুষে নমঃ। ত্বদ্ভক্তোঽহং সুরাধীশ ত্বাং পৃচ্ছামি চ তত্ত্বতঃ। স্বামিন্ ত্বয়ি মমোৎপন্না ভক্তির্ব্বহুবিধায়িকা। কথং তে সুপ্রিয়ো জাতঃ কারণং বদ মে প্রভো॥ শ্রীনৃসিংহ উবাচ। কথয়ামি মহাপ্রাজ্ঞ শৃণুষ্বৈকাগ্রমানসঃ॥ ভক্তের্যৎ কারণং বৎস সুপ্রিয়স্য চ তৎ পুনঃ। পুরা-কল্পে হ্যভূর্বিপ্রঃ কিঞ্চিচ্চ নাপ্যধীতবান্। নাম্না চ বসুদেবোহি বেশ্যায়াং তৎপরোহ্যতি। তস্মিন্ জন্মনি নৈব ত্বং চকর্থ সুকৃতং কিয়ৎ। মুক্ত্বা তু মদ্ব্রতং চৈকং বেশ্যা-সঙ্গতিনাশনং। মদ্ব্রতস্য প্রভাবেণ ভক্তির্যাতা তবেদৃশী॥ শ্রীপ্রহ্লাদ উবাচ। শ্রীনৃসিংহাচ্যুত স্বামিন্ কস্য পুত্রেণ কিং কৃতং। বেশ্যায়াং বর্ত্তমানায়াং কথং তদ্ধি কৃতং ময়া। আখ্যানং বিস্তরেণেদং বক্তুমর্হসি সাম্প্রতং॥ নৃসিংহ উবাচ। পুরাবন্তীপুরেহ্যাসীদ্ব্রাহ্মণো বেদপারগঃ। তন্নাম বসুশর্ম্মেতি সর্ব্বলোকেষু বিশ্রুতঃ। নিত্যহোমক্রিয়ামেব করোতি দ্বিজসত্তমঃ। ব্রহ্ম-ক্রিয়াসু সততং সর্ব্বাসু কিল তৎপরঃ। অগ্নিষ্টোমাদিভির্যজ্ঞৈরিষ্টাঃ সর্ব্বে সুরোত্তমাঃ। তেনাপি বিদ্যমানেন ন কৃতং দুষ্কৃতং কিয়ৎ॥ তস্য ভার্য্যা সুশীলাভূদ্বিখ্যাতা ভুবনত্রয়ে। পতিব্রতা সদাচারা পতিভক্তিপরায়ণা। জজ্ঞি-রেচ সুতাঃ পঞ্চ তস্যাং দ্বিজবরাত্ততঃ। সদাচারাঃ সুবিদ্বাংসঃ পিতৃভক্তি-পরায়ণাঃ। তেষাং মধ্যে কনিষ্ঠস্তু বেশ্যায়াং তৎপরঃ সদা। তৎসন্নিবেশ-ষানেন সুরাপানং কৃতং ত্বয়া॥ সদা পাপরতস্ত্বং হি নাকৃতাধ্যয়নং ভৃশং। বিলাসিনীগৃহে নিত্যং বসতি হ্যভবত্তব। একদা তদ্গৃহে হ্যাসীত্ত্বয়া সহ মহান্ কলিঃ। ততঃ কলহভাবেন ভোজনং ন কৃতং ত্বয়া। অজ্ঞানান্মদ্ব্রতং চক্রে ব্রতানামুত্তমং ব্রতং। ত্বয়া সহ বিবাদেন রাত্রৌ জাগরণং কৃতং। বেশ্যায়া অপি তৎসর্ব্বং প্রজাতং তু ত্বয়া সমং। রাত্রৌ জাগরণৈস্তস্যাঃ সংজাতং

কায়শোধনং। যুবয়োর্ম্মদ্ব্রতং জ্ঞাতমজ্ঞানাদ্বহুপুণ্যদং। যেন চীর্ণব্রতেনাস্থ মোদন্তে দিবি দেবতাঃ। সৃষ্ট্যর্থস্তু ততো ব্রহ্মা চক্রে তদ্ব্রতমুত্তমং। মদ্ব্রতস্থ প্রভাবেণ নির্ম্মিতং সচরাচরং। ঈশ্বরেণাপি তচ্চীর্ণং বধার্থং ত্রিপুরস্থ চ। মহিম্নৈব ব্রতস্থাস্থ ত্রিপুরং সন্নিপাতিতং। অন্যৈশ্চ বহুভির্দ্দেবৈর্ঋষিভিশ্চ পুরাতনৈঃ। রাজভিশ্চ মহাপ্রাজ্ঞৈর্বিহিতং ব্রতমুত্তমং। এতদ্ব্রতপ্রভাবেণ সর্ব্বে সিদ্ধিমুপাগতাঃ। বেশ্যাপি মৎপ্রিয়া জাতা ত্রৈলোক্যেসুখচারিণী। ঈদৃশং মদ্ব্রতং বৎস ত্রৈলোক্যে চৈব বিশ্রুতং। ধূর্ত্তায়াশ্চ বিলাসিন্যা ব্রতমেতদুপস্থিতং। প্রহ্লাদ তেন তে ভক্তির্ময়ি জাতা হ্যনুত্তমা। সা বেশ্যা অপ্সরা জাতা দিবি ভোগাননেকশঃ। ভুক্ত্বা কামং বিলীনাতু ত্বং প্রহ্লাদ বিবেশ মাং। কার্য্যার্থমবতারস্তে মচ্ছরীরাৎ পৃথক্ তনৌ॥ বিধায় সর্ব্বকার্য্যাণি শীঘ্রং ময়ি গমিষ্যসি। য ইদং মদ্ব্রতাগ্র্যন্তু প্রবিধাস্যন্তি মানবাঃ। ন তেষাং পুনরাবৃত্তিঃ কল্পকোটিশতৈরপি। অপুত্রো লভতে পুত্রান্মদ্ভক্তাংশ্চ সুবর্চ্চসঃ। দরিদ্রো লভতে লক্ষ্মীং ধনদস্থ চ যাদৃশী। তেজস্কামো লভেত্তেজো রাজ্যেপ্সুঃ রাজ্যমুত্তমং। আয়ুস্কামো লভেদায়ুর্যাদৃশন্তু শিবস্থ চ। স্ত্রীণাং ব্রতমিদং সাধু পুত্রদং ভাগ্যদং তথা। অবৈধব্যকরং তাসাং পুত্রশোকবিনাশনং। ধনধান্যফলঞ্চৈব পতিপ্রিয়করং সুখং। সার্ব্বভৌমং সুখং তাসাং দিব্যং সৌখ্যং ভবেত্ততঃ। স্ত্রিয়ো বা পুরুষো বাপি কুর্ব্বন্তি ব্রতমুত্তমম্॥ তেভ্যো দদাম্যহং সৌখ্যং ভুক্তি-মুক্তি-ফলং তথা। বহুনোক্তেন কিং বৎস ব্রতস্থাস্থ ফলং নহি। মদ্ব্রতস্থ ফলং বক্তুং নাহং শক্তো ন শঙ্করঃ। ব্রহ্মা চতুর্ভির্ব্বক্ত্রৈশ্চ নালং স্যাজ্জীবিতাবধি। যথা যথা প্রবৃত্তিঃ স্যাৎ পাতকস্থ কলৌ যুগে। তথা তথা বিধাস্যন্তি মদ্ব্রতং বিরলং জনাঃ। মদ্ব্রতস্যাবিধানেন মতির্যেষাং দুরাত্মনাং। সদা পাপরতানাস্তু পুরুষাণাং বিকর্ম্মণি। বিচার্য্যৈব প্রকর্ত্তব্যং মাধবে মাসি তদ্ব্রতং। প্রাপ্তে ভূতদিনে বৎস সর্ব্বকল্মষনাশনং। যেনৈব ক্রিয়মাণেন সহস্রদ্বাদশীফলং। জায়তে ন মৃষা বচ্মি মানুষাণাং মহাত্মনাং। য ইদং শৃণুয়াদ্ভক্ত্যা ব্রতং পাপপ্রণাশনং। তস্থ শ্রবণমাত্রেণ ব্রহ্মহত্যাং ব্যপোহতি। পবিত্রং পরমং গুহ্যং কীর্ত্তয়েদ্যস্তু মানবঃ। সর্ব্বান্ কামানবাপ্নোতি ব্রতস্থাস্থ ফলং লভেৎ॥

ইতি শ্রীবৃহন্নারসিংহপুরাণে শ্রীভগবন্নৃসিংহ-প্রহ্লাদ-সংবাদে নৃসিংহচতুর্দ্দশী-ব্রতকথা সমাপ্তা।

সূতিকাষষ্ঠী-পূজা।

পুত্রজাতে ষষ্ঠ দিবসে প্রদোষসময়ে কৃতস্নানাদিঃ কৃতনিত্যক্রিয়ঃ সূতিকাগৃহে উদঙ্মুখ উপবিশ্যাচম্য স্বস্তিবাচনপূর্ব্বকং সূর্য্যঃ সোমঃ ইতি পঠিত্বা সঙ্কল্পং কুর্য্যাৎ। বিষ্ণুরোম্ তৎসদদ্যামুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা মমাভিজাতনবকুমারস্য সর্ব্বাপচ্ছান্তিপূর্ব্বকং দীর্ঘায়ুষ্ট্বকামো হবির্বলিদানানন্তরং গণেশাদিদেবতাপূজাপূর্ব্বকং ষষ্ঠীমার্কণ্ডেয়পূজাকর্ম্মাহং করিষ্যে। সূক্তং পঠিত্বা কুলাচারবৎ ঘটং সংস্থাপ্য আসনাদি ভূতশুদ্ধিং মাতৃকান্যাসং কুর্য্যাৎ। ঘটস্য সমীপে সপ্তমণ্ডলিকাঃ কৃত্বা তদুপরি কুশানাস্তীর্য্য তদুপরি সপ্তবটপত্রাণি সংস্থাপ্য তত্র মাষভক্তবলিং দদ্যাৎ। যথা—ওঁ ক্ষেত্রপাল নমস্তেঽস্তু সর্ব্বশান্তিফলপ্রদ। বালস্য বিঘ্ননাশায় প্রতিগৃহ্ণস্বিমং বলিং॥ এষ মাষভক্তবলিঃ ওঁ ক্ষেত্রপালেভ্যো নমঃ। ওঁ পূর্ব্বাদিদিগ্বিভাগেষু স্বস্থান-প্রতিবাসিনঃ। শান্তিং কুর্ব্বন্তু তে সর্ব্বে প্রতিগৃহ্ণন্ত্বিমং বলিং॥ এষ মাষভক্তবলিঃ ওঁ পূর্ব্বাদিদিগ্বাসিভ্যো নমঃ। ওঁ ভূতদৈত্য-পিশাচাশ্চ গন্ধর্ব্বাঃ রক্ষসাঙ্গণাঃ। শুভং কুর্ব্বন্তু তে সর্ব্বে প্রতিগৃহ্ণন্ত্বিমং বলিং॥ এষ মাষভক্তবলিঃ ওঁ ভূতদৈত্য পিশাচ-গন্ধর্ব্বরাক্ষসগণেভ্যো নমঃ। ওঁ নানারূপধরাঃ সর্ব্বাঃ মাতরো দেবযোনয়ঃ। রক্ষাং কুর্ব্বন্তু তাঃ সর্ব্বাস্তুষ্টা গৃহ্ণন্ত্বিমং বলিং॥ এষ মাষভক্তবলিঃ ওঁ নানারূপধরাভ্যো নমঃ। ওঁ আদিত্যাদি গ্রহা যে চ স্বস্থানে প্রতিবাসিনঃ। রক্ষাং কুর্ব্বন্তু তে সর্ব্বে মম গৃহস্বিমং বলিং॥ এষ মাষভক্তবলিঃ ওঁ আদিত্যাদি-গ্রহেভ্যো নমঃ। ওঁ ডাকিনী যোগিনীচৈব মাতরো নিবসন্তি যাঃ। শান্তিং কুর্ব্বন্তু তাঃ সর্ব্বা মম গৃহ্ণন্ত্বিমং বলিং॥ এষ মাষভক্তবলিঃ ওঁ ডাকিনী-যোগিন্যাদিভ্যো নমঃ। ওঁ দিক্‌পালা যে তথেন্দ্রাদ্যাঃ স্বস্থানে প্রতিবাসিনঃ। শান্তিং কুর্ব্বন্তু তে সর্ব্বে মম গৃহ্ণন্ত্বিমং বলিং॥ এষ মাষভক্তবলিঃ ওঁ ইন্দ্রাদিদিক্‌পালেভ্যো নমঃ। ততঃ ষামিত্যনেনাঙ্গন্যাসাদিকং বিধায় ধ্যায়েদ্-যথা—ওঁ দ্বিভুজাং হেমগৌরাঙ্গীং রত্নালঙ্কারভূষিতাং। বরদাভয়হস্তাঞ্চ শরচ্চন্দ্রনিভাননাং। পদ্মপত্রবিশালাক্ষীং পীনোন্নতপয়োধরাং। অঙ্কার্পিতসুতাং ষষ্ঠীমম্বুজস্থামহং ভজে। ইতি ধ্যাত্বা মানসোপচারৈঃ সম্পূজ্য অর্ঘ্য-স্থাপনং কৃত্বা পুনর্ধ্যাত্বা পূজাং কুর্য্যাৎ। ওঁ দ্বারপালেভ্যো নমঃ ইতি পাদ্যাদিভিঃ পূজয়েৎ। ওঁ দ্বারপাল নমস্তভ্যং সর্ব্বেষাং শ্রীফলপ্রদ। ত্বৎপ্রসাদাদবিঘ্নেন চিরং জীবতু বালকঃ। ওঁ খড়্গপাণে নমস্তভ্যং সর্ব্ববিঘ্ন-বিনাশন। ত্বৎপ্রসাদাদবিঘ্নেন চিরং

জীবতু বালকঃ। ততো গণেশং সম্পূজ্য প্রণমেৎ॥ ওঁ সর্ব্ববিঘ্নহরো দেব একদন্তো গজাননঃ। ষষ্ঠীগৃহেঽর্চ্চিতঃ প্রীত্যা শিশুং দীর্ঘায়ুষং কুরু। ততঃ পঞ্চদেবতা গ্রহদিক্‌পালান্ সম্পূজ্য জয়া বিজয়া অপরাজিতা কালী ভদ্রকালী মঙ্গলা সিদ্ধা লোহিতা পদ্মাসনাঃ আবাহয়েৎ। ওঁ আয়াহি বরদে দেবি মহাষষ্ঠীতি বিশ্রুতে। ধাত্রীরূপেণ মে পুত্রং ষষ্ঠাজাগরবাসরে। ষষ্ঠীমাবাহ্য আসনাদি ষোড়শোপচারৈঃ সম্পূজ্য পুষ্পাঞ্জলিং দত্ত্বা প্রণমেৎ॥ ওঁ জয়দেবি জগন্মাতর্জগদানন্দকারিণি। প্রসীদ মম কল্যাণি মহাষষ্ঠি নমোঽস্তু তে॥ শক্তিস্ত্বং সর্ব্বদেবানাং লোকানাং হিতকারিণী। ত্বমিমং রক্ষ মে পুত্রং ষষ্ঠীদেবি নমোঽস্তু তে॥ ওঁ ভূতদৈত্য-পিশাচেষু যোগিনী-ডাকিনীষু চ। মাতেব রক্ষ মে পুত্রমাপদি পন্নগেষু চ। ষষ্ঠীদেবি মহাভাগে ভক্তানামভয়প্রদে। বরদে ত্বৎপ্রসাদেন চিরঞ্জীবতু বালকঃ। ওঁ অস্মিংস্তু সূতিকাগারে দেবীভিঃ পরিবারিতে॥ রক্ষাং কুরু মহাভাগে সর্ব্বোপদ্রবনাশিনি। ততস্ত্রিশরণাদ্যাঃ পূজয়েৎ। ত্রিশরণা বৃদ্ধমাতা চ কটপূতনা। পূজনীয়া প্রযত্নেন জন্মদা জাতহারিণী। ওঁ জয়ন্তী মঙ্গলা কালী ভদ্রকালী কপালিনী। দুর্গা শিবা ক্ষমা ধাত্রী স্বাহা স্বধা নমোঽস্তু তে॥ ইতি পুষ্পাঞ্জলিনা পূজয়েৎ। ততো গৌর্য্যাদি ষোড়শমাতৃকাঃ ক্ষেত্রপালং মার্কণ্ডেয়ং চ পাদ্যাদিভিঃ পূজয়েৎ প্রণমেচ্চ॥ ওঁ মার্কণ্ডেয় মহাবাহো প্রার্থয়েঽহং কৃতাঞ্জলিঃ। চিরজীবী যথা ত্বং ভো তথা ভবতু মে সুতঃ। অশ্বত্থামাদীন্ পদ্মা দুর্গা মহালক্ষ্মী সরস্বতী নক্ষত্রযোগবারতিথিকরণাদীন্ পূজয়েৎ। কার্ত্তিকেয়ং পাদ্যাদিভিঃ সম্পূজ্য প্রণমেৎ॥ ওঁ কার্ত্তিকেয় মহাভাগ গৌরীহৃদয়নন্দন। বালং মে রক্ষ ভীতিভ্যঃ ষড়ানন নমোঽস্তু তে। ততো মন্থনদণ্ডং সম্পূজ্য প্রণমেৎ॥ ওঁ মন্থন মন্দরোঽসি ত্বং মথিতঃ সাগরস্ত্বয়া। তথা মমাপি পুত্রস্য মথ বিঘ্নং নমোঽস্তু তে। ততঃ খড়্গং সম্পূজ্য "ওঁ অসির্ব্বিশসন" ইত্যনেন প্রণমেৎ। বাসুদেবং সম্পূজ্য প্রণমেৎ॥ ওঁ বাসুদেব নমস্তভ্যং শঙ্খচক্রগদাধর। কুমারং রক্ষ ভীতিভ্যঃ শান্তিং কুরু নমোঽস্তু তে॥ ওঁ ত্রৈলোক্যপূজিতঃ শ্রীমন্ দৈত্যদর্পবিমর্দ্দনঃ। শান্তিং কুরু গদাপাণে নারায়ণ নমোঽস্তু তে। ততো গৃহমধ্যে বালকং ব্যজনে সংস্থাপ্য ষষ্ঠ্যৈ সমর্পয়েৎ॥ ওঁ দেবতানামৃষীণাঞ্চ ভক্তানামভয়প্রদে। মাতস্ত্বং রক্ষ মে পুত্রং মহাষষ্ঠি নমোঽস্তু তে॥ ওঁ জননী সর্ব্বভূতানাং বালানাঞ্চ বিশেষতঃ। নারায়ণি প্রসূতিস্ত্বং সুতং মে রক্ষ সর্ব্বদা॥ ওঁ জগদাদ্যে জগন্মাতর্জগদানন্দকারিণি। সমর্পিতো ময়া দেবি পাদয়োস্তব বালকঃ॥ নিজপুত্রবদেনং ত্বং কুরু দীর্ঘায়ুষং সদা। অয়ং মম কুলোৎ-

পন্নো রক্ষার্থং পাদয়োস্তব॥ নীতে ময়া মহাভাগে চিরং জীবতু বালকঃ॥ ইতি বালকং সমর্পয়েৎ। পুষ্পাঞ্জলিনা প্রণমেৎ॥ ওঁ বিশ্বেশ্বরি শিবে নিত্যে শিবদে শিবনায়িকে। সুতং মে রক্ষ যত্নেন শিবদা ভব সর্ব্বদা॥ ততঃ কুশেনাম্বুমার্জ্জনং কুর্য্যাৎ; ততঃ শ্বেতসর্ষপেণ রক্ষাং কৃত্বা দক্ষিণাচ্ছিদ্রাবধারণং কুর্য্যাৎ। তাং রাত্রিং খড়্গপাণিনা জাগরণং কুর্য্যাৎ। ধনুঃ কাণ্ডং গৃহে স্থাপয়েৎ। আচারাৎ বকুলপত্রেণ হোমং কুর্য্যাৎ। ঘৃতপ্রদীপং গোমুণ্ডঞ্চ স্থাপয়েৎ॥

ইতি সূতিকাষষ্ঠী-পূজা সমাপ্তা।

অশৌচ-ব্যবস্থা।

ঊনদ্বিবার্ষিকং প্রেতং নিদধ্যুর্ব্বান্ধবা বহিঃ।
অলঙ্কৃত্য শুচৌ ভূমাবস্থিসঞ্চয়নাদৃতে॥

যে বালক বা বালিকার দুই বৎসর বয়স পূর্ণ হয় নাই, তাহাদিগের মৃত্যু হইলে বান্ধবগণ গ্রামের বহির্ভাগে লইয়া গিয়া চন্দনাদি দ্বারা বিভূষিত করিবে এবং বিশুদ্ধ ভূমিগর্ভে প্রোথিত করিয়া রাখিবে। ইহার অস্থি-সঞ্চয়াদি কার্য্য করিবে না। দুই বৎসর বয়স্ক না হইলে দাহ করিবে না. দুই বৎসরের পরে দাহাধিকার হয়।

চাতুর্বর্ণাশৌচ-কথন।

শুধ্যেদ্বিপ্রো দশাহেন দ্বাদশাহেন ভূমিপঃ।
বৈশ্যঃ পঞ্চদশাহেন শূদ্রো মাসেন শুধ্যতি॥ মনুঃ।

সপিণ্ড জ্ঞাতির জন্ম কিম্বা মৃত্যু হইলে ব্রাহ্মণের দশদিন, ক্ষত্রিয়ের দ্বাদশ দিন, বৈশ্যের পঞ্চদশ দিন এবং শূদ্রের একমাস অশৌচ থাকে।

বিগতন্তু বিদেশস্থং শৃণুয়াদ্যো হ্যনির্দ্দশং।
যচ্ছেষং দশরাত্রস্ত তাবদেবাশুচির্ভবেৎ॥ মনুঃ।

বিদেশে কোন জ্ঞাতির মৃত্যু হইলে অশৌচের প্রথমদিনে তাহা না শুনিয়া কতিপয় দিবস গত হইলে যদি শুনিতে পায়, তবে অবশিষ্ট দিন অশৌচ গ্রহণ করিবে। অর্থাৎ যে দিন অশৌচ শ্রবণ করিবে, তাহার পর অশৌচের যে কয়েকদিন শেষ থাকে, সেই কয়েকদিন অশৌচ গ্রহণ করিবে।

স্ত্রী-অশৌচ।

ঊনদ্বিবর্ষান্মরণে সদ্যঃশৌচমুদাহৃতম্॥ কূর্ম্মপুরাণম্।

দুই বৎসর বয়স পূর্ণ হইতে না হইতে যদি কোন বালিকার মৃত্যু হয়, তাহা হইলে সকলের পক্ষে সদ্যঃশৌচ।

ততো বাগ্দানপর্য্যন্তং যাবদেকাহমিষ্যতে॥ আদিপুরাণম্।

দুই বৎসরের পরে বাগ্দান কাল পর্য্যন্ত বয়সের মধ্যে কোন বালিকার মৃত্যু হইলে সকলের পক্ষেই একদিন অশৌচ হয়।

বাক্প্রদানে কৃতে তত্র জ্ঞেয়ঞ্চোভয়তস্ত্র্যহং।
পিতুর্ব্বরস্য চ ততো দত্তানাং ভর্ত্তুরেব হি॥ আদিপুরাণম্।

কন্যার বাগ্দান হইয়া মৃত্যু হইলে পিতৃকুল ও ভর্ত্তৃকুল উভয় কুলেই ত্রিরাত্রি অশৌচ হয়। আর কন্যার বিবাহ হইয়া মৃত্যু হইলে ভর্ত্তৃকুলেই সম্পূর্ণ অশৌচ হয়।

আদন্তাৎ সোদরে সদ্য আচূড়াদেকরাত্রকং।
আপ্রদানাৎ ত্রিরাত্রং স্যাদ্দশরাত্রমতঃপরং। কূর্ম্মপুরাণম্।

দন্তজননকালের মধ্যে অর্থাৎ জননের পর ছয়মাস বয়সের মধ্যে কোন বালিকার মৃত্যু হইলে সোদর ভ্রাতার সদ্যঃশৌচ, দন্তজননের পর চূড়াকাল পর্য্যন্ত অর্থাৎ দুই বৎসরের মধ্যে বালিকার মৃত্যু হইলে সোদর ভ্রাতার এক রাত্র অশৌচ হয়। অনন্তর বাগ্দান কাল পর্য্যন্ত সোদরের ত্রিরাত্র অশৌচ হয়। ইহার পর কন্যার মরণে ভ্রাতার অশৌচ হয় না, অর্থাৎ কন্যার বিবাহ হইলে পতিকুলে সম্পূর্ণ অশৌচ হইবে।

দত্তাকন্যাশৌচ-ব্যবস্থা।

দত্তা কন্যা পিতুর্গেহে সূয়তে ম্রিয়তেঽথবা।
স্বমশৌচং চরেৎ সম্যক্ পৃথক্স্থানব্যবস্থিতা॥

যদি বিবাহিতা কন্যা পিতার গৃহে প্রসব করে, অথবা সেই গৃহেই তাহার মৃত্যু হয়, তাহা হইলে পিতামাতার ত্রিরাত্রি ও সোদর ভ্রাতার একরাত্র অশৌচ হয়। আর কন্যা পিতৃগৃহে প্রসব করিলেও পুত্রজননে একবিংশতি দিন এবং কন্যাজননে একমাস অশৌচ হয় এবং স্বামী ও তাহার সপিণ্ড জ্ঞাতিবর্গের সম্পূর্ণ অশৌচ হয়।

সপিণ্ডীকরণ-ব্যবস্থা।

প্রমীতৌ পিতরৌ যস্য দেহস্তস্যাশুচির্ভবেৎ।
নাপি দৈবং ন বা পৈত্র্যং যাবৎ পূর্ণো ন বৎসরঃ॥ দেবীপুরাণম্।

যাহার পিতা কিম্বা মাতার মরণ হয়, সংবৎসর পর্য্যন্ত তাহার দেহ অশুচি থাকে, এক বৎসরের মধ্যে তাহার দৈব বা পৈত্র্যকার্য্যে অধিকার থাকে না। সুতরাং পিতামাতার মরণের এক বৎসরের পরেই সপিণ্ডীকরণ করিবে।

পিতা বা মাতার মরণের পর এক বৎসরের মধ্যে পুত্রের এবং পতির মরণের এক বৎসরের মধ্যে পত্নীর নিত্য কর্ম্ম ব্যতীত অন্য কর্ম্মের অধিকার নাই, কিন্তু পিতার মরণ হইলে মাতার এবং মাতার মরণ হইলে পিতার একোদ্দিষ্ট শ্রাদ্ধ করিতে পারে।

যদি পিতা বা মাতার মরণের পর এক বৎসরের মধ্যে বৃদ্ধিশ্রাদ্ধ উপস্থিত হয়, অর্থাৎ অবিবাহিত কন্যার বিবাহকাল উত্তীর্ণ হয় এবং পুত্রের নামকরণ, অন্নপ্রাশন, চূড়াকরণ বা উপনয়নকাল উপস্থিত বা আভ্যুদয়িক শ্রাদ্ধ করিতে হয়, তাহা হইলে অপকর্ষ সপিণ্ডীকরণ অর্থাৎ বিবাহাদির পূর্ব্বদিনে সপিণ্ডীকরণ করিতে পারে।

পতিপুত্রবিহীনায়াঃ স্ত্রিয়া নাস্তি সপিণ্ডনম্॥

যে স্ত্রীর পতি বা পুত্র বর্ত্তমান নাই, তাহার সপিণ্ডীকরণ হইতে পারে না অর্থাৎ পতি বা পুত্র ভিন্নের স্ত্রী-সপিণ্ডনের অধিকার নাই।

অস্থিতেশ্চ শরীরস্য দ্বাদশাহঃ প্রশস্যতে॥

যে স্থলে এক পুত্রমাত্র স্ত্রীসপিণ্ডনের অধিকারী, সেই স্থলে মরণের পর দ্বাদশদিনে সপিণ্ডীকরণ করিতে পারে। কারণ মনুষ্যের শরীর অস্থায়ী, সুতরাং ঐ একমাত্র পুত্রের মরণ হইলে, আর সেই স্ত্রীর সপিণ্ডীকরণ হইতে পারে না, অতএব এক পুত্রস্থলে দ্বাদশাহে স্ত্রীসপিণ্ডন হইতে পারে। এইরূপ স্থলে সপিণ্ডীকরণ হইলেও এক বৎসর পর্য্যন্ত পুত্রাদির দেহাশুদ্ধি থাকে।

দ্রব্যশুদ্ধি।

সুবর্ণ-রৌপ্য-শঙ্খাশ্মশুক্তি-রত্নময়ানি চ।
কাংস্যায়স্তাম্ররৈত্যানি ত্রপুসীসময়ানি চ।
নির্লেপানি বিশুদ্ধ্যন্তি কেবলেন জলেন তু॥ ব্রহ্মপুরাণম্।

সুবর্ণ, রৌপ্য, শঙ্খ, প্রস্তর, শুক্তি, (ঝিনুক), রত্ননির্ম্মিত পাত্র অনুচ্ছিষ্ট। কাংস্যপাত্র, তাম্র, পিত্তল, লৌহ, রাঙ্গ ও সীসনির্ম্মিত দ্রব্য কেবল জলদ্বারা প্রক্ষালন করিলেই শুদ্ধ হয়।

শূদ্রোচ্ছিষ্টানি শুদ্ধ্যন্তি ত্রিধা ক্ষারাম্লবারিভিঃ।
সূতিকাসববিণ্মূত্র-রজঃস্বলাহতানি চ।
প্রক্ষিপ্তব্যানি তান্যগ্নৌ যচ্চ যাবৎ সহেদপি॥ ব্রহ্মপুরাণম্।

যে সকল ধাতুপাত্রে শূদ্র ভোজন করে, সেই সকল পাত্র তিনবার ক্ষার ও অম্লজল দ্বারা বিধৌত করিলেই বিশুদ্ধ হয় এবং যে পাত্র সূতিকা, মদিরা, বিষ্ঠা মূত্র ও রজঃস্বলা-সংস্পর্শনে অশুদ্ধ হয়, সেই পাত্র অগ্নিতে নিক্ষেপ করিয়া কিছুকাল দগ্ধ করিলেই শুদ্ধ হয়।

অম্ভসা হেম-রৌপ্যায়ঃ কাংস্যং শুধ্যতি ভস্মনা।
অম্লৈস্তাম্রঞ্চ রৈত্যঞ্চ পুনঃ পাকেন মৃণ্ময়ঃ॥ বৃহস্পতিঃ।

সোণা ও রূপার পাত্র জলদ্বারা বিধৌত করিলে এবং কাংস্যপাত্র ভস্মদ্বারা, তাম্র ও পিত্তলপাত্র অম্ল দ্বারা এবং মৃত্তিকাপাত্র অগ্নিপাক দ্বারা শুদ্ধ হয়।

ভিন্নকাংস্যে তু যোঽশ্নীয়াৎ নদ্যাং স্নাত্বা জপেদ্দ্বিজঃ।
গায়ত্র্যষ্টসহস্রন্তু একভক্তঃ সদা শুচিঃ॥ বৌধায়নঃ।

যদি কোন ব্রাহ্মণ ভগ্ন কাংস্যপাত্রে আহার করে, তবে সেই ব্রাহ্মণ নদীতে স্নান করিয়া অষ্টোত্তরসহস্র গায়ত্রী জপ ও একাহারী হইয়া থাকিলে শুদ্ধ হইতে পারে।

তাম্র-রজত-সুবর্ণাশ্ম-স্ফটিকানাং ভিন্নমভিন্নং॥ দেবলঃ।

তাম্র, রৌপ্য, স্বর্ণ, প্রস্তর ও স্ফটিক এই সকল দ্রব্য ভগ্ন ও অভগ্ন দুই সমান অর্থাৎ ঐ সকল পাত্র ভগ্ন হইলেও অশুদ্ধ হয় না।

আমমাংসং ঘৃতং ক্ষৌদ্রং স্নেহাশ্চ ফলসম্ভবাঃ।
ম্লেচ্ছভাণ্ডস্থিতা দুষ্যা নিষ্ক্রান্তাঃ শুচয়ঃ স্মৃতাঃ॥ যমঃ।

অপক্ক মাংস, ঘৃত, মধু, তৈল ও জল এই সকল দ্রব্য ম্লেচ্ছপাত্রে থাকিলে অশুদ্ধ হয় এবং ঐ সকল দ্রব্য সেই পাত্র হইতে অপর পাত্রে রাখিলে শুদ্ধ হয়।

যেষামভক্ষ্যমাংসঞ্চ তৎশরীরৈর্যুতঞ্চ যৎ।
বাপীকূপতড়াগেষু জলং সর্ব্বত্র দুষ্যতি॥

যে সমস্ত প্রাণীর মাংস অভক্ষ্য, তাহাদের মৃত শরীর কোন সরোবরাদির জলে পতিত হইলে সেই জল অশুদ্ধ হয়।

শতং ষষ্ট্যথবা ত্রিংশৎ তোয়কুম্ভান্ সমুদ্ধরেৎ।
পঞ্চগব্যং ততস্তেষু প্রক্ষিপেন্মন্ত্রপূর্ব্বকং॥

উক্তরূপে কোন সরোবরাদির জল অশুদ্ধ হইলে, সেই সরোবর হইতে একশত, পুষ্করিণী হইতে ষাইট এবং কূপ হইতে ত্রিশ কলসী জল ফেলিয়া দিবে। এবং মন্ত্রপূত পঞ্চগব্য সেই সরোবরাদিতে নিক্ষেপ করিলে তাহার জল শুদ্ধ হইবে।

প্রায়শ্চিত্ত-ব্যবস্থা।

তপস্যা, দান ও ব্রত প্রভৃতি যে সকল কর্ম্মদ্বারা সঞ্চিত পাপ নাশ হয়, সেই কার্য্যের নাম প্রায়শ্চিত্ত।

পাতক নববিধ।—অতিপাতক, মহাপাতক, অনুপাতক, উপপাতক, জাতিভ্রংশকর, সঙ্করীকরণ, অপাত্রীকরণ, মলাবহ ও প্রকীর্ণ।

অতিপাতক—জননী, কন্যা ও পুত্রবধূগমন।

মহাপাতক—ব্রহ্মহত্যা, সুরা (মদ্য) পান, স্তেয় (অশীতিরক্তিকা সুবর্ণ হরণ), গুরুপত্নী (মাতৃ-সপত্নী) গমন এবং উক্ত মহাপাতকীর সহিত সংসর্গ।

অনুপাতক—পিতৃব্যপত্নী, মাতামহী, মাতুলানী, শ্বাশুড়ী, রাজপত্নী, পিতৃ-মাতৃভগিনী, শ্রোত্রিয়পত্নী, পুরোহিতপত্নী, অধ্যাপকপত্নী, বন্ধুস্ত্রী, ভগিনীর সখী, সগোত্রা স্ত্রী, চণ্ডালী, রজঃস্বলা ও শরণাগত স্ত্রীগমন, জাতির উৎকর্ষার্থ মিথ্যা বাক্য বলা এবং গুরু (পিতৃ) সম্বন্ধে মিথ্যা বাক্য বলা।

উপপাতক—গোবধ, অযাজ্য-যাজন, পরস্ত্রী-গমন, গুরুজনের সেবা না করা ও পুত্রাদির অপরিপালন।

জাতিভ্রংশকর—ব্রাহ্মণপীড়ন, মিত্রপ্রবঞ্চনা, মদ্যের আঘ্রাণ লওয়া ও পুরুষমৈথুন।

সঙ্করীকরণ—গর্দ্দভ ও অশ্বাদি জন্তু বধ।

অপাত্রীকরণ—কুৎসিত বাণিজ্যকরণ, শূদ্রসেবা ও মিথ্যাবাক্য কথন।

মলাবহ—কৃমি, কীট ও পক্ষিবধ, মদ্যসংসৃষ্ট মাংস ভক্ষণ, পুষ্প ও কাষ্ঠহরণ।

প্রকীর্ণপাতক—যে সকল পাপের বিশেষ নামান্তর নাই।

অপালন-নিমিত্ত-গোবধ-ব্যবস্থা।—অপালন নিমিত্ত গোবধ হইলে ব্রাহ্মণ গোস্বামী একটী প্রাজাপত্য ব্রত করিবেন। তদশক্তে একটী ধেনু দান, কি তিন কাহন বরাটক (কড়ি) দান কর্ত্তব্য। শূদ্রের যৎকিঞ্চিৎ দক্ষিণার সহিত দুইটী প্রাজাপত্য, তদশক্তে ছয় কাহন বরাটক দান কর্ত্তব্য।

অপালন-নিমিত্ত-গোবধের ব্যবস্থাপত্র। "অপালন নিমিত্তক গোবধজনিত পাপক্ষয়ার্থিনা ব্রাহ্মণাদিনা ব্রতাদ্যাচরণাশক্তৌ ষট্‌কার্ষাপণ-কপর্দ্দক-দক্ষিণক-ষট্‌কার্ষাপণকপর্দ্দকদানরূপং প্রায়শ্চিত্তং করণীয়মিতি ব্যবস্থা।"

শূদ্রপক্ষে।—"অপালন-নিমিত্তক-গোবধ-জনিতপাপক্ষয়ার্থিনা শূদ্রেণ ব্রতাদ্যাচরণাশক্তৌ যৎকিঞ্চিদ্দক্ষিণক-ষট্‌কার্ষাপণ-কপর্দ্দকদানরূপং প্রায়শ্চিত্তং করণীয়মিতি ব্যবস্থা।"

উপবীতচ্ছেদন-প্রায়শ্চিত্ত।—ব্রাহ্মণ যদি অজ্ঞানতঃ ব্রাহ্মণের যজ্ঞোপবীত ছিন্ন করে, তবে মনস্তাপপূর্ব্বক শুদ্ধ হইবে। জ্ঞানতঃ করিলে প্রাণায়ামত্রয় করিয়া একদিন উপবাসী থাকিবে।

গোমাংসভক্ষণ-প্রায়শ্চিত্ত।—ব্রাহ্মণ অজ্ঞানপূর্ব্বক একবার গোমাংস ভক্ষণ করিলে প্রাজাপত্য বা তিন কাহন বরাটক দান করিবে।

বেশ্যাগমন-প্রায়শ্চিত্ত।—জ্ঞানতঃ একবার বেশ্যাগমনে সকল জাতিরই প্রাজাপত্য করিতে হয়, তদশক্তে ধেনুদান কি তন্মূল্য তিন কাহন কড়ি দান করিতে হইবে।

মূল্যনিরূপণং।

ধেনুঃ পঞ্চভিরাঢ্যানাং মধ্যানাং ত্রিপুরাণিকী।
কার্ষাপণৈকমূল্যা হি দরিদ্রাণাং প্রকীর্ত্তিতা॥

ধনবান্ ব্যক্তির পক্ষে এক এক ধেনুর মূল্য পঞ্চকার্ষাপণ (কাহন), মধ্যবিত্তের পক্ষে তিন কাহন এবং দরিদ্রের পক্ষে এক এক ধেনুর মূল্য এক এক কাহন নির্দ্দিষ্ট আছে।

ব্যবস্থাপত্র।

প্রাজাপত্যব্রতাচরণাশক্তেন পয়স্বিনী ধেনুরেকা দাতব্যা। তদশক্তৌ ধনিনা পঞ্চকার্ষাপণী, মধ্যবিত্তেন ত্রিকার্ষাপণী, দরিদ্রেণ এককার্ষাপণী-কপর্দ্দক-দানরূপং প্রায়শ্চিত্তং করণীয়মিতি ব্যবস্থা।"

চান্দ্রায়ণব্যবস্থা।

তত্তু চতুর্ব্বিধং।

পিপীলিকামধ্যাখ্যং, যবমধ্যাখ্যং, যতিচান্দ্রায়ণং,
শিশুচান্দ্রায়ণঞ্চেতি।

চান্দ্রায়ণব্রত চারি প্রকার শাস্ত্রে নির্দ্দিষ্ট আছে। যথা,—পিপীলিকা-মধ্যচান্দ্রায়ণ, যবমধ্যচান্দ্রায়ণ, যতিচান্দ্রায়ণ ও শিশুচান্দ্রায়ণ, ক্রমশঃ এই চতুর্ব্বিধ চান্দ্রায়ণের লক্ষণ কথিত হইতেছে।

একৈকং হ্রাসয়েৎ কৃষ্ণে শুক্লপক্ষে বিবর্দ্ধয়েৎ।
উপস্পৃশংস্ত্রিসবনমেতচ্চান্দ্রায়ণং স্মৃতং॥ পিপীলিকামধ্যচান্দ্রায়ণং।

পূর্ব্বে যে চারি প্রকার চান্দ্রায়ণ উক্ত হইয়াছে, তাহাদিগের মধ্যে প্রথমোক্ত পিপীলিকা-মধ্যচান্দ্রায়ণের লক্ষণ কথিত হইতেছে। প্রথমতঃ কৃষ্ণপক্ষের প্রতিপদে আরম্ভ করিয়া, অমাবস্যা পর্য্যন্ত এক এক দিনে এক এক গ্রাস হ্রাস করিয়া ভোজন করিবে, অর্থাৎ কৃষ্ণপ্রতিপদে ১৪ গ্রাস, দ্বিতীয়াদিনে ১৩ গ্রাস এবং তৃতীয়াদিনে ১২ গ্রাস ভোজন করিবে। এইরূপে হ্রাস করিতে করিতে অমাবস্যাদিনে উপবাস করিবে। পরে শুক্লা প্রতিপদ হইতে এক এক গ্রাস করিয়া বৃদ্ধি করিবে, অর্থাৎ শুক্লা প্রতিপদে ১ গ্রাস, দ্বিতীয়াতে ২ গ্রাস এবং তৃতীয়াতে ৩ গ্রাস আহার করিবে। এইরূপে ক্রমশঃ এক এক দিনে এক এক গ্রাস করিয়া বৃদ্ধি করিয়া পূর্ণিমাদিনে ১৫ গ্রাস ভোজন করিবে এবং প্রতিদিন তিন সন্ধ্যা স্নান করিবে। এইরূপে একমাস পর্য্যন্ত ব্রত করিলেই পিপীলিকামধ্যাখ্য চান্দ্রায়ণ হয়।

এবমেব বিধিং কৃৎস্নমাচরেদ্‌যবমধ্যমে।
শুক্লকৃষ্ণাদিনিয়তশ্চরংশ্চান্দ্রায়ণং ব্রতং॥

যবমধ্য চান্দ্রায়ণেও পূর্ব্ববৎ বিধি জানিবে, ইহার বিশেষ এই যে, এই চান্দ্রায়ণ শুক্লপক্ষের প্রতিপদে আরম্ভ করিতে হয়। অর্থাৎ শুক্লপ্রতিপদে এক গ্রাস, দ্বিতীয়াতে দুই গ্রাস এবং তৃতীয়াতে তিন গ্রাস, এইরূপে বৃদ্ধিক্রমে পূর্ণিমাদিনে ১৫ গ্রাস ভোজন করিয়া কৃষ্ণপক্ষের প্রতিপদ হইতে প্রতিদিন এক এক গ্রাস হ্রাস করিয়া অমাবস্যা দিনে উপবাস করিবে, এইরূপে আদি অন্তে হ্রাস ও মধ্যে স্থূল যবের ন্যায় আহারেরও আদি অন্তে অল্পতা এবং মধ্যে পুষ্টতাপ্রযুক্ত ইহার নাম যবমধ্যাখ্য চান্দ্রায়ণ হইয়াছে।

অষ্টাবষ্টৌ সমশ্নীয়াৎ পিণ্ডান্ মধ্যন্দিনে স্থিতে।
নিয়তাত্মা হবিষ্যাশী যতিচান্দ্রায়ণং চরেৎ॥

যতিচান্দ্রায়ণে প্রতিদিন সর্ব্বপ্রকার সংযত হইয়া থাকিবে এবং মধ্যাহ্ন সময়ে অষ্টগ্রাস মাত্র ভোজন করিবে। এইরূপ একমাস ব্রত করিলেই যতি-চান্দ্রায়ণ-ব্রত হয়।

চতুরঃ প্রাতরশ্নীয়াৎ পিণ্ডান্ বিপ্রঃ সমাহিতঃ।
চতুরোঽস্তমিতে সূর্য্যে শিশুচান্দ্রায়ণং স্মৃতং॥ মনুঃ।

শিশুচান্দ্রায়ণে প্রাতঃকালে চারিগ্রাস এবং সূর্য্যাস্তের পরে চারিগ্রাসমাত্র ভোজন করিবে। এইরূপে একমাস ব্রত করিলেই শিশুচান্দ্রায়ণ ব্রত হয়। পূর্ব্বে যে গ্রাসের কথা উক্ত হইল, ইহাতে যথেচ্ছরূপে গ্রাস গ্রহণ করিতে পারিবে না, ময়ূরাণ্ড প্রমাণ এক একটী গ্রাস গ্রহণ করিতে হইবে এবং সকল প্রকার চান্দ্রায়ণেই ত্রিসন্ধ্যা স্নান করিবে এবং সর্ব্বপ্রকার সংযত থাকিবে।

মুণ্ডন ব্যবস্থা।

বিদ্বদ্বিপ্রনৃপস্ত্রীণাং নেষ্যতে কেশবাপনং।
ঋতে মহাপাতকিনো গোহন্তুশ্চাবকীর্ণিনঃ॥ মিতাক্ষরা।

বিদ্বান্ বিপ্র, রাজা এবং স্ত্রী ইহাদিগের প্রায়শ্চিত্তে কেশবপন করিবে না, কিন্তু মহাপাতকী, গোহত্যাকারী ও অবকীর্ণ-পাপী ইহাদিগের প্রায়শ্চিত্তে কেশবপন করিবে।

স্ত্রীণাং বিশেষমাহ।

বপনং নৈব নারীণাং নানুব্রজ্যা-জপাদিকং।
ন গোষ্ঠে শয়নং তাসাং ন চাদধ্যাদ্গবাজিনং॥
সর্ব্বান্ কেশান্ সমুদ্ধৃত্য ছেদয়েদঙ্গুলিদ্বয়ং।
সর্ব্বত্রৈবং হি নারীণাং শিরসো মুণ্ডনং স্মৃতং॥ ভবদেবভট্ট।

স্ত্রীলোকের প্রায়শ্চিত্তে মুণ্ডন করিবে না, আর গোবধ-প্রায়শ্চিত্তে গবানু-গমন, গোমতী-মন্ত্র জপ, গোষ্ঠে শয়ন এবং গোচর্ম্ম পরিধানও স্ত্রীলোকের করিতে হয় না, কেবল মুণ্ডনকালে সমস্ত কেশ ধরিয়া তাহার দুই অঙ্গুলি পরিমাণ ছেদন করিলেই মুণ্ডন সিদ্ধ হইবে।

বিধবাপক্ষে—

বিধবা-কবরী-বন্ধো ভর্ত্তৃবন্ধায় কেবলং।
শিরসো মুণ্ডনং তস্মাৎ কার্য্যং বিধবয়া সদা॥

বিধবা নারী কেশবিন্যাস করিয়া কবরী বন্ধন করিলে সেই পাপের ফলে তাহার স্বামীর বন্ধন হয়, এই জন্য বিধবা স্ত্রী সর্ব্বদা কেশ মুণ্ডন করিবে।

চণ্ডালাদ্যন্নভক্ষণপ্রায়শ্চিত্তং।

অন্ত্যাবশায়িনামন্নমশ্নীয়াদ্‌যস্তু কামতঃ।
স তু চান্দ্রায়ণং কুর্য্যাত্তপ্তকৃচ্ছ্রমথাপি বা॥

কেহ স্বেচ্ছায় চণ্ডালাদি অন্ত্যাবশায়ীর অন্ন ভক্ষণ করিলে চান্দ্রায়ণ ব্রত করিবে, তাহাতে অশক্ত হইলে ২২৷৷০ কাহন কপর্দ্দক দান করিবে।

পরিশিষ্ট।

বিধি-বাক্য।

উদিতে জগতীনাথে যঃ কুর্য্যাদ্দন্তধাবনম্।
স পাপিষ্ঠঃ কথং ব্রূতে পূজয়ামি জনার্দ্দনম্॥

জগৎপতি সূর্য্যদেব উদিত হইলে যে ব্যক্তি দন্তধাবন করে, সেই পাপিষ্ঠ কিরূপে বলিবে যে "আমি বিষ্ণুপূজা করিব।"

দক্ষিণাভিমুখো ভূত্বা পশ্চিমাভিমুখস্তথা।
ন দন্তধাবনং কুর্য্যাৎ কুর্ব্বংশ্চেন্নারকী ভবেৎ॥

দক্ষিণ বা পশ্চিমমুখ হইয়া দন্তধাবন করিবে না। যে ব্যক্তি দক্ষিণ কি পশ্চিমমুখ হইয়া দন্তধাবন করে, সে নরকে গমন করিবে।

মধ্যমানামিকাভ্যাঞ্চ বৃদ্ধাঙ্গুষ্ঠেন চ দ্বিজঃ।
দন্তানাং ধাবনং কুর্য্যাত্তর্জ্জন্যা ন কদাচন॥

মধ্যমা, অনামিকা ও বৃদ্ধাঙ্গুলীদ্বারা দন্তধাবন করিবে। কিন্তু কদাচিৎ তর্জ্জনী অঙ্গুলী দ্বারা দন্তধাবন করিবে না।

অশ্বত্থ-বট-বিল্বানাং ধাত্র্যাঃ কাষ্ঠিকয়া বুধঃ।
ন দন্তধাবনং কুর্য্যাৎ কুর্য্যাচ্চেন্নারকী ভবেৎ॥

অশ্বত্থ, বট, বিল্ব ও আমলকী কাষ্ঠদ্বারা পণ্ডিতগণ দন্তধাবন করিবে না, উক্ত কাষ্ঠদ্বারা যে মনুষ্য দন্তধাবন করে, সে নরকগামী হইবে।

যঃ স্নানসময়ে কুর্য্যান্ন কুর্য্যাদ্দন্তধাবনম্।
নিরাশাঃ পিতরো যান্তি তস্য দেবাঃ সুরর্ষয়ঃ॥

যে মনুষ্য স্নানসময়ে দন্তধাবন করে, কিম্বা যথোক্ত সময়ে দন্তধাবন না করে, তাহার সম্বন্ধে পিতৃলোক নিরাশ হইয়া থাকেন।

দন্তস্য ধাবনং কুর্য্যাদ্যো মধ্যাহ্নাপরাহ্নয়োঃ।
তস্য পুষ্পং ন গৃহ্নন্তি দেবতাঃ পিতরো জলম্॥

যে ব্যক্তি মধ্যাহ্নকালে কি অপরাহ্নে দন্তধাবন করে তাহার দত্ত পুষ্প দেবগণ গ্রহণ করেন না, এবং সে তর্পণ করিলে সেই জল পিতৃলোকের অগ্রাহ্য হইয়া থাকে।

উপবাসদিনে বিপ্র পিতৃশ্রাদ্ধদিনে তথা।
ন তু তৎফলমাপ্নোতি দন্তধাবনকৃন্নরঃ॥

যে মনুষ্য উপবাসের দিন কি পিতৃশ্রাদ্ধের দিন দন্তধাবন করে তাহার উপবাসে কি পিতৃশ্রাদ্ধে ফল হইবে না।

প্রাতঃস্নানে ব্রতে শ্রাদ্ধে দ্বাদশ্যাং গ্রহণে তথা।
মদ্যলেপসমং তৈলং তস্মাত্তৈলং বিবর্জ্জয়েৎ॥

প্রাতঃস্নানের পূর্ব্বে, ব্রতদিবসে, শ্রাদ্ধদিনে, দ্বাদশী তিথিতে এবং গ্রহণ নিমিত্তক স্নানের পূর্ব্বে তৈলাভ্যঙ্গ করিলে তাহা মদ্যতুল্য হয়, অতএব উক্ত নিমিত্তক স্নানে তৈল বর্জ্জন করিবে।

তুলামকরমেষেষু প্রাতঃস্নানং বিধীয়তে।
হবিষ্যং ব্রহ্মচর্য্যঞ্চ মহাপাতকনাশনম্॥

সৌর কার্ত্তিক, মাঘ ও বৈশাখমাসে প্রাতঃস্নান, হবিষ্যান্নভোজন ও ব্রহ্মচর্য্য পালন করিলে মহাপাতক বিনষ্ট হয়।

অমাস্নানং গয়াশ্রাদ্ধং দক্ষিণামুখভোজনম্।
ন জীবৎ-পিতৃকঃ কুর্য্যাৎ কৃতে চ পিতৃহা ভবেৎ॥

যাহার পিতা বর্ত্তমান থাকে, সেই মনুষ্য অমাবস্যানিমিত্তক স্নান, গয়াশ্রাদ্ধ এবং দক্ষিণমুখ হইয়া ভোজন করিবে না, বস্তুতঃ জীবৎপিতৃক ব্যক্তি উক্ত কার্য্য সকল করিলে পিতৃবধের পাপ জন্মিবে।

করেণ মার্জ্জিতং গাত্রং স্নানবস্ত্রেণ বা যদি।
শুনোচ্ছিষ্টং ভবেদ্‌গাত্রং পুনঃ স্নানেন শুধ্যতি॥

হস্তদ্বারা কিম্বা স্নানবস্ত্রাদিদ্বারা গাত্রমার্জ্জন করিলে গাত্র কুক্কুরের উচ্ছিষ্ট তুল্য হয়; অতএব পুনরায় স্নান করিয়া বিশুদ্ধ হইবে।

ঈষদ্ধৌতং স্ত্রিয়া ধৌতং যদ্ধৌতং রজকেন তু।
অধৌতং তদ্বিজানীয়াদ্দশাদক্ষিণপশ্চিমম্॥

অল্পধৌত বস্ত্র, স্ত্রীকর্ত্তৃক ধৌত বস্ত্র আর রজককর্ত্তৃক ধৌত বসন অধৌত হয়। দক্ষিণ কিংবা পশ্চিমদিকে দশা রাখিয়া আর্দ্র বস্ত্র শুষ্ক করিবার নিমিত্ত রাখিলেও অধৌত তুল্য হইয়া থাকে।

শুষ্কশাকং বৃথামাংসং করেণ মথিতং দধি।
তর্জ্জন্যা দন্তকাষ্ঠঞ্চ সদ্যো গোমাংসভক্ষণম্॥

শুষ্কশাক, অবৈধ পশুবধ হইলে সেই পশুর মাংস ও কর-মথিত দধি

গোমাংস তুল্য হয়, আর তর্জ্জনী অঙ্গুলীধৃত দন্তকাষ্ঠদ্বারা দন্তধাবন করিলেও গোমাংস তুল্য হইয়া থাকে।

অভাবে দন্তকাষ্ঠানাং প্রতিষিদ্ধদিনে তথা।
অপাং দ্বাদশগণ্ডুষৈর্মুখশুদ্ধির্ব্বিধীয়তে॥

দন্তকাষ্ঠের অভাব হইলে এবং নিষিদ্ধ দিবসে দ্বাদশ গণ্ডুষ জলদ্বারা মুখ শোধন করিতে হইবে।

দেবার্চ্চাচমনস্নান-ব্রতশ্রাদ্ধক্রিয়াদিষু।
ন ভবেন্মুক্তকেশশ্চ নৈকবস্ত্রধরস্তথা॥

দেবার্চ্চনা, আচমন, স্নান, ব্রত ও শ্রাদ্ধাদি কর্ম্মকরণসময়ে মুক্তকেশ কিংবা একবস্ত্রধারী হইবে না।

যজ্ঞদানতপঃশ্রাদ্ধং স্বধা চ পিতৃতর্পণম্।
বৃথা ভবতি রাজেন্দ্র! ঊর্দ্ধপুণ্ড্রং বিনা কৃতম্॥

যদি কোন ব্যক্তি ঊর্দ্ধপুণ্ড্র ধারণ না করিয়া যজ্ঞ, দান, তপস্যা, শ্রাদ্ধ, দেবকার্য্য ও পিতৃতর্পণ প্রভৃতি করে, তবে তাহার সকলই বৃথা হয়।

ঊর্দ্ধং পুণ্ড্রং মৃদা কুর্য্যাত্রিপুণ্ড্রং ভস্মনা সদা।
তিলকং বৈ দ্বিজাঃ কুর্য্যুশ্চন্দনেন যথেচ্ছয়া॥

ঊর্দ্ধপুণ্ড্র মৃত্তিকাদ্বারা করিবে, ত্রিপুণ্ড্র ভস্মদ্বারা করিতে হয়, কিন্তু দ্বিজাতিগণ চন্দনদ্বারা ইচ্ছানুরূপে তিলক করিতে পারিবেন।

ঊর্দ্ধপুণ্ড্রং দ্বিজঃ কুর্য্যাৎ ক্ষত্রিয়শ্চ ত্রিপুণ্ড্রকম্।
অর্দ্ধচন্দ্রঞ্চ বৈশ্যশ্চ বর্ত্তুলং শূদ্রজাতিষু॥

ব্রাহ্মণ ঊর্দ্ধপুণ্ড্র ধারণ করিবেন, ক্ষত্রিয়ের ত্রিপুণ্ড্রক ধারণ কর্ত্তব্য, বৈশ্য অর্দ্ধচন্দ্রাকৃতি তিলক ধারণ করিবে, শূদ্রজাতিকে বর্ত্তুলাকার তিলক ধারণ করিতে হইবে।

আর্দ্রবাসাঃ কৃতাভ্যঙ্গো জলে তিষ্ঠতি যো নরঃ।
নমস্কৃতো নমস্কুর্য্যাদ্ধন্তি পুণ্যং পুরাকৃতম্॥

আর্দ্রবস্ত্র পরিধান থাকিলে, তৈলাভ্যঙ্গ করিলে অথবা জলে অবস্থিত হইলে নমস্কার গ্রহণ কি নমস্কার করিবে না, করিলে পূর্ব্বকৃত পুণ্য বিনষ্ট হইবে।

পুষ্পহস্তে বারিহস্তে তৈলাভ্যঙ্গে জলে স্থিতে।
আশীর্দ্দাতা নমস্কর্ত্তা উভৌ নরক-গামিনৌ॥

পুষ্প কিম্বা জল হস্তে থাকিলে তৈলাভ্যঙ্গ করিলে কিম্বা জলে অবস্থান

করিলে আশীর্ব্বাদ কি নমস্কার কিছুই করিতে হয় না, উক্ত অবস্থায় আশীর্ব্বাদ কিম্বা নমস্কার করিলে উভয় ব্যক্তিই নরকগামী হইয়া থাকে।

নবীনমৃণ্ময়ে পাকং কুরুতে যো নরাধমঃ।
অনলং যাচকে দদ্যাত্তৎপাকস্তস্য পাকবৎ॥

নূতন মৃত্তিকাপাত্রে হবিষ্যান্ন পাক করিবার সময়ে যে অগ্নিযাচককে অগ্নিদান করে, তাহার সেই পাক অগ্নিযাচকের পাকতুল্য হইবে।

শূদ্রায়াগ্নিঞ্চ যো দদ্যাৎ পাককালে বিশেষতঃ।
শূদ্রপক্কং ভবেদন্নং ব্রাহ্মণস্তদ্বিবর্জ্জয়েৎ॥

পাককালীন শূদ্রকে অগ্নিদান করিলে সেই অন্ন শূদ্রপাকান্ন তুল্য হয়, অতএব পাকসময়ে শূদ্রকে অগ্নিদান করিবে না;

আয়ুষ্যং প্রাঙ্মুখো ভুঙ্‌ক্তে যশস্যং দক্ষিণামুখঃ।
শ্রিয়ং প্রত্যঙ্মুখো ভুঙ্‌ক্তে ঋতং ভুঙ্‌ক্তে হ্যুদঙ্‌মুখঃ॥

আয়ুঃ কামনা করিলে পূর্ব্বমুখ হইয়া ভোজন করিবে, যশঃপ্রার্থী ব্যক্তির দক্ষিণমুখ হইয়া ভোজন করিতে হয়, আর শ্রীকামী ব্যক্তি পশ্চিমমুখ হইয়া ভোজন করিবে এবং নিষ্কাম মনুষ্যের উত্তরমুখ হইয়া ভোজন করা কর্ত্তব্য।

পরিবেশনকালে চ ভোক্তারং স্পৃশতে যদি।
তদুচ্ছিষ্টং ভবেদন্নং পত্নীবর্জ্জ্যমিতি স্মৃতিঃ॥

ভোজন সময়ে যদি পরিবেশক ভোক্তাকে স্পর্শ করে, তবে সেই অন্ন পরিবেশকের উচ্ছিষ্ট তুল্য হয়, কিন্তু পত্নী পরিবেশিকা হইয়া পতিকে স্পর্শ করিলে দোষজনক হইবে না, স্মৃতিশাস্ত্রের এই মত।

খাদিতার্দ্ধং পুনঃ খাদন্ মোদকানি ফলানি চ।
প্রত্যক্ষং লবণঞ্চৈব খাদন্ গোমাংসভক্ষকঃ॥

অর্দ্ধখাদিত মোদক ও ফল পুনর্ব্বার ভোজন এবং দৃষ্টলবণ ভক্ষণ করিলে গোমাংস তুল্য হইয়া থাকে।

অপোশনে চাচমনে পয়শ্চোষ্যেষু চ দ্বিজঃ।
শব্দং ন কারয়েদ্বিপ্রঃ কুর্য্যাচ্চেন্নারকী ভবেৎ॥

অপোশন—জলগণ্ডূষ পানকালে, আচমন সময়ে, জল দুগ্ধাদি তরল দ্রব্য পানকালীন এবং চোষ্য দ্রব্য খাওয়ার সময় দ্বিজাতিগণ শব্দ করিবে না, উক্ত সময়ে শব্দ করিলে নরকগামী হইতে হয়।

তাম্রপাত্রে পয়পানং উচ্ছিষ্টে ঘৃতভোজনম্।
দুগ্ধে চ লবণপ্রাশঃ সদ্যো গোমাংসভক্ষণম্॥

তাম্র পাত্রে দুগ্ধ (বা জল) পান, উচ্ছিষ্টে ঘৃত ভক্ষণ এবং দুগ্ধে লবণ মিশ্রিত করিয়া ভোজন করিলে গোমাংস তুল্য হয়।

শণশাকং বৃথামাংসং দগ্ধমীনস্য মস্তকম্।
বার্ত্তাকীমন্নপাকেন খাদন্ গোমাংসভক্ষকঃ॥

শণশাক, অবৈধ মাংস, দগ্ধ মৎস্যের মস্তক এবং অন্নসিদ্ধ বার্ত্তাকী ভোজন করিলে তাহা গোমাংস তুল্য হয়।

গোবর্জ্জ্যমামিষং ক্ষীরং ফলে জম্বীরমামিষম্।
আমিষং রক্তশাকঞ্চ সর্ব্বঞ্চ দগ্ধ-মামিষম্॥

গোদুগ্ধ ভিন্ন দুগ্ধকে আমিষ বলা যায়, ফলের মধ্যে জম্বীর আমিষ, রক্তশাকও আমিষের মধ্যে ব্যবহৃত হয় এবং দগ্ধ সমস্ত দ্রব্যই আমিষ হইয়া থাকে।

অলাবুর্ব্বর্ত্তুলাকারা বার্ত্তাকী দুগ্ধবর্ণিকা।
প্রাণান্তেঽপি ন ভোক্তব্যং দগ্ধমন্নং কলম্বিকা॥

বর্ত্তুলাকার অলাবু (লাউ), দুগ্ধবর্ণবার্ত্তাকী (বেগুণ), দগ্ধ অন্ন এবং কলম্বী শাক প্রাণান্তেও ভোজন করিবে না।

মাষমামিষমৎস্যঞ্চ মসূরং নিম্বপত্রকম্।
ভক্ষয়েদ্যো রবের্বারে সপ্তজন্মন্যপুত্রকঃ॥

মাষ (কলাই), মৎস্য, মাংস, মসূর ও নিম্বপত্র এই সকল দ্রব্য যে ব্যক্তি রবিবারে ভক্ষণ করে, সে সপ্ত জন্ম অপুত্রক হইয়া থাকে।

নিম্বং মাংসং মসূরঞ্চ বিল্বং কাঞ্জিকমার্দ্রকম্।
ভক্ষয়েদ্যো রবের্বারে সপ্তজন্মন্যপুত্রকঃ॥

নিম্ব, মাংস, মসূর, বিল্ব, কাঞ্জিক (কাঁজি) ও আর্দ্রক যে ব্যক্তি রবিবারে ভক্ষণ করে, সে সপ্তজন্ম পর্য্যন্ত অপুত্রক হয়।

আর্দ্রকং মধুপানঞ্চ যঃ করোতি রবের্দ্দিনে।
সপ্তজন্ম ভবেদ্রোগী জন্ম জন্ম দরিদ্রতা॥

যে ব্যক্তি রবিবারে আর্দ্রক ভক্ষণ কি মধুপান করে, সে সপ্তজন্ম পর্য্যন্ত রোগযুক্ত হয় এবং প্রতি জন্মে দরিদ্রতা লাভ করে।

যানি কানি চ পাপানি ব্রহ্মহত্যাদিকানি চ।
অন্নমাশ্রিত্য তিষ্ঠন্তি সংপ্রাপ্তে হরিবাসরে॥

ব্রহ্মহত্যা প্রভৃতি যে সকল পাপ উক্ত আছে, তাহা একাদশীর উপবাসের দিন অন্নকে আশ্রয় করিয়া থাকে।

দশম্যেকাদশী বিদ্ধা গান্ধারী তামুপাসিতা।
তস্যাঃ পুত্রশতং নষ্টং তস্মাত্তাং পরিবর্জ্জয়েৎ॥

দশমীযুক্তা একাদশীতে গান্ধারী উপবাস করিয়াছিলেন, তাহাতে তাঁহার শতপুত্র বিনষ্ট হয়, অতএব দশমীযুক্তা একাদশীতে উপবাস করিবে না।

দ্বাদশ্যাঃ প্রথমঃ পাদো হরিবাসরসংজ্ঞকঃ।
তমতিক্রম্য কুর্ব্বীত পারণং বিষ্ণুতৎপরঃ॥

দ্বাদশী তিথির প্রথম পাদের নাম হরিবাসর, বিষ্ণুপরায়ণ ব্যক্তি তাহা পরিত্যাগ করিয়া একাদশীর পারণ করিবে।

নক্তং হবিষ্যান্নমনোদনং বা ফলং তিলাঃ ক্ষীরমথাম্বু চাজ্যম্।
যৎপঞ্চগব্যং যদি বাথ বায়ুঃ প্রশস্তমত্রোত্তরমুত্তরঞ্চ॥

নক্ত * ভোজন সময়ে হবিষ্যান্ন, ওদনভিন্ন ভোজ্যবস্তু, ফল, তিল, দুগ্ধ, জল, ঘৃত, পঞ্চগব্য ও বায়ু এই সকল উপবাসের অনুকল্প উত্তরোত্তর অর্থাৎ পর পর প্রশস্ত হয়।

মচ্ছয়নে মদুত্থানে মৎপার্শ্ব-পরিবর্ত্তনে।
ফলমূলজলাহারী হৃদি শল্যং সমর্পয়েৎ॥

ভগবান্ শ্রীকৃষ্ণ বলিয়াছেন—"আমার শয়ন, উত্থান ও পার্শ্বপরিবর্ত্তন একাদশীতে ফল, মূল, জল ও আহার করিলে আমার হৃদয়ে শল্য অর্পণ করা হয়।

অক্ষক্রীড়া দিবানিদ্রা পুনর্ভোজনমৈথুনম্।
শাকং দধি পরান্নঞ্চ বর্জ্জয়েৎ পারণা-দিনে॥

পাশাখেলা, দিবানিদ্রা, দ্বিভোজন, মৈথুন, শাক, দধি ও পরান্ন এই সকল পারণ দিনে ত্যাগ করিতে হইবে।

দিবসস্যাষ্টমে ভাগে মন্দীভূতে দিবাকরে।
তচ্চনক্তং বিজানীয়ান্ন নক্তং নিশিভোজনম্॥

চতুর্দ্দশ্যষ্টমী চৈব অমাবস্যাথ পূর্ণিমা।
পর্ব্বাণ্যেতানি রাজেন্দ্র রবিসংক্রান্তিরেব চ ॥
স্ত্রীতৈলমাংসসম্ভোগী পর্ব্বস্বেতেষু বৈ পুমান্।
বিন্মূত্রভোজনং নাম প্রয়াতি নরকং মৃতঃ ॥

চতুর্দ্দশী, অষ্টমী, অমাবস্যা, পূর্ণিমা ও সংক্রান্তি এই সকল পর্ব্বনামে খ্যাত, ইহাতে স্ত্রী-সেবন, তৈল-ম্রক্ষণ ও মাংস ভক্ষণ করিবে না। এই পঞ্চপর্ব্বে যে ব্যক্তি ঐ সকল কার্য্য করে, সে জীবনান্তে বিন্মূত্রভোজননামক নরকে বসতি করে।

কার্ত্তিকে মাসি যো দদ্যাৎ প্রদীপং সর্পিরাদিনা।
আকাশে মণ্ডপে বাপি স চাক্ষয়ফলং লভেৎ ॥

যে ব্যক্তি সৌর কার্ত্তিকমাসে ঘৃতাদিদ্বারা প্রদীপ জ্বালিয়া শূন্যমণ্ডলে কিংবা দেবমণ্ডপে প্রদান করে, তাহার অক্ষয় ফল হইয়া থাকে।

সংক্রান্ত্যাং পক্ষয়োরন্তে দ্বাদশ্যাং শ্রাদ্ধবাসরে।
সায়ংসন্ধ্যাং ন কুর্ব্বীত কৃতে চ পিতৃহা ভবেৎ ॥

সংক্রান্তিতে, অমাবস্যায়, পূর্ণিমায়, দ্বাদশী তিথিতে এবং শ্রাদ্ধদিনে সায়ংসন্ধ্যা করিবে না, যে ব্যক্তি উক্ত সকল নিষিদ্ধ দিনে সায়ংসন্ধ্যা করে, তাহার পিতৃবধের পাতক জন্মিবে।

সংক্রান্ত্যাং পক্ষয়োরন্তে দ্বাদশ্যাং নিশি সন্ধ্যয়োঃ।
তুলসীচ্ছেদনেনৈব বিষ্ণোঃ শিরোবিকর্ত্তনম্ ॥

সংক্রান্তিতে, পূর্ণিমায়, অমাবস্যায়, দ্বাদশীতে এবং রাত্রি ও সন্ধ্যাসময়ে তুলসীপত্র চয়ন করিলে, বিষ্ণুর মস্তক ছেদন করিলে যে পাপ হয়, সেইরূপ পাতক জন্মিয়া থাকে।

স্বনির্ম্মিতং ধৃতং মাল্যং স্বয়ং ঘৃষ্টঞ্চ চন্দনম্।
নাপিতস্য গৃহে ক্ষৌরং শক্রাদপি হরেচ্ছ্রিয়ম ॥

স্বগ্রথিত মাল্য ধারণ, স্বকীয় ঘৃষ্ট চন্দন দ্বারা অঙ্গলেপন ও নাপিতের গৃহে ক্ষৌরকর্ম্ম করিলে লক্ষ্মী ইন্দ্রকেও পরিত্যাগ করিয়া থাকেন।

অজরজঃ স্ত্রিয়া রজো গৃহসম্মার্জ্জনীরজঃ।
সূর্পবাতং স্পৃশেদঙ্গে শক্রাদপি হরেচ্ছ্রিয়ম্ ॥

ছাগরজ, স্ত্রীর পদরজ ও গৃহসম্মার্জ্জনীর ধূলী এবং সূর্প-বায়ু গাত্রে স্পর্শ হইলে ইন্দ্রকেও শ্রীহীন হইতে হয়।

রবৌ দুঃখং সুখং চন্দ্রে কুজে মৃত্যুর্ব্বুধে বলম্।
মানং হন্তি গুরোর্ব্বারে শুক্রে শুক্রক্ষয়ো ভবেৎ।
শনৌ চ সর্ব্বদোষাণি ক্ষৌরকর্ম্মাণি বর্জ্জয়েৎ॥

রবিবারে ক্ষৌরি হইলে দুঃখ পায়, এইরূপ সোমবারে সুখ, মঙ্গলে মৃত্যু, বুধে বলবৃদ্ধি, বৃহস্পতিতে মানহানি, শুক্রে বীর্য্যহানি এবং শনিবারে ক্ষৌরকর্ম্ম করাইলে সমস্ত দোষ হয়; অতএব নিষিদ্ধবারে ক্ষৌরকর্ম্ম পরিত্যাগ করিবে।

মন্দমঙ্গলষষ্ঠীষু দ্বাদশ্যাং শ্রাদ্ধবাসরে।
বস্ত্রাণাং ক্ষারসংযোগাদ্দহত্যাসপ্তমং কুলম্॥

শনি মঙ্গলবারে, ষষ্ঠী ও দ্বাদশী তিথিতে এবং শ্রাদ্ধদিনে বস্ত্রে ক্ষার সংযোগ করিলে সপ্তমকুল পর্য্যন্ত দগ্ধ হয়।

নারিকেলোদকং কাংস্যে তাম্রপাত্রে স্থিতং মধু।
গব্যঞ্চ তাম্রপাত্রস্থং মদ্যতুল্যং ঘৃতং বিনা॥

কাসার পাত্রে নারিকেল জল এবং তাম্রপাত্রে মধু ও ঘৃত ভিন্ন গব্য রাখিলে তাহা মদ্যতুল্য হয়।

মকরে মূলকঞ্চৈব সিংহে চালাবুকস্তথা।
কার্ত্তিকে শূরণং ভক্ষেৎ গোমাংসাশী ভবেন্নরঃ॥

সৌর মাঘমাসে মূলা, ভাদ্রে লাউ এবং কার্ত্তিকে ওল খাইলে তাহা গোমাংস তুল্য হয়।

মক্ষিকা সন্ততির্দ্দারা মার্জ্জারো ব্রহ্মবিন্দবঃ।
স্ত্রীমুখং বালকাস্যঞ্চ ন দুষ্টং মনুরব্রবীৎ॥

মক্ষিকা, স্বীয় সন্তান ও ভার্য্যা, মার্জ্জার, ব্রহ্মবিন্দু (বেদপাঠকালীন মুখ নির্গত বিন্দু) এবং স্ত্রীর মুখ ও বালকের মুখ অদূষণীয়, অশুচি হয় না।

কলম্বীঞ্চ সুরঙ্গঞ্চ বার্ত্তাকীং নাগরস্তথা।
ভক্ষয়েদ্‌যো হবিষ্যে চ গোমাংসাশী নিগদ্যতে॥

কলম্বী, নাগরঙ্গ, বার্ত্তাকী ও নাগর হবিষ্যান্নভোজী ভক্ষণ করিলে তাহাকে গোমাংসাশী বলা যায়।

সূর্য্যগ্রহে তু নাশ্নীয়াৎ পূর্ব্বং যামচতুষ্টয়ম্।
চন্দ্রগ্রহে তু যামাংস্ত্রীন্ বালবৃদ্ধাতুরৈর্ব্বিনা॥

বালক, বৃদ্ধ ও পীড়িত ভিন্ন মনুষ্য সূর্য্যগ্রহণের চারি প্রহর ও চন্দ্রগ্রহণের তিন প্রহর পূর্ব্ব হইতে ভোজন করিবে না।

একতারং নভো দৃষ্ট্বা স্মর্ত্তব্যো নারদো মুনিঃ।
তাবদ্ভবতি চণ্ডালো যাবদন্যন্ন পশ্যতি॥

আকাশে একটী নক্ষত্র দৃষ্ট হইলে নারদ মুনিকে স্মরণ করিতে হয়। কিন্তু যে পর্য্যন্ত দ্বিতীয় নক্ষত্র দর্শন না হইবে, তাবৎকাল চণ্ডালতুল্য অশুচি হইয়া থাকে।

দানং ব্রতং তপো যজ্ঞঃ শ্রাদ্ধঞ্চ পিতৃতর্পণম্।
সকলং নিষ্ফলং রাজন্ হরিসংকীর্ত্তনং বিনা॥

দান, ব্রত, তপস্যা, যজ্ঞ, শ্রাদ্ধ ও পিতৃতর্পণ প্রভৃতি সৎকর্ম্ম হরিসংকীর্ত্তন ভিন্ন সমস্তই নিষ্ফল হয়।

আসনে পদমারোপ্য যো ভুঙ্‌ক্তে ব্রাহ্মণঃ ক্বচিৎ।
গ্রাসে গ্রাসে মলং ভুঙ্‌ক্তে পানীয়ং রুধিরং ভবেৎ॥

আসনে চরণ রাখিয়া যে ব্রাহ্মণ ভোজন করে, তাহার ভুক্তান্ন মল সদৃশ এবং পানীয় জল শোণিতসম হইয়া থাকে।

যদা ভোজনকালে তু দীপনির্ব্বাপণং ভবেৎ।
করেণ পাত্রমাচ্ছাদ্য মনসা ভাস্করং স্মরেৎ॥

ভোজনকালে প্রদীপ যদি নির্ব্বাপিত হয়, তবে হস্তদ্বারা ভোজনপাত্র আচ্ছাদন করিয়া মনে মনে ভাস্করকে স্মরণ করিবে।

অপ্রক্ষাল্য পাণিপাদৌ স্নাত্বা গচ্ছতি মন্দিরম্।
সংবৎসরকৃতং পুণ্যং তৎক্ষণাদেব নশ্যতি॥

যে ব্যক্তি স্নানানন্তর হস্তপদাদি প্রক্ষালন না করিয়া গৃহে প্রবেশ করে, তাহার সংবৎসরকৃত পুণ্য তৎক্ষণাৎ বিনষ্ট হয়।

বিনা পাদেন ধৌতেন স্নাত্বা গচ্ছতি মন্দিরম্।
বর্ষ-কৃতানি ধর্ম্মাণি তৎক্ষণাদেব নশ্যতি॥

স্নানের পরে পদধৌত না করিয়া যে ব্যক্তি গৃহে প্রবেশ করে, তাহার এক-বর্ষকৃত ধর্ম্ম তৎক্ষণাৎ বিনষ্ট হয়।

গৃহে সম্পূর্ণমাচারং প্রবাসে চ তদর্দ্ধকম্।
তদর্দ্ধং তীর্থযাত্রায়াং পথি শূদ্রবদাচরেৎ॥

যে জাতির যে আচার নির্দ্দিষ্ট আছে, তাহা স্বগৃহে সম্পূর্ণরূপে প্রতিপালন করিতে হয়। প্রবাসে সম্যক্‌রূপে পালন করিতে না পারিলেও দোষ হইবে না,

কিন্তু অর্দ্ধ আচার পালন করিতে হইবে। এইরূপ তীর্থযাত্রাতে চতুর্থাংশ এবং পথে শূদ্রপ্রায়—অর্থাৎ শূদ্রদিগের যেরূপ আচার শাস্ত্রে বিহিত, দ্বিজাতিগণ সেইরূপ করিলেও দোষ হইবে না।

কুষ্মাণ্ডে চার্থহানিঃ স্যাদ্বৃহত্যাং ন স্মরেদ্ধরিম্।
বহুশত্রুঃ পটোলে স্যাদ্ধনহানিশ্চ মূলকে॥
কলঙ্কী জায়তে বিল্বে তির্য্যগ্‌যোনিশ্চ নিম্বকে।
তালে শরীরনাশঃ স্যান্নারিকেলে চ মূর্খতা॥
তুম্বী গোমাংসতুল্যা স্যাৎ কলম্বী গোবধাত্মিকা।
শিম্বী পাপকরী প্রোক্তা পূতিকা ব্রহ্মঘাতিকা।
বার্ত্তাকৌ সুতহানিঃ স্যাচ্চিররোগী চ মাষকে।
মহাপাপকরং মাংসং প্রতিপদাদিষু বর্জ্জয়েৎ॥

কোন্ তিথিতে কোন্ দ্রব্য ভক্ষণ নিষেধ, তাহা কথিত হইতেছে।—প্রতিপদ তিথিতে কুষ্মাণ্ড ভক্ষণ করিলে ভোক্তার অর্থহানি হয়, দ্বিতীয়াতে বৃহতী ভক্ষণে হরিস্মরণের অধিকার থাকে না; এইরূপ তৃতীয়াতে পটোল খাইলে শত্রুবৃদ্ধি, চতুর্থীতে মূলাতে ধনহানি, পঞ্চমীতে বিল্বে কলঙ্ক, ষষ্ঠীতে নিম্বে তির্য্যগ্‌যোনিপ্রাপ্তি, সপ্তমীতে তালে শরীর বিনাশ, অষ্টমীতে নারিকেলে মূর্খতাপ্রাপ্তি, নবমীতে অলাবু গোমাংস তুল্য, দশমীতে কলম্বী গোবধজনিকা, একাদশীতে শিম্বী (শিম) পাপকরী, দ্বাদশীতে পূতিকা ব্রহ্মঘাতিকা, ত্রয়োদশীতে বার্ত্তাকী ভক্ষণে সুতহানি, চতুর্দ্দশীতে মাষকলাই ভক্ষণে চিররোগযুক্ত এবং পূর্ণিমা ও অমাবস্যা তিথিতে মাংসভক্ষণ মহাপাপকর হইয়া থাকে। অতএব ঐ সকল তিথিতে উক্ত সকল দ্রব্য পরিত্যাগ করা বিধেয়।

কুষ্মাণ্ডঘাতিনী নারী দীপনির্ব্বাপকঃ পুমান্।
অচিরেণৈব কালেন বংশনাশস্তয়োর্ভবেৎ॥

স্ত্রীলোক যদি কুষ্মাণ্ড ছেদন এবং পুরুষে যদি প্রদীপ নির্ব্বাণ করে, তাহা হইলে তাহাদের বংশনাশ অচিরে হইয়া থাকে।

ভুক্ত্বা পিতৃগৃহে কন্যা ভুঙ্‌ক্তে স্বামিগৃহে যদি।
দৌর্ভাগ্যং জায়তে তস্যাঃ সা পত্নী কুলনাশিকা॥

কন্যা পিতৃগৃহে ভোজন করিয়া যদি স্বামিগৃহে ভোজন করে, তাহা হইলে সে দুর্ভাগ্যান্বিতা ও কুলক্ষয়কারিণী হইয়া থাকে।

আসনে শয়নে দানে ভোজনে বস্ত্রসংগ্রহে।
বিবাদে চ বিবাহে চ ক্ষুতঃ সপ্তসু শোভনম্॥

আসন পরিগ্রহ সময়ে, শয়নকালে এবং দান, ভোজন, বস্ত্রসংগ্রহ, বিবাদ ও বিবাহ সময়ে ক্ষুত (হাঁচি) শুভকর হইয়া থাকে।

প্রাক্‌শিরাঃ শয়নে বিদ্যা বলমায়ুশ্চ দক্ষিণে।
পশ্চিমে প্রবলা চিন্তা হানিমৃ‌র্ত্যুস্তথোত্তরে॥

পূর্ব্বদিকে মস্তক রাখিয়া শয়ন করিলে বিদ্যালাভ হয়, দক্ষিণদিকে মস্তক রাখিলে বল ও আয়ুবৃদ্ধি এবং পশ্চিমে মস্তক রাখিলে অত্যন্ত চিন্তা হইয়া থাকে। উত্তরদিকে মস্তক রাখিলে হানি ও মৃত্যু পর্য্যন্তও হইতে পারে।

অমুক্তকচ্ছকো ভূত্বা প্রস্রাবয়তি যো নরঃ।
বামে পিতৃমুখে দদ্যাদ্দক্ষিণে দেবতামুখে॥

যে ব্যক্তি কাছা না খুলিয়া প্রস্রাব করে, তাহার মূত্রধারা বামদিকে পড়িলে পিতৃমুখে পতিত হয় এবং দক্ষিণদিকে পড়িলে দেবতার মুখে পতিত হইয়া থাকে।

বারিপাত্রং করে ধৃত্বা মূত্রং ত্যজতি যো নরঃ।
সুরাপাত্রসমং পাত্রং তজ্জলং মদিরাসমম্॥

জলপাত্র হস্তে ধারণ করিয়া যে মনুষ্য প্রস্রাব করে, তাহার সেই জলপাত্র মদ্যপাত্র তুল্য এবং জল মদ্য তুল্য হইয়া থাকে।

উচ্চারে মৈথুনে চৈব প্রস্রাবে দন্তধাবনে।
স্নানে ভোজনকালে চ ষট্‌সু মৌনং সমাচরেৎ॥

মলত্যাগ সময়ে, মৈথুনে, প্রস্রাবকালে, দন্তধাবন সময়ে এবং স্নানে ও ভোজনকালে মৌনাবলম্বন করিতে হয়।

চিতাঞ্চ চিতিকাষ্ঠঞ্চ যূপং চণ্ডালমেব চ।
স্পৃষ্ট্বা দেবলকঞ্চৈব সচেলং স্নানমাচরেৎ॥

চিতা, চিতাকাষ্ঠ, যূপ, চণ্ডাল ও দেবল ব্রাহ্মণকে স্পর্শ করিলে পরিধেয় বস্ত্রের সহিত স্নান করিতে হয়।

সূর্পবাতং প্রেতধূমং তথা শূদ্রান্নভোজনম্।
বৃষলীপতিসঙ্গঞ্চ দূরতঃ পরিবর্জ্জয়েৎ॥

সূর্পচালনোদ্ভূত বায়ু, শ্মশানের ধূম, শূদ্রান্নভোজন ও বৃষলীপতির সহবাস দূর হইতে পরিত্যাগ করিবে।

দীপখট্টা-তনুচ্ছায়াঃ কেশমিশ্রোদকং তথা।
অজমার্জ্জাররেণুশ্চ হন্তি পুণ্যং পুরাকৃতম্ ॥

দীপচ্ছায়া, খট্টচ্ছায়া ও শরীরের ছায়া, কেশমিশ্রিত জল এবং অজ ও মার্জ্জারের ধূলি পূর্ব্বকৃত পুণ্য বিনষ্ট করে।

আসনং বসনং শয্যা ভার্য্যা চাপত্যমেব চ।
আত্মনঃ শুচিবেতানি ন পরেষাং কদাচন ॥

আসন, বস্ত্র, শয্যা, স্ত্রী ও সন্তান এই সকল নিজের শুচি হয়, কিন্তু অপরের নিকটে অশুচি হইয়া থাকে।

পাদেন নাক্রমেৎ পাদমুচ্ছিষ্টং নৈব লঙ্ঘয়েৎ।
ন স্বহস্তং স্বহস্তাভ্যাং কণ্ডুয়েদাত্মনঃ শিরঃ ॥

চরণ দ্বারা চরণ আক্রমণ করিবে না, উচ্ছিষ্ট লঙ্ঘন করিতে নাই। হস্ত দ্বারা হস্ত কণ্ডুয়ন করা অবিধেয়, আর হস্তদ্বয় দ্বারা মস্তক কণ্ডুয়ন করা নিষেধ।

মহাগুরু-নিপাতে হি কাম্যং কিঞ্চিন্ন চাচরেৎ।
আর্ত্বিজ্যং ব্রহ্মচর্য্যা চ যাবৎ পূর্ণো ন বৎসরঃ ॥

মহাগুরুর (পুরুষের পিতা, মাতা, স্ত্রীর পতি) পরলোক প্রাপ্ত হইলে এক বৎসরের মধ্যে কাম্যকর্ম্ম কিছুই করিবে না, বিশেষতঃ পৌরোহিত্য এবং ব্রহ্মচর্য্য (সন্ন্যাস) গ্রহণ পরিত্যাগ করিতে হইবে।

অন্যশ্রাদ্ধং পরান্নঞ্চ গন্ধং মাল্যঞ্চ মৈথুনম্।
বর্জ্জয়েদ্‌গুরুপাতে হি যাবৎপূর্ণো ন বৎসরঃ ॥

পিতৃমাতৃশ্রাদ্ধ ভিন্ন শ্রাদ্ধ, পরান্নভোজন, গন্ধ মাল্য ধারণ ও মৈথুন এই সকল কার্য্য মহাগুরুনিপাত হইলে সংবৎসর পর্য্যন্ত পরিত্যাগ করিবে।

তীর্থযাত্রাং বিবাহঞ্চ স্বাধ্যায়ঞ্চান্য-তর্পণম্।
সংবৎসরং ন কুর্ব্বীত মহাগুরুনিপাতনে ॥

মহাগুরুনিপাত হইলে সংবৎসরমধ্যে তীর্থযাত্রা, বিবাহ, বেদাধ্যয়ন ও অন্য উদ্দেশ্যে তর্পণ করিবে না।

যাত্রা যুদ্ধং নদীপারং মিথ্যালাপো দ্বিভোজনম্।
দ্যূতক্রীড়া দিবানিদ্রা শ্রাদ্ধে সপ্ত বিবর্জ্জয়েৎ ॥

যাত্রা, যুদ্ধ, নদীপারে গমন, মিথ্যালাপ, দুইবার ভোজন দ্যূতক্রীড়া ও দিবানিদ্রা এই সপ্ত কর্ম্ম শ্রাদ্ধদিনে পরিত্যাগ করিবে।

অমায়াঞ্চ পিতৃশ্রাদ্ধে অম্বুবাচীদিনত্রয়ে।
লাঙ্গলেন কৃতে খাতে পৃথিবী কম্পতে সদা॥

অমাবস্যা তিথিতে, পিতৃশ্রাদ্ধ-বাসরে ও অম্বুবাচীতে হলারম্ভ করিলে সেই পাপীর ভয়ে পৃথিবী কম্পিত হইয়া থাকে।

করতোয়াজলং প্রাপ্য যোগে নারায়ণীয়কে।
প্রাতর্ম্মৌনেন যঃ স্নায়াত্ত্রিকোটিকুলমুদ্ধরেৎ॥

নারায়ণী যোগ হইলে করতোয়ার জল পাইয়া প্রাতঃসময়ে মৌনাবলম্বন করতঃ যে মনুষ্য স্নান করিবে, তাহার ত্রিকোটিকুল পর্য্যন্ত উদ্ধার হইবে।

যতিশ্চ ব্রহ্মচারী চ বিধবা চ দ্বিজস্তথা।
অম্বুবাচীদিনে চৈব পাকং কৃত্বা ন ভক্ষয়েৎ॥
স্বপাকং পরপাকং বা অম্বুবাচীদিনে তথা।
ভক্ষণং নৈব কর্ত্তব্যং চাণ্ডালান্নেন তৎসমম্॥

যতি, ব্রহ্মচারী, বিধবা ও দ্বিজগণ (ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য) ইহারা অম্বুবাচী দিনে অন্নাদি পাক করিয়া ভক্ষণ করিবে না। নিজে পাক করিয়া হউক, অথবা অপরের দ্বারা পাক করা বস্তু কিম্বা অম্বুবাচীদিনের পূর্ব্বে পাক করা দ্রব্য অম্বুবাচীদিনে ভক্ষণ করিবে না, করিলে চণ্ডালান্ন ভোজনের পাতক হয়।

অকৃত্বা প্রেতকার্য্যাণি প্রেতস্য ধনহারকঃ।
বর্ণানাং যদ্বধে প্রোক্তস্তদ্বধং নিয়তং চরেৎ॥

প্রেতকার্য্য (আদ্যশ্রাদ্ধাদি) না করিয়া যে ব্যক্তি মৃতের ধনাধিকারী হয়, সেই ব্যক্তি চাতুর্ব্বর্ণ্য বধের প্রায়শ্চিত্ত করিবে।

কুর্য্যাদবিধবা শ্রাদ্ধং যবেনাপ্যথ দূর্ব্বয়া।
ন স্পৃশেৎ তিলদর্ভাংশ্চ যাবদ্ভর্ত্তৃবিভূষিতা॥

সধবা স্ত্রীলোক শ্রাদ্ধকালে কুশ, কাশ ও তিল ব্যবহার বা স্পর্শ করিবে না। কুশ ও কাশের পরিবর্ত্তে দূর্ব্বা এবং তিলের পরিবর্ত্তে যব ব্যবহার করিবে।

ফর্দ্দমালা।

—*—

প্রায় সমস্ত ক্রিয়াকাণ্ডের প্রয়োজনীয় দ্রব্যের ফর্দ্দসমূহ এস্থলে প্রদত্ত হইল। অনেক সময় পুরোহিত ও যজমান উভয়েই কর্ম্মের প্রয়োজনীয় দ্রব্যের ফর্দ্দের জন্য বিপন্ন হইয়া পড়েন, সেই অভাব পূরণার্থ ফর্দ্দগুলি প্রদত্ত হইল। কিন্তু এস্থলে বলিয়া রাখা কর্ত্তব্য যে, দেশ, কাল, পাত্র ও কর্ম্ম-কর্ত্তার অবস্থা ভেদে কর্ম্মের ও দ্রব্যের তারতম্য ঘটিয়া থাকে।

এতদ্ভিন্ন দেশাচার ও কুলাচারে যাহা প্রচলিত আছে, তাহা অবশ্য কর্ত্তব্য। শাস্ত্রে আছে,—"দেশানুশিষ্টং কুলধর্ম্মমগ্র্যং সগোত্রধর্ম্মং ন হি সন্ত্যজেচ্চ।" আর দ্রব্যাদি প্রদান, দাতার অবস্থার উপর নির্ভর করে। অবস্থা মন্দ হইলে এই ফর্দ্দের পরিবর্ত্তন হইতে পারে। আমরা মধ্যবিত্ত-শ্রেণীর উপযোগী ফর্দ্দই লিখিয়া দিলাম। বলা বাহুল্য, বিত্ত থাকিতেও তাহাতে কৃপণতা করিলে কার্য্যের ফললাভ হয় না এবং বিত্তশাঠ্য দোষ জন্মিয়া থাকে। যথা—

বিত্ত-শাঠ্যং ন কুর্ব্বাণঃ সম্যক্ ফলমবাপ্নুয়াৎ।
কুর্ব্বাণো বিত্তশাঠ্যন্তু লভতেঽসদৃশং ফলম্॥

অর্থের শঠতা না করিয়া কার্য্য করিলে তাহাতে সম্যক্ ফললাভ হয়, কিন্তু অর্থশাঠ্য করিলে তদনুরূপ ফললাভ হয় না।

সামবেদীয় নান্দীমুখের দ্রব্য।

ষষ্ঠীর শাটী ১, মার্কণ্ডেয়ের জোর ১টা, আসনাঙ্গুরীয় ২ প্রস্থ, মধুপর্কবাটি ২, ঘট ১, বটের ডাল ১, সিন্দুর, নৈবেদ্য ১, কুচানৈবেদ্য ১, দধি, মধু, ঘৃত, চিনি, বসুধারার ঘৃত ।৵০, কদলীপত্র, গৌর্য্যাদি-ষোড়শমাতৃকার শাটী ১৭ খান, আসনাঙ্গুরীয় ১৭, মধুপর্কবাটি ১৭, নৈবেদ্য (ভোজ্য) ১৭, অশক্তপক্ষে।— নৈবেদ্য (ভোজ্য) ১০, পুষ্প, দূর্ব্বা, মাল্য, তুলসী, বিল্বপত্র, ধূপ, দীপ, বরণডালা ১ প্রস্থ, শ্রী ১টা, মাঙ্গল্য সূর্প (কুলা) ও ভাঁড় ৪টা, বৃদ্ধিশ্রাদ্ধ।— প্রশস্তপক্ষে বস্ত্র ৭, মধ্যবিত্তপক্ষে বস্ত্র ২, পক্ব কদলী ১৭ গণ্ডা, পান ১৭ গণ্ডা, সুপারি ১৭ গণ্ডা, আতপতণ্ডুল, যজ্ঞোপবীত ৭, ফলমূলাদি, যব, তিল, হরীতকী, তুলসী, পুষ্প, দূর্ব্বা, দধি, দক্ষিণা।

বরণডালা।—মহী (গঙ্গামৃত্তিকা), গন্ধ, শিলা (নুড়ি), ধান্য, দূর্ব্বা, পুষ্প, ফল (অখণ্ড কলাছড়া), দধি, ঘৃত, স্বস্তিক (পিটুলি নির্ম্মিত), সিন্দুর, শঙ্খ, কজ্জল, রোচনা (হরিদ্রা), কাঞ্চন, রৌপ্য, তাম্র, সিদ্ধার্থ (শ্বেতসর্ষপ), দর্পণ, অলক্ত (আলতা), হরিদ্রাসূত্র, লৌহ, চামর, দীপ।

সামবেদীয় দশবিধ সংস্কারের দ্রব্য।

বিবাহ।—নান্দীমুখ—বরের পট্টবস্ত্র ১ জোড়, কন্যার পট্টবস্ত্র শাটী ১, টোপর ১, বরের বরণাঙ্গুরী ১, ফুলের গড়েমালা ১ ছড়া, জুতা ১ জোড়া, যথাশক্তি দানীয় দ্রব্যাদি, আচ্ছাদনার্থ ধুতি ১, গামছা ১, জামাতার বরণ-বস্ত্রাদি, কোশা কুশি ১ প্রস্থ, তিল, হরীতকী, পুষ্প, দূর্ব্বা, তুলসী, ধূপ, দীপ, হরিদ্রাবর্ণের গাঁটছড়া বাঁধিবার গামছা ১, পাঁচফল (বয়ড়া, হরীতকী, সুপারি, জায়ফল, আমলকী), মধুপর্কের কাঁসার বাটি ২, ঘৃত, দধি, ছাউনি নাড়ার পুষ্পাদি, ধুস্তুর ফল, বরণডালা ১, চণ্ডীপুস্তক।

কুশণ্ডিকা।—বালি, কাষ্ঠ, পেঁকাটী, গোময়, গব্যঘৃত ।৹ পোয়া, আজ্যস্থালী (শরা) উড়ুম্বর সমিধ্ পূর্ণপাত্র, দধি।

বিবাহকুশণ্ডিকা।—পূর্ব্বোক্ত দ্রব্য, লাজ, (খই), শমীপত্র (শাঁইপাতা), বীরণপত্র (বেণাপাতা), সিন্দূর ১ খান, রেক ১, ঘট ১, শিল, নোড়া, আম্রশাখা ১, জলপূর্ণ কুম্ভ ১, স্থর্প (কুলা) ১, পুষ্প, তুলসী, তিল, হরীতকী, দক্ষিণা।

গর্ভাধান।—ষষ্ঠীর শাটী ১, মার্কণ্ডেয়ের ধুতি ১ জোড়া, আসনাঙ্গুরীয় ২, মধুপর্কের বাটি ২, বটের ডাল ১, সিন্দুর, ঘট ১, আম্রাশাখা ১, পঞ্চশস্য, পঞ্চগব্য, জবাপুষ্প ১, ধূপ, দীপ, নৈবেদ্য ২, কুচানৈবেদ্য ১, পুষ্প, দূর্ব্বা, তুলসী, বিল্বপত্র, তিল, হরীতকী, বর কন্যার নববস্ত্র, পক্ককদলী ১, মিষ্টান্ন দ্রব্যাদি, পিটুলির পুত্তলিকা, পুরোহিত-দক্ষিণা।

পুংসবন।—নান্দীমুখ পূর্ব্ববৎ, যজ্ঞীয় উড়ুম্বর ফল-স্তবক দুই দফা, শ্বেতসর্ষপ, নিম্বপত্রাদি, আতপতণ্ডুল, ধুতি, শাটী, গামছা, তিল, হরীতকী, পুষ্প, দূর্ব্বা, তুলসী, বিল্বপত্র, ধূপ, দীপ, মিষ্টান্ন ও উপকরণ দ্রব্যাদি, পুরোহিত-দক্ষিণা।

সীমন্তোন্নয়ন।—কুশণ্ডিকা পূর্ব্ববৎ, নান্দীমুখ, তিল, হরীতকী, পুষ্প, দূর্ব্বা, তুলসী, বিল্বপত্র, ধূপ, দীপ, আতপতণ্ডুল, উপকরণদ্রব্যাদি, মিষ্টান্নদ্রব্যাদি, পুরোহিত-দক্ষিণা।

জাতকর্ম্ম।—নান্দীমুখ পূর্ব্ববৎ, ব্রীহি, যবচূর্ণ, তিল, হরীতকী, বিল্বপত্র, ধূপ, দীপ, গব্যঘৃত, আতপতণ্ডুল, উপকরণাদি, মিষ্টান্নদ্রব্যাদি, পুরোহিতের দক্ষিণা।—স্মুবর্ণপাত্রের দ্বারা ঘৃত, দধি, মধু বালকের বদনে অর্পণ করিবে।

নিষ্ক্রমণ।—স্মুবর্ণ দান করিয়া বালকের মুখদর্শন কর্ত্তব্য।

নামকরণ।—নান্দীমুখ, কুশণ্ডিকা,—ঘৃত, মধু, দধি, দূর্ব্বা, পুষ্প, তুলসী, বিল্বপত্র, ধূপ, দীপ, তিল, হরীতকী, আতপতণ্ডুল, উপকরণাদি, মিষ্টান্নদ্রব্যাদি, পুরোহিত-দক্ষিণা।

অন্নপ্রাশন।—নান্দীমুখ—কুশণ্ডিকা,—বালকের পরিধেয় পট্টবস্ত্র, স্বর্ণাভরণ, টোপর, বিংশতি-কাষ্ঠিকা, উড়ুম্বরসমিধ্। বালকের নানাবিধ ব্যঞ্জনাদির সহিত অন্ন, পায়স, পিষ্টক, দোয়াত কলম, স্বর্ণ ১, রৌপ্য ১, মুদ্রা ১ মৃত্তিকা ও ধান্য, পুরোহিতের দক্ষিণা।

চূড়াকরণ।—নান্দীমুখ—কুশণ্ডিকা,—চূড়ার বস্ত্র ১, কাংস্যবাটি ১, তাম্রক্ষুর ১, লৌহক্ষুর ১, দর্পণ ১, বৃষগোময়, তিল ✓৷০ মাষকলাই ✓৷০, ধান্য, যব ✓৷০, পুষ্প তুলসী বিল্বপত্র, ধূপ দীপ, হরীতকী, পুরোহিত-দক্ষিণা।

কর্ণবেধ।—রৌপ্যনির্ম্মিত গুজী ২টী।

উপনয়ন।—নান্দীমুখ পূর্ব্ববৎ—গব্যঘৃত ✓৷৷০, বালি, কাষ্ঠ, আজ্যস্থালী, চরুস্থালী, দুগ্ধ, চিনি, কুলা ধুচুনী, উদূখল মুষল, লালপেড়ে ধুতি ১ জোড়া, পট্টবস্ত্র ১ জোড়া, বিনামা ১ জোড়া, ছত্র ১, বিল্বদণ্ড টোপর পুষ্পমাল্য মুঞ্জমেখলা কৃষ্ণসারাজিন—(মৃগচর্ম্ম), যজ্ঞকাষ্ঠ, যজ্ঞোপবীত, ভিক্ষার গামছা ২, গৈরিক বস্ত্র ১, সমিধ্ ২৮, পুষ্প দূর্ব্বা তুলসী বিল্বপত্র ধূপ দীপ তিল হরীতকী, পুরোহিত-দক্ষিণা।

যজুর্ব্বেদীয় নান্দীমুখের দ্রব্য।

ষষ্ঠীর শাটী ১, মার্কণ্ডেয়ের ধুতি ১ জোড়া, আসনাঙ্গুরীয় ২, মধুপর্কবাটি ২, দধি মধু ঘৃত চিনি, ঘট ২, বটের ডাল ২, সিন্দুর, নৈবেদ্য ২; কুচানৈবেদ্য ১, বসুধারার ঘৃত ⁄৵০ পোয়া, কুলা ১, কদলীপত্র, বরণডালা, শ্রী, মাঙ্গল্য শূর্প, গৌর্য্যাদি ষোড়শমাতৃকাপূজা। প্রশস্ত পক্ষে।—শাটী ১৭, আসনাঙ্গুরীয় ১৭

মধুপর্কবাটি ১৭, নৈবেদ্য (ভোজ্য) ১৭। অশক্তপক্ষে।—নৈবেদ্য (ভোজ্য) ১৭, পুষ্প, দূর্ব্বা, মালা, তুলসী, বিল্বপত্র, ধূপ, আতপতণ্ডুল, বৃদ্ধিশ্রাদ্ধ ধুতি ৯, মধ্যবিৎ ধুতি ৫, যজ্ঞোপবীত ১০, পক্ক কদলী ১৭ গণ্ডা, পান ঐ, সুপারি ঐ তিল যব হরীতকী ফলমূলাদি দধি মধু মিষ্টদ্রব্য, দক্ষিণা।

বরণডালা।—মহী (গঙ্গামৃত্তিকা), গন্ধ, শিলা (নুড়ি), ধান্য, দূর্ব্বা, পুষ্প, ফল, দধি ঘৃত, স্বস্তিক (পিটুলি নির্ম্মিত), সিন্দুর, শঙ্খ, কজ্জল, রোচনা (হরিদ্রা), কাঞ্চন, রৌপ্য, তাম্র, সিদ্ধার্থ (শ্বেতসর্ষপ), দর্পণ, অলক্ত (আলতা), হরিদ্রাসূত্র, লৌহ, চামর, দীপ, খড়্গ।

যজুর্ব্বেদীয় দশবিধ সংস্কারের দ্রব্য।

বিবাহ।—নান্দীমুখ শ্রাদ্ধ, বরের পট্টবস্ত্র ১ জোড়া, টোপর, পাতিময়ূর, বরের বরণাঙ্গুরীয়, ফুলের গড়েমালা ২, বিনামা ১ জোড়া, বরাভরণ, জামাতার (পূর্ব্বজামাতার) বরণ বস্ত্র, আলপনা দেওয়া পীঁড়ি, যথাশক্তি দানীয় দ্রব্যাদি, কন্যার পট্টবস্ত্র শাটী, গামছা, কোশাকুশি ১ প্রস্থ, পঞ্চফল, গাঁইটছড়া, গামছা, মধুপর্কের বাটি ২, ঘৃত দধি মধু পুষ্প দূর্ব্বা তুলসী তিল হরীতকী, ছাউনিনাড়ার পুষ্প, হাই আমলা, ধুস্তুরফল চণ্ডীপুস্তক মাকু কোস্তা খৈ কুলা ঘৃত রেক সিন্দুর, বরদক্ষিণা, পুরোহিত-দক্ষিণা।

যজুর্ব্বেদীয় কুশণ্ডিকা।—বালি, কাষ্ঠ, পেঁকাটি, গোময়, গব্যঘৃত আজ্যস্থালী (শরা প্রভৃতি) উডুম্বর সমিধ্ পূর্ণপাত্র।

পাণিগ্রহণ।—পূর্ব্বোক্ত দ্রব্য, লাজ (খৈ) শমীপত্র (শাঁইপাতা) বীরণপত্র (বেণাপাতা), সিন্দুর ১ খান, বেত্রনির্ম্মিত রেক ১, জলপূর্ণকুম্ভ ১, আম্রশাখা ১, ঘট ১, দধি, শিল নোড়া, দক্ষিণা।

গর্ভাধান।—ষষ্ঠী মার্কণ্ডেয় পূজার ষোড়শোপচার, বটের ডাল, ঘট, আম্রশাখা ১, (নান্দীমুখশ্রাদ্ধ) সিন্দুর আতপতণ্ডুল পঞ্চগব্য জবাপুষ্প ১, নৈবেদ্য ১, কুচানৈবেদ্য ১, তিল হরীতকী পুষ্প দূর্ব্বা তুলসী বিল্বপত্র ধূপ দীপ উপকরণ দ্রব্যাদি। পিটুলির পুত্তলিকা, বরকন্যার নববস্ত্র, কদলী, অঙ্গুরী ১, পুরোহিত-দক্ষিণা।

পুংসবন।—নান্দীমুখশ্রাদ্ধ, যজ্ঞীয় উডুম্বর ফলস্তবক ২ দুই দফা বিচিত্র পীঠ, নিম্বপত্র, শ্বেতসর্ষপ, নৈবেদ্য ১, কুচানৈবেদ্য ১, তিল হরীতকী পুষ্প দূর্ব্বা তুলসী বিল্বপত্র ধূপ দীপ, পুরোহিত-দক্ষিণা।

সীমন্তোন্নয়ন।—নান্দীমুখশ্রাদ্ধ, দধি, মধু, ঘৃত, তিল, হরীতকী, পুষ্প, দূর্ব্বা, তুলসী, বিল্বপত্র, ধূপ, দীপ, উপকরণাদি, পুরোহিত-দক্ষিণা।

জাতকর্ম্ম।—নান্দীমুখশ্রাদ্ধ, নৈবেদ্য ২, কুচানৈবেদ্য ১, পুষ্প তুলসী দূর্ব্বা, ধূপ, দীপ, তিল, হরীতকী, পুরোহিত-দক্ষিণা—সুবর্ণপাত্রের দ্বারা মধু, ঘৃত বালকের বদনে অর্পণ করিবে ও তণ্ডুলকণামিশ্রিত সর্ষপ দ্বারা হোম করিবে।

নামকরণ।—নান্দীমুখশ্রাদ্ধ, নৈবেদ্য ২, কুচানৈবেদ্য ১, দধি, ঘৃত, মধু, পুষ্প, দূর্ব্বা তুলসী, বিল্বপত্র, ধূপ, দীপ, শিলা, (শ্লেট) খড়ি, পুরোহিত-দক্ষিণা।

অন্নপ্রাশন।—নান্দীমুখশ্রাদ্ধ, দধি, মধু, ঘৃত, নৈবেদ্য ২, কুচানৈবেদ্য ১, বরণডালা, বালকের পরিধেয় পট্টবস্ত্র, স্বর্ণাভরণ, টোপর ১, বালি, কাষ্ঠ, ঘৃত, উডুম্বরসমিধ্ পূর্ণপাত্র, পুষ্প দূর্ব্বা তুলসী, ধূপ দীপ, দক্ষিণা, নানাবিধ ব্যঞ্জনাদি সহিত অন্ন। মৃত্তিকা, স্বর্ণ, রৌপ্য, দোয়াত, কলম।

চূড়াকরণ।—নান্দীমুখশ্রাদ্ধ, উষ্ণজল, ত্রিশ্বেতশল্লকীকণ্টক (শজারু কাঁটা) নূতন শরা, নবনীত, বৃষগোময়, কাংস্যবাটি ১, লৌহক্ষুর ১, তাম্রক্ষুর ১, দর্পণ ১, তিল ✓।০, মাষকলাই ✓।০, ধান✓।০, যব ✓।০, (কুশণ্ডিকা পূর্ব্বে দেখ) দুগ্ধ, চিনি, মালসা, তিল, হরীতকী, পুষ্প, দূর্ব্বা, তুলসী, ধূপ, দীপ, দধি, মধু, পুরোহিত-দক্ষিণা।

উপনয়ন।—নান্দীমুখশ্রাদ্ধ, ব্রতীর বরণবস্ত্র ১ জোড়া, বালকের রক্তবস্ত্র ১ জোড়া, সমাবর্ত্তনের ধুতি ১, সাবিত্রীগ্রহণের ধুতি ২, ভিক্ষার গামছা ১, পট্টবস্ত্র ১ জোড়া, নিম্বদণ্ড ১, বংশদণ্ড ১, মুঞ্জমেখলা, কৃষ্ণসারাজিন (মৃগচর্ম্ম) ছত্র ১, টোপর ১, বিনামা ১ জোড়া, অলঙ্কার, চরুস্থালী, উদূখল মুষল, যজ্ঞকাষ্ঠ বালি, কাষ্ঠ, পেঁকাটি, গব্যঘৃত ✓।০, দুগ্ধ, চিনি অষ্টকলস, আম্রশাখা ৮, কুলা ধুচুনী, পূর্ণপাত্র, মাল্য, পুষ্প দূর্ব্বা তুলসী, ধূপ, দীপ, দধি, পিষ্টতিল, সুগন্ধি দ্রব্য, উডুম্বর দন্তকাষ্ঠ ১, দর্পণ, তিল, হরীতকী, দক্ষিণা।

ঋগ্বেদীয় নান্দীমুখের দ্রব্য।

ষষ্ঠীর শাটী ১, মার্কণ্ডেয়ের ধুতি ১ জোড়া, বৃদ্ধিশ্রাদ্ধ—প্রশস্তপক্ষে বস্ত্র ৭ মধ্যবিৎপক্ষে বস্ত্র ৪, অশক্তপক্ষে গামছা ৭, আসনাঙ্গুরীয় ২ প্রস্থ, মধুপর্কবাটি ২ সিন্দুর, তিল, যব, হরীতকী, শ্বেতসর্ষপ, ধূপ, দীপ, নৈবেদ্য, কুচানৈবেদ্য ১, ঘট ১, বটের ডাল, আম্রশাখা, তৈল, হরিদ্রা, পক্ককদলী ১৭ গণ্ডা, পান ঐ,

সুপারি ঐ, বদরী (কুল) ঐ, দধি, মধু, ঘৃত, চিনি, বসুধারার ঘৃত ।৵০, পুষ্প, দূর্ব্বা, মাল্য, তুলসী, বিল্বপত্র, কদলীপত্র, গৌর্য্যাদি-ষোড়শমাতৃকার ধুতি ১৭ খান, আসনাঙ্গুরীয় ১৭, মধুপর্কবাটি ১৭, নৈবেদ্য ১৭, অশক্তপক্ষে নৈবেদ্য ১ ও কুচানৈবেদ্য ১, বরণডালা ১, শ্রী ১, মাঙ্গল্যসূর্প (কুলা ও ভাঁড় ৪) আতপতণ্ডুল যজ্ঞোপবীত ৭, ফলমূলাদি দক্ষিণা।

বরণডালা।—মহী (গঙ্গামৃত্তিকা), গন্ধ, শিলা (নুড়ি), ধান্য, দূর্ব্বা, পুষ্প, ফল, দধি, ঘৃত, স্বস্তিক (পিটুলি নির্ম্মিত), সিন্দুর, শঙ্খ, কজ্জল, রোচনা (হরিদ্রা), আমান্ন, কাঞ্চন, রৌপ্য, তাম্র, সিদ্ধার্থ (শ্বেতসর্ষপ), দর্পণ অলক্ত (আল্‌তা), হরিদ্রাসূত্র, লৌহ, চামর, দীপ।

ঋগ্বেদীয় দশবিধসংস্কারের-দ্রব্য।

বিবাহ।—নান্দীমুখশ্রাদ্ধ—বরের পট্টবস্ত্র ১ জোড়া, কন্যার পট্টবস্ত্রশাটী ১ টোপর ১ বরের বরণাঙ্গুরীয় ১, ফুলের গড়েমালা ২ ছড়া, জুতা ১ জোড়া যথাশক্তি দানীয় দ্রব্যাদি, আচ্ছাদনার্থ ধুতি ১, গামছা ২ জামাতার বরণবস্ত্রাদি কোশা ১, তিল হরীতকী, পুষ্প দূর্ব্বা, তুলসী ধূপ দীপ, হরিদ্রাবর্ণের গাঁটছড়া বাঁধিবার গামছা। পাঁচফল।—বয়ড়া ১ হরীতকী ১ সুপারি ১ জায়ফল ১ আমলকী ১, মধুপর্কের কাঁসার বাটি ২, ঘৃত মধু দধি, ছাউনিনাড়ার পুষ্পাদি, ধুস্তুরফল বরণডালা ১ চণ্ডীপুস্তক মাকু বর-দক্ষিণা পুরোহিত-দক্ষিণা।

কুশণ্ডিকা।—বালি, কাষ্ঠ, পেঁকাটি, গোময়, উদূখল মুষল ১, স্রুক স্রুব দর্ব্বী মেক্ষণ কাংস্যপাত্র ১ পঞ্চদশসংখ্যক অরত্নিপ্রমাণ যজ্ঞীয় উডুম্বরসমিধ ১৫ আজ্যস্থালী (তাম্রকুণ্ড), চরুস্থালী (পিত্তলের বগুনা), কৃষ্ণাজিন (মৃগচর্ম্ম) যব তিল হরীতকী দ্বাদশাঙ্গুলপরিমিত যজ্ঞীয় উডুম্বর সমিধ্ ১০ গব্যঘৃত ।৵০ পোয়া, দুগ্ধ ।৷৹ সের, আতপতণ্ডুল ।৹ চিনি প্রণীতাপাত্র বাটি ১, প্রোক্ষণীপাত্র বাটি ১, পূর্ণপাত্র, দধি, দক্ষিণা।

পাণিগ্রহণ।—পূর্ব্বোক্ত দ্রব্য, বিবাহের লাজ (খৈ) শমীপত্র (শাইপাতা), বীরণপত্র (বেণাপাতা), সিন্দুর ১ খান, রেক ১, শিল নোড়া আম্রশাখা ১, জলপূর্ণ কুম্ভ ১, সূর্প (কুলা), পুষ্প তুলসী, তিল হরীতকী, দক্ষিণা।

গর্ভাধান।—নান্দীমুখশ্রাদ্ধ, তিল হরীতকী, পুষ্প দূর্ব্বা তুলসী বিল্বপত্র, ধূপ দীপ, ঘট আম্রশাখা বটের ডাল সিন্দুর তৈল হরিদ্রা (অপরাহ্নে) সূর্য্যার্ঘ্য জবাপুষ্প রক্তচন্দন পিটুলির পুত্তলিকা, লাজ, তাম্বুল, পঞ্চগব্য, কোলশন্না

নারিকেল, রক্তসূত্র, অলক্ত হরিদ্রাবর্ণের গামছা, যবচূর্ণ সীমের রস বরকন্যার ধুতি শাটী, পুরোহিত-দক্ষিণা।

পুংসবন।—নান্দীমুখশ্রাদ্ধ কুশণ্ডিকা পূর্ব্ববৎ, ঘট আম্রশাখা সিন্দুর পুষ্প দূর্ব্বা তুলসী বিল্বপত্র দীপ তিল হরীতকী দধি মধু ঘৃত দক্ষিণা।

সীমন্তোন্নয়ন।—নান্দীমুখশ্রাদ্ধ, কুশণ্ডিকা, উডুম্বর ফলস্তবক ২ দফা, সজারুকাঁটা রক্তসূত্র, দক্ষিণা।

জাতকর্ম্ম।—নান্দীমুখশ্রাদ্ধ, কুশণ্ডিকা পূর্ব্ববৎ, ঘট আম্রশাখা বটের ডাল সিন্দুর ঘৃত দধি মধু পুষ্প দূর্ব্বা তুলসী, তিল হরীতকী। সুবর্ণ দিয়া বালকের মুখদর্শন কর্ত্তব্য। দক্ষিণা।

নামকরণ।—নান্দীমুখশ্রাদ্ধ, কুশণ্ডিকা, ঘৃত দধি পুষ্প দূর্ব্বা তুলসী তিল হরীতকী ধূপ দীপ ঘট আম্রশাখা সিন্দুর সূর্য্যার্ঘ্য জবাপুষ্প, দক্ষিণা।

অন্নপ্রাশন।—নান্দীমুখশ্রাদ্ধ কুশণ্ডিকা ঘৃত দধি মধু তিল হরীতকী টোপর আভরণ দক্ষিণা। নানাবিধ ব্যঞ্জনাদির সহিত অন্ন। স্বর্ণ রৌপ্য মৃত্তিকা দোয়াত কলম।

চূড়াকরণ।—নান্দীমুখশ্রাদ্ধ তিল হরীতকী পুষ্প দূর্ব্বা তুলসী বিল্বপত্র ধূপ দীপ কুশণ্ডিকা অধিবাস-ডালা বালকের পরিধেয় বস্ত্র কাংস্যবাটি ২, তাম্রক্ষুর ১, লৌহক্ষুর ১, দর্পণ ১, গোময় নবনীত সাদা সজারুর কাঁটা, বৃষ-গোময় তিল যব ব্রীহি ধান্য মাষকলাই দক্ষিণা।

কর্ণবেধ।—রৌপ্যনির্ম্মিত গুজী ২টী।

উপনয়ন।—কুশণ্ডিকা পুরোহিত-বরণ অধিবাস-ডালা, নান্দীমুখশ্রাদ্ধ, সর্ব্বৌষধিযুক্ত স্নানীয় জল করঞ্জবীজ মঞ্জক আজ্যস্থালী উদূখল মুষল কুলা ধুচুনী দুগ্ধ গৈরিক-বস্ত্র ১ লালপেড়ে ধুতি ১ ভিক্ষার গামছা ১ পট্টবস্ত্র ১ সাবিত্রীগ্রহণের ধুতি ১ পাদুকা ছত্র ১ চিনি বিল্বদণ্ড ১ বংশদণ্ড ১ পুষ্পমালা ১ টোপর ১ কৃষ্ণসারাজিন (মৃগচর্ম্ম), মুঞ্জমেখলা (শরের পৈতে) যজ্ঞকাষ্ঠ, যজ্ঞোপবীত, দক্ষিণা।

শ্রাদ্ধকাণ্ড-দ্রব্য।

বৈতরণী।—সবৎসা কৃষ্ণা গাভী বা মূল্য ৩ কাহন কড়ি বা ৸০ আনা নিতান্ত দরিদ্রপক্ষে ১ কাহন বা ।০ আনা।

পূরকপিণ্ডদান।—দুগ্ধ ⁄।০ পোয়া, শরা ২, মালসা ১, তিল ঘৃত মধু বাতাসা, কাঁটালি কলা ৪, মেষলোম বা কম্বল ছিন্ন, মৃৎপাত্র ৫৫ পঞ্চপঞ্চাশৎ, আতপতণ্ডুল ⁄১ সের, পেঁকাটি প্রদীপ পুষ্প তুলসী, দক্ষিণা।

চতুর্দ্ধাশান্তি।—কলাপেটো বা পাতা ২, সুপারি ৫, ঘৃত, পেঁকাটী আতপতণ্ডুল তিল তুলসী পুষ্প প্রদীপ কুলথকলাই, শরা ১, যষ্টি ২।

অঙ্গপ্রায়শ্চিত্ত।—স্বর্ণ ১ খণ্ড, গামছা, দক্ষিণা।

তিলকাঞ্চন।—তাম্রটাট ১, তিল ⁄১।০ পোয়া, কলাপাতা, স্বর্ণ ১ খণ্ড, গামছা, দক্ষিণা।

আদ্যশ্রাদ্ধ।—আতপতণ্ডুল, উপকরণাদি, কলাপাতা ২০, যজ্ঞেশ্বরের বস্ত্র ১, ভোজ্যের গামছা ১, শ্রাদ্ধের বস্ত্র ১, তিল যব হরীতকী ঘৃত মধু চিনি দধি ধূপ দীপ পুষ্প দূর্ব্বা তুলসী বিল্বপত্র মৎস্য ১, পান সুপারি মালসা ১, পেঁকাটী, অগ্রদানির দক্ষিণা, পুরোহিত-দক্ষিণা।

ষড়ঙ্গ।—থালা ১, ঘড়া বা ঘটী ১, পিলসুজ ১, খড়ম ১ জোড়া, ছাতা, শয্যা পিঁড়ে।

ষোড়শদান।—ভূমি ১ (বগুনা ধান্য গঙ্গামৃত্তিকা ও মূল্য), আসন (গালিচা ১ ও চৌকী ১) জল (ঘড়া), বস্ত্র ১ জোড়া, দীপ (পিলসুজ ও প্রদীপ), অন্ন (সভোজ্য থালা), তাম্বুল (বাটা), ছত্র ১, গন্ধ (বাটি ও চন্দন-কাষ্ঠ), মাল্য (রেকাব ও পুষ্পমাল্য), ফল (রেকাব ও নারিকেল), পাদুকা ১ জোড়া, গো (মূল্য কড়ি ১⁄ কাহন গামলা বা মালসা) ১, স্বর্ণ ১ খণ্ড, রৌপ্য ১ খণ্ড, শয্যা (সসাজ খাট) ১, পাতন বস্ত্র ১, উৎসর্গ গামছা ১, দক্ষিণা।

বৃষোৎসর্গ।—উভয় চতুর্হস্ত বেদী ১, সিন্দুর, ঠাকুর বরণ ১ জোড়া, গুরুবরণ ঐ, পুরোহিত-বরণ ঐ, হোতৃবরণ ঐ, আচার্য্যবরণ ঐ, ব্রহ্মবরণ ঐ, সদস্য বরণ ঐ, বিরাটবরণ ঐ, স্বর্ণের বরণাঙ্গুরীয় ৮ অভাবে রজতাঙ্গুরীয় ৮, বরণের কুশাসন ৮, যজ্ঞোপবীত ২০, হরীতকী ১০, ঘট (ঘড়া অভাবে মৃত্তিকা-ঘট) ৫, শান্তিঘট (ঘড়া) ১, ঘটাচ্ছাদন গামছা ৫, রুদ্রপূজার বস্ত্র ১, নারায়ণ পূজার ধুতি ১, উষ্ণীষ গামছা ১, চন্দ্রাতপ ঐ, যুপাচ্ছাদন ঐ ১, বৎসতরীর ঐ ৪, বৃষ উৎসর্গের ঐ ১, বৃষের ঐ ১, আসনাঙ্গুরীয় ৪, মধুপর্কবাটি ৪, দধি মধু চিনি পুষ্প দূর্ব্বা তুলসী বিল্বপত্র ধূপ দীপ, নৈবেদ্য ৪, কুচানৈবেদ্য ১, পঞ্চগুঁড়ি পঞ্চগব্য পঞ্চশস্য পঞ্চরত্ন পঞ্চপল্লব আম্রশাখা ৫, সশীষ ডাব ১০, পুষ্পমালা ৩০, বালি কাষ্ঠ পেঁকাটি গোময়, হোমের গব্যঘৃত ⁄।০ আজ্যস্থালী (পিতলের

শরা) ১, চরুস্থালী (পিতলের বগুনা) ১, দুগ্ধ ৴॥০ কুলা ধুচুনি ১, উদূখল মুষল ১, যূপকাষ্ঠ ১, উপযূপকাষ্ঠ ৪, টোপর পাতিময়ুর ৪, বৃষ ১, বৎসতরী ৪, সসাজ ক্ষেমী। বৃষাভরণ স্বর্ণশৃঙ্গ ২ স্বর্ণ বীরপট্ট ১ রৌপ্যক্ষুর ৪ তাম্রপৃষ্ঠ ১ কাংস্যক্রোড় ১ লৌহবলয় ৪ লৌহঘণ্টা ১ লৌহবিদাহ (দাগনী) ২ স্থর্প ১ ত্রিশূল ১ ছোটচামর ২ সর্ব্বৌষধি কোশা বগুনা ১ মাতুর ১ সমিধ্ ২৮ পূর্ণপাত্র ১ প্রধান দক্ষিণা ব্রতি-দক্ষিণা।

চন্দনধেনু।—সিন্দুর, ঠাকুরবরণ ১ জোড়া, গুরুবরণ ঐ, পুরোহিত বরণ ঐ, সদস্যবরণ ঐ, হোতৃবরণ ঐ, আচার্য্যবরণ ঐ, বিরাটবরণ ঐ, বরণের স্বর্ণাঙ্গুরীয় অভাবে রজতাঙ্গুরীয় ৮ বরণের আসন ৮ যজ্ঞোপবীত ২০, হরীতকী ১০ ঘট (পিতলের ঘড়া) ৫ অভাবে মাটির ঘট ৫ শান্তির ঘট (ঘড়া) ১, পঞ্চগুঁড়ি পঞ্চশস্য পঞ্চপল্লব পঞ্চরত্ন গঞ্চগব্য সশীষ ডাব ৮, পুষ্প দূর্ব্বা তুলসী বিল্বপত্র ধূপ দীপ তিল আম্রশাখা ৬ রুদ্রপূজার ধুতি ১ নারায়ণ পূজার ধুতি ১ ঘটাচ্ছাদন গামছা ৫ উষ্ণীষ গামছা ১ চন্দ্রাতপ ঐ ১, উৎসর্গ ঐ ১, যূপাচ্ছাদন ঐ ১. গোপের ধুতি ১, সবৎসা গাভীর লাল-পেড়ে শাটী ঐ, গামছা ১, আসনাঙ্গুরীয় ৪, মধুপর্কবাটি ৪, দধি মধু চিনি. গব্যঘৃত ৴॥০, বালি কাষ্ঠ খোড়কে গোময়, নৈবেদ্য ৪, কুচানৈবেদ্য ১, আজ্য-স্থালী (পিতলের শরা) ১, চরুস্থালী (বগুনা) ১, কুলা ১ ধুচুনি ১ উদূখল ১ যূপকাষ্ঠ ১ উপযূপকাষ্ঠ ৪, দুগ্ধ ৴॥০ সের, চরুর আতপতণ্ডুল ৴॥০ সের, টোপর পাতিময়ূর স্বর্ণশৃঙ্গ ১, স্বর্ণ বীরপট্ট, রৌপ্যক্ষুর ৪, তাম্রপৃষ্ঠ ১, কাংস্যক্রোড় ১, লৌহবলয় ৪, লৌহঘণ্টা ১, ত্রিশূল ১, চামর ১,, সসাজ ক্ষেমী ১ সর্ব্বৌষধি, কোশা ১ বগুনা ১ মালসা ১ মাদুর ২ সমিধ ২৮ পূর্ণপাত্র ১ প্রধান দক্ষিণা, ব্রতিদক্ষিণা।

মাসিক-একোদ্দিষ্ট। আতপতণ্ডুল কলাপাতা বা পেটো, উপকরণাদি বাতাসা দধি মধু ঘৃত পাকাকলা ৫ পান সুপারি তিল পুষ্প দূর্ব্বা তুলসী বিল্বপত্র ধূপ দীপ যজ্ঞেশ্বরের গামছা ১ শ্রাদ্ধের ধুতি ১ মৎস্য ১ মালসা ১ পেঁকাটি, দক্ষিণা।

সপিণ্ডীকরণ।—আতপতণ্ডুল কলাপাতা বা পেটো ২১ উপকরণাদি, তিল যব গব্যঘৃত দধি মধু চিনি বাতাসা ধূপ দীপ পুষ্প দূর্ব্বা তুলসী কাঁচাকলা যজ্ঞেশ্বরের বস্ত্র সপিণ্ডীকরণের বস্ত্র ৫ অভাবে বস্ত্র ১ গামছা ৪ থালা ১ ঘটী ১ বাটি ১ পান ২৪ সুপারি ২০ মৎস্য ১ মালসা ১

পেঁকাটি ভূরিভোজ্য অর্থাৎ একবর্ষভোগ্য দিবে, ষোড়শ দান অথবা অন্নজল বস্ত্র উৎসর্গ করিবে, দক্ষিণা।

সাংবৎসরিকৈকোদ্দিষ্ট।—আতপতণ্ডুল কলাপাতা বা পেটো ১০ উপকরণাদি বাতাসা পুষ্প দূর্ব্বা তুলসী ধূপ দীপ দধি মধু চিনি ঘৃত পাকাকলা ১০, পান ১০ সুপারি ১০ যজ্ঞেশ্বরের গামছা, শ্রাদ্ধের ধুতি ১ তিল যব মালসা ১ দক্ষিণা।

পার্ব্বণ-শ্রাদ্ধ।—আতপতণ্ডুল কলাপাতা বা পেটো ১০, উপকরণাদি পুষ্প দূর্ব্বা তুলসী ধূপ দীপ দধি মধু চিনি ঘৃত বাতাসা তিল যব পাকাকলা পান সুপারি গঙ্গামৃত্তিকা সামবেদীয় যজ্ঞেশ্বরের গামছা ১ ভোজ্যের ঐ ১ ধুতি ৮ যজুর্ব্বেদীয় ও ঋগ্বেদীয় গামছা ১ ধুতি ১১ যজ্ঞোপবীত ১১ চন্দন, দক্ষিণা।

বিবিধ পূজাদ্রব্য।

দুর্গোৎসবের ফর্দ্দ।—কল্পারম্ভ। সিন্দুর পঞ্চগুড়ি পঞ্চপল্লব পঞ্চগব্য পঞ্চরত্ন পঞ্চশস্য ঘট ১ কুণ্ডহাঁড়ি ১ দর্পণ ১ তেকাঠা ১ তীর ৪, একশরা আতপতণ্ডুল সশীষডাব ১ ঘটাচ্ছাদন গামছা ১ শিবের ধুতি ১ কল্পারম্ভের শাটী ১ চণ্ডীর শাটী ১ তিল হরীতকী পুষ্প দূর্ব্বা বিল্বপত্র তুলসী ধূপ দীপ ধুনা চন্দ্রমাল্য ১ দধি মধু ঘৃত চিনি নৈবেদ্য ৩ কুচানৈবেদ্য ১ আসনাঙ্গুরীয় ৩ মধুপর্কবাটি ৩ ভোগের দ্রব্যাদি আরতি-দ্রব্যাদি।

নবপত্রিকার দ্রব্যাদি।—কলাগাছ ১ কচুগাছ ১ হলুদগাছ ১ জয়ন্তীগাছ ১ বিল্বডাল ১ ডালিমডাল ১ অশোকডাল ১ মানকচুগাছ ১ ধান্য গাছ ১ শ্বেত অপরাজিতার লতা রক্তসূত্র আল্‌তা, বন্ধন করিবার পেটো রজ্জু ৮ গাছি, কলাপেটো ২।

প্রতিপদ তিথি হইতে পঞ্চমী পর্য্যন্ত প্রত্যেক দিন এই কয়টী দ্রব্য দিবে। প্রতিপদে মাথাঘসা ফুলের তৈল আতর চিরুণী গোলাপজল। দ্বিতীয়াতে মাথা বাঁধিবার পট্টডোর ১। তৃতীয়াতে দর্পণ সিন্দুর অলক্ত। চতুর্থীতে মধুপর্ক কাংস্য বাটি তিলক অঞ্জন। পঞ্চমীতে অঙ্গরাগ পট্টবস্ত্র যথাশক্তি অলঙ্কার।

বোধন দ্রব্যাদি।—যুগ্মফলসহিত বেলের ডাল ১ ঘট ১ একশরা আতপতণ্ডুল ঘটাচ্ছাদন গামছা ১ সশীষ ডাব ১ তীর ৪ পঞ্চগুঁড়ি পঞ্চগব্য পঞ্চশস্য পঞ্চরত্ন পঞ্চপল্লব তেকাঠা ১ দর্পণ ১ কুণ্ডহাঁড়ি ১ বোধনের শাটী ১ শিবপূজার ধুতি ১ আসনাঙ্গুরীয় ২ মধুপর্কবাটি ২ দধি মধু ঘৃত চিনি পুষ্প

দূর্ব্বা তুলসী বিল্বপত্র ধূপ ধুনা দীপ তিল হরীতকী নৈবেস্থ ২ কুচানৈবেস্থ ১ ছুরি ১ চন্দ্রমাল্য ১ ভোগের দ্রব্যাদি আরতি-দ্রব্যাদি।

আমন্ত্রণের দ্রব্যাদি।—আমন্ত্রণের শাটী ১, শিবপূজার ধুতি ১, আসনাঙ্গুরীয় ২, মধুপর্কবাটি ২, দধি মধু চিনি পুষ্প দূর্ব্বা বিল্বপত্র ধূপ ধুনা দীপ নৈবেস্থ ২, কুচানৈবেস্থ ১, তিল হরীতকী।

অধিবাসডালা।—মহী (গঙ্গামৃত্তিকা) গন্ধ শিলা (নুড়ি) দূর্ব্বা ধান্য পুষ্প ফল (অখণ্ডকদলী) দধি ঘৃত স্বস্তিক (পিটুলি নির্ম্মিত) সিন্দুর শঙ্খ কজ্জল রোচনা (হরিদ্রা) আমান্ন (আতপতণ্ডুল) কাঞ্চন (স্বর্ণ) রৌপ্য তাম্র সিদ্ধার্থ (শ্বেত সর্ষপ) দর্পণ অলক্ত (আল্‌তা) হরিদ্রা-সূত্র লৌহ চামর দীপ তীর ৪, আরতি-দ্রব্যাদি।

সপ্তমীপূজার দ্রব্যাদি।—নারায়ণবরণ ১, গুরুবরণ ১, পুরোহিতবরণ, ব্রহ্মবরণ ১, সদস্যবরণ ১, হোতৃবরণ ১, আচার্য্যবরণ ১, বরণাঙ্গুরীয় ৬, বরণের আসন ৬, যজ্ঞোপবীত ২০, তিল হরীতকী পুষ্প দূর্ব্বা তুলসী ঘট সশীষ ডাব ১, তুইশরা আতপতণ্ডুল, বেলপত্র, কুণ্ডহাঁড়ি ১, ধূপ দীপ ধুনা তেকাঠা ১, প্রধান দীপ ১, দর্পণ ১।

মহাস্নানের দ্রব্যাদি।—তৈল, হরিদ্রা, দন্তকাষ্ঠ ১, অষ্টকলস ৮, সহস্রঝারা, পঞ্চগব্য, পঞ্চকষায়, শিশিরোদক, ইক্ষুরস, বেশ্যাদ্বারমৃত্তিকা, গজ-দন্তমৃত্তিকা, বরাহদন্তমৃত্তিকা, চতুষ্পথমৃত্তিকা, রাজদ্বারমৃত্তিকা, গঙ্গামৃত্তিকা, বল্মীকমৃত্তিকা, বৃষশৃঙ্গমৃত্তিকা, নদীর উভয়কূল-মৃত্তিকা, পর্ব্বতমৃত্তিকা, তিল তৈল, বিষ্ণুতৈল, নারিকেলোদক, সর্ব্বৌষধি, মহৌষধি, পঞ্চরত্নমিশ্রিত জল, সাগরোদক, পদ্মরেণুক, দুগ্ধ, মধু কর্পূর, অগুরুচন্দন, কুঙ্কুম, বৃষ্টিজল, ফলোদক, সরস্বতী-জল, নির্ঝরোদক, সপ্ত সমুদ্রের জল।

পঞ্চগুঁড়ি পঞ্চরত্ন পঞ্চশস্য পঞ্চপল্লব, সিন্দুর ঘটাচ্ছাদন গামছা ১, আরতির গামছা, শ্বেতসর্ষপ মাষকলাই জবাপুষ্প কুচানৈবেস্থ ৩৭ বা ২০ প্রধান নৈবেস্থ মধুপর্কবাটি ৩৭ বা ২০ দধি মধু ঘৃত চিনি নৈবেদ্য ৩৭ বা ২০ প্রধান নৈবেদ্য নবপত্রিকার পরিধেয় শাটী, দুর্গার শাটী ১ লক্ষ্মীর শাটী ১ সরস্বতীর শাটী ১ চণ্ডীর শাটী ১ নবপত্রিকার শাটী ৯ বা ১ ধান্যলক্ষ্মীর শাটী ১ কার্ত্তিকেয়ের ধুতি ১ গণেশের ধুতি ১ শিবের ধুতি ১ বিষ্ণুর ঐ ১ নবগ্রহের ঐ ৯ বা ১ ময়ূরের ঐ ১ মুষিকের ঐ ১ সিংহের ঐ ১ অসুরের ঐ ১ মহিষের ধুতি ১ বৃষের ঐ ১ সর্পের ঐ ১, জয়ার শাটী ১, বিজয়ার ঐ ১, অর্ঘ্য চন্দ্রমাল্য থাল ১, ঘড়া বা

ঘটী ১, লোহা ১ শঙ্খ ১ নত ১ সিন্দুরচুবড়ি ১ পুষ্পমালা বিল্বপত্রমালা রচনা-দ্রব্যাদি ফলমূলাদি ভোগের দ্রব্যাদি আরতি-দ্রব্যাদি।

হোমের দ্রব্যাদি।—বালি কাষ্ঠ খোড়কে গোময় কুশা হোমের ঘৃত ৵॥০ সের, হোমের বিল্বপত্র ১০৮ পূর্ণপাত্র ১, কোন কোন স্থানে তিন দিন হোম আছে। আর কোন স্থানে কেবল মাত্র নবমীতে হোম হয়, যাঁহাদের যেরূপ আছে, তাঁহারা সেইরূপ করিবেন।

অষ্টমী-পূজা।—মহাস্নানের দ্রব্য—দন্তকাষ্ঠ ১ পুষ্প দূর্ব্বা তুলসী বিল্বপত্র ধূপ ধুনা দীপ, বস্ত্র (পূর্ব্বদিনের ন্যায়) আসনাঙ্গুরীয় ৩০ বা ২০ মধুপর্কবাটি ঐ দধি মধু ঘৃত চিনি নৈবেদ্য ৩৭ বা ২০ কুচানৈবেদ্য ১ চন্দ্রমাল্য পুষ্পমাল্য বিল্বপত্র থাল ১ ঘড়া বা ঘটী ১ লোহা ১ শঙ্খ ১ নত ১ রচনা সিন্দুরচুবড়ি ১ নন্দিকেশ্বর মতে নবঘট নবপতাকা ভোগের দ্রব্যাদি আরতি-দ্রব্যাদি।

সমর্থ হইলে তিন দিবসেই সপ্তমীর ন্যায় সকলের ষোড়শোপচারে পূজা করিবে। কিন্তু অসমর্থ হইলে অষ্টমী ও নবমীতে কেবল দেবীর ষোড়শো-পচারে পূজা করিবে। অন্য সকলের অষ্টমী ও নবমীতে দশোপচারে পূজা করিবে।

সন্ধিপূজা।—পুষ্প দূর্ব্বা বিল্বপত্র ধূপ ধুনা স্বর্ণাসনাঙ্গুরীয় মধুপর্ক কাংস্যবাটি ১, দধি চিনি মধু ঘৃত চেলীর শাটী ১ চন্দ্রমাল্য ১ নৈবেদ্য ১ থালা ১ ঘড়া ১ লোহা ১ নত ১ পাটি ১ বালিশ ১ চন্দ্রমাল্য ১ পুষ্পমাল্য ১ ভোগের দ্রব্যাদি, আরত্রি ও কুমারী পূজার-দ্রব্যাদি।

নবমীপূজা।—মহাস্নানদ্রব্য।—দন্তকাষ্ঠ ১ পুষ্প দূর্ব্বা বিল্বপত্র ধূপ দীপ ধুনা বস্ত্র (পূর্ব্বদিনের ন্যায়) আসনাঙ্গুরীয় ৩০ বা ২০ মধুপর্কবাটি ঐ দধি মধু চিনি নৈবেদ্য ২৭ বা ২০ কুচানৈবেদ্য ১ থাল ঘটী সিন্দুরচুবড়ি ২ লোহা শঙ্খ ১ নত ১ চন্দ্রমাল্য পুষ্পমাল্য বিল্বপত্রমাল্য রচনা পান পানের মসলা ভোগের দ্রব্যাদি, হোম আরতি দক্ষিণা।

দশমীপূজা।—সকলের দশোপচারে পূজা গন্ধ পুষ্প দূর্ব্বা তুলসী বিল্বপত্র ধূপ দীপ নৈবেদ্য মুড়কি, সিদ্ধি আরতি।

কালীপূজা।—সিন্দুর পূজকের বরণ ১ তন্ত্রধারকের বরণ ১ বরণাঙ্গু-রীয় ২ বরণডালা যজ্ঞোপবীত ৬, তিল হরীতকী পঞ্চগুঁড়ি পঞ্চগব্য পঞ্চশস্য পঞ্চরত্ন পঞ্চপল্লব ঘট ১ একশরা আতপতণ্ডুল কুণ্ডহাঁড়ি ১ তেকাঠা ১

দর্পণ ১ সশীষ ডাব ১ তীর ৪ ঘটাচ্ছাদন গামছা ১ কালীপূজার শাটী ১ মহাকালের ধুতি ১, বিষ্ণুপূজার ধুতি ১, আসনাঙ্গুরীয় ৩ মধুপর্কবাটি ৩ দধি মধু চিনি পুষ্প দূর্ব্বা তুলসী বিল্বপত্র ধূপ দীপ ধুনা নৈবেদ্য ৪, কুচানৈবেদ্য ১, চন্দ্রমালা ১ পুষ্পমালা ১ বিল্বপত্র মালা ১ থাল ১ ঘটী ১ লোহা ১ নত ১ শঙ্খ ১ রচনা ১ সিন্দুরচুবড়ি ১ বালি কাষ্ঠ খোড়কে গব্যঘৃত ✓।০ পোয়া হোমের বিল্বপত্র ২৮ ভোগের দ্রব্যাদি কর্পূর পান পানের মসলা পূর্ণপাত্র ১ ছাগবলি আরতি দক্ষিণা।

জগদ্ধাত্রীপূজা।—সিন্দুর গুরুবরণ ১ পূজকের ঐ ১ তন্ত্রধারকের ঐ ১ পুরোহিতের ঐ ১ বরণাঙ্গুরীয় ৪ যজ্ঞোপবীত ১০ বরণডালা তিল হরীতকী পঞ্চগুঁড়ি পঞ্চগব্য পঞ্চরত্ন পঞ্চশস্য পঞ্চপল্লব ঘট সশীষ ডাব ১ একশরা আতপ-তণ্ডুল কুণ্ডহাঁড়ি ১ তেকাঠা ১ দর্পণ ১ তীর ৪, ঘটাচ্ছাদন গামছা ১ জগদ্ধাত্রীর তিন পূজার শাটী ৩ বিষ্ণুর ধুতি ৩ বা ১ নারদের ধুতি ১ সিংহের ধুতি ১, হস্তীর ধুতি ১, আসনাঙ্গুরীয় ৭ মধুপর্কবাটি ৭ নৈবেদ্য ১০ কুচানৈবেদ্য চাঁদমালা ৩ পুষ্পমালা ৩ পুষ্প দূর্ব্বা তুলসী বিল্বপত্র ধূপ দীপ বিল্বপত্র মালা ৩ থাল ৩ বা ১ ঘটী ৩ বা ১, লোহা ১, নত ১, সিন্দুরচুবড়ি ১, পট্টবস্ত্র ১ দধি মধু চিনি শঙ্খ ১ জোড়া রচনা ৩ বালি কাষ্ঠ খোড়কে গব্যঘৃত ✓॥০ হোমের বিল্বপত্র ২৮ ভোগের দ্রব্যাদি পান পানের মসলা পূর্ণপাত্র ১ দক্ষিণা।

কার্ত্তিকেয়পূজা।—সিন্দুর হোতৃবরণ ১ আচার্য্যবরণ ১ বরণাঙ্গুরীয় যজ্ঞোপবীত ১০ তিল হরীতকী পঞ্চগুঁড়ি পঞ্চগব্য পঞ্চশস্য পঞ্চপল্লব বরণডালা ঘট ১ কুণ্ডহাঁড়ি ১ একশরা আতপতণ্ডুল দর্পণ ১ তেকাঠা ১ সশীষ ডাব ১ তীর ৪ ঘটাচ্ছাদন গামছা ১ পুষ্প দূর্ব্বা তুলসী বিল্বপত্র ধূপ দীপ ধুনা আসনাঙ্গুরীয় ৪ মধুপর্কের বাটি ৪ নৈবেদ্য ৪ কুচানৈবেদ্য ৮ তীর ধনু ৪ লৌহদণ্ড ১ কার্ত্তিকেয়পূজার ধুতি ৪ ময়ূরপূজার ধুতি ৪ বা ১ বিষ্ণুপূজার ধুতি ৪ বা ১ চাঁদমালা ৩ পুষ্পমালা ৪ থাল ৪ ঘটী ৪ দধি মধু চিনি খেলনা ১ ভেটা বা ভাঁড় ১ মাতুর ১ বালিশ ১ বালি কাষ্ঠ খোড়কে গব্যঘৃত ✓॥০ হোমের বিল্বপত্র ২৮ ভোজ্য ৯ ভোগের দ্রব্যাদি রচনা ৪ পূর্ণপাত্র ১ দক্ষিণা। কার্ত্তিকেয় ব্রত চারি বৎসর করিতে হয়।

অন্নপূর্ণাপূজা।—গুরুবরণ ১ পুরোহিত ঐ ১ পূজকের ঐ ১ তন্ত্র-ধারকের ঐ ১ বরণাঙ্গুরীয় ৪ বরণের আসন ৪ যজ্ঞোপবীত ১০ তিল হরীতকী

সিন্দুর, ঘট ১ কুণ্ডহাঁড়ি ১ তেকাঠা সশীষ ডাব ১ একশরা আতপতণ্ডুল দর্পণ পঞ্চগুঁড়ি পঞ্চপল্লব পঞ্চশস্য পঞ্চরত্ন পঞ্চগব্য পুষ্প দূর্ব্বা তুলসী বিল্বপত্র ধূপ দীপ ধুনা তীর ৪ বরণডালা অন্নপূর্ণার শাটী ১ শিবের ধুতি ১ বিষ্ণুর ধুতি ১ নন্দীর ঐ ১ ভৃঙ্গীর ঐ ১, আসনাঙ্গুরীয় ৫ মধুপর্কবাটি ৫ দধি মধু চিনি নৈবেদ্য ৫ কুচানৈবেদ্য ১ শয্যা ১ পাটি ১ বালিশ ১ লোহা নত ১ শঙ্খ থাল ঘটী ১ সিন্দুরচুবড়ি ১ পুষ্পমালা বিল্বপত্রমালা চন্দ্রমালা ১ রচনা ১ চেলির শাটী ১ ঝুলির গামছা ১ কাংস্য থাল ১ পিত্তলের হাঁড়ি ১ বেড়ি ১ খুন্তি ১ বালি কাষ্ঠ খোড়কে গোময় হোমের গব্যঘৃত ৵৷৹ হোমের বিল্বপত্র ২৮ ভোগের আরতি দক্ষিণা।

রাসযাত্রা।—পঞ্চগুঁড়ি পঞ্চগব্য কল্পবৃক্ষ ১ রাসফুল তিল হরীতকী পুষ্প দূর্ব্বা তুলসী বিল্বপত্র ধূপ দীপ ধুনা বরণডালা আসনাঙ্গুরীয় ২ মধুপর্ক বাটি ২ দধি মধু চিনি নৈবেদ্য ১৭ কুচানৈবেদ্য ১ কৃষ্ণের ধুতি ১ রাধিকার শাটী ১, ষোড়শ গোপীদের ষোড়শোপচারে পূজা, পুষ্পমালা ২ থাল ১ ঘটী ১ ভোগের দ্রব্যাদি পান পানের মসলা বালি কাষ্ঠ খোড়কে হোমের গব্যঘৃত ৵৷৹, করবীর পুষ্প ১০৮ পূর্ণপাত্র ১ আরতি দক্ষিণা।

রথযাত্রা।—পঞ্চগুঁড়ি পঞ্চগব্য তিল হরীতকী পুষ্প দূর্ব্বা তুলসী বিল্বপত্র ধূপ দীপ ধুনা বরণডালা ১ বিষ্ণুর ধুতি ১ লক্ষ্মীর শাটী ১ আসনাঙ্গুরীয় ২ মধুপর্কবাটি ২ নৈবেদ্য ২ কুচানৈবেদ্য ১ দধি মধু চিনি ভোগের দ্রব্যাদি পান পানের মসলা থাল ঘটী পুষ্পমালা বালি কাষ্ঠ খোড়কে হোমের গব্য ঘৃত ৵৷৹ করবীর পুষ্প ১০৮ পূর্ণপাত্র ১ আরতি দক্ষিণা।

দোলযাত্রা।—বহ্ন্যুৎসব (চাঁচর), পঞ্চগুঁড়ি পঞ্চগব্য তিল হরীতকী পুষ্প দূর্ব্বা তুলসী বিল্বপত্র ধূপ দীপ ধুনা কৃষ্ণপূজার ধুতি ১ রাধিকার শাটী ১ আসনাঙ্গুরীয় ২ মধুপর্কবাটি ২ নৈবেদ্য ২ কুচানৈবেদ্য ১ দধি মধু ঘৃত চিনি পুষ্পমালা ২ ভোগের দ্রব্যাদি জলপানির ঐ থাল ১ ঘটী ১ পান পানের মসলা বালি কাষ্ঠ খোড়কে হোমের গব্যঘৃত ৵৷৹ করবীর পুষ্প ১০৮ পূর্ণপাত্র ১ মেড়াসুর ১ আবীর বরণডালা দক্ষিণা।

দেবদোল।—পুষ্প, দূর্ব্বা, তুলসী, বিল্বপত্র, ধূপ, ধুনা, নৈবেদ্য ১, কুচানৈবেদ্য ১ পূজার ধুতি ও শাটী আসনাঙ্গুরীয় ৩ মধুপর্কবাটি ৩ দধি মধু চিনি আবীর আরতি দক্ষিণা।

অভিষেক।—পঞ্চগব্য পঞ্চকষায় ডাবের জল সহস্রধারা ইক্ষুরস

শিশিরোদক পুষ্পোদক নির্ঝরোদক সাগরোদক সর্ব্বৌষধি মহৌষধি সুগন্ধিতৈল বিষ্ণুতৈল তিলতৈল অগুরুচন্দন কর্পূর উষ্ণোদক, শেষে পূজা পঞ্চোপচারে আরতি দক্ষিণা।

ঝুলনযাত্রা।—পঞ্চগুঁড়ি পঞ্চগব্য তিল হরীতকী পুষ্প দূর্ব্বা তুলসী বিল্বপত্র ধূপ দীপ পুষ্পমাল্য আসনাঙ্গুরীয় ২ মধুপর্কবাটি ২ দধি মধু চিনি নৈবেদ্য ২ কুচানৈবেদ্য ১ কৃষ্ণপূজার ধুতি ১ রাধিকাপূজার শাটী ১ বরণডালা ১ থাল ১ ঘটী ১ জলপানের দ্রব্য পান পানের মশলা বালি কাষ্ঠ খোড়কে গব্যঘৃত /।০ পোয়া, করবীরপুষ্প ১০৮ পূর্ণপাত্র ১ আরতি দক্ষিণা অভিষেক পূর্ব্ববৎ।

সূতিকাষষ্ঠী-পূজা।—সিন্দুর পঞ্চগুঁড়ি পঞ্চগব্য পঞ্চশস্য আম্রশাখা ১, ঘট ১ বটের ডাল হরীতকী পুষ্প দূর্ব্বা তুলসী বিল্বপত্র ধূপ দীপ ধুনা আসনাঙ্গুরীয় মধুপর্কবাটি দধি চিনি নৈবেদ্য কুচানৈবেদ্য ষষ্ঠীর শাটী ১ মার্কণ্ডেয়ের ধুতি ১ মন্থনদণ্ড ১ তীর ৪ ধনু পিটুলি অঙ্কিত হাঁড়ি ১ পিটুলির পুত্তলিকা ১ শ্বেতসর্ষপ মাষকলাই বটের পাতা পাখা ১ গামছা কাঁচাহলুদ ১ ঘৃতপ্রদীপ ১ আঁতমড়া ফল ১ লোহা ১ ঘুনসি ১ তালপত্র ১ বকুলপত্রের দ্বারা হোম ২৮ ঘৃত /।০ পোয়া পেঁকাটি পান সুপারি গোমুণ্ডের পূজা ব্রাহ্মণের পদধূলি মিষ্টান্ন দক্ষিণা।

দীক্ষা বা মন্ত্রগ্রহণ।—গুরুবরণ ১ বরণাঙ্গুরীয় ১ বরণের আসন ১ সিন্দুর ঘট ১ পঞ্চগুঁড়ি পঞ্চশস্য পঞ্চগব্য ডাব ১ তিল হরীতকী পুষ্প দূর্ব্বা তুলসী বিল্বপত্র ধূপ ধুনা নৈবেদ্য ২ কুচানৈবেদ্য ১ আসনাঙ্গুরীয় ১ মধুপর্কবাটি ১ দধি মধু চিনি পূজার বস্ত্র ও শাটী পুষ্পমালা পান সুপারি থাল ১ ঘড়া ১ জলপানীয় দ্রব্য ভোগের ঐ মিষ্টান্ন বালি কাষ্ঠ খোড়কে গব্যঘৃত /৷৷০ সের বেলপাতা ১০৮ সমিধ্ ১০০ পূর্ণকুম্ভ ১ আম্রশাখা ২ মন্ত্রগ্রহণের ধুতি ১ পূর্ণপাত্র ১ প্রধান দক্ষিণা, গুরুদক্ষিণা।

পঞ্চাঙ্গ স্বস্ত্যয়ন।—পঞ্চগব্য তিল হরীতকী পুষ্প দূর্ব্বা তুলসী বেলপাতা ধূপ দীপ ধুনা নৈবেদ্য ৫ কুচানৈবেদ্য ১ আসনাঙ্গুরীয় ৫ মধুপর্ক বাটি ৫ দধি মধু চিনি নারায়ণ পূজার ধুতি ১ শিবের ধুতি ১ দুর্গার শাটী ১ চণ্ডীর ঐ ১ মধুসূদনের ধুতি ১ কলা ১২ দুগ্ধ, জপ করিবার মটরকলাই বা জাফিহরীতকী উপকরণ মিষ্টান্ন দক্ষিণা।

প্রায়শ্চিত্ত।—তিল হরীতকী পুষ্প দূর্ব্বা তুলসী ধূপ দীপ আতপ-

তণ্ডুল, উপকরণ দিবে। পঞ্চগব্য, কলাপাত, গঙ্গাজল, গঙ্গামৃত্তিকা, গামছা, উৎসর্গের কড়ি বা তাহার মূল্য, পার্ব্বণশ্রাদ্ধ, গোগ্রাসের দূর্ব্বা, ১০টী ব্রাহ্মণ-ভোজন, দক্ষিণা।

গৃহপ্রবেশ।—বৃদ্ধিশ্রাদ্ধ, বরণডালা, পঞ্চগুঁড়ি, পঞ্চগব্য, পঞ্চরত্ন, পঞ্চশস্য, পঞ্চপল্লব, সশীষ ডাব, ঘট, তিল, হরীতকী, পুষ্প, দূর্ব্বা, তুলসী, বেলপাতা, ধূপ, দীপ, ধুনা, নৈবেদ্য ৪, কুচানৈবেদ্য ১, বিষ্ণুপূজার ধুতি ১, ব্রহ্মাপূজার ঐ ১, বিশ্বকর্ম্মার ঐ ১, বাস্তুপূজার ঐ ১, আসনাঙ্গুরী ৪, মধুপর্কবাটি ৪, হাঁড়ি ১, দধি, মধু, চিনি, দুগ্ধ, কলা ১, শ্বেতধান্য ৴২ সের, জীবিত মৎস্য ৪টা, সবৎস গো ১, যথাশক্তি ব্রাহ্মণকে স্বর্ণদান, গৃহমধ্যে স্বর্ণ রৌপ্য তাম্র রক্ষা, বিষ্ণুহোম—বালি, কাষ্ঠ, খোড়কে, ঘৃত, করবীপুষ্প, পূর্ণপাত্র, দক্ষিণা।

বাস্তুযাগ।—সিন্দুর, বৃদ্ধিশ্রাদ্ধ পূর্ব্ববৎ, গুরুবরণ ১, পুরোহিত বরণ ১, নারায়ণ বরণ ১, ব্রহ্মাবরণ ১, সদস্যবরণ ১, হোতৃবরণ ১, আচার্য্যবরণ ১, বরণাঙ্গুরীয় ৭, বরণের আসন ৭, যজ্ঞোপবীত, তিল, হরীতকী, পঞ্চগুঁড়ি, পঞ্চগব্য, পঞ্চশস্য, পঞ্চপল্লব, পঞ্চরত্ন, আম্রশাখা ৬, ঘট ১, শান্তিঘট ১, সশীষ ডাব ৬, ঘটাচ্ছাদন গামছা ৬, শান্তির শাড়ী ২, পূজার ধুতি ৫, পূজার শাড়ী ২, আসনাঙ্গুরীয় ৭, মধুপর্কবাটি ৭, দধি ৴।৷০ সের, তিল ৴।০ মধু ৴০, যব৴০, চিনি ৴০, স্বর্ণ ১ খণ্ড, রৌপ্য ১ খণ্ড, মুগ, গম, ধান্য, মাষকলাই, পুষ্প, দূর্ব্বা, তুলসী, বেলপাতা, অশ্বস্থান মৃত্তিকা, গজদন্তমৃত্তিকা, বল্মীকমৃত্তিকা, নদীসঙ্গমমৃত্তিকা, হ্রদ-মৃত্তিকা, গোকুল-মৃত্তিকা, রথ্যা-মৃত্তিকা, পুষ্পমালা, ধূপ, দীপ, ধুনা, নৈবেদ্য ৭; কুচানৈবেদ্য ২, কাঁসার রেকাবী ৮, বালি, কাষ্ঠ, খোড়কে, হোমের গব্যঘৃত ৴৪ সের, আজ্যস্থালী গামলা ১, সমিধ্ ১০০, নবগ্রহ সমিধ্ প্রত্যেক ২৮, নূতন ইট ১, সাদাপুষ্প, সর্ব্বৌষধি, খৈ, লালসূতা, একহস্ত পরিমিত খদিরের খোঁটা ৪, বেল ৫, বদনা ১, রজতপৃথ্বী ১, স্বর্ণশলাকা ১ ও স্বর্ণপদ্ম ১, পূর্ণপাত্র ১, প্রধান দক্ষিণা, প্রতিদক্ষিণা।

রথপ্রতিষ্ঠা।—সিন্দুর, গুরুবরণ ১, পুরোহিত বরণ ১, নারায়ণ বরণ ১, ব্রহ্মাবরণ ১, সদস্যবরণ ১, হোতৃবরণ ১, আচার্য্যবরণ ১, বরণাঙ্গুরী ৬, যজ্ঞোপবীত ১০, তিল, হরীতকী, পঞ্চগুঁড়ি, পঞ্চগব্য, পঞ্চশস্য, পঞ্চপল্লব, পঞ্চরত্ন, বরণডালা, গরুড় ১, পতাকা ১, আম্রশাখা ৫, ঘট ৫, শান্তিঘট ১, ঘণ্টা ১, চামর ১, দর্পণ ১, ঘটাচ্ছাদন গামছা ৫, সশীষ ডাব, তিল, হরীতকী, পুষ্প, দূর্ব্বা, তুলসী, বেলপাতা, ধূপ, দীপ, ধুনা, আসনাঙ্গুরী, মধুপর্কবাটি, দধি, মধু,

চিনি, দুগ্ধ, নৈবেদ্য ৬, কুচানৈবেদ্য ১, পূজার বস্ত্র ৫, হোমের গব্যঘৃত /১ সের, আজ্যস্থালী ১, চরুস্থালী ১, বালি, কাষ্ঠ, খোড়কে, গোময়, উদূখল, মুষল, কুলা ১, সমিধ্ ১০৮, নবগ্রহসমিধ্ প্রত্যেক ২৮, উষ্ণীষ গামছা ১, চন্দ্রাতপ ১, পূর্ণপাত্র ১, উৎসর্গের ধুতি, প্রধান দক্ষিণা, ব্রতিদক্ষিণা, দ্বাদশদান।

পুষ্কর শান্তি।—হোতৃবরণ, আচার্য্য ও গ্রহাচার্য্যের বরণ, বরণাঙ্গুরী ৫, বরণের আসন ৫, যজ্ঞোপবীত ১০, তিল, হরীতকী, পুষ্প, দূর্ব্বা, তুলসী, বেলপাতা, ধূপ, দীপ, ধূনা, গুগ্‌গুল, পঞ্চগুঁড়ি, পঞ্চপল্লব, পঞ্চশস্য, পঞ্চগব্য, পঞ্চরত্ন, পঞ্চামৃত, শ্বেতসর্ষপ, তিল, যব, মাষকলাই, ঘট ১, ছোট কাল ঘট ১, সশীষডাব ৬, আচ্ছাদন গামছা ৫, উষ্ণীষ গামছা ১, চন্দ্রাতপ ঐ ১, শরা ৮, রাতিভাঁড় ১, লৌহের রেকাবী ১, তাম্রের রেকাবী ১, কাংস্যের রেকাবী ১, রৌপ্যের রেকারী ১, লৌহনির্ম্মিত যমপ্রতিমা ১, তাম্রনির্ম্মিত ধর্ম্মপ্রতিমা ১, কাংস্যনির্ম্মিত চিত্রগুপ্তপ্রতিমা ১, রৌপ্যনির্ম্মিত পুষ্করপ্রতিমা ১, আসনাঙ্গুরীয় ১৭, মধুপর্কবাটি ১৭, নবগ্রহপূজার বস্ত্র ১, যমপূজার কৃষ্ণবস্ত্র ১, ধর্ম্মপূজার শুক্লবস্ত্র ১, চিত্রগুপ্তপূজার পীতবস্ত্র ১, পুষ্করপূজার শুক্লবস্ত্র ১, বিষ্ণুপূজার বস্ত্র ১, তিথিপূজার বস্ত্র ১, নক্ষত্রপূজার বস্ত্র ১, বারের পূজার বস্ত্র ৩, নৈবেদ্য ১৭, কুচানৈবেদ্য, দধি, মধু, চিনি, দুগ্ধ, আজ্যস্থালী, হোমের গব্যঘৃত /৩ সের, বালি, কাষ্ঠ, খোড়কে, কুলা, ধুচুনি ১, কোশাকুশী ১ জোড়া, সমিধ্ ১০০৮, নবগ্রহ সমিধ্ প্রত্যেক ১০৮, মাগুর মৎস্য ১, ছুরি ১, পতাকা ১৪, শ্বেতচন্দন ও রক্তচন্দন, কাষ্ঠ, পূর্ণপাত্র ১, দক্ষিণা, প্রধান দক্ষিণা, ব্রতিদক্ষিণা, যথাসাধ্য অলঙ্কার।

অন্ত্যেষ্টিক্রিয়া।—কুশ, ঘৃত, বস্ত্র, স্বর্ণ ৭ খণ্ড, অভাবে কাংস্য ৭ খণ্ড, কলসী ১, শরা, তিল, আতপ তণ্ডুল, তুলসী, অগ্নিদাতার পরিধেয় বস্ত্র ১, উত্তরীয় বস্ত্র ১।

অঘোরচতুর্দ্দশী ব্রত-দ্রব্য।—ক্ষীররচিত শিবলিঙ্গ ১, ধুতি ৪, আসন ও অঙ্গুরীয় ৪ প্রস্থ, মানপত্র ১, তিল, হরীতকী, বকপুষ্প, কুশ, মধুপর্ক ৪ প্রস্থ, নৈবেদ্য ৪, মাল্য, সিদ্ধি, পঞ্চামৃত, যজ্ঞোপবীত ৪, ধূপ দীপাদি ১ দফা।

কুমারী পূজা-দ্রব্য।—নৈবেদ্য ১, ঐ ক্ষুদ্র ১, থাল ১, মধুপর্ক-বাটি ১, আসন ১, অঙ্গুরীয় ১, শাঁখা ১ জোড়া, মাথাঘসা, গন্ধদ্রব্য, মিষ্টান্ন, তিল, কুশ, হরীতকী।

গোবৰ্দ্ধনযাত্রা-দ্রব্য।—ধুতি ১, ধূপ, ধূনা, সিন্দুর, নৈবেদ্য ২, মালা, আসনাঙ্গুরীয় ২, মধুপর্ক ২, ভোজ্য ১।

চম্পকচতুর্দ্দশীব্রত-দ্রব্য।—সাদা ধুতি ১ জোড়া, মধুপর্ক ১, রজতাসন, অঙ্গুরীয় ১ দফা, রক্তচন্দন, বিল্বপত্র, কদলী, নারিকেলোদক, সিদ্ধি, পঞ্চামৃত, নৈবেদ্য ১, চম্পকপুষ্প ১০৮।

ধর্ম্মঘটব্রত-দ্রব্য।—সিন্দুর, পুষ্প, চন্দন, তুলসী, হরীতকী ১, কুশা, ত্রিপত্র ১, ঘট ৩০।৩১, ঘটের উপকরণ ভোজ্য ৩০।৩১, হবিষ্যের গব্যঘৃত, ধুতি ১, শাটী ১, আসন অঙ্গুরীয় ২, মধুপর্কবাটি ২, যব ১ প্রস্থ।

পাশুপতব্রত-দ্রব্য।—ধুতি ১, শাটী ১, মধুপর্ক ২, আসন ২, অঙ্গুরীয় ২, নৈবেদ্য ২, ধূপ, দীপ, নোয়া, নত প্রভৃতি, তিল, কুশ, হরীতকী, সুবর্ণ বৃষ, সুবর্ণ গো, সুবর্ণ বৎস।

পুণ্যকব্রত-দ্রব্য।—ধুতি ১ জোড়া, বরণবস্ত্র ১, ঘট ১, আসনাঙ্গুরী ১ প্রস্থ, মধুপর্কবাটি ১ প্রস্থ, গন্ধ ১, পুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য, যজ্ঞোপবীত, তাম্বুল। মাল্য উপকরণ—বিশেষ বিশেষ ফলের জন্য যে সকল বিশেষ বিশেষ দ্রব্য বিধি আছে, তাহা ব্রতকথায় দ্রষ্টব্য।

ভ্রাতৃদ্বিতীয়াব্রত-দ্রব্য।—ধুতি ২, শাটী ১, মধুপর্কবাটি ২, আসনাঙ্গুরীয় ২, নৈবেদ্য ৩, জলপানি ১, ধূপ, ধূনা, সিন্দুর, গন্ধ- পুষ্পাদি।

মদনত্রয়োদশীব্রত-দ্রব্য।—গামলা ১, আম্রপল্লব ১, সিন্দুর, পঞ্চশস্য, গঙ্গামাটি, শাটী ১, ধুতি ১ জোড়া, নৈবেদ্য ২, ক্ষুদ্র ঐ ১, পঞ্চগুঁড়ি, ভোজ্য, আসনাঙ্গুরীয় ২, মধুপর্কবাটি ২, যজ্ঞোপবীত ১ দফা।

রুক্মিণীব্রত-দ্রব্য।—পঞ্চগব্য, তিল, কুশ, নৈবেদ্য ২, শাটী ১, ধুতি ১, ক্ষুদ্র নৈবেদ্য ১ দফা, মধুপর্কবাটি ২, আসনাঙ্গুরীয় ২, হরীতকী ১, যজ্ঞোপবীত ১, ভোজ্য, পঞ্চগুঁড়ি।

বকপঞ্চকব্রতদ্রব্য।—শাটী ১, ধুতি ১, নৈবেদ্য ১, মধুপর্ক ২, আসনাঙ্গুরীয় ২, তিল, কুশ প্রভৃতি।

সূর্য্যার্ঘ্যদান-দ্রব্য।—নৈবেদ্য ৭২, ধুতি ৭২, মধুপর্কবাটি ৭২, আসনাঙ্গুরীয় ৭২, রক্তচন্দন, জবাপুষ্প বা রক্তপুষ্প, ধূপ, দীপ, দীর্ঘ প্রস্থ উচ্চ একহস্ত পরিমাণ বেদী। ঘট ১, ঐ বস্ত্র ১ জোড়া, পঞ্চগুঁড়ি, পঞ্চশস্য, রক্তবর্ণ গামছা ৭২, কোশা অষ্টাঙ্গুল, ক্ষুদ্র নৈবেদ্য ১, কুশ, যব, তিল।

সিদ্ধিবিনায়কব্রত-দ্রব্য।—রক্তবস্ত্র ১, স্বর্ণময়ী বা রজতময়ী গণেশ-প্রতিমা ১, ঘট ১, গামছা ১, সশীষডাব ১, আসনাঙ্গুরী ১, মধুপর্কবাটি ১ দফা, যজ্ঞাভরণ ১, গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য। তাম্বুল, সিন্দুর, তিল, হরীতকী, পঞ্চগুঁড়ি, পঞ্চশস্য, পঞ্চপল্লব, পঞ্চরত্ন, প্রতিমাচ্ছাদনের বস্ত্র ২, বিশেষ বিশেষ দ্রব্য বিধি ব্রতকথায় দ্রষ্টব্য।

মনোরথদ্বিতীয়াব্রত-দ্রব্য।—ধুতি ১, আসনাঙ্গুরীয় ১, মধুপর্ক-বাটি ১, গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য, তাম্বুল, মাল্য।

মানচতুর্থীব্রত-দ্রব্য।—শিবগৌরী পূজার শাটী ১, ধুতি ১ জোড়া, সিন্দুর, শঙ্খ, নোয়া, নত, মাল্য, নৈবেদ্য ২, আসনাঙ্গুরী ২, মধুপর্কবাটি ২, কুচানৈবেদ্য ১, থাল, ভোজ্য ১।

পুরোহিত-দর্পণ-সম্পূর্ণ।